ভিষক্-সহচর।

ভূতপূর্ব্ব চিকিৎসাতত্ত্ব-সম্পাদক ও ভারত-ভৈষজ্য-
তত্ত্বাদি গ্রন্থপ্রণেতা

শ্রীঅম্বিকাচরণ রক্ষিত কর্ত্তৃক

সংকলিত।

তৃতীয় সংস্করণ

কলিকাতা;
২০১ নং কর্ণওয়ালিস ষ্ট্রীট্, বেঙ্গল মেডিকেল লাইব্রেরী হইতে
শ্রীগুরুদাস চট্টোপাধ্যায় কর্ত্তৃক প্রকাশিত ও,
২ নং গোয়াবাগান ষ্ট্রীট্, "ভিক্টোরিয়া প্রেসে"
শ্রীকুঞ্জবিহারী দাস দ্বারা মুদ্রিত।

১৩০৯।

মূল্য ২৷৷০ টাকা।

প্রথম সংস্করণের ভূমিকা।

প্রথম খণ্ড।

কয়েকখানি ইংরাজী চিকিৎসা-শাস্ত্রবিষয়ক গ্রন্থ অবলম্বন করিয়া ভিষক্-সহচর সঙ্কলিত হইয়াছে। ইহা যাহাতে বঙ্গীয় চিকিৎসক গণের নিত্য ব্যবহারে আইসে, তজ্জন্য যথোচিত চেষ্টা ও পরিশ্রম করা গিয়াছে। ফল কিরূপ হইয়াছে, তাহা চিকিৎসকগণের বিবেচনাধীন রহিল ইহা ভিষক্ সমাজের কিঞ্চিন্মাত্রও উপকারে আসিলে শ্রম সফল বোধ করিব

১৮০০ শক,
১৫ বৈশাখ। } * * * *

দ্বিতীয় খণ্ড।

প্রথম খণ্ড ভিষক্-সহচরে রোগ লক্ষণাদি ও অভিনব চিকিৎসা সন্নিবেশিত না হওয়ায় পাঠকবর্গের সম্পূর্ণ সুবিধা হয় নাই তজ্জন্য দ্বিতীয় খণ্ডে রোগের নির্বাচন, লক্ষণ, কারণাদি ও অভিনব চিকিৎসাবিবরণ সংক্ষেপে বিবিধ ইংরাজীপুস্তক হইতে সঙ্কলিত হইল।

১৮০২ শক,
বৈশাখ। } শ্রী * * *

তৃতীয় সংস্করণের বিজ্ঞাপন।

দ্বিতীয় সংস্করণের ভিষক্-সহচর অনেক দিন হইল নিঃশেষিত হইয়াছে, কিন্তু নানাবিধ কারণে এতদিন ইহার তৃতীয় সংস্করণ মুদ্রিত ও প্রচারিত হয় নাই। এক্ষণে পরমেশ্বরের কৃপায় সে সুযোগ উপস্থিত হইল। এই সংস্করণে ইহা আমূল সংশোধিত ও স্থানে স্থানে পরিবর্ত্তিত ও পরিবর্দ্ধিত করা হইয়াছে। বর্ত্তমান সময়োপযোগী চিকিৎসাবিবরণ সমূহও যথাস্থানে সন্নিবেশিত হইয়াছে। ইহাতে পল্লীগ্রামস্থ চিকিৎসক সম্প্রদায়ের কিছুমাত্রও উপকার দর্শিলে শ্রম সফল বোধ করিব।

খাঁটুরা-গোবরডাঙ্গা,
১৮২৩ শক, ফাল্গুন। } শ্রীঅম্বিকাচরণ রক্ষিত।

দ্বিতীয় সংস্করণের বিজ্ঞাপন।

প্রথম সংস্করণের ভিষক্-সহচর সমস্ত নিঃশেষিত হওয়ায় ইহার দ্বিতীয় সংস্করণ মুদ্রিত ও প্রচারিত হইল। প্রথমে সংস্করণে পুস্তক দুই খণ্ডে প্রকাশিত হয়, এবার এক খণ্ডেই সমস্ত বিষয় সুশৃঙ্খল ভাবে শ্রেণীবদ্ধ করিয়া প্রকাশ করা হইল। এইবারে প্রথম রোগের নির্ব্বাচন, তৎপরে লক্ষণ ও কারণাদি এবং শেষে চিকিৎসা সবিস্তাবে বর্ণিত হইয়াছে। চিকিৎসা মধ্যে বিস্তর নূতন ঔষধের উল্লেখ আছে। এবারে আবশ্যকানুসারে স্থানে স্থানে পরিবর্জ্জিত, পরিবর্দ্ধিত ও সংশোধিত করা হইয়াছে। ফলতঃ পুস্তক খানিকে বর্ত্তমান সময়ের সম্যক উপযোগী করিতে যথাসাধ্য চেষ্টা ও যত্নের ত্রুটি করি নাই, এক্ষণে ইহা চিকিৎসক সম্প্রদায়ের উপকারে আসিলেই কৃতার্থ হইব।

১৮০৬ শক, ফাল্গুন।
কলিকাতা।

শ্রীঅম্বিকাচরণ রক্ষিত।

উপক্রমণিকা।

জিহ্বা পরীক্ষা।

জিহ্বা পরিষ্কার কি অপরিষ্কার, শুষ্ক বা আর্দ্র, ইহার বর্ণ ইত্যাদি, পীড়ার চিকিৎসা কালে পরীক্ষা করিতে হয়। জিহ্বা অপরিষ্কার থাকিলে কি বুঝায়? জ্বর পীড়ায় জিহ্বা অপরিষ্কার হইতে পারে, স্থানিক কারণ বশতঃ অথবা পাকাশয়, অন্ত্র বা যকৃতের সহানুভূতি হইতেও জিহ্বা অপরিষ্কার হইতে পারে। জ্বরে জিহ্বার অবস্থা, চিকিৎসা অপেক্ষা ভাবিফল নির্ণয়ের সহায়তা করে। অধিকাংশ জ্বর পীড়ায় জিহ্বা প্রথমে আর্দ্র ময়লাবৃত থাকে, কিন্তু আশ্চর্য্যের বিষয় এই যে, কোন কোন জ্বরে জিহ্বা সম্পূর্ণ পরিষ্কার অবস্থায় থাকে। টাইফয়েড্ জ্বরে কখন কখন এতদ্রূপ ঘটনা সংঘটিত হইয়া থাকে। জ্বরে জিহ্বার ময়লাবৃত অবস্থা দ্বারা চিকিৎসা সম্বন্ধে বিশেষ সাহায্য প্রাপ্ত হওয়া যায় না। কারণ জিহ্বা পরিষ্কার বা অপরিষ্কার যেরূপই থাকুক না কেন, যদি রোগীর কোষ্ঠবদ্ধ থাকে, তবে তাহা নিবারণের চেষ্টা করিতে হইবে এবং যদ্যপি জিহ্বা অত্যন্ত অপরিষ্কার অর্থাৎ পুরু লেপাবৃত থাকে, তাহা হইলে পারদঘটিত বিরেচক প্রয়োগ উপযোগী, পারদ ঘটিত বিরেচক ব্যবহারের পরেও স্বাস্থ্যভোগ কালে জিহ্বার উপরি-ভাগ অপরিষ্কার অর্থাৎ লেপাবৃত থাকে।

স্থানিক কারণ হইতেও জিহ্বা অপরিষ্কার হয়। তালুপার্শ্ব-গ্রন্থি বাড়িলে সচরাচর জিহ্বার পশ্চাদ্ভাগ লেপাবৃত থাকে।

ক্ষয়প্রাপ্ত দন্ত বশতঃ জিহ্বার কতকাংশ মলাবৃত হয়। যদি কেবল এক দিকের তালুপার্শ্ব গ্রন্থি বিবৃদ্ধ কিম্বা ক্ষয়প্রাপ্ত দন্ত একদিকে উপস্থিত হয়, তাহা হইলে জিহ্বার অর্দ্ধ অংশ লম্বালম্বি ভাবে মলাবৃত হইয়া থাকে পঞ্চম যুগ্ম স্নায়ুর স্নায়ুশূল পীড়ায় যখন নিম্নস্থ শাখা সকল আক্রান্ত হয়, তখন আক্রান্ত দিকের জিহ্বা অপরিষ্কার হয়

তাম্রকূটের অতিশয় ধূম পান বশতঃও জিহ্বা সচরাচর মলাবৃত হইয়া থাকে

জিহ্বা, সদা সর্ব্বদা পাকাশয়, অন্ত্র বা যকৃতের ক্রিয়া বিশৃঙ্খলার পরিচায়ক বস্তুতঃ যখন জ্বর ও কোন স্থানিক কারণ অর্থাৎ তালুপার্শ্বগ্রন্থি বিবৃদ্ধি, ক্ষয়িত দন্ত ইত্যাদি বর্ত্তমান না থাকে, তখন জিহ্বার অপরিষ্কার অবস্থা পাকাশয়ান্ত্রের ক্রিয়াবৈষম্যের পরিচায়ক

পূর্ব্বোক্ত অবস্থায় মলাবৃত জিহ্বা দ্বারা আমরা কি বুঝিতে পারি? জিহ্বার এইরূপ অপরিষ্কার অবস্থায় নিম্নোক্ত চারিটী ঔষধ স্বতন্ত্র ভাবে বা সম্মিলিত ভাবে প্রযুক্ত হইলে বিশেষ উপকার প্রাপ্ত হওয়া যায়, যথা মার্করী, পডোফিলিন, টিংচর অব্ নক্স ভমিকা ও নাইট্রিক এসিড ডিল

পূর্ব্বোক্ত ভেষজ চতুষ্টয়ের মধ্যে কোন্টী ও কত মাত্রায় প্রয়োগ করিতে হইবে, তাহা কিরূপে স্থির করা যায়? যদি কোষ্ঠবদ্ধ বর্ত্তমান থাকে, তবে পারদ ঘটিত কোন একটী বিরেচক বা রেজিন পডোফিলিন, বিরেচন হয়, এরূপ মাত্রায় প্রয়োগ করিতে হইবে এরূপ অবস্থায় কোন বিরেচক, বিশেষতঃ পলনা, সেডিকশাল বা কার্লসবাড আদি স্বভাবজ রেচক জল ফলোপ-

দায়ী হয় সত্য ; কিন্তু এই সকল ঔষধ যদিও অধিকাংশ স্থলে বিশেষ সুফলপ্রদ হয়, তথাচ পূর্ব্বোল্লিখিত অবস্থায় পারদঘটিত ও পডোফিলিন রেচক ঔষধ অপেক্ষা, কম উপকারী।

পারদের মধ্যে পূর্ণবয়স্ক রোগীর পক্ষে ক্যালোমেল বা ব্লুপিল ও বালক বালিকাদের পক্ষে ক্যালোমেল বা গ্রে পাউডর উপযোগী। ক্যালোমেল বা ব্লুপিল, এক্‌ষ্ট্রাঃ বেলেডোনা বা হায়সায়ামাস সহযোগে প্রয়োগ কর্ত্তব্য, কারণ এই সংযোগ বশতঃ পেট কামড়ানি নিবারিত হয় ও ঔষধের ক্রিয়াধিক্য জন্মে। অর্দ্ধ হইতে এক গ্রেণ ক্যালোমেল ও ৩ গ্রেণ এক্‌ষ্ট্রাক্ট হায়সায়ামাস একত্রে বটিকাকারে উপর্য্যুপরি তিন রাত্রি প্রযুক্ত হইলে অভিলষিত ফল লব্ধ হয়। প্রথম বটিকা দ্বারা সাধারণতঃ বেশ বিরেচন হয়, দ্বিতীয়টী দ্বারা তদপেক্ষা কম এবং তৃতীয়টী দ্বারা কদাচিৎ বিরেচন হয় ; কিন্তু ইহাতে জিহ্বা পরিষ্কার হওয়ায় বিশেষ সহায়তা লাভ করা যায়। আমরা কি ব্যবস্থা করিব— পারদঘটিত বিরেচক বা পডোফিলিন রেজিন? এই প্রশ্নের সদুত্তর মলের বর্ণের উপর নির্ভর করে। মলের বর্ণ ফিকে হইতে (শ্বেতাভ) হইলে মার্কারী উৎকৃষ্ট বিরেচক। পক্ষান্তরে, যদি মলের বর্ণ অত্যন্ত ঘোরাল হয়, তবে পডোফিলিনের ব্যবহার প্রয়োজনীয়। যখন অন্ত্রের ক্রিয়া স্বাধীন ভাবে হয় কিম্বা ভেষজ প্রয়োগ বশতঃ তরল মল নিঃসৃত হইতে থাকে অথচ জিহ্বা অপরিষ্কার অবস্থায় থাকে, তখন কি করা কর্ত্তব্য? আমরা এইরূপ অবস্থাপন্ন রোগী, সচরাচর পাকাশয়িক, যৈকৃতিক বা আন্ত্রিক বিশৃঙ্খলা সংশ্লিষ্ট পীড়ায় দেখিতে পাই এবং সময় সময় তরুণ পীড়ার আরোগ্যোন্মুখ অবস্থায় প্রথমে জিহ্বা যত সত্বর পরিষ্কার

হওয়া উচিত, তত শীঘ্র তাহা হইতে দেখা যায় না—ইহা পরিপাক ক্রিয়া বৈষম্যের একটি বিশেষ চিহ্ন অত্রস্থলে পুনশ্চ মার্কারীর প্রয়োগরূপ বা পডোফিলিন, এসিড নাইট্রিক ডিল ও টিংচার নক্স ভমিকা সহযোগে প্রযুক্ত হইলে বিশেষ উপকার করে নিঃসৃত মল যদি অত্যন্ত ফেকাশে বর্ণ বিশিষ্ট হয়, তাহা হইলে ১/৪ বা ১/২ গ্রেণ গ্রে পাউডর দিবাতে একবার ও রাত্রিতে একবার অথবা দিবসে ৩ বার সেবন করাইবে; যদি মল অত্যন্ত ঘোরাল বর্ণযুক্ত হয় তবে ক্ষুদ্র মাত্রায় অর্থাৎ ১/৮ বা ১/৪ গ্রেণ মাত্রায় পডোফিলিন রেজিন, প্রাতঃ ও সন্ধ্যায় ২ বার প্রয়োগ কর্ত্তব্য ডাইলিউট নাইট্রিক এসিড ও টিংচর নক্স ভমিকা প্রত্যেকে ৫ ফোটা মাত্রায় দিনে ৩ বার প্রযুক্ত হইলে মার্কারী ও পডোফিলিনের ক্রিয়ার বিশেষ সাহায্য হয়। কখন কখন জিহ্বার লেপ বা ফর্ ধূসর বা কৃষ্ণ বর্ণ হয় ও রোগী মুখে অতৃপ্তিকর তিক্তাস্বাদ (বিশেষতঃ প্রাতঃ-কালে) অনুভব করে এবং এই লক্ষণ বর্ত্তমানে পূর্ব্ব বর্ণিত চিকিৎসোপায় অবলম্বনীয়। সময় সময় এইরূপ চিকিৎসা সত্ত্বেও অতৃপ্তিকর তিক্তাস্বাদ প্রাতঃকালে অথবা দিবসের অধিকাংশ সময়ে অনুভূত হয়। পারম্যাঙ্গানেট অব্ পটাশের কবল করিলে সাধারণতঃ এই তিক্তাস্বাদ কিছু সময়ের জন্য দূরীভূত হয়।

জিহ্বা পরিষ্কার হইতে আরম্ভ হইলে ফর্ বা লেপ জিহ্বার অগ্রভাগ ও পার্শ্বস্থ কিনারা হইতে বিদূরিত হয় ও তাহা ক্রমশঃ পাতলা হইতে থাকে, জিহ্বার কিনারায় তাহা সুস্পষ্ট দৃষ্ট হয়। একটু অনুধাবন করিয়া দেখিলে, কোন সময় পরিষ্কৃতি ক্রিয়া আরব্ধ হয়, তাহা সহজে বুঝিতে পারা যায়

টাইফয়েড জ্বরের ন্যায় তরুণ পীড়ার পরে জিহ্বার লেপ;

স্থানিক স্থান হইতে অপসারিত হওয়ায় তৎস্থান চক্‌চকে দেখায়, ইহা প্রায় জিহ্বার পশ্চাদ্ভাগে সংঘটিত হয়। এইরূপ অবস্থাপন্ন জিহ্বা, মৃদু গতিতে রোগারোগ্যপথে হওয়ার চিহ্ন। টাইফয়েড জ্বরে জিহ্বা দ্বিতীয় বার শুষ্ক হয় ও আন্ত্রিক লক্ষণাদি পুনঃ প্রাদুর্ভূত হয়। এইরূপ রোগীর পক্ষে ৫—২০ মিনিম মাত্রায় টর্পেণ্টাইন প্রতি ২ বা ৩ ঘণ্টান্তর ব্যবহার হিতকর।

জ্বরে সচরাচর জিহ্বা শুষ্ক থাকে প্রথমে জিহ্বার অগ্রভাগে তৎপরে মধ্যদেশে এই শুষ্কতা জন্মে, অনন্তর সমগ্র জিহ্বা শুষ্ক হয় ইহার বিপরীত ক্রমানুসারে আবার জিহ্বা আর্দ্র হয়। শুষ্ক জিহ্বা সাধারণতঃ স্নায়বীয় অবসন্নতার পরিচায়ক; প্রলাপ, সচরাচর মৃদু প্রলাপ বা বিড়বিড় করিয়া বকা, এই স্নায়বীয় অবসন্নতায় দৃষ্ট হয়। সচরাচর নিদ্রাভাব হইতে এই স্নায়বীয় অবসন্নতা প্রাদুর্ভূত হয়। নিদ্রাকারক যথা ক্লোরাল, সল্‌ফোনাল, প্যারাল্‌ডিহাইড, ব্রোমাইড্ অব্ পটাসিয়ম বা ওপিয়ম ব্যবহারে নিদ্রাকর্ষিত হওয়ায় স্নায়ুমণ্ডল শান্ত ও সবল হয় ও অপ্রত্যক্ষ ভাবে জিহ্বার আর্দ্রতা সম্পাদিত হয়। ব্রোমাইড্ অব্ পটাসিয়ম বা ক্লোরাল অপেক্ষা ওপিয়মই সাধারণতঃ অধিক উপকারী, কারণ এতদ্দ্বারা অন্য ঔষধ অপেক্ষা, জিহ্বার উপর বিশেষ ক্রিয়া দর্শে; নিদ্রার জন্য স্নায়ুমণ্ডল সুস্থির ও সবল হওয়ায় এবং জিহ্বা ও পাকাশয়ের উপর সাক্ষাৎ ভাবে ক্রিয়া দর্শাইয়া, জিহ্বার আর্দ্রতা সম্পাদিত হয়।

জিহ্বার শুষ্কতা সদা সর্ব্বদা স্নায়ুমণ্ডলের অবসাদনের লক্ষণ, তদ্ধেতু উহা এলকোহলিক্ উত্তেজক প্রয়োগেরও পরিচায়ক। যদ্যপি স্নায়ুর অবসন্নতা নিদ্রাভাব জনিত হয়, তবে সম্ভব হইলে নিদ্রাকারক ঔষধ প্রয়োগে নিদ্রা উৎপাদন করা আবশ্যক, এতদ্দ্বারা স্নায়ুমণ্ডল

সবল ও সুস্থির হওয়ায় জিহ্বা আর্দ্র হয়, পরিপাক ক্রিয়া ও সমী· করণ ক্রিয়া ভাল ভাবে হয় ও রোগী অধিক আহার করিতে সমর্থ হয়।

এল্‌কোহল অর্থাৎ ব্রাণ্ডি আদি প্রয়োগের দুইটী মুখ্য উদ্দেশ্য এই যে, পরিপাক ক্রিয়ার সহায়তা ও স্নায়ু মণ্ডলের বলবিধান। নিদ্রা বিশেষ উপকারী, তজ্জন্য জ্বর-রোগীর সুনিদ্রা হইলে সাধারণতঃ প্রায়ই উত্তেজক প্রয়োগ আবশ্যক হয় না। যদি নিদ্রা উৎপাদন করিতে না পারা যায় তবে, অথবা নিদ্রা সত্ত্বেও যদি জিহ্বা শুষ্ক থাকে ও রোগী প্রলাপ বকিতে থাকে, তাহা হইলে এল্‌কোহল প্রয়োগ বিশেষ প্রয়োজনীয়। এইরূপ স্থলে নাড়ীর অবস্থাও এল্‌কোহল প্রয়োগের আবশ্যকতা প্রতিপন্ন করে। সচরাচর শুষ্ক জিহ্বা বিশিষ্ট রোগীর নাড়ী দ্রুত ও চাপসহনশীল থাকায় এল্‌কোহল ব্যবহার আবশ্যক হয়

সচরাচর জিহ্বার অবস্থা দৃষ্টে এল্‌কোহল প্রয়োগের আবশ্যকতা প্রতিপাদিত হয়, আবার কখন কখন ইহার অবস্থা দৃষ্টে এল্‌কোহল দ্বারা অপকার হইতেছে বুঝিতে পারা যায় যদি জিহ্বা অধিক শুষ্ক ও লেপাবৃত হয়, তাহা হইলে উত্তেজক দ্বারা অপকার হইতেছে স্থির করিতে হইবে।

বৃদ্ধদিগের জিহ্বা সহজেই শুষ্ক হয়, বিশেষতঃ জ্বরবিহীন পীড়ায় তজ্জন্য যুবাদের শুষ্ক জিহ্বার ন্যায় বৃদ্ধদের শুষ্ক জিহ্বা বিপজ্জনক নহে। যদি জিহ্বা শুষ্ক থাকার সঙ্গে অনিদ্রা থাকে, তবে নিদ্রাকারক ঔষধ সাবধানে প্রয়োগ করা বিধেয়, যদিও অনেক সময় নিদ্রাকারক ঔষধ উপকারী, তথাচ বৃদ্ধ ব্যক্তিদের এতদ্দ্বারা সময় সময় অত্যন্ত উদ্দীপনা উপস্থিত হয়। যদি শুষ্ক জিহ্বা সংযোগে অব-

সাদন বা দৌর্ব্বল্য সমুপস্থিত হয়, তবে এলকোহল ব্যবহারে জিহ্বার শুষ্কতা বৃদ্ধি ও খুসখুসানি হইতে কদাচিৎ নষ্ট হয়, তাহাদিগকে প্রথমে অল্পমাত্রায় উত্তেজক বিধান করিবে ও তাহার ক্রিয়া সাবধানে পর্য্যবেক্ষণ করিবে।

টাইফয়েড জ্বরে শুষ্ক, চক্চকে বা কেবল শুষ্ক জিহ্বা দেখিলে তাহা অয়েল অব্ টর্পেণ্টাইন প্রয়োগের পরিচায়ক বুঝিতে হইবে, উহা ৫—১৫ ফোটা মাত্রায় মিউসিলেজ সহযোগে ২।৩ ঘণ্টান্তর প্রযোজ্য।

জিহ্বার বর্ণও একটী প্রয়োজনীয় চিহ্ন। প্রশস্ত, ফেকাসে, মাংসল বা থল্থলে জিহ্বা ও তাহাতে দন্তের দাগ বসিলে তাহা রক্তহীনতা সহযোগে দৈহিক তন্তু সমূহের শিথিল অবস্থা বলিয়া জানিতে হইবে। সহজ রক্তহীনতা, শীর্ণতা ও কোন কোন পুরাতন পীড়া অর্থাৎ ব্রাইটাখ্য মূত্রগ্রন্থির পীড়ায় শর্করামূত্রতা ব্যতীত রক্তে জলীয়াংশ বৃদ্ধি প্রাপ্ত হয়, তাহাতে পূর্ব্বোল্লিখিত চিহ্ন দৃষ্ট হয়। তদ্রূপ অবস্থা যুক্ত জিহ্বা দেখিলে তাহা আয়রণ প্রয়োগের চিহ্ন বলিয়া জানিতে হইবে। লৌহের সংকোচক প্রয়োগগণ অধিক মাত্রায় ব্যবহৃত করা উচিত। মার্কারী প্রয়োগ কালে স্ফীত জিহ্বায় দন্তের দাগ বসিলে তাহা মুখ আসিবার পূর্ব্ব লক্ষণ স্থির করিতে হইবে।

বহুমূত্র পীড়ার শেষে ও পিত্তাধিক্যে জিহ্বা বিশেষ আকার ধারণ করে। ইহা শুষ্ক তাম্র বর্ণ, মসৃণ ও চাকচিক্যশালী হয়, তৎসহ চিড় খাওয়ার প্রবণতাও থাকে।

জিহ্বা লালবর্ণ ও উহার আবরক প্যাপিলী অর্থাৎ সূক্ষ্ম ক্ষুদ্র গ্রন্থি সমূহ উন্নত ও তাহা বিস্তার সহকারে বিশেষ পরিস্ফুট;

এবং এইরূপ আরক্ত জিহ্বা অত্যন্ত পরিষ্কার, সমতল বা সামান্য লেপযুক্ত হওয়া ইরিটেবল বা উগ্র জিহ্বার ও পাকাশয়ের তদ্রূপ অবস্থার লক্ষণ কোন কোন প্রকার অগ্নিমান্দ্য পীড়ায়, সময় সময় উদরাময়ে ও বিশেষতঃ যক্ষ্মা রোগে অন্ত্রে ক্ষত জন্মিলে ও সগুটিক অন্ত্রচ্ছদ প্রদাহ থাকিলে, জিহ্বার পূর্ব্বোক্ত অবস্থা হয়। অতি অল্প মাত্রায় আর্সিনিক অর্থাৎ লাইকর আর্সিনিকেলিস ১ ফোটা মাত্রায় আহারের অনতিপূর্ব্বে সেবিত হইলে এইরূপ জিহ্বার ও তদানুষঙ্গিক অবস্থার সাধারণতঃ উন্নতি সাধিত হয় ইহা স্মরণ রাখা উচিত যে, পাকাশয়ের বা অন্ত্রের সাতিশয় উদ্দীপনা বা সগুটিক অন্ত্রচ্ছদ প্রদাহ বর্ত্তমানে সময় সময় এতদ্রূপ উগ্র জিহ্বা না থাকিতেও পারে

আরক্ত জ্বরে রোগাক্রমণের কয়েক দিবস পরে ও জ্বর মান্দ্য হইবার পূর্ব্বে এইরূপ জিহ্বা দৃষ্ট হয় এবং তাহা রোগোপশমের প্রথমাবস্থায়ও বর্ত্তমান থাকে ইহাকে ষ্ট্রবেরি টং বলে ও ইহা স্কার্লেটি জ্বরের বিশেষ পরিচায়ক। জিহ্বার উপর হইতে কিউটিকেল স্খলিত হওয়ায় ঈদৃশ অবস্থা হয়। জিহ্বার কিউটিকেল আর্দ্র থাকায় চর্ম্মাপেক্ষা সত্বর স্খলিত হয় ইহা বলা বাহুল্য যে, জ্বর থাকা সময়ে আর্সিনিক প্রয়োগে জিহ্বার চিকিৎসা করা বিধেয় নহে যদি রোগারোগ্যোন্মুখ হইতে বিলম্ব ঘটে ও জিহ্বার ষ্ট্রবেরি অবস্থা বিদ্যমান থাকে, তাহা হইলে লাইকর আর্সিনিক ও নাইট্রিক এসিড ব্যবহারে উপকার দর্শে।

স্নায়বীয় জিহ্বা বিশেষ পর্য্যবেক্ষণ যোগ্য; সাধারণতঃ ইহা সামান্য লেপযুক্ত ও সফেন বা থুথুযুক্ত ও তাহা কিনারার সন্নিকটেই বিশেষ পরিদৃষ্ট হয় স্নায়ুপ্রধান ব্যক্তিদিগের, বিশেষতঃ

উত্তেজনার সময়ে, এবং যখন স্নায়ুমণ্ডল অত্যধিক শ্রম ও ক্লান্তি বশতঃ অবসাদনগ্রস্ত হয়, তখন এরূপ পীড়া সকলে, পূর্ব্ব বর্ণিত জিহ্বা পরিদৃষ্ট হয়

নাড়ী পরীক্ষা।

নাড়ীর প্রতি আকুঞ্চনে ধমনীমণ্ডলের ভিতর দিয়া একটী তরঙ্গ প্রেরিত হয়, উহার গতিকালে ধমনী পূর্ণ ও বিস্তৃত হয়, এবং এই সাময়িক পূর্ণতা বা বিস্তৃতি, কোন ধমনীর উপর অঙ্গুলি স্থাপন করিলে সহজে অনুভূত হয়, ইহাকেই পল্স বা নাড়ী স্পন্দন বলে ধমনীর বিস্তৃতি বা পূর্ণতা বশতঃ নাড়ী স্পন্দন অনুভূত হওয়া সম্বন্ধে মতভেদ আছে। ধমনীর উপর অঙ্গুলি দ্বারা চাপ দিলে রক্তের তরঙ্গ, তন্মধ্য দিয়া যাইবার জন্য ও চাপজন্য ধমনীর চাপটা ভাব বিদূরণ ও গোলাকার ভাব পুনঃ প্রাপ্তি জন্য, যে বেগপ্রয়োগ বা চেষ্টা করে, তাহাতেই নাড়ীস্পন্দন অনুভূত হইয়া থাকে। নাড়ীস্পন্দন হৃৎপিণ্ডের ক্রিয়ার উপর নির্ভর করে এবং হৃৎপিণ্ডের অবস্থা ও ক্রিয়ানুসারে বিভিন্নপ্রকৃতিক হয়। রক্তাধার সমূহের অবস্থানুসারেও নাড়ীস্পন্দনের ইতরবিশেষ হয়, উহাদের আকুঞ্চিত বা প্রসারিত অবস্থা বশতঃ নাড়ীস্পন্দন বিভিন্ন প্রকার হইয়া থাকে। অধিকন্তু ধমনী সকলের প্রাচীর ফাইব্রস বা ক্যালকেরস হইলে নাড়ীর গতি পরিবর্ত্তিত হয় নাড়ীর গতি বা স্পন্দন, হৃৎপিণ্ডের অবস্থার বিশেষ পরিচায়ক চিহ্ন এবং তজ্জন্য পীড়ার চিকিৎসাকালে ইহা বিশেষ প্রয়োজনীয়

পীড়াকালে হৃৎপিণ্ডের ক্রিয়া বন্ধ হইয়া রোগীর মৃত্যু হয়, তজ্জন্য নাড়ীর গতি সূক্ষ্ম ভাবে পর্য্যবেক্ষণ করা কর্ত্তব্য। সকলের

হৃৎপিণ্ড স্পন্দিত হয়, ততক্ষণ জীবন ও আশা থাকে অনেক সময় নাড়ীর গতি দৃষ্টে বিপদাশঙ্কার পরিচয় পাওয়া যায় ও প্রাসঙ্গিক চিকিৎসোপায় অবলম্বনের সাহায্য হয় দৃষ্টান্ত দ্বারা বুঝাইবার জন্য একটী নিউমোনিয়া বা ফুস্ফুস প্রদাহগ্রস্ত রোগী গ্রহণ কর এই পীড়ায় যতক্ষণ নাড়ীর অবস্থা ভাল থাকে ততক্ষণ রোগীর আরোগ্যের আশাও বলবতী থাকে কোন কোন রোগীর প্রথমেই হৃৎপিণ্ডের ক্রিয়াহীনতা জন্মে ও তাহা নাড়ীর গতি দৃষ্টে অনুভব করা যায় অন্যান্য স্থলে প্রথমে স্নায়ুমণ্ডলের ক্রিয়াহীনতা জন্মে, তাহা প্রলাপ ও অনিদ্রা দ্বারা জানিতে পারা যায় যদিও এই সকল লক্ষণ দ্বারা উৎকণ্ঠা পরিবর্দ্ধিত হয়, তথাচ যতক্ষণ নাড়ীর গতি ভাল থাকে, ততক্ষণ আমরা রোগীকে আরোগ্য করিবার আশা করিতে পারি শেষোক্ত লক্ষণ সকল দ্বারা হৃৎপিণ্ড অবসাদ গ্রস্ত হয়, তজ্জন্যই ঐ সকল লক্ষণ বর্ত্তমানে উৎকণ্ঠা জন্মে। কারণ রোগীর যদি সুনিদ্রা না হয়, তবে এই অস্থিরতা ও তৎসহ প্রলাপ বশতঃ অবিলম্বে রোগী দুর্ব্বল ও অবসন্ন হইয়া পড়ে এবং পরিশেষে হৃৎপিণ্ডের ক্রিয়া বন্ধ হইয়া যায়। পীড়া দ্বারা হৃৎপিণ্ড সাক্ষাৎ ভাবে বা অন্যমণ্ডলী আক্রান্ত হওয়া বশতঃ পরম্পরিত ভাবে অবসাদগ্রস্ত হয় পীড়ার পরিণাম ফল হৃৎপিণ্ডের উপর দর্শাইয়া রোগীকে শমনসদনে প্রেরণ করে এইজন্য নাড়ীর গতি পর্য্যবেক্ষণ যে সর্ব্বাপেক্ষা অধিক প্রয়োজনীয়, তাহা বলাই বাহুল্য।

নাড়ীর গতি দ্রুত বা অদ্রুত, মৃদুমন্দ বা সত্বর গমনশীল, ক্ষুদ্র বা বৃহৎ (পুষ্ট), চাপ সহনশীল বা চাপ অসহনশীল, নিয়মিত বা অনিয়মিত বা পর্য্যায়শীল হইতে পারে।

একটি নির্দ্দিষ্ট সময়ের মধ্যে যতবার নাড়ী স্পন্দন হওয়া উচিত, তদপেক্ষা অধিক বার হইলে তাহাকে দ্রুত নাড়ী বলা যায়

দ্রুত বা সত্বর গমনশীল নাড়ী স্পন্দন—প্রত্যেক স্পন্দন স্বাভাবিকাপেক্ষা অল্প সময় ব্যাপী অর্থাৎ প্রত্যেক তরঙ্গ, তদন্ত মধ্যবর্ত্তী সময়ের তুলনায়, অল্পক্ষণ স্থায়ী হয়।

নাড়ীর আকৃতি সহজাপেক্ষা বড় হইলে দীর্ঘ পল্‌স এবং সহজাপেক্ষা ছোট হইলে তাহাকে স্বল্প পল্‌স বলে।

যখন অঙ্গুলি চাপে নাড়ীর স্পন্দন সহজে রুদ্ধ হয় তখন তাহাকে কম্প্রেসিবল পল্‌স, পক্ষান্তরে যখন উহা কষ্টের সহিত রুদ্ধ হয়, বা আদৌ বন্ধ না হয়, তখন তাহাকে ইন্‌কম্প্রেসিবল পল্‌স বলে।

নাড়ীর স্পন্দন অনিয়মিত বা পর্য্যায়শীল হইতে পারে। অনিয়মিত নাড়ীর গতিকালে পরবর্ত্তী নাড়ীস্পন্দন, বিস্তৃতি, শক্তি ও প্রকৃতিতে বিভিন্ন প্রকার হয় পর্য্যায়শীল নাড়ীতে মধ্যে মধ্যে এক একটি স্পন্দনের বিরাম দৃষ্ট হয়

চারি প্রকার ও স্থা হইতে নাড়ীর গতি দ্রুত হয়। জ্বর, দুর্ব্বলতা, উত্তেজনা ও মূর্চ্ছা বায়ু পীড়ায় নাড়ীর গতি দ্রুত হয়। বেগবতী নাড়ীর কারণ রোগ সহজে স্থিরীকৃত হয় উত্তেজনায় নাড়ীর দ্রুততা অধিকক্ষণ স্থায়ী হয় না, যতক্ষণ উত্তেজনা থাকে, কেবল ততক্ষণই নাড়ী বেগবতী থাকে মূর্চ্ছাবায়ু বা হিষ্টিরিয়া পীড়ায় নাড়ীর স্পন্দন প্রতি মিনিটে ১৫০ বার পর্য্যন্ত হইতে পারে ও নাড়ীর বেগ বহুক্ষণ স্থায়ী হইতে পারে

কিন্তু কোন গুরুতর পীড়ায় (জ্বর সংশ্লিষ্ট বা জ্বরবিহীন) মূর্চ্ছা-

বায়ু পূর্ব্বে থাকিলে, তাহা অবিলম্বে তিরোহিত হয়, তদ্ধেতু বেগবতী নাড়ী অন্য কারণ বশতঃ হইয়াছে স্থির করিতে হইবে

জ্বরে উত্তাপের তারতম্যানুসারে নাড়ীর গতি সাধারণতঃ দ্রুত হয়। সময় সময় নাড়ী স্পন্দন ও দৈহিক উত্তাপের সামঞ্জস্য থাকে না দৈহিক উত্তাপ সমাবস্থায় থাকা সত্ত্বেও আরক্ত জ্বরে নাড়ীর গতি টাইফয়েড জ্বর অপেক্ষা অধিক দ্রুত হয়। তজ্জন্য টাইফয়েড জ্বরাপেক্ষা স্কার্লেট জ্বরে নাড়ীর দ্রুতগতি অধিক বিপদাশঙ্কার পরিচায়ক নহে পূর্ণবয়স্ক অপেক্ষা বাল্যাবস্থায়, দৈহিক বর্দ্ধিত উষ্ণতা একরূপ হইলেও, নাড়ীর গতি অধিক দ্রুত হয়

দৈহিক উত্তাপের তুলনায় নাড়ীর গতি অধিক দ্রুত হইলে তাহা হৃৎপিণ্ডের দুর্ব্বলতার পরিচায়ক দৈহিক উষ্ণতা ও নাড়ীস্পন্দনের সামঞ্জস্যের অভাব অনুসারে এই দুর্ব্বলতার তারতম্য হয় এইরূপ প্রকারে নাড়ীর গতি, রোগের ভাবীফল ও চিকিৎসা সম্বন্ধে জ্ঞান লাভের বিশেষ সহায়তা করে

দিনের পর দিন নাড়ীর গতি ক্রমশঃ অধিক দ্রুত হইলে অথচ তৎসহ দৈহিক উত্তাপ সমভাবে থাকিলে তাহা হৃৎপিণ্ডের বর্দ্ধিত দৌর্ব্বল্যের চিহ্ন বলিয়া জানা উচিত।

সকল বিধ জ্বর পীড়ায় পূর্ণ বয়স্ক ব্যক্তিদিগের নাড়ীর গতি প্রতি মিনিটে ১২০ বারের অধিক স্পন্দিত হইলে তাহা গুরুতর পীড়ার ও হৃৎপিণ্ডের দুর্ব্বলতার জ্ঞাপক ১৩০ বা ১৪০ বার নাড়ীর স্পন্দন প্রতি মিনিটে হইলে তাহা সাতিশয় বিপজ্জনক এবং ১৬০ বার হইলে রোগী প্রায়ই মৃত্যুমুখে নিপতিত হয় এইরূপ নিয়মের ব্যতিক্রম রিউমেটিক বা বাত জ্বরে সংঘটিত হয়। এই জন্য বাতজ্বরে নাড়ী পরীক্ষা কালে সতর্কতা সহকারে স্থির করা কর্ত্তব্য

যে, বাতজ্বর বশতঃ কিম্বা হৃৎপিণ্ডাচ্ছাদক পর্দার প্রদাহ বশতঃ নাড়ী অধিক বেগবতী হইয়াছে। ১২০ বার নাড়ী স্পন্দন বাতজ্বর বশতঃ হইলে তাহা অত্যন্ত বিপজ্জনক। এতদ্রূপ রোগীর দৈহিক উত্তাপ অত্যন্ত অধিক অর্থাৎ ১০৪ বা ১০৫ ডিক্রী পর্য্যন্ত, রোগী অবসন্ন, জিহ্বা সম্ভবতঃ শুষ্ক, ওষ্ঠাধার সর্ডিজ বা মল সঞ্চিত হয়। এইরূপ অবস্থাপন্ন রোগীর সচরাচর মৃত্যু হয়। নাড়ী স্পন্দন ১২০ হইতে অধিক অর্থাৎ ১৫০ বা ততোধিক হইলে রোগী নিশ্চয়ই মৃত্যু-কবলিত হয়।

যদি পেরিকার্ডাইটিস বশতঃ নাড়ীর গতি দ্রুত হয়, তবে তাহা অপেক্ষাকৃত অল্প বিপজ্জনক, যদিচ তৎসময় নাড়ী স্পন্দন প্রতি মিনিটে ১৫০ বা ১৬০ বার হয়। সচরাচর এরূপ রোগী দেখা যায়, যাহাদের গুরুতর পেরিকার্ডাইটিস্ পীড়া ও তদভ্যন্তরে অত্যন্ত রস সঞ্চিত হয়, কিন্তু বাতজ্বর সামান্য ভাবে থাকে। দৈহিক উত্তাপ অত্যন্ত বৰ্দ্ধিত হয় না, কেবল ১০১ বা ১০২ ডিগ্রী এবং জিহ্বা পরিষ্কার কিম্বা সামান্য লেপাবৃত থাকে। এক্ষণে এইরূপ রোগীর নাড়ী স্পন্দন যদিচ ১৬০ বার পর্য্যন্ত প্রতি মিনিটে হয় ও অন্যান্য বিষয়ে নাড়ীর অবস্থা মন্দ হয়, অত্যন্ত চাপসহনশীল বা অত্যন্ত মৃদু ও চাপ প্রয়োগে নাড়ী স্পন্দন অবরুদ্ধ হয়, তথাচ আমরা এরূপ রোগীর আরোগ্য হওয়ার আশা করিতে পারি। হৃৎপিণ্ডের বিধান সাধারণতঃ প্রদাহিত হয় এবং হৃৎপিণ্ড বিধানের এই দৌর্ব্বল্য ও রস সঞ্চয়ণজনিত ক্রিয়ার ব্যাঘাত বশতঃ দ্রুত শ্বাস এমন কি অত্যন্ত শ্বাসকৃচ্ছ্র উপস্থিত হয়। এইরূপ পীড়াক্রান্ত রোগীকে দেখিতে সতত মৃতবৎ দেখায়, তাহার মুখমণ্ডল কালিম ও আকার বিকৃত দেখায়, এই সকল লক্ষণ যদি হৃৎপিণ্ডের অসুস্থতা মানিক

স্বীকৃত হয়, তবে রোগীর আরোগ্যের আশা করা যাইতে পারে; অধিক মাত্রায় ব্র্যাণ্ডি আদি উত্তেজক প্রয়োগ বিনাও সুফলের আশা করা যায় বস্তুতঃ তরুণ হৃৎপিণ্ডচ্ছদ প্রদাহ কদাচ অবিলম্বে সাংঘাতিক হয়, ইহা দ্বারা হৃৎপিণ্ড প্রসারিত ও তৎসঙ্গে হৃৎকপাটের পীড়া বা হৃৎপিণ্ডের মেদাপকৃষ্টতা সমুপস্থিত হইলে বিলম্বে জীবনের অনিষ্ট হইতে পারে অন্যান্য উপসর্গ বিশিষ্ট বাতজ্বর সাধারণতঃ রোগীর অবস্থা মন্দ হইলেও আরোগ্য হইতে পারে নিউমোনিয়া বা ফুস্ফুস প্রদাহ উভয় দিকে হইলে ও তৎসঙ্গে হৃৎপিণ্ডচ্ছদ প্রদাহ থাকিলেও তাহা হইতে রোগী আরোগ্য লাভ করিতে পারে

পুনশ্চ মাইট্র্যাল পীড়ার জন্য বিষম নাড়ী অত্যন্ত দ্রুত অর্থাৎ প্রতি মিনিটে ১২০, ১৩০ বা ততোধিক বার স্পন্দিত হইলেও অত্যন্ত বিপদাশঙ্কা থাকে না সময় সময় তরুণ জ্বরে (যেমন টাইফয়েড ফিবর) যদিচ দৈহিক উষ্ণতা অধিক হয়, তথাচ নাড়ী স্পন্দন রোগ ভোগকালে স্বাভাবিক থাকে, তাহা হইলে তদ্রূপ নাড়ী স্পন্দন হৃৎপিণ্ডের দৌর্ব্বল্যের অবিদ্যমানতার পরিচয় প্রদান করে এবং তাহা রোগীর পক্ষে সুলক্ষণ বলিয়া জানিবে

প্রাচীন পীড়ায় নাড়ীর দ্রুততা, সাধারণতঃ হৃৎপিণ্ডের দুর্ব্বলতার পরিচায়ক নাড়ীর দ্রুতগতির সহিত হৃৎপিণ্ডের দৌর্ব্বল্যের অন্যান্য চিহ্ন বর্ত্তমান থাকে "সুস্থ অবস্থা অপেক্ষা এইরূপ দুর্ব্বল হৃৎপিণ্ড অল্প জোরে রক্ত সঞ্চালিত করে, ধামনিক চাপ (টেন্সন) হ্রাস ও নাড়ী কোমল ও চাপসহনশীল হয় ধমনী সমূহের শিথিলতা বশতঃও নাড়ী চাপসহনশীল হয়, এইরূপ অবস্থায় অতি সহজে রক্ত শিরা মধ্যে প্রবিষ্ট হয় ও তদ্ধেতু ধামনিক চাপ হ্রাস

প্রাপ্ত হয়। ধমনীগণের ক্ষুদ্র ক্ষুদ্র শাখা প্রশাখা সমূহের এইরূপ শিথিলাবস্থা, সাধারণতঃ হৃৎপিণ্ডের অত্যন্ত দুর্ব্বলতা সমন্বিত থাকে, তজ্জন্য নাড়ীর দ্রুতগতি সহ তাহা সাধারণতঃ চাপসহনশীল হয়। ধমনী সমূহের এইরূপ শিথিলাবস্থা হইতে, হৃৎপিণ্ড অত্যন্ত দুর্ব্বল না হইলে, নাড়ী মোটা ও পূর্ণ হয়। প্রথম দর্শনে এইরূপ নাড়ী, সবল রক্ত সঞ্চালনের চিহ্ন বলিয়া ভ্রম হইতে পারে, কিন্তু চাপ সংযোগে নাড়ীর প্রতিরোধ হওয়ায় উক্ত ভ্রম বিদূরিত হয়। অতএব সর্ব্বসময়ে নাড়ীর চাপসহনশীলতা পরীক্ষা করা অতীব প্রয়োজনীয়। যদি হৃৎপিণ্ড আরও অধিক দুর্ব্বল হইয়া পড়ে ও ধমনীর শাখা প্রশাখা সমূহ অধিক শিথিল হয়, তাহা হইলে হৃৎপিণ্ডের প্রতি স্পন্দনে ধমনীর মধ্যে অল্প পরিমাণে রক্ত প্রবিষ্ট হয় এবং সেই জন্য শিরা মধ্যে সহজে রক্ত প্রবিষ্ট হইবার সুবিধা জন্মে, এই কারণে নাড়ী ক্ষুদ্র বা সরু এবং দ্রুত ও চাপসহনশীল হয়। অতএব নাড়ীর ক্ষুদ্রতা হৃৎপিণ্ডের সাতিশয় দৌর্ব্বল্যের পরিচায়ক। যখন নাড়ী অত্যন্ত ক্ষুদ্র বা সরু হয়, তখন তাহাকে সূত্রবৎ নাড়ী বলে। হৃৎপিণ্ড যখন অত্যন্ত দুর্ব্বল হয়, তখন তাহার আকুঞ্চন সদা সর্ব্বদা আকস্মিক ও তীব্র, তাহা সহসা পূর্ণতা প্রাপ্ত ও সত্বর হ্রাস প্রাপ্ত হওয়ায়, তজ্জন্য নাড়ীর গতি দ্রুত হয় এবং তাহা অন্যান্য নিশ্চিত চিহ্ন সমন্বিত থাকিলে হৃৎপিণ্ডের দুর্ব্বলতার পরিচয় প্রদান করে।

অতএব হৃৎপিণ্ডের অবস্থা বিবেচনা কালে নাড়ীর দ্রুত গতি, (বিশেষতঃ দৈহিক উষ্ণতার অনুপাতে) চাপ সহনীয়তা ও আকৃতি (ক্ষুদ্র বা মোটা) বিষয়ে বিশেষ মনঃসংযোগ করা কর্ত্তব্য। নাড়ী অধিক দ্রুত, অধিক চাপসহনশীল ও অধিক ক্ষুদ্র হইলে তাহা

হৃৎপিণ্ডের অতিশয় দুর্ব্বলতায় চিহ্ন এবং রোগীর বিপদাশঙ্কার অধিক পরিচায়ক, এইরূপ সময়ে হৃৎপিণ্ডোত্তেজক ঔষধের অধিক প্রয়োজন

এইরূপ নাড়ীর চিহ্ন, জ্বরসম্বলিত বা জ্বরবিহীন পীড়ায় হৃৎপিণ্ডীয় উত্তেজক, বিশেষতঃ ব্র্যাণ্ডি আদি ব্যবহারের জ্ঞাপক। অধিকন্তু এই সকল নাড়ীর চিহ্ন, এল্‌কোহল অর্থাৎ ব্র্যাণ্ডি আদির ক্রিয়া ও কি পরিমাণ আবশ্যক, তাহা প্রতিপন্ন করে। এল্‌কোহল দ্বারা অবসন্ন হৃৎপিণ্ড সবল, স্পন্দনের দ্রুততা হ্রাস ও রক্তাধার সমূহ আকুঞ্চিত হয় এবং তদ্ধেতু ধামনিক চাপ বৰ্দ্ধিত ও নাড়ীর চাপসহনশীলতা হ্রাস হয়।

তরুণ ও প্রাচীন দ্বিবিধ পীড়া সমূহে হৃৎপিণ্ডের দুর্ব্বলতা সহ সাধারণ দৈহিক দুর্ব্বলতা বর্ত্তমান থাকে তরুণ পীড়াক্রান্ত একরূপ রোগীর জন্য আমরা আহূত হইতে পারি, যাহাতে প্রথমে কোনরূপ দুর্ব্বলতার পরিচয় পাওয়া যায় না, তাহার দৈহিক উত্তাপ ১০২ হইতে ১০৩ ডিগ্রী; সে সহজে পার্শ্ব পরিবর্ত্তন করে ব শয্যার উপর উঠিয় বসে, তাহার স্বর সবল, তাহার জিহ্বা আর্দ্র ও সামান্য লেপাবৃত, বা হয় ত পরিষ্কার সে আহার করে ও পরিপাকও ভালরূপ হয়; সে রাত্রিতে ভালরূপ নিদ্রা যায় ও প্রলাপবিহীন থাকে, বস্তুতঃ রোগীর সাধারণ অবস্থা দেখিলে বিপদাশঙ্কা করা যায় না; কিন্তু নাড়ীর গতি প্রতি মিনিটে ১৩০ এবং তাহা সূক্ষ্ম, চাপে রুদ্ধ ও দ্রুত, উত্তেজনা বশতঃ নহে, বারম্বার পর্য্যবেক্ষণে স্থিরীকৃত বস্তুতঃ এই রোগীর সমূহ বিপদ থাকে নাড়ীর গতি বা সাধারণ অবস্থা কিসের উপর অধিক দৃষ্টি রাখা কর্ত্তব্য? নিশ্চয়ই সতর্ককারী নাড়ীর উপর; কারণ এইরূপ

একটী রোগীর গুরুতর লক্ষণ সকল অল্প কয়েক দিনের মধ্যে প্রকাশিত হয় ও তজ্জন্য রোগী অবসন্ন বা মৃত্যুকবলিত হয়। তদ্রূপ স্থলে অন্যান্য লক্ষণাপেক্ষা নাড়ীর অবস্থা পর্য্যবেক্ষণে বিপদাশঙ্কা সহজে সূচিত হইয়া থাকে। আর একটী দৃষ্টান্ত একটী রোগাক্রান্ত রোগীকে প্রথমে দেখিয়া কোন গুরুতর লক্ষণ দৃষ্টিগোচর হয় না, কিন্তু যেমন রোগ ভোগ হইতে থাকে ও যদ্যপি রোগীর সাধারণ অবস্থা সন্তোষজনক থাকে, তখন নাড়ী ক্রমশঃ গতিতে অধিক দ্রুত ও শক্তিহীন হয়। এখানেও পুনশ্চ নাড়ীর গতি সার্ব্বাঙ্গিক অবসন্নতার আবির্ভাব পূর্ব্বসূচিত করে। সময়ে২ কোন২ রোগীর বিশেষত্ব প্রযুক্ত নাড়ী সহজে অত্যন্ত দ্রুত হইতে পারে, কিন্তু তাহাতে বিপদ সূচনা করে না এমনও হইতে পারে।

ইহা সত্য যে, সময়ে২ বিপদ চিহ্ন অন্যান্য যন্ত্রে প্রথমে আরম্ভ হয়, সম্ভবতঃ স্নায়ুমণ্ডলে অনিদ্রা ও প্রলাপ আকারে আরম্ভ হয়। পূর্ব্বে উক্ত হইয়াছে যে, যতক্ষণ নাড়ীর গতি ভাল থাকে, ততক্ষণ অমঙ্গলের কোন আশঙ্কা করিবার কারণ নাই। যদি স্নায়ুমণ্ডলের বিশৃঙ্খলা বা ক্রিয়া বৈষম্য আপনাপনি কিম্বা চিকিৎসা দ্বারা হ্রাস বা তিরোহিত না হয়, তাহা হইলে পরিশেষে সাধারণতঃ নাড়ী অবসন্ন ও রোগীর মৃত্যু হয়।

পর্য্যায়শীল নাড়ীতে মধ্যে২ এক একটী স্পন্দনের বিরাম হয়, কিন্তু নাড়ী অন্যান্য বিষয়ে সহজ থাকে। এই বিরাম পর২ বা অধিক অন্তরে২, সম বা বিষম সময় ব্যবধানে হইয়া থাকে। ইহা স্পষ্ট বুঝা উচিত যে, পর্য্যায়শীল নাড়ী হইতে বিষম নাড়ী স্বতন্ত্র। কোন২ ব্যক্তির আজীবন পর্য্যায়শীল নাড়ী থাকিতে পারে, কিন্তু সাধারণতঃ মধ্য বয়সের পর ইহা প্রথম সমুপস্থিত হয়। ইহা সাম-

যিক বা স্থায়ী হইতে পারে এবং সচরাচর সাময়িক পর্য্যায়শীল নাড়ী রোগীর বিশেষ ধাতুপ্রকৃতি বশতঃ, কিম্বা কোন২ আহার্য্য দ্রব্য যথা—চা হরিত চা, তাম্রকূটের ধূমপান বা অজীর্ণ বশতঃ উপস্থিত হয় এই পর্য্যায়শীল নাড়ী সম্বন্ধে কোন কোন রোগী অনভিজ্ঞ থাকে, বিশেষতঃ পর্য্যায়শীলতা অভ্যস্ত হইলে হয় অন্যান্য ব্যক্তিগণ অপ্রসন্ন ও স্নায়ু প্রবণ থাকে ও হৃৎপিণ্ড বন্ধ বা গড়াইয়া গেল এরূপ অনুভব করে এই পর্য্যায়শীলতা সচরাচর কেবল ধমনীতে জন্মে ও তৎসঙ্গে হৃৎপিণ্ডের দুর্ব্বল স্পন্দন হয়।

অধিকাংশ স্থলে হৃৎপিণ্ডের পর্য্যায়শীল ক্রিয়া বিশেষ আশঙ্কাজনক নহে ও কোন প্রকারে জীবনকে বিপদ গ্রস্ত করে না, কিন্তু ডাক্তার ব্রডবেন্ট বলেন, এইরূপ অবস্থাপন্ন রোগী কোন পীড়াক্রান্ত হইলে সহজে মৃত্যু মুখে নিপতিত হয়। হৃৎপিণ্ডের পীড়ার সঙ্গে নাড়ীর পর্য্যায়শীলতা সমধিক বিপদ্‌জনক।

বিষম বা অনিয়মিত নাড়ী পর্য্যায়শীল নাড়ী, অপেক্ষা অত্যন্ত অধিক আশঙ্কাজনক নাড়ীর বেগ ও তাল (রাইম) উভয়ই বিষম হইতে পারে, পরবর্ত্তী স্পন্দন দীর্ঘতা বা প্রস্থতি, বেগ বা শক্তি ও প্রকৃতিতে বিভিন্ন প্রকার হয় ইহা সাধারণতঃ মাইট্রাল ও কদাচিৎ অন্য প্রকার হৃৎপীড়ায় উপস্থিত হয়। হৃৎপিণ্ডের সাতিশয় অবসন্নতা (যেরূপ তরুণ জ্বর রোগে মৃত্যুর কয়েক ঘণ্টা পূর্ব্বে হয়) অবস্থায় নাড়ীরগতি বিশৃঙ্খল বা বিষম হয় ইহাকে মাইট্রাল পল্‌স বলে এবং ইহা সাধারণতঃ ডিজিটেলিস ও যোগের প্রয়োজনীয়তা প্রতিপাদন করে, এতৎ প্রয়োগে নাড়ীর বিশৃঙ্খলা হ্রাস বা বিদূরিত হয়। মাইট্রাল পীড়ার জন্য এইরূপ বিশৃঙ্খলা ভেন্ট্রিকেলের প্রসারিত ও বৃদ্ধি প্রাপ্ত অবস্থা সমন্বিত থাকিতে পারে। তৎসঙ্গে বাম

ভেণ্ট্রিকেল স্বাভাবিক বা দুর্ব্বল ও বিধানবিকৃতি বিশিষ্ট থাকে হৃৎপিণ্ডের প্রাচীরের বিধান বিকৃতি থাকিলে ডিজিটেলিস্‌ দ্বারা নাড়ীর বিশৃঙ্খলা প্রায় নিদূরিত হয় না

বিশৃঙ্খল বা বিষম নাড়ী, সচরাচর মাইট্রাল পীড়ার পরিচায়ক হইলেও ইহা স্মরণ রাখা উচিত যে, বহু বিস্তৃত মাইট্রাল পীড়া সত্বেও নাড়ীর গতি স্বাভাবিক হইতে পারে

দ্বাদশ বৎসরের ন্যূন বয়স্ক বালক বালিকাদিগের বিষম নাড়ী কদাচিৎ হয়। যদি ৬।৭ বৎসর বয়সে মাইট্রাল পীড়া প্রাদুর্ভূত হয় ও রোগী তাহা সত্বেও দ্বাদশ বৎসর পর্য্যন্ত জীবিত থাকে, তাহা হইলে তৎপরে নাড়ীর অনিয়মিতত্ত ক্রমশঃ সমুপস্থিত হয়

যদিও মাইট্রাল পীড়া জন্য বিষম নাড়ী বাল্যাবস্থায় কদাচিৎ দৃষ্ট হয়, তথাচ ডাক্তার রিঙ্গারের মতে অর্দ্ধ ফোঁটা টিংচর একোনাইট প্রতি ঘণ্টান্তর অনেক বার প্রযুক্ত হইলে নাড়ীর বিশৃঙ্খল গতি উৎপাদন করে বাল্যাবস্থায় সওটিক মস্তিষ্কচ্ছদের প্রদাহের প্রথম ও দ্বিতীয় অবস্থায় নাড়ীর বিশৃঙ্খল গতি সাধারণতঃ পরিদৃষ্ট হয় বস্তুতঃ ইহার বিদ্যমানতা রোগ নির্ণয়ের বিশেষ সহায়তা করে

এপর্য্যন্ত হৃৎপিণ্ডের অবস্থার উপর নাড়ী স্পন্দন নির্ভর করে ইহা কথিত হইয়াছে কিন্তু রক্তাধার সমূহের অবস্থা বশতঃও নাড়ী স্পন্দনের ইতর বিশেষ সংঘটিত হয়

ধমনী সমূহের পৈশিক পর্দ্দার উপর ভ্যাসোমোটর স্নায়ুগণের ক্রিয়া বশতঃ ক্ষুদ্র ক্ষুদ্র রক্তাধার সকল শিথিল বা সংকুচিত হয় রক্তাধার সমূহ শিথিল হইলে রক্ত সহজে ধমনী হইতে শিরা মধ্যে প্রবিষ্ট হয়, তজ্জন্য ধামনিক চাপ অল্প হয় ও তদ্ধেতু নাড়ী কোমল

ও চাপ প্রয়োগে রুদ্ধ হয়, কিন্তু রক্তাধার সমূহের শিথিলাবস্থা বশতঃ নাড়ী স্থূল বা বড় হয় ধামনিক শিথিলাবস্থা বশতঃ নাড়ী কোমল, পুষ্ট বা বড় ও চাপসহনশীল অর্থাৎ অঙ্গুলির চাপে অবরুদ্ধ হয়

অধিকাংশ পীড়ায় ধমনীর শিথিলাবস্থার সঙ্গে হৃৎপিণ্ডের দৌর্ব্বল্য বর্ত্তমান থাকে কখন কখন ধামনিক শিথিলতার সঙ্গে হৃৎপিণ্ড স্বাভাবিক থাকে, তখন নাড়ী কোমল ও চাপসহ, কিন্তু বড় হয় এইরূপ নাড়ী কোন কোন জ্বরের প্রথমাবস্থায় দৃষ্ট হয়। রক্তাধার বিপরীত অবস্থাপন্ন অর্থাৎ অত্যন্ত সংকুচিত থাকিলে রক্ত, ধমনী হইতে শিরা মধ্যে অতি কষ্টে প্রবিষ্ট হয়, ধামনিক চাপ অত্যন্ত অধিক থাকায় নাড়ী ক্ষুদ্র, কিন্তু কঠিন ও চাপসহনশীল হয় নাড়ীর চাপসহনত্ব এস্থলে পরীক্ষা করা বিশেষ প্রয়োজনীয়, অন্যথা নাড়ীর ক্ষুদ্রতা হৃৎপিণ্ডের দুর্ব্বলতার জ্ঞাপক হইতে পারে, কিন্তু নাড়ীর চাপ অসহনতা দ্বারা উক্ত ভ্রম বিদূরিত হয় ও নাড়ীর ক্ষুদ্রতা, রক্তাধার সমূহের সংকুচিত অবস্থা হইতে উৎপন্ন, বুঝিতে পারা যায়

যদিও ইহা সম্পূর্ণ সত্য যে সাধারণতঃ রক্তের নিম্ন চাপ সম্বলিত কোমল, চাপসহ নাড়ী, দুর্ব্বল হৃৎপিণ্ডের সহিত বর্ত্তমান থাকে, তথাচ অনেক সময় ইহার ব্যতিক্রমও দৃষ্টিগোচর হয় কারণ একটী রোগী অবসাদগ্রস্ত, এমন কি প্রায় মৃত্যুমুখে নিপতিত, ও তজ্জন্য অতি দুর্ব্বল ক্রিয়াযুক্ত হৃৎপিণ্ড থাকা সত্ত্বেও রক্তের উচ্চ চাপ বিশিষ্ট নাড়ী থাকিতে পারে, মণিবন্ধস্থ ধমনী কঠিন ও স্পর্শে দড়ির ন্যায় অনুভূত হয় ও বাহুর উপর পর্য্যন্ত খানিক দূর সুস্পষ্ট বুঝা যায়, ইহা ডায়াষ্টোল বা হৃৎপিণ্ডের দ্বিতীয় স্পন্দন বা শব্দের সময়ও হয়,

তৎসময় শঙ্খ দেশস্থ ধমনীও কঠিন ও দৃঢ় হয়। এইরূপ উচ্চ চাপ সংমিলন ও তজ্জন্য ক্ষুদ্র ও দৃঢ় নাড়ীসহ অতিশয় হৃৎপিণ্ড-দুর্ব্বলতা ও সাব্বাঙ্গিক দুর্ব্বলতা সচরাচর বাল্যাবস্থায় পরিদৃষ্ট হয় এবং সময় সময় সশুটিক মস্তিষ্কচ্ছদ প্রদাহ ও বৈশিক বায়ুনলীভূজ প্রদাহ বা ব্রঙ্কো নিউমোনিয়া রোগে সম্যকভাবে দেখা যায়

এই সকল বিষয় হইতে সুস্পষ্ট বুঝা যায় যে, রক্তের উচ্চ চাপযুক্ত নাড়ী থাকিলেই যে তাহা শুভজনক, এরূপ মত স্থির করা যুক্তিসঙ্গত নহে নাড়ীর দ্রুততা ও রক্তের চাপ যখন বিপরীত দিক দর্শন করায়, তখন রক্তের চাপ অপেক্ষা নাড়ীর দ্রুততার দিকে লক্ষ্য রাখা ও নির্ভর করা উচিত যে সকল রোগীর হৃৎপিণ্ড অত্যন্ত ক্ষীণ, যদিও নাড়ীর গতি ধমনীর উচ্চ চাপের জ্ঞাপক হয়, তথাচ নাড়ী দেখিয়া, সময় সময় হৃৎপিণ্ডের অবস্থা পরিজ্ঞাত হইতে পারা যায় ও রোগীর ঠিক অবস্থা নির্দ্দেশ করা যায়, সে সময় নাড়ীর দ্রুততার দিকে লক্ষ্য না রাখিয়াও পূর্ব্বোক্ত সিদ্ধান্তে উপনীত হওয়া যায়। ডায়াষ্টোলের সময়ও নাড়ী কঠিন ও দৃঢ় অনুভব হয়, এবং মণিবন্ধ হইতে খানিক দূর উপর পর্য্যন্ত উহা নির্দ্দেশ করা যায়, কিন্তু প্রতি সিষ্টোল জন্য বিস্তৃতির সময় সহজাপেক্ষা ক্ষুদ্রতর অনুভূত হয়, রক্তের উচ্চ চাপ সত্বেও এতদ্রূপ হয়, অধিকন্তু সামান্য চাপ সংযোগে সহজে নাড়ীর গতি বা তরঙ্গ অবরুদ্ধ হয়।

ধামনিক শিথিলতা অর্থাৎ ধামনিক চাপের হ্রাস বশতঃ ডাইক্রটিজম্ উৎপন্ন হয় এইরূপ নাড়ীতে একটী স্বাভাবিক গৌণিক (সেকেণ্ডারি) তরঙ্গ অতিশয় বেশী বোধ হয়, ও তাহা সহজে অঙ্গুলি দ্বারা অনুভব করা যায় বস্তুতঃ ইহা এত সুস্পষ্ট হইতে পারে, যে একজন অনভিজ্ঞ ব্যক্তি ইহাকে

প্রাথমিক তরঙ্গ বলিয়া ভ্রম করিতে পারে ও তাহা হৃৎপিণ্ডের আকুঞ্চনজনিত নাড়ীস্পন্দন বলিয়া ভ্রম হয়। একজন শুশ্রূষাকারিণী এই ভ্রমে পতিত হইয়া নাড়ীস্পন্দন দ্বিগুণ গণনা করিয়াছিল। সচরাচর ডাইক্রটিজম্ বা দ্বিঘাত নাড়ী ধামনিক শিথিলাবস্থার পরিচায়ক ও তৎসঙ্গে হৃৎপিণ্ডের দৌর্ব্বল্য মিলিত থাকে। কোন কোন চিকিৎসক এইরূপ নাড়ীর স্পন্দনে উহা নিবারিত না হওয়া পর্য্যন্ত এল্‌কোহল ব্যবহার করিতে বলেন কিন্তু ডাক্তার বিঙ্গার এই মতের পোষকতা করেন না। নাড়ীর দ্রুতগতির প্রতি দৃষ্টি রাখা উচিত এবং নাড়ীর দ্রুতগতি জন্য এল্‌কোহল ব্যবহার আবশ্যক বিবেচিত হইলে ডাইক্রটিজম্ বা দ্বিঘাতযুক্ত নাড়ী উহা প্রয়োগের অধিক প্রয়োজনীয়তা প্রতিপাদন করে।

নাড়ী বিশেষ দ্রুত নহে, কিন্তু ডাইক্রোটস্ ও চাপসহ, কোন জ্বরের প্রথমাবস্থায় সমুপস্থিত হইলে, তাহা এল্‌কোহল প্রয়োগের আবশ্যকতা প্রতিপন্ন করে না; কিন্তু এইরূপ অবস্থা প্রাদুর্ভূত হইলে অনতিবিলম্বে উত্তেজক আবশ্যক হইবে বুঝিতে পারা যায় এবং রোগীকে সতর্কতা সহকারে পর্য্যবেক্ষণ করা উচিত। তাহার আগামী অবসন্নতা বিদূরিত করিবার উপায়াবলম্বন বিধেয়। টাইফয়েড জ্বরে সচরাচর নাড়ীর ডাইক্রোটস অবস্থা সমুপস্থিত হইতে দেখা যায়।

ধামনিক উচ্চ চাপ প্রযুক্ত যেরূপ নাড়ীর গতি হয়, তদ্বিষয় এক্ষণে বিবৃত হইতেছে।

ধমনী সচরাচর ক্ষুদ্র কিন্তু কখন কখন বৃহৎ, কঠিন ও পাকান দড়ির ন্যায়। ইহা অঙ্গুলি দ্বারা সঞ্চালিত ও বাহু পর্য্যন্ত সহজে অনুভব করিতে পারা যায়।

এইরূপ অবস্থাপন্ন ধমনীর গতি এত অল্প যে, ইহা দুর্বল নাড়ী বলিয়া ভ্রম জন্মিতে পারে, কিন্তু চাপে ইহার গতি অবরুদ্ধ না হওয়ায়, সে ভ্রম অপসারিত হয়। অত্যন্ত অধিক বল প্রয়োগে কেবল গতি রুদ্ধ হইতে পারে। বস্তুতঃ ইহা অল্প স্পন্দনযুক্ত নাড়ী, কারণ ধামনিক রক্তের অধিক উচ্চ চাপ সংযুক্ত ধমনী হৃৎপিণ্ডের প্রতি স্পন্দনে সামান্য বিস্তৃত হয়, তজ্জন্য নাড়ী স্পন্দন অস্পষ্ট থাকে। এই নাড়ী স্পর্শ ভিন্ন কঠিন ও রজ্জ্বাকৃতি বিশিষ্ট হয়।

নিম্নোক্ত অবস্থাবশতঃ ধামনিক চাপ বর্দ্ধিত হয়।

১। রক্তাধার সমূহের বিধান প্রকৃতি বা অপকৃষ্টতা।

২। মূত্রগ্রন্থির পীড়া, বিশেষতঃ সঙ্কুচিত মূত্রগ্রন্থি।

৩। গাউট বা ক্ষুদ্র সন্ধি বাত, কামলা বা ন্যাবা, সীস ধাতু জনিত বিষাক্ততা, আর্গট, গ্যালিক এসিড।

৪। স্নায়ুমণ্ডলের অসুস্থতা বা পীড়া।

৫। জ্বরের শীত বা কম্প।

এইরূপ নাড়ী নিঃসন্দেহ ধমনীর কাঠিন্য বা সৌত্রিক অপকৃষ্টতা সম্বলিত থাকে, তৎসময় নাড়ী কঠিন, মৃদু ও স্পন্দহীন ও স্পর্শ বক্রাকার; দড়িবৎ ও পুরু অনুভূত হয়। বর্দ্ধিত ধামনিক চাপ অনেক ধমনীর সৌত্রিক অপকৃষ্টাবস্থা অধিক পরিবর্ত্তনের হেতু। ধামনিক চাপ ও সৌত্রিক বিধান পরিবর্ত্তন এবং কারণে পরস্পর উৎপন্ন হয়। যখন বর্দ্ধিত চাপ ধামনিক বিধানাপকৃষ্টতা সহ না হয়, ও বিধানাপকৃষ্টতা অধিক পরিবর্ত্তিত হয়, তখন রোগ ভাবী ফল আশঙ্কাজনক। এইরূপ অনেক রোগীর পীড়া সংন্যাস রোগে পর্যবসিত হয়।

ব্রাইটাস্ পীড়ায় উচ্চ ধামনিক টেন্সন বা চাপ বিদ্যমান থাকে,

ত্বকশ ও মেদবিশিষ্ট পীড়ায়, বিশেষতঃ সংকুচিত মূত্রগ্রন্থি পীড়ায়, সমুপস্থিত হয় বস্তুতঃ উচ্চ ধামনিক চাপ ও হৃৎপিণ্ডবিবৃদ্ধি সহযোগে অধিক পরিমিত জলীয় মূত্র ও তাহাতে সামান্য পরিমিত আণ্ডলালিক পদার্থের সত্তাবশতঃ এইরূপ আকারের ব্রাইট্স পীড়া নির্ণয়ে সক্ষম হওয়া যায় এলবুমিনয়েড মূত্রগ্রন্থি পীড়া সহ উচ্চ ধামনিক চাপ বর্তমান থাকে না।

তরুণ পীড়ার অবস্থা সমূহে নাড়ীর গতির পরিবর্তন কিরূপ হয়, পুনরুক্তি দোষ হইলেও তাহা এস্থলে বিবৃত হইল প্রথমে, পূর্ব্বে সবল ও দৃঢ় দেহ বিশিষ্ট ছিল, এরূপ এক ব্যক্তির নাড়ীর প্রকৃতি সম্বন্ধে বলিব জ্বরের বিভিন্ন অবস্থায় নাড়ীর গতি বিভিন্ন প্রকার হয় একটী কম্প বা সবিরাম জ্বর রোগীর দৃষ্টান্ত দেখিলে ইহা সহজে বুঝিতে পারা যায়। শীত বা কম্পের সময় ধমনীসমূহ সংকুচিত ও রক্তের উচ্চ চাপযুক্ত নাড়ীর গতি হয় এই সময় নাড়ী দ্রুত, ক্ষুদ্র, অনেক সময় অত্যন্ত ক্ষুদ্র, কঠিন, চাপ-অসহনশীল ও দীর্ঘ কিম্বা মৃদুগতিযুক্ত হয় শীতান্তে উষ্ণতার প্রাদুর্ভাবে নাড়ী বড় বা মোটা, কিন্তু এ পর্য্যন্ত হৃৎপিণ্ড দুর্ব্বল হইয়া না পড়ায় নাড়ী বড় ও পুষ্ট হয় ও সহজে চাপে রুদ্ধ হয় না, কিন্তু লম্ফনশীল হয় জ্বর অধিক দিন পর্য্যন্ত ভোগ ও রোগী দুর্ব্বল হইলে নাড়ী অধিক কোমল, চাপসহ, দ্রুত (কুইক, প্রতি স্পন্দন সহজ অপেক্ষা অল্পক্ষণ স্থায়ী) এবং সচরাচর ডাইক্রোটস বা দ্বিঘাতী হইয়া থাকে

সাতিশয় অবসাদগ্রস্ত জ্বর রোগীর নাড়ী ক্ষুদ্র, দ্রুত (সর্ট বা কুইক), অত্যন্ত চাপসহ ও স্পন্দন দ্রুততর হয় ; নাড়ীর এই সকল প্রকৃতি, পীড়া মৃত্যুতে পর্য্যবসিত হইলে, তৎপূর্ব্বে অধিকতর

সুস্পষ্ট হয়। পূর্ব্ব হইতে দুর্ব্বল রোগী হঠাৎ তরুণ পীড়াক্রান্ত হইলে প্রথম হইতেই নাড়ীর প্রকৃতি পূর্ব্বোক্তরূপ হয় জ্বরের হ্রাসাবস্থায়, বিশেষতঃ পীড়া সহসা পর্য্যবসিত হইলে ও তৎসঙ্গে অধিক স্বেদস্রাব থাকিলে, রোগী অত্যন্ত দুর্ব্বল হইয়া না পড়িলে নাড়ী বৃহৎ, অত্যন্ত কোমল, সহজে চাপসহ, দ্রুত ও ডাইক্রোটিস হয় সজ্বর পীড়ায় রোগের বর্দ্ধিতাবস্থায় এবং জ্বরবিহীন পীড়ায় যখন অধিক স্বেদস্রাব হইতে থাকে, তখন এইরূপ নাড়ী স্পন্দন সাধারণতঃ পরিদৃষ্ট হয় তরুণ বাত পীড়ায় নাড়ীর গতি এইরূপ হয়, কারণ এই পীড়ার সঙ্গে সাধারণতঃ স্বেদস্রাব থাকে পুনশ্চ জ্বরপীড়ায় ঔষধের সাহায্যে যখন শুষ্ক চর্ম্ম আর্দ্র হয়, তখন নাড়ী কোমল, বৃহৎ ও চাপসহ হয় সুস্পষ্ট এওর্টিক রিগর্জিটেশন পীড়ায় নাড়ীর গতি সচরাচর বিশেষ প্রকার হয়। এই নাড়ী দ্বিবিধ প্রকার হয়, ও তাহা রিগর্জিটেশনের পরিমাণ ও হৃৎপিণ্ডের বলের উপর নির্ভর করে নাড়ীর গতি ক্রমশঃ বাড়িয়া চরম সীমা প্রাপ্ত হয় এবং তৎপরে সহসা অবরুদ্ধ বা হ্রাস প্রাপ্ত হয়, ভেণ্ট্রিকেলের ভিতর রক্ত পুনঃ প্রবিষ্ট হওয়ায় পূর্ব্বোক্ত হ্রাসপ্রাপ্তি ঘটে

অধিক বর্দ্ধিত রোগীর নাড়ীর তীক্ষ্ণ, ও দ্রুত স্পন্দন অঙ্গুলিতে অনুভূত হয়। নাড়ী স্পন্দনের আকস্মিক বেগে অঙ্গুলিতে ধাক্কা লাগে। ইহাই নাড়ীর গতি নিয়ামক প্রকৃতি কোন কোন রোগীর, বিশেষতঃ যখন হৃৎপিণ্ড ও দুর্ব্বল থাকে, তখন যদি কয়েকটী অঙ্গুলি নাড়ীর উপর [illegible] চাপ ক্রমে বৃদ্ধি করা যায়, তাহা হইলে নাড়ী [illegible] হয়। ইহাকে ছটবারৎ বা শটী পলসে বলে

এয়র্টিক রিগর্জিটেসনে নাড়ী স্পন্দন দেখিতে পাওয়া যায়, ও তাহা মস্তক ও গ্রীবার ধমনীতে অর্থাৎ ক্যারোটিড্ ও টেম্পোরাল ধমনীতে সুস্পষ্ট দেখা যায় বাহু মস্তকোপরি উত্তোলন করিলে মণিবন্ধস্থ ধমনীতে অধিকতর সুস্পষ্ট দেখিতে পাওয়া যায় এই দৃশ্যমান নাড়ী সম্ভবতঃ ডায়াষ্টোল কালে ধমনী সমূহের শূন্যতা বশতঃ হয় রক্ত, বিনা-আয়াসে শিরা মধ্যে প্রবিষ্ট হয় ও এয়র্টা দ্বারা অধিক রক্ত পুনরায় হৃৎপিণ্ডাভ্যন্তরে চালিত হয়, তজ্জন্য ধমনী অসম্পূর্ণভাবে পরিপূরিত হয়, ও প্রতি সংকোচনে রক্ত প্রাপ্ত হওয়ায় অধিক বিস্তৃত হইয়া পড়ে গ্রীবা ও মস্তকের ধমনীর দৃশ্যমান স্পন্দন, এয়র্টিক রিগর্জিটেশন ভিন্ন রক্তাধার সমূহের সৌত্রীণ বিধান বিকৃতি, সাতিশয় ধামনিক শিথিলতা ও উচ্চ ধামনিক চাপ বশতঃও হয় কেবল উদ্দীপনা, হৃৎপিণ্ডের সংকোচনের বল বৃদ্ধি করে, সচরাচর তজ্জন্য স্নায়ুপ্রধান ব্যক্তিদিগের ক্যারোটিড্ পল্‌সেশন দেখা যায় এবং ঈদৃশ ঘটনা সচরাচর স্ত্রীলোকদিগের মধ্যে দৃষ্টিগোচর হয়। কিন্তু এই স্নায়বীয় স্পন্দন কদাচিৎ গ্রীবার অর্দ্ধাংশের উপরি পর্য্যন্ত যায় এবং তদ্ধেতু সাধারণতঃ গুরুতর কারণ সম্ভূত দৃশ্যমান ক্যারোটিড্ পল্‌সেশন দৃষ্টে তাহা অবিলম্বে অবধারিত হয় কর্ণের নিকট পর্য্যন্ত ক্যারোটিড্ ধমনীর সম্পূর্ণ দীর্ঘতায়ও শংখ দেশীয় ধমনীর দৃশ্যমান স্পন্দন ও সম্ভবতঃ মুখমণ্ডলের ধমনীর দৃশ্যমান স্পন্দন, সচরাচর এয়র্টিক রিগর্জিটেশন বশতঃ হয়। পেরিকার্ডাইটিস (কার্ডাইটিস সংযুক্ত) বা পেরিকার্ডিয়েল এফিউজন বা রস সঞ্চয় পীড়ায় ধমনীর স্পন্দন দৃশ্যমান হয়। শেষোক্ত পীড়ায় ধমনীবর্গের শিথিলতা বর্ত্তমান থাকে। এয়র্টিক রিগর্জিটেশন, ধমনী সকলের ডিজেনারেশন বা বিধানবিকৃতি ও উচ্চ ধামনিক

চাপ বা টান বশতঃ সুস্পষ্ট ধামনিক স্পন্দন ক্যারোটিড ব্যতীতও ব্রেকিয়েল, রেডিয়েল ও অলনা প্রভৃতি ধমনীতে পরিদৃষ্ট হয়। পূর্ব্বোক্ত ত্রিবিধ অবস্থা সংমিলিত থাকিতে পারে। মধ্য ও বৃদ্ধ বয়সে এয়র্টার পীড়া হয় এণ্ডো আর্টিরাইটিস ও এণ্ডো কার্ডাইটিস পীড়া বশতঃ হৃৎধমনী ও অন্যান্য ধমনীর বিধানাপকৃষ্টতা উৎপন্ন হয়। পুরাতন প্রদাহ দ্বারা সমগ্র ধমনীমণ্ডলী আক্রান্ত হয় ও তাহাদের স্থিতিস্থাপকতা হ্রাস বা লোপ হওয়ায় ক্ষুদ্র ক্ষুদ্র রক্তাধার মণ্ডলীগুলি সংকুচিত হয় ও তজ্জন্য ঘর্ষণের আধিক্য জন্মে এবং রক্ত সঞ্চালনের অধিকতর বাধা সমুপস্থিত হয় ও তজ্জন্য ধমনীর চাপও বৃদ্ধি পায়।

দৃশ্যমান ব্রেকিয়েল পলসেসন, ধমনীর বিধানাপকৃষ্টতা বা এয়র্টিক রিগর্জিটেসন, কি কারণে হইতেছে তাহা কি উপায়ে স্থির করা যাইতে পারে? ধমনীর ডিজেনারেসনে ধমনী সকল দীর্ঘ ও কুঞ্চিত, কনুইয়ের উপরে ব্রেকিয়েল আর্টারী সহজে দেখা যায়। কুঞ্চিত বা কোঁকড়ানবৎ নাড়ী সচরাচর ধামনিক বিধানাপকর্ষ জন্য হয় অধিকন্তু ধামনিক বিধানাপকর্ষে ধমনী সকল কঠিন ও পাকান দড়ির (কর্ড) ন্যায় অনুভব হয়, সমস্ত রক্ত তাহা হইতে চাপ প্রয়োগে বিদূরিত করিলেও অনুভব করা যায় এবং সময় সময় ক্যালকেরিয়স প্লেট্‌স বা এথিরোমেটস বাটিকা সুস্পষ্ট অনুভূত হয় ব্রেকিয়েলের ন্যায় ধমনীবর্গের কুঞ্চিত অবস্থা সকল সময় বিধানাপকর্ষের পরিচায়ক নহে। উচ্চ ধামনিক চাপ বশতঃও ধমনীর ঈদৃশ অবস্থা সমুপস্থিত হইতে পারে, এই উচ্চ চাপ অধিক সময় স্থায়ী হইলে হয় কিন্তু ব্রাইটাখ্য পীড়ায় ঈদৃশ অবস্থা উচ্চ চাপ বশতঃ হইতে দেখা যায় না। ডাক্তার ব্রড্‌বেণ্ট ও রিঙ্গার মহোদয়দ্বয়ের এই মত।

এয়র্টিক রিগর্জিটেসনে হস্ত উত্তোলিত করিলে রেডিয়েল পলসেশন দৃষ্ট হয় ধামনিক বিধানাপকর্ষ বশতঃও ঈদৃশ ঘটনা হইতে পারে বাল্যাবস্থায় অত্যন্ত এয়র্টিক রিগর্জিটেশন থাকিলেও নাড়ী স্পন্দন কদাচিৎ দৃষ্ট হয়

এয়র্টিক অব্‌ষ্ট্রেক্‌সন বা হৃৎধমনীর অববোধে বাম ভেণ্ট্রিকেলের কোনরূপ বিধানাপকর্ষ না থাকিলে নাড়ী মৃদু গতিযুক্ত (স্লো), সাধারণতঃ ক্ষুদ্র, অদ্রুত ও সচরাচর কঠিন থাকে বিবৃদ্ধ ভেণ্ট্রিকেল, হৃৎধমনীর সংকুচিত ছিদ্র দিয়া মৃদুভাবে রক্ত সঞ্চালিত করায় নাড়ী ক্ষুদ্র ও মৃদুগতিযুক্ত হয়। প্রতি সিষ্টোল দীর্ঘ হওয়ায় নাড়ী অদ্রুত হয়

সুস্পষ্ট মাইট্রাল অব্‌ষ্ট্রেক্‌টিভ্ পীড়ায় নাড়ী যখন বিষম না হয়, তখন ক্ষুদ্র ও চাপসহ থাকে

চর্ম্ম-পরীক্ষা।

চর্ম্মের অবস্থা দৃষ্টে পীড়ার লক্ষণ সম্বন্ধে অনেক উপদেশ পাওয়া যায় এস্থলে কেবল শুষ্ক, আর্দ্র ও অধিক স্বেদাভিষিক্ত চর্ম্ম সম্বন্ধে আলোচনা হইবে

অনেক প্রকার জ্বরে অত্যধিক উত্তাপ স্থায়ী থাকিলে চর্ম্ম উষ্ণ, সচরাচর শুষ্কযুক্ত বা তীব্র উষ্ণ থাকে এক্ষণে যদি রোগীর চর্ম্ম তৃপ্তিকরভাবে আর্দ্র করিতে পারা যায়, তাহা হইলে রোগী সমূহ তৃপ্তি ও আরাম অনুভব করে। স্বল্প মাত্রায় ঘন ঘন টিংচর একোনাইট বা টার্টার এমেটিক্ বা পূর্ণ মাত্রায় লাইকর এমোনিয়া এসিটেট ৩ ঘণ্টান্তর প্রযুক্ত হইলে স্বেদস্রাব হইতে

পারে একোনাইট ও টার্টার এমেটিক অধিকতর সুফলদায়ক জ্বরে ফুস্ফুসের কোন উপসর্গ না থাকিলে একোনাইট উৎকৃষ্ট ; কিন্তু সর্দ্দি, বায়ুনলীভুজ প্রদাহ বা ফুস্ফুস্ প্রদাহ থাকিলে টার্টার এমেটিক অধিকতর উপযোগী

বহুমূত্র বা ডায়াবিটিস ও ব্রাইটাখ্য পীড়াক্রান্ত অনেক রোগীর শুষ্ক চর্ম্ম ঘর্ম্মাভিষিক্ত করাইতে পারা যায় না

স্বেদাবির্ভাব দৃষ্টে সচরাচর চিকিৎসার ও ভাবীফল নির্ণয়ের সাহায্য প্রাপ্ত হওয়া যায়।

ঘর্ম্ম নিঃসরণের দুইটী প্রধান কারণ, যথা দৌর্ব্বল্য ও জ্বরে দৈহিক উষ্ণতা হ্রাস ; এই দুইটী কারণ অনেক সময়ে একত্র সংমিলিত থাকে অবসাদকর জ্বরপীড়া ও ক্ষয়কাসে ঈদৃশ ঘটনা সংঘটিত হয়

জ্বরবিহীন রোগীর স্বেদস্রাব প্রবণতা সচরাচর দুর্ব্বলতার পরিচায়ক, অধিকন্তু এতদ্দ্বারা দৌর্ব্বল্যের পরিমাণও স্থিরীকৃত হয়। অবসাদগ্রস্ত স্বাস্থ্য বিশিষ্ট ব্যক্তি শ্রমে, এমন কি অতি সামান্য শ্রমে বা কোনরূপ উদ্দীপনা জন্মিলে অতিশয় স্বেদাভিষিক্ত হয় ব্যায়াম-শিক্ষক, ব্যায়ামকারী অতিশয় ঘর্ম্মাভিষিক্ত হইলে তাহার স্বাস্থ্য ভাল নহে বুঝিতে পারে

পুনশ্চ অবসাদনকর পীড়ায় ও রোগান্তের দৌর্ব্বল্যে সামান্য পরিশ্রমে কিম্বা নিদ্রাবস্থায়ও অতিশয় ঘর্ম্ম নিঃসৃত হয় ইহা মনে রাখা উচিত যে, সুস্থাবস্থায় বিভিন্ন ব্যক্তির বিভিন্ন প্রকার স্বেদস্রাব প্রবণতা দৃষ্ট হয়

জ্বরপীড়ায় আকস্মিক দৈহিক উষ্ণতা হ্রাস হইবার কালে অত্যন্ত ঘর্ম্ম নিঃসৃত হইয়া থাকে ঈদৃশ ঘটনা পর্য্যায়শীল

জ্বরের ঘর্ম্মাবস্থায় ও পায়িমিয়া নামক পীড়ার কম্পান্তে সংঘটিত হয় ক্ষয়কাসাক্রান্ত রোগী, যাহাদের দৈহিক তাপের দৈনিক সাতিশয় পরিবর্ত্তন সংঘটিত হয়, রাত্রিতে ১০২ ডিগ্রী বা ততোধিক হয় ও তাহা প্রত্যূষে হ্রাস প্রাপ্ত হয়, তাহাদের দৈহিক উত্তাপ হ্রাসের সঙ্গে দেহ ঘর্ম্মাভিষিক্ত হইয়া থাকে জ্বর রোগীর স্বেদ স্রাবের পরিমাণ, দৈহিক উত্তাপ হ্রাসের তারতম্য ও রোগীর দুর্ব্বলতার উপর নির্ভর করে যখন দুর্ব্বলতা অত্যন্ত অধিক থাকে, তখন স্বেদস্রাবও সচরাচর অত্যন্ত অধিক হয়; কিন্তু দৈহিক উষ্ণতা ২ ডিগ্রী বা তদপেক্ষা কম পরিমাণে হ্রাস হয়।

প্রোক্ত দ্বিবিধ প্রকার স্বেদস্রাব, যখন অসংমিলিত থাকে, তখন সহজে তাহা প্রভেদ করা যায় পাইয়িমিয়া ব্যতীত অন্যবিধ জ্বর পীড়ায় নিত্য একবার উত্তাপ বৃদ্ধি ও হ্রাস পায় এবং তজ্জন্য জ্বরের উত্তাপ হ্রাস বশতঃ ঘর্ম্ম নিঃসরণও দিনে একবার, প্রধানতঃ তাহা অতি প্রত্যূষে হইয়া থাকে। পক্ষান্তরে দৌর্ব্বল্য জন্য স্বেদস্রাব, যে কোন সময়ে ও বারম্বার হইতে পারে; ও তাহা শ্রম, নিদ্রা বা উদ্দীপনা বশতঃ সমুপস্থিত হয়।

অন্যান্য তরুণ জ্বরাপেক্ষা আরক্ত জ্বরে সচরাচর অধিকক্ষণ স্থায়ী ও অধিক পরিমিত স্বেদস্রাব হইয়া থাকে তদ্ধেতু আরক্ত জ্বর আরোগ্য হইবার কালে দেহে বড় বড় ঘামাচি (সিউড্যামিনা) বাহির হয় ও উপত্বক পরিপুষ্টিত হইবার সুবিধা হয়

বাতজ্বর (রিউমেটীক ফিবার) ব্যতীত তরুণ জ্বরের প্রথমাবস্থায় দৈহিক উত্তাপ বেশী থাকিলেও অত্যধিক স্বেদস্রাব হওয়া সাতিশয় দৌর্ব্বল্যের ও ভাবীফলের গুরুত্বের পরিজ্ঞাপক যখন প্রচুর স্বেদস্রাবের সঙ্গে মুখমণ্ডল, কর্ণ ও নখের নিম্নে কালিমা

পরিদৃষ্ট হয়, তখন তাহা হৃৎপিণ্ডের দুর্ব্বলতা জনিত রক্ত সঞ্চালনের মৃদুতা জন্য সংঘটিত বলিয়া স্থির করিতে হইবে ইহাও রোগের গুরুত্বের পরিজ্ঞাপক। চর্ম্ম স্পর্শ করিলেও রোগীর অবস্থা পরিজ্ঞাত হওয়া যায় অত্যন্ত স্বেদনিঃসরণ জন্য চর্ম্ম কোমল ও চট্‌চটে হইলে তাহা সার্ব্বাঙ্গিক দৌর্ব্বল্যের চিহ্ন, তৎসময় নাড়ী কোমল, বৃহৎ ও চাপসহ হয় এই লক্ষণ বর্ত্তমানে সচরাচর এলকোহলিক উত্তেজক ব্যবস্থা করিবার আবশ্যক হয়।

মূত্র পরীক্ষা।

সুস্থাবস্থায় প্রস্রাবের বর্ণ তৃণবৎ, উহা পরিষ্কার ও স্বচ্ছ এবং দৈহিক তাপের সম পরিমিত তাপ বিশিষ্ট থাকে। ইহার আপেক্ষিক গুরুত্ব সুস্থাবস্থায় ১০০৫ হইতে ১০২০ পর্য্যন্ত হয় মূত্রের উপাদান সকল রক্তের মধ্যে থাকে এবং মূত্রগ্রন্থি দ্বারা তাহা হইতে নিষ্কাশিত হয় শরীর হইতে এই সকল পদার্থ রীতিমত ভাবে নিঃসৃত না হইলে তাহা রোগপ্রবণ হইয়া উঠে প্রস্রাব কখন বেশী ও কখন কম হইয়া থাকে প্রস্রাবের স্বাভাবিক উপাদান ভিন্নও অন্যান্য পদার্থ নানা কারণে তৎসহ নিঃসৃত হইয়া থাকে। শোণিতের স্বাভাবিক অবস্থা বিচ্যুতি ব মূত্রগ্রন্থি, মূত্র প্রণালী ও মূত্রাশয়ের পীড়া বশতঃ মূত্রের স্বাভাবিক উপাদান পরিবর্ত্তিত ও তৎসহযোগে অন্যান্য পদার্থ সংমিশ্রিত হয় সেহেতু ভিন্ন ভিন্ন অবস্থায় প্রস্রাবের বর্ণ ও উপাদান সমূহের ইতর বিশেষ হইয়া থাকে। শ্রমবিরতি, উপবাস, নিদ্রা, আহার্য্য ও পানীয় দ্রব্যের পরিমাণ এবং চর্ম্ম ও বহির্ব্বায়ুর প্রকৃতি অনুসারে মূত্র নিঃসরণের পরিবর্ত্তন সংসাধিত হয়

অতিশয় দৈহিক শ্রমান্তে ও জ্বরাদি তরুণ পীড়ায় মূত্রের বর্ণ অত্যন্ত ঘোরাল বা লাল হয় মূত্রে রক্তের ভাগ থাকিলে উহা দেখিতে ধূম্রবৎ হয়, পিত্তের বর্ণদ পদার্থ বিদ্যমানে পীতাভ দৃষ্ট হয়। সুস্থ ব্যক্তির প্রস্রাব কিয়ৎকাল একটী পাত্রে ধরিয়া রাখিলে মূত্রাশয় ও মূত্রনলী হইতে নিঃসৃত শ্লেষ্মা উহার সঙ্গে বিমিশ্রিত থাকায়, নিম্নে জমিয়া যায় ইহা স্বাভাবিক অবস্থায়ও হইতে পারে। প্রস্রাবে শ্লেষ্মা, পূয় ও ফস্ফেট ঘটিত লবণ থাকিলে উহা ঘোলা দেখায় মূত্রের স্বাভাবিক উষ্ণতা বশতঃ ইউরিক অম্লযুক্ত লবণ দ্রবীভূত থাকে, কিন্তু মূত্রনিঃসরণের কিছুকাল পরে মূত্রের উষ্ণতার হ্রাস জন্য উহা দানাকারে জমিতে দেখা যায় এবং উত্তাপ প্রয়োগে পুনরায় গলিয়া যায় ইউরিয়া বিশ্লিষ্ট ও তজ্জন্য কার্বনেট অব্ এমোনিয়ার উৎপত্তি হইলে মূত্রে এমোনিয়ার গন্ধ পাওয়া যায় মূত্রে ইউরিয়া আদি পদার্থের অধিক সমাবেশ জন্য আপেক্ষিক গুরুত্ব বাড়িয়া যায় প্রাতঃকালের নিঃসৃত প্রস্রাব, আপেক্ষিক গুরুত্ব নির্ণয়ার্থ ব্যবহার্য্য একটী কাচের নলের মধ্যে প্রস্রাব ঢালিয়া লইয়া তাহাতে ইউরিনমেটার দিয়া গুরুত্ব পরীক্ষা করিতে হয় বিবিধ কারণে মূত্রের আপেক্ষিক ভারের হ্রাস বৃদ্ধি হয় মূত্রে জলীয়াংশ অধিক হইলে ভার বা গুরুত্ব হ্রাস ও অল্প হইলে বৃদ্ধি পাইয়া থাকে। প্রস্রাবে শর্করা ও ইউরিয়া অধিক থাকিলে তাহা গাঢ় হয় জ্বর ও অন্য-বিধ তরুণ পীড়ায় ইউরিয়া আদি পদার্থ সমূহের পরিমাণ বৃদ্ধি পাওয়ায় আপেক্ষিক গুরুত্বও বৃদ্ধি পাইয়া থাকে। ব্রাইটাখ্য পীড়ায় মূত্রগ্রন্থির বিধানোপাদনের বিকৃতি বশতঃ শোণিত হইতে মূত্রের উপাদান সমূহ নিয়মিত পরিমাণে নিঃসারিত হইতে না

থাকায় মূত্রের আপেক্ষিক ভার প্রায়ই কম হইয়া থাকে। যে সকল পদার্থ মূত্র সহ বাহির হওয়া উচিত, তাহা না হইতে পারায় শোণিতে সঞ্চিত থাকিয়া তাহাকে অবিশুদ্ধ বা বিষাক্ত করিয়া তুলে সেরূপ অবস্থা অতিশয় সঙ্কটজনক ডায়াবিটিস ইন্‌সিপিডস্ পীড়ায় মূত্রের জলীয়াংশ কেবল বৃদ্ধি পাওয়ায় আপেক্ষিক ভার কমিয়া যায়, এমন কি ১০০৫ পর্য্যন্ত হইতে দেখা যায় সেইরূপ মূর্চ্ছাবায়ুও অন্যান্য স্নায়বীয় পীড়াবেশের পর মূত্রের পরিমাণ বৃদ্ধি ও আপেক্ষিক ভার কম হইয়া থাকে

প্রস্রাব—অম্ল, ক্ষার বা সমক্ষারাম্ল প্রতিক্রিয়া বিশিষ্ট হয়। ফস্ফরিক অম্ল ও তৎঘটিত লবণ, ইউরিক ও হিপিউরিক অম্ল এবং সময় সময় ল্যাক্‌টিক, অগ্‌জ্যালিক প্রভৃতি অম্ল হইতে প্রস্রাবের অম্লত্ব উৎপাদিত হয়। প্রস্রাবে স্থায়ী ও উদ্বায়ী দ্বিবিধ ক্ষারময় পদার্থ থাকে চিকিৎসা কালে মূত্রের প্রতিক্রিয়া অর্থাৎ ক্ষারত্ব বা অম্লত্ব নির্ণয় করা প্রয়োজনীয় মূত্রের প্রতিক্রিয়া পরীক্ষার্থ টরমেরিক ও লিটমস কাগজ ব্যবহৃত হয় মূত্রে ক্ষার থাকিলে পীতবর্ণ টরমেরিক কাগজ পাটল বর্ণ হয়। লিটমস কাগজ প্রস্রাবে অম্ল থাকিলে লালবর্ণ হয় পরিপাক কালে মূত্রের অম্লত্ব হ্রাস এবং উপবাস ও অধিক শোনিঃসরণে তাহার বৃদ্ধি হয়।

মূত্রে এল্‌বুমেন বা আণ্ডলালিক পদার্থের সত্ত্বা নির্ণয়ার্থ উত্তাপ ও নাইট্রিক এসিড প্রয়োগ আবশ্যক হয়। এতদ্দ্বারা আণ্ডলালিক পদার্থ জমিয়া যায় অম্ল প্রতিক্রিয়াযুক্ত মূত্রে এলবুমেন থাকিলে তাপ প্রয়োগে উহা জমিয়া যাওয়ায় ঘোলাটে হয়; এই ঘোলাটে ভাব অম্ল প্রয়োগে তিরোহিত হয় না মূত্রের

প্রতিক্রিয়া স্থির না করিয়া যদি উত্তাপ প্রয়োগ করা যায় ও মূত্র ঘোলাটে হইয়া যায়, তাহা হইলে এই ঘোলাটে ভাব এল্‌বুমেন জনিত কি না স্থির করিতে হইলে উহাতে অল্প পরিমাণে নাইট্রিক্ এসিড সংযোগ করিতে হয় এল্‌বুমেন থাকিলে মূত্রের ঘোলাটে অবস্থা তিরোহিত হয় না, কিন্তু ফস্ফেটস্ থাকিলে ঐ ঘোলাটে ভাব তিরোহিত হইয়া মূত্র পরিষ্কার দেখায় একটী কাচের টেষ্ট টিউবে মূত্র রাখিয়া স্পিরিট ল্যাম্পের উপর ধরিয়া উত্তাপ প্রয়োগ ও ফুটাইতে হয়। ক্ষারযুক্ত মূত্রে এল্‌বুমেন থাকিলে উত্তাপ প্রয়োগে তাহা না জমিয়া যাইতে পারে এরূপাবস্থায় এসিটিক এসিড বা অন্য কোন এসিডের দ্বারা মূত্রের অম্লত্ব বিধান কর্ত্তব্য মূত্র সমক্ষারাম্ল বা সামান্যরূপ অম্লযুক্ত হইলে ফস্ফেটের সত্তা প্রযুক্ত উত্তাপ সংযোগে ঘোলাটে হওয়া সম্ভব। এরূপ মূত্রে নাইট্রিক এসিড অল্প পরিমাণে ঢালিয়া দিলে ঘোলাটে ভাব আশু বিদূরিত হয় ইউরেট্‌স ও ইউরিক এসিড অধিক পরিমাণে থাকিলে প্রস্রাব ঘোলাটে হইতে পারে, ইহা স্মরণ রাখা আবশ্যক সেরূপ প্রস্রাবে উত্তাপ প্রয়োগ করিলে উক্ত ঘোলাটে ভাব বিদূরিত হয় সুস্থাবস্থায় মূত্রে সামান্য পরিমাণে শর্করা থাকে, এরূপ কোন কোন চিকিৎসকের অভিমত। ভুক্ত দ্রব্যের অবস্থা এবং শরীর পোষণ কিম্বা যান্ত্রিক ক্রিয়ার সাময়িক বৈষম্য বশতঃ মূত্রস্থ শর্করার পরিমাণ বৃদ্ধি হইতে পারে মূত্রে শর্করার ক্ষণিক বৃদ্ধি রোগ মধ্যে পরিগণিত নহে। মূত্রে শর্করার আতিশয্য থাকিলে ইহার আপেক্ষিক গুরুত্ব বৃদ্ধি হয়। মূত্রের আপেক্ষিক ভার বেশী হইলে তাহাতে শর্করা আছে কি না পরীক্ষা করা কর্ত্তব্য মূত্রে যে শর্করা

দেখা যায়, তাহা দ্রাক্ষা শর্করার সমধর্ম্মী। সুমিষ্ট ফল মাত্রেই এই শর্করার সত্তা থাকে বিবিধ উপায়াবলম্বনে শর্করার সত্তা স্থিরীকৃত হয়, কয়েকটী প্রধান উপায় এস্থলে বিবৃত হইল।

শর্করাযুক্ত মূত্রের সহিত পটাশ বা সোডা সংযোগ করত ফুটাইলে তাহার বর্ণ পরিবর্ত্তিত হয়। লাইকর পটাশ বা লাইকর সোডা সম পরিমিত মূত্রের সহিত মিশাইয়া (টেষ্ট টিউবের মধ্যে) স্পিরিট ল্যাম্পের উপর ধরিয়া কিয়ৎকাল ফুটাইলে শর্করার স্বল্পতা বা আতিশয্য অনুসারে মূত্রের বর্ণের পরিবর্ত্তন সংঘটিত হইয়া থাকে শর্করার ভাগ অল্প থাকিলে মূত্রের বর্ণ পাটকিলে লাল ও তদপেক্ষা অধিক থাকিলে গাঢ় পাটল বর্ণ এবং অত্যন্ত বেশি থাকিলে কৃষ্ণবর্ণ হইয়া থাকে এস্থলে বলা আবশ্যক যে, প্রশ্রাবে এলবুমেন কিম্বা অধিক পরিমাণে ফস্ফেট্‌স থাকিলে প্রোক্ত প্রক্রিয়ানুযায়ী পরীক্ষাকালে মূত্রের বর্ণ লাল হইতে পারে। সেরূপ স্থলে প্রশ্রাব হইতে অগে ফস্ফেটস্ বা এলবুমেন পৃথকভূত করত তৎপরে শর্করার পরীক্ষা করিতে হয়

সশর্কর প্রস্রাব লাইকর পটাশ ও সলফেট অব্ কপার সংযোগে ফুটাইলে সলফেট অব্ কপার, সব্‌অক্সাইডে পরিণত হয় ১ ড্রাম প্রস্রাবে ১ ড্রাম লাইকর পটাশ মিশ্রিত করিবে তৎপরে ১০ গ্রেণ সলফেট অব্ কপার, ১ আউন্স জলে দ্রব করত তাহার এক এক ফোটা উক্ত প্রস্রাবে ঢালিয়া দিবে ঐ মূত্রের সহিত সলফেট অব্ কপার মিশ্রিত হইলেই উহা ঘোলাটে হইয়া পড়ে, কিন্তু তাহা অধিক ক্ষণস্থায়ী হয় না; প্রস্রাব নাড়িলে ঐ ঘোলাটে ভাব নিদূরিত হয় কপার সলিউসন এক এক ফোটা দিতে

হইবে ও টেষ্ট টিউবস্থিত মূত্র নাড়িতে হইবে। এইরূপে কয়েক বার নিক্ষেপের পর মূত্র আর ঘোলাটে হয় না, কিন্তু তাহা পরিষ্কার ও নীল বা হরিৎবর্ণ হয় এই প্রস্রাব ফুটাইলে শর্করার সত্তা বশতঃ তাহার নিম্নভাগে বর্ণভেদ পদার্থ জমে, অল্পক্ষণ পরে তাহা গাঢ়তর হইয়া পাটকিলে বা সুরকির গুঁড়ার ন্যায় দৃষ্ট হয়। এই গুঁড়ার ন্যায় পদার্থই সব্‌অক্সাইড্ অব্ কপার।

প্রস্রাবের সহিত প্রত্যহ কত পরিমাণে শর্করা নিঃসৃত হইতেছে, তাহা নিম্নলিখিত উপায়াবলম্বনে স্থিরীকৃত হইতে পারে একটী ১২ আউন্স বোতল বা শিশিতে ৪ আউন্স মূত্র পূরিয়া তাহাতে একটী ছোট কুল পরিমিত জর্ম্মান ইয়েষ্ট সংযোগ কর। ঐ বোতলের মুখ একটী সামান্য ছিদ্রযুক্ত কর্ক দ্বারা বন্ধ করিবে, যেন সেই ছিদ্র দিয়া কার্বনিক এসিড নিঃসরণের বাধা না হয়। তৎপরে উহা একটী আলমারি বা বাক্সের উপর বা অন্য কোন উষ্ণ স্থানে রাখিয়া দিবে যতক্ষণ তাহা ফর্মেন্ট বা উৎসেচিত না হয় ইহা ছাড়া আর একটী ৪ আউন্স শিশিতে মূত্র পরিপূরিত ও উত্তমরূপে কর্ক বদ্ধ করিয়া ও তাহাতে ইয়েষ্ট বা অভিষব না দিয়া, তৎপার্শ্বে রাখিয়া দিবে প্রায় ২৪ ঘণ্টার মধ্যেই উৎসেচন ক্রিয়া পর্য্যবসিত হইয়া যায় ও ফেণা বা সর পরিষ্কার হয়। উক্ত উৎসেচিত মূত্র একটী টেষ্ট টিউবে ঢালিয়া স্পেসিফিক গ্র্যাভিটী বা আপেক্ষিক গুরুত্ব নির্ণয় করিবে। তৎসময় অন্য শিশীতে যে মূত্র রক্ষিত হইয়াছে, তাহাও একটী টেষ্ট টিউবে ঢালিয়া লইয়া তাহারও আপেক্ষিক গুরুত্ব নির্ণয় করিবে। স্থান অপেক্ষাকৃত উষ্ণ হইলে ১৮ ঘণ্টার মধ্যেই উৎসেচন ক্রিয়া সম্পূর্ণ হয়। আপেক্ষিক গুরুত্ব পরীক্ষার ২।০

ঘণ্টা পূর্ব্বে উক্ত ২টী শিশীকে একটী শীতল স্থানে রাখা উচিত, এবং তাহাতে উহা চতুষ্পার্শ্বস্থ ভূবায়ুর উত্তাপের সমতুল্য হইতে পারে। পোক্ত দ্বিবিধ মূত্রের আপেক্ষিক গুরুত্বের তারতম্যানুসারে শর্করার পরিমাণ স্থিরীকৃত হয় যথা অনুৎসেচিত মূত্রের ভার বা গুরুত্ব যদি ১০৫০ হয় ও উৎসেচিত মূত্রের গুরুত্ব ১০২০ হয়; তাহা হইলে সাধারণতঃ প্রতি তরল আউন্স মূত্রে ৩০ গ্রেণ সুগার বা শর্করা আছে বুঝিতে হইবে। এইরূপে ২৪ ঘণ্টার মধ্যে যত পরিমিত প্রস্রাব নির্গত হয়, তাহা মাপিলে ও প্রতি আউন্সে ৩০ গ্রেণ ধরিয়া হিসাব করিলে সমস্ত দিবা রাত্রে কত পরিমাণ শর্করা নিঃসৃত হইতেছে, তাহা নির্ণীত হইতে পারে।

প্রস্রাবে পিত্ত থাকিলে ইহার বর্ণ পাটল বা পীত হয়। একখানি শ্বেতবর্ণ প্লেটে একটু খানি প্রস্রাব ঢালিয়া দিয়া তাহার উপর দুই এক ফোটা নাইট্রিক এসিড দিবে পিত্তের বর্ণদ পদার্থ তাহাতে থাকিলে উক্ত মূত্রের চতুষ্পার্শ্বে নানাবর্ণ বর্ণ পরিদৃষ্ট হয়

দৈহিক উত্তাপ।

সুস্থাবস্থায় দৈহিক উত্তাপ প্রায় সমভাবে থাকে দিবা রাত্রির মধ্যে সময়ানুসারে সামান্য ইতর বিশেষ হইয়া থাকে। থার্ম্মোমেটার বা তাপমান যন্ত্র কক্ষাভ্যন্তরে ৫ মিনিট দিয়া রাখিলে সুস্থ ব্যক্তিদিগের দৈহিক তাপ সাধারণতঃ ৯৮.৪ বা ৯৮.৬ ডিগ্রী হইয়া থাকে। প্রাতঃকাল অপেক্ষা অপরাহ্ণে দৈহিক তাপের সামান্য হ্রাস হইতে আরম্ভ হইয়া রাত্রি দ্বিপ্রহর পর্য্যন্ত অর্দ্ধ বা এক ডিগ্রী

হ্রাস হয়। সেই অবস্থায় তাপ পরিমাণ প্রাতঃকাল পর্যন্ত সমভাবে থাকিয়া তৎপরে সামান্যরূপ অর্থাৎ অর্দ্ধ বা এক ডিগ্রী বাড়িতে পারে এই বৃদ্ধির চরম সীমা বেলা ৯১০টার সময় সমুপস্থিত হয় ব্যক্তি বিশেষে পূর্ব্বোল্লিখিত স্বাভাবিক তাপের পরিমাণ অপেক্ষা সামান্য হ্রাসবৃদ্ধি হইয়া থাকে কোন কোন ব্যক্তির সুস্থাবস্থায় দৈহিক তাপ ৯৭, ৯৭ বা ৯৮ বা ৯৯ পর্য্যন্ত হইতে পারে বিশেষ পর্য্যবেক্ষণ দ্বারা ব্যক্তি বিশেষের স্বাভাবিক শারীর তাপ স্থিরীকৃত হয় ৯৯ ডিগ্রী অপেক্ষা শারীর তাপ অধিক হইলে তাহাকে জ্বর বলিয়া গণ্য করিতে হইবে অপরাহ্ণ ৪টার সময় দৈহিক তাপ কমিতে আরম্ভ হইয়া মধ্যরাত্রে হ্রাসের শেষ সীমায় উপনীত হয় যাহাদের স্বাভাবিক তাপ পরিমাণ ৯৮ ৪, এই সময়ে তাহাদের তাপ পরিমাণ ৯৭· ডিগ্রী পর্য্যন্ত হইতে পারে ২৫ বৎসর বয়স্ক ব্যক্তিদিগের তাপ পরিমাণ ঊর্দ্ধ সংখ্যায় দুই ডিগ্রী কম বেশী হইতে পারে, কিন্তু ৪০ বৎসর বয়সের পর ইহা ১ ডিগ্রী পরিমাণের অধিক হইতে প্রায় দেখা যায় না বরং তদপেক্ষা কম হইয়া থাকে সুস্থাবস্থায় সূর্য্যকিরণে অধিকক্ষণ থাকিলে বা সাতিশয় শারীরিক পরিশ্রম করিলে তাপ পরিমাণ বৃদ্ধি পায়, কিন্তু তাহা বহুক্ষণ স্থায়ী হয় না। যদি কোন কারণে এই তাপ অধিক সময় ব্যাপী হয়, তবে তাহাকে পীড়া বলিয়া গণ্য করিতে হইবে শারীর তাপের স্বাভাবিক অবস্থা পরিবর্ত্তিত হইলে তাহা রোগের পরিচায়ক স্থির করিতে হইবে সুস্থাবস্থায় রক্তের তাপ ১০০· ডিগ্রী। হৃৎপিণ্ড হইতে দূরবর্ত্তী স্থানে তাপ অপেক্ষাকৃত কম থাকে। শরীরের আভ্যন্তরীণ তাপ অপেক্ষা বহির্ভাগের তাপ কম হয় দৈহিক তাপ নির্ণয়ার্থ কক্ষ

দেশ ব্যতীত মলদ্বারের ভিতর ও জিহ্বার উপর তাপমান যন্ত্র রাখিয়া পরীক্ষা করা যাইতে পারে। ইহাতে তাপ পরিমাণ সূক্ষ্ম ভাবে স্থিরীকৃত হইতে পারে, কিন্তু এতদ্দেশে এই প্রণালী অবলম্বনে তাপ পরীক্ষায় নানা আপত্তি উপস্থিত হইতে পারে, তজ্জন্য এদেশে তাপ পরীক্ষার জন্য সাধারণতঃ কক্ষদেশেই তাপমান যন্ত্র সংস্থাপন করা হয়। কক্ষদেশের তাপ অপেক্ষা মলদ্বারের তাপ প্রায় এক ডিগ্রী অধিক এবং জিহ্বার তাপ তদপেক্ষা কিছু কম।

রাত্রি দ্বিপ্রহরের পর শেষ রাত্রি অর্থাৎ ৩।৪ টা পর্যন্ত দৈহিক তাপপরিমাণ কমিবার চরম সীমা, সুতরাং তৎসময় জীবনী শক্তি হ্রাস হয়। অতএব পীড়িত ব্যক্তিদিগকে শেষ রাত্রে ভালরূপ পর্য্যবেক্ষণ ও আবশ্যকানুযায়ী উত্তেজক ঔষধ ব্যবহার করান উচিত। তাপ সংরক্ষণার্থ অন্যান্য উপায়ও অবলম্বনীয়।

মানব দেহে নিরন্তর তাপোৎপত্তি ও তাপক্ষয় হইতেছে। এই ক্রিয়ার কোন ব্যতিক্রম ঘটিলে তাপ বৃদ্ধি বা হ্রাস ও তাহা রোগসূচক হয়। তাপমান যন্ত্র ব্যবহারে রোগ নির্ণয় ও তাহার ভাবীফল ও চিকিৎসা সম্বন্ধে বিশেষ সাহায্য প্রাপ্ত হওয়া যায়।

কক্ষদেশের স্বাভাবিক অবস্থায় তাপ পরিমাণ ৯৮.৪ বা ৯৮.৬ ডিগ্রী, নাড়ী প্রতি মিনিটে ৭০ হইতে ৭৫ ও শ্বাস প্রশ্বাস ১৮ বা ২০। ইহা পূর্ণবয়স্ক সুস্থ ব্যক্তির গড় সংখ্যা স্থির হইয়াছে। তাপ এক ডিগ্রী বাড়িলে নাড়ী ৮ বার অধিক স্পন্দিত ও শ্বাস প্রশ্বাস দুই বার বেশী হইয়া থাকে। তাপ যতই বর্দ্ধিত হউক না কেন হৃৎপিণ্ড ও ফুস্ফুসের ক্রিয়া পূর্ব্বোক্ত অনুপাতানুসারেই বাড়িয়া থাকে। তদ্রূপ তাপ কমিলে নাড়ী ও শ্বাস প্রশ্বাসও সেই

অনুপাতে কমিয়া আইসে তাপ হ্রাস পাইল, কিন্তু নাড়ীর সংখ্যা হ্রাস পাইল না, এরূপ দৃষ্ট হইলে তাহা রোগীর পক্ষে অমঙ্গলকর বুঝিতে হয় তাপ হ্রাস সহযোগে নাড়ীস্পন্দন সংখ্যা বৃদ্ধি পাওয়া জীবনী শক্তি হীনতার পরিচায়ক তৎসময় যথোপযুক্ত উত্তেজক ঔষধ ও পথ্য প্রদান অতীব প্রয়োজনীয় নিঃশ্বব ও প্রস্রব (সিক্রিশন ও এক্সক্রিসন) বৃদ্ধিসাধন ও শৈত্য প্রয়োগ দ্বারা দৈহিক তাপ হ্রাস করিতে পারা যায়। উচ্চ দৈহিক তাপ অধিক সময় ব্যাপী হইলে অশুভ ফলোৎপত্তি হইতে পারে এই উচ্চ তাপ সহসা হ্রাস প্রাপ্ত হইলেও তাহা বিপজ্জনক টাইফয়েড প্রভৃতি একজ্বরে সহসা তাপ হ্রাসের উপায় অবলম্বন করা উচিত নহে রোগের ভোগ কালের একটা নির্দ্দিষ্ট সময় থাকে, তৎসময় দৈহিক তাপ ঔষধ প্রয়োগে স্বাভাবিক অবস্থায় আনিবার চেষ্টা করিলে রোগীর সমূহ বিপদ উপস্থিত হইতে পারে নির্দ্দিষ্ট রোগ ভোগ কাল অতীত হইলে দৈহিক তাপ ক্রমশঃ স্বাভাবিক হইয়া আইসে ম্যালেরিয়া ঘটিত একজ্বরে তাপ পরিমাণ স্বাভাবিক অবস্থায় আনিতে চেষ্টা করা অযৌক্তিক নহে ৯৯ বা ৯৯৫ ডিগ্রীর অধিক দৈহিক তাপ হইলে তাহা পীড়ার চিহ্ন হইলেও সময় সময় স্বাভাবিক তাপ বর্ত্তমানে পীড়ার অবিদ্যমানতা দৃষ্ট হয় না বিবিধ তরুণ ও প্রাচীন পীড়ায় জ্বরের সত্তা দৃষ্টিগোচর না হইতে পারে কোন কোন পীড়ায় স্বাভাবিকাপেক্ষা তাপ পরিমাণ কম থাকিতে দেখা যায় পীড়ার গুরুত্ব অনুসারে দৈহিক জ্বরের পরিমাণের হ্রাস বৃদ্ধি হইয়া থাকে। মৃদু ভাবের পীড়ায় দৈনিক তাপ পরিবর্ত্তন অধিক পরিমাণে হয়, তাপ সায়ংকালে বৃদ্ধি ও প্রত্যূষে

হ্রাস হয়, কিন্তু গুরুতর পীড়ায় দৈনিক তাপ পরিবর্ত্তন সামান্যরূপ থাকে বা আদৌ থাকে না। সকল সময়েই উচ্চ শারীর তাপ বিদ্যমান থাকে। প্রত্যহ ২ বার তাপ পরিমাণ করা উচিত। তদর্থে প্রাতঃকালে ৮ বা ৯ টা ও সায়ংকালেও ৮ বা ৯ টার সময় তাপমান প্রয়োগে তাপ পরিমাণ করা বিধেয়। যদিও সাধারণতঃ প্রাতঃকালীন দৈহিক তাপ কম থাকে, তথাপি কোন কোন রোগীর ইহার বিপরীত অবস্থা পরিদৃষ্ট হয়। দৈহিক উত্তাপ সুস্থাবস্থাপেক্ষা অধিক হইলে তাহাকে জ্বর বলা যায়। জ্বরে দেহাভ্যন্তরে আণবিক পরিবর্ত্তন (মেটাবলিজম) অধিক হওয়ায় দৈহিক তাপ বৃদ্ধি পায়। দৈহিক তাপ ১০১ ডিগ্রী হইলে জ্বর সামান্য, ১০৩ ডিগ্রী হইলে উচ্চ বলে। জ্বর ১০৫ বা ৬ ডিগ্রী বা তদূর্দ্ধ হইলে তাহাকে হাইপার পাইরেক্সিয়া বলে, ইহা বড় বিপজ্জনক অবস্থা। ম্যালেরিয়া জ্বরে শরীর তাপ ১০৫ বা ৬ ডিগ্রী হইয়া থাকে, কিন্তু তাহা প্রায়ই অধিকক্ষণস্থায়ী হয় না। এই দৈহিক বর্দ্ধিত তাপ অধিক সময় ব্যাপী হইলে কুলক্ষণ সকল প্রকাশিত হয় ও রোগীকে সংকটাপন্ন করে। পূর্ণ বয়স্ক অপেক্ষা শৈশবাবস্থার পীড়ায় তাপ পরিমাণ অধিক হয়, ইহা স্মরণ রাখা কর্ত্তব্য। সংক্রামক ও প্রাদাহিক পীড়ায় দৈহিক তাপ বর্দ্ধিত হয়। পীড়ার প্রকৃতি অনুসারে এই তাপ বর্দ্ধিত হয়। অন্যান্য জ্বর পীড়াতেও পীড়ার আতিশয্য অনুসারে দৈহিক তাপ বর্দ্ধিত হয়। সুতরাং তাপমান দ্বারা পীড়ার আতিশয্য নিরূপিত হয়। বর্দ্ধিত দৈহিক উত্তাপ অধিক সময় ব্যাপী হইলে দৈহিক রাসায়নিক ক্রিয়া হ্রাসতা ও বিধানোপাদানের অপকৃষ্টতা বা পরিবর্ত্তন সংসাধিত হয়। আকস্মিক দৈহিক তাপ হ্রাস, পীড়ার স্বাভাবিক পর্য্যাবসান জনিত না হইলে তাহা বিপজ্জনক

জানিবে ও তাহা কোল্যাপ্স বা হিমাঙ্গাবস্থায় পরিণত হয় টাই-ফয়েড জ্বরে এতদ্রূপ হইলে আন্ত্রিক রক্তস্রাবের সম্ভাবনা

টাইফয়েড্ ষ্টেজ্ বা অবস্থা

প্রবল ও অধিককাল ব্যাপী জ্বরে দৈহিক তাপ অত্যধিক থাকিলে এই টাইফয়েড অবস্থা সমুপস্থিত হয়। ইহাতে শরীর সাতিশয় দুর্ব্বল ও অবসন্ন হয় এবং বিবিধ সংকটজনক লক্ষণ সমূহ প্রাদুর্ভূত হয়। ইহাতে দেহ শীর্ণ, তেজবিহীন, নাড়ী দ্রুত, কোমল ও বিষম গতি বিশিষ্ট, জিহ্বা শুষ্ক, পাংশুবর্ণ ও বাহি নিঃসরণ কালে কম্পমান, দন্তে সর্ডিস বা মল সঞ্চয়, বুদ্ধিবৃত্তি বিশৃঙ্খল ও জড়ীভূত, মৃদু প্রলাপ, জ্ঞানহীনতা, শ্রবণ শক্তিহীনতা, রোগীর চিৎভাবে শয়ন, পার্শ্ব পরিবর্ত্তনে অক্ষমতা, রোগীর মস্তক উপাধান হইতে বিচ্যুত হয় রোগীর টাইফয়েড জ্বর ভিন্নও গুরুতর স্বল্পবিরাম জ্বরেও এইরূপ অবস্থা সমুপস্থিত হয় এই অবস্থায় পেশীমণ্ডল দুর্ব্বল ও কম্পিত হইতে থাকে হস্ত পদাদিতে এই কম্পন সুস্পষ্ট দেখা যায় পেশীর অগ্রভাগস্থ টেণ্ডন বা কণ্ডর সকল কম্পিত ও সংকুচিত হওয়ায় তৎসমুদায় যেন উল্লম্ফিত হইতেছে, এরূপ বোধ হয় ইংরাজীতে ইহাকে সব্ সল্টস্ টেণ্ডিনম বলে মস্তিষ্ক বিকারগস্ত হওয়ায় রোগীর দর্শন ও শ্রবণ শক্তিহীনতা জন্য রোগী কাল্পনিক বস্তু ধরিতে চেষ্টা করে ও শয্যাবস্ত্র টানিতে থাকে শোণিতের দূষিত অবস্থা মস্তিষ্ক বিকারের একটী প্রধান কারণ মাস্তিষ্ক লক্ষণ সমূহ, মস্তিষ্কের প্রদাহজনিত বা টাইফয়েড অবস্থা বশতঃ সমুদ্ভূত তাহা স্থির করিয়া তাহার প্রতিবিধানোপায় অবলম্বন করা উচিত

বাহ্যাবয়ব।

রোগীর বাহ্য অবয়ব পর্য্যবেক্ষণে অনেক সময় তাহার পীড়ার গুরুত্ব ও লঘুত্ব সম্বন্ধীয় জ্ঞান লাভ করিতে পারা যায় ত্বকের অবস্থা দৃষ্টে রক্ত সঞ্চালন ক্রিয়া কিরূপ ভাবে হইতেছে তাহা সম্যক প্রকারে অবগত হওয়া যায় জ্বরে ঘর্ম্ম নিঃসরণ অবরুদ্ধ হওয়ায় চর্ম্ম শুষ্ক ও খস্‌খসে ভাবাপন্ন হয় দেহাভ্যন্তরস্থ নিঃসরণ ও শোষণ ক্রিয়া কিরূপ ভাবে সম্পাদিত হইতেছে তাহা চর্ম্মের অবস্থা পর্য্যবেক্ষণেও অনেক বুঝিতে পারা যায় তাপোৎপত্তির হীনতায় বা তাপক্ষয়ের বৃদ্ধি বশতঃ চর্ম্ম শীতল ও শারীরিক দৌর্ব্বল্য প্রযুক্ত ত্বকস্থ কৈশিক ধমনীমণ্ডলে সম্যকরূপ রক্ত সঞ্চরণের অভাব পরিদৃষ্ট হয় ত্বকের শীতলতা বহুক্ষণস্থায়ী হওয়া অশুভ লক্ষণ মধ্যে পরিগণিত এরূপ অবস্থায় উত্তেজক ভেষজ ও পুষ্টিকর খাদ্য ব্যবহার অতীব প্রয়োজনীয় সচরাচর পীড়াক্রমে দৈহিক শীর্ণতা ক্রমশঃ বাড়িতে থাকে। ইহাতে এই জ্ঞান লাভ করা যায় যে, শরীর পোষণের অভাব ঘটিয়াছে ও তৎসঙ্গে দেহাভ্যন্তরে আণবিক পরিবর্ত্তন ও তজ্জন্য তন্তুক্ষয় অধিক হইতেছে পুরাতন পীড়ায় দৌর্ব্বল্য প্রযুক্ত রক্ত হইতে মস্তু বা রস ক্ষরিত হইয়া চর্ম্ম-নিম্নস্থ তন্তু সমূহে সঞ্চিত হইয়া শোথ উৎপাদন করে। তৎস্থল অঙ্গুলি দ্বারা চাপিলে অঙ্গুলির দাগ বসিয়া যায়। এরূপ ঘটনা দেহের স্থান বিশেষে অর্থাৎ হস্ত পদে ও মুখমণ্ডলে অথবা সর্ব্বাবয়বে সংঘটিত হইতে পারে হাম ও বসন্ত প্রভৃতি স্ফোট জ্বরে সমস্ত শরীর ফুলিয়া উঠে

মুখমণ্ডল সমগ্র দেহের দর্পণ স্বরূপ। দেহাভ্যন্তরে কোন

পীড়া প্রচ্ছন্নভাবে আছে কি না, তাহা মুখমণ্ডল দেখিয়া অনেক সময় বুঝিতে পারা যায় দৈহিক স্বাস্থ্য অপগত ও দেহ পীড়াগ্রস্ত হইলে মুখমণ্ডল ম্লান ও বিবর্ণ হইয়া থাকে তদ্ভিন্ন ওষ্ঠাধর নীলিম, চক্ষুর পাতা স্ফীত, গণ্ডদেশ আরক্তিম প্রভৃতি ভাব সমুপস্থিত হয় রোগী উৎকণ্ঠিত ও যাতনায় কাতর থাকিলে তাহা মুখমণ্ডলে প্রতিভাত হইয় থাকে বহু দর্শন ব্যতীত এই সকল বিষয়ে সম্যক জ্ঞান লাভ করিতে পারা যায় না দুরারোগ্য কঠিন পীড়ায় নাসাগ্রভাগ সূক্ষ্ম, চক্ষু কোটরগত, ললাটপ্রান্ত নিমগ্ন, বাহ্যকর্ণ শীতল বা সংকুচিত, ললাটস্থ চর্ম্ম শুষ্ক ও অচিক্কণ, সমগ্র মুখমণ্ডল সবুজ, নীল বা কালিম ইত্যাদি লক্ষণ সমূহ প্রকাশিত হয় এই সকল লক্ষণ ঘোরতর বিপদাশঙ্কার পরিচায়ক। ওষ্ঠাধার নীলিম হইলে তাহা শোণিত সঞ্চরণের ব্যাঘাত বশতঃ জন্মিয়াছে স্থির করিতে হইবে। ফুসফুস্ প্রদাহে মুখমণ্ডল আরক্তিম ও শ্বাস প্রশ্বাস দ্রুতভাবে সম্পাদিত হয় মূত্রগ্রন্থির পীড়ায় প্রথমে অক্ষিপুটে স্ফীততা দৃষ্ট হয়, তৎপরে সর্ব্ব শরীরে শোথ জন্মিয়া থাকে যকৃতের পীড়াবশতঃ মুখমণ্ডল পাণ্ডুর ও মলিন হয়। মূর্চ্ছাবায়ু পীড়ায় চক্ষুর দৃষ্টি চঞ্চল হয়। গণ্ডমালা দ্বারা আক্রান্ত রোগীর অধর স্ফীত বা মোটা দেখায় নানারূপ পীড়ায় মুখমণ্ডলের ভাব নানারূপ হইয়া থাকে। ভূয়োদর্শনে এই সকল বিষয়ের জ্ঞান লব্ধ হয়

ভিষক্-সহচর।

জেনারেল ডিজিজেস্—সার্ব্বাঙ্গিক পীড়া।

হাইপারেমিয়া—সার্ব্বাঙ্গিক রক্তাধিক্য।

এই রোগে শরীরে অধিক পরিমাণে রক্ত বা উহার লাল-বর্ণ দানা সঞ্চিত হয়। রক্তের অন্যান্য উপাদান বর্দ্ধিত না হইয়াও কেবল রক্তবর্ণ দানার আধিক্য হইয়া থাকে।

লক্ষণ।—শরীরে ভার বোধ, আলস্য, শ্রমবিমুখতা, নিদ্রালুতা, নাসাধ্বনি, ও স্বপ্নদর্শন, শিরোঘূর্ণন, রক্তস্রাব, কৈশিক রক্তমণ্ডল অতিপূর্ণ, শিরা সকল স্ফীত এবং নাড়ী-স্পন্দন পুষ্ট; সবল ও সতেজ হয়।

চিকিৎসা।—এই রোগের চিকিৎসায় পথ্যের প্রতি বিশেষ দৃষ্টি রাখা কর্ত্তব্য। অধিক পুষ্টিকর খাদ্য উচিত নহে। সর্ব্বপ্রকার মদ্যপান নিষিদ্ধ। প্রত্যহ বিশুদ্ধ বায়ুতে ব্যায়াম। স্যালাইন্ পর্গেটিভস্—৩৩১, ৩৩৪, ৩৩৫। ব্রোমাইড অব্ এমোনিয়ম। অধিক মাত্রায় নাইটর পটাশ। কোন কোন চিকিৎসক রক্তমোক্ষণের অনুমোদন করেন।

ইহাতে যে সংখ্যা লিখিত হইল, উহা ব্যবস্থার সংখ্যা। আবশ্যকানুসারে ব্যবস্থাবলী দ্রষ্টব্য

এনিমিয়া ও ক্লোরোসিস্—রক্তহীনতা ও নীলপ্রদর।

এই রোগে শরীরে রক্তের স্বল্পতা বা অপকর্ষ জন্মে; রক্তবর্ণ দানার স্বাভাবিক পরিমাণের হ্রাস হয় সুস্থাবস্থায় রক্তের সহস্র ভাগে ১৩০ ভাগ রক্তবর্ণ দানা থাকে বিবিধ পীড়ার ইহা একটী লক্ষণ

লক্ষণ —শরীরের বর্ণ ফেকাশে ও পাণ্ডু হয় জিহ্বা ও চক্ষু আদি শ্লৈষ্মিক ঝিল্লী শ্বেতাভ হয় নাড়ী-স্পন্দন দ্রুত ও দুর্ব্বল, ক্ষুধাভাব, হৃদ্ধমনীতে উচ্চ শব্দ, গ্রীবাদেশীয় শিরাতে ভ্রমরধ্বনিবৎ শব্দ, মূর্চ্ছাক্রমণ, হৃৎস্পন্দন ও শ্বাসকৃচ্ছ্র, শোথ, এবং ফুস্ফুস্, হৃৎপিণ্ড ও অন্ত্রবেষ্টাভ্যন্তরে রস সঞ্চিত হয় ঋতুর অভাব ও কখন কখন সাংঘাতিক মূর্চ্ছা বা সংজ্ঞাহীনতা সমুপস্থিত হইয়া থাকে

ক্লোরোসিস্ রোগ স্ত্রীলোকদের যৌবনাবস্থার প্রারম্ভে উৎপন্ন হয়। ইহাতে শরীরের রক্তহীনতা জন্মে রক্তের জলীয়াংশ বর্দ্ধিত হয় এবং উহার রক্তবর্ণ দানার স্বল্পতা হয় শরীরের বর্ণ নীলিম হয়, তজ্জন্য এই রোগকে নীলরোগ বা নীলপ্রদর কহে কোষ্ঠবদ্ধ, মূত্রাধিক্য, গুল্মবায়ু, রজোবিশৃঙ্খলা, শ্বেতপ্রদর, শিরঃপীড়া ও পৃষ্ঠদেশে বেদনা থাকে এবং অক্ষিগোলক বহির্ম্মুখ বলিয়া বোধ হয়

চিকিৎসা।—হাইপোফস্ফাইট অব্ সোডা বা লাইম ১

ছইতে ৬ গ্রেণ, চিনির পাকের সঙ্গে সেব্য। ল্যাক্টো ফস্ফেট লাইম অক্সিজেন; ফস্ফেট অব লাইম প্রৌঢ় ব্যক্তি ও যে সকল স্ত্রীলোক অধিক সন্তান প্রসব বশতঃ এবং রজ-আধিক্য হেতু রক্তহীন হয়, তাহাদের পক্ষে উপযোগী পটাশ ও সোডা দ্বারা পাকাশয় ও যকৃতের বল বিধান সাধিত হয় পুষ্টিকর ও রক্তবর্দ্ধক পথ্য শীতল জলে স্নান সিন্কোনাঘটিত ঔষধ—১৯৩, ১৯৪ দুগ্ধ, মংসের ঝোল, ডিম্ব, মদ্য, ব্রাণ্ডি প্রভৃতি বিবিধ প্রকার লৌহঘটিত ঔষধ—টিং ফেরি পারক্লোরাইড—১৭১, ১৭৬ ফেরি এট্ কুইনী সাইট্রস্—১৭২, ১৭৩, ১৭৪ ফিরম রিডক্টম্ ২০৪, ২০৫, ২০৬ আয়রণ ও নম্ভ ফস্ফেট ও ল্যাক্-টেট অব আয়রণ ১৮৭, ২০১, ২০৭, ২০৮ অন্যান্য প্রকার লৌহ ঘটিত ঔষধ অসহ্য হইলে ফেরি এট্ এমোনি সাইট্রস্ ব্যবহার্য্য ১৮০, ১৮৮ কার্ব্বনেট অব আয়রণ পিল কোষ্ঠবদ্ধ থাকিলে লৌহঘটিত ঔষধ ব্যবহারে সতর্ক হইবে, এরূপ অবস্থায় লৌহঘটিত ঔষধের সঙ্গে বিরেচক ঔষধ যোজনা করিয়া ব্যবহার্য্য—১৭৭, ২০৪, ২০৯ লৌহঘটিত ঔষধের সঙ্গে সলফেট অব্ ম্যাগ্নিসিয়া, পেপ-সিন্, ম্যালোজ ও বিয়াই ইত্যাদি প্রয়োজ্য লৌহঘটিত ঔষধে উপকার না হইলে আর্সেনিক বিহিত গুরুতর পীড়ায়ও আর্সেনিক্ প্রয়োজ্য স্নায়ুমণ্ডলের উগ্রতা থাকিলে হাইড্রেট ক্লোরাল ও ও স্পিরিট ক্লোরোফর্ম্ম প্রভৃতি দিবে অস্থিরতা থাকিলে টিংচার হায়সায়ামাস হৃৎস্পন্দন থাকিলে অল্প মাত্রায় টিংচর একোনাইট—৯৮, ৯৯, ১০৪, ১০৭ ট্রান্সফিউজন্ অব্ ব্লড্ অর্থাৎ একদেহ হইতে রক্ত লইয়া অপর দেহে প্রবিষ্টকরণ। মানসিক চিন্তাদি-জনিত হইলে ফস্ফেট অব্ জিঙ্ক ও আয়রণ; অথবা ফস্ফরিক এসিড

ডিল, তিক্ত বলকারক ফাণ্টের সঙ্গে; ১৮৭ কডলিভর অয়েল। এসিড্স্—যুবতীদিগের পীড়ায় শ্লৈষ্মিক ঝিল্লির বলবিধান করে। গ্যালিক এসিড—প্রাচীন শ্লৈষ্মিক বা ত‍্যা'র স্রাবজ পীড়ায় বিধেয়।

ডায়েবিটিস্—মধুমেহ

শরীরের কোন কোন বিশেষ ক্রিয়াবৈষম্য জনিত এক প্রকার পুরাতন পীড়া ইহার বিশেষ লক্ষণ এই যে, ইহাতে মূত্র অধিক পরিমাণে নিঃসৃত হয় ও তাহার সহিত দ্রাক্ষাশর্করা বা গ্রেপ শুগার বিমিশ্রিত থাকে ইহার অপর নাম ডায়েবিটিস্ মেলিটস। যেরূপ বহুমূত্রে শর্করা থাকে না, তাহাকে ডায়েবিটিস্ ইন্সিপিডস্ বলে।

লক্ষণ।—এই রোগের লক্ষণ সকল প্রথমতঃ অজ্ঞাতসারে সমুপস্থিত হয়। ইহাতে জরভাব ও অধিক পরিমাণে মূত্রস্রাব হয় মূত্র ঈষৎ গাঢ়বর্ণ ও মিষ্ট গন্ধবিশিষ্ট হয় এবং তাহার আপেক্ষিক গুরুত্ব ১০৪৫ হইতে ১০৫০ চর্ম্ম শুষ্ক ও কর্কশ এবং কোষ্ঠবদ্ধ হয়, মল কঠিন, অবিরত তৃষ্ণা, সাধারণ স্বাস্থ্যের অপকর্ষ, পৈশিক দৌর্ব্বল্য ও রতিশক্তির বিনাশ হয়। কটিদেশে বেদনা, হস্তপদের শীতলতা, ও তৎসঙ্গে জ্বালা বোধ হয় দুর্ব্বলতা ক্রমিক বৃদ্ধি, দৈহিক ভারের হ্রাস, চর্ম্ম কুঞ্চিত, পদ ও জঙ্ঘাতে শোথ এবং মূত্রে সময়ে সময়ে আওলালিক পদার্থ দৃষ্ট হয় নিশ্বাসে ক্লোরোফর্ম্মের ন্যায় গন্ধ, দন্ত বিনষ্ট হওয়ার সঙ্গে মাঢ়ীর শিথিলতা ও সচ্ছিদ্রতা মানসিক অবসন্নতা ও উগ্রতা। পাকাশয়ে শূন্যতা বোধ ও তৎসহ ক্ষুধাতিশয্য উভয় চক্ষুতে ছানি পড়িবার উপক্রম বিস্ফোটক-প্রবণতা—কিছু দিনান্তে যক্ষ্মা রোগ উপস্থিত হইতে পারে। প্রগাঢ় রোগে অবসন্নকর প্রদাহ অর্থাৎ

বায়ুনলীভুজ, ফুস্‌ফুসচ্ছদ, ফুস্ফুস বা অন্ত্রচ্ছদ-প্রদাহ সমুপস্থিত হইয়া রোগীকে মৃত্যুমুখে নিপাতিত করে তদ্ভিন্ন অঙ্গের পচন, যক্ষ্মা বা ক্রমশঃ অবসন্নতা প্রাদুর্ভূত হইয়া রোগী মানবলীলা সম্বরণ করে মূত্রে শর্করার সত্তা অবধারণার্থ ফংগাস, পটাশ, কপার বা ফার্মেন্টেসন্ টেষ্ট উপায় অবলম্বনীয়।

চিকিৎসা।—ব্রোমাইড অব্ পটাসিয়ম সেবনে কাহার কাহার উপকার দর্শে অক্সিজেন দ্বারা মূত্রস্থ শর্করার অংশ হ্রসিত হয় স্যালিসিলেট অব সোডা দ্বারা দুই জন রোগী আরোগ্য হইয়াছে; তাহাদিগকে পূর্ব্বে অন্যান্য ঔষধ দেওয়া হয়, কিন্তু তাহাতে কোন প্রকার উপকার হয় নাই ঈষদুষ্ণ জলপানের দ্বারা এই রোগের পিপাসা কথঞ্চিৎ উপশমিত হয়। শর্করাবিহীন মূত্রাধিক্য রোগে অধিক ও বর্দ্ধিত মাত্রায় ভেলিরিয়ান্ প্রয়োগে হিতফল উপলব্ধি হয় ক্রিয়েজোট, আর্গট, গ্যালিক এসিড, জেবোরাণ্ডি, গোল্ড ক্লোরাইড ইত্যাদিও ব্যবহার হয়

এই রোগের নিদানাদি অদ্যাপি প্রকৃতরূপে স্থিরীকৃত না হওয়ায় চিকিৎসার দ্বারা প্রায়ই রোগ সম্পূর্ণরূপে আরোগ্য হইতে দেখা যায় না; তথাচ নিয়ম পূর্ব্বক ঔষধ সেবন করিলে অনেক সময় বিশেষ উপকার হইয়া থাকে পথ্য পুষ্টিকর হইবে, অথচ তাহার মধ্যে যত কম পরিমাণে শর্করাংশ থাকে ততই ভাল জান্তব খাদ্য অর্থাৎ মাংস, ডিম্ব ইত্যাদি সর্ব্বাপেক্ষা শ্রেষ্ঠ ব্রানলোফ বা ভূষির রুটী ও ডাক্তার পেভি কৃত অমণ্ডের বা বাদামের বিস্কুট অথবা কেবল বাদাম দুগ্ধ—যথেষ্ট পরিমাণে দেওয়া যাইতে পারে। ডাক্তার ডন্‌কিন, কেবল ১৮ পাইন্ট পরিমাণে মাটা-তোলা দুগ্ধ সেবন করাইয়া কয়েকটী রোগী আরোগ্য

করেন পিপাসা নিবারণার্থ সোডা ওয়াটার, বিশুদ্ধ নির্ঝর-বারি, ভিচি বা সেল্জর ওয়াটার, মাংসের ঝোল, জল সহ ব্রাণ্ডি, ও মৃদু আসব দিবে তক্র পান ও উপকারী উষ্ণ বস্ত্রাদি পরিধান ও নিয়ম পূর্ব্বক প্রত্যহ বিশুদ্ধ বায়ু পরিপূর্ণ স্থানে পাদচারণ ও ব্যায়াম করা কর্ত্তব্য সোডা ফস্ফ বিরেচনার্থ শর্করার পরিবর্ত্তে গ্লিসিরিণ বা স্যাকেরাইন জামের বীজের সার অর্থাৎ এক্‌ষ্ট্রা জাম্বোলিন লিকুইড উপকারী বলিয়া কথিত হয় ঔষধের মধ্যে ওপিয়ম ও কোডিইন বা মর্ফিয়া শ্রেষ্ঠ, ইহা সেবনে রোগীর সাধারণ লক্ষণাদি তিরোহিত হয় ও মূত্রের আপেক্ষিক ভার অনেক কমিয়া আইসে সাইট্রেট অব্ এমোনিয়া ও আয়রণ; কার্ব্বনেট অব্ সোডা; বাইকার্ব্বনেট অব পটাশ এবং ওজোনিক ইথর ব্যবহৃত হইয়াছে কখন কখন ওপিয়মের সঙ্গে কুইনাইন দিলে বিশেষ উপকার হয় কুইনিন ব্রোমাইড ও মর্ফিয়া ষ্ট্রীকনিয়া ১৬, ১৭, ১৮ ষ্ট্রীকনিয়া ও আয়রণ ১৭৩, ২০৫ এসিড ফস্ফরিক ডিল— ১৮৭, ২৯৫ ক্যাল্‌সিয়ম সলফাইড, এমোনিয়া আয়রণ এণ্ড এলম্, কডলিভর অয়েল, গ্লিসিরিণ অধিক পরিমাণে শর্করা সেবন দ্বারা চিকিৎসা প্রকরণ কয়েক বৎসরাবধি প্রবর্ত্তিত হইয়াছে, কিন্তু অনেক চিকিৎসক ইহার বিদ্বেষী যকৃতজ পীড়ায় মেদা-ধিক্য রোগীর পক্ষে ও প্রলাপে এল্‌কেলাইন ওয়াটর্স এমোনিয়ম ফস্ফেট আর্সেনিক পূর্ণ মাত্রায় বেলেডোনা নাইট্রেট অব্ ইউরিনিয়ম ১ হইতে ২ গ্রেণ বা ক্রমশঃ বর্দ্ধিত মাত্রায় আহারান্তে সেবনে উপকার দর্শিয়াছে কোমা বা অচৈতন্যাবস্থা উপস্থিত হইবার আশঙ্কা থাকিলে অধিক পরিমাণে সাইট্রেট পটাশ উপকারী

হেমরেজ—রক্তস্রাব।

রক্তাধার হইতে যে কোন কারণে রক্ত নিঃসৃত হয়, তাহাকে রক্তস্রাব (হেমরেজ) বলে

আঘাত বা সার্ব্বাঙ্গিক অপরবিধ কারণে এতাদৃশ ঘটনা সংঘটিত হইতে পারে গুটিকা ও কর্কট রোগ প্রভৃতি দ্বারাও এরূপ হয় রক্তাধিক্য বা প্রদাহের লক্ষণ, বর্ত্তমানে রক্তস্রাব হইলে তাহাকে স্থ্যাকটিভ বা সবল, এবং দুর্ব্বলতার লক্ষণ ও রক্তের অপকর্ষ বশতঃ হইলে প্যাসিভ্ বা দুর্ব্বল রক্তস্রাব বলে মধ্যে মধ্যে রক্তস্রাব হইলে এবং তাহাতে সার্ব্বাঙ্গিক স্বাস্থ্যের অনুকূল ফল দর্শিলে তাহাকে কনষ্টিটিউসনাল বা সার্ব্বাঙ্গিক রক্তস্রাব, এবং স্ত্রীলোকদের ঋতুস্রাব না হইয়া নাসিকা হইতে রক্ত ক্ষরিত হইলে, তাহাকে ভাইকেরিয়াস্ বা প্রতিনিধি রক্তস্রাব কহে কোন রোগের বর্দ্ধিতাবস্থায় রক্তস্রাব হইয়া শুভ বা অশুভ ফলোৎপত্তি হইলে, তাহাকে ক্রিটীক্যাল বা রোগের শুভাশুভ পরিণামসূচক বা সাময়িক রক্তস্রাব বলে বাল্যাবস্থায় সাধারণতঃ নাসারন্ধ্র হইতে, পূর্ণবয়সে ফুসফুস, বায়ুনলী ভুজ, পাকাশয়, মূত্রপথাদি ও জরায়ু হইতে; এবং বৃদ্ধ বয়সে মস্তিষ্ক রক্তাধার ও সরলান্ত্র হইতে রক্তস্রাব হইয়া থাকে কোন কোন রোগের রক্তস্রাবের আন্তরিক প্রবণতা থাকে, তাহাকে হেমরেজিক ডায়াথিসিস্ বা রক্তস্রাবী ধাতু প্রভৃতি কহে ইহাদের শরীরে জলৌকা সংলগ্ন করিলে বা উহাদের দন্তোৎপাটনাদির পর, সমূহ রক্তস্রাব হয়

চিকিৎসা —অর্শ, জলৌক-দষ্ট স্থান, সতক্ষত (কাটিয়া

গেলে) আদি হইতে রক্তস্রাব হইলে জলমিশ্র বা বিশুদ্ধ ভিনিগার বা সির্কা অথবা হামামেলেসের অরিষ্ট বা ইহার সার হেজিলিন্ প্রযোজ্য রক্তস্রাব বশতঃ হৃৎপিণ্ডের ক্রিয়া অবসন্ন হইয়া পড়িলে ব্রাণ্ডি বা তৎসহ লডেনম সেবন বিহিত ক্রিয়েজোট বা কার্ব্বলিক এসিড বা কষ্টিক স্থানিক ব্যবহার্য্য ডিজিটেলিসের ফাণ্ট প্রয়োগে উপকার হয় হামামেলিসের অরিষ্ট ১ বা ২ মিনিম কিম্বা ততোধিক মাত্রায়, ২ ৩ ঘণ্টান্তর সেবনে বিবিধ প্রকার রক্তস্রাব নিবারিত হয় হেজিলিনও বিশেষ ফলোপধায়ী ক্ষুদ্র ক্ষুদ্র রক্তাধার হইতে রক্তস্রাব হইলে, লাইকর প্লম্বাই সব এসেটেটীস বা টিংচর ষ্টীল স্থানিক ব্যবহার্য্য দুর্ব্বল রক্তস্রাবে কুইনাইন সেব্য নাক ও পাকাশয় হইতে রক্তস্রাব হইলে পৃষ্ঠবংশে উষ্ণ জলপূর্ণ থলি সংস্থাপন করিলে উপকার হয় চাপ প্রয়োগে অনেক রক্তস্রাব বন্ধ হয়

কেহ কেহ বলেন যে, অন্ত্র হইতে রক্তস্রাব হইলে তাহা সহসা বন্ধ করা বিধেয় নহে, কিন্তু তাই বলিয়া অধিক রক্তস্রাব হইতে দেওয়াও উচিত নহে রক্তস্রাব বন্ধ করিলে আভ্যন্তরিক যন্ত্রে কোন প্রকার রক্তাধিক্য বা প্রদাহ না হয়, তৎপক্ষে দৃষ্টি রাখা কর্ত্তব্য বিরেচক ঔষধ ও আহারের সুব্যবস্থা দ্বারা উক্ত উদ্দেশ্য সিদ্ধ হইতে পারে রোগীকে শারীরিক ও মানসিক শ্রম ও চিন্তা হইতে সুস্থির রাখিবে বাসগৃহ শীতল ও বিশুদ্ধ বায়ুপূর্ণ হইবে শীতল পানীয় ও বরফ প্রভৃতি দেওয়া যায় সংন্যাস রোগ উপস্থিত হওয়ার আশঙ্কা থাকিলে যদি তৎসময় নাসিকা হইতে রক্ত পড়ে, তবে তাহা সহসা বন্ধ করিবে না স্থানিক শৈত্য প্রয়োগ; ট্যানিক এসিড, গ্যালিক এসিড ও য্যারোমেটীক সল্ফিউরিক এসিড—২১৮ এমোনিয়ো আয়রণ য্যালম—উৎকৃষ্ট রক্তরোধক

টিংচর ফেরি পারক্লোরাইড বা পারনাইট্রেটিস। সল্‌ফিউরিক এসিড ডিল য়্যালম ও সল্‌ফিউরিক এসিড—২১১ ইপিকাকিউয়ানা ১ গ্রেণ মাত্রায় বিবমিষা হওয়া পর্য্যন্ত দলে পাকাশয় ও ফুসফুসীয় রক্তস্রাবে বমন বিশেষ অনিষ্টকর, কিন্তু এ সংস্থানের রক্তস্রাবে উপকারী এসিটেট অব্ লেড ২২৫, ২২৮ ডিজিটেলিস ও আর্গট অব রাই দ্বারা ক্ষুদ্র ক্ষুদ্র ধমনী ও কৈশিক সূত্র সংকুচিত হওয়ায়, সময়ে সময়ে উহাদের ব্যবহারে রক্তস্রাব বন্ধ হইতে পারে; জরায়ু হইতে রক্তস্রাব হইলে উহারা বিশেষ উপকারী ফুসফুস, পাকাশয় ও মূত্রগ্রন্থি হইতে রক্তস্রাব হইলে অয়েল অব্ টর্পেন্টাইন ২১৭; অয়েল অব্ টার্পেন্টাইন মর্দনও ব্যবহার্য্য পুনঃ পুনঃ প্রকাশিত রক্তস্রাবে নাইকর হাইড্রার্জ পারক্লোরাইড, ফুসফুস বা মূত্রগ্রন্থির পীড়া বর্ত্তমানে এই ঔষধ প্রয়োগ নিষিদ্ধ ওপিয়ম দ্বারা অত্যন্ত অবসন্নতা নিবারিত হয় শিরা মধ্যে এমোনিয়ার পীচকারি কোষ্ঠবদ্ধ থাকিলে সল্‌ফিউরিক এসিডের সঙ্গে সলফেট অব সোডা ও ম্যাগ্নেসিয়া; ক্যাষ্টর অয়েল —৩৩০, ৩৩৬ ট্রান্সফিউজন অব্ ব্লড বাট না ও ম্যাটিকো উপকারী ফুসফুসীয় রক্তস্রাবে টিং ফেরি এসিটেট অধিক জল মিশ্রিত করত ঘন ঘন সেব্য

থ্রম্বোসিস্ ও এম্বলিজম্।

ঘনীভূত রক্তপিণ্ড দ্বারা রক্তাধারের অভ্যন্তরের প্রণালী সম্পূর্ণ বা আংশিক অবরুদ্ধ হয় এই ঘনীভূত রক্ত, সাধারণতঃ ফাইব্রিন্‌স বা সূত্রীয় পদার্থবিশিষ্ট, ইহাকে থ্রম্বস্ বলে যে সকল রোগে সাতিশয় অবসন্নতা উপস্থিত হয়, বিশেষতঃ ক্রুপ বা স্কারলেট,

ডিপথিরিয়া বা ঝিল্লীক প্রদাহ, আরক্ত জ্বর, হৃদন্তবেষ্ট প্রদাহ, ফুসফুস প্রদাহ, যক্ষ্মা, টাইফস বা মোহ জ্বর, এরিসিপেলাস বা বিসর্প ও রক্তস্রাবাদি রোগে রক্তাধারের প্রণালীতে এতাদৃশ ঘটনা সংঘটিত হইয়া থাকে গর্ভাবস্থায় ও প্রসবান্তে রক্তের অবস্থা এরূপ হয় যে, সহজে এই রোগ সমুপস্থিত হইতে পারে।

ঘনীভূত সূত্রীয় পদার্থ হৃৎপিণ্ড বা অন্য রক্তাধার হইতে দূরীকৃত হইয়া সংকীর্ণ ব্যাসবিশিষ্ট রক্তাধারের মধ্যে সঞ্চালিত হওত আবদ্ধ হয় ইহাকে এম্বলিজম বলে যে যন্ত্রে গিয়া ইহার গতি অবরুদ্ধ হয়, তদনুরূপ লক্ষণাদি প্রকাশিত হইয়া থাকে ফুসফুস বা যকৃতের কৈশিক শিরায় গিয়া উহা আবদ্ধ হইতে পারে ফুসফুসীয় ধমনীতে বৃহৎ আকারের ঘনীভূত সূত্রীয় পদার্থ আবদ্ধ হইলে তৎক্ষণাৎ শ্বাসরোধ হয়, কিম্বা যদি উহা ফুসফুসের মধ্যে সঞ্চালিত হইয়া থাকে, তাহা হইলে ফুসফুসের পচন সংঘটিত হয় এতদ্রূপ ভাবে অঙ্গ প্রত্যঙ্গাদির কোন প্রধান রক্তাধার অবরুদ্ধ হইলে তাহার নিম্নাংশে পচন আরম্ভ হয়

ইহাদের চিকিৎসার যুক্তি বিভিন্ন রোগীর পক্ষে বিভিন্ন প্রকার। রোগীর পরে কি হইবে, তৎপতি দৃষ্টি না করিয়া, তৎকালে যাহাতে সে জীবিত থাকে, তাহার উপায় অবলম্বন করিবে বেদনার শান্তি ও রক্তসঞ্চালন সংস্থাপন জন্য চেষ্টা করিবে এই রোগে যে সকল ঔষধের উপর নির্ভর করিতে হয়, তাহাদের ক্রিয়া প্রায়ই অনিশ্চিত অত্যন্ত অবসন্নতা উপস্থিত হইলে উত্তেজক অর্থাৎ এমোনিয়া, ইথর ও ব্রাণ্ডি দিবে ১, ৩, ১১, ১৩ রোগীকে স্থির ও শান্তভাবে রাখিবে এসেন্স অব্ বিফ বা চিকেন, কাঁচা ডিম ও দুগ্ধ যথেষ্ট পরিমাণে দিবে আল্‌কেলিজ বা ক্ষারবর্গ রক্তের

তরলতা সম্পাদন করে, তজ্জন্য কার্ব্বনেট অব্ এমোনিয়া উপকারী হইতে পারে ; যদি রক্তে এমোনিয়ার আধিক্য থাকা জানা যায়, তবে ইহা ব্যবহার্য্য নহে। কার্ব্বনেট অব্ এমোনিয়া ও আইয়োডাইড অব্ পটাসিয়ম ঔষধ দ্বারা রক্তসঞ্চালন সুস্থির হয় ও তাহার অস্থিরতা নিবারিত হয়। রোগীর স্বাস্থ্যের অপকৃষ্টতা সংশোধনার্থ কুইনাইন—১৯৩। সল্‌ফিউরিক এসিড।

ড্রপ্‌সি—উদরী—শোথ।

প্রদাহ ব্যতীত দেহাভ্যন্তরস্থ মাস্তক গহ্বরে বা শরীরের বহির্ভাগের যোজক তন্তুর মধ্যে জল বা মাস্তক রস সঞ্চিত হয়। উহা কখন স্বতন্ত্র ও কখন বা সম্মিলিত ভাবে সমুপস্থিত হয়। শিরা সকল ও তাহাদের কৈশিক প্রশাখা সকলের অত্যন্ত পূর্ণাবস্থা হইতে এই রোগ উৎপন্ন হইয়া থাকে। বিবিধ কারণ বশতঃ শিরাগণের ঈদৃশ অবস্থা সমানীত হয়। তন্মধ্যে সাধারণতঃ এই কয়েকটী প্রধান ; যথা—অর্ব্বুদ, জরায়ুর চাপ প্রভৃতি কারণে শিরামণ্ডল চাপিত হয়। যকৃতের বৈধানিক পীড়া দ্বারা পিত্তপ্রণালী শিরামণ্ডলীতে রক্তসঞ্চালনের ব্যাঘাত সংঘটিত হয়, তাহাও এই রোগের একটী প্রধান কারণ। হৃৎপিণ্ড দ্বারের কপাট সকলের পীড়া, রক্ত সঞ্চালনের ব্যাঘাত বশতঃ শিরাবর্গের পূরিত স্ফীততা, বায়ুনলীভুজ প্রদাহ ও ফুস্ফুসাভ্যন্তরে বায়ুসঞ্চয় (এম্ফিসিমা) প্রভৃতিও এই রোগের কারণ। মূত্রগ্রন্থিতে রক্তসঞ্চয় ও প্রদাহ হইলে রক্ত অবিশুদ্ধ হওয়া বশতঃও একপ্রকার শোথ সমুৎপন্ন হয়। ইহাতে মূত্রের প্রধান উপাদান—যুরিয়া নিঃসৃত হইতে না

পাবায় রক্ত অবিশোধিত থাকে। রক্তহীনতা বা রক্তের জলীয়াংশ বিবর্দ্ধনেও এই পীড়া উৎপন্ন হয়

চিকিৎসা।—বৃদ্ধ ও দুর্ব্বল ব্যক্তিগণের পদদ্বয়ের শোথে লাইকর আর্সিনিকেলিস সেবনে উপকার দর্শে সার্ব্বাঙ্গিক ও স্থানিক দ্বিবিধ শোথেই বাইটার্ট্রেট অব্ পটাশ উপকারী; ইহার দ্বারা জলীয় অংশের সঙ্গে রক্তস্থ অবিশুদ্ধ পদার্থ বিদূরিত হয়। বিরেচনার্থ কলোসিন্থ, জেলাপ, ইলেটেরিয়ম, সলফেট অব্ ম্যাগ্‌নিসিয়া প্রভৃতি উপযোগী। কোন কোন প্রকার উদরীতে এবং ব্রাইটাখ্য মূত্রগ্রন্থির পীড়ায় কোপেবা ব্যবহার করিয়া উপকার লব্ধ হইয়াছে হৃৎপিণ্ডের পীড়া বর্ত্তমানে নূতন প্রস্তুত ডিজিটেলিসের ফাণ্ট ব্যবহার্য্য ষ্ট্রোফ্যান্থস্ও উপকারী

যে যে রোগের জন্য উদরী ও সার্ব্বাঙ্গিক শোথ প্রকাশিত হয়, তত্তৎ রোগের চিকিৎসাপ্রণালী অনুসারে চিকিৎসা করিবে রোগীর শোথ নিবারণের জন্য মূত্রকারক, বিরেচক, স্বেদজনক ও বমনকারক ঔষধ প্রযোজ্য ট্যাপিং ও একিউপংচর দ্বারা সঞ্চিত জল বহিষ্কৃত করিলেও অনেক সময় উপকার হয় শরীর পোষণের জন্য পুষ্টিকারক আহার দেওয়া কর্ত্তব্য বিরেচক ঔষধের নিম্ন লিখিত সংখ্যা ব্যবস্থেয়, ৩২৭, ৩৩২, ৩৩৪, ৩৩৮, ৩৩৯, ৩৪৫, ৩৪৬, ৩৪৮ মূত্রকারকের মধ্যে ৩৬৩, ৩৬৮, ৩৭১ যকৃতের পীড়া জন্য রোগ হইলে;—১৬৯, ১৭৩, ১৭৪, ১৮২ প্লীহা বশতঃ হইলে—১৬৭, ১৭২, ১৭৫, ১৭৭, ১৭৮, ১৯১, ১৯৩ কেবল মাত্র দুগ্ধ পান করিয়া এক মাস থাকিতে পারিলেও এই রোগ আরোগ্য হইতে পারে এমোনী ক্লোরাইড ও ট্যারাক্সেকম ৪১২ রেজিনা পডফাইলাই;—৩৪৭ বিবিধ প্রকার লৌহ

ঘটিত ঔষধ ও পটাশ আইয়োডাইড যে যন্ত্রের পীড়া বশতঃ রোগ সমুদ্ভূত হইয়াছে বুঝিতে পারা যাইবে, সেই যন্ত্রের পীড়ায় যে প্রকার চিকিৎসাপ্রণালী লিখিত হইয়াছে তদনুযায়ী চিকিৎসোপায় অবলম্বনীয়।

বেরিবেরি—একপ্রকার সার্ব্বাঙ্গিক শোথ।

বর্দ্ধিত দুর্ব্বলতা, সম্যক শক্তিহীনতা, উৎকণ্ঠা, দেহের শাখাংশে অসাড়তাবোধ, অধঃশাখায় শোথ, শ্বাসকৃচ্ছ্র, পক্ষাঘাত, মূত্রাল্পোৎপত্তি এবং হৃৎবেষ্ট ও ফুস্ফুসবেষ্টে মাস্তক রস সঞ্চিত হয় অবশেষে অবসন্নতা প্রাদুর্ভূত হইয়া রোগীকে কালের করাল গ্রাসে নিপাতিত করে

ইহা সচরাচর সিংহল দ্বীপে হইয়া থাকে ইলিটেরিয়াম, ৩৩৮, ৩৪৮ ক্যালোমেল ও স্কুইল, স্কুইল ও ডিজিটেলিস্ টিংচর ফেরি পারক্লোরাইড অয়েল নাইগম ১০ মিনিম মাত্রায়, টি বক ফারক ৫ হইতে ১৫ গ্রেণ স্পিরিট অব্ নাইট্রস ইথর পটাশী টার্ট এসিডা সোডা এসিড ওপিয়ম, নক্সভমিকা। পুষ্টিকারক খাদ্য, সুরা প্রভৃতি এসিটেট অব্ পটাশ, জুনিপার হৃৎপিণ্ডের গুরুতর লক্ষণে ডিজিটেলিস ও ষ্ট্রীক্‌নিয়া। জল পান সংবর্জ্জন।

ইন্‌ফ্লামেশন্—প্রদাহ

ইহাতে স্থানিক রক্ত সঞ্চিত হইয়া পরে রস স্রাবিত হয় ইহা দ্বারা কখন শরীরের বিধান অপচয় ও কখন বা উপচয় হইয়া থাকে আক্রান্ত স্থানে রক্তাধিক্য হয়

লক্ষণ।—বেদনা, স্ফীততা, উত্তাপ ও আরক্ততা—এই চারিটী সর্ব্ব প্রধান। ইহাতে রক্তের সূত্রীণের বৃদ্ধি ও রক্তাণুর হ্রাস হয়। রক্তের উষ্ণতা বর্দ্ধিত হয়। আনুষঙ্গিক জ্বর, অবসন্নতা, শীত, নাড়ী দ্রুত, শিরঃপীড়া, তৃষ্ণা, ক্ষুধাভাব, সমল জিহ্বা, মূত্রে ক্লোরাইডের হ্রাস, যুরিয়া নিঃস্রব বৃদ্ধি, ঘর্ম্ম, বিলোপী জ্বর, রক্তস্রাব, পূযোৎপত্তি, ক্ষত প্রকাশ ও পচন প্রভৃতি ইহার লক্ষণ মধ্যে পরিগণিত

চিকিৎসা।—একোনাইট দ্বারা আশ্চর্য্য সুফল উপলব্ধি হয় সকল প্রকার প্রদাহে প্রথমাবস্থায় ইহার অরিষ্ট অর্দ্ধ বা এক ফোটা মাত্রায় ২ ১ বা ৩ ঘণ্টান্তর প্রয়োজ্য। ফুস্‌ফুস্ প্রদাহে টার্টারেট অব্ এন্টিমনি $\frac{1}{2}$ হইতে $\frac{1}{8}$ গ্রেণ বা ভাইনম ৫—১৫ মিনিম মাত্রায় ২ ৩ ঘণ্টান্তর প্রয়োগ করিলে উপকার দর্শে চক্ষুপ্রদাহে —এট্রপিয়া, বেলেডোনা, ডিজিটেলিস্ ও ওপিয়ম মাস্তক প্রদাহে—একোনাইটের পর ব্রাইওনিয়া অর্দ্ধ বা এক মিনিম মাত্রায় উপকারী।

প্রদাহের চিকিৎসাকালে রোগীর জীবনীশক্তি যাহাতে অত্যন্ত অবসন্ন হইয়া না পড়ে, তজ্জন্য বিশেষ চেষ্টিত থাকিবে সর্ব্ব প্রকার উদ্দীপনা নিবারণ করিবে পথ্য লঘু হইবে বরফ শীতল জল যথেষ্ট দিবে অত্যন্ত বেদনা ও উগ্রতা থাকিলে বেদনাঘ্ন ঔষধ ব্যবহার্য্য জ্বরের বেগ বেশী থাকিলে, স্বাস্থ্যকর ও শৈত্যমিশ্র ২৮২, ২৮৩, ২৮৮, ৩০০ অন্ত্রে মল সঞ্চিত থাকিলে—বিরেচক। নাড়ী দুর্ব্বল, ক্ষুদ্র ও অনিয়মিত গতিশীল হইলে—মাংসের কাথ, দুগ্ধ, ক্রিম, কাঁচা ডিম ও মদ্য অর্দ্ধড্রাম স্পিরিট ইথর ও ১০ মিনিম ভাইনম কলচিকম একত্রে মিশ্র

প্রস্তুত করিয়া সেবন করিলে ইউরেট্‌স্‌ বহির্গত হয়। প্রদাহা-বস্থায় অধিক স্বেদস্রাব বা তরল মল নির্গত হইতে থাকিলে তাহা সহসা নিবারণ করা কর্ত্তব্য নহে, কারণ ঐরূপ হইয়া প্রদাহের শান্তি হইতে পারে; কিন্তু যদি উহা দ্বারা রোগী অত্যন্ত অবসন্ন হইয়া পড়ে, তবে তাহা নিবারণ করা কর্ত্তব্য। প্রদাহ দমনার্থ বিবিধ প্রকার স্থানিক ঔষধ প্রয়োজিত হইয়া থাকে। শীতল জল, বরফ, ইভাপোরেটীং লোশন—১১৮, ১১৯, ১২০। উত্তপ্ত ফ্লানেল দ্বারা বা অন্যরূপ ফোমেণ্টেসন ইত্যাদি। রোগ পুরাতন হইলে ব্লিষ্টার, টিং আইয়োডিন ও বিবিধ উত্তেজক মর্দ্দন ব্যবস্থেয়। বাতের প্রদাহে সেবনার্থ স্যালিসিন, স্যালিসিলিক এসিড বা স্যালিসিলেট অব্‌ সোডা প্রয়োজ্য। মস্তিষ্ক প্রদাহে বেলে-ডোনা। প্রলাপ ও উত্তাপাধিক্যে ক্লোরাল। চক্ষু, কর্ণ ও নাসি-কার পূয-ক্ষরণযুক্ত প্রদাহে পলসেটিলা।

যে সকল প্রদাহে পূযোৎপত্তি হয়, তাহাতে ও শ্লৈষ্মিক ঝিল্লীর প্রদাহে মার্করী বিশেষ উপকারী নহে। অন্যান্য প্রকার প্রদাহেও ইহা বিশেষ সাবধানতা সহকারে ব্যবহার করিবে। প্রদাহের সার্ব্বাঙ্গিক চিকিৎসা—কোষ্ঠবদ্ধ থাকিলে, বিরেচক; জ্বরাদি থাকিলে মূত্রকারক ও স্বেদজনক ঔষধ। ক্যালোমেল ও ডোভর্স পাউডর। পুরাতন প্রদাহে আইয়োডাইড্‌ অব্‌ পটাসিয়ম, সার্সা-প্যারিলা, ও কড্‌লিভর অয়েল ইত্যাদি।

বয়েল—বিষ ফোড়া।—ক্ষুদ্র, শক্ত ও অত্যন্ত বেদনা-ন্বিত স্ফোটক। প্রকৃত চর্ম্ম ও তৎসন্নিহিত যোজক তন্তুতে প্রদাহ হইয়া উৎপন্ন হয়। পূযোৎপত্তি ও ক্ষত হওত রোগারোগ্য হইয়া থাকে। বেলেডোনা ও গ্লিসিরীণ অথবা অহিফেন বা কোকেইন

বেদনা-হরণার্থ স্থানিক প্রয়োজ্য স্পিরিট ক্যাম্ফর, রোগের প্রারম্ভে তুলী দ্বারা অর্দ্ধ মিনিট লাগাইবে, চর্ম্ম শুষ্ক হইলে কর্পূর মিশ্রিত তৈল সংলগ্ন করিবে ; কয়েকবার প্রয়োগ করিলেই বিস্ফোটক বসিয়া যায় কলোডিয়ন ; গ্লিষ্টার সলফাইড্ অব্ ক্যাল-সিয়ম—১/৬ হইতে ১/২ গ্রেণ মাত্রায় ক্ষীরশর্করা সহ ২৩ ঘণ্টান্তর প্রয়োগে শীঘ্র শীঘ্র পূযোৎপত্তি বা উহা নিবারিত হয় ও আর নূতন স্ফোটক বাহির হয় না স্থানিক ওয়ার্ম ওয়াটর ড্রেসিং, পুল্টিস পূয বাহির হইয়া গেলে বোরাসিক বা বেঞ্জিন অয়েণ্টমেণ্ট বা কার্ব্বলিক্ অয়েল অন্ত্র পরিষ্কার করণার্থ বিরে-চক পুষ্টিকর খাদ্য বলকারক ঔষধ—কুইনাইন ও মিনারেল এসিড প্রভৃতি, ১৬৭, ১৯৩, ১৯৪ রোগের প্রারম্ভে এম্প্লাষ্ট্রম ওপিয়াই বা টিং আইয়োডিন, অথবা ষ্ট্রং কষ্টিক লোশন বা সিট্রিন অয়েণ্টমেণ্ট বা ওলিয়েট মার্করী লাগাইবে পৌনঃপুনিকতা নিবা-রণার্থ আর্সেনিক কর্ণাভ্যন্তরস্থ বিষ ফোড়ায় ফার্ম্মাকোপিয়ার করো-সিভ সব্লিমেট সলিউসন কয়েক ফোঁটা দিয়া কর্ণ ছিদ্রে তুলা দিয়া রাখিলে উপকার হয়।

হর্ডিয়োলম্—আঞ্জনী।—ফোমেণ্টেশন, ওয়াটর ড্রেসিং টিং আইয়োডিন, কষ্টিক লোশন বিরেচক, কুইনাইন ও বার্ক টিং অব্ ষ্টীল টিং পলসেটিলা ১/৪—১ মিনিম মাত্রায় পুনঃ পুনঃ হইতে থাকিলে সলফর ব্যবহার্য্য প্রথমাবস্থায় চক্ষের পাতার লোম উৎপাটন করিয়া সূচীর অগ্রে কার্ব্বলিক্ এসিড সংলগ্ন করত স্থানিক প্রয়োগে উপকার হয় ইয়েলো অক্সাইড অব্ মার্করীর ক্ষীণ মলম প্রয়োগ উপকারী রেড অক্সাইড অব্ মার্করী ও কোকেইন ১ গ্রেণ, ভ্যাসিলিন ২ ড্রাম

কার্বঙ্কল—পচনশীল বিস্ফোটক।

চর্ম্মের কতক অংশ ও তৎসন্নিহিত তন্তুর এক প্রকার প্রদাহ রোগ, ইহাতে অসুস্থ রসাদি স্রাব হইয়া উক্ত তন্তু আদির অভ্যন্তরে সঞ্চিত হয়।

লক্ষণ। চাপ্টা ও গোলাকার স্ফীততা, দব্‌দবে বা অতীক্ষ্ণ কন্‌কনে বেদনা, পূযোৎপত্তি, সবক্ত পূযস্রাব, যোজক তন্তুর পচন, রক্তের অবিশুদ্ধাবস্থা, সার্ব্বাঙ্গিক উপদ্রব, অবসন্নতা, পূযাত্মক রক্ত (পাইমিয়া) রোগোৎপত্তির আশঙ্কা।

চিকিৎসা। বেলেডোনা ও গ্লীসিরীণ, বেদনানিবারণার্থ স্থানিক প্রয়োজ্য। আর্ণিকা, স্থানিক ও আভ্যন্তরিক কার্ব্বলিক এসিড, গ্লীসিরীণ বা তৈল সহ বা ধাবনরূপে সলফাইড অব্ ক্যালসিয়ম ,১/৮ গ্রেণ মাত্রায় ১২ বা ৩ ঘণ্টান্তর সেব্য লিন্‌সিড পুলটীস ওয়াটার ড্রেসিং, বেদনা নিবারক ফোমেণ্টেসন অথবা কোকেইন বা ক্লোরাল লোশন শটিত অংশের উপর ইথর স্প্রে দিলে উহা সত্বর বিদূরিত হয় কষ্টিক লোশন ও আইয়োডিন্ লিনিমেণ্ট বা অঙ্গুয়েঃ হাইড্রার্জ্জ স্থানিক দিবে পূয হইলে ক্রসিয়াণ অর্থাৎ লম্বালম্বি ভাবে দুই বার কাটিবে শটিত অংশ বিদূরিত হইলে উত্তেজক ধৌত দিবে—২৫ উত্তেজক তৈল- ২৮ আইয়োডোফর্ম্ম বা টর্পেণ্টাইন অয়েণ্টমেণ্ট সার্ব্বাঙ্গিক চিকিৎসার জন্য পডোফিলিন বটিকা—৩৪। সোডি সলফাস্ ও ট্যারাকসেকম -৩৩৯। ম্যাগ্‌না সলফ্, ৩৩১। ক্যাষ্টর অয়েল। সিড্‌লীজ পাউডর। ক্লোরেট অব্ পটাশ ও টিং পারক্লোরাইড অব্ আয়রণ—১৮৯। মিনারেল এসিডস্ ও বার্ক, ১৭০, ১৯৩। এমোনিয়া

ও বার্ক—১৮৩, ১৮৪ কুইনাইন ও আয়রণ—১৭২, ১৭৪ ১৭৬, ১৭৭ সহজ পাচ্য খাদ্য কিস, দুগ্ধ, ডিম্ব, মাংসের কাথ আব-শ্যক মত উত্তেজক ও মদিরা প্রযোজ্য বেদনা নিবারণার্থ ওপি-য়ম ৮৮, ৮৯, ৯৮, ১৪১ মুখমণ্ডলস্থ পীড়ায় বেদনা উপশমনার্থ বিউটিল ক্লোরাল হাইড্রেট সেব্য

ক্যান্সার কর্কট রোগ।

রক্তের এক প্রকার বিশেষ অবিশুদ্ধাবস্থা হইতে এই রোগ কর্কটাকার অর্ব্বুদরূপে উৎপন্ন হয় রক্তে এক প্রকার অবিশুদ্ধ পদার্থ সঞ্চিত হওয়ায় ইহার বর্দ্ধন হইতে থাকে ইহা একটী সার্ব্বাঙ্গিক রোগ কেহ কেহ বলেন যে, ইহা প্রথমে স্থানিক, অবশেষে সার্ব্বাঙ্গিক হইয়া পড়ে কিন্তু এতৎসম্বন্ধে অনেক মত ভেদ দৃষ্ট হয়। সাধারণতঃ এই রোগ তিন ভাগে বিভক্ত যথা ১ম,—কঠিন কর্কটিকা বা স্কিরস্ বা হার্ড ক্যান্সার ২য়—কোমল অর্থাৎ মিডুলারি বা সফ্ট্ ক্যান্সার ৩য় ইপিথিলি-য়েল ক্যান্সার

লক্ষণ।—অর্ব্বুদ হস্ত দ্বারা নাড়িতে পারা যায়; ইহা দ্বারা প্রকৃত বিধান-বিকার জন্মে, পার্শ্ববর্ত্তী স্থান সমূহ আক্রান্ত হয়, ক্রমশঃ আচূষক গ্রন্থি ও নাড়ী এবং অবশেষে সমস্ত দেহ এতদ্দ্বারা আক্রান্ত হইয়া থাকে কর্কটিকার্ব্বুদ ক্রমশঃ কোমল ও উহার বিধান বিশ্লেষ সমুপস্থিত হয় চর্ম্ম বা শ্লৈষ্মিক ঝিল্লিতে ক্ষত; দুর্গন্ধি, গভীর ও প্রসারশীল ক্ষত, দুর্গন্ধ ও উগ্র ক্ষত-স্রাব, রক্তক্ষরণ, দুর্ব্বলতা ও অবসন্নতার ক্রমিক বৃদ্ধি, বিবমিষা

ও বমন, উদরাময়, সম্পূর্ণ গতিশক্তিবিহীনতা ও অবসন্নতা এবং অবশেষে মৃত্যু। কর্কটিক ধাতুপ্রকৃতির লক্ষণ অর্থাৎ—চর্ম্মের বর্ণ মলিন পীত, মুখাকৃতি আকুঞ্চিত, সার্ব্বাঙ্গিক ক্ষয় ও দৌর্ব্বল্য, বল ও কার্য্যদক্ষতার সম্পূর্ণ হানি, মানসিক উগ্রতা প্রভৃতি ইহাতে বেদনা ও যন্ত্রণাতিশয্য বর্ত্তমান থাকে

এই রোগের অর্ব্বুদে এক প্রকার বিশেষ কোষ জন্মে, তাহাকে ক্যান্সার সেল বা কর্কটিক কোষ বলে নিঃস্রাবক গ্রন্থিকোষের সহিত ইহাদের অনেক সৌসাদৃশ্য আছে

চিকিৎসা। ক্লোরাল হাইড্রেট ১০ গ্রেণ মাত্রায় দিবসে তিনবার সেবন করিলে অত্যন্ত প্রবল বেদনাও উপশমিত হয় ক্লোরোফর্মের বাষ্প স্থানিক প্রয়োগ, ইহাতে বেদনার শান্তি হইতে পারে আইওডোফর্ম স্থানিক ব্যবহার্য্য গ্লিসিরিণ অব্ ট্যানিন ও কার্ব্বলিক এসিড। আর্সেনিক ১৬৮, ১৮৯, ১৯১, ৪১১ আর্সিনিসাই আয়োডিডম ½, হইতে ½ গ্রেণ দিনে দুইবার, আহারের দুই ঘণ্টা পরে সেব্য বেলেডোনা—৯৫, ১০১ ১৬৪, ৪০৫ ফেরি এমোনিয়ো ক্লোরাইডম ৪ হইতে ১০ গ্রেণ ফেরি পারঅক্সাইড, ফেরি সল্ফাস—১৮৭ হাইড্রার্জ করোসিব সব্লিমেট ৩৭৮, ৪০২। আইয়োডিন—১৭৫, অথবা কোনায়ম বা ওপিয়মের সঙ্গে ওপিয়ম ৮৮, ১৩৩, ১৩৪ স্থানিক—এন্টিমোনিয়াই টারটারাইডম্ আর্সেনিক—৮৪ বেলেডোনা ১২১ কার্ব্বলিক এসিড ২৮ বাম্বানিক এসিড গ্যাস সিরেভাইসী ফার্মেণ্টম লাইকর ক্লোরাই। ক্রোমিক এসিড; কোনিয়ম—১২৫, ১২৩ কোনিয়ম পুল-টিস। ফেরি আর্সিনিয়াস; হিমেটক্সিলমের সার হাইড্রার্জ

আইয়োডিডম্ কত্রমের মলম। অঙ্গুয়েঃ হাইড্রার্জ। আইয়োডিন ২৬ প্লম্বাই ক্লোরাইডম ভায়েনা পেষ্ট [কুইক লাইম ও পটাশী কম্‌ক্যালসী সমভাগে] ক্লোরাইড্ অব্ ব্রোমিয়ম। জিঙ্কাই ক্লোরাইডম্। হাইড্রাষ্টিস্ ক্যানাডেন্সিস্ স্থানিক ও আভ্যন্তরিক প্রয়োগ সুফলপ্রদ।

স্ক্রফিউলা ও টুবর্‌কিউলোসিস্।

রক্তের একপ্রকার পীড়া শরীরের বিশেষ বিশেষ বিধানে গুটিকা সঞ্চিত হয় গণ্ডমালা, ক্ষয়রোগ, গুটিক মস্তিষ্কোদক ও অন্ত্রচ্ছদ প্রদাহ এবং অন্ত্রযোজকাভ্যন্তরস্থ গ্রন্থির ক্ষয় রোগ (টেবিস মেসেণ্টেরিকা) পূর্ব্বোক্ত কারণে সমুদ্ভূত হয় এই রোগে রক্তের কীদৃশ পরিবর্ত্তন হয়, তাহা অদ্যাপি স্থিরীকৃত হয় নাই; সম্ভবতঃ গাঢ় অপেক্ষা তরল পদার্থের আধিক্য হয় এবং বিশেষতঃ রক্তাণু কমিয়া যায় কৈশিক রক্তাধারে তরলাকার এক প্রকার গুটিকা বা দানা দানা পদার্থ সঞ্চিত হয়, তৎপরে উহা ঘনীভূত হইয়া থাকে বিবিধ যান্ত্রিক তন্তুতে ইহা সন্নিবেশিত হয় সচরাচর ফুসফুসে ইহা অধিক দৃষ্ট হয়

লক্ষণ অজীর্ণ, শর্করা ও মেদ পদার্থ সমীকরণে কষ্ট, অম্ল উদ্গার, বুকজ্বালা, উদরাধ্মান, দেহের পাণ্ডুরতা ও শৈত্যানুভব, কিন্তু তাপমান দ্বারা দেখিলে দৈহিক উত্তাপ বর্দ্ধিত হইয়াছে দেখা যায় উদর স্ফীতি, মুখমণ্ডল অল্প স্ফীত, তৎসঙ্গে ওষ্ঠাধর ও নাসিকা স্ফীত দেখায়। বুদ্ধিবৃত্তি আদি উত্তমরূপে পরিবর্দ্ধিত হয়। রক্তপ্রধান ধাতুপ্রকৃতি, কর্ণকুহর হইতে

পূযক্ষরণ, মস্তকে সজলোদ্ভেদ গ্রীবা ও তালুপার্শ্ব গ্রন্থির বিবৃদ্ধি, পদ ও কক্ষদেশ হইতে দুর্গন্ধি স্বেদস্রাব, নাড়ী দ্রুত ও দুর্ব্বল, সার্ব্বাঙ্গিক দৌর্ব্বল্য, দৈহিক তাপের হ্রাস, সামান্য প্রকার জ্বরের প্রবণতা। যে যন্ত্র আক্রান্ত হয়, তাহার বিশেষ বিশেষ লক্ষণ প্রকাশ পায়। জীবনের সকল সময়েই এই রোগ সম্ভূত হইতে পারে। কিন্তু সাধারণতঃ ৩ ১৫ বৎসর ও ১৮ হইতে ৪০ বৎসর বয়ঃক্রমের মধ্যেই অধিক হয় যে কোন কারণে রক্তের অসুস্থতা সম্পাদিত হয়, তাহাতেই এই রোগ জন্মিতে পারে বক্ষের স্বাভাবিক বিকৃতি, ফুসফুস বিধানের অপকর্ষ, পরিপোষণের ব্যাঘাত ও অপরিমিত রতিক্রিয়াও এই রোগের কারণ

গণ্ডমালাজনিত স্ফোটকাদি, যোজক তন্তুতে অজ্ঞাতসারে সমুৎপন্ন হয় কখন কখন ইহা পাকে ও কখন না পাকিয়া বহুকাল স্থায়ী হয় কোন কোন সময় ইহাতে ক্ষত হইয়া নিকট-বর্ত্তী স্থানসমূহে প্রসারিত হইয়া পড়ে ইহার ক্ষত সাধারণতঃ গ্রীবা, স্কন্ধ, বাহু বা কুঁচকিতে দৃষ্ট হয় এই ক্ষত সহজে বা সম্পূর্ণ রূপে আরোগ্য হয় না।

চিকিৎসা আর্সেনিক দ্বারা বর্দ্ধিত শরীরোষ্ণতা হ্রসিত হয় ও ইহা পরিবর্ত্তক হইয়া উপকার করে ক্লোরাইড অব্ ক্যাল্সিয়ম্, ১০ হইতে ২০ গ্রেণ মাত্রায়, দুগ্ধ সহ, তাহাহারে সেবন করিলে গ্রীবার গ্রন্থিবিবর্দ্ধন ও প্রাচীন উদরাময় উপ-শমিত হয়। ফস্ফেট অব্ লাইম সেবনে ক্ষত আরোগ্য হইতে পারে। সল্ফাইড অব্ ক্যাল্সিয়ম $\frac{1}{10}$ $\frac{1}{8}$ গ্রেণ মাত্রায় ২।৩ ঘণ্টান্তর সেবন করিলে গণ্ডমালীয় ক্ষত ও স্ফোটকাদি উপ-

শমিত হয়। কড্‌লিভর অয়েল—১৯২, ৪১০ আইয়োডিন ১৭৫, আইয়োডাইড্‌ অব্ পটাসিয়ম, ১৯২, ৩৯৯ ৪০৬ আইয়োডাইড্‌ অব্ এমোনিয়ম আইয়োডাইড অব্ আয়রণ—১৮১, ১৮২, ১৯৯, ৪০৩ কুইনাইন ও আয়রণ, ১৭২, ১৭৪, ১৭৬, ২০১, ২০৮। আর্সিনিক ও আয়রণ ১৮৯ ক্লোরেট অব্ পটাশ ও আয়রণ—১৮৯। ক্লোরেট অব্ পটাশ ও সিনকোনা এসিড ফস্ফ ডিল

সামুদ্রিক বায়ুসেবন, সমুদ্রের জলে স্নান, উৎকৃষ্ট ও পুষ্টিকারক দ্রব্য আহার যথা দুগ্ধ, দুগ্ধ ও লাইম ওয়াটর, ডিম্ব, মাংস প্রভৃতি বিশুদ্ধ বায়ুপূর্ণ স্থানে বাস বায়ু পরিবর্ত্তন প্রত্যহ নিয়মিত ব্যায়াম ক্যালিবিয়েট ওয়াটর পান বিশেষ উপকারী সাধারণ স্বাস্থ্য যাহাতে উন্নত হয়, তদ্বিষয়ে যত্ন করা কর্ত্তব্য ব্লিষ্টার, আইয়োডিন পেণ্ট, পুল্‌টিস ও কার্ব্বলিক এসিড প্রভৃতি বর্দ্ধিত গ্রন্থিতে স্থানিক ব্যবহার্য্য হাইপোফস্ফেট অব্ লাইম বা সোডা সেবনে বিশেষ উপকার হয়

ল্যুপস।

ইহা এক প্রকার বিনষ্টকর চর্ম্ম রোগ পীড়ার প্রারম্ভে এক বা অধিক কোমল ও অল্প লাল গুটিকা উৎপন্ন হয়; পরে উহার উপর মামড়ী পড়ে ইহার ক্ষত শুষ্ক হইয়া গেলে ক্ষতচিহ্ন বর্ত্তমান থাকে ইহা প্রায় মুখমণ্ডলেই হয় তরুণ ও প্রৌঢ় বয়সেই অধিক হইতে দেখা যায় এবং পুরুষ অপেক্ষা স্ত্রীলোকদেরই অধিক হয় এই রোগ দ্বিবিধ—১ম প্রকারে ক্ষত

অল্প বা আদৌ থাকে না, তথাচ রোগারোগ্যের পর গভীর ক্ষতচিহ্ন থাকিয়া যায়। ২য় প্রকারে ক্ষত হয়, সাধারণতঃ উহা দ্বারা নাসিকার বাহ্য অংশ আক্রান্ত হয়। এতদ্দ্বারা আক্রান্ত অংশ বিধ্বংসিত হয়, এমন কি কখন কখন সমস্ত নাক খসিয়া পড়ে।

চিকিৎসা—শরীরের বলবৃদ্ধিকরণার্থ পুষ্টিকর খাদ্য, কডলিভর অয়েল, কুইনাইন ও আয়রণ, ফস্ফেট অব্ আয়রণ ও লাইম, আর্সেনিক; ডনোভান্স সলিউসন। আইয়োডাইড অব্ পটাসিয়ম ও সার্জা, রেড্ আইয়োডাইড্ অব্ মার্করী, গ্রীণ আইয়োডাইড অব্ মার্করী, আইয়োডাইড্ অব্ আয়রণ। আইয়োডিন গ্লীসিরিণ সহ।

স্থানিক—অগ্নিদাহন; প্রবল কষ্টিক্—ক্লোরাইড অব্ জিঙ্ক, নাইট্রিক এসিড, ক্রমিক এসিড, কার্ব্বলিক এসিড, এসিড সলিউসন অব্ নাইট্রেট অব্ মার্করী, ক্রিয়েজোট, স্যালিসিলিক এসিড, ইত্যাদি। কষ্টিক দ্বারা দগ্ধ করিয়া উত্তেজক লোসন বা কার্ব্বলিক এসিড ও গ্লিসিরিণ স্থানিক প্রয়োগ করিবে। আইওডাইড অব্ সলফর, চালমুগরার তৈল। আইয়োডোফর্ম।

লেপ্রসী—মহাকুষ্ঠ।

রক্ত অবিশুদ্ধ হইয়া এই রোগ জন্মে। রোগ প্রকাশের পূর্ব্বে সার্ব্বাঙ্গিক স্বাস্থ্যের অপকর্ষ উৎপাদিত হয়। তৎপরে উদ্ভেদ বাহির ও চর্ম্ম বিবর্ণ হয়। এই রোগ দ্বিবিধ—এক প্রকারে স্পর্শবোধ নষ্ট হয়, তাহাকে য়্যানিস্থিটিক লেপ্রসী; ও

অপর প্রকারে চর্ম্মে গুটিকা বা ক্ষুদ্রার্ব্বুদ জন্মে বলিয়া তাহাকে ট্যুবরকিউলেটেড লেপ্রসী বলে প্রথম প্রকারে স্নায়ু ও স্নায়ুকেন্দ্র ও দ্বিতীয় প্রকারে চর্ম্ম ও শ্লৈষ্মিক ঝিল্লি আক্রান্ত হয় ইহারা স্বতন্ত্র ভাবে বা একত্রে অবস্থিতি করিতে পারে প্রথমে চর্ম্ম ফুলিয়া উঠে এবং উহা কর্কশ হয়, তৎসঙ্গে অল্পাধিক জ্বর থাকে উদ্ভেদ সকল, অর্ব্বুদ বা গুটিকার ন্যায় হয় ও তাহাতে ক্ষত জন্মে এই ক্ষত পচিয়া হস্তপদের অঙ্গুলি আদি পড়িয়া যায় নাকের চর্ম্ম পুরু হয় আক্রান্ত স্থান সকল মোটা অর্থাৎ স্ফীত হয় নাসাগ, ওষ্ঠাধর, কপোল ও কর্ণের বাহ্যাংশ স্ফীত ও বিবর্ণ হইয়া থাকে নখ বিবর্ণ ও সশব্দ, কক্ষ ও বঙ্ক্ষণদেশস্থ গ্রন্থিসমূহ স্ফীত হয় গাত্রজ্বালা ও দেহ হইতে একরূপ তৈলাক্ত স্বেদ নিঃসৃত হয়। হস্তপদ সকল স্ফীত, কুঞ্চিত ও অকর্ম্মণ্য হয় এবং অণ্ডকোষ শুষ্ক হয় অঙ্গাদি এরূপ অসাড় হইয়া পড়ে যে, উত্তপ্ত লৌহশলাকা ধরিলেও রোগী কিছু বুঝিতে পারে না কাহার কাহার অল্প বেদনা থাকে

চিকিৎসা।—গর্জন তৈল ও চূণের জল সমভাগে স্থানিক প্রয়োজ্য গর্জন তৈল, ৫ ১০ মিনিম মাত্রায় চূণের জল সহ আভ্যন্তরিক সেবনেও উপকার দর্শে

এই রোগ প্রায়ই আরোগ্য হয় না তবে ঔষধ ব্যবহারে রোগের বৃদ্ধি স্থগিত অথবা প্রথমাবস্থা হইতে রীতিমত চিকিৎসা করিলে কেহ কেহ আরোগ্য হইতে পারে ব্যায়াম এবং উচ্চভূমি ও পার্ব্বত্য প্রদেশে বায়ুপরিবর্ত্তন জন্য গমন করা উচিত পুষ্টিকর অথচ সহজে পরিপাক হয়, এরূপ পথ্য দেওয়া কর্ত্তব্য। আর্সি-

নিক, সল্‌ফর ও আইয়োডিন বাথ ঔষধের মধ্যে কড্‌লিভর অয়েল, কুইনাইন ও ষ্টীল এবং আর্সিনিক ও আইয়োডিন, ষ্ট্রীক-নিয়া, বিরেচক। তিক্ত বলকারক ও ফসফেট ঔষধাদি। পারদ-ঘটিত ঔষধ এককালে ব্যবহার করিবে না হাইড্রক্টাইল এসিয়াটীকা অর্থাৎ থলকুড়ীর পত্র সেবনেও কাহার কাহার উপকার দর্শিতে দেখা যায় কার্ব্বলিক এসিড তৈলের সঙ্গে স্থানিক ব্যবহারে কিছু কিছু উপকার হয় কার্ব্বলিক এসিড আভ্যন্তরিকও ব্যবহার হইতে পারে কেহ কেহ নাইট্রিক এসিড কেহ বা সাইট্রিক এসিডের বিশেষ প্রশংসা করেন। স্পর্শলোপ সংযুক্ত কুষ্ঠরোগে লাল চিত্রের (প্লোম্বেগো রোজিয়া) অরিষ্ট ১ ড্রাম মাত্রায় দিবসে দুই তিন বার ফলপ্রদ

রিকেট্‌স্‌—অস্থিকোমলতা।

এই পীড়া বাল্যকালে হয় পূর্ণবয়স্কদের ঈদৃশ রোগকে অষ্টিয়ো মালেসিয়া বলে ১৫ বা ১৮ মাস বয়সের সময় যখন শিশু হাঁটিতে আরম্ভ করে, তখনই এই রোগ প্রকাশিত হয়। অস্থি সকল বর্দ্ধিত হইতে থাকে; কিন্তু উহা কোমল ও নম-নীয় হয়। অস্থিবিধান দেখিতে সুস্থ বোধ হয়; কিন্তু উহাতে পার্থিব পদার্থের সম্যক্‌ পরিমাণের অভাব জন্মে দুঃখী লোক-দের গণ্ডমালা ধাতুপ্রকৃতিক শিশুগণই এই রোগে অধিক আক্রান্ত হয়।

লক্ষণ।—মস্তক সচরাচর বড়, কপাল উন্নত, তালুপার্শ্ব-গ্রন্থি দীর্ঘ, মুখাকৃতি বিশেষ প্রকার আকৃতিবিশিষ্ট, বক্ষঃ অপ্রশস্ত

ও উহার মধ্যস্থ অস্থি উন্নত দেখায় পৃষ্ঠবংশের বক্রতা ; অঙ্গের, বিশেষতঃ অধঃশাখার অস্থির বক্রতা ; দেহ বর্দ্ধনের ব্যাঘাত এবং ব্রহ্মতালু বিলম্বে ও ক্রমশঃ অবরুদ্ধ হয় বস্তিগহ্বরের বিকৃতি হওয়ায় স্ত্রীলোকদের প্রসবের সময় বিশেষ ক্লেশ হয়। এই রোগের বিশেষ লক্ষণ এই যে, শিশু নিদ্রিতাবস্থায় গাত্রাবরণ রাখে না, বালিশে মাথা রাখে না নিদ্রিতাবস্থায় মুখমণ্ডলে, গলদেশে; মস্তকে ও বক্ষে প্রচুর পরিমাণে ঘর্ম্ম হইয়া থাকে উদর ও নিম্নশাখা অতিশয় শুষ্ক থাকে যৌবনাবস্থার পর অস্থি সকল দৃঢ় হয়

চিকিৎসা এই রোগ প্রায়ই বালকদিগের হইয়া থাকে ; যে সকল বালকের এই রোগ হওয়ার আশঙ্কা থাকে, তাহাদিগের নবম বা দশম মাস বয়ঃক্রম হইলেই লেবিগের বা প্যারিসের কেমিক্যাল ফুড দিবে পরিষ্কার পরিচ্ছন্নতার প্রতি বিশেষ দৃষ্টিপাত করা কর্ত্তব্য আনুষঙ্গিক কোন রোগের লক্ষণ প্রকাশিত হইবামাত্রই তৎপ্রতিকারার্থ যত্ন করিবে সার্ব্বাঙ্গিক শক্তি বর্দ্ধনার্থ লৌহঘটিত ঔষধ ধাতব অম্ল, নক্স, তিক্ত বলকারক, ফসফেটস প্রভৃতি ঔষধ ব্যবহার্য্য, তৎসঙ্গে কুইনাইন মিশ্রিত করিয়া দিলে অনেক সময় বিশেষ উপকার হয় কডলিভার অয়েল দুগ্ধ সহজে পরিপাক না পাইলে চূণের জলের সঙ্গে দিবে মাংসের ঝোল সিরাপ ফেরি ফসফেট, ফস্ফেট অব্ আয়রণ ; ফস্ফেট অব্ লাইম, সোডা ও পটাস হাইপোফসফেট অব্ লাইম রেচনার্থ রিউবার্ব্ব, সিরপ অব্ সেনা, বা ক্যাষ্টর অয়েল পদদ্বয় বক্র না হইতে পারে, তজ্জন্য বিবিধ প্রকার স্প্লিন্ট ব্যবহার করিবে বাসস্থান বিশুদ্ধ বায়ুপূর্ণ হওয়া উচিত।

স্তন্যপায়ী শিশুর প্রসূতিকে ফস্ফেট অব্ লাইম সেবন করাইলে শিশুর উপকার হয় এই রোগে লবণ জলে স্নান বিশেষ উপকারী।

স্কর্ভি—শীতাদ।

এক প্রকার বিমিশ্রিত অস্বাস্থ্যাবস্থা অধিক দিবস তরুণ উদ্ভিজ্জ আহার না করিলে সমুৎপন্ন হয়

লক্ষণ —মুখাকৃতি পাণ্ডুর-ধূম্রবর্ণ, সার্ব্বাঙ্গিক চর্ম্মও সাধারণতঃ তদ্রূপ ; মাড়ি স্ফীত, সচ্ছিদ্র, ফেকাশে বা নীলিম ; শ্বাস দুর্গন্ধ ; দৌর্ব্বল্য, বাত্রান্ধতা ; বধিরতা , শ্বাসকৃচ্ছ্র। মাড়ি পচিয়া যায় ও দন্ত শিথিল হয় মাড়ি, নাক, মুখ, পাকাশয় ও অন্ত্র হইতে রক্তস্রাব হয় বিস্তীর্ণ কালশিরা, পদস্ফীতি, পদের অনম্যতা, ঔদাস্য, কার্য্যাক্ষমতা, উদরাময়, রক্তামাশয়, উদরী ও অবসন্নতা প্রভৃতি লক্ষণও ক্রমশঃ প্রাদুর্ভূত হয়

চিকিৎসা।—ডাং কুক বলেন যে, এট্রপিয়ার হাইপোডার্মিক ইনজেক্‌সন বা অধস্ত্বাচ প্রক্ষেপ দ্বারা এই রোগ আরোগ্য হয় লিমন জুস (লেবুর রস), কমলালেবু ও তরুণ উদ্ভিজ্জ দ্রব্য ; এই কয়েকটী দ্রব্য রীতিমত সেবন করিলে শীতাদ রোগ উৎপন্ন হইতে পারে না রক্তস্রাব রোধার্থ গ্যালিক এসিড, আর্গট, টিংচর অব্ পারক্লোরাইড অব্ আয়রণ, ২১৮, ১৭১। রেচনার্থ—লিকুইড এক্‌স্ট্রাক্ট অব্ বেল বা ক্যাস্কেরা এসিড সল্‌ফিউরিক ডিল মাড়ির কাঠিন্য সম্পাদনার্থ নাইট্রেট অব্ সিল্‌ভর স্থানিক প্রযোজ্য। সংকোচক কবল—২৫৫, ২৫৭, ২৫৮।

ট্যানিক এসিড লোজেঞ্জ যথেষ্ট পরিমাণে দুগ্ধ, কাঁচা ডিম্ব, মাংসের ঝোল, গোল আলু, কপি, পেপে, পিয়াজ প্রভৃতি। প্রুস্-বিয়ার, এল্, সেরী ও সাইডর প্রভৃতি আসব। সাইট্রেট্ অব্ পটাশ, ক্রিম অব্ টার্টর। লেমন কার্ব্ব, আর্সেনিক। ফেরি আর্সি-নিয়াস অস্থিরতা নিবারণার্থ ওপিয়ম কুইনাইন ও আয়রণ সেবনে পীড়া সত্বর আরোগ্য হয়। মাব্, সিনকোনা ও চার্কোল।

পার্প্যুরা।

রক্তের ও কৈশিক শিরার অসুস্থাবস্থা হইতে এই রোগ উৎপন্ন হয় ইহাতে রক্ত হইতে রঞ্জাণু বিশ্লিষ্ট হইয়া পড়ে এবং চর্ম্মের উপর কালশিরার মত দাগ হয়

লক্ষণ।—আলস্য, দুর্ব্বলতা, মুখাকৃতির বর্ণ পাণ্ডু বা ধূম্র-বৎ, নাসারক্তস্রাব, প্রকাশয়োপরি বেদনা, খাদ্যদ্রব্যে লালসা, হৃৎবেপন, শিরোঘূর্ণন, কোষ্ঠবদ্ধ। রক্ত ক্ষরিত হইয়া বিবিধ তন্তুতে জমে। চর্ম্মোপরি ক্ষুদ্র ক্ষুদ্র রক্তপূর্ণ দাগ বা পীড়কা দৃষ্ট হয়। বড় বড় কালশিরা চিহ্ন, প্লীহার বিবৃদ্ধি ও কোমলতা রক্তের অবিশুদ্ধতা জন্য গাত্রে এক প্রকার ফোটোৎপত্তি হয় ও তাহা রক্ত-পূর্ণ বোধ হয়

চিকিৎসা।—সলফেট অব্ সোডা ও সলফিউরিক এসিড ক্যাষ্টর অয়েল সলফেট অব্ সোডা ও ট্যারাক্সেকম, ৩৩৯। কুইনাইন ও আয়রণ, ১৭২, ১৭৪, ১৭৬। কুইনাইন ও মিনারেল এসিড, ১৬৭, ১৯৩, ১৯৪। কুইনাইন, ষ্টীল ও আর্সি-নিক ফসফেট অব্ আয়রণ আভ্যন্তরিক রক্তস্রাব হইলে

অয়েল অব্ টর্পেণ্টাইন, ২১৭ ; গ্যালিক এসিড ও সলফিউরিক এসিড, ২১৮ আর্গট বিশেষ উপকারী। পুষ্টিকারক খাদ্য টাট্‌কা ফল ও উদ্ভিজ্জ দ্রব্য এল ও অন্যান্যবিধ মদ্য এলম্ ব্রাণ্ডি সহ স্থানিক টিংচর স্যাবিসিস্। ডিজিটেলিস্ রক্ত-স্রাবে আর্গটিনের হাইপোডর্মিক পীচকারি হেজিলিন বা হামে-মেলিস সেব্য।

গইটার্ বা ব্রঙ্কোসিল।

বাঙ্গালায় ইহাকে গলগণ্ড বলে গ্রীবাদেশস্থ থাইরইড গ্রন্থি বিবৃদ্ধ হইলেই এই নামে আখ্যাত হয় যে স্থানের জলে চূণের ভাগ অধিক থাকে, তথায়ই এই রোগ অধিক হয়

লক্ষণ —সমস্ত গ্রন্থি বা উহার পার্শ্ব বা মধ্যভাগ স্ফীত হয় দক্ষিণ দিকের গ্রন্থিই প্রায় বর্দ্ধিত হয় রোগী গলদেশের বিকৃতি ব্যতীত অন্য কোন অসুখ অনুভব করে না কেহ কেহ গলার ধমনীতে দব্‌দব্ বোধ করে এবং কাহার কাহার হৃৎবেপন, মানসিক অবসন্নতা, অজীর্ণ ও রক্তাপকর্ষের অপরাপর লক্ষণ বিদ্য-মান থাকে শ্বাসকষ্ট ও গিলিতে (ভর্ব্বুদের চাপে) কষ্ট হয় আর্ত্তব-বিশৃঙ্খলা, অম্বরজঃ, প্রচুর শ্বেতপ্রদর। এক প্রকার রোগে যেন চক্ষুগোলক বাহিরে নিঃসৃত হইতেছে দেখায় তাহাকে এক্সপথ্যালমিক্ গইটার বলে হৃৎস্পন্দন ও গ্রন্থিতে নাড়ী-স্পন্দনের ন্যায় স্পন্দন হয়

চিকিৎসা —যে প্রকার রোগে চক্ষুগোলক বহির্মুখীন দেখায়, তাহাতে টিংচর বেলেডোনা ৫ ফোটা মাত্রায় এক এক

ঘণ্টান্তর প্রয়োগ করিলে উপকার দর্শে বেরিয়ম ক্লোরাইড ধামনিক রক্তের চাপ বৃদ্ধি করে। রক্তহীনতার জন্য তাম্রযোগ বা ক্যালিবিয়েট ওয়াটর্স ডিজিটেলিস্ ও ষ্ট্রোফান্থস্

এই রোগ স্থান বিশেষে অধিক হয় অতএব রোগীকে তৎস্থান পরিত্যাগ করিতে পরামর্শ দিবে আইয়োডাইড অব্ এমোনিয়ম ৫ গ্রেণ, ইনফিঃ সিনকোনা ১ আউন্স সেব্য, ইহা বাহ্যিকও ব্যবহার করা যাইতে পারে ব্রোমাইড অব্ পটাসিয়ম, ৪০৯; পটাশী আইয়োডিডম্ ৩৯৯, ৪০২ কডলিভার অয়েল। আইয়োডিন্ অয়েণ্টমেণ্ট ও টিংচার বাহ্যিক প্রয়োজ্য, সেবনার্থে প্রয়োগেও উপকার হয় আইয়োডাইড্ অব্ আয়রণ, ১৮১, ১৮২, ৪০৩। কুইনাইন ও আয়রণ রেড আইয়োডাইড্ অব্ মার্করী অয়েণ্টমেণ্ট আইয়োডাইড্ অব্ পটাসিয়ম অয়েণ্টমেণ্ট সেবনার্থ হাইড্রোফ্লুরিক এসিড ডিল (অর্দ্ধ পার্সেণ্ট সলিউসন) ৫—১০ মিনিম মাত্রায় প্রয়োজ্য ফস্ফেট অব্ সোডা অধিক মাত্রায় অধিক দিবস পর্য্যন্ত সেবনে গলগণ্ড ছোট হইয়া আইসে

ওবিসিটি—মেদরোগ।

চর্ম্মের নিম্নে ও কোন কোন অন্তঃকোষ্ঠের চারি দিকে অত্যধিক মেদ সঞ্চিত হয় তন্তুর মেদাপকৃষ্টতা ইহা হইতে স্বতন্ত্র পীড়া

লক্ষণ—যান্ত্রিক ক্রিয়াকলাপ সুশৃঙ্খলভাবে সম্পন্ন হইতে বাধা প্রাপ্ত হয় মানসিক ও শারীরিক শক্তি হ্রাস হয় শ্বাস প্রশ্বাস, রক্ত সঞ্চালন ও পরিপাক যন্ত্রের ক্রিয়া-

বিশৃঙ্খলা ঘটে অল্প শ্রমে শ্বাসরোধ, পরিমাণে ও গুণে রক্তের হীনতা জন্মে পৈশিক দুর্ব্বলতা, মুখাকৃতি পাণ্ডুর ও অল্প স্ফীত, বাত ও স্নায়ুশূল-প্রবণতা এই রোগে দীর্ঘ জীবন লাভ ঘটে না হঠাৎ মৃত্যু অসাধারণ নহে এই রোগের কারণের মধ্যে এই কয়েকটী প্রধান—যথা কৌলিক দেহ-প্রকৃতি, পরিমাণাধিক আহার, অধিক পরিমাণে [তরল পদার্থ সেবন; আলস্য ও অচরিষ্ণুতা, অত্যধিক নিদ্রা; মেদ, শস্য, শর্করা ও উদ্ভিজ্জাদি অতি অধিক পরিমাণে ভক্ষণ শরীরের মধ্যেই ভুক্ত দ্রব্যের মধ্য হইতে মেদ জন্মে

* চিকিৎসা —যে সকল দ্রব্য আহার করিলে অধিক পরিমাণে মেদ উৎপন্ন হয়, সে সকল দ্রব্য যত পরিহার করিতে পারা যায়, ততই ভাল চিনি, দুগ্ধ, ঘৃত, আলু, বিয়ার প্রভৃতি মদ্য সেবন নিষিদ্ধ কেবল মাংস ও টাট্‌কা উদ্ভিজ্জ সেবন উপকারী সোডা ব্রোমাইড্ পটাশ আইয়োডাইড থাইরইড এক্‌ষ্ট্রাক্ট যথোপযুক্ত ব্যায়াম মাটাতোলা দ্রুত ব্রোমাইড অব্ এমোনিয়ম, ৪২৭ স্পিরিট এমোনা হ্যারোমেটীক ও কার্ব্বনেট অব্ ম্যাগ্‌নিসিয়া ব্যায়াম সাত ঘণ্টার অধিককাল নিদ্রা যাইবে না বিরেচক ঔষধ লাইকর পটাশি সেবনে উপকার দর্শে আন্‌কেলিজ্ ও আল্‌কেলাইন ওয়াটার উদ্ভিজ্জাম্ল বিশেষ উপকারী

ইউরিমিয়া—মূত্রানুৎপত্তিজনিত বিকার।

রক্তে যুরিয়া সঞ্চিত হইলে এই রোগ উৎপন্ন হয় মূত্রগ্রন্থি দ্বারা যুরিয়া নিঃসৃত না হইলেই ইহা হয়

লক্ষণ মস্তিষ্ক ও কশেরুকা মজ্জার মধ্যে এক বা উভয়েরই ক্রিয়াবৈষম্য সমুপস্থিত হয় খেঁচুনী বা বিকম্প, অচৈতন্যাবস্থা, আগুলালিক মূত্ররোগ, মূত্রানুৎপত্তি

চিকিৎসা রক্তকে বিশুদ্ধ করিবার জন্য মৃদু রেচক ও ঘর্মকারক ঔষধ প্রয়োজ্য। স্বেদস্রাবকরণার্থ উষ্ণজলে স্নান, তৎ সঙ্গে চা, লিমনেড্, শীতল জল সেব্য ওয়েট সিট প্যাকিং জলে ভিনিগার মিশাইয়া তদ্দ্বারা স্পঞ্জিং বিরেচকের মধ্যে স্যালাইন পর্গেটিভস্, ৩৩১ এসাফেটিডা ও ক্যাষ্টর অয়েলের পিচকারী—৩৬০ ইলিটেরিয়ম, জেলাপ পডোফিলিন—৩৪৭, ৩৪৮ দুর্ব্বলতা থাকিলে লৌহঘটিত ঔষধ—১৯০, ১৯১ আর্সিনিক্ ব্যবহারে অনেক সময় উপকার হয় ডিজিটেলিস—৩৬৩ ডিজিটেলিস পত্রের পুলটীস এসিটেট অব্ পটাশ মষ্টার্ড পুলটীস উত্তেজক ঔষধ অল্প পরিমাণে দিবে আক্ষেপ উপস্থিত হইলে ক্লোরোফর্ম্ম, ক্লোরাল, ইথর ও এসাফেটিডা, ব্রোমাইড অব্ পটাসিয়ম—৯৮, ১৩০, ১৩৯, ৪২১, ৪২২, ৪২৪। টি ও কফি, অ্যারোরুট, ট্যাপিয়োকা ও শর্করা প্রভৃতি দিবে যবক্ষারজানবিশিষ্ট খাদ্য দ্রব্য অল্প পরিমাণে দিবে রোগী অচেতন অবস্থায় থাকিলে, উত্তেজক ও আক্ষেপনিবারক ঔষধ পীচকারি দ্বারা মলদ্বারে প্রবেশিত করিবে

ম্যাকোলিয়া—পিত্তস্রাবরোধজ বিকার।

যকৃতের ক্রিয়াবিরতি বশতঃ রক্তস্থ যে যে পদার্থ দ্বারা পিত্ত উৎপন্ন হয়, তাহা রক্তে থাকা হেতু রক্ত বিষাক্ত হইয়া পড়ে যকৃতের তরুণ হ্রাস রোগ, যকৃৎকাঠিন্য ও মেদাপকৃষ্টতা প্রভৃতি পীড়া বশতঃ এই রোগ জন্মিতে পারে।

লক্ষণ—স্নায়ুমণ্ডলের অস্বাভাবিক অবস্থা উত্তেজনা, উচ্চ প্রলাপ, বিকম্প, সাতিশয় অবসন্নতা, অচৈতন্যাবস্থা, পাকাশয় ও অন্ত্র হইতে রক্তস্রাব, কালশিরা ও কাহার কাহার কামল বা ন্যাবা উপস্থিত হয়।

চিকিৎসা।—যকৃতের বিবিধ পীড়া বশতঃ পিত্তস্রাব এক-কালীন রুদ্ধ হইয়া রক্তে সঞ্চিত থাকিলে প্রবল বিরেচক সমূহ—ক্রোটন অয়েল—৩২৮, ৩৪৬ পডোফিলিন—৩৪৭ বেন্‌জইক এসিড—৩ এমোনি ক্লোরাইডম—৪১২। নাইট্রোহাইড্রো-ক্লোরিক এসিড

গাউট—বাতরক্ত

এক প্রকার বিশেষ সন্ধিপ্রদাহ—সার্ব্বাঙ্গিক কারণ হইতে সমুৎপন্ন হয় কৌলিক দেহপ্রকৃতিও এই রোগের অনুকূল আক্রান্ত সন্ধিতে অত্যন্ত বেদনা ও স্ফীততা, জ্বর সহ সার্ব্বাঙ্গিক উপদ্রব এবং বিশেষতঃ পরিপাক যন্ত্রের কোন প্রকার বিশৃঙ্খলা থাকে এই রোগ বারম্বার হইয়া থাকে।

লক্ষণ।—তরুণ রোগাক্রমণের পূর্ব্বে বুক জ্বালা, উদরাধ্মান, বক্ষের বামপার্শ্বে অতীক্ষ্ণ বেদনা, হৃৎপিণ্ডের ক্রিয়া-বৈষম্য,

চর্ম্ম শুষ্ক, শীতপিও বা আমবাত, মূত্রে য়ুরেটের আধিক্য প্রভৃতি লক্ষণ উপস্থিত হয় রাত্রিতে সহসা রোগ উপস্থিত হয়, তৎসময় পদের বৃদ্ধাঙ্গুলিতে তীব্র বেদনা, তদ্রূপ বেদনা গুল্‌ফেও অনুভূত হয় শীত হইয়া পরে শরীর উষ্ণ হয় পীড়িত অংশ স্ফীত ও স্পর্শাসহ হয় জ্বর, উগ্রতা, অস্থিরতা, কোষ্ঠবদ্ধ, তৎসঙ্গে জিহ্বা মলাবৃত ; মূত্রে য়ুরেট, অধিক পরিমিত ফস্ফেট বা আওলালিক পদার্থও থাকে তৎপরে ক্রমশঃ রোগ তিরোহিত হয় ; কিছুদিন রোগী সুস্থ থাকে, আবার রোগাক্রান্ত হয় সন্ধির চতুর্দ্দিকে খটিকাবৎ প্রস্তর জন্মে, উহার উপাদান প্রধানতঃ য়ুরেট অব্‌ সোডা সন্ধি হইতে এই রোগ সময় সময় আভ্যন্তরিক যন্ত্রে গমন করে, যথা—পাকাশয়, হৃৎপিণ্ড ও মস্তিষ্কচ্ছদ পীড়িত অংশে শৈত্য সংস্পর্শ বশতঃ ঈদৃশ ঘটনা হয় ইহাকে স্থিতিপরিবর্ত্তনশীল বা রিট্রোসিডেণ্ট গাউট বলে

চিকিৎসা। একোনাইটের অরিষ্ট ব্যবহারে এই রোগের বেদনা অনেকাংশে নিবারিত হয় স্যালিসিলেট অব্‌ সোডা, স্যালিসিলিক এসিড প্রদাহিত সন্ধির উপরে কলোডিয়নের প্রলেপ ২ ৩ বা ৪ বার দিলে শীঘ্রই বেদনার উপশম হয়। প্রদাহ না থাকিলে আক্রান্ত সন্ধিতে আইযোডোফর্ম্মের স্থানিক প্রয়োগে বেদনা বিদূরিত হয় বেদনান্বিত স্থানে পিপারমেণ্ট অয়েল দ্বারা লেপ দিলে উপকার দর্শে প্রাচীন রোগে সল্‌ফাইড স্নান উপকারক বেদনাবিশিষ্ট সন্ধিতে ভিরাট্রিয়ার মলম স্থানিক প্রযোজ্য সল্‌ফরস এসিডের ফিউমিগেসন, রোগীর শয্যা বস্ত্রাদিতেও উহার উগ্র বাষ্প লাগাইয়া তদ্দ্বারা রোগীকে আবৃত করিয়া রাখিলে, স্বেদস্রাব ও নিদ্রা হইয়া রোগী অনেক আরাম

বোধ করে বিরেচক—৩২৭, ৩৩১, ৩৩২, ৩৩৫ ৩৩৭, ৩৪৪, ৩৫২, ৩৫৪। এসিটেট, সাইট্রেট ও বাইকার্বনেট অব্ পটাশ—২৮৭, ২৮৮, ২৯২ ২৯৬ বেদনা নিবারণার্থ ওপিয়ম, হায়সায়মাস ও বেলেডোনা। সকলের সঙ্গেই কলচিকম ওয়াইন দিবে। এক্ষ্ট্রাক্ট, টিংচর ও ভাইনম কলচিকম দেওয়া যাইতে পারে, কিন্তু ইহা ব্যবহারকালে সাবধান থাকা কর্ত্তব্য যে, যেন অত্যন্ত অধিক পরিমাণে সেবন করান না হয় বিবিধ প্রকার ক্ষার আইয়োডাইড অব্ পটাসিয়ম—বা এমোনিয়ম ৩৯৯, ৪০১, ৪০৪ আক্রান্ত স্থান উষ্ণ রাখিবে তুলা, ফ্লানেল প্রভৃতি দ্বারা জড়াইয়া রাখা কর্ত্তব্য ৪ ড্রাম কার্বনেট অব্ সোডা, ২ ড্রাম লডেনম ও ১০ আউন্স গরম জল, ইহাতে লিণ্ট ভিজাইয়া প্রদাহিত সন্ধিতে লাগাইবে ও তদুপরি কচি কলার পাতা দিয় বাঁধিয়া রাখিলে উপকার হয় পুলটিসের সঙ্গে এক্ষ্ট্রাক্ট বেলেডোনা বা ওপিয়ম মিশ্রিত করিয়া দিবে। সঙ্কার বেদনানিবারক ধৌত দ্বারা আক্রান্ত সন্ধিস্থান ভিজাইয়া রাখিবে ১১০, ১১২, ১১৩, ১৫৪, ১৫৬ প্রদাহ কথঞ্চিৎ অপসারিত হইলে বিবিধ উত্তেজক, অবসাদক ও বেদনানিবারক মর্দ্দন প্রয়োজ্য,—৪৩, ৪৮, ৫১, ১৪৪, ১৪৬, ১৫২, ১৫৩ টিংচর ও লিনিমেণ্ট আইয়োডিন লঘুপাক দ্রব্য পথ্য দিবে দুগ্ধ, এরারুট, ট্যাপিওকা, অন্ন প্রভৃতি স্থালজের, সোডা বা ভিসি ওয়াটর মাংস নিষিদ্ধ। রোগ পুনর্ব্বার উপস্থিত হইতে না পারে, তজ্জন্য সুপথ্য, ব্যায়াম, উৎকট মানসিক শ্রম পরিহার, ঈষদুষ্ণ বা সমুদ্রের জলে স্নান পর্য্যাপ্ত পরিমাণে জলপান বিধেয়। এল্, পোর্টার প্রভৃতি মদ্য নিষিদ্ধ সময়ে সময়ে অল্পমাত্রিক বিরেচক। কার্বনেট অব্ লিথিয়া ৩—৬

গ্রেণ মাত্রায় দিবসে ২৩ বার, ইহাতে প্রস্রাব বৃদ্ধি পাইয়া য়ুরিকাম্ল নিঃসৃত হয়। লিথিয়া সাইট্রস, গোয়েকম, ক্লোরেট অব্ পটাশ, ফস্ফেট অব্ এমোনিয়া, কুইনাইন ও কলচিকম। রক্তহীনতা থাকিলে লৌহঘটিত ঔষধ—ফেরি এট্ এমন্ সাইট্রস, ভাইনম ফেরি, সিরপ ফেরি আইয়োডাইড্ ইত্যাদি। আইয়োডাইড অব্ পটাসিয়ম ও আইয়োডাইড অব্ এমোনিয়ম প্রত্যেকে ৪০ গ্রেণ, জল ৪ ড্রাম, গ্লিসিরিণ ১ আউন্স—এই রোগে চক্ষুষ্ঠৌল হইলে স্থানিক প্রযোজ্য। বিবিধ প্রকার মিনারেল ওয়াটর্স ভিসি, কার্লস্বাড, হারোগেট্। স্থান পরিবর্ত্তন। রিট্রোসিডেন্ট গাউটে কাউন্টর ইরিটান্ট, টর্পেণ্টাইন ষ্টিউপ্স্ এবং ক্লোরোফর্ম্ম ও বেলেডোনা প্রভৃতি আক্ষেপ-নিবারক ঔষধ প্রযোজ্য।

আর্ণিকা ও আর্সিনিক সেবন উপকারী। অনিদ্রার জন্য সল্ফোনাল প্রয়োজ্য। অবসন্নতা প্রাদুর্ভূত হইলে উত্তেজক প্রয়োজ্য। ইদানীং এই রোগে পাইপিরেজিন উপকারী বলিয়া কথিত হয়।

রিউমেটিজ্‌ম—বাত।

তরুণ ও প্রাচীন ভেদে এই রোগ দ্বিবিধ।

তরুণ বাত।—ইহা একটী প্রবল পীড়া, এতদ্দ্বারা রোগী সমূহ কষ্ট ভোগ করে, ইহাতে প্রবল জ্বর ও কখন কখন হৃৎপিণ্ড আক্রান্ত হয়। দেহাভ্যন্তরে ল্যাক্টিক্ এসিড বা ক্ষীরাম্লের আধিক্য এই রোগের কারণ বলিয়া কথিত হয়। খাদ্য দ্রব্যস্থ শ্বেতসার প্রথমতঃ ক্ষীরাম্লে পরিণত হয়, পরে উহার সহিত অক্সিজেন মিলিত হইয়া কার্ব্বনিক এসিড ও জল হয়, ইহা ফুসফুস দিয়া

বিদূরিত হইয়া থাকে। কোন কারণ বশতঃ প্রোক্ত ক্রিয়ার ব্যাঘাত জন্মিলে শরীরের মধ্যে ক্ষীরাম্ল সঞ্চিত হইয়া পড়ে।

লক্ষণ।—অস্থিরতা, জ্বর, আর্দ্রতা বা শৈত্য সংস্পর্শের পর অঙ্গাদির অনম্যতা ও বেদনা সত্বরই বর্দ্ধিত হইয়া উঠে, এক বা ততোধিক বৃহৎ সন্ধি বেদনান্বিত ও স্ফীত হয় প্রবল জ্বর ও সার্ব্বাঙ্গিক উপদ্রব রোগী নড়িতে চড়িতে অসমর্থ হয়, সন্ধির বেদনা এত যন্ত্রণাদায়ক হয় যে, শয্যাবস্ত্রের ভারও অসহনীয় হইয়া উঠে চর্ম্মে অতৃপ্তিকর বা অম্লগন্ধযুক্ত স্বেদ-স্রাব হইয়া থাকে। নাড়ী পুষ্ট, দ্রুত ও লম্ফনশীল; সচরাচর কোষ্ঠবদ্ধ; সময়ে সময়ে উদরাময়; জিহ্বা আর্দ্র, কিন্তু গাঢ় মলা-বৃত, মূত্র লালবর্ণ, অম্ল, স্বল্প ও যুরেটপূর্ণ। রোগের পুনরাক্রমণ অতি সাধারণ। এই রোগের উপসর্গের মধ্যে এই কয়েকটী প্রধান, যথা—প্রদাহ এক স্থান হইতে অন্য স্থানে গমন করে, হৃৎবেষ্ট বা হৃদান্তরচ্ছদ আক্রান্ত হইলে রোগ সাংঘাতিক হইতে পারে কখন কখন বায়ুনলীভুজ, ফুসফুসচ্ছদ, ফুসফুস, মস্তিষ্ক বা মস্তিষ্কচ্ছদের প্রদাহ সমুপস্থিত হয় কোন উপসর্গ না থাকিলে এই রোগ ১৫।১৬ দিন হইতে ৩০ দিন থাকে যদি সাংঘাতিক হয়, তবে তাহা হৃদ্‌পিণ্ড আক্রান্ত হওয়া বশতঃই হইয়া থাকে

চিকিৎসা—য়্যাকুটিয়া রেসিমোজার অরিষ্ট ৫ ফোটা মাত্রায় ব্যবহার করিলে তরুণ বাত রোগের বেদনা সত্বরই উপ-শমিত হয় উষ্ণ উষ্ণ পুলটীস বেদনাযুক্ত স্থানে স্থাপন করিবে স্যালিসিলিন্ ৩ হইতে ১৫ গ্রেণ মাত্রায় ২ ঘণ্টান্তর সেবন করা-ইলে ১ বা ২ দিনের মধ্যে রোগোপশম লক্ষিত হয় প্রথমে

বেদনা ও তৎপরে জ্বর কমিয়া যায় স্যালিসিলেট অব্ সোড ব্যবহারে উপকার লব্ধ হইয়াছে, এতৎ ব্যবহারে হৃৎপিণ্ড আক্রান্ত হইবার আশঙ্কা অনেকাংশে নিবারিত হয় মাত্রা ৩—১৫ গ্রেণ। স্যালিসিলিক এসিডও সুফলপ্রদ সল্‌ফরস এসিডের ফিউমিগেশন ও শয্যাবস্ত্রাদিতে উহার বাষ্প লাগান উপকারক ভিরাট্রিয়ার মলম স্থানিক প্রয়োজ্য একোনাইট, আর্ণিকা, বেন্‌জইক্ এসিড্। ব্রাইওনিয়া মহোপকারী

স্যালাইন্ পর্গেটিভ্‌স্ ৩৩১, ৩৩৪, ৩৩৯, ৩৫০, ৩৫৩, ৩৫৪ অথবা ক্যালোমেল ৫ গ্রেণ ও জেলাপ ৩০ গ্রেণ বেদনা নিবারণার্থ পূর্ণ মাত্রায় ওপিয়ম্ দিবে ইহাতে স্বেদস্রাব হওয়ায় বিষাক্ত পদার্থ বিদূরিত হইতে পারে ওপিয়ম ও বেলেডোনা প্রতিবাএে শয়নকালে—১০১ কম্পাউণ্ড ইপিক্যাক্ পাউডর ৪ ৬ ঘণ্টান্তর অনেকে পূর্ণমাত্রায় কুইনাইন ব্যবহারের অনুমোদন করেন ইহার সঙ্গে ৪ ৫ গ্রেণ আইয়োডাইড অব্ পটাসিয়ম দিলে সমধিক উপকার লব্ধ হয় টিংচার ভিরেট্রাই ভিরিডিস্ ১ ৩ মিনিম মাত্রায় এক আউন্স জল সহ ৩ ৪ ঘণ্টান্তর আবশ্যক মত সেব্য টিংচর একোনাইট দ্বারা নাড়ী স্পন্দনের দ্রুততা ও জ্বর নিবারিত হয়—২৭২। সেবনার্থ নাইট্রেট অব্ পটাশ ১০—৩০ গ্রেণ মাত্রায় জলের সঙ্গে ও বাহ্যিক উহার উগ্র দ্রব পীড়িত সন্ধিস্থানে বস্ত্রখণ্ড দ্বারা ভিজাইয়া দিবে জম্বীররস ২ ৩ আউন্স দিনে ২ ৩ বার, ইহা ব্যবহারকালে বিশেষ সাবধান থাকা কর্ত্তব্য, কারণ সময়ে সময়ে ইহা দ্বারা অত্যন্ত অবসন্নতা উপস্থিত হয় বাইকার্বনেট অব্ পটাশ বা সোডা ২০ হইতে ৩০ গ্রেণ, শুদ্ধ জল বা সোডা ওয়াটরের সঙ্গে ৩ ৪ ঘণ্টা-

স্তব দিবে—২৯২, ২৯৬ ইহার সঙ্গে ভাইনম কল্‌চিকম ৫—১০ মিনিম সাইট্রেট অব্ পটাশ যদি পীড়া এক বা ততোধিক সন্ধিস্থানে অধিক দিন পর্য্যন্ত থাকে, তবে পূর্ব্বোক্ত ঔষধের সঙ্গে আইয়োডাইড অব্ পটাশিয়ম মিশ্রিত করিয়া দিবে। স্বেদ-স্রাবের স্বল্পতায় উষ্ণ বাষ্প স্নান। রোগান্তের দৌর্ব্বল্যে এমো-নিয়া ও বার্ক ১৮৩; ফেরি এট এমোনি সাইট্রাস্ ১৮০ প্রবল লক্ষণাদি তিরোহিত হইবার পরেই কড্‌লিভর অয়েল ব্যবহার করিতে আরম্ভ করিলে উপকার হয়। সাইকর্ আর্সিনিকেলিস্। স্থানিক ঔষধ—আক্রান্ত সন্ধি তুলা, ফ্লানেল বা অয়েল সিল্ক দ্বারা সর্ব্বদা আবৃত রাখিবে জলে সোডা ও অহিফেন মিশ্রিত করিয়া সেই জল উত্তপ্ত করণানন্তর তদ্দ্বারা সেক দিবে তৎপরে প্রদাহ একটু উপশান্ত হইলে সন্ধির চতুষ্পার্শ্বে ক্ষুদ্র ক্ষুদ্র ব্লিষ্টার লিনি-মেন্ট আইয়োডিন মালিশ করিয়া তুলা দ্বারা ঢাকিয়া রাখা উচিত কেহ কেহ তরুণাবস্থায় ব্লিষ্টার দ্বারা ফোস্কা করাইয়া তদুপরি পুলটীস্ দিতে বলেন সন্ধিপ্রদাহ রোগের পক্ষে ডংকে-মারা। অনিদ্রা ও প্রলাপ বর্ত্তমানে লিথিয়া ব্রোমাইড্ প্রদাহ কথঞ্চিৎ উপশমিত হইলে রসটক্স সেবন সুফলপ্রদ। অয়েল অব্ উইণ্টর গ্রীণ ও ইক্‌থিয়ল উপকারী

এই রোগ দ্বারা হৃৎপিণ্ড আক্রান্ত হইবার আশঙ্কা হইলে অনেকে জলৌকা দ্বারা রক্তমোক্ষণ ও মার্করী দ্বারা মুখ আনয়ন করিতে বলেন কিন্তু উক্ত উপায়াপেক্ষা পূর্ণমাত্রায় ওপিয়ম সেবন করান এবং লিন্সিড ও মষ্টার্ড পুলটীস্ সংলগ্ন করান অধিক উপ-কারী অথবা ১ গ্রেণ মাত্রায় ওপিয়ম ২৩ ঘণ্টান্তর হৃৎপ্রদাহ বর্ত্তমানে সেব্য। বাইকার্ব্বনেট অব্ পটাশ সেবন রহিত করিবে

না তৎপরে হৃৎপিণ্ডাবরক পর্দার অভ্যন্তরে রক্তরস স্রাবিত হইলে ব্লিষ্টার ও আইযোডাইড্ অব্ পটাসিয়ম সেবন করান কর্ত্তব্য প্রথমে লঘুপাক পথ্য দিবে অধিক দৌর্ব্বল্য প্রকাশিত হইলে মাংসের ঝোল, দুগ্ধ, ডিম্ব প্রভৃতি দেওয়া যাইতে পারে। শর্করা ব্যবহার নিষিদ্ধ মদ্য ও আসবাদি বিশেষ আবশ্যক না হইলে দিবে না

প্রাচীন বাত কখন তরুণ রোগের পর হয়, কখন বা ইহা আপনাপনি উপস্থিত হয়। বৃদ্ধ বয়সে এই রোগ অতি সাধারণ সন্ধি বা স্নায়ুর সৌত্রীণ আবরণ, পেশীচ্ছদ, কণ্ডরা ও অস্থিচ্ছদ প্রধানতঃ এই রোগের দ্বারা আক্রান্ত হয়। প্রমেহ বশতঃ এক প্রকার বাতরোগ হয়, তাহাকে গনোরিয়েল রিউমেটিজম বলে কোমরে, বক্ষণে, গ্রীবা ও বক্ষের পেশীতে সময় সময় বাতরোগ জন্মে

চিকিৎসা। স্যাক্‌টিয়া রেসিমোজা বিশেষ উপকারী। ক্যাপসিকমের উগ্র অরিষ্ট লিণ্টে ভিজাইয়া স্থানিক প্রয়োজ্য বেদনা নিবারণার্থ ক্লোরাল অয়েল মেজিরিয়ান ও সাসাফ্রাস্ সল্‌ফর ও সল্‌ফাইড্‌স স্থানিক ও স্নানরূপে। অলিয়েট অব্ মার্করী এণ্ড মর্ফিয়া স্থানিক প্রয়োজ্য সোডী স্যালিসিলেট ও কুইনী স্যালিসিলেট স্যালিসিলেট অব্ সোডা ব্যবহারে দেহ হইতে যূরিকাম্ল নিঃসৃত হইয়া উপকার হয় সার্ব্বাঙ্গিক স্বাস্থ্য যাহাতে উন্নত হয়, তজ্জন্য যত্ন করিবে পরিপাক ক্রিয়া যাহাতে সুশৃঙ্খল ভাবে সম্পাদিত হয়, তৎপক্ষে দৃষ্টি রাখা কর্ত্তব্য আইয়োডাইড অব্ পটাসিয়ম বা সোডিয়ম—৩৯৯, ৪০১, ৪০৪ ; ইহার সঙ্গে বাইকার্ব্বনেট অব্ পটাশও মিশ্রিত করিয়া দেওয়া

যায়। কডলিভর অয়েল। কুইনাইন ও বেলেডোনা আইয়ো-ডাইড অব্ আয়রণ—১৮১, ৪০৩ টিংচর গোয়েকম—২৮৬। কল্‌চিকম—বিবিধ ঔষধের সঙ্গে সার্সাপারিলা ৩৩৯। কলচিকম সল্লিসেট—৩৯৮, ৪০২ আর্সিনিক ও ভাইনম ফেরি ১৯১ একোনাইট ও আইয়োডাইড অব্ পটাসিয়ম ৪০৪ টিংচর ব্রাইওনিয়া ও রসটক্স লিথিয়া ব্রোমাইড ক্ষুদ্র সন্ধির পীড়ায় হ্যারোগেট প্রভৃতি মিনারেল ওয়াটর্স উষ্ণ বাষ্প-স্নান, সল্ট ওয়াটর বাথ স্থানিক—ব্লিষ্টার, আইয়োডিন পেণ্ট স্পাইকর এমোনিয়া ও সোপ লিনিমেণ্ট ৪১ বিবিধ উত্তেজক, অবসাদক ও বেদনানিবারক মর্দ্দন—৪৩, ১৪৪, ১৪৯, ১৫০, ১৫৩ সব-কিউটেনিয়স ইন্‌জেক্‌শন অব্ মর্ফিয়া ও এট্রপিন্ কটিবাতে বেলেডোনা প্লাষ্টর ও এম্‌প্লাষ্ট্রম্ ফেরি লাগাইলে উপকার হয় পেশীর কণ্ডরা এই রোগে আক্রান্ত হইলে সলফর চূর্ণ বা মলম স্থানিক প্রযোজ্য বাতরোগীর পক্ষে গাত্রে ফ্লানেল ব্যবহার করা উচিত এবং বিয়ার ও উত্তেজক মদ্য সেবন নিষিদ্ধ। অয়েল ইউকালিপ্‌টস্ মর্দ্দন। গ্যালভ্যানিক ব্যাটারী দ্বারা তাড়িত প্রয়োগ লিনিমেণ্ট পটাশী আইয়োডাইড কম্ সেপোনী ইক্‌থিয়ল ৫—১০ গ্রেণ্ মাত্রায় সেবনে উপকার হয়, সম্ভবতঃ ইহাতে সল্‌ফর থাকায় উপকার দর্শে বিশুদ্ধ সল্‌ফের সেবনও সুফলপ্রদ পীড়িত সন্ধিতে পর্য্যায়ক্রমে শীতল ও উষ্ণ জলধারা প্রয়োগ হিতকর।

ক্রনিক অষ্টিয়ো আর্থাইটিস্‌—এক প্রকার বাত।

সন্ধি স্থানের এক প্রকার পুরাতন পীড়া গাউট ও রিউ-মেটিজমের সঙ্গে কোন কোন বিষয়ে সৌসাদৃশ্য থাকিলেও তাহা হইতে ইহা একটী স্বতন্ত্র পীড়া।

লক্ষণ পীড়িত সন্ধি স্ফীত, বেদনান্বিত ও অনমনীয় তরুণরোগ হঠাৎ উপস্থিত হয় ও তৎসঙ্গে জ্বর ও সার্ব্বাঙ্গিক অসুস্থতা বর্ত্তমান থাকে কিন্তু সাধারণতঃ এই রোগ প্রাচীন। প্রারম্ভে গাত্রগুরুতা, আলস্য, অস্থিরতা, ক্ষুধাভাব ও দূষিত নিঃস্রাব বর্ত্তমান থাকে। তৎপরে সন্ধি সকল শক্ত ও বেদনান্বিত, শ্লৈষ্মিক ঝিল্লীর মধ্যে রস স্রাবিত হওয়ায় উহা স্ফীত ও বিস্তৃত। বঙ্ক্ষণ, জানু ও গুল্‌ফ সন্ধিতে পীড়া হইলে রোগী হাঁটিতে পারে না হস্ত দ্বারা টিপিলে বা অল্প আঘাত করিলে রস সঞ্চালন অনুভব করিতে পারা যায় সঞ্চরণ কালে সন্ধিতে এক প্রকার বিশেষ স্ফুটন শব্দ রোগী নিজে শুনিতে পায় রোগ অধিক দিবস স্থায়ী হইলে সন্ধিবিধান পুরু হওয়ায় সন্ধি অচল হইয়া পড়ে কখন কখন সন্ধিস্থ উপাস্থি বিনষ্ট হওয়ায় সন্ধি অকর্ম্মণ্য ও বিধান পরিবর্ত্তন হইয়া থাকে তৎসময় পেশীতে আক্ষেপ, মানসিক অবসাদ, আলস্য, অগ্নিমান্দ্য ও পাকাশয়ে অম্ল, রাত্রিতে নিদ্রার ব্যাঘাত, রক্তসঞ্চালনের মৃদুতা বশতঃ সর্দ্দি লাগিবার প্রবণতা এই রোগের স্থিতিকাল কয়েক মাস হইতে কয়েক বৎসর পর্য্যন্ত

চিকিৎসা —স্ত্রীলোকদের ঋতু বৈষম্য থাকিলে ম্যাক্টিয়া রেসিমোজা বিশেষ উপকারী ৪ আউন্স সোডা ও ২০ গ্রেণ আর্সনিয়েট অব সোডা এক গামলা জলে মিশাইয়া তাহাতে

স্নান করিলে উপকার হয়। একোনাইট, আর্ণিকা, স্যালিসিলেট কুইনিন বা সোডা, লিথিয়া, গোয়েকম্ কলচিকম্, আইয়োডিন, পলসেটিলা সেবনে সময় সময় উপকার দর্শে

ইহাকে রিউমেটিক্ গাউট বা আর্থাইটিস্ও বলে ইহাতে উভয় প্রকার পীড়ার প্রকৃতি মিশ্রিত থাকে স্ত্রীলোকদের এই পীড়ার সঙ্গে জরায়ুর ক্রিয়া বিশৃঙ্খলা থাকিলে, তৎপ্রতিকার সাধন সর্ব্বাগ্রে কর্ত্তব্য মৃদু বিরেচক—সলফেট অব্ সোডা ও সলফর প্রভৃতি। কডলিভর অয়েল। আক্রান্ত সন্ধিতে উষ্ণ জলসেচন। সলফর ও য্যাল্কেলাইন বাথ্ আর্সেনিক বাথ্ কুইনাইন, সিরপ ফেরি আইয়োডাইড, লাইকর পটাশ, আইয়োডাইড ও ব্রোমাইড অব্ পটাসিয়ম, কলচিকম ও লাইকর আর্সিনিকেলিস। ইহাদিগকে স্বতন্ত্র স্বতন্ত্র অথবা দুই তিনটী একত্রে ব্যবহার করিবে স্ত্রীলোকদিগের পক্ষে আইয়োডিন ও ব্রোমিন ঘটিত ঔষধ দিবে না ; কারণ আর্ত্তব-স্রাবের আধিক্য থাকিলে এতদ্দ্বারা তাহা আরও বৃদ্ধি প্রাপ্ত হয় একোনাইট ও সার্পেন্টরী ৪২৮। সাময়িক ব্লিষ্টার, আইয়োডাইড অব্ পটাসিয়ম অয়েণ্টমেণ্ট বা লিনিমেণ্ট ও মার্কিউরিয়েল প্লাষ্টার দ্বারা সন্ধিস্থান ষ্ট্রাপীং। অন্যান্য স্থানিক বাতে উল্লিখিত বিবিধ মিনারেল ওয়াটস সেবনে বিশেষ উপকার হয় তন্মধ্যে হ্যারোগেট, কার্লস্বাড, ভিসী, স্পা প্রভৃতি প্রধান। নিম্নলিখিত মলম মর্দ্দনে বিশেষ উপকার হয়, যথা এসিড্ স্যালিসিলিক, টর্পেণ্টাইন অয়েল, ও ল্যানোলিন প্রত্যেকে ২০ ড্রাম ও চর্ব্বি ৩ আউন্স ইহা সকল প্রকার বাতে প্রয়োজ্য।

পাইমিয়া—আইকরিমিয়া—পূযাত্মক রক্ত।

রক্তে পচিত পদার্থ বা পূযকণা আশোষিত হইলে এই রোগ জন্মে ইহা এক প্রকার রক্তের পীড়া

লক্ষণ —কম্প শীত, স্বেদস্রাব, নাড়ী দ্রুত, আপস্মারিক আক্রমণ, উদরাময়, রক্তামাশয, ফুসফুস চ্ছদপ্রদাহ, অন্ত্রচ্ছদপ্রদাহ, বিসর্প, বিস্ফোটক ও স্ফোটক প্রভৃতি শীর্ণতা শীঘ্র শীঘ্র বৃদ্ধি, অব সন্নতা, তৎপরে মৃত্যু প্রাচীন রোগের লক্ষণ অপেক্ষাকৃত মৃদু ও তাহা ক্রমশঃ প্রকাশিত হয

চিকিৎসা —প্রথমাবধিই উত্তেজক ব্যবহার করিবে এমোনিয়া ও ইথর ২, ৩ ব্রাণ্ডি, ইথর ও সিনকোনা ১৩ ব্রাণ্ডি ও ডিম্ব, বিফ্‌টী, চিকেন ব্রথ দুগ্ধ, ক্রিম প্রভৃতি কুইনাইন ও নাইট্রিক এসিড ১১৩, ১৯৪ বেদনার উপশমার্থ অহিফেন বমন নিবারণার্থ এমোনিয়া ও হাইড্রোসিয়ানিক এসিড ডিল ৪ সাইট্রেট অব্‌ সোডা, লবেল ওযাটর, সোডাওয়াটার, বিস্মথ বরফ সেবনার্থ, এবং পাকাশয়োপরি পুলটীস ও সিনাপিজম ওয়েটসিট প্যাকিং, এসিড স্পঞ্জিং সলফেট অব্‌ ম্যাগ্নিসিয়া বা সোডা ক্ষতাদিতে আইয়োডোফর্ম্ম, কার্ব্বলিক এসিড, থাইমল, পার-ম্যাঙ্গানেট্‌ অব্‌ পটাশ প্রভৃতি স্থানিক ব্যবহার্য্য বোরিক এসিড্‌, কার্বলিক এসিড, সোডা সল্‌ফ কার্বোলাস, পটাশ পার-ম্যাঙ্গানেট, আর্গটিন, ফেরি পারক্লোরাইড, আইয়োডিন জেব ব্রাণ্ডি, মল্ট লিকর, কুইনিন, স্যালিসিন, টেরিবিন্থ সেবনীয কুইনিন, টিং ষ্টিল ও ক্লোরেট অব্‌ পটাশ বিশেষ উপকারী

এরিসিপেলাস—বিসর্প।

চর্ম্মের বিস্তীর্ণ ও প্রসারণশীল প্রদাহ, এই প্রদাহ সচরাচর চর্ম্মের নিম্নস্থ যোজক তন্তুতে হয়। এই রোগের সঙ্গে জ্বর থাকে ও আক্রান্ত অংশ ঘোর লালবর্ণ, উষ্ণ, বেদনান্বিত ও স্ফীত হয় ইহা এক প্রকার বিশেষ বিষ হইতে উৎপন্ন হয়। অসুস্থ স্রাবযুক্ত ক্ষত-রোগী অনেকগুলি এক স্থানে থাকিলে এই রোগ হওয়ার সম্ভাবনা; ইহা বহুব্যাপক স্পর্শাক্রমক। শরীরের সকল অংশেই এই পীড়া জন্মিতে পারে স্বয়ম্ভূত বিসর্প—মুখমণ্ডলের ও মস্তকের চর্ম্মেই সচরাচর হইয়া থাকে আঘাত-জনিত বিসর্প—আহত স্থানেই জন্মে

লক্ষণ।—দেহাভ্যন্তরে বিষ প্রবিষ্ট হওয়ার ৩ হইতে ৭ দিন পরে রোগ প্রকাশিত হয় শীত, কম্প, গলা বেদনা, জ্বর ও সার্ব্বাঙ্গিক অসুস্থতা মূত্র কখন কখন আণ্ডলালিক, মস্তিষ্কের বিশৃঙ্খলা, প্রলাপ। বমন, বিবমিষা, উদরাময়। মুখ-মণ্ডলে এই রোগ হইলে মুখাকৃতি এককালে পরিবর্ত্তিত হয়। মস্তিষ্ক বা তাহার ঝিল্লীতে প্রদাহ প্রসারিত হইলে প্রায়ই রোগ সাংঘাতিক হয়। জীবনীশক্তির অবসন্নতা হয় মধুমেহ ও আণ্ডলালিক মূত্ররোগে পীড়িত ব্যক্তিদের এই রোগ হইলে প্রায়ই তাহা সাংঘাতিক হইয়া থাকে। ইহার বিষ দ্বারা নব প্রসূতিদের সূতিকাজ্বর হইতে পারে

চিকিৎসা।—একোনাইটের অরিষ্ট রোগের প্রারম্ভে সাবধানে সেবন করাইলে রোগের বর্দ্ধন স্থগিত হয়। টিকা দেওয়ার পর এই রোগ হইলে বেলেডোনা অয়েণ্টমেণ্ট স্থানিক প্রয়োগ বিশেষ উপকারী ইক্‌থিয়ল ও ল্যানোলিন সমভাগে

মিশাইয়া স্থানিক প্রয়োজ্য বেলেডোনা বাহ্যিক ও আভ্যন্তরিক প্রয়োগ করিলে রোগ সত্বর উপশমিত হয় ইহা একোনাইটের সঙ্গে পর্য্যায়ক্রমে ব্যবহার করা আবশ্যক হইতে পারে ডিজিটেলি-সের ফাণ্ট বা ষ্টার্চ পাউডার ও বোরিক এসিড সমভাগে স্থানিক প্রয়োজ্য সল্ফরস এসিড ও গ্লিসিরিণ সমভাগে স্থানিক ব্যবহার্য্য বোরিক এসিড লোশন প্রথমে মৃদু বিরেচক, তৎপরে কার্ব্বনেট অব্ এমোনিয়া ও সিনকোনা ১৮৩ কুইনাইন ও নাইট্রিক এসিড ১৯৩, ১৯৪ এমন কার্ব ও টিং বেলোডোনা টিংচার অব্ পারক্লোরাইড অব্ আয়রণ ও ক্লোরেট অব্ পটাশ ১৮৯ লঘুপাক দ্রব্য আহার করিতে দিবে শীতল পানীয় ২৯৪, ২৯৬ বরফ, পোর্ট ওয়াইন, ব্রাণ্ডি, দুগ্ধ, মাংসের জুস পপীহেড ফোমেণ্টেসন, কলোডিয়ন, কষ্টিক লোশন, আইয়োডিন পেণ্ট বালকদিগের এই রোগ হইলে বলকারক পথ্য ও ঔষধ দিবে পূযোৎপত্তি হইলে অস্ত্র করিয়া দিবে তৎপরে কার্ব্বলিক এসিড বা থাইমল অয়েল ও লিণ্ট দ্বারা ক্ষত স্থান আচ্ছাদিত করিয়া রাখিবে টিং ষ্টীল বাহ্যিক লোশনরূপে জলসহ রস্ টক্স, বেন্জইক এসিড, বেন্জোয়েট সোডা পটাশ পারম্যাঙ্গানাস্ সলিউসন বাহ্যিক ও আভ্যন্তরিক ব্যবস্থেয় জীবনীশক্তি সংরক্ষণার্থ উত্তেজক বিধেয়। ভাইনাই গ্যালিসাই মিকশ্চার উৎকৃষ্ট আহার ও ঔষধ টিং ষ্টীল অধিক মাত্রায় প্রয়োজ্য জ্বর অধিক থাকিলে, টিং ষ্টীলের সঙ্গে কুইনিন ব্যবস্থেয় হৃৎপিণ্ডের অবসন্নতা প্রাদুর্ভূত হইলে কুইনিন ও ষ্টীল না দিয়া স্পিরিট এমন এরোমেট, টিং সিনকোনা ও ব্রাণ্ডি ব্যবস্থা করা উচিত

ডিপথিরিয়া—ঝিল্লীক প্রদাহ।

রক্তের অবিশুদ্ধাবস্থা বশতঃ গলাভ্যন্তরের একরূপ গুরুতর প্রদাহ, ইহা বহুব্যাপক ও স্পর্শাক্রামক, এই রোগে অবসন্নতা প্রাদুর্ভূত হয়। ইহার বিশেষ চিহ্ন এই যে, ইহাতে কৃত্রিম ঝিল্লী উৎপন্ন হয়। রোগ আরোগ্য হইলে স্বর পরিবর্ত্তিত হইয়া থাকে; গলাধঃকারক পেশীসমূহের আংশিক পক্ষাঘাত ও ঊর্দ্ধশাখার দুর্ব্বলতা, দৃষ্টির অস্পষ্টতা ও অন্যবিধ যৌণিক স্নায়বীয় অসুস্থতা থাকিয়া যায়। পূর্ণবয়স্ক অপেক্ষা বালকদের এই রোগ অধিক হয়। সাধারণতঃ দুঃখীলোক ও আর্দ্রস্থানবাসীদিগের এই রোগ জন্মিতে দেখা যায়।

লক্ষণ।—ক্রমশঃ লক্ষণাদি প্রকাশিত হয়। দৌর্ব্বল্য বোধ ও পৈশিক দুর্ব্বলতা, শিরঃপীড়া, বিবমিষা, সামান্য প্রকার উদরাময়, শীত, তন্দ্রা ও গ্রীবার আড়ষ্টতা বোধ। তৎপরে তালু-পার্শ্বগ্রন্থি প্রদাহিত ও স্ফীত হয়; চোয়ালের নিম্নস্থ গ্রন্থিতে বেদনা ও প্রদাহ, আলজিহ্বা, গলকোষ ও তৎসন্নিকটস্থ শ্লৈষ্মিক ঝিল্লীতে প্রসারিত হইয়া পড়ে। গলাধঃকরণে কষ্ট। যদি প্রদাহ প্রশমিত হইয়া রোগ আরোগ্যোন্মুখ না হয়, তাহা হইলে গঠনোপযোগী (প্লাষ্টিক) সূত্রীণ পদার্থের স্রবণ হইতে থাকে। ইহা প্রথমে কোমলতালু ও নাসা পরিখায় (নেজাল ফসি) অথবা তালুপার্শ্বগ্রন্থি বা গলকোষের (ফ্যারিংস) পশ্চাৎভাগে প্রকাশিত হয়। স্রবিত রস দেখিতে পাংশুবর্ণ দাগের ন্যায়, উহা বর্দ্ধিত ও পরস্পর সম্মিলিত হইয়া বড় বড় হয় ও দৃশ্যে মলিন, ধৌত চর্ম্মের ন্যায় দেখায়। রোগের বৃদ্ধির সঙ্গে এই কৃত্রিম ঝিল্লী আকৃতিতে বড় ও অধিক পুরু হইতে থাকে এবং

উহা শ্লৈষ্মিক ঝিল্লীতে দৃঢ়রূপে আবদ্ধ হয়। যদি বলপূর্ব্বক উহা ছিঁড়িয়া ফেলা যায়, তাহা হইলে আবার নূতন উৎপন্ন হয়। উহা মাড়িতে ও কপোলাভ্যন্তরে, অন্নবহনলীতে বা স্বরযন্ত্রের ভিতর দিয়া কণ্ঠনালীতে প্রসারিত হইয়া পড়ে। যখন এই কৃত্রিম ঝিল্লী বিদূরিত ও পচিতে আরম্ভ হয়, তখন নিশ্বাসে ভয়ানক দুর্গন্ধ হয় উহা বিদূরিত হইবার পর তৎস্থানে ক্ষত হয় ও তাহাতে পচন সমুপস্থিত হইতে পারে আবার তন্তু সকল ক্রমশঃ সুস্থাবস্থাপন্ন হইতেও পারে। প্রকৃত ঝিল্লীক প্রদাহের ঝিল্লী, চর্ম্মের ক্ষত স্থানে, চক্ষুর শ্লৈষ্মিক ঝিল্লীতে বা যোনিদ্বারে অথবা সরলান্ত্রের শ্লৈষ্মিক ঝিল্লীতেও কখন কখন উৎপন্ন হইয়া থাকে সার্ব্বাঙ্গিক লক্ষণ প্রথমে সামান্য প্রকার থাকে, কিন্তু শীঘ্রই অস্থিরতা ও অবসন্নতা প্রাদুর্ভূত হয় জ্বর, নাড়ী দ্রুত, মুখ দিয়া লালাস্রাব, দুর্গন্ধ শ্বাস, খাদ্য ও শ্রম করিতে অনিচ্ছা গিলন ক্ষমতা প্রায়ই থাকে নাসা, মুখগহ্বরের পশ্চাদ্ভাগ ও বায়ুনলী হইতে রক্তস্রাব কখন কখন হয় আণ্ডলালিক মূত্র ও চর্ম্মে কালশিরা অবসন্নতা, রক্তস্রাব, পূয়াত্মক রক্ত, পচন বা শোথ কিম্বা শ্বাসরোধ বশতঃ রোগীর মৃত্যু হয় রোগী বরাবর সজ্ঞান থাকে আরোগ্য হইলে দুর্ব্বলতা ও রক্তহীনতা আদি অনেক দিন পর্য্যন্ত থাকে।

চিকিৎসা।—ক্লোরিনেটেড অব্ সোডার উগ্র দ্রব স্থানিক প্রযোজ্য পচন উপস্থিত হইলে ক্লোরিণ সলিউসন, হাইড্রোক্লোরিক এসিড স্থানিক ব্যবহার্য্য আইয়োডিন ইনহেলেসন ট্যানিন স্প্রে বরফ খণ্ড রোগের প্রারম্ভে চুষিতে দিবে রোগারোগ্যের পরবর্ত্তী পক্ষাঘাতে ষ্ট্রীকনিয়ার অধস্ত্বাচ প্রক্ষেপ

এসিড ভেপার (ভিনিগার ২৩ আউন্স ও ফুটিত জল ১ পাইন্ট) টিংচর অব্‌ পারক্লোরাইড অব্‌ আয়রণ ও গ্লিসিরিণ ও কার্ব্বলিক এসিড স্থানিক প্রয়োগ্য কবল—পারক্লোরাইড অব্‌ আয়রণ ১—২ ড্রাম, জল ৭ আউন্স পারম্যাঙ্গানেট অব পটাশ, কার্ব্বলিক এসিড ও আইয়োডিন গার্গেল সলফেট অব্‌ সোডা সলিউসন সলফরস্‌ এসিড স্প্রে বাষ্পক, হাইড্রোক্লোরিক এসিড অনেকে স্থানিক ঔষধ প্রয়োগের বিপক্ষ। সাধারণ ঔষধের মধ্যে ইপিকাক ও কার্বনেট অব্‌ এমোনিয়া দ্বারা বমন করাইবে, ২৮০ বমনার্থে এপোমর্ফিন তৎপরে খ্যাম্পেনাইন ড্রিঙ্ক, ২৯২, ২৯৩ রোগী দুর্ব্বল হইয়া পড়িলে ও রক্তস্রাব হইবার উপক্রমে পারক্লোরাইড অব্‌ আয়রণ ও কুইনাইন ১৭৬। সোডিয়ম বেন্‌জোয়েট, সোডিয়ম হাইপোসলফাইট বাহ্যিক ও আভ্যন্তরিক। পেপের আটা। গ্লিসরিণ অব্‌ বোরিক এসিড। ফাইব্রিনের ক্লট হইবার উপক্রমে এমোনিয়া ও বার্ক ১৮৩, ১৮৪। আইয়োডাইড্‌ অব্‌ পটাসিয়ম ও ক্লোরেট অব্‌ পটাস ক্লোরেট অব্‌ পটাশ ড্রিঙ্ক দুগ্ধ, মাংসের যূষ, মদ্য, ডিম্ব, ব্র্যাণ্ডি ও জল, স্যাম্পেন, লিমনেড্‌, বরফ বেলেডোনা, আর্সেনিক রোগীর বাসগৃহ পরিষ্কার হওয়া ও তাহাতে দুর্গন্ধনাশক দ্রব্য ছড়াইয়া দেওয়া উচিত কোষ্ঠবদ্ধ না থাকিলে বিরেচক দিবে না। বিরেচকের মধ্যে ক্যাষ্টর অয়েল এবং ক্যালোমেল ও জেলাপ মূত্র অল্প অল্প হইতে থাকিলে কোমরে মসিনার উষ্ণ পুল্‌টিস, সিনাপিজম। এই রোগে শ্বাস নিঃসৃত হইয়া শ্বাসরোধের উপক্রম হইলে উত্তেজক বমন দিবে তাহাতে কার্য্যসিদ্ধি না হইলে ট্রেকিয়োটমী করিবে। ক্লোরোফর্ম ইন্‌হেলেশন সিমি-

বার অত্যন্ত কষ্ট উপস্থিত হইলে পীচকারি দ্বারা ঔষধ ও খাদ্য দিবে। রোগ কিঞ্চিৎ আরোগ্য হইলেই স্থান পরিবর্ত্তন এবং কুইনাইন ও লৌহঘটিত ঔষধ ব্যবস্থেয় সায়ানাইড অব্ মার্কারী $\frac{১}{২০}$—$\frac{১}{১০}$ বা ক্যালোমেল।

---

৫৪ ## ইনফ্লুয়েনজা—বহুব্যাপী সর্দ্দিজ্বর।

বহুব্যাপক অসুস্থতা, তৎসহ বিশেষ দুর্ব্বলতা, শীত, চক্ষু ও নাক দিয়া জলপড়া, সম্মুখ কপালে বেদনা, কাসি, অস্থিরতা ও জ্বর বর্ত্তমান থাকে।

লক্ষণ —শীত বা কম্প, পরে চর্ম্ম উওপ্ত ও শুষ্ক, চক্ষুর নিকটে অত্যন্ত কণ্‌কণে বেদনা, নাক দিয়া জলপড়া ও হাঁচি, মুখগহ্বরের পশ্চাদ্ভাগে বেদনা, স্বরভঙ্গ, ক্লেশদায়ক কাসি, শ্বাসকষ্ট পৃষ্ঠে ও অঙ্গাদিতে বেদনা, আস্বাদের বিকৃতি, তৎসহ পাকাশয়ের বিশৃঙ্খলা। স্নায়বীয় ও পৈশিক দুর্ব্বলতার চিহ্নাদি কখন কখন ইহার সঙ্গে ফুসফুস্ ও বায়ুনলীভুজ-প্রদাহ হয়। রোগের পরিণামে অধিক মল, মূত্র বা স্বেদ নিঃসৃত হইয়া থাকে।

চিকিৎসা।—একোনাইট ও য়্যাক্‌টিয়া রেসিমোজার অরিষ্ট সেবনে বিশেষ উপকার লব্ধ হইয়াছে। সল্‌ফরস এসিডের ফিউমিগেশন বা ইন্‌হেলেসন্ কম্পাউণ্ড ইপিক্যাক পাউডার ৫—১০ গ্রেণ, রাত্রিতে এসিটেট বা সাইট্রেট অব্ এমোনিয়া ইথর সহ ভাইনম ইপিক্যাক ও সিরপ অব্ হেমিডিস্‌মিস ২৮৭, ৩১২। এমোনী কার্ব ও ডিকক্‌সন্ সেনেগা ৩০১।

টিংচর ক্যাম্ফর কম্পাউণ্ড; ক্যাম্ফর ও একষ্ট্রাক্ট হায়সায়ামাস ৩১৮। বক্ষে মষ্টার্ড প্লাষ্টর; গলার অভ্যন্তরে উষ্ণ বাষ্প লাগান, কার্ব্বলিক স্প্রে বা গার্গল। অবসন্নতার লক্ষণ প্রকাশিত হইলে এমোনিয়া, ব্রাণ্ডি প্রভৃতি দিবে। দুগ্ধ, ডিম্ব, বার্লি-ওয়াটর, মাংসের যূষ প্রভৃতি পথ্যার্থ বিধেয়। রোগারোগ্যের পরবর্ত্তী দুর্ব্বলতায় বার্ক ও ফস্‌ফরিক এসিড ডিল্‌, কুইনাইন সহ লৌহঘটিত ঔষধ। উষ্ণ বাষ্প-স্নান, উষ্ণ জলের স্পঞ্জিং।

হুপিং কফ্—হুপশব্দক কাসি।

এক প্রকার সংক্রামক পীড়া, প্রধানতঃ বালকদিগেরই হয়। একবার হইলে আর হয় না। অল্প জ্বর, বমন, প্রথমে সর্দ্দি পরে কাসি হয়। এই কাসির প্রকৃতি অন্যরূপ অর্থাৎ ইহা থাকিয়া থাকিয়া হয় ও তাহার সহিত হুপ হুপ শব্দ মিশ্রিত থাকে। রোগের স্থিতি ২ বা ৩ সপ্তাহ হইতে ২।৩ মাস পর্য্যন্ত হইতে পারে।

লক্ষণ।—জ্বর, থাকিয়া থাকিয়া কাসির আক্রমণ, নাক দিয়া সর্দ্দি নিঃসরণ ও তদ্ধেতু অস্থিরতা, চর্ম্ম উষ্ণ, বক্ষে ক্লেশ বোধ। জ্বর ছাড়িয়া গেলে কাশিতে কর্কশ বা হুপ শব্দ শ্রুত হয়। কাসির আক্রমণ রোগী জানিতে পারিয়া ভীত হয়। কাসিতে কাসিতে শ্বাস-রোধের ন্যায় হইয়া থাকে, কিছুক্ষণ পরেই রোগী আবার প্রকৃতিস্থ হয়। যদি কাসির আক্রমণের অবসান সময়ে বমন হইয়া যায়, তবে রোগী পুনরায় আহার করিতে ইচ্ছা প্রকাশ করে। কখন ঘণ্টায়

কখন বা দিনে ২৩ বার কাসির আক্রমণ উপস্থিত হয় আনু-ষঙ্গিক রোগের মধ্যে হাম, বসন্ত, ফুসফুস ও বায়ুনলীভুজ-প্রদাহ, উদরাময়, মস্তিষ্ক পীড়াদির সঙ্গে ইহা সমুপস্থিত হইতে পারে। কাসি অত্যন্ত অধিক হইলে নাসিকা, কর্ণ বা মুখ দিয়া রক্তস্রাব বা কর্ণকুহরের ঝিল্লী বিদীর্ণ হয় চক্ষুর শ্বেতাংশে রক্তক্ষরণ বা কালশিরা ফুসফুস প্রদাহ প্রাদুর্ভূত হইলে প্রায়ই সাংঘাতিক হয়। আক্ষেপ, ও মস্তিষ্কোদক ইহার আনু-ষঙ্গিক রোগ।

চিকিৎসা। তরুণ অবস্থা তিরোহিত হইলে য়্যালম ২—৬ গ্রেণ, মধু বা গ্লিসিরীণ সহযোগে-২৩ ঘণ্টান্তর প্রযুক্ত হইলে উপকার দর্শে অল্প মাত্রায় টিংচর ক্যানেবিস ইণ্ডিকা ব্যবহারে সুফল উপলব্ধি হয়। কার্ব্বনেট অব্ পটাশ ১—২ গ্রেণ মাত্রায়, ক্লোরাইড অব্ এমোনিয়ম, আর্গট, কোনিয়ম, লোবিলিয়া, মস্ক, বেলেডোনা, জেলসিমিয়ম ভেলিরিয়ান ও জিঙ্ক ট্যানিন স্থানিক, গলাভ্যন্তরে। পল্‌সেটিলা ১ মিনিম বা ইহার বীর্য্য এনিমোনিন অর্দ্ধ বা ১ গ্রেণ মাত্রায় সেব্য। ক্লোরোফর্ম্ম, লডেনম বা মর্ফিয়া গ্লিসিরিণ সহ অবলেহ উপকারী।

বমনকারক ঔষধ ২৭৬, এপোমর্ফিন টিংচর অব্ স্কুইল ও ক্যাম্ফরেটেড টিংচর অব্ ওপিয়ম। এমোনিকার্ব্ব ও সেনেগা ৩০১ ভাইনম ইপিকাক ও সিরপ প্যাপেভেরিস, ৩০৪। সলফেট অব্ জিঙ্ক ও বেলেডোনা, ১৪৩ এমোনিয়া, ইথর ও হাইড্রোসিয়ানিক এসিড, ১৩৭। মনোব্রোমেট অব্ ক্যাম্ফর। পৃষ্ঠবংশে বেলেডোনা, ক্লোরোফর্ম্ম, ক্যাম্ফর ও সোপ লিনিমেণ্ট একত্রে মালিশ করিতে দিবে নাইট্রিক এসিড ড্রিল, ১৬৯।

ব্রোমাইড অব্ এমোনিয়ম, ৪২৭। ব্রোমাইড অব্ পটাসিয়ম, ৪০৯, ৪২২ হাইড্রেট অব্ ক্লোরাল, বিউটিল ক্লোরাল ৪২৩ নাইট্রেট অব্ সিলভর লোশন গলাভ্যন্তরে লাগান অত্যন্ত অধিক পরিমাণে শ্লেষ্মা উঠিতে থাকিলে য়্যালম, সল্‌ফেট অব্ জিঙ্ক, সল্‌ফিউরিক এসিড ডিল ও বার্ক, গ্যালিক এসিড ইত্যাদি প্রযোজ্য রোগ প্রাচীনাকার ধারণ করিলে পৌষ্টিক ঔষধ, কডলিভর অয়েল, ও বায়ু পরিবর্ত্তন বিধেয় আক্ষেপ নিবা-রণার্থ ক্লোরোফর্ম্ম আঘ্রাণ এমিল নাইট্রেস।

মম্পস্—প্যারোটাইটিস।

কর্ণমূলগ্রন্থি প্রদাহ

কর্ণমূলস্থ লালা গ্রন্থিতে এক প্রকার প্রদাহ হয়

লক্ষণ—শীত, অল্প জ্বর, অঙ্গে বেদনা, এক বা দুই দিকের কর্ণমূলগ্রন্থি স্ফীত ও বেদনান্বিত হয় ৪ দিনে রোগের পূর্ণাবস্থা হয়, তৎপরে উপশমিত হইতে থাকে কদাচিৎ পাকিয়া উঠে কখন কখন রোগের সময় বা উপশমকালে স্তন বা অণ্ডকোষ স্ফীত হয়

চিকিৎসা।—পো পাউডার ও পোস্ত মাখায় দিবসে ৩৪ বার ব্যবহার করিলে বেদনা ও স্ফীতত্তা উপশমিত হয়। একোনাইট ও বেলেডোনা জ্বর সত্ত্বে ব্যবহার্য্য। কোষ্ঠবদ্ধ থাকিলে মৃদু বিরেচক, জ্বর নিবারণার্থ স্বেদজনক ও মূত্রকারক ঔষধ জেবরাণ্ডি উপকারী। ফ্লানেল দ্বারা উষ্ণ জল সেক, টিংচর অব্ আইয়োডিন পেণ্ট, বেলেডোনা ক্লোরেট অব্ পটাশ,

কুইনাইন, টিংচর সিনকোনা কম্পাউণ্ড, টিংচর ফেরিপারক্লোরাইড, নাইট্রোমিউরিএটিক এসিড ডিল ইত্যাদি ঔষধ প্রযোজ্য এণ্টিসেপ্টিক গার্গলও উপকারী

গ্লান্ডর্স এণ্ড ফার্সী।

এক প্রকার স্পর্শাক্রামক ও সাংঘাতিক জ্বর বিশেষ, এইরূপ রোগের বিষ পীড়িত অশ্বাদির শরীর হইতে মানব-দেহে প্রবিষ্ট হয় প্রোক্ত দ্বিবিধ পীড়াই একরূপ, কিন্তু নাসারন্ধ্রে রোগ জন্মিলে তাহাকে গ্লাণ্ডর্স এবং আচূষক নাড়ীমণ্ডলে জন্মিলে ফার্সি কহে

চিকিৎসা —সল্‌ফরস এসিড, সল্‌ফাইট অব্ ম্যাগ্নিসিয়া আইয়োডাইড অব্ পটাশিয়ম ও টিংচর সিনকোনা কম্পাউণ্ড কুইনাইন, ষ্ট্রীকনিয়া, আর্সিনিক এমনকার্ব্ব প্রভৃতি উত্তেজক ঔষধ, পুষ্টিকারক খাদ্য স্থানিক—ক্লোরাইড অব্ জিঙ্ক লোশন, সলিউসন অব্ পারমান্‌গানেট অব্ পটাশ, কার্ব্বলিক এসিড, ক্রিয়েজোট ভেপার বাথ ক্লোরিনেটেড সোডা, পটাশ বাইক্রমেট, সল্‌ফর আইয়োডাইড

ম্যালিগ্‌নাণ্ট পষ্টিউল্ বা সাংঘাতিক পূযবটী।

গবাদির শরীর হইতে মনুষ্য দেহে সংক্রামিত হয়

লক্ষণ —শরীরের বাহ্য প্রদেশে উদ্ভেদ বা পীড়কা প্রকাশিত হইয়া উহা স্ফীত ও বিবর্ণ হয় অত্যন্ত প্রবল প্রদাহ, সাতিশয় স্ফীততা, কাঠিন্য; জীবনী শক্তির অবসন্নতা

বা বিধান বিনাশ, বিবর্ণতা, দুর্গন্ধ শ্বাস, শ্বাসকৃচ্ছ্র, চৈতন্যশক্তি-বিহীনতা সার্ব্বাঙ্গিক রক্তবিষাক্তের লক্ষণ সহ রোগীর মৃত্যু হয়

চিকিৎসা।—ক্ষত কাটিয়া যথা—পটাশ ফিউজা, এসিড নাইট্রেট অব্ মার্করী ও অগ্নি দ্বারা পোড়াইয়া দেওয়া তৎপরে কার্ব্বলিক এসিড দিবে সেবনার্থ—কুইনাইন ও ষ্টীল, ১৭৬, কুইনাইন ও মিনারেল এসিড্স ১৬৭, ১৯৩, ১৯৪ ষ্টীল ও ক্লোরেট অব্ পটাশ, ১৮৯ সলফাইট অব্ সোডা ও ম্যাগ্নিসিয়া ব্রাণ্ডি, এমোনিয়া, ইথর, দুগ্ধ, ডিম্ব, মাংসযুষ

হাইড্রোফোবিয়া—জলাতঙ্ক।

উন্মত্ত জন্তুর লালা মানব-দেহে প্রবিষ্ট হইলে এই রোগ জন্মে। সাধারণতঃ শৃগাল, কুক্কুরাদি খেপিয়া উঠিয়া যাহাকে দংশন করে, তাহারই এই রোগে আক্রান্ত হইবার সম্পূর্ণ সম্ভাবনা থাকে বিষ রক্তে প্রবিষ্ট হওয়ার ৩০ দিন হইতে কয়েক মাসের মধ্যে রোগ প্রকাশিত হইতে পারে রোগাক্রমণের পর ৩ ৪ দিনেই প্রায় রোগী মরিয়া যায়

লক্ষণ।—গলকোষ ও বক্ষের পেশি সমূহে আক্ষেপ, উদর-বক্ষঃ ব্যবধায়ক (ডায়াফ্রেম) পেশীর আক্ষেপিক ক্রিয়া, তরল পদার্থে সাতিশয় ভয় জল পান করাইলে বা বায়ু-প্রবাহ সংস্পর্শে আক্ষেপাদির বৃদ্ধি হয় মুখ দিয়া গাঢ় লালা নিঃসরণ হইতে থাকে অস্থিরতা, উৎকণ্ঠা, প্রলাপ ও অবসন্নতা

চিকিৎসা।—উন্মত্ত কুকুর বা কোন জন্তুতে (শৃগালাদি) দংশন করিলে তৎস্থান কষ্টিক পেন্সিল, কার্ব্বলিক এসিড, নাইট্রিক এসিড, বা উত্তপ্ত লৌহ শলাকা দ্বারা দগ্ধ করিবে। দংশিত স্থান হইতে চর্ম্মাদি উত্তোলন করিয়া ফেলিতে কেহ কেহ বলেন। জলাতঙ্ক রোগ উপস্থিত হইলে এট্রপিন বা মর্ফিয়ার সব্কিউটিনিয়স ইন্জেক্সন। সলিউসন অব্ সলফাইট বা হাইপো সলফাইট অব্ সোডা বা ম্যাগনিসিয়া সেবন ও মলদ্বারে পীচকারি। শিরাভ্যন্তরে এমোনিয়ার পীচকারী। সল্ফর ফিউমিগেশন। বরফ সেবন ও পৃষ্ঠবংশে স্থানিক প্রয়োগ। অধিক পরিমাণে ঈষদুষ্ণ জল মলদ্বারে পীচকারি দিলে তৃষ্ণা নিবারণ হইতে পারে। ওপিয়ম অধিক মাত্রায়, বেলেডোনা, ইণ্ডিয়ান হেম্প, কুরারী। ক্লোরোফর্ম সেবন ও আঘ্রাণ। হাইড্রেট্ ক্লোরাল, ব্রোমাইড বা আইওডাইড অব্ পটাসিয়ম, ষ্ট্র্যামোনিয়ম, বা ধুতুরা, জেবরাণ্ডি গুলির ধূমপান। পৃষ্ঠবংশে বেলেডোনা, এমোনিয়া ও ক্লোরোফর্ম্ম লিনিমেণ্ট। নাইট্রেট অব্ এমিল, নাইট্রোগ্লিসিরিণ। ঘৃত সেবন উপকারী বলিয়া কথিত হয়। মেষলোম ও তুলার বীজ সেবনে বিষ নষ্ট হয় বলিয়া প্রবাদ আছে।

ম্যালিগন্যাণ্ট কলেরা—ওলাউঠা।

বহুব্যাপক পীড়া, কয়েক ঘণ্টার মধ্যেই প্রায় সাংঘাতিক হয়। এই রোগে সাতিশয় অবসন্নতা, শরীরের বাহ্য প্রদেশ শীতল ও নীলবর্ণ, বমন, ভেদ, মূত্রানুৎপত্তি, উদর ও হস্ত পদাদির পেশীতে আক্ষেপ। কখন কখন রোগ প্রকাশের পূর্ব্বে সামান্য উদরাময় থাকে, কিন্তু সাধারণতঃ হঠাৎ রোগ প্রকাশিত হয়।

লক্ষণ।—তিন অবস্থা—১ম, ভেদ বমন, তদ্দ্বারা বোধ হয়, দেহ হইতে বিষ বিদূরিত হয়। ২য়, তদ্ব্যতীত কনীনিকা কুঞ্চিত, আক্ষেপ, খাল, শরীরের শীতলতা ও পর্য্যায়িক নাড়ী স্পন্দন। ৩য়, মূত্রস্রাব-রোধ ও হিমাঙ্গ। অত্যন্ত ভেদ বমন; ভেদ জলবৎ বা চালুনী জলের ন্যায় হয়। উহাতে অধিক পরিমাণে ইপিথিলিয়ম ও অল্প আণ্ডলালিক পদার্থ থাকে, তদ্ভিন্ন অতি সামান্য পরিমাণে পিত্ত ও অধিক পরিমিত লবণ থাকে সাতিশয় পিপাসা, রক্ত সঞ্চালন মৃদু ও শ্বাস বাধা প্রাপ্ত, সাতিশয় অবসন্নতা, সর্ব্ব শরীর তুষারবৎ শীতল, চর্ম্ম ও ওষ্ঠাধর নীলবর্ণ, স্বরভঙ্গ বা অস্বাভাবিক স্বর, মুখাকৃতি সংকুচিত, চক্ষু কোঠরপ্রবিষ্ট, কনীনিকা সংকুচিত ও সঞ্চরণবিহীন। পেটে জ্বালা ও বেদনা, নাড়ী সূত্রবৎ বা অস্পষ্ট বা বিলুপ্ত, ও রক্তসঞ্চালন স্থগিত হয় জ্ঞানের কোন বৈলক্ষণ্য প্রায়ই হয় না। ১৮ ঘণ্টা বাঁচিয়া থাকিলে পরে রোগোপশমের লক্ষণ দৃষ্ট হয়। নাড়ীস্পন্দন পুনরায় অনুভূত হয় ও মলের সঙ্গে পিত্ত দেখা যায় প্রস্রাব না হইলে বিকার উপস্থিত হয়। তাহাতেই রোগী মৃত্যু-কবলিত হয় মৃত্যুর পূর্ব্বে শিরঃপীড়া, তন্দ্রা, খেঁচুনি, জ্ঞানহীনতাদি প্রাদুর্ভূত হয় কাহার কাহার শেষে প্রতিক্রিয়ার সময় জ্বর হয়, তাহা হইতে কেহ কেহ আরোগ্য ও কেহ কেহ বা মৃত্যুমুখে নিপতিত হয়।

এক প্রকার কীটাণু হইতে এই পীড়া উৎপন্ন হয়।

চিকিৎসা—রোগের সূত্রপাতে স্যাচুরেটেড স্পিরিট অব্ ক্যাম্ফর ধন ২ প্রয়োগ মহোপকারী লাইকর আর্সিনিক্যেল

$\frac{1}{2}$ বা ১ ফোটা মাত্রায় বমন নিবারণার্থ ও হিমাঙ্গাবস্থায় প্রয়োগ করিলে বিশেষ উপকার লাভ করা যায় স্পিরিট অব্ ক্যাম্ফর ৬ ফোটা মাত্রায় রোগের প্রারম্ভে ১০ মিনিট অন্তর রোগোপশম না হওয়া পর্য্যন্ত ব্যবহার করিবে। তৎপরে এক ঘণ্টান্তর উহা সেবন করাইতে হইবে শৈশব বিসূচিকায় গ্রে পাউডার সিকি গ্রেণ প্রতি ঘণ্টান্তর ব্যবহারে উপকার দর্শে অতি অল্প মাত্রায় লডেনম ও শ্বেতসারের মিউসিলেজ একত্রে মলদ্বারে পীচকারী দিলে উক্ত ঔষধের ক্রিয়ার সাহায্য হয় হিমাঙ্গাবস্থায় $\frac{1}{8}$—$\frac{1}{4}$ গ্রেণ মর্ফিয়া বা তৎসহ ক্লোরাল হাইড্রেট অধস্ত্বাচ প্রক্ষেপরূপে প্রযুক্ত হইলে বিশেষ উপকার করে প্রথমাবস্থায় ক্লোরোডাইন পিপাসা ও বমন নিবারণ ও উত্তেজনার্থ ব্রাণ্ডি ও বরফ জল

এই রোগের চিকিৎসায় বিবিধ ঔষধ ব্যবহৃত হইয়াছে। কিন্তু ইহার প্রকৃত আরোগ্যকর কোন ঔষধ এপর্য্যন্ত স্থিরী-কৃত হয় নাই নিম্নলিখিত ঔষধ সমূহে প্রায়ই উপকার দর্শে। সিড্‌লিজ পাউডার, ৩৫৩ ; সোডি ক্লোরাইড ও পটাশী ক্লোরাস, ২৯১ পিপাসা নিবারণার্থ সোডা ওয়াটর, লিমনেড, শীতল জল, বরফ, লিনসিড্ টি বমন ও পাকা-শয়ের উদ্দীপনা নিবারণার্থ পাকাশয় প্রদেশে মষ্টার্ড ক্যানে-বিস ইণ্ডিকা, ৯৮ ক্লোরোফর্ম্ম ও ইথর—৩, ৯৮ স্পিরিট এমোনী য্যারোমেটীক ও ইথর, ২ হস্তপদদ্বয় শীতল হইলে ও হিমাঙ্গের সময় তার্পিণ তৈল ও শুঁট চূর্ণ প্রভৃতি দ্বারা সর্ব্বাঙ্গ মর্দ্দন করিবে হিমাঙ্গের সময় বা প্রাক্কালে নানা প্রকার অস্থায়ী উত্তেজক বিধান করিবে কার্বলিক এসিড অর্দ্ধ গ্রেণ, টিংচার আইয়োডিন ২ মিনিম প্রতি ঘণ্টান্তর ক্যাপথালিন,

ফাইজষ্টীগমাইন, পডোফিলিন, ওলিয়ম রিসিনি, ষ্ট্রীকনিয়া। কুপ্রাই সল্‌ফ, কার্বলিক এসিড ও বিসমথ ক্যালোমেল উৎকৃষ্ট আন্ত্রিক পচননিবারক ভেদ নিবারণের জন্য ডক্ রিক্‌শচর, ২১৪, ২১৫, ওপিয়ম—১৩৩, ১৩৪, ১৩৬; গ্যালিক এসিড, ২১৮; প্লম্বাই এসিটাস, ২২৫; বিসমথ ও মর্ফিয়া, ২৩৪; পল্‌ভ ক্রিটী য়্যারোমেটীক কম্ ওপিয়ো, ২৩২। যতক্ষণ পর্য্যন্ত মলে পিত্ত দৃষ্ট না হয়, ততক্ষণ ২ হইতে ১০ গ্রেণ মাত্রায় ক্যালোমেল এক বা দুই ঘণ্টান্তর দিবে রোগীর গৃহে কার্বলিক এসিড ছড়াইয়া দিবে সলফরস এসিড গ্যাস বা গন্ধকের ধূম দেওয়া রোগের প্রথমাবস্থা ভিন্ন অন্যাবস্থায় অহিফেন নিষিদ্ধ। স্পিরিট অব্ ক্যাম্ফর প্রথমাবধি দিবে টিং ভিরেট্রম এলব্ কেহ কেহ বলেন যে, এই রোগে ভেদবমন বন্ধ করা উচিত নহে। শিরা মধ্যে এমোনিয়া ও অন্যান্য ক্ষার দ্রব্যের পীচকারি। এট্রপিয়ার হাইপোডার্ম্মিক পীচকারী হিমাঙ্গে মূত্রস্রাব করণার্থ কোমরে ড্রাই কপিং, বেলেডোনা, ক্লোরোফর্ম্ম ও সোপ লিনিমেণ্ট মর্দ্দন, ভূসীর পুলটীস, উষ্ণজল সেক সেবনার্থ বেনজোয়েট অব্ এমোনিয়া, স্পিরিট ইথরিস নাইট্রোসাই, লিন্‌সিড্ টি, দুগ্ধ ও জল, ক্লোরেট অব্ পটাশ, নাইট্রেট অব্ পটাশ, টিংচর ক্যান্থেরাইডিস। রোগান্তে—কুইনাইন প্রভৃতি বলকারক। পথ্যার্থ প্রথমে সাগু, য়্যারারুট, বেলশুটার ঝোল, গন্ধভাদালের ঝোল, পরে অন্নমণ্ড, দুগ্ধ, অন্ন, মৎস্যের ঝোল, তরকারি, মাংসের ঝোল ও পোর্ট প্রভৃতি দিবে পীড়ার প্রাদুর্ভাব কালে বিশুদ্ধ পানীয় জল ব্যবহার অতীব আবশ্যক। জল সিদ্ধ করিয়া ও ছাকিয়া পান করা উচিত।

ইয়েলো ফিবর বা পীতজ্বর।

ইহা এক প্রকার তরুণ ও বিশেষ গুরুতর পীড়া ইহার সঙ্গে কামল, প্রবল শিরঃপীড়া ও কৃষ্ণবর্ণ পদার্থ বমন হয়। স্ত্রীলোক অপেক্ষা পুরুষদের এই রোগ অধিক হয়। ইহা এক প্রকার বিশেষ বিষোদ্ভূত ও সম্ভবতঃ সংক্রামক। ভারত-বর্ষে হইতে দেখা যায় না।

লক্ষণ প্রথমে ক্ষুধাভাব, আলস্য, শিরোঘূর্ণন, শিরঃ-পীড়া, মানসিক অবসন্নতা প্রকাশিত হয় তৎপরে শীত, চর্ম্ম উষ্ণ, নাড়ী দ্রুত, চক্ষু আরক্ত ও বেদনান্বিত, ও মুখমণ্ডল আরক্তিম হয় পৃষ্ঠে ও অঙ্গে বেদনা, বড় বড় সন্ধিতে বেদনা, পাকাশয়ের উগ্রতা, চাপে স্পর্শাসহ্যতা, বিবিমিষা, বমন, উদ্গার পিপাসা, কোষ্ঠবদ্ধ, মল পিত্তবিরহিত কষ্টকর অস্থিরতা, মানসিক উৎকণ্ঠা, অনিদ্রা, প্রলাপ প্রস্রাব রুদ্ধ বা সরক্ত হয়। বাগি বা কোন স্থানে পচন আক্ষেপ ও জ্ঞানহীনতা ইত্যাদি স্থিতিকাল সাধারণতঃ ৩ হইতে ৯ দিবস তিন জনের মধ্যে একজন মরে

চিকিৎসা।—রোগী শয্যায় শয়ন করিয়া থাকিবে পথ্যার্থ যব, য্যারোরুট, সাগু, দুগ্ধ, চুণের জল, শীতল জল, চা, বরফ, লিমনেড, ব্রথ, বিফ্‌টী বিরেচক—পডোফিলিন, ক্যালো-মেল, সল্‌ফেট অব্ ম্যাগ্নিসিয়া, জেলাপ ও সেনা অধিক মাত্রায় কুইনাইন ব্যবহার সর্ব্ববাদি-সম্মত নহে তার্পিণ তৈলের পীচকারি কেহ কেহ ব্যবস্থা করেন বিরেচনের পর কুইনাইন ও বার্ক বা টিংচর ফেরিপারক্লোরাইড ও মিনারেল এসিড, ১৭৬, ১৯৩, ১৯৪ নাইট্রোমিউরিয়েটীক এসিড ডাইলিউট বমন

নিবারণের জন্য ক্লোরোফর্ম, ক্লোরোডাইন, মর্ফিয়া, একষ্ট্রাক্ট বেলেডোনা ; লাইম ওয়াটার, অয়েল টর্পেণ্টাইন ব্লিষ্টার ও মষ্টার্ড প্লাষ্টার, পায়ের ডিমে ছিদ্রাঙ্গ হইলে উত্তেজক বেলেডোনা, আর্সিনিক, ক্যাম্ফর, ব্যাপ্টেবাইডিস্, ক্যাপ্‌সিকম, কার্ব্বলিক এসিড, ভেজিটেবল চার্কোল উত্তেজকের মধ্যে এই রোগে এমোনিয়া আদৌ দিবে না শ্যাম্‌পেন্ ও স্পার্ক্লি মসিলি নামক মদ্য উত্তে-জনার্থ দেওয়া যাইতে পারে জ্বরাতিশয্য নিবারণার্থ টিং একো-নাইট বা ভিরেট্রম ভিরিড অল্প মাত্রায় সোডা বেন্‌জোয়েট ও স্যালিসিলেট

সিম্পল কণ্টিনিউড্ ফিবার।

মৃদু পীড়া, ১ ১০ দিন থাকিতে পারে

লক্ষণ।—রোগী অকস্মাৎ আলস্য, গাত্রগুরতা, বিব-মিষা, ক্ষুধাভাব, শীত এবং পৃষ্ঠে ও অঙ্গে বেদনা দ্বারা আক্রান্ত হয়। কয়েক ঘণ্টা পরে চর্ম্ম উষ্ণ, নাড়ী দ্রুত, শিরঃপীড়া, পিপাসা, কোষ্ঠবদ্ধ ও মূত্রের স্বল্পতা হয় কখন কখন সামান্য প্রকার প্রলাপ লক্ষণাদি রাত্রিতে বৃদ্ধি, ৪র্থ দিনে বা তৎপরে স্বেদস্রাব বা উদরাময় প্রকাশিত হইয়া রোগীকে আরোগ্যোন্মুখ করে তৎপরে দুর্ব্বলতা থাকে

চিকিৎসা। জ্বরের উত্তাপাদি নিবারণার্থ লবণ ঘটিত বিরেচক, ৩৩১, ৩৫৩ অথবা একোনাইট, বেলেডোনা, জেল্‌সিমি-নিয়ম, স্যালিসিলিক এসিড স্বেদজনক মিশ্র, ২৮৭, ২৮৮ ২৮৯। দুর্ব্বলতার লক্ষণ প্রকাশিত হইলে বলকারক ঔষধ ও কুইনিন,

১৯৩, ১৮৪ স্থানিক রক্তাধিক্য বা প্রদাহ উপস্থিত হইলে তন্নিবারণ ও কোন বিশেষ বিপদ্‌জনক লক্ষণাদি উপস্থিত হইলে সত্বর তাহার প্রতিবিধানের উপায় করা কর্ত্তব্য। আবশ্যক অনুসারে মস্তকে শীতল জল সেচন, ঈষদুষ্ণ জল দ্বারা শরীর স্পঞ্জিং, লঘু পথ্য প্রভৃতি দিবে যখন শারীরিক বল-হ্রাস অত্যন্ত অধিক হইবে তখন পোর্ট, ব্রাণ্ডি, মাংসের যূষ প্রভৃতি দেওয়া কর্ত্তব্য

টাইফস ফিবার।

এক প্রকার স্পর্শ সংক্রামক জ্বর, সাধারণতঃ বহুব্যাপীরূপে প্রকাশ পায়। অন্নকষ্টের সময় হয়, ইহা দারিদ্র্যের সহচর স্থিতি-কাল ১৪ হইতে ২১ দিন

লক্ষণ —রোগবিষ দেহাভ্যন্তরে নীত হওয়ার ১ হইতে ১২ দিন পরে লক্ষণাদি প্রকাশিত হয়। চর্ম্ম শুষ্ক ও উষ্ণ, পিপাসা, চক্ষু ভারি, কোষ্ঠবদ্ধ, বোধ শক্তির অভাব, ও অবসন্নতা প্রভৃতি। সন্ধ্যাকালে উগ্রতা, অস্থিরতা, ও অনিদ্রা উদ্ভেদ ৭ম দিনের পূর্ব্বে কদাচ আবির্ভূত হয় বিশৃঙ্খল দাগ, ধূসর বা তুত ফলের বর্ণ বিশিষ্ট উদ্ভেদ, চাপিলে মিলাইয়া যায় এবং চর্ম্মের উপর উন্নত বলিয়া বোধ হয় জ্বরের শেষ পর্য্যন্ত উহারা প্রকাশিত থাকে কখন কখন উহা আদৌ বাহির হয় না প্রথম সপ্তাহে কর্ণে শব্দ বা বধিরতা, চক্ষু লাল বর্ণ, কোষ্ঠবদ্ধ, জিহ্বা শুষ্ক ও ঈষৎ পীতাভ, জাগরণশীলতা বা নিদ্রা, মূত্রাল্পতা, য়ুরিয়া বৃদ্ধি ক্লোরাইড হ্রাস, কখন কখন মূত্র আণ্ডলালিক, সময়ে সময়ে মূত্রাল্পতা ও তজ্জ-নিত বিকার দ্বিতীয় সপ্তাহে—সাতিশয় অবসন্নতা, পেশীর

আক্ষেপ, প্রলাপ ফুসফুস, ফুস্ফুসচ্ছদ বা বায়ুনলী-ভুজ প্রদাহ প্রাদুর্ভূত হইলে বিপদাশঙ্কা আরও বর্দ্ধিত হয় রোগোপশম মৃদুভাবে হয়, সাধারণতঃ ত্রয়োদশ বা চতুর্দ্দশ দিবসে আবদ্ধ হয়। কখন কখন রোগোপশম কালে অধিক নিদ্রা, স্বেদস্রাব, মূত্রস্রাব, বা উদরাময় উপস্থিত হয়। রোগ সাংঘাতিক হইলে মৃত্যু সাধারণতঃ দ্বাদশ হইতে বিংশতি দিবসের মধ্যে হইয়া থাকে পাঁচ জন এই রোগে আক্রান্ত হইলে এক জনের মৃত্যু হয় রোগীর বয়স অধিক হইলে আশঙ্কাও অধিক

চিকিৎসা। এই রোগ এক প্রকার বিশেষ বিষ দ্বারা সমুদ্ভূত হয় যেস্থানে এই রোগের প্রাদুর্ভাব হয়, তথাকার লোকদিগের সুপথ্য সেবন ও বিশুদ্ধ পানীয় ব্যবহার করা কর্ত্তব্য গৃহে সুগন্ধি ও পচন নিবারক দ্রব্য ছড়াইয়া দেওয়া উচিত রোগীকে পরিষ্কৃত গৃহে রাখিবে এবং তাহাতে বিশুদ্ধ বায়ু গমনাগমন করিতে পারে এরূপ উপায় বিধান করিবে। ক্লোরাইড্ অব্ লাইম ও ক্লোরাইড অব জিঙ্কের মৃদু ধাবন, আইয়োডিন, কার্ব্বলিক এসিড ও সলফরস এসিড গ্যাস প্রভৃতি দ্বারা গৃহের দুর্গন্ধ নিবারণ করিবে। গৃহে অগ্নি রক্ষা করাতেও বিস্তর উপকার হয়। এই রোগের একটী স্বাভাবিক গতি আছে, সেই গতি রোধ করা আমাদের সাধ্যায়ত্ত নহে কষ্টকর লক্ষণাদি নিবারণ জন্য ঔষধ প্রয়োগ কর্ত্তব্য কেহ কেহ অধিক মাত্রায় অর্থাৎ ৫ ১০ গ্রেণ পরিমাণে কুইনিন, ডাইলিউট সলফিউরিক এসিডের সঙ্গে ২ ৩ ঘণ্টান্তর, কর্ণে শব্দাদি প্রকাশিত না হওয়া পর্য্যন্ত ব্যবহার করিতে বলেন তৎসঙ্গে বিফ্‌টি, ব্রাণ্ডি ও মদ্যাদি দিবে রোগের প্রথমাবস্থায় ভাইনম ইপিক্যাক এক আউন্স, উষ্ণজলের সঙ্গে, অথবা ইপিক্যাক ও

কার্ব্বনেট অব্ এমোনিয়া দ্বারা বমন করাইবে তৎপরে কোষ্ঠবদ্ধ বিদূরিত করণার্থ ক্যাষ্টর অয়েল বা কম্পাউণ্ড জেলাপ বা রিউবার্ব্ব পাউডর দিবে এসিড ফস্ফরিক ডিল, এসিড্ হাইড্রোক্লোরিক ডিল্, এসিড নাইট্রিক ডিল, ১৬৯ য্যারোমেটীক সল্‌ফিউরিক এসিড ২০ ৩০ মিনিম মাত্রায় ৪ ৬ ঘণ্টান্তর। অবসন্নতার লক্ষণ প্রকাশ হইবামাত্রই উত্তেজক ঔষধ, ব্রাণ্ডি ক্লারেট এবং ফার্ম্মাকোপিয়ার ব্রাণ্ডি ও এগ্‌মিক্শ্চর অনিদ্রা ও অস্থিরতা বর্ত্তমানে ওপিয়ম প্রয়োগ করা যায়, কিন্তু ফুসফুসের কোন পীড়া বর্ত্তমান থাকিলে উহা ব্যবহারে বিশেষ সতর্ক হওয়া উচিত ওপিয়ম, হায়সায়মাস, ক্লোরাল ও ব্রোমাইড্ অব্ পটাসিয়ম দ্বারাও অস্থিরতা ও অনিদ্রা তিরোহিত হয় প্রলাপ ও মস্তিষ্কে রক্তাধিক্য থাকিলে মস্তকে শীতল জল, বরফ ও অন্যান্য শৈত্য প্রয়োগ ১১৯ শঙ্খদেশে ক্ষুদ্র ক্ষুদ্র ব্লিষ্টার চৈতন্য রাহিত্য অধিকক্ষণ স্থায়ী থাকিলে মস্তকে ও ঘাড়ে বড় ব্লিষ্টার দিবে আনুষঙ্গিক রোগ লক্ষণ উপস্থিত হইলে উত্তেজক ঔষধাদি প্রয়োগে বিরত হইবে না আনুষঙ্গিক রোগের চিকিৎসায় তত্তৎ রোগের চিকিৎসা প্রণালী অবলম্বন করিবে শরীরের বল হ্রাস না হইতে পারে, এতদুপযোগী পথ্যাদি দিবে জিহ্বা পরিষ্কারার্থ বেলেডোনা, প্রলাপ নিবারণার্থ ব্রোমাইড, এবং উত্তাপ হ্রাসার্থ কুইনাইন সেব্য অনিদ্রায় সলফোনাল প্রযোজ্য হৃৎপিণ্ডের দুর্ব্বলতায় ও ক্রিয়া-লোপাশঙ্কায় ষ্ট্রীকনিয়া, ডিজিটেলিস, ষ্ট্রোফ্যান্থস, কফিইন সাইট্রস, মস্ক আদি প্রযোজ্য।

টাইফয়েড ফিবার—আন্ত্রিক জ্বর

স্পর্শাক্রামক ও সংক্রামক জ্বর, শরৎকালে এক বিশেষ বিষের প্রভাবে উৎপন্ন হয়। জান্তব পদার্থ পচিয়া গেলে, নর্দ্দামাদি হইতে উত্থিত বাষ্প স্বাধীনভাবে বা পানীয় জলে মিশ্রিত হইয়া দেহে প্রবিষ্ট হইলে, এই জ্বর হয় ইহা ধনী ও দরিদ্র সকলকেই আক্রমণ করে স্থিতিকাল ৩০ দিন। অনেকের রোগ ২১ বা ২৮ দিনে পর্য্যবসিত হয় কখন কখন একবার আরোগ্যের পর পুনর্বার ইহা আবির্ভূত হয়

লক্ষণ —এই বিষ দেহাভ্যন্তরে প্রবিষ্ট হওয়ার ১০ হইতে ১৪ দিনের মধ্যে, কখন কখন এক বা দুই দিনের মধ্যেই রোগ-লক্ষণ সকল প্রকাশ পায় শীত, শিরঃপীড়া, পিপাসা, অঙ্গে বেদনা, দুর্ব্বলতা, তৎসঙ্গে উদরাময়ের প্রবণতা ও বমন। অস্থিরতা, মুখমণ্ডল পাণ্ডুর, কপোলদেশে আরক্ত চক্র; মূত্র স্বল্প, তাহাতে যুরিয়ার আধিক্য ও ক্লোরাইডের বিলোপ, নাড়ী-স্পন্দন প্রতি মিনিটে ১২০ বা ততোধিক; শ্বাস দুর্গন্ধ, সদা সর্ব্বদা এমোনিয়ার গন্ধ বিশিষ্ট; জিহ্বা শুষ্ক ও ঈষৎ পীত বা লাল বা চিক্কণ দ্বিতীয় সপ্তাহের প্রারম্ভে বা তাহার ২১ দিন পূর্ব্বে গাত্রে পীড়কা বাহির হয় প্রথমে বক্ষে বা উদরে গোলাপী বর্ণের উদ্ভেদ—ক্ষুদ্র ক্ষুদ্র দাগের ন্যায় দেখায়, প্রথমে উহা অল্প সংখ্যক ও গোলাকার থাকে এবং চাপিলে অদৃশ্য হয় কতক উদ্ভেদ তিরোহিত ও কতক নূতন আবির্ভূত হয়। শতকরা ১০।১২ জনের উদ্ভেদ বাহির হয় না দ্বিতীয় সপ্তাহের মধ্যসময়ে প্রলাপ; কর্ণে শব্দ বা বধিরতা, তন্দ্রা, অবসন্নতা ও শয্যাক্ষতাদি প্রকাশিত হয় উদরাধ্মান, চাপিলে দক্ষিণ কুক্ষিদেশে গড় গড় শব্দ ও উদরাময়। অন্ত্রাভ্যন্তরে

(ইলিয়ম ও সিকম) ক্ষত হওয়ায় রক্তস্রাব মল ক্ষারধর্ম্মী ও দুর্গন্ধ অন্ত্রাবদারণ, তৎসহ সাংঘাতিক অন্ত্রচ্ছেদ প্রদাহ মূত্রগ্রন্থির রক্তাধিক্য মাস্তিষ্ক ও ফুসফুসীয় উপদ্রব ৫।৬ জনের মধ্যে একজন মরে অন্ত্রাভ্যন্তরে যে পেয়ার্স প্যাচেজ নামক গ্রন্থি আছে, তাহাতে ক্ষত ও তাহার বিধান পরিবর্ত্তন হয়

চিকিৎসা —এই রোগের চিকিৎসাও অনেকাংশে পূর্ব্বোক্ত রোগের অনুরূপ প্রারম্ভে একমাত্রা ক্যাষ্টর অয়েল্ বা এক আউন্স ফ্লুইড ম্যাগ্নিসিয়া দিবে কেহ কেহ ইপিকাক বমনকারক মাত্রায় প্রয়োগ করিতে বলেন তৎপরে উদরাময় উপস্থিত হইলে অল্প মাত্রায় ওপিয়ম, বিসমথ, ক্যাটিকিউ, র্যাট্‌হেনী, লগউড ২১৫, ২২২, ২২৪ গ্যালিক এসিড ২১৮, ২২৬ সলফেট অব কপার ও ওপিয়ম, ২৩০ ১০ হইতে ১৫ মিনিম মাত্রায় ফ্লুইড্ একষ্ট্রাঃ অব্ ওপিয়ম, দুই আউন্স মিউসিলেজ অব ষ্টার্চ সহযোগে মলদ্বারে পীচকারী উদরাধ্মান থাকিলে টর্পেণ্টাইন ২৪৯ ঈষদুষ্ণ জলের পীচকারি উদরে বেদনা থাকিলে ওপিয়ম ৮৮, ১০৩, ১৩৩ স্থানিক—উদরে ফোমেণ্টেশন, একষ্ট্রাক্ট বেলে-ডোনা ও গ্লিসিরিণ, লিনসিড্ পুলটীস, পোস্তঢেঁড়ীর সেক রক্তস্রাবে এসিটেট অব্ লেড ও ওপিয়ম বা মর্ফিয়া ২২৫, ২২৮। টর্পে-ণ্টাইন ২১৭ এমোনিয়া আয়রণ য়্যালম শরীরের উত্তে-জনার্থ ব্রাণ্ডি, মস্ক, ক্লোরিক ইথর, এমোনিয়া প্রভৃতি দিবে টেপিড্ বাথ, ভিনিগার ও উষ্ণজলের দ্বারা স্পঞ্জিং পথ্যার্থ দুগ্ধ, ডিম্ব, মাংসের যূষ, পোর্ট, ক্লারেট, ব্রাণ্ডি। কুইনাইন ও মিনারেল এসিড্স, ১৯৩, ১৯৪ পেট ফাঁপায় সোডা সল্ফ কার্বলাস বা টেরিবিন ডাইলিউট ফস্ফরিক বা মিউরিয়েটিক এসিড উপ-

কারী রোগীকে সুস্থির ভাবে বিশুদ্ধ বায়ু সঞ্চরণ করিতে পারে এরূপ গৃহে রাখিবে মলত্যাগ ও প্রস্রাব —শয্যায় শায়িত থাকিয়া করা কর্ত্তব্য কার্বলিক এসিড আদি পচন নিবারক উপকারী এই রোগে অন্ত্রে একপ্রকার ক্ষত হয়, তজ্জন্য তরল খাদ্য ভিন্ন কোন প্রকার কঠিন খাদ্য দেওয়া উচিত নহে। রোগ আরোগ্য হইলেও বিশেষ সতর্কতা সহকারে পথ্যবিধান কর্ত্তব্য অল্প পরিমাণে ২৩ ঘণ্টান্তর পথ্য দিবে দুগ্ধ উৎকৃষ্ট, চূণের জল সহ দেওয়া ভাল

বালকদিগের এই রোগ হইলে পূর্ব্বোক্ত প্রণালী অবলম্বনে চিকিৎসা করিতে হইবে, কিন্তু ঔষধাদি অল্প মাত্রায় দিবে আনুষঙ্গিক কোন রোগাদি প্রাদুর্ভূত হইলে তাহার চিকিৎসা সাধারণ প্রণালী অবলম্বনে করিবে উদরাময় নিবারণার্থ ম্যালম ও শরীরোষ্ণতা হ্রাস করণার্থ ডিজিটেলিস প্রয়োগ করিতে কেহ কেহ পরামর্শ দেন আন্ত্রিক রক্তস্রাবে আর্গট উদরাময়ের জন্য করোসিব সব্লিমেট $\frac{1}{100}$ গ্রেণ (এক গ্রেণের শতাংশের একাংশ) ২৩ ঘণ্টান্তর প্রয়োজ্য মুখ না আইসে এরূপ পরিমাণে ক্যালোমেল রোগের প্রারম্ভে দেওয়া যাইতে পারে শরীরের উত্তাপ হ্রাস করান জন্য কুইনাইন বা স্যালিসিলিক এসিড বা স্যালিসিলেট অব্ সোডা অথবা এণ্টিপাইরিণ বা ফিনাসিটিন ব্যবহার হয় উদরাময়ে টিংচর কটো বিশেষ উপকারী। হৃৎপিণ্ডের বল রক্ষার্থ ক্যাফিইন, ডিজিটেলিস ও ষ্ট্রোফ্যান্থস বোরাসিক এসিড ব্যবহারে উপকার লব্ধ হইয়াছে ক্লোরিন প্রয়োগে বিশেষ উপকার পাওয়া গিয়াছে উহার ব্যবস্থা ১৫ গ্রেণ চূর্ণীকৃত ক্লোরেট অব্

পটাসিয়ম একটী ১২ আউন্স শিশী বা বোতলের ভিতর পূরিবে এবং তৎপরে তাহাতে ৬০ মিনিম ষ্ট্রং হাইড্রোক্লোরিক এসিড ঢালিয়া দিয়া কর্ক বন্ধ করিবে ও নাড়িবে, যতক্ষণ পীতবর্ণ বাষ্প দ্বারা বোতল পূর্ণ না হয় অনন্তর ক্রমশঃ জল সংযোগ ও সতত আলোডন করিবে, ইহাতে উক্ত ক্লোরিণ বাষ্প জলে মিশিয়া যায় এই এক বোতল পূর্ণ দ্রবে ২৪ ৩৬ গ্রেণ কুইনিন ও এক আউন্স সিরপ অরেঞ্জ মিশাইবে ইহা অর্দ্ধ হইতে এক আউন্স মাত্রায় রোগের অবস্থানুসারে ২ ৩ বা ৪ ঘণ্টা অন্তর প্রয়োগ করিবে সল্‌ফিউরস্ এসিড, গোয়েকল উৎকৃষ্ট পচন নিবারক নিদ্রা করণার্থ সোডা ব্রোমাইড ও মর্ফিয়া

সেরিব্রোস্পাইন্যাল ফিবর।

এক প্রকার বহুব্যাপী জ্বর, ইহাতে মস্তিষ্ক ও কশেরুক মজ্জার ক্রিয়ার বিশৃঙ্খলা থাকে ও গাত্রে একরূপ রক্তবর্ণ উদ্ভেদ বাহির হয় তীব্র শিরঃপীড়া, বমন, গ্রীবার পশ্চাৎ দিকের পেশীর আকুঞ্চন ও তাহাতে তীক্ষ্ণ বেদনা, পৃষ্ঠবংশ ও অঙ্গে বেদনা ও প্রবল প্রলাপ স্ত্রী অপেক্ষা পুরুষের এই রোগ অধিক হয়, পূর্ণবয়স্কাপেক্ষা ১৪ বৎসরের নিম্ন বয়স্ক বালকদের অধিক হয় স্থিতিকাল ২ ৭ দিন শতকরা ২৫ হইতে ৮০ জনের মৃত্যু হয় মানসিক ও শারীরিক অবসন্নতা, মুখাকৃতি নীলিম ও উৎকণ্ঠাব্যঞ্জক, সাতিশয় অস্থিরতা, চক্ষু রক্তবর্ণ, কনীনিকা সংকুচিত বা বিশৃঙ্খল, জ্ঞানহীনতা, অস্পষ্ট দৃষ্টি।

চিকিৎসা।—মস্তিষ্ক ও পৃষ্ঠবংশে শীতল জল ও শৈত্য-মিশ্র বা বরফ প্রয়োগ সব্‌কিউটিনিয়স ইন্‌জেক্‌সন অব্ মর্ফিয়া ও এট্রপীন কখন কখন কেবল মর্ফিয়ার ইন্‌জেক্‌সন দ্বারা বিশিষ্ট হিতফল দর্শে। কুইনাইন, বেলেডোনা, ব্রোমাইড অব্ পটাশিয়ম ও আইয়োডাইড অব পটাশিয়ম দ্বারা উপকার হয় পথ্যার্থ বরফ, বরফ মিশ্রিত জল, সোডাওয়াটার, দুগ্ধ, যূষ, কাঁচা ডিম্ব। বিশেষ আবশ্যক না হইলে উত্তেজক ঔষধ নিষিদ্ধ অত্যন্ত বমন থাকিলে পীচকারি দ্বারা পথ্য দিবে। বমন নিবারণার্থ বিসমথ ও হাইড্রোসিয়ানিক এসিড, ৯৩ মর্ফিয়া ও ক্লোরোফর্ম্ম, ৯৮ পৃষ্ঠবংশে বেলেডোনা ও ক্লোরোফর্ম্মাদির লিনিমেণ্ট মর্দ্দন

রিল্যাপ্‌সিং বা ফেমিন্ ফিবর।

ইহা একরূপ সংক্রামক রোগ, রোগোপশমের পর দুর্ব্বলাবস্থায় রোগের পুনরাবির্ভাব হয় ইহা বহুব্যাপকরূপে প্রাদুর্ভূত হয়। দুর্ভিক্ষ ও অন্নকষ্টের সময় এই রোগ জন্মে

লক্ষণ।—শীত, কপালে বেদনা, পৈশিক বেদনা হইয়া পরে জ্বর প্রকাশিত হয় নাড়ী দ্রুত, পিপাসা, পাকাশয় দেশে বেদনা ও বমন, কোন কখন তন্দ্রা দেখে ইচ্ছা দেহের নানা স্থানের চর্ম্মে রক্তবিন্দু সঞ্চিত থাকিতে সময় সময় দেখা যায়, কিন্তু এই রোগের বিশেষ কোন প্রকার উদ্ভেদ নাই। সাতিশয় অবসন্নতা ৫ম বা ৭ম দিবসে রোগোপশম আরম্ভ হয়। চতুর্দ্দশ দিবসে রোগের পুনরাবি-

র্ভাব হইয়া থাকে। তাহার ২।৩ দিন পরে আবার ক্রমশঃ রোগোপশম হয় ৪০ জনের মধ্যে ১ জন মরে

চিকিৎসা।—মৃদুবিরেচক—ক্যাষ্টর অয়েল, সিডলিট্‌স বা জেলাপ পাউডর। স্বেদজনক মিশ্র ২৮২, ২৮৩, ২৮৮। স্বেদজনক ও শৈত্যকারক চূর্ণ ২৯৭, ২৯৮, ৩০০ ভিনিগার ও ঈষদুষ্ণ জল দ্বারা স্পঞ্জিং বমন হইলে সিনাপিজম্, সোডা এসিড, সোড ওয়াটর প্রভৃতি কামল হইলে এসিড নাইট্রোমিউরিয়াটিক ডিল এমোনিয়া ক্লোরাইড, পডফিলিন, ট্যারাক্সেকম আবশ্যক হইলে মধ্যে মধ্যে বিরেচক দিবে। গাত্রে বেদনা হইলে ওপিয়ম জ্বর নিবারণার্থ কুইনাইন, টিংচার সিনকোনা কম্পাউণ্ড, ডিকক্সন সিনকোনা দুগ্ধ, ডিম্ব ও মাংস-যূষ প্রভৃতি পথ্য দিবে সোডা হাইপো সল্‌ফাইট্‌ প্রয়োগে উপকার হয়। অবসন্নাবস্থায় ব্র্যাণ্ডি আদি উত্তেজক ও পুষ্টিকর সহজপচ্য পথ্য বিধেয়

স্মল পক্স—বসন্ত

এক প্রকার সংক্রামক জ্বর, তৎসঙ্গে পীড়কা উৎপন্ন হয়। বিশেষ প্রকার কোন বিষ শরীরে আশোষিত হইলে ইহা হয় গোমসূর্য্যাধান (ভ্যাক্সিনেসন) যত অধিক প্রচলিত হইবে, রোগও ক্রমশঃ তত নির্ম্মূল হইবে

লক্ষণ—এই রোগের চারি অবস্থা—১ম শরীরে বিষ প্রবিষ্ট হইয়া রোগ প্রকাশ পর্য্যন্ত প্রথমাবস্থা অর্থাৎ ষ্টেজ অব্ ইনকুবেসন ২য়, প্রাথমিক জ্বরাবস্থা (প্রাইমারি ফিবর)।

৩য়, উদ্ভেদাবস্থা (ইবপ্‌সন)। ৪র্থ, দ্বিতীয়ক জ্বর—(সেকে-ণ্ডারি ফিবর) প্রথমাবস্থা ১২ দিন থাকে। তৎপরে শরীরে ভারবোধ, শিরঃপীড়া, জ্বর, বমন ও পৃষ্ঠদেশে এবং কটির পেশীতে বেদনা হয় এই সকল লক্ষণ প্রকাশের ৪৮ ঘণ্টা পরে শরীরে ক্ষুদ্র ক্ষুদ্র রক্তবর্ণ পীড়কা বাহির হয়, তাহা এক সপ্তাহের মধ্যে প্রদাহিত ও পাকিয়া উঠে। নাসিকা ও মুখগহ্বরের শ্লৈষ্মিক ঝিল্লীতে পীডকা বাহির হইয়া পাকিয়া উঠে সাধারণতঃ গলাভ্যন্তরে বেদনা, কাহার কাহার উহার সন্নিহিত যোজক তন্তু স্ফীত ও প্রদাহিত হয়। সময়ে সময়ে স্নায়বীয় উগ্রতা বমন ও পৃষ্ঠ বেদনা প্রবল হইলে রোগ প্রায়ই গুরুতর হইয়া থাকে তৃতীয় দিবসে উদ্ভেদ বাহির হয়, প্রথমতঃ মুখমণ্ডলে, গ্রীবায় ও মণিবন্ধে, তৎপরে দেহের মধ্য অংশে এবং সর্ব্বশেষে অধঃশাখায় উদ্ভেদ জন্মে। ৯ম দিবসে উহারা পাকিয়া উঠে, তৎপরে পুঁয নিঃসৃত হইয়া মামড়ী পড়ে, তাহার ৪৫ দিন পরে মামড়ী শুষ্ক হইয়া পড়িয়া যায়। উদ্ভেদ যখন অল্পসংখ্যক ও পরস্পর বিচ্ছিন্ন থাকে, তখন তাহাকে ভ্যারিয়োলা ডিস্‌ক্রিটা—এবং যখন উদ্ভেদ বহুসংখ্যক ও পরস্পর মিলিত ভাবে অবস্থিতি করে, তখন তাহাকে ভ্যারিয়োলা কনফ্লুয়েন্স কহে শেষোক্ত প্রকার রোগই প্রায় সাংঘাতিক হয়। এই রোগের ন্যায় সংক্রামক পীড়া আর নাই যাহাদের কোন প্রকার টীকা হয় নাই, তাহাদের এই রোগ হইলে তাহা প্রায়ই সাংঘাতিক হয়

চিকিৎসা —ম্যাক্সিয়া রেসিমোজা আভ্যন্তরিক প্রয়োগ করিলে, কেহ কেহ বলেন যে, বসন্তের দাগ থাকে না। গটা-

পার্চা বা ইণ্ডিয়া রবার, ক্লোরোফর্মে দ্রব করতঃ স্থানিক প্রয়োগ করিলে দাগ নিবারিত হয় এই রোগে যত কম ঔষধ ব্যবহৃত হয়, ততই ভাল; কারণ ঔষধ দ্বারা এই রোগের গতি প্রায়ই নিবারিত হয় না কোষ্ঠবদ্ধ থাকিলে স্যালাইন ল্যাক্‌সেটিভ্‌স্ ৩৩৪, ৩৩৯, ৩৩১, ৩৩২, ৩৫৩ গলাভ্যন্তরে ক্ষত বা বেদনা হইলে টিংচর মর প্রভৃতির কবল ৭৫, ৭৮ উদরাময় উপস্থিত হইলে দুগ্ধ ও চূণের জল, ক্যাটিকিউ ও চক মিকশ্চর, বিসমথ ও টিংচর কাইনো, ২২৪, প্লম্বাই এসিটাস ও ওপিয়ম ২২০; গ্যালিক এসিড ও মর্ফিয়া, ২২৭ অত্যন্ত অস্থিরতা থাকিলে ক্লোরোফর্ম্ম ও মর্ফিয়া, ৯৮ ওপিয়মও হেনবেন ৯০, ১০৪ আবশ্যকানুসারে ইথর, এমোনিয়া, বাণ্ডি, পোর্ট প্রভৃতি উত্তেজক ও বলকারক প্রয়োজ্য কুইনাইন, বার্ক, নাইট্রিক এসিড বা ষ্টীল ও কড্‌লিভর অয়েল দুগ্ধ অন্ন, মাংসের যূষ ও ডিম্ব প্রভৃতি দেওয়া যাইতে পারে জ্বর বেগ ও শরীরের উত্তাপ হ্রাস করণার্থ লাইকর এমোনিয়া এসিটেটীস, ২৮২, ২৮৩, ২৮৪, নাইট্রিক ইথর ও নাইট্রেট অব পটাশ ২৮৯ বসন্তের দাগ নিবারণের জন্য গ্লিসিরীণ ও রোজ ওয়াটর সমভাগে; লাইম লিনিমেণ্ট; নাইট্রেট অব্ সিলভর, বসন্ত গালিয়া দেওয়া; কলোডিয়ন, মার্কিউরিয়াল অয়েণ্টমেণ্ট, কোল্ড ক্রিম সল্‌ফাইট অব্ সোডা বা সলফো কার্বলেট অব্ সোডা উপকারী কুইনিন ও টিং ষ্টীলও উৎকৃষ্ট পচন নিবারক অয়েল অব্ ইউক্যালিপ্টাই বাহ্যিক প্রয়োগ উপকারী, সমভাগ চূণের জল ও নারিকেল তৈল অমণ্ড অয়েল ৭ ড্রাম ও লাইকর প্লম্বাই সব এসিটেটীস্ ১ ড্রাম, ইহাতে চুলকাণি ও জ্বালা নিবা-

রিত হয়। ডাবের জল দ্বারাও ধৌত করিলে উপকার হয়। বসন্তের পর গুটিকা সমূহ হইতে পূয নিঃসৃত হইয়া গেলে অক্সাইড অব্‌ জিঙ্ক, বা ষ্টার্চ পাউডর স্থানিক

চিকেন পক্‌স—পানবসন্ত।

এক প্রকার সামান্য সংক্রামক পীড়া, প্রায়ই শিশু ও বালকদের হয়। কখন কখন পূর্ণ বয়সেও হইতে দেখা যায়। ৬—৮ দিনের মধ্যে রোগ পর্য্যবসিত হয় পীড়কা বাহির হওয়ার দ্বিতীয় দিনে উহা জলপূর্ণ ও তাহার চতুষ্পার্শ্ব আরক্তিম হয় প্রথমে স্কন্ধ ও পৃষ্ঠে, তৎপরে মস্তকে উদ্ভেদ বাহির হয়। মুখমণ্ডলে প্রায়ই উদ্ভেদ প্রকাশ হইতে দেখা যায় না। চতুর্থ দিনে উহা শুষ্ক হইতে থাকে, তৎপর পড়িয়া যায় বিশেষ প্রবল সার্ব্বাঙ্গিক লক্ষণ থাকে না আনুষঙ্গিক জ্বরও মৃদু থাকে একবার হইলে এই রোগ আর হয় না।

চিকিৎসা —মৃদু বিরেচক, লাইকর এমোনিয়া এসিটেটীস ও নাইট্রিক ইথর মিক্শ্চর রোগান্তে দৌর্ব্বল্যে কুইনাইন, বার্ক, কডলিভার অয়েল, আয়রণ ঘটিত ঔষধ ও পুষ্টিকর পথ্য দিবে

মিজল্‌স—হাম।

এক প্রকার সংক্রামক একজ্বর, পূর্ব্বে সর্দ্দি হইয়া পরে প্রকাশিত হয়; তৎসঙ্গে লালবর্ণ উদ্ভেদ দৃষ্ট হয় এবং প্রায়ই

এই রোগের সঙ্গে বা পরে শ্বাসযন্ত্রস্থ শ্লৈষ্মিক ঝিল্লীতে প্রদাহ জন্মিতে দেখা যায়

লক্ষণ।—শরীরাভ্যন্তরে বিষ প্রবিষ্ট হওয়ার ১০ হইতে ১৫ দিন পরে শরীরে ভারবোধ, শীত, সর্দ্দি ও জ্বর হয়। চক্ষু, নাসারন্ধ্র, মুখগহ্বর, তালু ও বায়ুনলী আদি স্থানের শ্লৈষ্মিক ঝিল্লীতে রক্তাধিক্য হয়। চক্ষুপাতা স্ফীত এবং লালবর্ণ ও জলপূর্ণ, আলোকাসহ্যতা, হাঁচি, শুষ্ক কাসি, গলাভাঙ্গা, অত্যন্ত শ্বাসকষ্ট, তন্দ্রা, চর্ম্ম উত্তপ্ত ও তৎসঙ্গে নাড়ী কঠিন ও দ্রুত। জ্বর প্রকাশের চতুর্থ দিবসে পীড়কা বা উদ্ভেদ বাহির হয় এবং সপ্তম দিবসে তাহা মিলাইয়া যায় ইহার উদ্ভেদ সকল ক্ষুদ্র ক্ষুদ্র দাগের ন্যায়, চর্ম্ম হইতে কিঞ্চিৎ উচ্চ, কতকগুলি একত্রে সম্মিলিত হইলে বড় দেখায় উদ্ভেদ বাহির হইলেই সকল সময় জ্বর ত্যাগ হয় না ফুসফুসীয় পীড়া প্রায়ই হয়, তজ্জন্য বিশেষ সতর্ক থাকা উচিত। সময়ে সময়ে স্বরযন্ত্র প্রদাহ, মুখরোগ, কর্ণকুহর-প্রদাহ, নাসা-রক্তস্রাব, তরুণ গুটিক রোগ (ট্যুবরকিউলোসিস) বা তরুণ মূত্রগ্রন্থি-প্রদাহ এই রোগের পর জন্মে এবং তদ্ধেতু জীবন বিপদাপন্ন হয়

চিকিৎসা।—সর্দ্দি ও কাসি নিবারণার্থ একোনাইট ব্যবহার কর্ত্তব্য। কার্ব্বনেট অব্ এমোনিয়া ৩ হইতে ৫ গ্রেণ মাত্রায় ২।৩ ঘণ্টান্তর। উদ্ভেদ হঠাৎ বিলুপ্ত হইলে মষ্টার্ড বাথ প্রয়োজ্য। মৃদু বিরেচক, লাইকর এমোনিয়া এসিটেটীস ও নাইট্রিক ইথর ও নাইট্রেট অব্ পটাশ প্রভৃতি স্বেদজনক ও শৈত্যকারক ঔষধ, ৩৮৩, ২৮৭, ২৮৯ কাসি বর্ত্তমানে উহার

সহিত ভাইনম ইপিক্যাক, টীংচর ক্যাম্ফর কং, মর্ফিয়া, ও টিংচর হায়সায়ামাস সংযুক্ত করিবে। বক্ষে সিনাপিজ্‌মস্‌ ও ফোমেণ্টেশন। ভিনিগার ও জল দ্বারা স্পঞ্জিং পথ্যার্থ সাগু, এরোরুট, দুগ্ধ, অন্ন, সোডাওয়াটর প্রভৃতি দিবে। আনুষঙ্গিক রোগ উপস্থিত হইলে তাহার চিকিৎসা করিবে রোগীকে গৃহের মধ্যে উষ্ণ বস্ত্রে আচ্ছাদিত করিয়া রাখিবে। রোগান্তে দুর্ব্বলতা নিবারণ জন্য কুইনাইন, টিংচর সিনকোনা, ষ্টীল, কডলিভর অয়েল, পুষ্টিকারক খাদ্য। উষ্ণ জল দ্বারা পাদস্নান; অবসাদনের লক্ষণ উপস্থিত হইলে উত্তেজক বিধান কর্ত্তব্য।

স্কার্লেট ফিবর—আরক্ত জ্বর।

একরূপ সংক্রামক জ্বর—ইহাতে চর্ম্মে রক্তবর্ণ উদ্ভেদ বাহির হয়। চর্ম্ম ভিন্ন মুখগহ্বরের শ্লৈষ্মিক ঝিল্লীতেও উহা দেখিতে পাওয়া যায়। জ্বরের দ্বিতীয় দিবসে পীড়কা বাহির হইয়া ৫ম দিবসে মিলাইতে আরম্ভ হয়। সদা সর্ব্বদা এই রোগের সঙ্গে গলাভ্যন্তরের ও হনুধঃ গ্রন্থির প্রদাহ বর্ত্তমান থাকে। হামের ন্যায় ইহা প্রায় বাল্যাবস্থাতেই হয়, কিন্তু তদপেক্ষা ইহা ভয়ঙ্কর। ইহা জীবনে কেবল একবার হয় দ্বিতীয়বার যদি কাহারও হয়, তবে পীড়কা বাহির হইতে দেখা যায় না এবং তাহা মৃদু আকারে প্রকাশিত হয়।

এই রোগ ত্রিবিধ—১ম স্কার্লেটিনা সিমপ্লেক্স—ইহাতে কেবল চর্ম্ম আক্রান্ত হয়। ২য় স্যান্‌জিনোজা—ইহাতে চর্ম্ম ও কণ্ঠাভ্যন্তর আক্রান্ত হয়। এবং ৩য় ম্যালিগ্‌না—ইহাতে কেবল কণ্ঠাভ্যন্তর আক্রান্ত হয়।

চিকিৎসা।—কোন কোন চিকিৎসক এই রোগের প্রারম্ভ হইতে কার্ব্বনেট অব্ এমোনিয়া বা এসিটীক এসিড বা বেলেডোনা ব্যবহার করেন ভিনিগার স্পঞ্জিং ইপিক্যাকের দ্বারা বমন কম্পাউণ্ড জেলাপ পাউডর, ক্যাষ্টর অয়েল, সিডলিজ পাউডর দ্বারা বিরেচন লাইকর এমোনি এসিটেটীস, নাইট্রিক ইথর, ক্লোরেট ও নাইট্রেট অব্ পটাশ প্রভৃতি স্বেদজনক ও শৈত্যকারক ঔষধ সমস্ত দিবে অত্যন্ত বমন হইতে থাকিলে পেটের উপরে মষ্টার্ড প্লাষ্টর, সেবনার্থ বরফ, সোডাএসিড, সোডাওয়াটার ও লিমোনেড প্রভৃতি প্রলাপ হইলে মস্তক মুণ্ডন করাইয়া শীতলজল ও শৈত্যমিশ্র, ১৯৯, প্রয়োজ্য নাড়ী ক্ষীণ ও অবসন্নতা প্রাদুর্ভূত হইলে এমোনিয়া, ব্রাণ্ডি, ইথর প্রভৃতি বিধেয়। গলার অভ্যন্তরে ক্ষতাদি হইলে কণ্ডিস সলিউসন ও কার্ব্বলিক এসিডের দ্বারা কবল করিয়া দিবে ক্লোরেট অব্ পটাশ ড্রিঙ্ক নাইট্রেট অব্ সিলভর লোশন গলাভ্যন্তরে স্থানিক প্রয়োজ্য মাংসের ঝোল, দুগ্ধ, ডিম্ব, ব্রাণ্ডি, য়্যারারুট প্রভৃতি পথ্যার্থ দিবে আনুষঙ্গিক রোগের চিকিৎসা তত্তৎ রোগের চিকিৎসা-প্রণালী অনুসারে করিবে। রোগান্তে কুইনাইন, ষ্টীল, বার্ক, মিনারেল এসিড্স প্রভৃতি বিধান করিবে। ইহার প্রতিষেধক ঔষধের মধ্যে বেলেডোনা প্রধান।

ডেঙ্গু।

একরূপ স্পর্শাক্রামক জ্বর, ইহাতে আরক্তবর্ণ উদ্ভেদ বাহির হয় ও সন্ধিতে প্রবল বাতবেদনা অনুভূত হয় সময়ে

সময়ে গলাবেদনা ও অণ্ডকোষ স্ফীত হয় সাধারণতঃ গ্রীবা ও কুচ্‌কীর গ্রন্থি স্ফীত হইয়া থাকে। স্কন্ধ, বাহু, কটি, নিতম্ব, উরু ও জংঘাতে বেদনা, পেশী ও অস্থিতে অত্যন্ত বেদনা, শিরঃপীড়া, মুখমণ্ডল আরক্তিম, নাড়ী দ্রুত, জিহ্বা মলাবৃত, বমন, বিবমিষা ও সাতিশয় অবসন্নতা রোগের স্থিতিকাল ৮ দিন।

চিকিৎসা।—প্রথমে কোষ্ঠবদ্ধ থাকিলে একটী সিড লিজ্‌ পাউডর বা কম্পাউণ্ড রিউবার্ব পাউডর লাইকর এমোনিয়া এসিটেটীস ও নাইট্রিক ইথর ২৮৩, ২৮৮ উক্ত মিশ্রের সঙ্গে টিংচর অব্‌ বেলেডোনা ১০ ২০ মিনিম মাত্রায় দিবে বেদনা নিবারণার্থ ওপিয়ম, হায়সায়ামাস পিপাসায় শীতল জল, বরফ ও সোডাওয়াটর রোগান্তে দৌর্ব্বল্যে কুইনাইন, টিংচর ও ডিককৃসন সিনকোনা, দুগ্ধ, মাংস প্রভৃতি দিবে বেদনা স্থানে বিবিধ প্রকার বেদনানিবারক ও উত্তেজক মর্দ্দন বিধেয় বলবর্দ্ধনার্থ কড্‌লিভর অয়েল, লৌহ-ঘটিত ঔষধাদি। বাতের ন্যায় বেদনা ও সন্ধি আক্রান্ত হইলে ভাইনম কলচিকম, বাইকার্ব্বনেট অব্‌ পটাশাদি দিবে প্রদাহিত ও বেদনান্বিত সন্ধিতে লিনিমেণ্ট আওয়োডিন মর্দ্দন টিংচর রসটক্স সিকি মিনিম মাত্রায় উপকারী।

প্লেগ—মড়ক

টাইফস জরের ন্যায় এক প্রকার সংক্রামক একজ্বর

লক্ষণ। - বিষ দেহাভ্যন্তরে প্রবিষ্ট হওয়ার কয়েক ঘণ্টা

হইতে তিন সপ্তাহ পরে রোগ প্রকাশিত হয় চর্ম্মনিম্নস্থ তন্তুতে রক্তপূর্ণ চিহ্ন, দাগি ; গ্রীবা, কক্ষ, বঙ্ক্ষণ ও আস্যযোজক ঝিল্লীস্থ গ্রন্থিতে প্রদাহ, পচনশীল বিস্ফোটক, জ্বর, উদরাময় ও বমন যকৃৎ, হৃৎপিণ্ড ও প্লীহায় প্রবল রক্তাধিক্য ও উহাদের বিধান কোমল হয় সাতিশয় অবসন্নতা, মূত্রানুৎপত্তি, রক্তস্রাব, বিকম্প, সংজ্ঞাহীনতা, অবশেষে মৃত্যু

চিকিৎসা—বমনকারক, মৃদুবিরেচক ও স্বেদজনক ঔষধ প্রযোজ্য মিনারেল এসিড্‌স, কুইনাইন, ওপিয়ম, ক্লোরিক ইথর, ব্রাণ্ডি ও ক্যাম্ফর প্রভৃতি উত্তেজক পুষ্টিকারক খাদ্য, উত্তেজক ঔষধ গৃহাদিতে দুর্গন্ধহারক ধৌতাদি ছড়াইয়া দিবে শরীরে তৈল মর্দ্দন করিতে কেহ কেহ বলেন বিবিধ এণ্টিসেপ্টীক ঔষধ প্রযোজ্য

ইণ্টরমিটেণ্ট ফিবর—বিষমজ্বর।

ইহার অপর নাম এগিউ

ম্যালেরিয়া অর্থাৎ এক প্রকার দূষিত বায়ু হইতে এই জ্বর জন্মে জ্বর আসার সময় শীত, পরে স্বেদস্রাব হইয়া জ্বর মগ্ন হয় জ্বরের বিরামকালে শরীর সুস্থ বোধ হয়, কিন্তু নির্দ্ধারিত সময়ান্তে পুনরায় জ্বর আইসে যত দিন রোগ আরোগ্য না হয়, তত দিন এইরূপ নিয়মে জ্বর আসিতে থাকে এই জ্বর ত্রিবিধ ঐকাহিক বা কোটিডিয়ান, দ্ব্যাহিক বা টার্সিয়ান এবং ত্র্যাহিক বা কোয়ার্টন প্রত্যহ এক সময়ে জ্বর আসিলে তাহাকে ঐকাহিক, এক দিন অন্তর হইলে দ্ব্যাহিক ও দুই

দিবস অন্তর হইলে ত্র্যাহিক জ্বর কহে। জ্বরের বিরাম কালকে ইণ্টরিমসন কহে কখন কখন জ্বর এক দিনে দুই বার হয়, তাহাকে দ্বৈকালীন বা ডবল্ টাইপ বলে।

লক্ষণ —এই জ্বরের তিন অবস্থা—শৈত্যাবস্থা উষ্ণাবস্থা ও স্বেদাবস্থা। প্রথম অবস্থা অর্দ্ধ হইতে তিন চারি ঘণ্টা থাকে দ্বিতীয় অবস্থা—তিন ঘণ্টার কম নহে ও ১২ ঘণ্টার বেশী থাকে না এবং তৃতীয়াবস্থা-কয়েক ঘণ্টা থাকিয়া রোগী সুস্থ বোধ করে প্লীহা বিবৃদ্ধি, যকৃৎ ও পাকযন্ত্রের বিশৃঙ্খলা বারম্বার জ্বর হইতে থাকিলে কোন কোন সময় প্রাচীন মূত্রগ্রন্থিপ্রদাহ সমুপস্থিত হয়

চিকিৎসা —শৈত্যাবস্থায় উষ্ণ পানীয় যথ যবোদক, চা প্রভৃতি সেবনার্থ ও গাত্রে লেপাদি দিয়া রোগীর শীত নিবারণ করিবে শীত হওয়ার কিঞ্চিৎ পূর্ব্বে ১০ ১৫ ফোঁটা মাত্রায় টিংচর ওপিয়ম সেবনার্থ দিলে বিশেষ উপকার হয় নাইট্রেট্ অব্ এমিল ও অন্যান্য নাইট্রেট ব্যবহারে শীত নিবারিত হইতে পারে। পাইলোকার্পিনের হাইপোডর্ম্মিক ইন্‌জেকসনও ব্যবহার হয় উষ্ণাবস্থায় বরফ, শীতল জল, শীতল পানীয়, গাত্রাদি ঈষদুষ্ণ বা শীতল জল দ্বারা স্পঞ্জিং স্বেদস্রাব করণার্থ এই অবস্থায় লাইকর এমোনিয়া এসিটেটীস, স্পিরিট অব্ নাইট্রস ইথর ও নাইট্রেট অব্ পটাশ ২৮২, ২৮৩, ২৮৪ শিরঃপীড়া বা বমন থাকিলে ২৯০ জেম্‌স পাউডর ও ক্লোরেট অব্ পটাশ, ৩০০। স্বেদস্রাবকালে তরল ও ঈষদুষ্ণ পানীয় দিবে বিরেচক বটিকা ৩৪১, ৩৪৪, ৩৪৭ রাত্রে এবং প্রাতে ৩৩১, ৩৩২, ৩৩৬, ৩৫১, ৩৫২, ৩৫৩। পাকাশয়ে অজীর্ণ দ্রব্যাদি সঞ্চিত থাকিলে

ইপিক্যাক বমনকারক মাত্রায় দিয়া বমন করান কর্ত্তব্য বিরামকালে কুইনাইন ও নাইট্রিক এসিড ১৬৭ ন্যাইকব আর্সিনিকেলিস ও সিন্‌কোনা ১৬৮ কুইনাইন বিরেচকের সঙ্গে ১৭৭। কুইনাইন, নাইট্রিক এসিড ও সিনকোনা ১৯৩, ১৯৪ কুইনাইন ও নক্সভমিকা ১৯৫ ফেরি সল্‌ফ ও কুইনাইন ২০৯ কুইনাইন, বিয়াই, জেলাপ ২১০ কুইনাইনের হাইপোডর্ম্মিক ইন্‌জেকসন একোবস ক্যালেমস (চিরতা ও নাটাব ফলের শাঁস সহ) গার্ডিক দিনে ২৪টী এমোনি ব্রোমাইডম, স্যালিসিডিস, স্যালিসিল ১৫ মিনিম মাত্রায়, বিবিরীণ, স্যালিসিন, বার্ব্বেরিস ডিসিয়ম জ্বরাবেগ অবিলম্বে বন্ধ করিবার চেষ্টা কর্ত্তব্য অনেক বার বা দিবস জ্বরাবেগ হইতে থাকিলে আভ্যন্তরিক যন্ত্রাদি আক্রান্ত হইয়া পড়ে, তখন চিকিৎসা দ্বারা রোগী রোগ্য করা কষ্টসাধ্য হইয়া উঠে তজ্জন্য প্রথম হইতেই সুচিকিৎসা কর্ত্তব্য একরূপ সূক্ষ্ম জীবাণু রক্তে প্রবিষ্ট হইয়া এই রোগ উৎপাদন করে জ্বরের সহিত প্লীহা বিবৃদ্ধি থাকিলে শেষোক্ত ঔষধ বিশেষ উপযোগী ৪১৯ নাটার ফলের শাঁস ও গোলমরিচ কার্ব্ব লিগনাই ২০—৬০ গ্রেণ মাত্রায় ক্যাসকেরিলা, সিড্রন, সিনকোনা ১৭০, ২৮৪, ১৯৩ ককুলাস কর্ডিফোলিয়স, কফির ফাণ্ট, ফেরি সল্‌ফাস ১৭৭, ১৭৮ জেনসিয়ান ১৯৫ নার্কোটিন, পাইপর নাইগ্রম, পিপারিন, কোগা সিয়া সমগিড ফেব্রিফিউজ (বেইলন বার্ক), নক্সভমিকা, জিন্সাই অক্সাইডম, জিন্সাই সল্‌ফ ১৯৭, ২০০ পৃষ্ঠবংশে ড্রাই কপিং, ওপিয়ম লিনিমেণ্ট মর্দ্দন, কুইনাইন ও গাঁজা একত্রে মর্দ্দন ইহার সঙ্গে প্লীহা বিবৃদ্ধি থাকিলে উপর্যুক্ত ঔষধ

ব্যতীত ব্রোমাইড অব্ পটাসিয়ম ৪০৯, উহাব সঙ্গে টিংচর নক্সভমিকা ৩ ৫ মিনিম ফেবি এট কুইনী সাইট্রস ১৭২, ১৭৩, ১৭৪ ফেরি ক্লোরাইড ও আইয়োডিন ১৭৫ কুইনাইন ও ষ্ট্রীকনিয়া ১৭৮ ভাইনম ফেবি ও আর্সিনিক ১৯১ কুই-নাইন ও ল্যাক্টেট্ অব্ আয়রণ ২০১, ২০৮ ঘিরম বিডকৃটম ও নক্সভমিকা ২০৪ ফেবি সল্ফ ও কুইনাইন ২০৯। কড লিভর অয়েল, আইয়োডিন বা বেড্ আইয়োডাইড অব্ মার্করী অয়েণ্টমেণ্ট অন্যান্য কোন প্রকাব আনুষঙ্গিক বোগ বা লক্ষণ উপস্থিত হইলে সাধাবণ প্রণালী অবলম্বনে চিকিৎসা কবিবে সিন্কোনা ফেব্রিফিউজ ৩ ৬ গ্রেণ মাত্রায় ১ ২ বা ৩ ঘণ্টান্তব ২ ৩ বার প্রয়োগ করিলে জ্বব আসা নিবাবিত হয়। ইহা বটিকা, চূর্ণ বা মিশ্র আকারে ব্যবস্থা করা যাইতে পাবে লেবুর রস সহ গুলিলে বটিকা হইতে পারে জলমিশ্র গন্ধকদ্রাবক দ্বাবা ইহা দ্রবীভূত হয়। দার্জ্জিলিং প্রদেশে রোপিত সিন-কোনার বল্কল হইতে প্রস্তুত হয়, ইহা কুইনাইনের সমগুণ-কারী ও তৎপরিবর্ত্তে ব্যবহার্য্য। ইহা সেবনে কাহাব কাহার বমন হয়, তাহা নিবারণার্থে ১ ২ ৩ মিনিম মাত্রায় টীংচর ওপিয়ম প্রতি মাত্রায় প্রয়োগ করিলে অনেক সময় আশানুরূপ সুফল প্রাপ্ত হওয়া যায় সম্বক্ লেবু একটী চাকা চাকা করিয়া কাটিয়া ও জলে সিদ্ধ করিয়া সেই ক্বাথ সেবন করিলে জ্বরারোগ্য হয়। কুইনিনের ন্যায় ইহা দ্বাবা ম্যালেরিয়া নষ্ট হয়। সংপ্রতি মিথিলিন ব্লু প্রয়োগে উপকাব দর্শে বলিয়া কথিত হয় বালকদিগকে ১ গ্রেণ মাত্রায় ক্যাপসিউলেব মধ্যে পুরিয়া সেবন করিতে দেওয়া হয় ও ৩ ৪ ঘণ্টান্তর পুনঃ প্রয়োগ করিতে হয়।

হাইপোসল্‌ফাইট অব্‌ সোডা ১৫ ২০ গ্রেণ মাত্রায় ২ ঘণ্টান্তর ব্যবহার করিলে জর আরোগ্য হয় স্যালিসিলিক এসিড দ্বারা অনেক সময় জ্বর আরোগ্য হয়, কিন্তু ইহাকে অনেকে কুইনাইনের সাহায্যকারী ঔষধ মনে করেন। প্লীহবিবৃদ্ধিতে টিংচর সিয়েনোথস্‌ উপকারী। বাহ্যিক প্রয়োগার্থ বিন আইয়োডাইড্‌ মার্করী অয়েন্টমেণ্ট বা লিনিমেণ্ট পটাশ আইয়োডাইড্‌ কম্‌ সেপোনি।

রেমিটেণ্ট ফিবর—স্বল্পবিরাম জ্বর।

ইহার কারণও পূর্ব্ববর্ণিত জ্বরের ন্যায় স্থান বিশেষে ইহা প্রবলাকারে প্রকাশিত হয় উষ্ণপ্রধান দেশে এই পীড়া প্রায়ই গুরুতর আকার ধারণ করে

লক্ষণ —পূর্ব্ববর্ণিত জ্বরের ন্যায়; কেবল ইহাতে জ্বরের সম্পূর্ণ বিরাম না হইয়া অল্প কম পড়ে। এই স্বল্প বিরাম সময়কে রিমিসন বলে। এই স্বল্পবিরামাবস্থা ৬ হইতে ১২ ঘণ্টা পর্য্যন্ত থাকিতে পারে, কিন্তু অনেক সময় তদপেক্ষা কম থাকিতে দেখা যায় তৎপরে পুনরায় জ্বরের প্রকোপ হয়। প্রকোপের পূর্ব্বে প্রায়ই শীত হয় আবার কখন শীত হয় না প্রাতঃকালেই জ্বর কিছু নরম পড়ে এই রোগ ১৪ ১৫ দিবস বা ততোধিক দিন থাকিতে পারে রোগাবসানে ঘর্ম্ম হয় কখন কখন এই জ্বর অবসন্নকর জ্বরে (লো ফিবর) পরিণত হয় শিশুদের স্বল্পবিরাম জ্বর, টাইফয়েড জ্বরের রূপান্তর মাত্র প্লীহা, যকৃৎ ও ফুসফুসাদি আভ্যন্তরিক যন্ত্রে সময়ে সময়ে রক্তাধিক্য হয় মস্তিষ্কে রক্তাধিক্য হইলে প্রলাপ ও

তন্দ্রাদি উপস্থিত হয়। বমন, বিবমিষা, গাত্রদাহ, পিপাসা, উদরাময়, জিহ্বা মলাবৃত, প্রবল শিরঃপীড়া, কোষ্ঠবদ্ধ, মূত্র স্বল্প ও আবক্ত, নাড়ী পুষ্ট ও দ্রুত, দৈহিক উত্তাপ অত্যন্ত বৰ্দ্ধিত (১০৪।১০৬ ডিগ্রী) ও ক্ষুধাভাব ইত্যাদি গুরুতর পীড়ায় লক্ষণাদি টাইফস ও টাইফয়েড জ্বরের ন্যায় হইতে পারে

চিকিৎসা —ইহার চিকিৎসা অনেকাংশে বিষম জ্বরের ন্যায় জ্বরের উত্তাপাদি নিবারণের জন্য স্যালাইন ও এফারভেসিং ড্রাফ্‌টস্ ২৯০, ২৮৯, ২৮৮, ২৮৪ শীতল পানীয়, বরফ ইত্যাদি বিবেচনার্থ ৩২৯, ৩৩১, ৩৩২, ৩৩৪, ৩৪৩, ৩৪৪, ৩৪৭, ৩৫৩। ইপিক্যাক ২০ গ্রেণ দ্বারা বমন। ঈষদুষ্ণ জল দ্বারা বা ভিনিগার ও জল দ্বারা স্পঞ্জিং। জ্বরের উত্তাপ উপযুক্ত ঔষধে নিবারিত না হইলে নিম্নলিখিত ব্যবস্থামত ঔষধ দিবে ভাইনম এণ্টিমোনিয়েল ২৬৭। টিংচর একোনাইট ২৭২ ইপিক্যাক ও এণ্টিমোনিয়েল পাউডর ২৯৮, ২৯৯ ক্লোরেট অব্ পটাশ ও জেম্‌স পাউডর ৩০০ পিপাসা নিবারণার্থ পটাশী টার্ট এসিডা ২৯৩ ক্লোরেট অব্ পটাশ ও হাইড্রোক্লোরিক এসিড ডিল ২৯৪ জ্বরের উত্তাপ হ্রসিত হইয়া বিরামকাল উপস্থিত হইলে কুইনাইন ২—৬ গ্রেণ মাত্রায় ২।৩ ঘণ্টান্তর দিবে। পুনরায় উত্তাপ উপস্থিত হইলে উহা সেবন রহিত করিবে। কোষ্ঠবদ্ধ থাকিলে কুইনাইনের সঙ্গে বিরেচক ঔষধ মিশ্রিত করিয়া দিলে বিশেষ উপকার দর্শে ১৭৭, ১৯৫, ২০৯, ২১০ উদরাময় বর্ত্তমান থাকিলে কুইনাইনের সহিত মর্ফিয়া, ও পাকাশয় উগ্র থাকিলে সোডা এসিডের সহিত উহা ব্যবহার করিবে কুইনাইন ও এসিড

নাইট্রিক ডিল ১৯৩, ১৯৪। কুইনাইন ও ইনফিঃ রোজি এসিডাই ১৬৭ মাস্তিষ্ক রক্তাধিক্যের লক্ষণ অর্থাৎ প্রলাপ বা চৈতন্য হানির লক্ষণ প্রকাশিত হইলে মস্তক মুণ্ডন করিয়া শীতল জল, শৈত্যমিশ্র ১১৯, ১১৮; বরফ, ভিনিগার ও জল দিবে। ইহাতে উপকার না দর্শিলে ব্লিষ্টার ও মষ্টার্ড প্লাষ্টর দিবে পশ্চাৎ গ্রীবা ও জঙ্ঘার পশ্চাতেও ব্লিষ্টার ও মষ্টার্ড লাগাইবে বিরেচক দিবে মৃদু প্রলাপ ও অত্যন্ত অবসন্নতার লক্ষণ প্রকাশিত হইলে উত্তেজক ও বলকারক ঔষধ ২, ৩, ৫, ৬, ১৩, ১৯৩, ১৯৪ এতদ্ব্যতীত অবস্থানুসারে পূর্ব্বোক্ত ঔষধাদিও প্রযোজ্য। বমন হইতে থাকিলে সোডাএসিড, লিমনেড, ডাবের জল, একোয়া লরোসিরেসাই, ১০ মর্ফিয়া ও ক্লোরোফর্ম্ম ৯৮ বিস্মথ ও হাইড্রোসিয়ানিক এসিড ৯২, ৯৩ সোডি বাইকার্ব্ব ও একোয়া লরোসিরেসাই ২৯০ বরফ সোডাওয়াটার, বার্লিওয়াটর, মিশ্রির সরবত ও লেবুর রস ক্রিয়েজোট বা ক্রিজোট বা নাইট্রেট সিরিয়ম ভাইনম ইপি-ক্যাক আধ ফোটা মাত্রায় হিক্কা হইলে হাইড্রোসিয়ানিক এসিড ৯২, মর্ফিয়া ও ক্লোরোফর্ম্ম ৯৮। এমোনি কার্ব্ব ও হাইড্রোসিয়া-নিক এসিড, ৪। মস্ক ও ক্যাম্ফর ১৪ বেলেডোনা ও ক্লোরো-ফর্ম্ম ৯৫। ব্রোমাইড অব্ পটাসিয়ম ৪২২ হাইড্রেট ক্লোরাল ৪২৪ পৃষ্ঠবংশের উপর মষ্টার্ড উদরাধ্মান হইলে এসাফেটিডা উষ্ণ জল সহ পীচকারি, ৮২, ৮৩ সেবনার্থ তার্পিন তৈল বা টেরিবিন অল্প মাত্রায় দিবে। উদরে তার্পিন তৈলের সেক ও মলদ্বারে ক্যাষ্টর অয়েল ও তার্পিন দ্বারা পীচকারি ৮১, ১৬১, ১৬২, ৩৬০ উদরাময়ে বিবিধ সঙ্কোচক ঔষধ প্রযোজ্য এসিড সল্‌ফ ডিল ২১২ চক মিকশ্চর ও সিরপ প্যাপেভেরিস ২১৪।

বিসমথ ও সিনকোনা ২২৪। ট্যানিক এসিড ২২১। গ্যালিক এসিড্ ২১৮। গ্যালিক এসিড ও ডোভর্স পাউডর ২৩৩। বিসমথ ও ট্যানিক এসিড ২৩৪, ২৩৫ অতিশয় ঘর্ম্ম নিঃসৃত হইয়া হিমাঙ্গের লক্ষণ উপস্থিত হইলে ব্রাণ্ডি, এমোনিয়া, ইথর, মস্ক, ক্যাম্ফর প্রভৃতি ঘন ঘন প্রযোজ্য রোগী অতিশয় অস্থিরতা প্রদর্শন করিলে অল্প মাত্রায় অহিফেন বা বেলেডোনা ঘটিত ঔষধ দিবে। পথ্যার্থ—সাগু, এরারট, ট্যাপিওকা, সুজী, দুগ্ধ, মাংসের ঝোল, পোর্ট ওয়াইন প্রভৃতি এবং ইক্ষু দাড়িম, কিস্‌মিস্, পেঁপে, পাণিফল, কেশুর, যব ও অন্ন মণ্ড, খই, চিড়ি প্রভৃতি বিবেচনা মত প্রদান করিবে। বালকদিগের স্বল্পবিরাম জ্বরে জেল্‌সিমিয়ম বিশেষ উপকারী

পূর্ব্বোক্ত উপায়াদি অবলম্বনেও যদি জর হ্রাস প্রাপ্ত না হয়, তবে ওয়েট্ সিট্ প্যাকিং অর্থাৎ আর্দ্র বস্ত্র দ্বারা সর্ব্ব শরীর আচ্ছাদন, ঈষদুষ্ণ জলে স্নান, বাষ্প স্নান প্রভৃতি দ্বারা স্বেদস্রাব হইয়া জ্বরের উত্তাপ তিরোহিত হয় মস্তিষ্কে রক্তাধিক্য ও প্রলাপ হইলে বেলেডোনা ব্যবস্থা করিবে প্রবল প্রলাপে ক্লোরাল ও ব্রোমাইড অব্ পটাসিয়ম তাপ পরিহারার্থ-ডিজিটেলিস অল্প মাত্রায়, স্যালিসিলিক এসিড ও স্যালিসিলেট অব্ সোডা অর্দ্ধ বা ১ ড্রাম্ মাত্রায় রাত্রিতে এক বার বা অল্প মাত্রায় (৩—১৫ গ্রেণ) অথবা ফিনাসিটিন বা এন্টিপাইরিন ২ ৩ ঘণ্টান্তর প্রযুক্ত হইলে জ্বরের বর্দ্ধিত শরীরোত্তাপ হ্রাসিত হয় কিন্তু ইহা বিশেষ সাবধানে ব্যবহার করা বিধেয় হৃৎপিণ্ডের অবসাদক বলিয়া সতর্ক থাকা কর্ত্তব্য স্যালিসিলেট অব্ কুইনাইন ৩ ৪ গ্রেণ মাত্রায় প্রয়োগ করিলেও বিশেষ উপকার পাওয়া যায়।

ফিনাসিটিন্ ব্যবহারেও জ্বর মগ্ন হয় হৃৎপিণ্ডের দুর্ব্বলতা বর্ত্তমানে কফিইন সাইট্রাস সহ প্রয়োজ্য অয়েল ইউকালিপটাই ও গোমে-কল্‌ও উপকারী

ব্যালানাইটিস।

শিশ্নমুণ্ড ও তদাচ্ছাদক চর্ম্মের অভ্যন্তরস্থ শ্লৈষ্মিক ঝিল্লীর প্রদাহ উহা আরক্ত ও স্থানে স্থানে হাজিয়া যায়।

লক্ষণ। উত্তাপ, কণ্ডূয়ন, শ্লেষ্মামিশ্রিত পূযস্রাব, স্ফীততা; স্ফীততা অধিক হইলে আচ্ছাদক চর্ম্ম খোলা যায় না ইহার সঙ্গে প্রমেহ আদি পীড়া সম্মিলিত থাকিতে পারে।

চিকিৎসা।—শিশ্নমুণ্ড উত্তমরূপে পরিষ্কার করিবে কষ্টিক বা কোন প্রকার সংকোচক ধাবন দিবে সলিউসন অব্ সব্ এসিটেট অব লেড বা কষ্টিক লোশন (৩ গ্রেণে এক আউন্স জল) দ্বারা উক্ত স্থান পেন্ট করিবে গ্লাণ্ড পিনিস ও প্রিপিউ-সের মধ্যে শুষ্ক লিন্ট বা তুলা দিয়া রাখিবে ইহা দ্বারা ফাইমো-সিস্ রোগ হইলে অর্থাৎ চর্ম্ম খুলিতে না পারিলে পুলটীস্ দিবে এবং গোলার্ডস্ লোশন ও লিন্ট দ্বারা তৎস্থান ভিজাইয়া রাখিলে স্ফীততা হ্রাস হয় তৎপরে চর্ম্ম খোলা যাইতে পারে অথবা তাহাতে উদ্দেশ্য সিদ্ধ না হইলে অস্ত্র করিবে। পারম্যানগানেট অব্ পটাশ লোশন অত্যন্ত বেদনা থাকিলে লেড লোশনের সঙ্গে ওপিয়ম দিবে

গনোরিয়া—প্রমেহ।

মূত্রমার্গের শ্লৈষ্মিক ঝিল্লীর প্রদাহ, সাধারণতঃ অগ্রভাগ আক্রান্ত হয়। ইহাতে এক প্রকার স্পর্শ সংক্রামক ব শ্লেষ্মাবিমিশ্রিত পূযস্রাব হইয়া থাকে

লক্ষণ।—স্পর্শসক্রমণের পর তৃতীয় দিবসে শিশ্নমুণ্ড উষ্ণ ও কণ্ডূয়নযুক্ত হয় মূত্রমার্গ আরক্ত ও পূর্ণ, শ্বেতবর্ণ পূযস্রাব, প্রস্রাব করিতে জ্বালা, কুচকীতে বেদনা, মূত্রাশয়ের উগ্রতা, অণ্ডকোষ ভারি বোধ ও তাহাতে আকর্ষক বেদন আনুসঙ্গিক রোগ যথা—পুরুষ-অঙ্গ উন্নত ও শক্ত এবং বেদনান্বিত (কর্ডি); শিশ্নমুণ্ড প্রদাহ, মূত্রমার্গ হইতে রক্তস্রাব, মূত্রাবরোধ, স্ফোটক, মূত্রাশয়-মুখশায়ী গ্রন্থির প্রদাহ, মূত্রাশয় প্রদাহ, অণ্ডকোষ প্রদাহ, প্রমেহ জনিত চক্ষু উঠা ও বাত।

চিকিৎসা।—টিংচর একোনাইট ১ ফোটা মাত্রায় প্রতি ঘণ্টান্তর তরুণ রোগে ব্যবহার্য্য। ক্যানেবিস ইণ্ডিকার টিংচার ব্যবহারে সময় সময় উপকার হয়। ক্যান্থেরাইডিস্ টিংচর ১ ফোটা মাত্রার প্রয়োগে সুফল উপলব্ধি হইয়াছে। গ্লিসিরিণ অব্ ট্যানিন্ ১ ড্রাম, অলিভ অয়েল বা মিউসিলেজ ১ ড্রাম, একত্রে পিচকারী দিলে উপকার দর্শে টিংচর ফেরি অর্দ্ধ ড্রাম, টিংচর ওপিয়ম ১ ড্রাম, জল ২০ আউন্স একত্রে মিশ্রিত করতঃ তদ্দ্বারা মূত্রমার্গে পিচকারী দিবে। সল্‌ফো কার্ব্বলেট অব্ জিঙ্ক ২০ গ্রেণ জল ৮ আউন্স একত্রে মিশ্রিত করতঃ দিনে ২৩ বার পিচকারী দিবে ক্লোরাইড অব্ জিঙ্ক ১ বা ২ গ্রেণ, জল ২০ আং একত্র দ্রবীভূত করত রোগের প্রারম্ভে মূত্রমার্গে পিচকারী দিলে ২৪ হইতে ৪৮ ঘণ্টার মধ্যে রোগোপশম লক্ষিত হয়। পারম্যাঙ্গা-

নেট অব্ পটাশ, করোসিব সব্লিমেট, বোরাসিক এসিড লোশন পিচকারী একটি ঔষধের লোশন কয়েক দিবস ধীরভাবে ব্যবহার করা উচিত ঘন ঘন ঔষধ পরিবর্তন করা ভাল নহে। উগ্র পিচকারী অপেক্ষা মৃদু লোশনের পিচকারী সম্যক ফলোপধায়ী যদি ঘন ঘন পিচকারী দেওয়া বশতঃ অণ্ডকোষে বেদনা জন্মে, তাহা হইলে ইহাকে উষ্ণ জলে নিমজ্জিত করিবে বা ঘন ঘন স্বেদ দিবে তাহাতে উপশম বোধ না হইলে ঘন ঘন পিচকারী দেওয়া রহিত করিবে সেই সময় রোগীকে শয়ন করিয়া থাকিতে উপদেশ দেওয়া বিধেয়

প্রমেহ রোগের চিকিৎসার প্রধান উদ্দেশ্য যে পূযস্রাব রহিত করা। এই রোগে সচরাচর কোপেবা ও অয়েল কিউবেব ব্যবহৃত হইয়া থাকে, কিন্তু প্রদাহ সত্তে, মূত্রাশয় উগ্র ও অণ্ডকোষে বেদনা ও গাত্রে কোন প্রকার উদ্ভেদ থাকিলে ইহারা অব্যবহার্য্য রোগের প্রারম্ভেই নাইট্রেট অব্ সিলভর লোশন (৫ ১০ গ্রেণ, জল ১ আং) দ্বারা মূত্রমার্গে পিচকারী বিরেচক ও শীতল দ্রব্য পানার্থ দিবে। প্রতিবার প্রস্রাব করার পর সব এসিটেট্ অব্ লেড লোশন, সলফেট অব্ জিঙ্ক লোশনের পিচকারী দিবে। শিশ্ন উষ্ণ জলে স্নাত করিবে মলদ্বারে অহিফেনের সপোজিটরী ১৬৬। পিচকারী দ্বারা সময়ে সময়ে বিবিধ উপদ্রব আসিয়া উপস্থিত হয়, অতএব উহা সাবধানে ব্যবহার করিবে এসিটেট অব্ পটাশ ও নাইট্রস ইথর ব্যালসম কোপেবা ও অয়েল কিউবেব প্রদাহ উপশান্ত হইলে দিবে ৩২৭, ৩৭৩। গর্জ্জন তৈল এই রোগের বিশেষ উপকারী ঔষধ। চন্দনের তৈল ৫—২০ মিনিম মাত্রায় মিউসিলেজ সহ দিনে ২৩ বার। জ্বালা

নিবারণার্থ লাইকর পটাশ ও ক্যাম্ফর ওয়াটার। দুগ্ধ ও জল, স্নিগ্ধ ও শীতল পানীয়াদি সেবন। লিঙ্গোচ্ছ্বাস নিবারণার্থ ক্যাম্ফর একটু বেশী মাত্রায় ব্রোমাইড অব্ পটাসিয়ম উপকারী অণ্ড-কোষদ্বয় সস্পেন্সরী ব্যাণ্ডেজ দ্বারা উত্তোলিত রাখিবে। মূত্রমার্গ দিয়া রক্তস্রাব হইতে থাকিলে শীতল জল ও বরফ সংলগ্ন করাইবে, সেবনার্থ ট্যানিক এসিড, হেজিলিন বা হামামেলিস বা টর্পেণ্টাইন অয়েল দিবে আর্গটও দেওয়া যায়

ক্রনিক গনোরিয়া।

স্বচ্ছ শ্লেষ্মাস্রাব, বেদনা বা জ্বালা থাকে না। ঘন ঘন প্রস্রাব করিতে হয়, ঈদৃশ ঘটনার কারণ মূত্রাশয়ের গ্রীবা ও উহার মুখশায়ী গ্রন্থির উগ্রতা বিটপ দেশে (পেরিনিয়ম) বেদনা

চিকিৎসা। বিসমথ অর্দ্ধ আউন্স, গ্লিসিরীণ অর্দ্ধ আং জল ৩ আউন্স, একত্রে মূত্রমার্গে পিচকারী দিলে রোগোপশম হয় পূর্ব্ববর্ণিত অন্যান্য ঔষধও ইহাতে প্রযোজ্য

ফস্ফরিক এসিড ও নক্সভমিকা ফস্ফেট অব আয়রণ ও ফস্ফরিক এসিড ১৮৭ এমোনিয়া আয়রণ এলম্ ষ্টীল ও ক্যান্থেরাইডিস ১৯০। কড্লিভর অয়েল, আইয়োডাইড ও ব্রোমাইড অব্ পটাসিয়ম, টিংচর ফেরি পারক্লোরাইড স্যান্ডাল উড্ অয়েল অয়েল কিউবেব [illegible]ব্যালসম কোপেবা। কিউবেব চূর্ণ ও ম্যালম সঙ্কোচক ধাবনের পিচকারি যথা- সলফেট অব্ জিঙ্ক ২৪৪ ম্যালম ও প্লম্বাই এসিটাস ২৪৫ নাইট্রেট অব্ সিলভর, ক্লোরাইড অব্ জিঙ্ক প্রভৃতি *মৃদু ধাবনের পিচকারী। এই রোগ পুনঃ পুনঃ উপস্থিত হয় মলদ্বারে,

মূত্রাশয়ে বা উহার সন্নিকটে কোন প্রকার উদ্দীপনা বর্ত্তমান থাকিলে উষ্ণ জলে স্নান, ওপিয়ম ও বেলেডোনা সপোজিটরী প্রয়োগ কর্ত্তব্য; এবং বকু ও ইউভা অর্সাই ডিককৃসন সেব্য। আইয়োডাইড অব্ পটাসিয়ম, টিংচর হায়সায়ামাস বা বেলেডোনার সঙ্গে গর্জন তৈল মিউসিলেজের সঙ্গে ত্রিফলার জলের পিচকারীও উপকারী।

গনোরিয়া ইন্ ফিমেলস্।

মূত্রমার্গ, যোনিদ্বার ও তাহার মধ্যে ও জরায়ুর গ্রীবাদেশ পর্য্যন্ত স্থানের শ্লৈষ্মিক ঝিল্লীর তরুণ বা প্রাচীন প্রদাহ অপবিত্র রতিক্রিয়া ও অন্যান্য কারণেও ইহা জন্মে, কিন্তু কি কারণে রোগ উৎপত্তি হইয়াছে, তাহা অনেক সময় ঠিক করিতে পারা যায় না।

চিকিৎসা —হট্ হিপ্ বাথ, উষ্ণ জলের ইন্‌জেক্সন মৃদু বিরেচক। সংকোচক ধৌত দ্বারা পীচকারী, যথা সলফেট অব্ জিঙ্ক, ক্লোরাইড অব্ জিঙ্ক, য়্যালম, লাইকর প্লম্বাই সব এসিটেটীস, দগ্ধ ফটকিরি, কষ্টিক প্রভৃতি ট্যানিন ও এসিটেট অব্ লেডের পেসারী। সেবনার্থ পূর্ব্বোক্ত ঔষধাদি ব্যবহার্য্য অর্থাৎ পুরুষদের রোগে যাহা উল্লিখিত হইয়াছে বিবিধ এন্টি-সেপ্টীক লোসনের পীচকারী জরায়ু ও মূত্রাশয় পর্য্যন্ত প্রদাহ বিসর্পিত হইলে এণ্ডোমিট্রাইটিস ও সিষ্টাইটীস রোগের চিকিৎসা করিতে হইবে।

ভিজিটেসন বা ওযার্টস্—শিশ্নে আঁচিল।

সংকোচক ধৌত, অক্সাইড অব্ জিঙ্ক, নাইট্রেট্ অব্ সিলভর, পারক্লোরাইড অব্ আয়রণ, এসিটীক এসিড, শুষ্ক সলফেট অব্ জিঙ্ক, এসিড নাইট্রেট অব্ মার্করী; গ্লিসিরিণ অব্ কার্ব্বলিক এসিড প্রযোগ, অথবা কাঁচি দ্বারা কর্ত্তন স্যালিসিলিক এসিড কলোডিয়ন সহ স্থানিক। লাইকর আর্সেনিকেলিস তুলী দ্বারা স্থানিক প্রয়োগ।

এক্সকোরিয়েসন্—শিশ্নের নিঘর্ষণ।

শীতল বা ঈষদুষ্ণ জলে উত্তমরূপে ধৌত করিবে। সংকোচক ধাবন, সলফেট অব্ জিঙ্ক, য়্যালম, নাইট্রেট অব্ সিলভর ইত্যাদি।

হার্পিস্ প্রিপিউসিয়েলিস।

শিশ্নাবরক ত্বকের দদ্রু, ইহা আপনাপনিই প্রায় আরোগ্য হয় সেবনার্থ সিড্লীজ পাউডর বা সলিউসন অব্ কার্ব্বনেট অব্ ম্যাগনিসিয়া এক মাত্রা। স্থানিক—অক্সাইড অব্ জিঙ্ক, য়্যালম লোশন অথবা সব এসিটেট অব্ লেড অয়েন্টমেন্ট। কষ্টিকের মৃদু ধাবন।

প্রাইমারি সিফিলিস—প্রাথমিক উপদংশ।

ইহা ৪ প্রকার; এক প্রকার বিশেষ বিষ হইতে উৎপন্ন হয়।

ইন্ডিউরেটেড স্যাঙ্কর।—এই প্রকার ক্ষতে প্রদাহ

কুঁচকীর গ্রন্থিবিবৃদ্ধি হয়। এই রোগের পরিণামে সার্ব্বাঙ্গিক লক্ষণাদি আবির্ভূত হয় দেহের মধ্যে বিষ প্রবিষ্ট হওয়ার ১০ দিন হইতে ৬৭ সপ্তাহ পরে রোগ প্রকাশিত হয় ইহাতে ক্ষতের কিনারা ও মূলদেশ কঠিন হয় অর্থাৎ লসীকা স্রাব বশতঃ ঐরূপ শক্ত হইয়া থাকে উহা হইতে সামান্য প্রকার স্রাব নিঃসৃত হয় এই রোগে আক্রান্ত ব্যক্তির শরীরে এই স্রাবের স্পর্শসংক্রমণ শক্তি থাকে না

চিকিৎসা।—ইহা একটী সার্ব্বাঙ্গিক পীড়া আর্জেণ্টাই নাইট্রাস ৫৩, ২৩৬, ২৬১ ফেরি সল্‌ফাস সূক্ষ্ম চূর্ণ, লাইকর হাইড্রার্জিরাই নাইট্রেটীস ৬১, ৬৭। হাইড্রার্জ অক্‌সিডাই রুব্রাই ৬৬ লোসিয়ো নাইগ্রা ২০ ইয়েলো ওয়াশ ২৪ এসিড নাইট্রিক; আইয়োডিন ২৬, ১৭৫ বিবিধ প্রকার সংকোচক ধৌত বেদনার আতিশয্যে ধৌত ঔষধের সহিত ওপিয়ম ও বেলেডোনা মিশ্রিত করিয়া দিবে এবং সেবনার্থও বিধান করিবে ইহার সার্ব্বাঙ্গিক চিকিৎসা "কনষ্টিটিউসনাল সিফিলিসের" মধ্যে বর্ণিত হইল আইডোফর্ম্ম, বোরিক এসিড সেবনার্থ গ্রে পাউডর, প্লমার্স পিল আদি মুখ না আইসে এরূপ পরিমাণে প্রয়োগ উপকারী। ১ গ্রেণ গ্রে পাউডর ২৩ বার ২৪ ঘণ্টায় সেব্য।

নন্ ইন্‌ডিউরেটেড স্যাঙ্কর।—ইহাতে যে প্রদাহ হয়, তাহাতে পূযোৎপাদন করে। ইহা স্থানিক পীড়া—পরে সার্ব্বাঙ্গিক গৌণিক লক্ষণাদি প্রকাশিত হয় না এক বা তদধিক ক্ষত

থাকে, কিম্বা স্পষ্ট দেখা যায় ও বোধ হয় যেন তন্তু সকল কাটিয়া ফেলিয়াছে অধিক পরিমিত পূয়স্রাব।

চিকিৎসা।—বিষ সংস্পর্শের পাঁচ দিনের মধ্যে কষ্টিক দ্বারা পুড়াইয়া দিলে ক্ষতের বিষ নষ্ট হয় ইহা সার্ব্বাঙ্গিক পীড়ার মধ্যে পরিগণিত নহে নাইট্রেট অব্ সিল্ভর, নাইট্রিক এসিড, পটাসা ফিউজা, এসিড সলিউসন অব্ নাইট্রেট অব্ মার্কারী, সল্‌ফিউরিক এসিড যখন এই সকল স্থানিক প্রয়োগ দিবে, তখন যাহাতে উহা সুস্থ স্থান স্পর্শ না করে, তদ্বিষয়ে বিশেষ সতর্কতা অবলম্বন করিবে। সংকোচক ধৌত—আর্জে-ণ্টাই নাইট্রস ২৩৬, কুপ্রাই সলফাস ২৩৮, লাইকর প্লম্বাই সব এসিটেটীস ২৪০, জিঙ্কাই সল্‌ফ ২৪২ ব্লাক ওয়াশ ২০, ইয়েলো ওয়াশ ২৪। নাইট্রেট অব্ সিল্ভরের মলম ২৬১। ক্যালোমেল অয়েণ্টমেণ্ট ২৬৫। কুইনাইন, লৌহঘটিত ঔষধ, পুষ্টিকারক পথ্য। কোষ্ঠবদ্ধ থাকিলে বিরেচক। কোমল (নন্‌ইন্‌ডিউরেটেড) উপদংশীয় ক্ষতে আইডোফর্ম্ম চূর্ণ ছড়াইয়া দিলে ক্ষত শীঘ্র আরোগ্যোন্মুখ হয়। পার অক্‌সাইড অব্ হাইড্রোজেন ধৌত দ্বারা ক্ষত দিনে ২।৩ বার প্রক্ষালন করিয়ে ও তাহারই দ্রবে লিণ্ট ভিজাইয়া ক্ষতোপরি সংস্থাপন করিয়া রাখিলে ক্ষত সত্বর শুষ্ক হইয়া যায়।

ফ্যাজিডেনিক স্যাংকর।—ক্ষতশীল প্রদাহের সঙ্গে এই রোগ সমুপস্থিত হয়। ক্ষত ক্ষুদ্র, উগ্র ও বিচ্ছিন্ন; তাহা হইতে অসুস্থ পূয় ক্ষরিত হয় ক্ষতের বিশৃঙ্খলভাবে প্রসারি হইবার প্রবণতা থাকে। ইহাতে যে বাগি হয়, তাহা পাি

উঠে ও সেই পূয কোন স্থানে লাগিলে ক্ষত হয়। ইহাতে সার্ব্বাঙ্গিক লক্ষণাদি প্রকাশিত হয় না।

চিকিৎসা। ফোমেণ্টেশন, পুল্‌টীস সেবনার্থ পূর্ণ মাত্রায় অহিফেন কষ্টিক ও উদ্দীপক ঔষধ নিষিদ্ধ বেদনা-নিবারক, অবসাদক ও সংকোচক ধাবন মার্কিউরিয়েল ফিউমিগেশন ওযার্ম হিপ্‌ বাথ্‌ এসিড কার্ব্বলিক ও গ্লিসিরিণ ২৮ অঙ্গুয়ে রেজিন ৬৩, ৬৪ সেবনার্থ বার্ক ও নাইট্রিক এসিড লৌহঘটিত বলকরৌষধ আইয়োডাইড অব্‌ পটাসিয়ম ও সার্সা-প্যারিলা পুষ্টিকারক খাদ্য।

স্লফিং স্যাংকর —ইহাতে ক্ষত পচিত অর্থাৎ পচিতে থাকে। ইহাতে বাগি হয় না পরিণামে সার্ব্বাঙ্গিক উপদংশের লক্ষণাদি জন্মে না স্থানিক চিকিৎসাতেই রোগ আরোগ্য হয় রোগ সময়ে সময়ে এমন গুরুতর আকার ধারণ করে যে, শিশ্নমুণ্ড ও তদাচ্ছাদক চর্ম্ম এককালে বিনষ্ট হয় দুর্ব্বল বেশ্যাদের এই পীড়ায় বাহ্য জননেন্দ্রিয়ের কতক অংশ পচিয়া খসিয়া পড়ে।

চিকিৎসা উত্তেজক ঔষধ ও পুষ্টিকারক খাদ্য বেদনা নিবারণার্থ ওপিয়ম ফোমেণ্টেশন, পুলটীস, কার্ব-লিক এসিড, কণ্ডিস্‌ সলিউসন, অঙ্গুয়ে রেজিন ও টর্পেণ্টাইন, চারকোল পুলটীস কুইনাইন ও বার্ক, এমোনিয়া ও বার্ক। ক্লোরেট অব্‌ পটাশ ও টিংচার ফেরি পারক্লোরাইড ক্লোরেট অব্‌ পটাশ ধৌত ২৪৩ কার্ব্বলিক এসিড ও গ্লিসিরিণ ২৮।

বিউবো—বাগি।

এক প্রকার বিশেষ বিষ শোষিত হইয় কুঁচকীর* গ্রন্থিকে প্রদাহিত করে। চর্ম্মের নিম্নস্থ গ্রন্থিই আক্রান্ত হয় কথন কথন কোন বিষের আশোষণ ব্যতীতও কুঁচকীর গ্রন্থিতে বেদনা ও প্রদাহাদি হইয়া থাকে। উপদংশ, প্রমেহ, অপরিমিত রতিক্রিয়া প্রভৃতি কারণে এই রোগ জন্মে। লসীকাবাহী নাড়ীদের যে কোন কারণে উগ্রতা জন্মে, তাহাতে এই রোগ উৎপত্তির সম্ভাবনা কোন কোন প্রকার বাগি পাকে ও কোন কোন প্রকার পাকে না।

চিকিৎসা।—স্থানিক এমোনি ক্লোরাইড (স্প্রিট রোজ- মেরির সঙ্গে), আর্জেণ্টাই নাইট্রস, ক্রিয়েজোট, আইয়োডিন্ পেণ্ট, অঙ্গুয়ে হাইড্রার্জ পটাশী ক্লোরাস আভ্যন্তরিক ও স্থানিক ২৪৩ ব্লিষ্টার্স, ফোমেণ্টেশন, পুলটীশ, আইয়োডাইড অব্ পটা- সিয়ম অয়েণ্টমেণ্ট, পটাশা ফিউজা সেবনার্থ প্রথমে বিরেচক, পরে কুইনাইন ও আয়রণ ১৭৩, ১৭৪, ১৭৬। কডলিভর অয়েল, আইয়োডাইড অব্ পটাসিয়ম। কোনরূপে না বসিলে কর্ত্তন করিবে, তৎপরে ক্ষত শুষ্ক করণার্থ কার্ব্বলিক এসিড আদি দিবে। আইডোফর্ম্ম ও কলোডিয়ন স্থানিক প্রযোজ্য

কনষ্টিটিউসনাল সিফিলিস—সার্ব্বাঙ্গিক উপদংশ।

ইন্‌ডিউরেটেড বা কঠিন ক্ষতযুক্ত উপদংশ রোগের পরিণাম ফল। এই কারণে শরীরের বিবিধ প্রাচীন অসুস্থতা জন্মে। তদ্ভিন্ন সার্ব্বাঙ্গিক উপদংশ বিষ বশতঃ অস্থিপীড়, চর্ম্মে দুর্দম্য ক্ষত,

চর্ম্মপীড়া, শ্লৈষ্মিক-ঝিল্লীতে ক্ষত, ধ্বজভঙ্গ, বন্ধ্যাত্ব, গর্ভস্রাব ও জরায়ুর মধ্যে ভ্রূণ বিনষ্ট হইয়া থাকে

লক্ষণ।—প্রথমে সার্ব্বাঙ্গিক অসুস্থতা থাকে, তৎপরে জ্বর, মানসিক দুর্ব্বলতা, শরীরে ভারবোধ ও আলস্য, অঙ্গে বেদনা ও চর্ম্মের বর্ণ পীতাভ বা মলিন পীত হয়। কিছু দিন পরেই চর্ম্মে তাম্রবর্ণ উদ্ভেদ বাহির হয়। চর্ম্মে ক্ষত, আঁচিল, শ্লৈষ্মিক ঝিল্লীতে গুটিকা ও মাংসাঙ্কুর, চর্ম্ম ও চর্ম্ম নিম্নস্থ যোজক তন্তুতে অর্ব্বুদ, কেশ পতন অর্থাৎ মস্তকে টাক পড়ে, ভ্রূ ও চক্ষুপাতার লোম বিনষ্ট, উপদংশীয় উপতারা প্রদাহ (আইরাইটিস); নখের বিবর্ণতা ও বিনাশ বা বিদারণ এবং তাহাদের মূলে প্রদাহ ও ক্ষত। জিহ্বা, ওষ্ঠ ও মুখগহ্বরের পশ্চাৎ অংশে অগভীর ক্ষত, স্বরযন্ত্রে ক্ষত; অস্থি ও অস্থিচ্ছদের পীড়া, বক্ষোস্থির মধ্যস্থলে বেদনা মস্তিষ্ক, কশেরুকমজ্জা, ফুস্ফুস, হৃৎপিণ্ড ও যকৃতাদির পীড়াও এতৎ কারণে সমুদ্ভূত হইয়া থাকে।

চিকিৎসা।—পথ্যার্থ লঘুপাক ও পুষ্টিকারক দ্রব্য—দুগ্ধ, কাঁচা ডিম্ব গরম কাপড় গায়ে দিবে ওয়ার্ম ওয়াটর, ভেপার বা টর্কিস বাথ। অত্যন্ত বেদনা বর্ত্তমানে ওপিয়ম। রাত্রিতে নিদ্রা না হইলে বা অত্যন্ত উদ্দীপনা থাকিলে ইহার সঙ্গে বেলেডোনা মার্কনী অং মাত্রায় অর্থাৎ মুখ না আইসে এইরূপ ভাবে দিবে ব্লুপিল, গ্রে পাউডর, ক্যালোমেল, বিন্ আইয়োডাইড, করোসিব সব্লিমেট ৪১৪, ৪১৫, ৪১৬, ৪০২ ৩৯৮। মার্কিউরিয়েল অয়েণ্টমেণ্ট, মার্কিউরিয়েল ভেপার বাথ। ডনোভান্স সলিউসন ৫।১০ ফোঁটা মাত্রায় একত্রা বা ডিককঃ

সার্সাপারিলা বা অনন্তমূলের ক্বাথ সহ। আইয়োডাইড অব্ পটাসিয়ম ৩৯৯, ৪০১, ৪০৬, ৪১১। আইয়োডাইড আয়রণ ৪০৩। আইয়োডাইড অব্ পটাসিয়ম ও কার্ব্বনেট অব্ এমোনিয়া। কডলিভর অয়েল। আইয়োডাইড অব্ সোডিয়ম ও আইয়োডাইড এমোনিয়ম স্বতন্ত্র ভাবে বা পটাসিয়মের সঙ্গে মিশাইয়া প্রযোজ্য।

ইন্‌ফ্যাণ্টাইল সিফিলিস—সহজাত উপদংশ।

পিতামাতার শরীর হইতে উপদংশ বিষ সন্তানের শরীরে প্রবিষ্ট হইয়া কার্য্য করে শিশুসন্তান প্রথমে দেখিতে সুস্থ থাকে, আবার কখন কখন তাহার চর্ম্ম অনুজ্জ্বল ও মুখাকৃতি কুঞ্চিত (বৃদ্ধদের ন্যায়) দেখায়। ইহাকে কন্‌জেনিটাল সিফিলিসও বলে

লক্ষণ —জন্মের এক মাসের মধ্যেই সর্দ্দি হয় ও নাক দিয়া জলীয় শ্লেষ্মা নিঃসৃত হইতে থাকে। তৎপরে কাসি, স্তনপানে কষ্ট, মুখ ও ওষ্ঠ শুষ্ক, স্বর কর্কশ ও ভঙ্গ; গলা ও মুখের ভিতর অগভীর ক্ষত, মুখ, নাসা, নিতম্ব ও বাহু এবং সন্ধির সঙ্কুচিত অংশের বর্ণ তাম্রের ন্যায়; তাহা বিদারিত ও হাজিয়া যাওয়ার ন্যায় হয়। শিশুর শরীর শুষ্ক ও দুর্ব্বল হইতে থাকে যকৃতের মেদাপকৃষ্টতা ও ফুসফুসে কঠিন ও বড় বড় গুটিকা। উপদংশীয় উপতারা প্রদাহ, বধিরতা। চক্ষুর কাল ক্ষেত্রে প্রদাহ ও তাহার মধ্যের তন্তু আদিতেও প্রদাহ।

৯

চিকিৎসা।—মার্কিউরিয়েল অয়েন্টমেন্ট মর্দ্দন, গ্রে পাউডার ১ বা ২ গ্রেণ মাত্রায় অত্যন্ত শিশুদের জন্য $\frac{1}{8}$—$\frac{1}{4}$ গ্রেণ মাত্রায় প্রয়োগ বিধেয় আইয়োডাইড অব্ পটাসিয়ম, ক্লোরেট অব্ পটাশ সেব্য মাতার দুগ্ধ পান না করাইয়া অার এক জন সুস্থা স্ত্রীলোকের দুগ্ধ পান করাইবে অভাবে গাভী, গর্দ্দভী ও ছাগী দুগ্ধ ব্যবহার্য্য শিশুর রোগ আরোগ্যকরণার্থ সময়ে সময়ে মাতাকে ঔষধ সেবন করাইবে। শিশু অত্যন্ত দুর্ব্বল থাকিলে ক্লোরেট বা আইয়োডাইড অব পটাসিয়মের সঙ্গে টিংচর সিনকোনা কম্পাউণ্ড মিশ্রিত করিয়া দিবে। ব্লু অয়েন্টমেন্ট (২০—৩০ গ্রেণ) একখানি ফ্লানেলে মাখাইয়া তাহা উদর বা হাটুতে বাঁধিয়া দিবে এবং প্রত্যহ নূতন করিয়া দিবে এইরূপ উপায়ে রোগ সত্বরই আরোগ্য হয় স্থানিক ক্ষতাদির জন্য অক্সাইড অব্ জিঙ্ক অয়েণ্টমেন্ট, সিট্রিন অয়েন্টমেন্ট ৬০ গ্রেণ, মোমের মলম ১ আউন্স ঈষদুষ্ণ জলে শিশুকে স্নান করাইবে

সিফিলিফোবিয়া—উপদংশাতঙ্ক।

উপদংশ হওয়ার ভয়, কিন্তু উক্ত পীড়া জন্মিবার কোন চিহ্ন না হইলেও রোগী তজ্জন্য সাতিশয় আশঙ্কিত হয় ও পীড়ার কাল্পনিক লক্ষণাদি জানায়

লক্ষণ।—অত্যন্ত মানসিক ক্লেশ, সার্ব্বাঙ্গিক স্বাস্থ্যভঙ্গ এবং উপদংশ বিষয় ভেষজ সেবনার্থ সাতিশয় ইচ্ছা কাল্পনিক শুক্রমেহ ও ধ্বজভঙ্গের অনুরূপ লক্ষণাদি ইহাতেও হয়

চিকিৎসা।—জিঙ্ক ও ষ্ট্রীকনিয়া ২০৫। কুইনাইন ও

নক্সভমিকা ১৯৫ লৌহঘটিত ঔষধ ১৭২, ১৭৬, ১৭৭, ১৭৮, ১৮৭, ১৮৮। কড্লিভব অয়েল, হাইপোফস্ফাইট অব্ সোডা। ব্রোমাইড অব্ পটাসিয়ম জিঙ্ক ও জেনসিয়ান বা কোয়াসিয়া ১৯৭, ১৯৮। পুষ্টিকারক খাদ্য, ঈষদুষ্ণ বা শীতল জলে স্নান, ব্যায়াম, বায়ু পরিবর্ত্তন।

ডিজিজেস্ অব্ দি নর্ভস্ সিষ্টেম— স্নায়ুমণ্ডলের পীড়া।

একিউট এন্‌কেফেলাইটিস—তরুণ মস্তিষ্ক প্রদাহ

মস্তিষ্ক ও উহার পর্দ্দার প্রদাহের পরিমাণ ও বিস্তৃতি অনুসারে জীবিতাবস্থায় অল্পাধিক বিমিশ্রিত লক্ষণাদি প্রকাশিত হয়। মৃত্যুর পরে পর্দ্দাতে রক্ত সঞ্চয়, তৎসঙ্গে লসীকা, রক্তরস বা পূয ক্ষরিত দৃষ্ট হয় মস্তিষ্ক রক্তপূর্ণ, আক্রান্ত অংশ মলিন রক্তবর্ণ থাকে এবং সময়ে সময়ে মস্তিষ্ক কোমল বা তাহাতে পূযোৎপত্তি হয়।

লক্ষণ।—প্রাথমিক চিহ্নের মধ্যে জ্বর, বিবমিষা, বমন, তীব্র শিরোবেদনা; তীক্ষ্ণ, কঠিন ও বিশৃঙ্খল নাড়ী; কোষ্ঠবদ্ধ, আলোক ও শব্দাসহ্যতা; জাগরণশীলতা; যন্ত্রণাসূচক দৃষ্টি বা অপ্রফুল্লতা; চক্ষু জলপূর্ণ, চিন্তা শক্তির বিশৃঙ্খলা বা প্রলাপ। মস্তিষ্ক ঝিল্লী আক্রান্ত হইলে এই সকল লক্ষণ সুস্পষ্ট প্রকাশ পায় তৎপরে ১২ ঘণ্টা হইতে ২ দিন পরে রোগের দ্বিতীয়াবস্থা আরব্ধ হয় হিমাঙ্গাবস্থা, অচৈতন্য, স্বর অস্পষ্ট বা বাক্য কথনে কষ্ট, দৃষ্টি ও শ্রবণশক্তি অপ্রবল; কনীনিকা আলপিনের

ন্যায় সংকুচিত হওত পরে প্রসারিত হয় তির্য্যক দৃষ্টি ও অক্ষিপুটের পেশীবর্গের পক্ষাঘাত, পৈশিক আকুঞ্চন, মৃতবৎ মুখাকৃতি, দন্ত ও মাড়িতে মলসঞ্চয়, শীতল ঘর্ম্ম, সংকোচক পেশী সকলের শিথিলতা, খেঁচুনী, পক্ষাঘাত এবং সম্পূর্ণ জ্ঞান-হীনতা। তৎপরে রোগীর মৃত্যু হয়। কখন কখন প্রাথমিক লক্ষণের মধ্যে হঠাৎ বিকম্প বা খেঁচুনি আরম্ভ হয়, তদবসানে রোগী সংজ্ঞাহীন হইয়া মৃত্যুমুখে নিপতিত হয় কিম্বা খেচুনী ঘন ঘন হইতে থাকে ও ২৪ ঘণ্টা পরে রোগী সজ্ঞান হয়। যখন মাস্তিষ্ক পদার্থ আক্রান্ত হয়, তখন প্রায়ই বিবমিষা ও বমন সহ; এবং যখন ঝিল্লী আক্রান্ত হয়, তখন খেচুনী হইয়া রোগ প্রকাশিত হয়। কয়েক ঘণ্টার মধ্যে কখন কখন ২৩ সপ্তাহ পর্য্যন্ত রোগী রোগ ভোগ করিয়া পঞ্চত্ব প্রাপ্ত হয়

চিকিৎসা। উগ্র বিরেচক ক্যালোমেল ও জেলাপ সেবন করাইয়া তাহার তিন ঘণ্ট পরে ম্যাগ্না সল্ফ মিশ্র ৩৩১, ৩৩৪ কম্পাউণ্ড ডিকক্সন অব্ য়্যালোজ ৩২৭ ক্রোটন অয়েল ৩২৮, ৩৪৬ সিডলিজ পাউডর ৩৫৩ অয়েল রিসিনি ও টর্পেণ্টাইনের পিচকারী ৩৬০ লাইকর এমোনিয়া এসি-টেটীস ও ভাইনম এণ্টিমোনিয়েলিস মিশ্র ২৮৩ লাইকর এমোনিয়া এসিটেটীস ও একোনাইট ২৮৮ মস্তক মুণ্ডন করাইয়া মস্তকে শৈত্য প্রয়োগ ১১৯ কেবল শীতল জল, বরফ, ভিনি গার মিশ্রিত জলও ব্যবহার্য্য। গাড়ুর নলের দ্বারা উচ্চ হইতে জল ধারা (ডুস্) ব্যবহার কর যাইতে পারে। ইহাতে দুর্দ্দম্য প্রলাপাদিও নিবারিত হয় সেবনার্থ আইয়োডাইড অব্ পটা-সিয়ম এই রোগের শ্রেষ্ঠ ঔষধ। ৩—৮ গ্রেণ মাত্রায় ৪।৬

ঘণ্টান্তর। এণ্টিপাইরিণ ও এক্সালজিন সেবনে মাস্তিষ্ক বেদনা উপশমিত হয়। ব্রোমাইড ও বেলেডোনা বেদনা উপশমের পর নিদ্রার জন্য সল্‌ফোনাল প্রযোজ্য আক্ষেপে পটাশ ও এমন ব্রোমাইড। বমনে বরফখণ্ড চুষিতে দিবে। আইয়োডাইড অব পটাসিয়ম বলকারক বা উত্তেজক ঔষধের সঙ্গেও দেওয়া যায় হিমাঙ্গের সময়ে উত্তেজক অর্থাৎ এমোনিয়া, ইথর, মস্ক, ব্রাণ্ডি, বিফটি প্রভৃতি প্রযোজ্য। দুগ্ধ, কাঁচা ডিম্ব, মাংসের ঝোল পথ্যার্থ। মার্করী ব্যবহারে বিশেষ উপকার হয় বাহ্যিক ব্লু অয়েণ্টমেণ্ট।

পূর্ব্বে এই রোগের চিকিৎসায় রক্তমোক্ষণ, ব্লিষ্টার, উগ্র-বিরেচক, ডিজিটেলিস, ক্যালোমেল ও অন্যান্য প্রকার মার্করী প্রভৃতি ব্যবহৃত হইত, কিন্তু এক্ষণে উক্তরূপ চিকিৎসা প্রণালী প্রায়ই অবলম্বিত হয় না।

সিম্পল মিনিন্‌জাইটীস।

সুস্পষ্ট কারণ ব্যতীত য়্যারক্‌নইড ও পায়ামেটার ঝিল্লীর প্রদাহ, কখন পতন বা আঘাত অথবা কর্ণ ও নাসা রোগের প্রসারণ বা সূর্য্যোত্তাপে ভ্রমণ বশতঃ জন্মে উপদংশবিষ ও বাত রোগও ইহার অন্যতম কারণ।

লক্ষণ। জ্বর, মস্তকে তীব্র বেদনা; উগ্রতা ও তৎসঙ্গে প্রবল প্রলাপ মস্তক মুখমণ্ডল আরক্তিম, তৎপরে পাণ্ডুর। নাড়ী দ্রুত পৈশিক আকুঞ্চন, অবসন্নতা ও জ্ঞান-হীনতা

মস্তিষ্কের কুব্জ প্রদেশস্থিত ঝিল্লীর প্রদাহে—প্রথমে শীত বা বালকদের আক্ষেপ তৎপরে চর্ম্ম উষ্ণ ও শুষ্ক, নাড়ী কঠিন

ও দ্রুত; কোষ্ঠবদ্ধ তীব্র শিরোবেদনা, শব্দে বা সঞ্চালনে বৃদ্ধি মুখমণ্ডল পর্য্যায়ক্রমে আরক্তিম ও পাণ্ডুবর্ণ চক্ষুর শ্বেতাংশ রক্তবর্ণ, চক্ষু জলপূর্ণ, এবং দৃষ্টি সশব্দ ও প্রবল প্রলাপ প্রথমেই আরম্ভ হয় সাতিশয় অস্থিরতা, পৈশিক আক্ষেপ, তির্য্যক দৃষ্টি, বমন তিন বা চারি দিন পরে জ্বর কমে। নাড়ী অবসন্ন, জিহ্বা ধূসরবর্ণ ও শুষ্ক, উদ্দীপনা হ্রাস এবং জ্ঞান-হীনতা হয় সাতিশয় অবসন্নতা রোগ আরোগ্যোন্মুখ হইলে অল্পে অল্পে উপকার হইতে থাকে

মস্তিষ্কের প্রথম ঝিল্লী (ডিউরামেটার) আক্রান্ত হইবার কারণ —আঘাত, করোটীর পীড়া, কর্ণ ও নাসিকার পীড়া

চিকিৎসা ইহার চিকিৎসা পূর্ব্ববর্ণিত রোগের ন্যায় আঘাত বশতঃ হইলে ও চতুষ্পার্শ্বে স্ফীতাদি থাকিলে অস্ত্র দ্বারা তৎস্থান চিরিয়া দেওয়া আবশ্যক খেঁচুনীতে ব্রোমাইড অব্ পটা-সিয়ম বিশেষ উপকারী

টুবরকিউলার মিনিন্জাইটীস।

পাঁচ বৎসরের ন্যূনবয়স্ক বালকদের সাধারণতঃ হয় প্রধানতঃ গণ্ডমালা ধাতুপ্রকৃতিক বালকদের এই রোগ জন্মে মস্তিষ্ক ও তৎঝিল্লীতে গুটিকা সঞ্চিত হইয়া তাহারা প্রদাহিত হয়। পূর্ব্বে এই রোগকে একিউট হাইড্রোকেফেলস বলিত

লক্ষণ —বিবিধ ও অনিশ্চিত ইহার তিন অবস্থা— যথা ১ম অবস্থা—পরিপোষণ ক্রিয়ার ব্যাঘাত জন্মিবার লক্ষণাদি গণ্ডমালা প্রকৃতির চিহ্ন শুষ্ক কাসি, উগ্রতা, শব্দ ও আলোকাসহ্যতা, শিরোবেদনা এবং শিরোঘূর্ণন মস্তিষ্কে রক্তাধিক্যের অন্যান্য

লক্ষণ; জ্বরের প্রকোপ ও বিরাম, পরিবর্ত্তনশীল ক্ষুধা, জিহ্বা মলাবৃত, শ্বাস দুর্গন্ধ, বমন ও কোষ্ঠবদ্ধ শিশুরা তন্দ্রাযুক্ত অথচ অস্থির; দন্ত কিড়মিড় ও মৃদু স্বরে ক্রন্দন করে, ভয় পাইয়া জাগিয়া উঠে ও চীৎকার করিয়া কাঁদে, প্রায়ই প্রলাপ বকে ৪ ৫ দিন পরে রোগ দ্বিতীয়াবস্থায় উপনীত হয়। বালক নিস্তব্ধ থাকিতে ইচ্ছা প্রকাশ করে। মুখাকৃতি পর্য্যায়ক্রমে আরক্তিম ও পাণ্ডুবর্ণ এবং যন্ত্রণাব্যঞ্জক চক্ষু নিমীলিত ও ভ্রূ কুঞ্চিত কথা কহিতে পারিলে রোগী শিরোবেদনা, ক্লান্তি ও অনিদ্রার অনুযোগ করে নাড়ী অনিয়মিত, দ্রুততার হ্রাস অর্থাৎ মিনিটে ১২০ হইতে ৮০ বার স্পন্দিত হয় লক্ষণাদি অল্প কালের জন্য উপশমিত হয় তৎপরে অচেতনতা ও মস্তকের গুরুতা সমুপস্থিত হয় তির্য্যক দৃষ্টি, রোগী সংজ্ঞা-শূন্য, নাসিকা ও ওষ্ঠ চুলকাইতে থাকে, কিন্তু তৎসময় হস্তের অঙ্গুলি কাঁপে খেঁচুনী, পক্ষাঘাত মলমূত্র অজ্ঞাতসারে নির্গত হয়

এক বা দুই সপ্তাহ পরে তৃতীয় অবস্থা উপস্থিত হয় তৎসময় তন্দ্রা উপস্থিত হওত প্রগাঢ় অচেতনাবস্থা জন্মে নাড়ী অত্যন্ত দুর্ব্বল ও ক্ষীণ, শাখা সকল শীতল ও দেহে শীতল ঘর্ম্ম নিঃসৃত হয় পক্ষাঘাত ও সম্ভবতঃ খেঁচুনী উপস্থিত হয় ও তৎপরে মৃত্যু হয়

পূর্ণবয়স্কদের এই রোগের পূর্ব্বে ফুসফুস পীড়া বর্ত্তমান থাকে। বমন সহ লক্ষণাদি ক্রমশঃ প্রকাশিত হয়

চিকিৎসা। —এই রোগের চিকিৎসায় অবসাদক উপায় অবলম্বন করা উপকারী নহে আবশ্যক হইলে জলৌকা দ্বারা রক্তমোক্ষণ। বিরেচক কম্পাউণ্ড জেলাপ বা রিউবার্ব পাউডর; সিড্‌লীজ পাউডর, সলফেট অব ম্যাগ্নেসিয়া। পডোফিলিন

পিল, ৩৪৭ আইয়োডাইড অব্ পটাসিয়ম অর্দ্ধ হইতে ৩ ৪ গ্রেণ মাত্রায় ৪ ৬ ঘণ্টান্তর মস্তকে শৈত্য প্রয়োগ ১১৯ বালকের দন্তোদ্ভেদ কালে এই রোগ হইলে মাড়ি চিরিয়া দিবে। দুর্ব্বলতার লক্ষণ প্রকাশিত হইলে বলকারক ও উত্তেজক ঔষধ পোর্টওয়াইন জলের সঙ্গে, বিন্ টি অথবা স্পিরিট এমোনিয়া য়্যারোমেটীক, মিনারেল এসিড্স, ইথর, মস্ক প্রভৃতি কেহ কেহ এই রোগে মার্করী ব্যবহার করেন কডলিভর অয়েল, হাইপো ফস্ফাইট অব্ লাইম ও সোডাও উপকারী টার্টার এমিটিক অয়েণ্টমেণ্ট মস্তকোপরি মর্দ্দনে প্রত্যুগ্রতা সাধিত হ‍ইতে উপকার দর্শে নিদ্রার জন্য সল্‌ফোন্যাল ও বেদনা নিবারণার্থ এণ্টিপাইরিণ ও ব্রোমাইড প্রযোজ্য গ্রীবায় মষ্টার্ড মস্তকে বরফ বা শৈত্যকর ধাবন পথ্যার্থ বরফ সংযুক্ত দুগ্ধ

সেরিব্রাইটীস

ঝিল্লী ব্যতীত মাস্তিষ্ক পদার্থের আংশিক প্রদাহ কদাচিৎ হয়

লক্ষণ।—মস্তকের অভ্যন্তরে গভীর ও স্থায়ী বেদনা, সার্ব্বাঙ্গিক অসুস্থতা ও বমন দর্শন ও শ্রবণ শক্তির অপকৃষ্টতা, মনোভাবের বিশৃঙ্খলা, স্মরণ শক্তির অভাব, আক্ষেপ, পক্ষাঘাত ও চেতনাভাব ইহাতে কেবল মাস্তিষ্ক পদার্থ প্রদাহিত হয়।

চিকিৎসা।—এন্‌কেফেলাইটীস রোগের ন্যায়

ক্রনিক এন্‌কেফেলাইটীস।

তরুণ প্রদাহের পর বা আপনাপনি স্বাধীনভাবে সমুপস্থিত হইতে পারে

লক্ষণ নানা প্রকার লক্ষণ জন্মে উন্মাদরোগের আরম্ভের লক্ষণাদির সহিত ইহার সাদৃশ্য আছে সাতিশয় মানসিক উদ্দীপনা বা অবসন্নতা মানসিক প্রতারণা বা মিথ্যা বিশ্বাস কথা কহিতে অনিচ্ছা প্রকাশ বা তোত্‌লা কথা কোন কোন পেশী শক্ত। সামান্য শিরোবেদনা, ক্ষুধাভাব, কোষ্ঠ বদ্ধ নাড়ী-স্পন্দনের বিশৃঙ্খলা তৎপরে লক্ষণাদি সুস্পষ্ট প্রকাশিত হয়; স্মরণশক্তির হানি, বাহ্যেন্দ্রিয়ের ক্রিয়ার ব্যাঘাত; পক্ষাঘাত, সার্ব্বাঙ্গিক স্বাস্থ্যের হানি রোগ কয়েক মাস বা বৎসর পর্য্যন্ত থাকিতে পারে

চিকিৎসা।—যখন যেরূপ লক্ষণাদি উপস্থিত হয়, তখন তাহার উপশমের চেষ্টা করিবে সার্ব্বাঙ্গিক স্বাস্থ্য যাহাতে ভাল থাকে, তদুপায় অবলম্বন কর্ত্তব্য দুগ্ধ পথ্য দিবে। কর্ণের পশ্চাতে বারম্বার ক্ষুদ্র ক্ষুদ্র ব্লিষ্টার দিবে, মস্তকের কেশ কামাইয়া আইয়োডাইড অব্‌ মার্করী অয়েণ্টমেণ্ট মর্দ্দন করিবে কোষ্ঠ পরিষ্কার রাখিবে স্ত্রীলোক রোগী হইলে জরায়ুর ক্রিয়া যাহাতে সুশৃঙ্খলভাবে সম্পন্ন হয়, তদ্বিষয়ে যত্নবান হওয়া কর্ত্তব্য। শয্যাক্ষতের সম্ভাবনা হইলে "ওয়াটর বেডে" শয়ন করাইবে। কডলিভর অয়েল ও পুষ্টিকর খাদ্য ব্যবহারেও উপকার হয়।

সফ্নিং অব্ ব্রেণ ।

মস্তিষ্কে স্থায়ী বেদনা, আকস্মিক ও ক্ষণস্থায়ী শিরোঘূর্ণন বুদ্ধিবৃত্তির হ্রাস, প্রশ্নের উত্তর প্রদানে ক্লেশবোধ, অপ্রফুল্লতা ও অবসাদ, কোন কারণে উত্তেজিত হইলে অশ্রুস্রাব। অঙ্গাদিতে বেদনা বা অবশতা ও আক্ষেপ আহারান্তে নিদ্রালুতা শ্রবণ ও দর্শন শক্তির অল্পাধিক অপকৃতা প্রাদাহিক কোমলতাতে শিরোবেদনা অত্যন্ত তীব্র হয় অঙ্গাদিতে বেদনাবিশিষ্ট আক্ষেপ ও আকুঞ্চন, পক্ষাঘাত সহ আক্ষেপ এক বা উভয় শাখার (হস্তপদ) সংকোচক পেশী সকল আকুঞ্চিত ভাবে থাকে। সার্ব্বাঙ্গিক বোধশক্তি অত্যন্ত তীক্ষ্ণ প্রাদাহিক বা অপ্রাদাহিক রোগের দ্বিতীয় অবস্থায় কোন বিশেষ অঙ্গে পক্ষাঘাত বা দেহের অর্দ্ধপার্শ্বিক পক্ষাঘাত সহসা উপস্থিত হয়, কিন্তু জ্ঞানের কোন বৈলক্ষণ্য হয় না সহজেই রোগী আত্মজ্ঞান বিরহিত হয়; কোন কথার উত্তর প্রদানে কষ্ট অনুভব করে দৌর্ব্বল্য, দুর্ব্বল ও পর্য্যায়শীল নাড়ী বমন ও কোষ্ঠবদ্ধ প্রস্রাব ত্যাগে কষ্ট। মল অনৈচ্ছিক ভাবে নিঃসৃত শ্বাসকষ্ট ও সশব্দ শ্বাস, তৎপরে অচেতনতা ও অবশেষে মৃত্যু ৫০ বৎসর বয়ঃক্রমের পর এই রোগ অতি সাধারণ।

চিকিৎসা।—সাধারণ স্বাস্থ্য যাহাতে উন্নত হয়, তৎপক্ষে বিহিত চেষ্টা করা কর্ত্তব্য পুষ্টিকারক ও লঘুপাক পথ্য। প্রত্যহ বিশুদ্ধ বায়ুতে অল্প অল্প ভ্রমণ করা উচিত, কিন্তু ক্লান্তি বোধ না হয়, তজ্জন্য সাবধান থাকিবে কোষ্ঠ পরিষ্কার করণার্থ মৃদু বিরেচক; অনিদ্রা ও উদ্দীপনা বর্ত্তমানে ক্লোরাল, সল্ফোন্যাল, ইণ্ডিয়ান হেম্প বা ব্রোমাইড অব্ পটাসিয়ম সেবনার্থ বিধান করিবে অঙ্গাদি

পক্ষাঘাতাক্রান্ত হইলে যক্ষরস, ষ্ট্রীকনিয়া জিঙ্ক ও আইয়োডাইড অব্ পটাসিয়ম আদি প্রয়োজ্য কড্লিভর অয়েল, মাংস, ডিম্ব ও মাখম ব্যবস্থেয়

টিউমর্স অব্ ব্রেণ।

লক্ষণাদি প্রায়ই অস্পষ্ট থাকে গচরাচর শিরোবেদনা, বমন, শিরোঘূর্ণন, মানসিক অবসন্নতা ও বুদ্ধি বিশৃঙ্খলা, আংশিক পক্ষাঘাত ও আপস্মারিক আক্ষেপ প্রকাশ পায়।

চিকিৎসা —আইযোডাইড অব পটাসিয়ম ও মার্করী। উপদংশজাত অর্ব্বুদ ভিন্নও অন্যান্য প্রকার অর্ব্বুদে আইয়োডাইড অব্ পটাসিয়ম বিশেষ উপকারী। উপদংশীয় অর্ব্বুদে উক্ত ঔষধে উপকার না হইলে *পারদঘটিত ঔষধ ব্যবহার্য্য*

ক্রণিক হাইড্রে কেফেলস।

বালকদেরই সচরাচর এই রোগ হয়। অনেক সময় ইহা জন্মের সঙ্গে সঙ্গেই হয় এবং কখন কখন মস্তিষ্কের গঠনবিকৃতি বশতঃ জন্মিতে পারে কখন ট্যুবরকিউলার মিনিন্জাইটীসের পূর্ব্বে বা কখন পরে এই রোগ প্রকাশিত হয় মস্তকের আকার বৰ্দ্ধিত হয়। তরল পদার্থের চাপ প্রযুক্ত অসংযুক্ত সেবনী বিচ্ছিন্ন হইতে পারে। এক দিক অধিক বড় হয়। অস্থিসকল পাতলা ও স্বচ্ছ হয় মাস্তিষ্কঝিল্লী পুরু ল্যাটারেল ভেন্‌ট্রিকেলে সিরম বা মস্ত সঞ্চিত হইয়া উহাকে অত্যন্ত প্রসারিত করে। ২৩ আউন্স হইতে ২৩ পাইণ্ট পর্য্যন্ত তরল পদার্থ সঞ্চিত হইয়া থাকে

লক্ষণ —শিশুদের ছয় মাস বয়ঃক্রম পূর্ণ হওয়ার পূর্ব্বেই রোগ আরম্ভ হয় বা জন্মাবধিও থাকিতে পারে শিশু আগ্রহ সহকারে আহার করে বটে, কিন্তু তাহার শরীর বর্দ্ধিত হয় না কয়েক সপ্তাহ পরে শরীর শীর্ণ হইতে থাকে। মস্তক বড়, মুখমণ্ডল ছোট থাকে। মস্তক একদিকে অবনত হইয়া পড়ে বুদ্ধিবৃত্তি ক্ষীণ, উগ্রতা ও খিট্‌খিটে স্বভাব, আলোক ও শব্দে বোধাতিশয্য আপস্মারিক আক্ষেপের প্রবণতা; সাতিশয় পৈশিক দুর্ব্বলতা। চক্ষুগোলকের ঘূর্ণায়মান গতি, তির্য্যক দৃষ্টি বা দৃষ্টিলোপ। শিরঃপীড়া বিবমিষা, কোষ্ঠবদ্ধ বা কৃষ্ণবর্ণ দুর্গন্ধ মল। দন্ত কিড়মিড় করে, জাগিলে চীৎকার করিয়া কাঁদিয়া উঠে দ্বিতীয়াবস্থায় চৈতন্যহানি, পাণ্ডুরতা, নাড়ী মৃদু, কনীনিকা প্রসারিত বা সংকুচিত, নাসা ও ওষ্ঠ কণ্ডুয়ন বা খোটা আরোগ্য হওয়ার উপযুক্ত রোগে ক্রমশঃ চৈতন্যহীনতা, পাণ্ডুরতা ও উগ্রতা তিরোহিত হয় ক্ষুধাবোধ, পৈশিক শক্তির বৃদ্ধি, শীর্ণতার হ্রাস ব বিরাম। সাংঘাতিক রোগে সাতিশয় অবসন্নতা ও নাড়ীর দ্রুততা ও পক্ষাঘাত সমুপস্থিত হয় অবশেষে অচৈতন্যাবস্থা বা খেঁচুনী প্রাদুর্ভূত হইয়া রোগী মানবলীলা সম্বরণ করে।

চিকিৎসা —মৃদু বিরেচক, পুষ্টিকারক পথ্য, কড লিভর অয়েল, গ্লিসিরিণ আইওডাইড অব আয়রণ। গ্রে পাউডার বা ক্যালোমেল সিকি গ্রেণ হইতে অর্দ্ধ গ্রেণ মাত্রায় দিনে ২ বার সেব্য ও ব্লু অয়েন্টমেণ্ট মস্তকে মর্দ্দন কর্ত্তব্য। মূত্রকারক—এসিটেট অব্ পটাশ, টিংচর অব স্কুইল কুইনাইন অল্প মাত্রায়। এডিসিভ প্লাষ্টার দ্বারা মস্তকে চাপ প্রয়োগ।

সল্ট ওয়াটর বাথ, সমুদ্রতীরে বাস। হাইপোফস্ফাইট অব্ সোডা বা লাইম অথবা ক্লোরেট অব্ পটাশ ও টিংচর অব্ ষ্টীল সেবনে উপকার দর্শিতে পারে।

য়্যাপোপ্লেক্সী ও সেরিব্রাল হেমরেজ।

(সংন্যাস ও মস্তিষ্কে রক্তস্রাব)

এক প্রকার অচৈতন্যাবস্থা, মস্তিষ্ক চাপিত হইলে হঠাৎ প্রকাশিত হয়। স্পর্শবোধ, চিন্তাশক্তি ও ঐচ্ছিক সঞ্চলন ক্ষমতা সহসা বিনষ্ট হয়, তৎসঙ্গে শ্বাসপ্রশ্বাস ও রক্তসঞ্চালন ক্রিয়ার অল্প বা অধিক প্রবল বিশৃঙ্খলা জন্মে।

লক্ষণ।—রোগাক্রমণের পূর্ব্ববর্ত্তী লক্ষণ শিরোবেদনা ও শিরোঘূর্ণন—মস্তক অবনত করিলে বিশেষরূপে অনুভূত হয়। মস্তকে পূর্ণতা ও ভারবোধ, কর্ণনিনাদ, ক্ষণস্থায়ী বধিরতা ও অন্ধতা বা কখন কখন দ্বিদৃষ্টি, পুনঃ পুনঃ নাসারক্তস্রাব, বিবমিষা, কখন কখন অঙ্গে অবশতা বোধ, স্মরণশক্তি বিনষ্ট, সাতিশয় মানসিক অবসন্নতা, অসম্বদ্ধ বাক্যকথন, তন্দ্রা, অস্পষ্ট উচ্চারণ এবং অঙ্গের, মুখমণ্ডলের শরীর বা অক্ষিপুটের আংশিক পক্ষাঘাত।

সংন্যাস প্রবণ ব্যক্তি—যাহাদের পিতা পিতামহের এই পীড়া ছিল, যাহারা আলস্য পরবশ এবং পুষ্টিকর ও উষ্ণ মশলাবিশিষ্ট দ্রব্য অবিরত আহার করে, যাহাদের উদর মেদবিশিষ্ট, মস্তক বৃহৎ, মুখমণ্ডল আরক্তিম, গ্রীবা ছোট ও পুরু এবং বয়ঃক্রম অধিক। মূত্রগ্রন্থির পীড়া, হৃৎপিণ্ড বা রক্তাধারের পীড়া, অপরিমিত সুরাপান এবং অত্যন্ত রক্তস্রাবাদির অবরোধও ইহার কারণ মধ্যে পরিগণিত

রোগাবেশকালীন চিহ্ন—রোগাবেশ কয়েক ঘণ্টা হইতে কয়েক দিবস পর্য্যন্ত থাকিতে পারে সম্পূর্ণ জ্ঞানহীনতা, নাড়ী প্রথমে সাধারণতঃ ক্ষুদ্র থাকিয়া পরে পুষ্ট হয় স্বাভাবিকাবস্থা অপেক্ষা নাড়ীর গতি মৃদু এবং কখন বা অনিয়মিত হয় শ্বাসপ্রশ্বাস ক্রিয়া অদ্রুত ও ক্লেশকর, প্রায়ই সশব্দ অর্থাৎ ঘড ঘড় শব্দবিশিষ্ট হয় মুখ দিয়া গাঁজলা বাহির হয়। অশুভফলপ্রসূ রোগে রোগীর সর্ব্ব শরীর শীতল স্বেদাভিষিক্ত হয়। মুখমণ্ডল পাণ্ডুবর্ণ, চক্ষু অনুজ্জ্বল ও স্ফটিকাভ এবং তৎসঙ্গে এক বা দুই দিকের চক্ষু তারা প্রসারিত গিলন শক্তির হানি বা ব্যাঘাত। কোষ্ঠবদ্ধ বা অনৈচ্ছিক ভাবে মলনিঃসরণ। অনৈচ্ছিক মূত্রত্যাগ বা মূত্রাবরোধ, যতক্ষণ মূত্রাশয় পরিপূর্ণ না হয়; তৎপরে ফোটা ফোটা মূত্র নিঃসরণ হইতে থাকে যখন রোগী অসম্পূর্ণভাবে আরোগ্যলাভ করে, তখন অল্লাধিক পক্ষাঘাত প্রায়ই অবশিষ্ট থাকে

প্রকারভেদ—অচৈতন্যাবস্থ নিম্নলিখিত ত্রিবিধ উপায়ে পর্য্যবসিত হয় ইহা ক্রমশঃ তিরোহিত হওয়ায় রোগী সুস্থ বোধ করে বা ইহার অসম্পূর্ণ তিরোধান হওয়ায় মন বিকৃত ও শরীরের কোন কোন অংশে পক্ষাঘাত হয় বা অচৈতন্যাবস্থা মৃত্যুতে পরিণত হইতে পারে। শেষোক্ত প্রকারে রোগ পর্য্যবসিত হইলে মস্তিষ্ক পরীক্ষায় কখন কখন উহার কোন পীড়া দৃষ্ট হয় না বা কখন উহাতে রক্ত সঞ্চিত হইয়া থাকিতে দেখা যায়। রক্তসঞ্চয়ের স্থান—ভেণ্ট্রিকেল্‌স্, পন্সভেরোলাই বা য়্যারকনইড ঝিল্লীর মধ্যে বা নিম্নে

রোগাক্রমণ—প্রথম প্রকারে রোগী সহসা ভূমিতে পতিত

হয়, তৎকালে স্পর্শবোধ ও সঞ্চলনশক্তি একেবারে থাকে না প্রগাঢ় নিদ্রাভিভূত ব্যক্তির ন্যায় রোগী পড়িয়া থাকে। মুখমণ্ডল প্রধানতঃ আরক্তিম, শ্বাস সশব্দ; নাড়ী পুষ্ট ও অদ্রুত। কখন কখন খেচুনী বা অঙ্গের বা শরীরের একদিকের পেশীর আকুঞ্চন বা কাঠিন্য থাকে

দ্বিতীয় প্রকারে প্রথমে অচৈতন্য অবস্থা হয় না রোগী মস্তকের মধ্যে আকস্মিক বেদনার অনুযোগ করে। পাণ্ডুতা, বমন ও মূর্চ্ছা, কখন কখন বমন মূর্চ্ছাপন্ন হইয়া রোগী ভূমিতে নিপতিত হয় না, কিন্তু আকস্মিক বেদনা সহ সামান্য ও ক্ষণস্থায়ী জ্ঞানহীনতা জন্মে। কয়েক ঘণ্টা পরেও শিরঃপীড়া থাকে, রোগী ক্লিষ্ট ও ভ্রমযুক্ত হয় এবং তদনন্তর ক্রমশঃ সম্পূর্ণ অচেতন হইয়া পড়ে। ইহা হইতে প্রায়ই আরোগ্য হইতে দেখা যায় না। মস্তিষ্কাভ্যন্তরে রক্তখণ্ড জমিয়া থাকিতে দেখা যায়।

তৃতীয় প্রকারে মস্তিষ্কাভ্যন্তরে রক্তস্রাবের লক্ষণাদি সহ পীড়া প্রকাশিত হয়। শরীরের একপার্শ্বিক পক্ষাঘাত। কখন কখন বাক্‌শক্তি বিনষ্ট; কিন্তু জ্ঞানের কোন বৈলক্ষণ্য হয় না অচৈতন্যাবস্থা উপস্থিত হয় অথবা ক্রমশঃ রোগোপশম বা রোগী পঞ্চত্ব প্রাপ্ত হয়।

চিকিৎসা।—ইহার চিকিৎসা দ্বিবিধ, ১ম প্রতিষেধক, অর্থাৎ যাহাতে রোগ উপস্থিত না হয়, তজ্জন্য উপায়াবলম্বন; ২য় রোগাক্রান্ত হওয়ার পর চিকিৎসা যাহাদের এই রোগাক্রান্ত হইবার সম্ভাবনা, তাহাদের পক্ষে অধিক শারীরিক শ্রম, অধিক স্ত্রী-সহবাস, মদ্যপান, অধিকক্ষণ মস্তক অবনত করিয়া থাকা, অধিক উষ্ণতা বা শৈত্য সংস্পর্শ, অত্যন্ত মানসিক শ্রম

ইত্যাদি করা উচিত নহে মস্তক শীতল জল দ্বারা ধৌত ও মৃদু রেচক ব্যবহার করা উচিত রক্তহীনতা থাকিলে অল্প মাত্রায় লৌহঘটিক ঔষধ সেব্য রোগাক্রমণের পর অনেকে রক্তমোক্ষণ করার পরামর্শ দেন, কিন্তু বর্ত্তমানকালে উহা প্রায় করা হয় না। উগ্রবিরেচক—য়্যালোজ ৩৩৫, ৩৪০; কলোসিন্থ ৩৪১, ৩৪২, ৩৪৫; অয়েল ক্রোটন ৩২৮, ৩৪৬; ক্যালোমেল ৩৫১, ৩৫২, সলফেট্ অব্ ম্যাগনিসিয়া ৩৩১, ৩৩৪ গলাধঃকরণের ক্ষমতা না থাকিলে ক্রোটন অয়েল ১ বা ২ ও ফোঁটা জিহ্বার পশ্চাদ্ভাগে লাগাইয়া দিবে; উত্তেজক পীচকারী ৮১, ৮৩, ৩৬০। মষ্টার্ড পেডিলিউভিয়া, ভজ্বার ও গ্রীবার পশ্চাতে মষ্টার্ড প্লাষ্টর। প্রস্রাব অবরুদ্ধ থাকিলে মূত্রমার্গে শলাকা (ক্যাথিটার) দিয়া প্রস্রাব করাইবে কেহ কেহ বমনকারক ঔষধ দিতে বলেন মস্তকে বরফ ও শীতল জল প্রয়োগ অতীব হিতকর পুষ্টিকারক পথ্য ও দুগ্ধ ইত্যাদি দিবে

অধিকাংশ স্থলে মস্তিষ্কাভ্যন্তরে রক্ত স্রাবিত হয় রোগীকে সুস্থিরভাবে রাখিবে, নাড়াচাড়া করিবে না। মস্তক ও গ্রীবা উন্নত ভাবে রাখিবে মস্তকে বরফ ভরের পটী বা আইস ব্যাগ দিবে আইয়োডাইড অব্ পটাসিয়ম উপকারী। কেহ কেহ আইয়োডাইডের ব্রোমাইড সঙ্গে প্রয়োগ করিতে বলেন।

কন্‌কসন্ অব্ ব্রেণ।

বাহ্যিক আঘাত হইতে মস্তিষ্ক আলোড়িত হয় ইহাতে মূর্চ্ছা, বমন, জ্ঞানহীনত ও পৈশিকশক্তি বিনষ্ট হয়। রোগী কখন কখন শীঘ্র ও কখন বা কয়েক ঘণ্টা পরে সজ্ঞান হয় ও

সুস্থ বোধ করে অথবা সহসা বা কয়েক দিনান্তে কালগ্রাসে পতিত হয়। মৃত্যুর পরে মস্তিষ্কে কোন রোগ-চিহ্ন দৃষ্ট হয় না। কিন্তু কখন কখন মস্তিষ্কের কোন অংশ বিচ্ছিন্ন ব সাধারণ কোমলতা দেখা যায়।

লক্ষণ।—মস্তিষ্ক আলোড়নের পরিমাণের তারতম্যানুসারে লক্ষণের ন্যূনাধিক্য হয়। অভিঘাত বা শক্‌ সামান্য প্রকার হইলে রোগী শীঘ্রই জ্ঞানলাভ করে মনোভাবের বিশৃঙ্খলা, মূর্চ্ছা, বমন, শীত, তন্দ্রালুতা ও কর্ণে শব্দ হয়। প্রবল প্রকার অভিঘাতে রোগী অধিকক্ষণ অজ্ঞানাবস্থায় পড়িয়া থাকে, যেন প্রগাঢ় নিদ্রাভিভূত আছে বলিয়া বোধ হয়। আলোকেও কনীনিকা বোধহীন থাকে গাত্র শীতল ও পাণ্ডুবর্ণ, পেশী সকল শিথিল, নাড়ী ক্ষীণ, দ্বার সঙ্কোচক, পেশী সকল শিথিল, শ্বাস প্রশ্বাস হইতেছে বলিয়া অনুভব করিতে পারা যায় না কিছুকাল পরে রোগী আংশিক উপশম লাভ করে, তখন চিন্তাশক্তি বিশৃঙ্খল, বাক্য উচ্চারণ সুস্পষ্টরূপে করিতে অক্ষমতা, সদা সর্ব্বদা প্রবল বমন সময়ে সময়ে এক বা অপর শাখা পক্ষাঘাতাক্রান্ত সাংঘাতিক রোগে রোগী ভূমিতে পতিত হইয়া সেই স্থানেই মৃত্যু-কবলিত হয়

চিকিৎসা।—রোগীকে নিস্তব্ধ ও শান্তভাবে রাখিবে। মস্তক বালিশের উপর রাখিয়া শীতল জল, বরফ বা শৈত্যমিশ্র দিবে, ১১৯,১২০ জিহ্বার উপরে ২ ৩ ফোঁটা ক্রোটন অয়েল অনেক সময় মৃদু উত্তেজকও আবশ্যক হয়। কখন কখন অল্প মাত্রায় ব্রাণ্ডি ও জল দিবে শরীরের উত্তাপ সংরক্ষার্থ গাত্রে কম্বল দিবে এবং উষ্ণ জলপূর্ণ বোতল সংলগ্ন রাখিবে রোগে

উগ্রতা নিবারণের পর মানসিক শ্রমবিরতি, অনুত্তেজক খাদ্য ও সময়ে সময়ে মৃদুবিরেচক ঔষধ আবশ্যক।

সনষ্ট্রোক—অর্কাঘাত।

ইহা সংন্যাসের সদৃশ পীড়া, গ্রীষ্মপ্রধান দেশেই প্রায় জন্মে।
৩৪২ এতদ্দেশে রৌদ্রের উত্তাপ যখন অত্যন্ত অধিক হয়, তখন ইউরোপীয় সৈনিকগণের এই রোগ হইতে দেখা যায়

লক্ষণ —প্রধানতঃ মূর্চ্ছা, তৃষ্ণা, চর্ম্ম শুষ্ক ও অতিশয় উষ্ণ, স্নায়ুশক্তির বিলোপ শিরোঘূর্ণন ও বক্ষে টান বোধ। নাড়ী সময়ে সময়ে পূর্ণ ও দ্রুত; এবং সময়ে সময়ে এত ক্ষীণ ও ক্ষুদ্র যে, সহজে অনুভব করিতে পারা যায় না রোগ বৃদ্ধির সঙ্গে হৃৎপিণ্ডের ক্রিয়া প্রবলতর হয়; রোগীকে জাগাইতে পারা যায় না মুখমণ্ডল পাণ্ডুর; বমন হইয়া রোগী সম্পূর্ণ অচেতন হয়। সে সময়ও চর্ম্ম উষ্ণ থাকে, শ্বাসকৃচ্ছ্র, কনীনিকা সঙ্কুচিত, তৎসঙ্গে চক্ষুতে রক্তাধিক্য, হৃৎপিণ্ডের ক্রিয়া অনিয়মিত মৃত্যুর অব্যবহিত পূর্ব্বে কনীনিকা প্রসারিত হয় সাতিশয় শ্বাসকৃচ্ছ্র, বমন কোন কোন রোগীর লক্ষণাদি সুস্পষ্টভাবে উপস্থিত হয় না। সময়ে সময়ে সূর্য্যের প্রখর উত্তাপে ভ্রমণের পর রোগী সহসা অজ্ঞান হইয়া ভূমিতে পতিত হয় ও এক বা দুই বার দীর্ঘ শ্বাস ত্যাগ করত মৃত্যুগ্রাসে নিপতিত হইয়া থাকে। রোগ আরোগ্যোন্মুখ হইলে নিঃশ্রবের বিশৃঙ্খলা, অবিরাম জ্বর, ফুসফুসীয় উপসর্গ, আংশিক পক্ষাঘাত বা সাতিশয় অবসন্নতা হেতু সম্পূর্ণ স্বাস্থ্যলাভ করিতে বিলম্ব হয় চর্ম্ম শীতল ও আর্দ্র না হওয়া

পর্য্যন্ত বিপদের আশঙ্কা থাকে আরোগ্যের কয়েক মাস পরে পক্ষাঘাত বা উন্মাদের লক্ষণাদি সমুৎপন্ন হইতে পারে।

চিকিৎসা —মস্তক, গ্রীবা ও বক্ষে শীতল জলধারা, মস্তকে শীতল জলসেচন ও বরফের থলি। মস্তক ও সমস্ত শরীর বরফ দ্বারা মর্দ্দন পশ্চাদ্গ্রীবা দেশে ব্লিষ্টার নাসারন্ধ্রে এমোনিয়ার ঘ্রাণ দিবে যদি হৃৎপিণ্ডের ক্রিয়া স্থগিত হওয়া বশতঃ উত্তেজক প্রয়োজন হয়, তবে এমোনিয়া ও ব্রাণ্ডি আদি দিবে শাখাদ্বয়ে অর্থাৎ হস্তপদে মষ্টার্ড পুল্‌টিস ও টর্পেণ্টাইন্ ষ্টিউপ্‌স্। চা সেবনে কখন কখন উপকার দর্শে। উত্তেজক পীচকারী—৮৩, ৩৬০ পৃষ্ঠবংশে বরফের থলী সংস্থাপন। ইহার প্রতিষেধক চিকিৎসা—প্রত্যহ প্রাতে শীতল জলে স্নান, মাদক দ্রব্য সেবন পরিত্যাগ; জল, চা, লিমনেড ও অন্যান্য প্রকার পানীয়; রীতিমত সময়ে আহার; রৌদ্রে বাহির হওয়ার সময় মস্তক আর্দ্র বস্ত্র দ্বারা আচ্ছাদন করিবে ও মস্তকে ছত্র দিবে। মস্তক-ঘূর্ণনাদি উপস্থিত হইলে মস্তকে শীতল জল দিবে ও ছায়ায় শয়ন করিবে। শ্বাসাবরোধের উপক্রম হইলে কৃত্রিম শ্বাসপ্রশ্বাস করান উচিত আক্ষেপ উপস্থিত হইলে নাইট্রেট্ অব্ এমিল বা ক্লোরোফর্ম্ আঘ্রাণ ব্যবহার্য্য মলদ্বারে বরফ মিশ্রিত শীতল জলের পীচকারি

য়্যাফেসিয়া ও য়্যাম্নিসিয়া।

(বাক্‌শক্তি ও স্মরণশক্তির অভাব।)

মস্তিষ্কের বিকার বশতঃ বাক্‌শক্তি ও স্মৃতিশক্তির বিলোপ লেখা বা সংকেত দ্বারাও রোগী মনোভাব প্রকাশে অসমর্থ

হয়; শব্দ মনে থাকে না এই রোগ কখন কখন কেবল ক্ষণস্থায়ী হয় যেরূপ প্রবল জ্বরান্তের দুর্ব্বলাবস্থায় জন্মে; তৎকালে ইহা মস্তিষ্কের রক্তাধিক্য বশতঃ উৎপন্ন হয় মস্তিষ্কের কোমলতা ব্যাধি বা মস্তিষ্কে রক্তস্রাব বশতঃ এই পীড়া চিরস্থায়ী হইতে পারে দক্ষিণ দিকের অর্দ্ধাঙ্গ-পক্ষাঘাতের সঙ্গে সাধারণতঃ এই রোগ জন্মিয়া থাকে এই রোগের সঙ্গে সংন্যাস উৎপত্তিরও প্রবণতা থাকে

লক্ষণ।—হঠাৎ বাক্‌শক্তির অভাব, সম্ভবতঃ অল্প কাল পরে ২।১টী বাক্য উচ্চারণ ক্ষমতা জন্মে যাহা জিজ্ঞাসা করা যায়, তাহাতেই রোগী কেবল সেই কথা কয়টী বলে মুখাকৃতি বুদ্ধি পরিচায়ক, ওষ্ঠ, জিহ্বা ও স্বরযন্ত্রের সঞ্চালন প্রকৃতিস্থ থাকে রোগীর যাহা বলিবার ইচ্ছা, তাহা বেশ বুঝিতে পারে, কিন্তু বাক্য, সংকেত বা লেখা দ্বারা তাহা প্রকাশ করিতে পারে না এই প্রকার রোগী যদিও দ্রব্যাদির নাম উচ্চারণ করিতে পারে না, কিন্তু তাহাদের ব্যবহার সম্যক্‌রূপে বুঝিতে ও করিতে পারে

চিকিৎসা।—মস্তিষ্কের বিকার বশতঃ এই রোগ উৎপন্ন হয় রোগী মানসিক ভাব লেখা, কথা বা ভাবভঙ্গী দ্বারাও প্রকাশ করিতে পারে না এই রোগের সঙ্গে অর্দ্ধাঙ্গ-পক্ষাঘাত না থাকিলে রোগ সত্ত্বর আরোগ্য হইতে পারে পক্ষাঘাত সংসৃষ্ট রোগে ঔষধ দ্বারা প্রায় উপকার দর্শে না, কিন্তু উপদংশবিষোদ্ভূত রোগে আইয়োডাইড্ অব্ পটাসিয়ম ও করসিব্ সব্লিমেট—৩৯৯, ৪০১, ৩৯৮ কডলিভর অয়েল; হাইপোফস্ফাইট অব্ সোডা ও বার্ক পক্ষাঘাতের চিকিৎসা দ্রষ্টব্য

ডিলিরিয়ম—ট্রিমেন্স—মদাত্যয়।

সুরাপান দ্বারা শরীর বিষাক্ত হইয়া এই রোগ জন্মে। ভ্রমাত্মক প্রলাপ, ভীতি, হস্তপদের পেশীর কম্পন, দুর্ব্বলতা ও জাগরণশীলতা। প্রলাপ আরম্ভের ৪৮ হইতে ৭২ ঘণ্টা পরে রোগোপশমকর নিদ্রা আবির্ভূত হইয়া রোগ পর্য্যবসিত হয়।

লক্ষণ . অনিদ্রা, ক্ষুধাভাব, বিবমিষা, কোষ্ঠবদ্ধ। অবিরত ও অপ্রবল প্রলাপ—উহা রাত্রি সমাগমে বর্দ্ধিত হয় সদা-সর্ব্বদা বাক্যকথন বা বিড় বিড় করিয়া বকা সদাসর্ব্বদা হস্ত কাঁপা ও মুখমণ্ডলের পেশীতে আকস্মিক আকুঞ্চন হয়। দৃষ্টি ও শ্রবণ শক্তির বিভ্রম সকলের প্রতি সন্দেহ বা ভয়। রোগীর এরূপ বিশ্বাস হয় যে, শয্যার নিম্নে বা দ্বারের নিকটে কোন অপরিচিত লোক উপবিষ্ট বা দণ্ডায়মান আছে। মানসিক ও শারীরিক অবসন্নতা। সাধারণতঃ উত্তেজিত ও ব্যগ্র প্রকৃতি প্রবলতর রোগে মূত্রে সলফেট ও যুরিয়ার বৃদ্ধি এবং ফস্ফেটের হ্রাস হয়। ফ্রিনাইটিস বা মস্তিষ্ক প্রদাহে ফস্ফেটের বৃদ্ধি হয়। আরোগ্যোন্মুখ রোগে উপশমকর নিদ্রা উপস্থিত হইয়া ১২ ঘণ্টা বা তদপেক্ষা অধিকক্ষণ থাকে তাহা হইতে জাগরিত হইবার পর রোগী সুস্থ বোধ করে, কিন্তু তাহার শরীর দুর্ব্বল থাকে। সাংঘাতিক রোগে অবিরত জাগরণশীলতা থাকে, বিড় বিড় করিয়া প্রলাপ বকে। বগুরাক্ষেপ বশতঃ হস্ত পদ বক্র হইয়া আইসে। অবসন্নতা, শীর্ণতা, অচৈতন্য বা খেঁচুনি বা সাংঘাতিক মূর্চ্ছা ৩ হইতে ৭ দিনের মধ্যে সাধারণতঃ রোগীর মৃত্যু হয়।

চিকিৎসা। টার্টার এমিটীক ও অহিফেন সেবনে উন্মত্ততা ও অনিদ্রা নিবারিত হইতে পারে ক্যাপ্‌সিকম চূর্ণ ২০।৩০ গ্রেণ মাত্রায় মধুর সহিত একত্রে মিশ্রিত করিয়া ব্যবহার করিলে নিদ্রা সমুপস্থিত হইতে পারে সময় সময় প্রলাপ হইতে থাকিলে হায়সায়ামাস ব্যবহার্য্য। অস্থিরতা নিবারণ ও নিদ্রাকরণার্থ ওপিয়ম, মর্ফিয়া ৮৮, ৯৮, ১০৩, ১০৫, ১৩৫, ১৩৯। উত্তেজক দেওয়া যাইতে পারে। রোগী যেরূপ মদ্যপানে অভ্যস্ত, তাহা অল্প অল্প পরিমাণে দিবে। সকল রোগীকেই উহা দেওয়া কর্ত্তব্য নহে। বরফ, স্যালাইন ঔষধ, সিড্‌লীজ পাউডর, সোডা এসিড, দুগ্ধ, কাঁচা ডিম্ব, বিষ্কুট ইত্যাদি পথ্য। ওয়েট্‌সিট্‌ প্যাকিং, সহস্র ধারায় স্নান। ব্রোমাইড অব্‌ পটাসিয়ম্‌ ও হাইড্রেট ক্লোরাল পূর্ণ মাত্রায়। আবশ্যক মত উত্তেজক। ক্লোরোফর্ম্ম দ্বারা প্রলাপাদি নিবারিত হইত পারে। সব্‌ কিউটীনিয়স ইন্‌জেকসন্‌ অব্‌ মর্ফিয়া। নিদ্রাকরণার্থ সল্‌ফোনাল প্রযোজ্য। টিংচর ডিজিটেলিস অর্দ্ধ আউন্স এক মাত্রা ব আবশ্যক হইলে ৪ ঘণ্টা পরে আর এক মাত্রা

ডিপ্‌সোমেনিয়া—সুরাপান-পিপাসা।

সুরাপানে সাতিশয় ইচ্ছা, তৎসঙ্গে সার্ব্বাঙ্গিক অবসন্নতা ও অস্থিরতা অধিক মাত্রায় সুরাপান বশতঃ স্নায়ুকেন্দ্রের কাঠিন্য, শ্বাসযন্ত্রের রক্তাধিক্য; যকৃতের মেদাপকৃষ্টতা; পাকাশয়ের প্রাচীরের প্রাচীন প্রদাহ ও বিধান পুরু; হৃৎপিণ্ড ও মূত্রগন্থির

বিধানগত পীড়া, যকৃতের কাঠিন্য ও হ্রাস, উদরী ও সণ্ডটিক রোগ সমুপস্থিত হইতে পারে।

চিকিৎসা।—আহারের পূর্ব্বে লাইকর আর্সেনিকেলিস ১ ফোটা সেবন করিলে ক্লেশকর বমন নিবারিত হয় অধিক মাত্রায় ক্যাপসিকম আহারের পূর্ব্বে বা সুরাপান ইচ্ছা যখন বলবতী হয়, তখন সেব্য ব্রোমাইড অব্ পটাসিয়ম ও আর্সেনিক, তিক্ত ফাণ্ট সহ সেবন করাইলে সুরাপানের অভ্যাস নিবারিত হইতে পারে। মাদক পানীয় এককালীন নিষিদ্ধ। হেনবেন, হপ বা অল্প মাত্রায় ওপিয়ম দ্বারা অনিদ্রা নিবারণ করা কর্ত্তব্য। বার্ক ও মিনারেল এসিড্‌স—১৬৯, ১৭০; কুইনাইন—১৯৩, ১৯৪। কুইনাইন ও নক্স-ভমিকা ১৯৫ ফস্‌ফেট অব্ আয়রণ—১৮৭, ২০৭। ফস্‌ফেট অব্ জিঙ্ক। অক্‌সাইড অব্ জিঙ্ক। হাইপোফস্ফাইট অব্ সোডা ও লাইম। পেপ্সিন্ ৪১৭। এমো-নিয়া ও বার্ক—১৮৩। কুইনাইন ও সাইট্রেট অব্ আয়রণ—১৭৩, ১৭৪। জিন্সাই ভেলিরিয়ানাস—১৯৮। ফিরম্ রিডক্টম—২০৪ ব্রোমাইড অব্ পটাসিয়ম, ৪০৮, ৪০৯ দুগ্ধ, সোডাওয়াটর, সিরপ অব লিমন বা অরেঞ্জ ব্রাণ্ডি না দিয়া এমোনিয়া, ইথর প্রভৃতি উত্তেজক দিবে।

ইন্‌স্যানিটী—উন্মাদ, বাতুল।

ইহাতে মনের স্বাভাবিক অবস্থার বৈলক্ষণ্য জন্মে। তদ্ধেতু বিবেচনা শক্তিও যথোচিত ভাবে থাকে না।

লক্ষণ।—রোগ প্রকাশের কয়েক মাস পূর্ব্বেই মাস্তিষ্ক

বিকার লক্ষণ সমুপস্থিত হয়। মস্তিষ্কের অসুস্থতা সহসা উপস্থিত হয় না প্রথমাবস্থায় চিকিৎসার্থ যত্ন না করিলে রোগ দুরারোগ্য হইয়া উঠে। প্রবল শিরঃপীড়া, শিরোঘূর্ণন ও মানসিক বিশৃঙ্খলা, উগ্রভাব প্রকোপ, বিশেষতঃ উপযুক্ত কারণ অভাবে মানসিক সুস্থিরতার বিনাশ, অভ্যস্ত কর্ম্ম করিতে বিরাগ, জীবন ক্লান্তবোধ, অনিদ্রা বা জড়তা, স্মৃতিশক্তির অভাব বা হানি, বাহ্য কর্ণে রক্তার্ব্বুদ, বাক্য উচ্চারণ অসম্পূর্ণ, দৃষ্টির অস্পষ্টতা, একগুয়ে ভাব রোগী যে প্রকৃতিস্থ নহে, তাহা নিজেই বুঝিতে পারে এবং পূর্ব্বপরিচিত বন্ধুদের সঙ্গ পরিত্যাগ করে অশ্লীল ও ধর্ম্মবিরুদ্ধ চিন্তা মনোমধ্যে উদিত হওয়ায় যন্ত্রণানুভব করে। ভয়ঙ্কর স্বপ্নদর্শন অগ্নিমান্দ্য বা অজীর্ণ রোগে আক্রান্ত হয়

উন্মাদের আনুষঙ্গিক রোগের মধ্যে সার্ব্বাঙ্গিক পক্ষাঘাত ও মৃগী রোগ প্রধান উন্মাদ রোগ কয়েক প্রকার আছে, নিম্নে তাহাদের উল্লেখ করা গেল।

মেনিয়া—প্রবল উন্মাদ —ইহাতে রোগী অতিশয় প্রলাপ বকে হিতাহিত বিবেচনা শক্তি যদিও এককালে বিনষ্ট হয় না, কিন্তু উহার বিশৃঙ্খলা সমুৎপাদিত হইয়া থাকে মনের মধ্যে নানা প্রকার ভ্রমাত্মক, অসম্ভব ও পরিবর্ত্তনশীল ভাবোদয় হইতে থাকে প্রকৃতি উগ্র ও ভয়ঙ্কর হয়। কদাচিৎ এই রোগ সহসা উৎপন্ন হয়, কিন্তু অন্যান্য প্রকার বাতুলতা অপেক্ষা ইহা অনেক সময় আকস্মিকভাবে সমুপস্থিত হইতে দেখা যায় ইহার পূর্ব্বরূপ- পরিবার আদি ও কার্য্যের প্রতি তাচ্ছিল্য; আত্মীয় স্বজনগণের প্রতি অবিশ্বাস। বিনা কারণে ক্রোধ ও বিরাগ ভাব অনিদ্রা -সাধারণ প্রলাপ ও শক্তি-

শয় মানসিক বিশৃঙ্খলাসহ রোগ প্রকাশিত হয় আত্মহত্যা করিতে প্রবৃত্তি। চীৎকার, হাস্য আদি অধিকক্ষণ স্থায়ী। ভয়ঙ্কর ক্রোধ ও অনিষ্টকর ভাবে গর্জ্জন। দৌর্ব্বল্য, অবসন্নতা ও শীর্ণতা। নিদ্রার অভাব, খাদ্যে অনিচ্ছা। মূত্রধারণাক্ষমতা। রোগারোগ্যের পূর্ব্বে নিদ্রা, আহারে ইচ্ছা এবং তৎসঙ্গে প্রলাপ ও মানসিক বিশৃঙ্খলার ক্রমশঃ তিরোধান

মনোমেনিয়া—আংশিক উন্মাদ —এই প্রকার রোগে বুদ্ধিবৃত্তি আংশিক বিশৃঙ্খল হয় বা রোগী কোন প্রকার বিভ্রম কর্ত্তৃক আক্রান্ত হয়। মনোবিকার এক বিষয়ে আবদ্ধ থাকে মন দৃঢ়, মনোভাব অল্প, ভ্রমাত্মক ও স্থির ; কিন্তু তাহা শাসনাধীন থাকে না প্রকৃতি প্রবল মনোভাবের অনুরূপ হয়। রোগী যে বিভ্রম কর্ত্তৃক আক্রান্ত হয়, তাহার সত্যতা প্রতিপাদ-নার্থ নানা প্রকার তর্ক ও যুক্তি প্রদর্শন করে এইরূপ রোগীর মধ্যে কেহ কেহ মনে করে যে, তাহার দেহ স্ফটিক দ্বারা নির্ম্মিত এবং এইরূপ ভাব মনে দৃঢ়ীভূত হওয়ায় বিশেষ সতর্কতা সহ-কারে চলে অর্থাৎ যেন কোনরূপ আঘাতাদি লাগিলে ভগ্ন হইয়া যাইবে। আংশিক প্রলাপ ব্যতীত অন্যান্য বিষয়ে এইরূপ ব্যক্তি প্রকৃতিস্থ লোকের ন্যায় কার্য্য করে তজ্জন্য এই প্রকার রোগ নির্ণয় করা অপেক্ষাকৃত কঠিন এক প্রকার রোগে রোগী নিতান্ত বিষণ্ণ, ভীত বা নিরাশ হয় এবং সঞ্চরণ, ভ্রমণ, বাক্য কথন বা আহার আদি করিতে অনিচ্ছুক থাকে ইহাকে মেলান্-কোলিয়া বা বিষাদবায়ু কহে আত্মহত্যা করিতে প্রবল ইচ্ছাবিশিষ্ট রোগকে অটোফোমেনিয়া এবং নরহত্যা করার প্রবল ইচ্ছাবিশিষ্ট রোগকে হ্যাণ্ডোফোমেনিয়া বলে গৃহাদিতে অগ্নি দেওয়ার

প্রবল ইচ্ছাবিশিষ্ট রোগকে পাইরোমেনিয়া, এবং চুরি করিতে দুর্দমনীয় ইচ্ছা বিদ্যমান থাকা রোগকে ক্লেপ্টোমেনিয়া বলে এইরূপ অন্যান্য প্রকার বাতুলতাও আছে স্ত্রীলোকদিগের যোনোন্মাদকে নিম্ফোমেনিয়া ও পুরুষদিগের তদ্রূপ রোগকে স্যাটিরায়েসিস কহে

ডিমেন্‌সিয়া—বুদ্ধিহীনতা —এই প্রকার রোগে অকস্মাৎ বা বয়ঃক্রম হেতু বুদ্ধিবৃত্তির দুর্ব্বলতা জন্মে মন ক্ষীণ, মনোভাব বিশৃঙ্খল, অসম্বদ্ধ ও পরিবর্ত্তনশীল স্মৃতিশক্তির বিশেষ হানি। কিছু দর্শন বা শ্রবণ করিলে তৎক্ষণাৎ ভুলিয়া যায় প্রকৃতি অস্থির, বালকবৎ ও সরল ইহাদের কোন বিষয়ে অনুরাগ বা ঘৃণা থাকে না মধ্যে মধ্যে অস্থিরতা ও উগ্রতার প্রকোপ হয় মূত্রাশয় ও মলাশয় আয়ত্ত থাকে না রোগের শেষাবস্থায় সম্পূর্ণ পক্ষাঘাত সমুপস্থিত হয়।

ইডিয়োসি বা জড়বৎ নির্ব্বোধতা।—বুদ্ধিবৃত্তির আংশিক বা অসম্পূর্ণ অভাব—মস্তিষ্কের গঠনের অসম্পূর্ণতাজনিত। জন্মাবধিই এই রোগ জন্মে মনোবৃত্তি বিবর্দ্ধিত হয় না মনোভাব সামান্য প্রকার ও অল্প থাকে প্রবৃত্তি নির্ব্বোধবৎ সাময়িক ও ক্ষণস্থায়ী ক্রোধ শূন্য মুখাকৃতি, বাহ্যকর্ণের সন্নিকটে রক্তার্ব্বুদ বাক্যোচ্চারণ ও পদসঞ্চারণ অসম্পূর্ণ সময়ে সময়ে এই প্রকার রোগী অন্ধ, বধির ও মূক হইয়া থাকে

চিকিৎসা —স্যাক্টিনা বোম্বোসা—গর্ভাবস্থায় বা প্রসবান্তের উন্মাদ রোগে বিশেষ উপকারী ব্রোমাইড্ অব্ পটাসিয়ম ৬০ গ্রেণ ও টিংচর ক্যানেবিস ১ ড্রাম একত্রে সেবন করিলে উন্মাদ রোগ উপশমিত হইতে পারে রোগীকে উক্ত দ্রব্যের

টবে বসাইয়া মস্তকের শীতল জলধারা দিবে। কোনিয়ম জুস ; ও প্রবল সপর্য্যায় রোগে হায়সায়ামাস মন সুস্থির, ব্যবসা পরিবর্ত্তন, নিয়মিত নিদ্রা, চর্ম্ম, যকৃৎ, মূত্রগ্রন্থি ও অন্নবহা নালীর ক্রিয়ার সুশৃঙ্খলা সম্পাদন। মস্তিষ্কের কোন বিশেষ পীড়া বর্ত্তমান না থাকিলে মর্ফিয়া ও একষ্ট্রাঃ ওপিয়ম অথবা হেম্প, হায়সায়ামাস, ষ্ট্রামোনিয়ম ও ক্লোরোফর্ম্ম প্রভৃতি দ্বারা স্নায়ুমণ্ডলের উদ্দীপনা শান্তি করিবার চেষ্টা করিবে। টিংচর ডিজিটেলিশ ৩০ মিনিম ৮ ঘণ্টান্তর দৌর্ব্বল্য থাকিলে কুইনাইন ও আয়রণ—১৭২, ১৭৬, ফস্‌ফেট অব্‌ জিঙ্ক ও নক্সভমিকা, হাইপো ফস্ফাইট অব্‌ সোডা ; কড্‌লিভর অয়েল প্রভৃতি দিবে পুষ্টিকারক খাদ্য, বায়ু পরিবর্ত্তন নিদ্রাকরণার্থ ক্লোরাল, ৪২৪ ; বেলেডোনা ১০১ ; ব্রোমাইড্‌ অব্‌ পটাসিয়ম ও সল্‌ফোনাল ও প্যারলডিহাইড কোষ্ঠ পরিষ্কার করণার্থ বিরেচক ও অন্যান্য যন্ত্রাদির ক্রিয়ার সুশৃঙ্খলতা সম্পাদনার্থ তদুপযোগী ঔষধ প্রযোজ্য সহস্রধারা ও শীতল জলে স্নান মর্ফিয়া বা এট্রোপিনের সব্‌কিউটিনিয়স ইন্‌জেক্সন ওয়েটশিট প্যাকিং, টর্কিশ বাথ রোগী যাহাতে চিকিৎসককে বিশ্বাস করে, তদুপায় চেষ্টা করিবে রোগীকে মৃদুভাবে শাসনাদি করা কর্ত্তব্য, কোন প্রকার শারীরিক দণ্ড দেওয়া উচিত নহে

পিউয়ারপ্যারল মেনিয়া —রোগিণীর শারীরিক শক্তি সংরক্ষণ এবং মস্তিষ্ক ও স্নায়ুমণ্ডলের উদ্দীপনা নিবারণ করা আবশ্যক প্রথম উদ্দেশ্যসাধনার্থ উত্তেজক, বলকারক ঔষধ ও পুষ্টিকর খাদ্য প্রযোজন এমোনিয়া ও বার্ক, ১৮৩ কুইনাইন ও ফস্ফরিক এসিড কড্‌লিভর আয়ল ৪১০, মাংসের

যুষ ও মদ্য মস্তিষ্কের উদ্দীপনা নিবারণার্থ একষ্ট্রাক্ট হ্যায়োসিয়ম—১০৬; একষ্ট্রাক্ট ওপিয়ম ১০৩, ক্যাম্ফর ও হায়সায়ামাস বা বেলেডোনা; ক্লোরাল, ৪২৪। মর্ফিয়া ও ইণ্ডিয়ান হেম্প—৮৮। ব্রোমাইড্ অব্ পটাসিয়ম ৪০৮, ৪০৯; মর্ফিয়ার অধস্তাচ পিচকারী কোষ্ঠবদ্ধ থাকিলে অল্প মাত্রায় ক্যাষ্টর অয়েল; কনফেক্সান অব্ সেনা ৩৫৬, পডফিলিন পীল, ৩৬৭ হায়সিনের অবস্তাচ প্রক্ষেপ $\frac{1}{100}$ গ্রেণ মাত্রা, ইহাতে সুনিদ্রা হইয়া রোগোপশমের সাহায্য হয়।

হেড্যাক—শিরঃপীড়া।

বিবিধ তরুণ ও প্রাচীন রোগের সঙ্গে সমুপস্থিত হইয়া থাকে। বালক ও বৃদ্ধ অপেক্ষা পূর্ণবয়স্কদের এই রোগ অধিক হয়। পল্লীগ্রাম অপেক্ষা নগরবাসীরা এবং দৃঢ় ও বলিষ্ঠ লোকাপেক্ষা ক্ষীণ ও স্নায়ুপ্রধান ব্যক্তিরা এবং নিম্ন শ্রেণীর লোক অপেক্ষা উচ্চশ্রেণীর লোকেরা এই রোগ দ্বারা অধিক আক্রান্ত হয়।

এই রোগ প্রধানতঃ ৪ প্রকার

১। অর্গ্যানিক হেডাক বা যান্ত্রিক শিরঃপীড়া—মস্তিষ্ক বা তৎঝিল্লীর পীড়ার প্রথমাবস্থায় এই প্রকার শিরোবেদনা জন্মে। ইহার সঙ্গে শিরোঘূর্ণন, কখন কখন বমন, মানসিক বিশৃঙ্খলা ও কর্ণনিনাদ থাকে। বেদনা—তীক্ষ্ণ বা অপ্রবল বা ছুরিকাবেধবৎ বা দব্দবে, মস্তিষ্ক অপেক্ষা ঝিল্লীর পীড়ায় বেদন প্রবলতর হয়। প্রদাহজনিত বেদনা সাতিশয় তীব্র ও তাহা উত্তাপ, শব্দ বা নড়িতে চড়িতে বৃদ্ধি পায় এবং মস্তক উত্তোলনে হ্রাস

হয়। হৃৎপিণ্ডের কপাটের পীড়ায়, স্নায়ুমণ্ডলের রক্ত প্রাপ্তির ব্যাঘাত জন্মিবায় শিরোবেদনা উৎপন্ন হয়

২ প্লেথরিক হেড্যাক বা রক্তাধিক্যজ শিরঃপীড়া।—মস্তিষ্কের রক্তাধারে রক্তাধিক্য হওয়া বশতঃ এই রোগের উৎপত্তি হয় কর্ণে নাড়ীস্পন্দনের ন্যায় দব্‌দব বোধ, মস্তক অবনত করিলে শিরোঘূর্ণন, কোষ্ঠবদ্ধ যে সকল ব্যক্তি অপরিমিত পান ভোজন করে, অথচ যথোচিত শ্রম বা ব্যায়াম করে না এবং অধিক বেলায় নিদ্রা হইতে জাগরিত হয়, তাহাদের প্রায়ই এইরূপ শিরঃপীড়া জন্মে অভ্যস্ত স্রাব (ঋতু আদি) অবরুদ্ধ হইলে ইহা সমুপস্থিত হয়

৩ বিলিয়স হেড্যাক—পৈত্তিক শিরঃপীড়া—কখন ক্ষণস্থায়ী বা কখন অবিরত থাকে ক্ষণস্থায়ী বেদনা আহারের দোষ বা অপরিমিততা আদি হইতে জন্মে মদ্যপান বশতঃও এই রোগের উৎপত্তি হইয়া থাকে রাত্রিতে ভালরূপ নিদ্রা না হইলে প্রাতঃকালে বেদনা প্রবল হয় কারণ তিরোহিত হইলে রোগও আরোগ্য হয় বাতপীড়া ও অগ্নিমান্দ্যগ্রস্ত ব্যক্তিদের সততই এই রোগ জন্মে। ইহাকে সিক্‌হেড্যাকও বলে। পাকাশয় ও ক্ষুদ্রান্ত্রের প্রথমাংশের ক্রিয়া-বিশৃঙ্খলা, মলাবৃত জিহ্বা, দুর্গন্ধ শ্বাস, উদগার, বিবমিষা ও বিবমিষা যকৃতের ক্রিয়া অসম্যক্ ভাবে সম্পাদিত হয় মল মৃত্তিকাবর্ণ, মূত্র স্বচ্ছ ও রক্তবর্ণ

৪। নর্ভস হেড্যাক স্নায়বীয় শিরঃপীড়া সাধারণতঃ দুর্ব্বলতা ও অবসন্নতা হইতে জন্মে মূত্রগ্রন্থির পীড়া বশতঃ রক্তের অপকৃষ্টতা ও রক্তস্রাবাদি ইহার কারণ। ক্ষয়প্রাপ্ত দন্তের উদ্দী-

পনাও ইহার একটী কারণ। হেমিক্রেনিয়া বা অর্দ্ধপার্শ্বিক শিরঃপীড়া পর্য্যায়ক্রমে হয় অর্থাৎ একবার উপশমিত হইয়া পুনরায় হয়। সন্তানকে অধিক স্তন্যপান করান বশতঃ স্ত্রীলোক-দের এক প্রকার শিরঃপীড়া জন্মে। গুল্মবায়ু প্রধানা স্ত্রীলোক-দের বেদনা মস্তকের উপরে এক স্থানে আবদ্ধ থাকে ও তৎ-স্থান লৌহশলাকা দ্বারা বিদ্ধ হইতেছে বোধ হয়, ইহাকে ক্লেভস্ হিষ্টিরিকস্ বলে।

চিকিৎসা। স্যাকুটিয়া রেসিমোজা, স্নায়বীয় শিরো-বেদনায় প্রযোজ্য; বিশেষতঃ গুল্মবায়ু প্রধানা স্ত্রীলোকদের ঋতুকালে পীড়া হইলে ইহা বিশেষ উপকারী। বেলেডোনা টিংচর ও কুইনিন মাত্রায় তিন ঘণ্টান্তর সেবনে, পাকাশয় বা জরায়ুর বিশৃঙ্খলা জনিত চক্ষুগোলক ও শিরঃ বেদনা উপশমিত হয়। অডি-কোলন ও ক্যাম্ফর একত্রে স্থানিক। রজঃ অভাব বা আধিক্য বশতঃ রোগ জন্মিলে ক্লোরাইড অব্ এমোনিয়ম। সম্মুখ কপা-লের বেদনায় ইথর স্প্রে প্রযোজ্য। উষ্ণ জলস্বেদ ও পরে উষ্ণ জলসেচন। মস্তকে বরফপূর্ণ থলি সংস্থাপনে উপকার হয়। পাতলা মল নিঃসরণযুক্ত উদরাময়ের সঙ্গে পৈত্তিক শিরঃপীড়া মিলিত থাকিলে বাইক্লোরাইড অব্ মার্কারী এক গ্রেণের শতাংশের একাংশ দিবসে তিনবার সেবন করিলে উপকার দর্শে। স্ত্রীলোকদের ঋতু কালে রক্তাধিক্যজনিত শিরোবেদনায় ভিরেট্রম ভিরিডি টিংচর ব্যব-হারে উপকার হয়। একোনাইট অয়েণ্টমেণ্ট স্থানিক। ক্লান্তি-আদি জনিত পীড়া ও তৎসঙ্গে বমন থাকিলে ক্যানেবিস্ ইণ্ডিকার টিংচর স্বতন্ত্র আয়রণ ও গ্যালোজ সহ প্রয়োজ্য। ক্রোটন ক্লোরাল দ্বারা পৈত্তিক শিরঃপীড়া উপশমিত হয়। গুয়ারানা পাউডর প্রভৃতি

রাত্রে একটী এবং রোগের বর্ত্তমান সময়ে ৩ ঘণ্টান্তর সেব্য। নাইট্রেট অব্ এমিল আঘ্রাণ করিলে বেদনা উপশমিত হইতে পারে, কিন্তু ইহা অল্প মাত্রায় ও সাবধানে ব্যবহার করিতে হয়। বিবমিষা ও শিরঃপীড়া সহ তরুণ পাকাশয় সর্দ্দিতে টিংচর নক্সভমিকা ১ ফোটা মাত্রায় সেবনে বিশেষ উপকার দৃষ্ট হয় ফস্ফরস $\frac{১}{৫০}$ হইতে $\frac{১}{৭০}$ গ্রেণ মাত্রায় প্রযুক্ত হইলে এই রোগে বিশেষ উপকার দর্শে। ভেলিরিয়ানেট অব্ জিঙ্ক বা এমোনিয়া। ভিরাট্রিয়া অয়েণ্টমেণ্ট স্থানিক মর্দ্দনে বেদনা উপশমিত হয় ফিনাসিটিন, এণ্টিপাইরিণ, কফিইন সাইট্রাস সহ সংযোগে উপকার হয়।

মস্তিষ্কের রক্তাধিক্য ও অগ্নিমান্দ্যের লক্ষণাদি বিদূরিত করিতে চেষ্টা করিবে। শরীরের শক্তি বৃদ্ধির উপায় করাও তৎসঙ্গে আবশ্যক সহজে পরিপাক পায়, এরূপ খাদ্য দ্রব্য দেওয়া উচিত। মৃদু বিরেচক—রিউবার্ব ও সেনা ৩৩২; নাইট্রিক এসিড ও ট্যারাক্সেকম; পডোফিলিন ও হেনবেন ৩৪৭, ডিঃ য্যালোজ ৩২৭, রিউবার্ব ও ব্লুপীল রোগ বাত সংশ্লিষ্ট হইলে কলচিকম প্রযোজ্য। পৈত্তিক শিরঃপীড়ায় পেপ্‌সিন ৪১৭; কুইনাইন ও ইপিক্যাক বা রিউবার্ব স্নায়বীয় শিরঃপীড়ায় নাইট্রো হাইড্রোক্লোরিক এসিড, এমোনিয়া ও কুইনাইন, টিংচর বেলেডোনা। একোনাইট ও ক্লোরোফর্ম একত্রে একখানি বস্ত্রখণ্ডোপরি ছড়াইয়া দিয়া বেদনার স্থানে ধরিলে উপকার হয়। ফস্ফেট অব জিঙ্ক ও নক্সভমিকা ৪২৯। ক্লোরাইড অব এমোনিয়ম ৪১২। গুল্মবায়ুরোগবিশিষ্টা স্ত্রীলোকদের পক্ষে নক্সভমিকা, জিঙ্ক বা ষ্টীল ১৭৩, ১৮৭, ১৯৩, ১৯৫, ১৯৭, ১৯৮, ২০৫, ৪১৮। অর্দ্ধকপালে শিরঃপীড়ায় কুইনাইন ও আর্সিনিক; তৎসঙ্গে বেলেডোনা বা অহি

কোন মাদক ঔষধও দেওয়া যাইতে পারে ক্লোরাল ৪২৪; ব্রোমাইড অব পটাসিয় ৮২২; ষ্ট্রামোনিয়ম, স্বর্ণ পাউডর; সহস্র ধারায় স্নান, শৈত্যনিশ ১১৯, ১২০ মস্তকে অডিকোলন, ল্যাভেণ্ডর, গোলাপজল দিবে বিবিধ প্রকার বেদনানিবারক লিনিমেণ্ট যথা ১২৪, ১২৫, ১২৯, ১৪৪, ১৪৬, ১৫২ ১৫৩ কপিং, ব্লিষ্টার, মষ্টার্ড মস্তকে ও পশ্চাৎ গ্রীবা বা স্কন্ধ দেশে উপদংশ বিষ দ্বারা এই রোগ উৎপন্ন হইলে আইয়োডাইড অব্ পটাসিয়ম ৩৯৯ বায়ু পরিবর্ত্তন ক্লোরাল ও ক্যাম্ফর, বা মেন্থল ও ক্যাম্ফর একত্রে স্থানিক প্রয়োগ

ভর্টিগো—শিরোঘূর্ণন।

অল্পক্ষণ স্থায়ী শিরোঘূর্ণন, ইহাতে রোগী পড়িয়া যাইতে পারে এবং নিকটবর্ত্তী দ্রব্যাদি ঘুরিতেছে বলিয়া বোধ হয়। ক্ষণকালের জন্য সোজা হইয়া দাঁড়াইয়া বেড়াইতে পারে না রোগাবেশের পর মস্তকে বেদনা ও সময়ে সময়ে বিবমিষা প্রাদুর্ভূত হয়। অনেক সময় ইহা মস্তিষ্ক পীড়ার পূর্ব্বরূপ সার্ব্বাঙ্গিক দুর্ব্বলতা, রক্তের অবিশুদ্ধতা—অহিফেন, তামাক বা সুরা দ্বারা যদ্রূপ হয়, কিম্বা হৃৎপিণ্ড, যকৃৎ, মূত্রগ্রন্থি, পাকাশয় বা অন্ত্রের কোন কোন প্রকার পীড়া, এই রোগের কারণ মস্তিষ্কের মধ্যে রক্ত সঞ্চালনের কোন রকম বাধা জন্মিলে শিরোঘূর্ণন বা ঘূর্ণি হয় সংন্যাস ও পক্ষাঘাতের পূর্ব্বে এবম্বিধ শিরোঘূর্ণন জন্মিতে দেখা যায় নানা প্রকার মৃগীরোগে মূর্চ্ছা না হইয়া কেবল শিরোঘূর্ণন হওত রোগ শেষ হয় বৃদ্ধদের কোন কারণ ব্যতীত অথবা ধমনীর প্রাচীরের পীড়া বা অপ্রবল শৈরিক রক্তাধিক্য বশতঃ শিরোঘূর্ণন জন্মে

চিকিৎসা।—এই রোগে বলকারক ও আক্ষেপনিবারক ঔষধ প্রয়োজ্য। কিন্তু অত্যন্ত রক্তপ্রধান ব্যক্তিদের পক্ষে অবসাদক ঔষধ আবশ্যক হইতে পারে মদ্যাদি নিষিদ্ধ; অল্প মাত্রায় পরিবর্ত্তক ও রেচক ঔষধ বিহিত –৩৪৩, ৩৪৪, ৩৪৯ কর্ণের পশ্চাতে ক্ষুদ্র ক্ষুদ্র ব্লিষ্টার। রক্তহীনতার লক্ষণাদি প্রকাশিত হইলে এবং স্নায়ুমণ্ডল দুর্ব্বল থাকিলে ক্লোরাইড অব এমোনিয়ম, ফস্ফেট ও হাইপোফস্ফেট অব লাইম ও সোডা, কডলিভর অয়েল, লৌহ-ঘটিত ঔষধ, ও মাংস, মদ্য ইত্যাদি বৃদ্ধদিগের সাময়িক শিরোঘূর্ণন রোগে করোসিব সব্লিমেট ও বার্ক

স্পাইনাল মিনিন্‌জাইটীস—পৃষ্ঠবংশীয়-মজ্জাবরক পর্দ্দার প্রদাহ।

পৃষ্ঠবংশীয় মজ্জাবরক পর্দ্দার তরুণ প্রদাহ, সচরাচর হয় না ইহা সহজে আরোগ্য হইতে পারে অথবা প্রদাহ বশতঃ রস ক্ষরিত হয় বা মজ্জা কোমল বা উহাতে পূঁয উৎপত্তি হইয়া থাকে। তরুণ রোগ উপমস্তিষ্কের বা মস্তিষ্কের পর্দ্দার পীড়ার সঙ্গে বিমিশ্রিত থাকে। প্রাচীন রোগ, কশেরুকার ক্ষতরোগ সংশ্লিষ্ট থাকে। বাহ্যিক আঘাত এবং শৈত্য ও আর্দ্রতা (বাতরোগীদের পক্ষে) ইহার সাধারণ কারণ

লক্ষণ।—প্রবল জ্বর ও অনিদ্রা পৃষ্ঠবংশে তীব্র জ্বালা-যুক্ত বেদনা ও তাহা জঙ্ঘাদিতে পর্য্যন্ত প্রসারিত হইয়া পড়ে। উহা চাপ সংলগ্নে ও সঞ্চালনে বর্দ্ধিত হয় অনেক সময় ইহাকে বাত রোগ বলিয়া ভ্রম জন্মিতে পারে গ্রীবা ও পৃষ্ঠদেশের কাঠিন্য

ও টঙ্কারবৎ আকুঞ্চন অঙ্গাদি দুর্ব্বল, অধঃশাখায় কখন কখন পক্ষাঘাত হইতে পারে রসস্রাব বৃদ্ধি হইতে থাকিলে শক্তি বিনষ্ট হয় শ্বাসকৃচ্ছ্র বোধ; গ্রীবা, পৃষ্ঠ ও উদরে আকুঞ্চন বোধ। মূত্রাবরোধ, দুর্দ্দম্য কোষ্ঠবদ্ধ, বা কখন কখন তদবসানে উদরাময়। সাতিশয় অবসন্নতা, সময়ে সময়ে প্রলাপ এবং অচেতনতা

চিকিৎসা আইয়োডাইড অব্ পটাসিয়ম ও একোনাইট ৪০৪; করসিব সব্লিমেট ও সার্সাপারিলা ৪০২; রেড্ আইয়োডাইড অব্ মার্করী, একোনাইট ও গোয়েকম্, ষ্ট্রামোনিয়ম; হেনবেন; বেলেডোনা কাষ্টর অয়েল ক্যালোমেল ও জেলাপ

স্থানিক—বেলেডোনা বা একোনাইট লিনিমেণ্ট লিণ্টে ভিজাইয়া লিন্সীড পুলটীস, ফোমেণ্টসন (গলীহেড) বরফ, ব্লিষ্টার, টার্টারেটেড অব এণ্টিমোনী অয়েণ্টমেণ্ট, আইয়োডিন পেণ্ট, জলৌকা।

মাইলাইটীস—পৃষ্ঠবংশীয় মজ্জার প্রদাহ।

পৃষ্ঠবংশীয় মজ্জার প্রদাহ সচরাচর হয় না কখন কখন ফুস্ফুসপ্রদাহ, জঠরান্ত্রপ্রদাহ ও একজ্বরের সঙ্গে এই রোগ মিলিত থাকে শৈত্য, আর্দ্রতা, মদ্য এবং ও আঘাতাদি হইতে ইহা উৎপন্ন হয় সাধারণতঃ এই রোগের পরিণামে পূয়োৎপত্তি ও মজ্জার কোমলতা ব্যাধি উপস্থিত হয়

লক্ষণ —সর্ব্বদা একরূপ নহে মস্তকের অভ্যন্তরস্থ অংশে পীড়া জন্মিলে গম্ভীর শিরোবেদনা, মুখমণ্ডল ও মস্তকের আক্ষেপিক সঞ্চালন, অস্পষ্টোচ্চারিত বাক্য, দাঁতকপাটী, গিলিতে কষ্ট, বাধাপ্রাপ্ত আক্ষেপিক শ্বাস প্রশ্বাস, হৃৎপিণ্ডের ক্রিয়া বিশৃঙ্খল,

অর্দ্ধাঙ্গ বা অপরবিধ পক্ষাঘাত এবং বিস্থায় রোগ সাংঘাতিক হইবার উপক্রমে সাতিশয় অবসন্নতা, শ্বাসকৃচ্ছ্র বর্দ্ধিত, মলোৎসর্গ অনৈচ্ছিকভাবে নিঃসৃত হয় যদি স্পাইনাল স্নায়ুমূলের উপরে সমগ্র মজ্জাতে প্রদাহ হয়, তাহা হইলে শ্বাসাবরোধ হইয়া রোগীর অবিলম্বে মৃত্যু হয় গ্রীবার অংশে প্রদাহ হইলে- গিলিতে কষ্ট, মস্তক উত্তোলনে অপারগতা, গ্রীবার পশ্চাতে তীব্র বেদনা, অত্যন্ত শ্বাসকষ্ট, হস্ত ও বাহুতে সূচীবেধবৎ বেদনা ও সুড় সুড় বোধ এবং ঊর্দ্ধ শাখায় পক্ষাঘাত। পৃষ্ঠবংশীয় মজ্জার মধ্যস্থলে (অর্থাৎ ডর্সাল রিজন) প্রদাহ হইলে—আক্রান্ত অংশে বেদনা, হস্ত ও পদের অঙ্গুলীতে অসাড়তা ও সূচীবেধ বোধ, দেহের আক্ষেপিক সঞ্চালন, বাহু ও অধঃশাখার পক্ষাঘাত, শ্বাসকৃচ্ছ্র, সাতিশয় হৃৎস্পন্দন কটিদেশস্থিত মজ্জার প্রদাহে প্রথমেই অধঃশাখার পক্ষাঘাত, উদর বেদনা, তৎসঙ্গে এরূপ বোধ যে উদর একটী রজ্জু দ্বারা দৃঢ়রূপে আবদ্ধ আছে আক্ষেপ; মূত্রাবরোধ, তৎপরে মূত্রধারণাক্ষমতা—মূত্রাশয়ের পক্ষাঘাত বশতঃ হয় মলদ্বারের সংকোচক পেশীর পক্ষাঘাত জন্য অনৈচ্ছিক মল নিঃসরণ। ঝিল্লী-প্রদাহ অপেক্ষা মজ্জা-প্রদাহে বেদনা অপেক্ষাকৃত কম প্রবল হয়; কিন্তু ঐ বেদনা উত্তাপ প্রয়োগে ও চাপে বৃদ্ধি পায় সহজেই শয্যাক্ষত জন্মে

চিকিৎসা —মস্তিষ্ক ও তদাবরক পর্দা প্রদাহের চিকিৎসার ন্যায় পৃষ্ঠবংশীয় মজ্জা ও তদাবরক পর্দার চিকিৎসা জানিবে। ক্যালোমেল ও জেলাপ; জেলাপ ও সেনা; অথবা ক্যাষ্টর অয়েল ও টর্পেণ্টাইন এনিমা আইয়োডাইড অব পটাসিয়ম পুরাতন রোগে বিন্ আইয়োডাইড বা বাইক্লোরাইড্ অব মার্করী। ক্যান্থি-

টব দ্বারা মধ্যে মধ্যে মূত্র বাহির করিবে। রক্ত বিকার বর্ত্তমানে কড্‌লিভর অয়েল, আয়রণ, ফস্ফরস। পৃষ্ঠবংশে শৈত্যপ্রয়োগ বা প্রত্যুগ্রতাসাধক দ্রব্য সংলগ্ন করিবে।

স্পাইন্যাল হেমরেজ - পৃষ্ঠবংশীয় মজ্জাভ্যন্তরে রক্তস্রাব।

মস্তিষ্কাভ্যন্তরে রক্তস্রাবের ন্যায় ইহা সাধারণ নহে, কদাচিৎ উপস্থিত হয়। আঘাত, মজ্জা বা ঝিল্লীর তরুণ প্রদাহ, ধমনীর পর্দার মেদাপকৃষ্টতা, কশেরুকার ক্ষত ও তাহার অন্যবিধ পীড়ায়, রক্ত প্রথম ঝিল্লীর বাহিরে বা ঝিল্লীদের মধ্যে ক্ষরিত হইয়া জমে বা মজ্জার ধূসরবর্ণ অংশে রক্তস্রাব হয়। উহাতে অবিলম্বেই অথবা কিছুকাল পরে স্নায়বীয় পদার্থের কোমলতা হওয়ায় মৃত্যু হয়।

লক্ষণ।—বিদীর্ণ রক্তাধারের অবস্থানুসারে লক্ষণাদি প্রকাশিত হয়। ঝিল্লীর মধ্যে রক্তস্রাব হইলে মাধ্যাকর্ষণ বশতঃ রক্ত নীচে গিয়া সঞ্চিত হয়। এই কারণে পক্ষাঘাত—ক্রমশঃ ঊর্দ্ধ দিকে বিস্তৃত হয়। পৃষ্ঠে তীব্র ও আকস্মিক বেদনা, সময়ে সময়ে মস্তকেও অনুভূত হয়। অনেক সময় প্রবল আক্ষেপ সমুপস্থিত হইয়া থাকে। মজ্জার উপরি অংশ চাপিত হইলে শ্বাসকৃচ্ছ্র হয়, হৃৎপিণ্ডের ক্রিয়া অবসন্ন, শরীর শীতল ও পাণ্ডুবর্ণ। জ্ঞানের কোন বৈলক্ষণ্য হয় না। মজ্জার মধ্যে রক্ত ক্ষরিত হইলে উক্ত স্থানের নীচের স্নায়ু যে যে অংশে অবস্থিত, সেই সকল স্থানে অকস্মাৎ পক্ষাঘাত জন্মে। রক্তস্রাব সামান্য প্রকার হইলে কয়েক ঘণ্টা পরে সঞ্চলন শক্তি ক্রমশঃ বিনষ্ট হয়।

চিকিৎসা।—পৃষ্ঠবংশোপরি বরফ ও শৈত্যমিশ্র দিবে; রোগীকে সুস্থির ও নিস্তব্ধ রাখিবে হৃৎপিণ্ডের ক্রিয়া মৃদুভাবে হওয়ার জন্য টিংচর একোনাইট সেবনার্থ বিধান করিবে

স্পাইন্যাল টিউমর্স—পৃষ্ঠবংশীয় অর্ব্বুদ।

মজ্জাতে অর্ব্বুদ দ্বারা চাপ পাওয়ায় পক্ষাঘাত ও আংশিক হ্রাস জন্মে গুটিকা, কর্কটিকা, অস্থি বা অন্যবিধ অসুস্থ বর্দ্ধন হয়। কশেরুকায় উপদংশীয় পীড়া বশতঃ অর্ব্বুদ জন্মে

লক্ষণ।—ক্রমশঃ জন্মে, মজ্জা অত্যন্ত চাপিত না হওয়া পর্য্যন্ত পক্ষাঘাত হয় না বোধ অপেক্ষা সঞ্চরণ শক্তির পক্ষাঘাত অগ্রে হয় অর্ব্বুদের অবস্থানের উপর বেদনা। শাখাতে খাল ধরা ও আক্ষেপ জন্মে।

চিকিৎসা।—ইহাতে সার্ব্বাঙ্গিক চিকিৎসা আবশ্যক। আইয়োডাইড্ অব্ পটাসিয়ম, কড্লিভর অয়েল, পুষ্টিকারক খাদ্য। প্রত্যুগ্রতা সাধক দ্রব্য স্থানিক প্রযোজ্য।

হাইড্রোরেকিস এণ্ড স্পাইন্যাল-বাইফিডা।

এক বা ততোধিক কশেরুকার পশ্চাৎ পর্দ্দপ্রবর্দ্ধন (ল্যামিনা) ও কণ্টক প্রবর্দ্ধনের সহজাত অভাব হইবায়, পৃষ্ঠবংশীয় মজ্জার পর্দ্দা, তরল পদার্থ দ্বারা পূর্ণ হয় পৃষ্ঠবংশের সকল অংশেই ইহা জন্মিতে পারে, কিন্তু সচরাচর কটিদেশেই হইয়া থাকে

লক্ষণ—একটী অর্ব্বুদ জন্মে, তাহার আকৃতি বিভিন্ন প্রকার হইতে পারে সময় সময় উহা বালকের মস্তক সদৃশ

হয়। হস্ত দ্বারা টিপিলে উহার মধ্যে তরল পদার্থের সঞ্চলন অনুভূত হয় রোগীকে সোজা করিলে উহাতে টান পড়ে স্ফীততা অর্দ্ধস্বচ্ছ, চর্ম্ম সুস্থ অথবা নীলবর্ণ ও তাহাতে রক্ত সঞ্চিত হয় মস্তিষ্কোদক রোগের সঙ্গে সংমিলিত থাকিলে ভাবিফল অশুভ মূত্রাশয়, সরলান্ত্র ও অধঃশাখায় পক্ষাঘাত বর্ত্তমান অমঙ্গল-পরিচায়ক

চিকিৎসা —সার্ব্বাঙ্গিক স্বাস্থ্য যদি উত্তমাবস্থায় থাকে ও অর্ব্বুদ ছোট হয়, তবে কোন প্রকার চিকিৎসোপায় অবলম্বন না করিলেও চলে। গটাপার্চ্চা বা পরিষ্কৃত চর্ম্ম দ্বারা চাপ প্রয়োগ করিবে। অর্ব্বুদ অত্যন্ত বড় হইলে একটী সূক্ষ্ম ট্রোকার দ্বারা ট্যাপ্‌ করা যাইতে পারে; তৎপরে আইয়োডিন ইন্‌জেক্‌সন দিবে। সার্ব্বাঙ্গিক স্বাস্থ্যোন্নতি যাহাতে হয়, তাহার চেষ্টা করিবে। পথ্য পুষ্টিকারক হওয়া উচিত সমুদ্রতীরে বাসস্থান নির্ণয় করিতে পারিলে ভাল হয়

স্পাইন্যাল ইরিটেসন—পৃষ্ঠবংশীয়মজ্জার উদ্দীপনা।

এই নামের কোন পীড়া আছে কিনা সন্দেহ। তবে স্ত্রীলোকদের কতকগুলি লক্ষণ এই নামে আখ্যাত হয় স্তনে বেদনা; বক্ষ, উদর বা জরায়ুতে বেদনা কোন কোন কশেরুকার কণ্টক প্রবর্দ্ধনের উপর চাপিলে বেদনাবোধ হয়। পেশীশূল ও গুল্মবায়ুর সংমিশ্রণ ও তৎসহ সার্ব্বাঙ্গিক দৌর্ব্বল্য বর্ত্তমান থাকে

চিকিৎসা —একোনাইটের মলম স্থানিক শীতল জলধারা দিলে উপকার হইতে পারে উহার সঙ্গে লবণ

মিশ্রিত করিয়া দিতে কেহ কেহ বলেন। নিস্তব্ধ ও স্থিরভাবে বিশ্রাম, বেলেডোনা প্লাষ্টর, পুষ্টিকর খাদ্য, কডলিভর অয়েল, বার্ক, ষ্টিল ইত্যাদি দ্রব্যের ক্রিয়া যাহাতে সুশৃঙ্খলভাবে হয়, তৎচেষ্টা। সামুদ্রিক বায়ু সেবন, পরিমিত ব্যায়াম।

প্যারালিসিস্—পক্ষাঘাত।

হেমিপ্লিজিয়া—অর্দ্ধাঙ্গ-পক্ষাঘাত।

শরীরের এক দিকের পক্ষাঘাত, ঊর্দ্ধ ও অধঃশাখা আক্রান্ত হয়। এই প্রকার পক্ষাঘাত অতি সাধারণ। শরীরের দক্ষিণ অপেক্ষা বামদিক সাধারণতঃ অধিক আক্রান্ত হয় যদি একশাখা অসুস্থ হয়, তবে প্রায়ই বাহুতে হইয়া থাকে।

লক্ষণ।—সপ্তম যুগ্মস্নায়ু বা মুখমণ্ডলস্থিত স্নায়ু কদাচিৎ আক্রান্ত হয়। পঞ্চম যুগ্মস্নায়ুই ইহাতে আক্রান্ত হয়। তাহাতে পক্ষাঘাতাক্রান্ত কপোলদেশ শিথিল হইয়া পড়ে এবং মুখ সুস্থদিকে আকর্ষিত হয় জিহ্বা বাহির করিলে পীড়িত দিকে হেলিয়া পড়ে। উচ্চারণ অসম্পূর্ণ—৯ম ও ৫ম স্নায়ুর পক্ষাঘাত বশতঃ হয়। ৩য় স্নায়ু আক্রান্ত হইলে উপরের চক্ষুপাতা নিমীলিত, কনীনিকা প্রসারিত, পরিবর্ত্তনশীল তির্য্যক দৃষ্টি স্পর্শবোধহীনতা। মানসিক বৃত্তির হানি ও অশ্রুস্রাব প্রবণতা হয়। ভ্রম, ও শব্দের অপব্যবহার মস্তিষ্কের লোহিত কোমলতা ব্যাধিতে আক্রান্ত অংশের পেশী শক্ত ও আকুঞ্চিত থাকে। আশাহীন রোগীর অঙ্গাদি শীর্ণ হয়। পরিপোষণের অপকর্ষ বশতঃ পেশীরও শীর্ণতা জন্মে। অঙ্গুলি সকল করতলের দিকে

আকুঞ্চিত হইয়া থাকিলে রোগের ভাবিফল অশুভ আরোগ্য হইবার যোগে জঙ্ঘার পীড়া প্রথম উপশমিত হইতে আরম্ভ হয় যখন জঙ্ঘার অগ্রে বাহু বলপ্রাপ্ত হয়, তখন রোগের ভাবিফল অশুভ

চিকিৎসা —বিরেচক জেলাপ, স্কামনী ৩৪৪, ৩৫২, ক্রোটন অয়েল—৩২৮, ৩৪৬ ক্যাষ্টর অয়েল ও টার্পেণ্টাইন এনিমা ৩৬০ মস্তকে বা পশ্চাৎ গ্রীবায় ব্লিষ্টার আইয়োডাইড অব্ পটাসিয়ম ৩৯৯, ৪০১, রোগ পুরাতন হইলে অল্প মাত্রায় ষ্ট্রীকনিয়া ($\frac{1}{৬০}$ গ্রেণ) দিনে তিনবার, ১৭ লাইকর ষ্ট্রীকনিয়া ১৬। ফস্ফরস, ফস্ফরিক এসিড স্থানিক উত্তেজক মর্দন ৪১, ৪২, ৪৩, ৪৬ প্রভৃতি মস্তিষ্কের বৈধানিক পীড়া অবর্তমানে বা তিরোহিত হইলে ইলেক্‌ট্রিসিটী ও গ্যাল্‌ভানিজম প্রযোজ্য কডলিভর অয়েল ৪১০ ফসফেট অব্ আয়রণ, এমোনিয়ো সাইট্রেট অব্ আয়রণ প্রভৃতি মৃদু লৌহঘটিত বলকরৌষধ দুগ্ধ, মাংস প্রভৃতি বলকর ও পুষ্টিকর পথ্য প্রথমাবস্থায় সংন্যাস রোগের ন্যায় চিকিৎসোপায় অবলম্বনীয়

প্যারাপ্লিজিয়া—অধোঙ্গ পক্ষাঘাত।

দেহের অধঃশাখায় পক্ষাঘাত এই রোগ দ্বিবিধ, ১ম প্রকার রোগ পৃষ্ঠবংশীয় মজ্জার বা উহার ঝিল্লীর পীড়া বশতঃ জন্মে ২য় প্রকার রোগ, কোন একটা বোধশক্তিপ্রাপক স্নায়ু হইতে প্রতিক্ষিপ্ত উত্তেজনা (রিফ্লেক্স ইরিটেসন) কশেরুক মজ্জাতে উপনীত হইলে হয় সম্ভবতঃ মজ্জার মধ্যে রক্ত-সঞ্চালন অসম্যক ভাবে সম্পাদিত হয়

লক্ষণ।—ক্রমশঃ ও অজ্ঞাতসারে রোগ আবদ্ধ হয়। জঙ্ঘা ও পদের দুর্ব্বলতা, অসাড়তা ও ঝিন্ ঝিন্ বোধ হয়। এই দুর্ব্বলতা ক্রমশঃ পরিবর্দ্ধিত হইয়া অধঃশাখার সঞ্চালন ও বোধশক্তি সম্পূর্ণ বিনষ্ট করে। মূত্রাশয় ও মলদ্বার-সংকোচক পেশীর পক্ষাঘাত। মূত্রাশয়ে প্রস্রাব অধিকক্ষণ থাকিয়া পচিয়া যায়। জঙ্ঘার আক্ষেপ ও তাহার অনৈচ্ছিক গতি তদ্দ্বারা রোগীর সমূহ ক্লেশ হয়। এই রোগে প্রতিক্ষিপ্ত সঞ্চালন সহজে উত্তেজিত হয়। সার্ব্বাঙ্গিক স্বাস্থ্য হীন হইয়া পড়ে।

চিকিৎসা।—এই রোগের চিকিৎসাকালে পৃষ্ঠবংশীয় মজ্জাভ্যন্তরে রক্তাধিক্য থাকিলে আর্গট অব্ রাই ও বেলেডোনা ব্যবহার্য্য। আর্গট, ৫ বা ৬ গ্রেণ মাত্রায় দিনে দুই বার সেব্য ও তৎসময় পৃষ্ঠবংশে একখানি বড় বেলেডোনা প্লাষ্টার দিবে। কিছু দিন এইরূপ প্রণালীতে চিকিৎসা করায় যদি উপকার না দর্শে, তবে অন্যান্য ঔষধের সঙ্গে আইয়োডাইড অব্ পটাসিয়ম দিবে ৪০৫। কডলিভর অয়েলও উপকারী, ৪১০। অস্থিরতা নিবারণার্থ হেনবেন, ইণ্ডিয়ান হেম্প বা কোনিয়ম। পৃষ্ঠের পশ্চাৎ অঙ্গাদিতে উত্তেজক মর্দ্দন ও গ্যালভানিজম্। পৃষ্ঠবংশীয় মজ্জার পোষণাভাব জনিত পীড়া হইলে ষ্ট্রীকনিয়া। সলফর বাথ; কুইনাইন ও আয়রণ—১৭২, ১৭৩, ১৭৪। ওপিয়ম, নাইট্রেট অব্ সিলভর, হাইপো ফস্ফাইট অব্ সোডা। পৃষ্ঠবংশে বরফ ও উষ্ণজল পর্য্যায়ক্রমে স্থাপন। অন্ত্রে কৃমি বা অন্য উগ্র পদার্থ বর্ত্তমান থাকিলে তাহার প্রতিকার চেষ্টা করিবে।

লকোমোটর য্যাটাক্সি টেবিস্‌ডর্সেলিস।

অধঃতন্ত্রের এক বিশেষ প্রকার পক্ষাঘাত। অপরিমিত রতি ক্রিয়া, শৈত্য, আর্দ্রতা ও বাত প্রভৃতি কারণে সমুৎপন্ন হয়। পুরুষদের প্রৌঢ় বয়সেই সাধারণতঃ এই রোগ হয়। ইহাতে পৃষ্ঠবংশীয় মজ্জার পশ্চাৎ স্তম্ভের স্নায়ু সূত্রের শীর্ণতা ও বিধান বিশ্লেষ সংঘটিত হইয়া থাকে। তৎসঙ্গে উহাতে মেদকণা ও যোজক তন্তুর বৃদ্ধিও জন্মে। মস্তিষ্ক ও মজ্জার অন্যান্য অংশেও বিধান বিকার থাকিতে পারে।

লক্ষণ। স্থিরগতির হ্রাস বা সম্পূর্ণ বিনাশ সংঘটিত হওয়ায় রোগী বেড়াইতে কষ্ট অনুভব করে, সোজা হইয়া ও স্থির ভাবে গমন করিতে অসমর্থ হয়। পা টানিয়া টানিয়া ও কাঁপিয়া কাঁপিয়া চলে। অধঃঅঙ্গের পক্ষাঘাত হইতে ইহা স্বতন্ত্র পীড়া। উহাতে ঐচ্ছিক সঞ্চরণ শক্তির হ্রাস বা সম্পূর্ণ বিনাশ সংঘটিত হইয়া থাকে। স্মৃতিশক্তির ও বুদ্ধিবৃত্তির কোন বিকার জন্মে না। কখন কখন ইহার সঙ্গে, ২য়, ৩য়, ৫ম, ৬ষ্ঠ, ৭ম বা ৮ম (কোন কোন শাখা) মস্তিষ্কের স্নায়ুর পক্ষাঘাত বিদ্যমান থাকে। কদাচিৎ বধিরতা জন্মে, দৃষ্টিতে কষ্ট, তির্য্যক দৃষ্টি; দ্বিদৃষ্টি; উদরের চারিদিকে যেন একটী রজ্জু দ্বারা আবদ্ধ আছে এরূপ বোধ হয়। বাত বেদনা, অঙ্গস্থানে ভারবৎ তীব্র বেদনা, কিন্তু পৃষ্ঠবংশ স্পর্শ করিলে কোন বেদনা স্থান দৃষ্ট হয় না। অধঃশাখার অসাড়ত্ব ও তাহাতে স্পর্শবোধের অভাবে ভ্রমাকারে পড়িয়া যাওয়ার আশঙ্কা হয়, তন্নিমিত্ত রোগী পদ ও গমনের প্রতি দৃষ্টি রাখে এবং উহা আক্ষেপিক ভাবে অগ্রদিকে

নিক্ষিপ্ত হইয়া থাকে। অবশেষে অধঃশাখার সঞ্চরণশক্তি বিলুপ্ত হয়। স্নায়বীয় অন্ধতা, ক্রমিক বর্দ্ধিত দৌর্ব্বল্য। রোগ ক্রমশঃ বর্দ্ধিত হয়। এই রোগ প্রায়ই সম্পূর্ণরূপে আরোগ্য হয় না। সময়ে সময়ে অন্যান্য পীড়া প্রাদুর্ভূত হইয়া রোগীকে মৃত্যুমুখে নিপাতিত করে।

চিকিৎসা।—ফস্‌ফেট অব্‌ আয়রণ, ১৮৭, ২০৭। আইয়োডাইড অব্‌ আয়রণ—১৮১, ১৯৯, ৪০৩। কুইনাইন ও আয়রণ—১৮৩, ২০১, ২০৮। ধার্ক ও ফস্ফরিক এসিড। হাইপো ফস্ফাইট্‌ অব্‌ সোডা বা লাইম, বেলেডোনা, ইণ্ডিয়ান হেম্প, কডলিভর অয়েল। সল্‌ফর বাথ, গ্যাল্‌ভানিজম। আইয়োডাইড ও ব্রোমাইড অব্‌ পটাসিয়ম; টিংচর অব্‌ নক্স ভমিকা ও ষ্ট্রীকনিয়া প্রভৃতি। ফস্ফেট অব্‌ জিঙ্ক। লাইকর আর্সেনিক, নাইট্রেট অব্‌ সিলভর। ক্লোরাইড অব্‌ গোল্ড ও সোডা।

ইন্‌ফ্যাণ্টাইল্‌ প্যারালিসিস—শৈশব পক্ষাঘাত।

পূর্ণবয়স্কদের পক্ষাঘাত রোগের ন্যায় শিশুদের এই পীড়ায় কোন আশঙ্কার কারণ নাই। যদিচ ইহা সহজে আরোগ্য হয় না বা কখন কখন একেবারেই আরোগ্য হয় না, তথাচ ইহার দ্বারা জীবন বিনষ্ট হইতে দেখা যায় না। অধিকন্তু পূর্ণবয়স্কদের রোগে মস্তিষ্ক ও মেরুদণ্ড মজ্জার যেরূপ দুরারোগ্য পীড়া থাকে, ইহাতে তদ্রূপ থাকিতে দেখা যায় না। এই পীড়ায় সাধারণতঃ অধঃশাখা আক্রান্ত হয়। কখন কখন অর্দ্ধাঙ্গ বা অধোঙ্গের পক্ষাঘাত জন্মে। সময়ে সময়ে ফোটক জ্বরাতে ইহার উৎপত্তি হয়, আবার অনেক সময় সার্ব্বাঙ্গিক কোন প্রকার অসুস্থতা

ব্যতীতও জন্মিতে দেখা যায়। দন্তোদ্ভেদ কালেও এই রোগ জন্মিতে পারে। এই পক্ষাঘাতকে বাত রোগ বা বঙ্ক্ষণ সন্ধির পীড়া বলিয়া ভ্রম হইতে পারে, কিন্তু ইহাতে প্রায়ই বেদনা থাকে না, প্রথমাবস্থায় কেবল বোধাতিশয্য থাকিতে পারে।

চিকিৎসা।—মৃদু বিরেচক—ক্যাষ্টর অয়েল, রিউবার্ব বা স্ক্যামনী। ঈষদুষ্ণ জলে স্নান, মাড়ী স্ফীত হইলে চিরিয়া দেওয়া; গ্যাল্‌ভানিজম। আইয়োডাইড্ অব্ পটাসিয়ম, আইয়োডাইড্ অব্ আয়রণ, বার্ক, কডলিভর অয়েল, অল্প মাত্রায় টিংচর অব্ ষ্টীল ও পেরিশের কেমিক্যাল ফুড আদি প্রযোজ্য। বিশেষ সংবর্দ্ধনতন্ত্রের সহিত অর্দ্ধ বা সিকি ড্রাম সিরাপ [illegible] ষ্ট্রীকনিয়া ব্যবহার করা যাইতে পারে। পুষ্টিকর খাদ্য, সমুদ্র বায়ুতে ভ্রমণ, ঈষদুষ্ণ ও লবণ মিশ্রিত জলে স্নান হিতকর। প্যারিসের কেমিক্যাল ফুড অর্থাৎ ফস্ফেট অব্ লাইম, সোডা, আয়রণ ও পটাশ একত্রে প্রয়োগে উপকার দর্শিতে পারে।

রাইটর্স প্যারালিসিস বা লিপিকরের পক্ষাঘাত

এই রোগে কয়েকটী পেশীতে আক্ষেপ উপস্থিত হওয়ায় হস্তসাধ্য কার্য্য করিতে রোগী প্রায় অক্ষম হইয়া পড়ে। ইহাতে ঐচ্ছিক শক্তির আংশিক হানি হয়। এই রোগ যে কেবল লিপিকর ব্যবসায়ীদের হয় তাহা নহে, তদ্ব্যতীত হস্তসাধ্য কার্য্য করে, এরূপ অন্যান্য ব্যক্তিদিগকেও এই রোগে আক্রান্ত হইতে দেখা যায়। রোগের প্রারম্ভে হস্ত বা বাহুর পেশীর কাঠিন্য জন্মে

উহা রাত্রিতে বিশ্রাম করার পর তিরোহিত হয়। রোগী স্থিরভাবে হস্ত সঞ্চালন করিতে পারে না অর্থাৎ লিখিবার বা অন্যান্য কার্য্য করিবার কালে হাত কাঁপিতে থাকে হস্ত বা বাহুর পেশীতে জ্বালাবোধ ও কখন কখন উহাতে অল্প বা অধিক কন্‌কন্ করে কলমাদি ধরিলেই অঙ্গুলি, বিশেষতঃ বৃদ্ধ ও তর্জ্জনী অঙ্গুলি কুঞ্চিত হয়

চিকিৎসা —আক্রান্ত হস্তকে সম্পূর্ণ বিশ্রাম করিতে দেওয়া আবশ্যক, কারণ তদ্ব্যতীত ঔষধ সেবন বিশেষ ফলোপধায়ী হয় না। পুষ্টিকারক খাদ্য, দুগ্ধ, ডিম্ব, কডলিভার অয়েল, গ্যাল্‌-ভানিজম হাইপোফস্ফাইট অব্ সোডা বা লাইম বার্ক; ষ্টীলের সহিত নক্স কুইনাইন ও ফসফেট অব্ জিঙ্ক বা আয়রণ

হিষ্টীরিক্যাল ও রিউমেটীক্ প্যারালিসিস।

লক্ষণ।—হিষ্টিরিক্যাল প্যাল্‌সিতে স্নায়ুকেন্দ্র বা গতিশক্তি বিধায়ক স্নায়ুর কোন পীড়া বর্ত্তমান থাকিতে দেখা যায় না ইহা গুল্মবায়ুরোগগ্রস্ত স্ত্রীলোকদের হয়। ভয়, সাতিশয় উদ্দীপনা, ডিম্বাধারের উত্তেজনা আদি হইতে এই রোগ জন্মে। অধঃশাখা বা এক দিকের বাহু ও পদে, বা কোন বিশেষ পেশীতে এই রোগ জন্মে। গুল্মবায়ুর অন্যান্য লক্ষণও বর্ত্তমান থাকিতে পারে। বাতশোণিত সংস্রবে অধঃশাখার পেশী সমূহ আক্রান্ত হয় অথবা বাহুস্থ প্রসারক পেশীবর্গ বা ত্রিকোণ (ডেল্‌টইড্) ও চতুষ্কোণ (ট্র্যাপিজিয়ম্) পেশী আক্রান্ত হওয়ায় রোগী হস্ত উত্তোলনে অক্ষম হয়। রোগ সহসা বা ক্রমশঃ প্রাদুর্ভূত হইতে পারে

চিকিৎসা।—হিষ্টিরিক্যাল পক্ষাঘাত রোগে লৌহঘটিত ও আক্ষেপনিবারক ও সার্ব্বাঙ্গিক স্বাস্থ্যোন্নতি বিধায়ক ঔষধ প্রয়োজ্য। রিউমেটিক পক্ষাঘাতে আইয়োডাইড অব্ পটাসিয়ম, কড্লিভর অয়েল, গ্যাল্ভানিজম ও বিবিধ মর্দ্দন ফলপ্রদ।

প্রোগ্রেসিভ্ মস্কিউলার য়্যাট্রফি।

পৈশিক সূত্রের দানা ও মেদাপকৃষ্টতা বশতঃ এই রোগ জন্মে। পরিপোষণের কোনরূপ ব্যাঘাত বশতঃও ঈদৃশ ঘটনা হয়।

লক্ষণ।—ঊর্দ্ধ ও অধঃশাখার বা সমস্ত দেহের ঐচ্ছিক পেশী আক্রান্ত হয়। পৈশিকসূত্রের আক্ষেপ ও কম্পন। অঙ্গাদিতে ভারবোধ, উহা ক্রমশঃ দৌর্ব্বল্যে পরিণত হয়। পৈশিক শীর্ণতা বশতঃ মুখাকৃতিও শীর্ণ ও কুঞ্চিত দেখায়। সময়ে সময়ে স্নায়ুশূল বা বাতবেদনা। সর্দ্দিলাগার প্রবণতা। বুদ্ধিবৃত্তি অনাক্রান্ত, সার্ব্বাঙ্গিক স্বাস্থ্য প্রায়ই ভাল থাকে। রোগের বৃদ্ধির সঙ্গে আক্রান্ত অঙ্গের সঞ্চরণ শক্তি এককালে বিনষ্ট হয়। উচ্চারণ ও গিলন ক্ষমতা বিনষ্ট হইতে পারে। শ্বাসাবরোধ হইয়া প্রায়ই রোগীর মৃত্যু হয়। সর্দ্দি, বায়ুনলীভুজ-প্রদাহাদি বা সূক্ষ্ম বায়ুনলীতে শ্লেষ্মা সঞ্চিত হওয়া বশতঃ শ্বাসাবরোধ হয়। পশুর্কামধ্য ও উদর বক্ষ ব্যবধায়ক পেশী এই রোগে আক্রান্ত হওয়ায় শ্লেষ্মা বিনির্গত হইতে না পারায় শ্বাসবদ্ধ হইয়া যায়। সময়ে সময়ে শ্বাসক্রিয়া-সম্পাদক পেশীবর্গের পক্ষাঘাত বশতঃও ঈদৃশ ঘটনা হইয়া থাকে। রোগের স্থিতিকাল কয়েক মাস হইতে কয়েক বৎসর। রোগ সম্পূর্ণ আরোগ্য হয় না। সকল বয়সেই এই

রোগ হয়। স্ত্রী অপেক্ষা পুরুষেরা এই রোগে অধিক আক্রান্ত হয়। শৈত্য, আর্দ্রতা বা গুরুতর শ্রম এই রোগের কারণ বলিয়া কথিত হয়। জ্বর, অর্কাঘাত, পতন ও আঘাতাদি কারণেও ইহা জন্মিতে পারে। ইহা কৌলিক।

চিকিৎসা —হাইপো ফস্ফাইট অব্ সোডা বা লাইম, ৪৩০। নাইট্রেট্ অব্ সিলভর (১/২০ — ১/৮ গ্রেণ) দিনে তিন বার; গ্যাল্ভানিজম, সল্ফর বাথ আক্রান্ত পেশী সমূহ উত্তেজক মর্দ্দন দ্বারা মালিশ ষ্ট্রীকনিয়া, নক্সভমিকা, মার্করী, আইয়োডাইড অব্ পটাসিয়ম, কডলিভর অয়েল।

মার্কিউরিয়েল পল্সী—পারদজনিত পক্ষাঘাত।

ঐচ্ছিক পেশীর আক্ষেপিক সঞ্চরণ, অর্থাৎ যখন উহাদিগকে কার্য্য করাইতে ইচ্ছা হয়, তখনই উহাদের আক্ষেপিক কম্পন জন্মে। রোগের বর্দ্ধিতাবস্থায় উচ্চারণ, চর্ব্বণ ও সঞ্চরণ ক্রিয়া কষ্টের সহিত সম্পাদিত হয় সময়ে সময়ে প্রলাপ বা তরুণ উন্মাদ রোগ উপস্থিত হয়। হস্তের ব্যবহার করিতে রোগী একেবারেই পারে না অপস্মার, সাতিশয় দুর্ব্বলতা, রাত্রিতে অস্থিরতা, চর্ম্ম মলিন ধূসর বর্ণ, মাড়িতে ক্ষত, দন্ত কৃষ্ণবর্ণ ও শিথিল হয় পারদের ধূম যাহাদের গাত্রে লাগে, তাহাদের এই রোগ জন্মে

চিকিৎসা।—সল্ফর বাথ আইয়োডাইড অব্ পটাসিয়ম—৩৯৯, ৪০১ পুষ্টিকর খাদ্য, সমুদ্রের বায়ুসেবন। আইয়োডাইড অব্ সোডিয়মও উপকারী

লেড্ পল্‌সী—সীসজনিত পক্ষাঘাত।

সীসশূলের সহযোগে বা স্বতন্ত্রভাবে প্রকাশিত হয়। সীসধাতুর আকরে বা সীসার সংস্পর্শে যাহারা কর্ম্ম করে, তাহাদের এই রোগ জন্মে।

লক্ষণ।—বাহু ও হস্তের স্নায়ু আক্রান্ত হয়, তদ্ধেতু তৎস্থানের প্রসারক পেশী সকলে পক্ষাঘাত জন্মে। বাহু প্রসারণ করিলে হস্ত ঝুলিয়া পড়ে। ইহাকে রিষ্টড্রপ্ বলে। অধঃশাখা কদাচ আক্রান্ত হয়। মাড়িতে নীলবর্ণ দাগ হয়।

চিকিৎসা। আইয়োডাইড অব্ পটাসিয়ম——৩৯৯, ৪০১। সল্‌ফর বাথ। ওয়ার্ম্ম বাথ, গ্যালভানিজম, আক্রান্ত অঙ্গ লিনিমেণ্ট দ্বারা মর্দ্দন, সল্‌ফিউরিক এসিড মিশ্রিত জলপান হিতকর।

প্যারালিসিস এজিটান্স—বেপথু।

পেশীবর্গের অনৈচ্ছিক কম্পন—হস্ত, বাহু বা মস্তকে আরম্ভ হইয়া ক্রমশঃ সর্ব্বশরীরে ব্যাপ্ত হয়। পৈশিক শক্তির হ্রাস, বুদ্ধি ও বোধশক্তি অনাক্রান্ত, দেহকাণ্ড সম্মুখদিকে হেলায়মান। ভ্রমণ-কালে অল্প দৌড়ানার মত বোধ হইতে থাকে। রোগ মৃদুভাবে পরিবর্দ্ধিত হয়। বর্দ্ধিত রোগে রোগী নিদ্রা যাইতে অসমর্থ হইয়া থাকে। চর্ব্বণ ও গিলন ক্রিয়া কষ্টের সহিত সম্পাদিত হয়। মলমূত্রের অনৈচ্ছিক নিঃসরণ। সামান্য প্রকার প্রলাপ ও সম্পূর্ণ অচৈতন্যাবস্থা।

চিকিৎসা।—কশেরুকমজ্জার প্রাচীন প্রদাহ-জনিত রোগে বেলেডোনা ; পৃষ্ঠবংশে বেলেডোনার প্লাষ্টার ব মলম ও সেবনার্থ আর্গট প্রয়োগ করিলে উপকার হয় প্রায় সকল প্রকার পক্ষাঘাতে ষ্ট্রীকনিয়া $\frac{1}{80}$ হইতে $\frac{1}{24}$ গ্রেণ মাত্রায় প্রযুক্ত হইলে সুফলপ্রদ হইয়া থাকে একষ্ট্রাঃ ক্যালেবারবিন্ $\frac{1}{16}$ গ্রেণ মাত্রায় প্রয়োগ করিলে বাতুলদের সার্ব্বাঙ্গিক পক্ষাঘাতে, ও তদ্ব্যতীত অধোঙ্গ পক্ষাঘাতাদিতে উপকার করে। পৃষ্ঠবংশীয় পীড়াজনিত মূত্রাবরোধে ক্যানেবিস ইণ্ডিকা দ্বারা সুফল লব্ধ হয় গুহ্যবায়ুরোগসংশ্লিষ্ট পক্ষাঘাতে ফস্ফরস্ ব্যবহার্য্য। বিশুদ্ধ বায়ুসেবনে, পুষ্টিকর খাদ্য, ঈষদুষ্ণ জলে স্নান বা গন্ধকমিশ্রিত জলে স্নান লৌহঘটিত ঔষধ, কডলিভর অয়েল, ওপিয়ম, ও গ্যাল্‌ভানিজম

কন্‌ভল্‌সন্স—আক্ষেপ, খেঁচুনী।

সমস্ত শরীরের পেশীসমূহের প্রবল ও অনৈচ্ছিক আক্ষেপ বা সংকোচন, থাকিয়া থাকিয়া হয় ও তৎসঙ্গে রোগী সংজ্ঞাবিহীন হইয়া পড়ে সময়ে সময়ে আকুঞ্চন আংশিক, ও অধিক ক্ষণস্থায়ী ; ও তৎসঙ্গে আক্রান্ত পেশী শক্ত হয়, ইহাকে টনিক স্প্যাজম বা বিরামবিহীন আক্ষেপ এবং যাহাতে ঘন ঘন আক্ষেপ হয় ও তদবসানেই পেশীর শিথিলতা জন্মে, তাহাকে ক্লনিক বা ত্বরিতাক্ষেপ বলে স্নায়ুমণ্ডলের বৈধানিক পীড়া, স্নায়ুকেন্দ্রে রক্তের গতি যথোচিত ভাবে না হইলে, মাড়ি বা অন্নবহনলীর উদ্দীপনা, মূত্রগ্রন্থির পীড়া, আণ্ডলালিক মূত্ররোগ ও রক্তের অবিশুদ্ধাবস্থা, এই রোগের কারণ। কোন বিষয়ে

অকস্মাৎ প্রবল মনোবেগ উপস্থিত হইলেও এই রোগ জন্মিতে পারে

লক্ষণ।—রোগের পূর্ব্ব লক্ষণাদি প্রকাশিত হইতে পারে আবার কোন কোন সময় পূর্ব্ব লক্ষণাদি অনুপস্থিত থাকিয়া রোগ প্রকাশ পায় সমস্ত ঐচ্ছিক পেশী আক্রান্ত হয় বা কেবল মুখমণ্ডলের পেশীতে আক্ষেপ থাকে সময়ে সময়ে কেবল দেহের একাঙ্গ বা এক দিক আক্রান্ত হয় সার্ব্বাঙ্গিক আক্ষেপে মুখমণ্ডল বিকৃত, পাণ্ডুর বা নীলিম; চক্ষুগোলক বহিঃ নিঃসৃতবৎ; আলোকপাতে কনীনিকার বোধাভাব; দন্ত কিড়মিড়; জিহ্বা দন্ত দ্বারা দংশিত বা বহিঃ নিঃসৃত অনৈচ্ছিক মলমূত্র নিঃসরণ, শ্বাসকৃচ্ছ্র আক্ষেপ এক বার মাত্র বা ঘন ঘন হইতে পারে, তৎপরে নিদ্রাবেশ হয় অন্যান্য প্রবল রোগের সঙ্গে সংশ্লিষ্ট না থাকিলে সাংঘাতিক হয় না।

চিকিৎসা রোগীর গাত্রবস্ত্র শিথিল করিয়া দিবে এবং তাহাকে এরূপ স্থানে রাখিবে, যেন শ্বাসসহ বিশুদ্ধ বায়ু গ্রহণের কোন ব্যাঘাত না ঘটে মস্তকে শীতল জলধারা, উষ্ণ জলের টবে বসাইয়া মস্তকে শীতল জলধারা রক্তের অবিশুদ্ধাবস্থা রোগের কারণ বলিয়া অনুমিত হইলে বাই টার্টারেট অব্ পটাশ ব্যবহার হিতকর ভিরিট্রম ভিরিড্ ব্যবহার করিয়া কেহ কেহ সুফল উপলব্ধি করিয়াছেন পাদদ্বয়ে মষ্টার্ড বা উষ্ণ জল পূর্ণ বোতল সংস্থাপন বিরেচক ও আক্ষেপনিবারক এনিমা—৮২, ৮৩, ৩৬০ জিহ্বার উপরে ক্রোটন অয়েল ১ বা বা ২ ফোটা গিলিবার সামর্থ্য থাকিলে এবং পাকাশয়ে কোন উগ্র পদার্থ থাকা অনুমিত হইলে বমনকারক ঔষধ—২৭৬,

২৮১। মর্ফিয়ার হাইপোডর্ম্মিক ইন্‌জেক্‌সন। বেলেডোনা ও ক্যাম্ফর ৫২০ ইথর ও ভেলিরিয়ান ১৩০, ১৩৫ বেলেডোনা ও ক্লোরোফর্ম্ম ৯৫; ক্লোরোফর্ম্মের আঘ্রাণ, সলফেট অব্ এসিরিন ১ গ্রেণ দিনে তিনবার হাইড্রেট ক্লোরাল ৪২৪; মস্ক ও এসাফেটিডা ১৩৯; স্যাণ্টোনাইন ৩৮১ ব্রোমাইড অব পটাসিয়ম, আক্ষেপ-নিবারক ঔষধের সঙ্গে এমোনিয়ার আঘ্রাণ। নাইট্রেট অব এমিল ২৩ ফোটা লিণ্টে ঢালিয়া লইয়া তাহা আঘ্রাণ জন্য প্রয়োজ্য

শৈশববিকম্প—এসাফেটিডা ও ক্লোরিক ইথর ৪২১; ক্যানেবিস ইণ্ডিকা, ক্লোরোফর্ম্ম ও এমোনিয়ার ঘ্রাণ; ফেরি পারঅকসাইড, মস্ক—১৪, ১৩৪। পটাসিয়াই আইয়োডিডাই—৪০৫, ৪০৭; ব্রোমাইড অব্ পটাসিয়ম—৪০৯, ৪২২; রিউটা গ্রাভিয়োলেন্স ক্রিমি থাকিলে স্যাণ্টোনাইন ৩৮১; একষ্ট্রাঃ ফেলিসস্ লিকুইড ৩৮০; স্পিরিট ইথরিস ও ডিঃ পোমগ্রানেট ৩৮২; স্কামনী ও ক্যালোমেল ৩৫২, টর্পেণ্টাইন ও ক্যাষ্টর অয়েল আভ্যন্তরিক ও পিচকারী আহারের বিষয়ে সতর্কতা উষ্ণ জলের টবে বসাইয়া মস্তকে শীতল জলধারা পাকাশয়ে অজীর্ণ দ্রব্য থাকিলে ইপিক্যাক বমনকারক মাত্রায়। দন্তোদ্ভেদ হওয়ার সম্ভাবনা থাকিলে মাড়ি চিরিয়া দেওয়া উচিত পাকাশয়ে অম্ল থাকিলে ম্যাগ্নিসিয়া কার্ব্ব, ডিল ওয়াটরের সঙ্গে হাইড্রেট ক্লোরাল ২৩ গ্রেণ মাত্রায় এমোন ব্রোমাইড

প্রসবান্তে বিকম্প—বিরেচক ও আক্ষেপ-নিবারক ঔষধ, ক্লোরোফর্ম্মের ঘ্রাণ এণ্টিম টার্ট; ক্যাম্ফর—১৪, ১৩৯; মর্ফিয়া ও ক্লোরোফর্ম ৯৮; মর্ফিয়ার হাইপোডর্ম্মিক ইনজেক্‌সন,

ওপিয়ম—৮৮, ১৩১, ১৩২, ১৩৬, বেলেডোনা ও ক্লোরোফর্ম্ম ৯৫, ভেলিরিয়ান ও হায়সায়ামাস ১৩০ প্রসব না হইতে এই রোগ উপস্থিত হইলে সত্বর প্রসব করান কর্ত্তব্য মস্তকে বরফ ও শীতল জল তার্পিন তৈলের পিচকারি—৮১, ৮৩, ১৬২ হাইড্রেট ক্লোরাল ৪২৪; ব্রোমাইড অব্ পটাসিয়ম ৪২২, অথবা আক্ষেপনিবারক ঔষধের সঙ্গে

এপিলেপ্‌সী—অপস্মার, মৃগী।

এই রোগের প্রধান লক্ষণ—সংজ্ঞা ও স্পর্শশক্তির আকস্মিক বিলোপ, তৎসঙ্গে বিলবি আক্ষেপ; উহা কয়েক সেকেণ্ড পরেই স্থবিতাক্ষেপে পরিণত হয়। ইহাতে কেবল ঐচ্ছিক পেশীতে আক্ষেপ হয় রোগাবেশ তিরোধানের পর রোগী অবসন্ন ও অচেতন হইয়া পড়ে এই রোগের আবেশ সময়ে সময়ে হয়। *কৌলিক প্রকৃতি ও নিকট সম্বন্ধীয় ব্যক্তির সহিত* পরিণয় এই রোগের পূর্ব্ববর্ত্তী কারণ রোগাবেশ সমুপস্থিত হইলে রোগী সহসা পড়িয়া যায় কখন কখন রোগাবেশ এত সহসা সমুপস্থিত হয় যে, রোগী অশ্বারূঢ় থাকিলে তাহা হইতে অবতরণ, অগ্নির নিকটে থাকিলে তাহা হইতে দূরে গমন বা শয়ন করিতে সময় পায় না সময়ে সময়ে রোগাক্রমণের কয়েক মিনিট বা ঘণ্টা পূর্ব্বে রোগী বুঝিতে পারে ও এই সকল পূর্ব্ব সূচনা হয়; যথা—দৃষ্টিবিভ্রম, শিরোবেদন, শিরোঘূর্ণন, চিন্তাশক্তির বিশৃঙ্খলা, ভয় বোধ ও শরীরে একরূপ সিড় সিড় বোধ হয় ইহাকে অরা এপিলেপ্‌টীকা বলে মুখাকৃতি মৃতবৎ, চীৎকার বা ক্রন্দন, মুখে গাঁজলা, ঘর্ম্ম শীতল, বমন ও শ্বাসকৃচ্ছ্র ইত্যাদি। দীর্ঘ

শ্বাস পরিত্যাগের পর রোগাবসান হয়। রোগাবেশ ২৩ মিনিট থাকে। কখন কখন ২১ ঘন্টাও থাকিতে পারে।

চিকিৎসা—বেলেডোনা নিম্নলিখিত উপায়ে ব্যবহৃত হইয়া উপকার লব্ধ হইয়াছে। যথা একষ্ট্রাঃ বেলেডোনা ও বেলেডোনার পত্র চূর্ণ প্রত্যেকে ½ গ্রেং, একত্রে এক বটিকা, প্রত্যহ একবার সেব্য। রোগাবেশ দিনে বা রাত্রিতে উপস্থিত হওয়ার বিভিন্নতানুসারে ঔষধ দিনে বা রাত্রে সেবন করিতে হইবে। এক মাস ঔষধ সেবনের পর প্রত্যহ দুইটি করিয়া বটীকা সেবন বিধেয়। এইরূপে ক্রমশঃ মাত্রা বৃদ্ধি করিতে হইবে। রোগীর অবস্থানুসারে মাত্রা নির্ণয় করা কর্ত্তব্য। নাইট্রেট অব্ এমিল আঘ্রাণ বা মিউসিলেজের সহিত ২৩ ফোটা মাত্রায়, রোগাবেশ ঘন ঘন হইলে ব্যবহার্য্য। নাইট্রেট্ বা অক্সাইড্ অব্ সিলভর ব্যবহারে কখন কখন উপকার দর্শে রোগাক্রমণের সময়ে রোগীকে শয্যায় শয়ন করাইয়া বস্ত্রাদি খুলিয়া দিবে, মস্তক উন্নত রাখিবে। বিশুদ্ধ বায়ু যাহাতে রোগী শ্বাস দ্বারা গ্রহণ করিতে পারে, তাহার উপায় বিধান করা কর্ত্তব্য। মস্তকে শীতল জলধারা, মুখে ও বক্ষে শীতল জলসেচন। কাহার কাহার এই রোগ উপস্থিত হওয়ার পূর্ব্বে পা বা হাত সুড় সুড় করে, এইরূপ বোধ হইলেই তথায় একটী সুতা বা অন্য কোন প্রকারে বন্ধন করিলে অনেক সময় রোগাক্রমণ স্থগিত থাকে তৎপরে রোগীর সাধারণ স্বাস্থ্য যাহাতে ভাল অবস্থায় থাকে তাহার চেষ্টা করা কর্ত্তব্য ব্রোমাইড্ অব্ পটাসিয়ম—৪০৮, ৪০৯ বেলে-ডোনা বা এট্রপিয়া; হাইপোডার্ম্মিক ইন্জেক্সন অব্ এট্রপিয়া; কুইনাইন—১৯৩, ১৯৫; বিবিধ লৌহঘটিত ঔষধ জিঙ্কঘটিত

ঔষধ—১৯৭, ২০০, ২০৫ হাইপো ফস্ফাইট অব্ সোডা বা লাইম ৪০৩। কড্‌লিভর অয়েল, হাসাসাস, ইণ্ডিয়ান হেম্প, পুষ্টিকর খাদ্য, শীতল জলে স্নান, সহস্রধারায় স্নান, লবণমিশ্রিত জলে স্নান, পৃষ্ঠবংশে বরফ আইয়োডাইড অব্ পটাসিয়ম, ষ্ট্রীক্‌নিয়া অতি অল্প মাত্রায়

হিষ্টিরিয়া উন্মাবায়ু রোগ।

একরূপ স্নায়বীয় পীড়া, রোগাবেশ সময়ে সময়ে হয়। রোগাক্রমণের সময় অধিক পরিমাণে মূত্র নিঃসরণ ও ভাটার মত একটা পদার্থ গলা বাহিয়া উঠিতেছে বলিয়া বোধ হয় সময়ে সময়ে আক্ষেপ বা বিকম্প সমুপস্থিত হইয়া থাকে স্ত্রীলোকদের যৌবনাবস্থার প্রারম্ভ হইতে আর্ত্তব বিলোপ সময় পর্য্যন্ত এই রোগাক্রমণ হইবার সমধিক সম্ভাবনা কখন কখন পুরুষদেরও এই রোগ হয়।

লক্ষণ—রোগাবেশ কালে অঙ্গাদি ও দেহকাণ্ডের আক্ষেপ। মুষ্টিবদ্ধ হস্ত দ্বারা রোগী বক্ষঃস্থলে আঘাত করে, বা নিজের কেশ বা বস্ত্রাদি ছিঁড়িতে থাকে চীৎকার, ক্রন্দন, শ্বাসরোধবোধ বা গলার ভিতর ভাটার ন্যায় দ্রব্য সঞ্চলন অনুভব রোগাবেশ তিরোধানের সময় রোগী ক্রন্দন বা হাস্য করে এবং কখন বা তৎকালে হিক্কা সমুপস্থিত হয় সময় সময় রোগী অজ্ঞান হইয়া ভূমিতে পতিত হইয়া যায় আবার সত্বরই রোগোপশম হইলে রোগী সজ্ঞান হয়, বিশ্রান্তিবোধ ও ক্রন্দন করে উত্তেজনার সময় অনৈচ্ছিক মূত্রত্যাগ হইতে পারে এই রোগ বশতঃ দেহের এক দিকের বা অধঃঅঙ্গের পক্ষাঘাত জন্মিতে

পারে শরীরের বিবিধ বিধানে স্পর্শাতিশয্য হওয়ায় অন্যান্য রোগের সঙ্গে ভ্রম জন্মিতে পারে কখন কখন স্পর্শহীনতাও হয়। উহাতে দক্ষিণ অপেক্ষা বাম দিক অধিক আক্রান্ত হয় ক্ষুধা কখন বর্দ্ধিত ও কখন হ্রাসপ্রাপ্ত হয় মূত্রাবরোধ, অশ্মরী, ফুসফুসচ্ছদপ্রদাহ, ক্ষয়কাস, স্বরাভাব, পক্ষাঘাত, অপস্মার এবং সন্ধি ও পৃষ্ঠবংশের পীড়ার সহিত ইহার ভ্রম জন্মিতে পারে এই রোগ-জনিত কাস, হিক্কা বা বমন সময় সময় দুর্দম্য হইয়া উঠে। স্ত্রীলোক রোগীদের ওষ্ঠ পুরু ও উপরের চক্ষুপাতা নিমীলিত ভাবে থাকে কিছু জিজ্ঞাসা করিলে না ভাবিয়া সহসা উত্তর প্রদান করে আর্ত্তবস্রাব বিশৃঙ্খলা, ও শ্বেত-প্রদর থাকে।

চিকিৎসা।—টিংচর নক্সভমিকা ২ মিনিম ও টিংচর ওপিয়ম ১ মিনিম, একত্রে দিবসে ৩৪ বার সেবন করিলে অনেক উপকার লব্ধ হয়। মধ্যবয়সের স্ত্রীলোকদের পীড়ায় মস্তকভার, মুখমণ্ডল আরক্তিম, স্বেদনিঃসরণ, উদরাধ্মান, ও অবসন্নতা প্রভৃতি বিদ্যমান থাকিলে প্রোক্ত ঔষধ বিশেষ উপযোগী যাবতীয় স্ত্রীলোকদিগের হৃৎপিণ্ডের স্পন্দন দ্রুত ও বিশৃঙ্খলভাবে সম্পাদিত হইতে থাকিলে একোনাইট ব্যব-হারে উপকার দর্শে শিরঃপীড়া বর্ত্তমানে এক্টিয়া রেসি-মোজা ব্যবহার্য্য ব্রোমাইড ও ওপিয়ম। গুল্মবায়ু-জনিত পক্ষাঘাতে ফস্ফরস। কোন কোন প্রকার রোগে ভেলিরিয়া-নেট অব্ জিঙ্ক প্রযোজ্য। রোগাক্রমণের সময় রোগিণীর গাত্রস্থ বস্ত্রাদি খুলিয়া অথবা শিথিল করিয়া দেওয়া কর্ত্তব্য। রোগিণী অজ্ঞানাবস্থায় নিজের শরীরে কোন আঘাত না করে,

তদ্বিষয়ে সাবধান থাকা উচিত। মুখ ও অঙ্গাদিতে পাখা দ্বারা বাতাস দিবে। এমোনিয়া কার্বনাস ঘ্রাণ করাইবে এবং গিলিতে পারিলে এমোনিয়েটেড টিংচর অব্ ভেলিরিয়ান ১ ড্রাম বা ফেটিড্ স্পিরিট্ অব্ এমোনিয়া ঘন ঘন সেবন করাইবে ও তৎসহ ব্রোমাইড্ অব্ পটাশ বা সোডা দিবে। মুখমণ্ডল, মস্তক ও বক্ষঃস্থলে শীতল জলসেচন; অন্ত্র পরিষ্কার করণার্থ বিরেচক, ঋতুস্রাবের দোষ থাকিলে তাহার প্রতিকার করা কর্ত্তব্য অধিক পরিমাণে শোণিত স্রাব হইলে সংকোচক ঔষধ, শীতল জলে কটিস্নান ও অল্প পরিমিত রক্তস্রাবে য়্যালোজ মিশ্রিত বিরেচক, ওয়ার্ম্ম বাথ, ষ্ট্রীক্নিয়া ও আয়রণ, কম্পাউণ্ড ডিক্কসন অব্ য়্যালোজ ও কম্পাউণ্ড আয়রণ মিকশ্চর এসাফেটিডা ও নক্সভমিকা, কুইনাইন ও ষ্টীল ১৭৬; ষ্ট্রীকনিয়া ও ষ্টীল ১৭৩, ১৭৮, ১৮৮, ২০৪, ২০৫ জিঙ্ক ও নক্সভমিকা ২০৫; ফস্ফেট অব্ আয়রণ—১৮৭, ২০৭; হাইপো ফস্ফাইট্ অব্ সোডা ৪০৩; ব্রোমাইড অব্ পটাসিয়ম—৪০৮, ৪০৯, ৪২২। কড্লিভর অয়েল; ভেলিরিয়ান ও ইথর ১৩০; ফস্ফেট অব্ জিঙ্ক ও আয়রণ ৪২৯, ভেলিরিয়ানেট অব্ জিঙ্ক ২০৫। পুষ্টিকর খাদ্য, বিশুদ্ধ বায়ুতে পাদচারণ, সহস্র ধারায় স্নান, গ্যাল্ভানিজম।

ক্যাটালেপ্সী।

ইচ্ছা ও জ্ঞানের আকস্মিক স্তম্ভন; ইহাতে রোগী রোগাক্রমণকালে যেরূপ ভাবে শয়ন করিয়া থাকে, ঠিক তদ্রূপ ভাবেই থাকে নিজে নিজে অবস্থানের পরিবর্ত্তন করিতে

পারে না। রোগাক্রমণ কয়েক মিনিট হইতে কয়েক ঘণ্টা বা এক দুই দিবস থাকিতে দেখা যায় রোগী সহসা রোগবিমুক্ত হয় ও রোগাবেশকালীন কোন বিষয় স্মরণ করিয়া বলিতে অসমর্থ হয় অন্যান্য ব্যক্তি অপেক্ষা স্নায়ুপ্রধান ও গুল্মবায়ু রোগগ্রস্তা নারীগণ এই রোগে অধিক আক্রান্ত হয় ইহাতে কোনরূপ বিপদাশঙ্কা নাই মস্তিষ্কের প্রাচীন কোমলতা বা তাহাতে অর্ব্বুদ না থাকিলে এই পীড়ার পরিণামে সংন্যাস বা বাতুলতা জন্মিতে কদাচ দৃষ্ট হয়।

চিকিৎসা। – হিষ্টিরিয়া রোগের ন্যায়

কোরিয়া—তাণ্ডব।

এই পীড়ায় ঐচ্ছিক পেশী সমূহ বিশেষতঃ মুখমণ্ডল ও অঙ্গস্থ পেশী সকল বিশৃঙ্খল, সকম্প ও হাস্যজনকভাবে সঞ্চালিত হয়। আক্রান্ত পেশীবর্গ সম্পূর্ণরূপে ইচ্ছায়ত্ত থাকে না। বালিকাদের—৬ হইতে ১৬ বৎসর বয়স পর্য্যন্ত এই রোগ জন্মিতে পারে। কখন কখন ইহা বালকদেরও হইয়া থাকে।

লক্ষণ।—প্রারম্ভে মুখমণ্ডলের পেশী সমুহের সামান্য স্বরিত আক্ষেপ জন্মে, ক্রমশঃ সমস্ত ঐচ্ছিক পেশী আক্রান্ত হয়। রোগী সুস্থির ভাবে থাকিতে অসমর্থ হয়, কিন্তু সঞ্চরণ কতক পরিমাণে ইচ্ছায়ত্ত থাকিতে দেখা যায়। সতত হস্ত, বাহু ও সময় সময় জঙ্ঘাদি অবিরত সঞ্চালিত হইতে থাকে। মুখাকৃতি বিকৃত ও কুঞ্চিত এবং শূন্যতাব্যঞ্জক। প্রকৃতি উগ্র, ক্ষুধা বিশৃঙ্খল, সাময়িক কোষ্ঠবদ্ধ। শরীরের এক দিক, অপরদিক অপেক্ষা অধিক আক্রান্ত হয় নিদ্রাকালে পেশীর বিশৃঙ্খল

সঞ্চালন স্থগিত থাকে। হৃৎবেষ্ট বা হৃদান্তর্ঝিল্লীর প্রদাহ সংঘটিত হইতে পারে। এই পীড়ার সঙ্গে, পূর্ব্বে বা পরে বাত জ্বর উপস্থিত থাকিতে পারে। এই রোগ কদাচ অপস্মারে পরিণত হয়।

চিকিৎসা।—বাতরোগ বিমিশ্রিত থাকিলে একটিয়া রেসিমোজা উপকারী, কিন্তু এতদপেক্ষা আর্সেনিক শ্রেষ্ঠ। অমিশ্রিত রোগে আর্সিনিক বিশেষ উপকারী। পৈশিক সঞ্চালন বশতঃ নিদ্রার ব্যাঘাত জন্মিলে ক্লোর‍াল বা সল্‌ফোনাল ব্যবহার্য্য। নিদ্রার ব্যাঘাত হইলে মর্ফিয়ার অধস্ত্বাচ প্রক্ষেপ। ভিরেট্রম ভিরিডও ব্যবহৃত হয়। পুষ্টিকর খাদ্য, শীতল জলে স্নান, ব্যায়াম, মানসিক উৎকণ্ঠা না হয় এরূপ উপায়াবলম্বন। অন্ত্র পরিষ্কার করণার্থ বিরেচক ও স্ত্রীলোক হইলে ঋতু সম্বন্ধে দৃষ্টি রাখা কর্ত্তব্য। স্যাকেরেটেড্ কার্ব্বনেট অব্ আয়রণ; ষ্টীল ও এমোনিয়া ১৮০, ১৭৮; ষ্টিল ও আর্সিনিক ১৮৯, ১৯১; অক্সাইড অব্ জিঙ্ক, কড্‌লিভর অয়েল ১৯২, ৪১০; ভেলিরিয়ানেট্ অব্ এমোনিয়া ১৩০; ক্যালেবারবিন্, নাইট্রেট অব্ সিল্‌ভর ২০২; ফিরম রিডক্টম্ ২০৪; ভেলিরিয়ানেট্ বা সল্‌ফেট অব্ জিঙ্ক ১৯৭, ১৯৮, ২০৫; বেলেডোনা ৯৫, ১৪৩; ক্যানেবিস্ ইণ্ডিকা ৯৮; ষ্ট্র্যামোনিয়ম; ষ্ট্রীকৃনিয়া ১৬, ১৭, ১৮, ১৯৫; টর্পেণ্টাইন; এসাফেটিডা; ক্যাম্ফর ও মস্ক ১৪; ক্লোরোফর্ম্ম ইন্‌হেলেশন, সল্‌ফর বাথ, পৃষ্ঠবংশে ব্লিষ্টার, গ্যাল্‌ভানিজম্।

টেটেনস—ধনুস্তম্ভ ধনুষ্টংকার।

কতকগুলি ঐচ্ছিক পেশীর বহুক্ষণস্থায়ী আক্ষেপ বা আকুঞ্চন। তাক্রান্ত পেশীর কাঠিন্য অবিরত থাকে; তদ্ধেতু এইরূপ আক্ষেপকে বিলম্বি আক্ষেপ বা টনিক স্প্যাজম্ বলে। আঘাতজনিত ধনুষ্টংকার অপেক্ষা স্বয়ম্ভূত রোগ সুচিকিৎস্য বিষমাত্রায় ষ্ট্রীক্নিয়া ব্যবহার করিলে এই পীড়ার অনুরূপ লক্ষণাদি প্রকাশিত হয়।

লক্ষণ।—রোগ সহসা সমুপস্থিত হয়, গলা ও হনুর পেশী প্রথমেই আক্রান্ত হইয়া থাকে। রোগী সর্দ্দি হওয়ার অনুযোগ করে এবং গলাবেদনা ও গ্রীবা আড়ষ্ট হইয়াছে বলে কিন্তু অসুখ ও আড়ষ্টতা ক্রমশঃ বর্দ্ধিত হইয়া জিহ্বামূল আক্রান্ত হওয়ায় গলাধঃকরণে কষ্ট হয়। শঙ্খদেশস্থ ও চর্ব্বণক্রিয়াসম্পাদক পেশী সকল ক্রমশঃ আক্রান্ত হয়, তদ্ধেতু রোগী মুখ ব্যাদান করিতে পারে না। রোগ বৃদ্ধির সঙ্গে সঙ্গে মুখমণ্ডলের অবশিষ্ট পেশী এবং দেহকাণ্ড ও শাখা সমূহের পেশীও ব্যাধিগ্রস্ত হইয়া পড়ে আক্ষেপ অবিরাম থাকে, কেবল কোন কোন রোগীর নিদ্রাকালে উহার বিরাম দৃষ্ট হয় আক্ষেপ ১৫ মিনিট বা অর্দ্ধ ঘণ্টান্তর প্রবলতরভাবে হইতে থাকে; ক্ষণকাল পরে উহার আংশিক বিরতি জন্মে পৃষ্ঠদেশের সবল পেশী সমূহ আক্রান্ত হইলে দেহ ধনুকাকার হয় এবং তদ্ধেতু রোগী কেবল মস্তক ও গুল্ফদেশে ভর দিয়া শয়ন করিয়া থাকে; তদ্রূপ আক্ষেপকে অপিস্থোটোনস্ বলে। যখন গ্রীবা ও উদরের সবল পেশীর আক্ষেপ বশতঃ দেহ সম্মুখদিকে বক্রীভূত হয়, তখন তদ্রূপ আক্ষেপকে এম্প্রস্থোটোনস বলে। দেহ

কোন এক পার্শ্বে বক্রীভূত হইলে তাহাকে প্লুরস্থোটোনস্ বলে এই রোগে রোগী সমূহ যন্ত্রণা ভোগ করে। মুখমণ্ডল পাণ্ডুবর্ণ, ভ্রূ কুঞ্চিত, কপালের চর্ম্ম আকুঞ্চিত ; চক্ষু স্থির ও উন্নত এবং কখন কখন অশ্রুপূর্ণ, নাসারন্ধ্র প্রসারিত ; মুখের কোণ পশ্চাদ্দিকে আকর্ষিত, দন্ত দৃশ্যমান, শ্বাস কষ্টকর, বক্ষাস্থিতে তীব্র বেদনা সাতিশয় তৃষ্ণা কিন্তু গলাধঃকরণের চেষ্টা করিলে যন্ত্রণার বৃদ্ধি হয় নাড়ী ক্ষীণ ও দ্রুত, চর্ম্ম স্বেদাভিষিক্ত রোগী নিদ্রা যাইতে পারে না ; কেবল কয়েক মিনিটের জন্য তন্দ্রাবিষ্ট হয় বুদ্ধিবৃত্তি পরিষ্কার ও অনাক্রান্ত থাকে তৃতীয় ও পঞ্চম দিবসেই সাধারণতঃ মৃত্যু সংঘটিত হয় অবসন্নতা ও শ্বাসাবরোধ দ্বারা মৃত্যু হয়

চিকিৎসা। নাইট্রেট্ অব্ এমিল আঘ্রাণ করাইলে উপকার দর্শিতে পারে ক্যালেবারবিন সেবন করাইতে না পারিলে উহার তরল সারের অধস্ত্বাচ প্রক্ষেপ বা মলদ্বারে পীচকারি দেওয়া যাইতে পারে কিন্তু শ্বাসাবরোধ না জন্মে তৎপ্রতি দৃষ্টি রাখিতে হইবে আঘাতজনিত ধনুষ্টংকার রোগে ক্ষতের অবস্থা পরিদর্শন করিয়া, যদি তদভ্যন্তরে কোন প্রকার শল্য বা বাহ্যবস্তু বর্ত্তমান থাকে, তবে তাহা বিদূরিত ও ক্ষতের চিকিৎসা করিবে স্নায়ুতে আঘাত লাগিলে আঘাতিত স্থানের উপরিভাগে উক্ত স্নায়ু দ্বিখণ্ডিত করা উচিত কোষ্ঠ পরিষ্কারকরণার্থ ক্যালোমেল ও জেলাপ আক্ষেপ নিবারণার্থ হাইড্রেট ক্লোরাল ৪২৪ ব্রোমাইড অব্ পটাসিয়ম ও ভেরিসিগান ৪ ৮, ইহার সঙ্গে অর্দ্ধ গ্রেণ মাত্রায় একষ্ট্রা বেলেডোনা, ক্লোরোফর্ম্ম ইন্‌হেলেসন ; লাইকর এট্রপীয়ার অধস্ত্বাচ প্রক্ষেপ ; উরারার সব্

কিউটিনিয়স পীচকারি নাইকোটিন্ ১ ফোঁটা মাত্রায়, ক্যালেবারবিন্ চূর্ণ ১—৩ গ্রেণ মাত্রায়। বেলেডোনা বাহ্যিক ও আভ্যন্তরিক। কোনিয়ম, ইণ্ডিয়ান্ হেম্প। পৃষ্ঠবংশে অধিক কাল পর্য্যন্ত বরফ সংলগ্ন করিয়া রাখা, ও ওপিয়ম স্মোকিং বা গুলির ধূমপান হিতকর। রোগীকে নিস্তব্ধ ও অন্ধকার গৃহে রাখিবে ও তাহার নিকট বেশী লোক যাতায়াত করিতে দিবে না এবং তরল পুষ্টিকর খাদ্য দিবে।

স্লিপ্‌লেস্‌নেস্‌—অনিদ্রা, নিদ্রাভাব।

অনিদ্রা সদা সর্ব্বদা উন্মাদ রোগের পূর্ব্বরূপ। সাধারণতঃ উন্মাদাবস্থায় অনিদ্রা হওয়ায় লক্ষণাদি বর্দ্ধিত হয়। বাতুলদের নিদ্রা হওয়ার ইচ্ছা বিলুপ্ত হয়। সময়ে সময়ে স্বপ্ন দর্শন হেতু রোগী নিদ্রা যাইতে ভীত হয়। রিপুর উদ্দীপনা, মানসিক উৎকণ্ঠা, বিবিধ তরুণ পীড়া, অজীর্ণ, হৃৎপিণ্ড ও রক্তাধারের পীড়া, গর্ভাবস্থা, কামল (রক্ত বিষাক্ত হইলে সময় সময় তন্দ্রা জন্মে) প্রভৃতি কারণে নিদ্রার ব্যাঘাত সমুপস্থিত হয়।

চিকিৎসা।—ক্রোটন ক্লোরাল ৫—১০ গ্রেণ মাত্রায় প্রযুক্ত হইতে পারে। স্পিরিট ক্লোরোফর্ম্ম পূর্ণ মাত্রায়। হায়সায়ামাস ১০৪; ষ্ট্রামোনিয়ম ১০৬; হপ; ইণ্ডিয়ান হেম্প, মর্ফিয়া ক্লোরোফর্ম্ম ও হেম্প ৯৮; ওপিয়মের এনিমা ও সপোজিটরী ১৬৩, ১৬৪, ১৬৬। মর্ফিয়া আভ্যন্তরিক ও উহার অধস্ত্বাচ পীচকারী। হাইড্রেট অব ক্লোরাল ৪২৪, ব্রোমাইড্ অব্ পটাসিয়ম বা সোডিয়ম—বেলেডোনা বা হায়সায়ামাসের সঙ্গে। অনিদ্রার কারণ জানিতে পারিলে সর্ব্বাগ্রে তাহাই বিদূরিত করা কর্ত্তব্য। কোষ্ঠবদ্ধ

থাকিলে বিরেচক ; বুকজ্বালা ও পাকাশয়ে অম্ল থাকিলে বিসমথ, সোডা বা ম্যাগ্নিসিয়া, শিরঃপীড়ায় মস্তকে শীতল জলপটী ; দৌর্ব্বল্যে পোর্টওয়াইন, ও অন্যান্য বলকরৌষধ ; শরীর উষ্ণ থাকিলে শয়নের সময় শীতল জল বা সোডা ওয়াটর এক গ্লাস, উষ্ণ জলে পদ ধৌত করা, চক্ষের উপরে জলের পটী প্রত্যহ বিশুদ্ধ বায়ুতে ব্যায়াম, পথ্য লঘু হওয়া উচিত, অজীর্ণ না হইতে পারে তজ্জন্য বিশেষ সতর্কতা প্রয়োজন সলফোনাল ৮—১০ গ্রেণ মাত্রায় উষ্ণ জলে গুলিয়া শয়নের এক ঘণ্টা পূর্ব্বে সেব্য শয়নের পূর্ব্বে এক গ্লাস শীতল বা ঈষদুষ্ণ জলপান প্যারলডিহাইড উৎকৃষ্ট নিদ্রাকারক

হাইপোকণ্ড্রিয়েসিস—অবসাদবায়ু।

সর্ব্বদা এই রোগের সঙ্গে কোন কোন যন্ত্রের ক্রিয়াবিকার ও সময় সময় বিধানবিকার বর্ত্তমান থাকে সাধারণতঃ পরিপোষণ ও জননযন্ত্রের ক্রিয়ার ঈদৃশী অবস্থা জন্মে রোগী অমূলক ও কল্পিত অনিষ্টপাতের আশঙ্কা করে উহারা অন্ততঃ কতক সময় পর্য্যন্ত কর্ত্তব্যকর্ম্ম প্রকৃতিস্থ ভাবে করে, কিন্তু অন্যের কার্য্য ও মত সম্বন্ধে সাতিশয় বোধাতিশয্য প্রকাশ করে আভ্যন্তরিক পীড়া, ধ্বজভঙ্গ, উন্মাদ ও মৃত্যুভয়ে আশঙ্কিত হয়। কোন কার্য্যে মতি স্থির থাকে না রক্ত সঞ্চালন মৃদু, ও দন্ত শিথিল হয় এই রোগ পুরুষদেরই অধিক হয়

চিকিৎসা।—ব্রোমাইড অব্ পটাসিয়ম ব্যবহারে সুফল উপলব্ধি হয় কোষ্ঠ পরিষ্কারকরণার্থ বিরেচক ঔষধ ব্যবহার না করিয়া সুপথ্য ও ব্যায়াম দ্বারা উক্ত ক্রিয়া সংসাধনের চেষ্টা করা

কর্ত্তব্য। রক্তহীনতা বর্ত্তমানে কুইনাইন ও লৌহঘটিত ঔষধ—১৭২, ১৭৩, ১৭৬। ষ্ট্রীকনিয়া বা নক্স-ভমিকা—১৬, ১৭, ১৮৮, ১৯৫, ২০৪, ২০৫ ফস্ফেট অব্ জিঙ্ক ও আয়রণ ৪২৯; হাই-পোফস্ফাইট অব্ সোডা বা লাইম, ৪৩০; ফস্ফেট অব্ আয়রণ ১৮৭; নাইট্রো হাইড্রোক্লোরিক এসিড্ ডিল; কডলিভর অয়েল; এসাফেটিডা; মস্ক ১৪, ১৩৯। সহস্র ধারায় স্নান; সমুদ্রের জলে স্নান, পুষ্টিকর খাদ্য, ও বিশুদ্ধ বায়ুতে ব্যায়াম লাইকর আর্সিনিকেলিস ও টিংষ্টীল।

নিউরাইটীস—স্নায়ুপ্রদাহ।

স্নায়ুর প্রদাহ কদাচ উপস্থিত হয়। আঘাত ও তজ্জনিত ক্ষত হইতে বা ধমনী বন্ধন কালে স্নায়ুজড়িত হইলে স্নায়ুতে প্রদাহ হইতে পারে। বাতরোগগ্রস্ত ব্যক্তিদের আপনাপনিও এই পীড়া জন্মিবার সম্ভাবনা অবিরত তীব্র বেদনা, স্নায়ুর কাণ্ড ও শাখাদি পর্য্যন্ত বিস্তৃত থাকে; জ্বর ও অস্থিরতা। প্রাচীন প্রদাহে স্নায়ু-শূলের অনুরূপ লক্ষণাদি প্রকাশিত হয়।

চিকিৎসা।—আইয়োডাইড অব্ পটাসিয়ম—৩৯৯, ৪০১, ৪০৪। কলচিকম; একোনাইট স্থানিক বেলেডোনা লিনি মেণ্ট, ওয়াটর ড্রেসিং, লিনসিড্ পুলটীস। পুরাতন প্রদাহে কুইনাইন ও ব্লিষ্টার ফোমেণ্টেসন, মর্ফিয়ার অধস্ত্বাচ প্রক্ষেপ

নিউরাল্‌জিয়া স্নায়ুশূল।

স্নায়ুর কাণ্ডে বা শাখাতে প্রবল বেদনা হয়, উহা থাকিয়া থাকিয়া উপস্থিত বা প্রকুপিত হইয়া থাকে। মস্তক, দেহ-

কাণ্ড বা শাখাস্থিত স্নায়ুবর্গ আক্রান্ত হইতে পারে প্রোক্ত স্থান সকলেব চর্ম্মেব অব্যবহিত নিম্নস্থ স্নায়ুগণই অধিক আক্রান্ত হয়

প্রকার ভেদ। পঞ্চম যুগ্ম স্নায়ুর শাখাতে বেদনা সমুপস্থিত হইলে তাহাকে টিক্‌ডলরু; মস্তকেব এক পার্শ্বেব স্নায়ুতে বেদনা হইলে তাহাকে অর্দ্ধাবভেদক বা হেমিক্রিনিয়া; এবং বঙ্ক্ষণদেশস্থ সিযাটিক স্নায়ুতে বেদনা জন্মিলে তাহাকে সিয়াটিকা বলে। কেহ কেহ হৃৎশূল ও পাকাশয়েব শূলকে এই প্রকার স্নায়ুশূলেব অন্তবর্ত্তী মনে কবেন

৫ম যুগ্মস্নায়ুব তিনটী শাখাই এই বোগে আক্রান্ত হইতে পারে যখন বেদনা প্রথম অর্থাৎ চক্ষুস্থ শাখার (অপথাল্‌মিক) অসুস্থতা জনিত হয়, তখন সুপ্রা অর্ব্বিট্যাল স্নায়ু সাধাবণতঃ বেদনান্বিত হইয়া থাকে এবং তদ্ধেতু কপালে বেদনা হয় ২য় বা সুপীবিয়ব ম্যাক্‌জিলাবী স্নায়ুতে পীড়া হইলে ইন্‌ফ্রাঅর্বিটেল স্নায়ু সর্ব্বদা আক্রান্ত হয তাহাতে কপোলদেশে, নিম্ন চক্ষুপাতায, নাসাপুটে ও ওষ্ঠে তীববেধবৎ অসহ্য বেদনা সমুপস্থিত হয ৩য় শাখা অর্থাৎ ইনফিরিয়র ম্যাক্‌জিলারী স্নায়ুতে বোগ জন্মিলে অধব, মাড়ি, দন্ত, চিবুক ও জিহ্বাব পার্শ্বে বেদনা হয় যে কোন স্নায়ু আক্রান্ত হউক না কেন, বেদনা প্রাযই মুখমণ্ডলেব এক দিকে আবদ্ধ থাকে এই বোগ সহসা উপস্থিত হয বেদনান্বিত স্থান রোগী হস্ত দ্বাবা চাপিয়া ধবে। বেদনাব ক্রমশঃ বৃদ্ধি হয়; ছুরিকাবেধ ও জ্বালাযুক্ত বেদনা বোধ হইয়া একটু পবেই বেদনা উপশান্ত হইয়া থাকে রোগাক্রমণের পূর্ব্বে পরিপাক যন্ত্রের ক্রিয়া-

বিশৃঙ্খলা, শ্বাসকৃচ্ছ, অল্প শীত পরে উষ্ণতা প্রাদুর্ভূত হয়। কখন কখন কয়েক সপ্তাহ বেদনাদি তিরোহিত হয় এবং আবার কয়েক দিন পর্য্যন্ত অবিরত বেদনার প্রকোপ উপস্থিত হয় অজীর্ণ, রক্তহীনতা, মূত্রযন্ত্রের পীড়া, মুখদেশস্থ অস্থির পীড়া, মস্তিষ্কের যান্ত্রিক পীড়া, এবং দন্ত ও মাড়ীর রোগ জন্মে।

অর্দ্ধাবভেদক।—একপার্শ্বের ভ্রূ ও কপালে বেদনা, তৎসঙ্গে অনেক সময় বমন হয় এই রোগ সময়ে সময়ে উপস্থিত হয়।

সিয়াটিকা বা গৃধ্রসী —সিয়াটিক স্নায়ুতে তীব্র বেদনা জন্মে; এই বেদনা বঙ্ক্ষণ দেশ হইতে আরম্ভ হইয়া পশ্চাদ্ভাগ দিয়া পদ পর্য্যন্ত গমন করে প্রদাহ, বাত, উপদংশীয় বিষ, দূষিত বায়ু, সাতিশয় ক্লান্তি, শৈত্য ও আর্দ্রতা এবং কোষ্ঠবদ্ধ—এই পীড়ার কারণ মধ্যে পরিগণিত

চিকিৎসা।—ক্যাপ্সিকমের উগ্র ফাণ্ট লিণ্টে ভিজাইয়া স্থানিক প্রয়োগ করিলে উপকার দর্শে ক্লোরাল ও ক্যাম্ফর সমভাগে মিশাইয়া স্থানিক মর্দ্দনে বেদনা উপশমিত হয়। ক্লোরেট অব্ পটাশ মুখমণ্ডলের স্নায়ুশূলে প্রযোজ্য। ২০ ফোটা ক্লোরোফর্ম্ম তুলায় করিয়া কর্ণকুহরের মুখে দিয়া রাখিলে দন্তশূল ও মুখমণ্ডলের স্নায়ুশূল আরোগ্য হয় ক্রোটন ক্লোরাল ৫ গ্রেণ মাত্রায় প্রয়োগে মুখমণ্ডলের স্নায়ুশূল, ও তদ্ভিন্ন গ্রীবা, মস্তকের পশ্চাদ্ভাগ ও জরায়ুর স্নায়ুশূলে উপকার দর্শে ইথর স্প্রে জেলসিমিয়ম—দন্তশূলে বিশেষ উপকারী আইডোফর্ম্ম ও ক্লোরোফর্ম্ম স্থানিক ওলিয়েট অব্ মর্ফিয়া

নাইট্রেট অব্ এমিলের আঘ্রাণ। ফস্ফরস ১/১০০ হইতে ১/২ গ্রেণ প্রতি তিন ঘণ্টান্তর সকল প্রকার স্নায়ুশূলেই প্রয়োগ করা যাইতে পারে ক্যামোমাইল; আর্গট; ষ্ট্রামোনিয়ম, কোনা-য়ম; ভেলিরিয়ানেট অব্ জিঙ্ক বা এমোনিয়া রোগের কারণ বিদূরিত করিবার চেষ্টা সর্ব্ব প্রথমে করিবে। সার্ব্বাঙ্গিক স্বাস্থ্যোন্নতি বিধায়ক ঔষধাদি ব্যবস্থা করিবে মৃদু বিরেচক ম্যালোজ, ৩২৭, ৩৪০ ক্যাষ্টর অয়েল ৩২৯; রিয়াই ও সেনা ৩৩২; কলসিন্থ ও ক্যালোমেল ৩৪৪, পডফি-লিন ৩৪৭; পিল রিবার্ব কম্পাউণ্ড ও নক্সভমিকা ৪৬৯ বিরে-চক এনিমা ৩৬০ লৌহঘটিত বলকরৌষধ কুইনাইন ও ষ্টীল ১৭৬; আয়রণ ও নক্সভমিকা বা ষ্ট্রীকনিয়া ১৭৩, ১৮৮, ১৯৫, ২০৪, ২০৫ পেপ্‌সিন ৪১৭; রিউবার্ব ও ইপিক্যাক। পাকা-শয়ে অম্ল জন্মিলে অম্লনাশক ঔষধ ইহার সঙ্গে বাতরোগ সংশ্লিষ্ট থাকিলে আইয়োডাইড্ অব্ পটাসিয়ম; একোনাইট; আর্নিকা ও কলচিকম ম্যালেরিয়াজনিত রোগে কুইনাইন ১৬৭, ১৯৩, ১৯৪; আর্সিনিক ১৬৭, ১৮৯, ১৯১; জিঙ্ক ঘটিত ঔষধ ১৭৯, ১৯৮, ২০০ ফস্ফরস প্রায় সকল প্রকার স্নায়ু-শূলে উপকার করে ভেলিরিয়ানেট অব্ এমোনিয়া ১০ ২০ গ্রেণ মাত্রায় ইনফিঃ ক্যালম্বার সঙ্গে, ক্লোরাইড অব্ এমোনি-য়ম ৩০ গ্রেণ মাত্রায় সিয়াটিক নামক স্নায়ুশূল রোগে সার্করী; আইয়োডাইড অব্ পটাসিয়ম; ক্রোটন অয়েল প্রভৃতি উগ্র বিরেচক; কডলিভর অয়েল; আয়রণ, সলফেট অব সোডা আয়রনের সঙ্গে ফেসিয়াল নিউর‍্যালজিয়া রোগে ক্ষয়িত দন্ত থাকিলে তাহা তুলিয়া দিবে। বেলেডোনা, একোনাইট, ভিরে-

টীন্নয়া বা ওপিয়ম স্থানিক প্রয়োজ্য ১১৪, ১২৫, ১২৭, ১২৯, ১৫২, ১৫৩ ব্লিষ্টার দিয়া তৎস্থানে মর্ফিয়া চূর্ণ ছড়াইয়া দিলেও বেদনার উপশম হয় মর্ফিয়া ও এট্রপিয়ার অধস্ত্বাচ প্রক্ষেপ। সিয়াটীকা নামক স্নায়ুশূলে ইহা বিশেষ উপকারী আর্সিনিক $\frac{1}{30}$ গ্রেণ ; এট্রপিন $\frac{1}{60}$ গ্রেণ, জল ৫ মিনিম একত্রে হাইপো-ডর্ম্মিক পিচকারি শীতল বা ঈষদুষ্ণ জলে স্নান, বেদনানিবারক ঔষধ দ্বারা মর্দ্দন। রোগীর যাতনা আশু নিবারণার্থ নিম্নলিখিত ঔষধ প্রযোজ্য ইথর বা ক্লোরোফর্ম্ম ইন্‌হেলেশন ; হাইড্রেট ক্লোরাল ; স্পিরিট ইথর ; মর্ফিয়া, ষ্ট্রামোনিয়ম ; বেলেডোনা ; কোনিয়াম ; ব্রোমাইড্ অব্ পটাসিয়ম প্রভৃতি ঔষধ সেবনার্থ বিধান করিবে কুইনাইন ও বেলেডোনা ; সলফেট অব্ বিবিরিয়া ; স্যালিসিন প্রভৃতি $\frac{1}{2}$ গ্রেণ কোকেইন হাইড্রো-ক্লোরাস পরিস্রুত জলে দ্রব করত অধস্ত্বাচ প্রক্ষেপ এণ্টি-পাইরিণ, ফিনাসিটিন, এক্সালজিন প্রভৃতি প্রয়োগে উপকার দর্শিয়াছে। দন্তমূলের, স্নায়ুশূলে জেলসিমিয়ম উপকারী

ডিজিজেস্ অব্ দি অর্গান্স অব্ রেস্‌পিরেসন

(শ্বাসযন্ত্রের পীড়া)

ক্যাটার—সর্দ্দি

নাসারন্ধ্র ও বায়ুনলীর কতক অংশের শ্লৈষ্মিক ঝিল্লীতে প্রদাহ হয় বায়ুনলী-ভুজ-প্রদাহ হইলে তাহাকে ব্রংকাইটিস বলে। নাসিকা ও গলার শ্লৈষ্মিক ঝিল্লী আক্রান্ত হইয়াই সচরাচর সর্দ্দি প্রকাশিত হয়

লক্ষণ।—গাত্রগুরুতা, অঙ্গে বেদনা, পৃষ্ঠে কং্কণে

বেদনা, কপালে টানবোধ, নাক দিয়া অত্যন্ত শ্লেষ্মা নিঃসরণ, অতিশয় অশ্রুস্রাব, স্বরভঙ্গ, গলাবেদনা সমল জিহ্বা, অল্প বা অধিক জ্বরভাব, তৃষ্ণা, ক্ষুধাভাব ও নাড়ী দ্রুত ৪৮ ঘন্টা পরে লক্ষণাদি তিরোহিত হইতে থাকে অথবা উহা তালুপার্শ্ব গ্রন্থি, শ্বাসনলী-ভুজ ও ফুসফুস প্রদাহাদি রোগে পরিণত হইতে পারে

চিকিৎসা।—টিংচর একোনাইট ও ভাইনম এণ্টিমোনি-য়ালিস অল্প মাত্রায় শিরঃপীড়া, পেশীর কাঠিন্য ও অস্থিতে কণ্কণে বেদনা বর্ত্তমানে একুটিয়া রেসিমোজা ব্যবহার্য্য কার্ব্বনেট অব্ পটাশ ক্লোরাইড অব্ এমোনিয়ম প্রাচীন অবস্থায় লাইকর এমোনিয়া এসিটেটীস ২৮২, ২৮৩, ২৮৪; এমোনিয়া ও কার্ব ৩০১, ৩১০। স্প্রিঃ ইথরিস নাইট্রোসাই—২৮৪, ২৮৯, ইপিক্যাক ২৭১ ২৮৭, ২৯৯, ৩০৪, ৩০৯, ৩১২ ইনফিঃ সিনাই ৩১২, ২৮৭, ওপিয়ম ৮৮, ৯০, ১০৩, ২৯৭ লাইকর পটাশ ও সিলি ৩০৫, ৩০৬, ৩০৮, ৩১০, ৩১৬, ৩১৭। সোডা বাই-কার্ব্বনাস; জেমস্ পাউডর; ফুট্ বাথ বা ঈষদুষ্ণ জলে পদধৌত করণ, মৃদু বিরেচক; শয়নকালে ক্লোরোফর্ম্ম ২ ফোঁটা, ও লিকুইড এক্‌ষ্ট্রাক্ট অব্ ওপিয়ম ৫ ২০ মিনিম সেবন করাইবে ব্রাণ্ডি ও ঈষদুষ্ণ জল। আইয়োডিন ভেপার আঘ্রাণ জলীয় পদার্থ এককালে পরিবর্জ্জন সর্দ্দির প্রথম অবস্থায় শয়নকালে ডাভর্স পাউডর ৫ বা ১০ গ্রেণ সেবনে বিশেষ উপকার দর্শে কর্পূর আঘ্রাণ ও সেবন উপকারী কোকেইন হাইড্রোক্লোরাস গ্রেণ, মেন্থল ২ গ্রেণ, স্যালিসিলিক এসিড ৫ গ্রেণ, বোরিক এসিড ১ ড্রাম, মার্শম্যালো চূর্ণ ২ ড্রাম একত্রে মিশাইয়া নস্যরূপে

প্রয়োগ হিতকর লেবুর রসের নস্যও উপকারী লাইকর এট্রপিয়া ১ মিনিম মাত্রায় অথবা টিংচার বেলেডোনা ২৩ মিনিম ব্যবহারে বেশী সর্দ্দি পড়া কমে।

ক্রনিক ইনফ্লামেশন্ অব্ দি নষ্ট্রিল্‌স বা ওজিনা।

(নাসারন্ধ্রের পুরাতন প্রদাহ।)

সর্দ্দি অধিকদিন স্থায়ী হইলে নাসারন্ধ্রের প্রাচীন প্রদাহ হয়। বিশেষতঃ বাত ও গণ্ডমালা ধাতুপ্রকৃতিক ব্যক্তি, উপদংশ বিষ, স্ফোটক, ক্ষত, অস্থিক্ষত বা নাসারন্ধ্রে বাহ্য বস্তুর সংস্থান আদি দ্বারা এই রোগের উৎপত্তি হয়

লক্ষণ।—সাধারণ সর্দ্দির লক্ষণ, নাক বন্ধ ও অসুখবোধ, শ্লৈষ্মিক ঝিল্লী স্ফীত, শিরোবেদনা অধিক পরিমিত ও দুর্গন্ধ শ্লেষ্মামিশ্রিত পূয়স্রাব, তৎসঙ্গে সময় সময় রক্ত মিশ্রিত থাকে শ্লেষ্মা শুষ্ক হইয়া নাসারন্ধ্রে মামড়ী পড়ে উহা নাকে থাকিলে পচিয়া দুর্গন্ধ হয় নাসারন্ধ্রদ্বয়-ব্যবধায়ক-প্রাচীর কখন কখন পচিয়া যায় বা কখন কখন উহা ছিদ্রীভূত হয় অস্থি ক্ষত বা শটিত হইতে পারে দেহে উপদংশবিষ বর্ত্তমানেই এতাদৃশ ঘটনা হয়

চিকিৎসা।—এসিটেট অব্ এলিউমিনার ধৌত দ্বারা ধারা দিলে উপকার হয় গ্লিসিরিণ অব্ ট্যানিন স্থানিক য়্যালম, জিঙ্ক, পারমান্‌গানেট অব্ পটাশ, বোরিক এসিড প্রভৃতির ধাবন দ্বারা পিচকারী নাইট্রেট অব্ মার্করী অয়েণ্টমেণ্ট ১ ভাগ, মোমের মলম ৬ ভাগ, একত্রে নাসারন্ধ্রে সংলগ্ন করিবে গ্লিসিরিণ

অব্ কার্ব্বলিক এসিড; বিসমথ; ক্লোরেট অব্ পটাশ ৩০ গ্রেণ ও শর্কবা অর্দ্ধ আউন্স; রেড অক্সাইড্ অব্ মার্করী ৫ গ্রেণ ও শর্কবা এক আউন্স স্থানিক প্রয়োজ্য। সেবনার্থ কুইনাইন ও আয়রণ; নাইট্রোমিউরিয়েটীক এসিড ও বার্ক; ষ্টীল ও আর্সিনিক—১৮৯, ১৯১ কডলিভর অয়েল; পুষ্টিকর খাদ্য ব্লুপীল ও রিউবার্ব গণ্ডমালা ধাতুপ্রকৃতিক লোকদের পক্ষে আইয়োডাইড অব্ আয়রণ; আইয়োডিন; আর্সিনিক ঈষদুষ্ণ জলের পীচকারি, আইয়োডিন, ক্রিয়েজোট, টর্পেণ্টাইন বাষ্প আঘ্রাণ, বায়ুপরিবর্ত্তন উপদংশ বিষজনিত রোগ হইলে সেবনার্থ আইয়োডাইড অব্ পটাসিয়ম, করোসিব সব্লিমেট। মার্কিউ-রিয়েল ভেপার বাথ সার্সাপ্যারিলা নাসারন্ধ্র সর্ব্বদা পচন-নিবারক ধৌত দ্বারা সতত পরিষ্কার রাখা কর্ত্তব্য এরিষ্টল, থাইমল, তৈল বা গ্লিসিরিণ সহ প্রয়োজ্য উপদংশজাত পীড়ায় করোসিব সব্লিমেট ১ গ্রেণ ও জল ৫ হইতে ১০ আউন্স, একত্র ধৌতরূপে প্রয়োজ্য।

ইপিস্ট্যাক্সিস্—নাসা-রক্তস্রাব।

বাল্যকালে নাক দিয়া রক্তস্রাব হওয়া অতি সাধারণ; উহাতে প্রায় কোন অনিষ্ট ফল উৎপন্ন হয় না কিন্তু প্রৌঢ় বয়সে রক্তস্রাব হওয়া চিন্তার বিষয় যদি রোগীর সংন্যাস প্রবণতা বা হৃৎপীড়া বিদ্যমান থাকে, তাহা হইলে রক্তক্ষরণ দ্বারা সম্ভবতঃ উপকার দর্শে যে সকল পীড়ার বৃদ্ধির সময় রক্ত অবিশুদ্ধ হইয়া পড়ে, তাহাতে রক্তস্রাব হইলে তাহা অনিষ্টকর হয় লিউকোসাইথিমিয়া বা রক্তহীনতা রোগ বিশেষের বর্ত্তমানে

অধিক পরিমাণে নাসারক্তস্রাব হইলে সহসা মৃত্যু সংঘটিত হইতে পারে

চিকিৎসা।—বালক ও রক্তপ্রধান ব্যক্তিদের পক্ষে একোনাইট অল্প মাত্রায় ঘন ঘন ব্যবহার করিলে রক্তস্রাব নিবারিত হয় হামামিলিস; ইপিকাকিউয়ান্‌হা সিনাবেল এসিড ও বার্ক ১৭০; এমোনিয়া আয়রণ য়্যালম; টিংচর অব্ পার-ক্লোরাইড অব্ আয়রণ ১৭১; অয়েল অব্ টর্পেণ্টাইন ২১৭; মৃদু বিরেচক যকৃতের ক্রিয়া বৈষম্য থাকিলে নাইট্রিক এসিড্ ও ট্যাবাকুসেকম পুষ্টিকর খাদ্য স্থানিক ঔষধের মধ্যে য়্যালম লোশন; মাটিকো পত্রচূর্ণ; ট্যানিন্; পারক্লোরাইড অব্ আয়রণ জলসহ, সংকোচক ধাব-সিক্ত লিণ্ট নাসারন্ধ্রে পুরিয়া দেওয়া। হস্তদ্বয় মস্তকোপরি উত্তোলন করিয়া ক্ষণকাল রাখিলে রক্তস্রাব নিবারিত হয় পশ্চাৎ গ্রীবাতে শীতল জল ধারা, নাসাপুটের উপরে বরফ সংস্থাপন দূর্ব্বা ও দাড়িমের ফুলের রস নাসারন্ধ্রে দিলেও রক্তস্রাব নিবারিত হয় এক্‌ষ্ট্রাক্ট হাইড্রাষ্টিস্ লিকুইড ৫ হইতে ১০ ফোঁটা মাত্রায় সেবন করাইলে রক্তস্রাব নিবারিত হয়

এফোনিয়া—স্বরাভাব।

স্বরযন্ত্রের ক্রিয়া বা বিধানগত পীড়া বশতঃ স্বর বিনষ্ট হয়। সামান্য প্রকার স্বরভঙ্গ হইতে সম্পূর্ণ স্বরাভাব বা মূকতা জন্মে ইহা কখন স্থায়ী ও কখন ক্ষণস্থায়ী হইতে পারে

ক্রিয়াবিকারজ রোগ—গুল্মবায়ুজ স্বরাভাব, তৎসঙ্গে উক্তরোগের অন্যান্য লক্ষণ বিদ্যমান থাকিতে পারে আর্ত্তব

বিশৃঙ্খলা, এক বা উভয় ডিম্বকোষের উদ্দীপনা, শ্বেতপ্রদর, রজঃঅভাব ও কথন রজঃআধিক্য। রোগী কয়েকদিন ফিস্ ফিস্ করিয়া কথা বলে। তৎপরে রোগ শান্তি হয়। কিন্তু উহার পুনরুপস্থিতি সাধারণ ভয় জন্য স্বরাভাব নর নারী উভয়েরই হইতে পারে রোগ অধিক দিবস স্থায়ী হইলে স্বর-রজ্জু শিথিল ও শক্তিহীন হয়

বিধান বিকারজরোগ—প্রদাহ, মাস্তক ক্ষরণ ও শ্লৈষ্মিক ঝিল্লীর ক্ষত হইতে উৎপন্ন হয় স্বরযন্ত্রে বা নিকটে কোনরূপ অর্ব্বুদাদি জন্মিলে অথবা মস্তিষ্ক পীড়ায় স্বরযন্ত্রের পেশীতে পক্ষাঘাত হওয়ায় স্বরাভাব সমুপস্থিত হইতে পারে।

চিকিৎসা —সর্দ্দিজনিত রোগে এমোনি ক্লোরাইড ভেপার; ক্লোরিণ ভেপার। ভাইনম ইপিক্যাক ৯ ড্রাম্, ও অক্সিমেল সিলি ৩ ড্রাম বমনার্থ ৩৪ ঘণ্টান্তর তৎপরে তরল ও ঘর্ম্মকারক ঔষধ গুল্মবায়ু ও স্নায়বীয় রোগে এট্রপিন্ বা বেলেডোনা; ফেরি পারঅকসাইড্, পাইরিথ্রুম্; ইলেক্‌ট্রিসিটি; জিন্‌সাই ভেবিরিয়ানাস ১৯৮, ব্রোমাইড অব্ এমোনিয়ম ১০ গ্রেণ দিনে ৩ বার। স্বরযন্ত্রে প্রদাহ বা ক্ষত থাকিলে কষ্টিক লোশন স্থানিক প্রযোজ্য। স্বরযন্ত্রের পক্ষাঘাত বশতঃ পীড়া হইলে কুইনাইন ও ষ্টীল ১৭৩, ১৭৪, ১৭৭, ১৭৮। স্বরযন্ত্রের পীড়া বশতঃ হইলে কষ্টিক লোশন স্থানিক, সংকোচক স্প্রে। লৌহ-ঘটিত বলকারক ঔষধ, ও কড্‌লিভর অয়েল আদি সেব্য।

ডিসফোনিয়া ক্লিরিকোরম। ক্লর্জিম্যান্সসোর্-থ্রোট। (যাজকদিগের স্বরভঙ্গ)।

ইহা অনেক সময়ে কেবল স্নায়বীয় পীড়া, রোগের প্রথমাবস্থায় যান্ত্রিক বিকার থাকে না। কিন্তু কণ্ঠাভ্যন্তরশ্লৈষ্মিক ঝিল্লীর উগ্রতা ও বোধাতিশয্য থাকে। অবশেষে শ্লৈষ্মিক ঝিল্লীর শিথিলতা, প্রদাহ বা রক্তাধিক্য জন্মে তালুপার্শ্ব গ্রন্থির বিবৃদ্ধি, আল্‌জিহ্বার দীর্ঘতা, গলাভ্যন্তরে উদ্দীপনা, প্রদাহ, ক্ষত বা অসুস্থ বিধান সঞ্চয় যাজক, ব্যবহারাজীব, বক্তা, নায়ক ও গায়ক প্রভৃতিরা এই পীড়াক্রান্ত হইতে পারে

লক্ষণ —কণ্ঠদেশের উপরি অংশে অসুখ বোধ, তৎসঙ্গে সতত ঢোক গিলিতে ইচ্ছা অর্থাৎ গলার মধ্যে কিছু আছে বলিয়া বোধ হয় কাসি ও শ্লেষ্মা নিঃসরণ স্বরযন্ত্রে অসুখ বা বেদনা বোধ স্বরশক্তি হ্রাস, গলাভাঙ্গা, সময় সময় স্বরভঙ্গ। শ্লৈষ্মিক ক্ষুদ্র গ্রন্থিতে পীতবর্ণ পদার্থ সঞ্চিত হয়। আঠাবৎ শ্লেষ্মাবিমিশ্রিত পূযাভ পদার্থ গলার ভিতর ও তালুতে লাগিয়া থাকে

চিকিৎসা।—কুইনাইন; আয়রণ; সহস্র ধারা স্নান; সমুদ্র জলে স্নান, কার্য্য হইতে বিশ্রাম; আইয়োডাইড অব পটাসিয়ম; আইয়োডাইড অব্ আয়রণ; আইয়োডাইড বা ব্রোমাইড অব্ এমোনিয়ম; ফস্ফেট অব্ জিঙ্ক, ষ্ট্রীক্‌নিয়া ও ষ্টীল, ষ্টীল ও ক্লোরেট অব্ পটাশ; ফস্ফরিক এসিড ও নক্স-ভমিকা; কড্‌লিভর অয়েল স্থানিক—নাইট্রেট অব্ সিল-ভর লোশন (৩০ গ্রেণে এক আউন্স); সংকোচক লোশনের আঘ্রাণ, বিবিধ প্রকার ইন্‌হেলেশন

ক্রূপ, ট্রেকিয়াইটীস—স্বরন্ন, ঘুংড়ী।

ট্রেকিয়া বা কণ্ঠনলীর শ্লৈষ্মিক ঝিল্লির প্রদাহ, সর্ব্বদা উহার সঙ্গে স্বরযন্ত্রেও প্রদাহ হয়। জ্বর ও প্রদাহ সহ আক্রান্ত অংশে কৃত্রিম ঝিল্লী উৎপন্ন হয়। ২-৩ বৎসর বয়স্ক বালকদেরই সাধারণতঃ এই পীড়া হইয়া থাকে। অনেক সময় ইহার সঙ্গে বায়ুনলীভুজ বা ফুস্‌ফুস্ প্রদাহ বিমিশ্রিত থাকিতে পারে। অবসন্নতা, শ্বাসরোধ ও আক্ষেপ আদি সমুপস্থিত হওত রোগীর মৃত্যু হয়। এই রোগের মৃত্যুসংখ্যা অত্যন্ত অধিক।

লক্ষণ।—প্রথমাবস্থায় সর্দ্দির লক্ষণ, সামান্য জ্বর, কাসি, গলভঙ্গ, তন্দ্রা, চক্ষু অশ্রুপূর্ণ, নাসারন্ধ্র দিয়া তরল শ্লেষ্মা নিঃসরণ। ১৮ ঘণ্টার মধ্যে নিশ্বাসে সাঁই সাঁই শব্দ শ্রুত হয়, গলাভাঙ্গা, কাসি, সময়ে সময়ে স্বরযন্ত্রের পেশীতে আক্ষেপ। তৎপরে রোগের বিশেষ লক্ষণাদি প্রকাশিত হয়। কাসির প্রকৃতি অন্যরূপ হয় অর্থাৎ ধাতুনির্ম্মিত নলের মধ্যে ফুৎকার দিলে যেরূপ শব্দ হয়, কাসিতেও তদ্রূপ বোধ হয়। নিশ্বাস দীর্ঘ, তৎসঙ্গে কাকধ্বনি মিশ্রিত থাকে। তালুপার্শ্ব গ্রন্থি ও আলজিহ্বা আরক্ত ও স্ফীত হয়, কিন্তু তালুপার্শ্বগ্রন্থিতে প্রদাহের অপেক্ষা স্ফীততা কম থাকে। জ্বর পরিবর্দ্ধিত, শ্বাসকৃচ্ছ্র ও শ্বাস দ্রুত, সতত কাসি অবসন্নতা, তৎসহ নাড়ীস্পন্দন দুর্ব্বল ও বিশৃঙ্খল। তৃষ্ণা, উগ্রতা ও অস্থিরতা, মুখাকৃতি ভয় ও উৎকণ্ঠা জ্ঞাপক। রোগী নিজ গ্রীবা আঁকড়াইয়া ধরে বা মুখের মধ্যে অঙ্গুলি পূরিয়া দেয়। এইরূপে যন্ত্রণার কারণ বিদূরিত করিতে চেষ্টা পায়। রাত্রিতে পীড়ার বৃদ্ধি হয় ও প্রাতঃকালে কিছু কম পড়ে। রোগ উপ-

শমিত হইতে থাকিলে কাশির প্রকৃতি পরিবর্ত্তিত হয়। রোগ মৃত্যুতে পরিণত হইবার কালে তন্দ্রা উপস্থিত হয়। রোগী চমকাইয়া উঠে ও শ্বাস রোধে সাতিশয় কষ্ট অনুভব করে। শ্বাসরোধ হইবার আশঙ্কা থাকে। ফুসফুসে রক্তাধিক্য, চর্ম্ম শীতল ও স্বেদাতিরিক্ত হয়।

চিকিৎসা।—রোগের প্রথমাবস্থায় টিংচর একোনাইট অল্প মাত্রায় সেবন করাইলে উপকার দর্শে, বিশেষতঃ সর্দ্দিজনিত রোগে ব্যবহার্য্য। ফটকিরি ১ ড্রাম, মধু বা চিনির পাকের সহিত মিলাইয়া ১০।১৫ মিনিট অন্তর বমন না হওয়া পর্য্যন্ত সেবন করাইবে। প্রবল প্রকার পীড়ায় দিনে ৩।৪ বার বমন করান বিধেয়। রোগের সূচনা হইতেই চিকিৎসা করিতে আরম্ভ করা উচিত। লোবিলিয়া ও সেনেগা ব্যবহৃত হইয়াছে। সলফিউরস এসিড ও ট্যানিন স্প্রে। এই রোগের চিকিৎসাকালে বিশেষ সাবধান হওয়া উচিত। রোগীকে শয্যায় শয়ন করাইয়া রাখিবে, গাত্রে ফ্লানেল দিবে, গলদেশে ফোমেণ্টেসন বা উষ্ণ পুলটিস। ইপিকাক্, জিঙ্ক প্রভৃতি দ্বারা বমন। বিরেচনার্থে ক্যালোমেল ও ক্যাষ্টর অয়েল। ঈষদুষ্ণ জলে স্নান, গলদেশে বেলেডোনা একষ্ট্রাঃ, লিনিমেণ্ট বা টিংচর স্থানিক প্রয়োগ। স্বরযন্ত্রের পেশীর আক্ষেপ থাকিলে আইয়োডাইড অব পটাসিয়ম; সেনেগা এসাফেটিডার সঙ্গে, ৪০৭; এমোনিয়া ও সেনেগা ৩০১। ইন্‌হেলেশন অব্ অক্সিজেন গ্যাস; বিফ্‌টি; চুণের জল ও দুগ্ধ, ওয়াইন বা ব্রাণ্ডি; য়্যারোমেটীক স্পিরিট অব্ এমোনিয়া, ক্লোরিক ইথর ও সেনেগা। অবশেষে ট্রেকিয়োটমী। ক্যালোমেল ও করোসিব সব্লিমেট প্রভৃতি ব্যবহার হইয়াছে। বোরিক এসিড, কার্ব্বলিক এসিড, আয়োড

ইউকালিপ্‌টাই, ক্রিয়েজোট, আইয়োডিন ও টেরিবিণ প্রভৃতিব স্প্রে বা বাষ্প আঘ্রাণ হিতকর। গলাব মধ্যে কষ্টিকাদি লাগান উচিত নহে লাইম ওয়াটর ৮ আউন্স ও ল্যাক্‌টিক এসিড ৩ ড্রাম, একত্রে স্প্রে যোগে প্রয়োজ্য ইহাতে কৃত্রিম ঝিল্লী দ্রবীভূত হয়

ল্যারিন্‌জাইটীস—স্বরযন্ত্র-প্রদাহ।

স্ববযন্ত্রেব তরুণ প্রদাহ একটী বিরল পীড়া ইহার ভাবিফল সাধারণতঃ সাংঘাতিক তরণ প্রদাহ ব্যতীত স্ববযন্ত্রে প্রাচীন প্রদাহ ও ক্ষত আদি হইতে পারে।

তরুণ প্রদাহ—পূর্ণ বয়স্কদের হয়। অসুস্থ ব্যক্তিদের সর্দ্দি বশতঃ এই বোগ উপস্থিত হইতে পাবে। সময় সময় উপদংশ বিষ প্রভাবে এই পীড়া উৎপন্ন হয়। এই পীড়ার সহিত ক্রুপ বোগেব ভ্রম জন্মিতে পাবে, ইহাতে স্বরভঙ্গ বিশেষ লক্ষণ, কিন্তু ক্রুপে সাংঘাতিক শ্বাসকষ্ট বিদ্যমান থাকে।

লক্ষণাদি সহসা প্রাদুর্ভূত হয় কয়েক ঘণ্টা পরে জর, কণ্ঠাভ্যন্তর আবক্ত, টুটিতে বেদনা, শ্বাস ও গিলন কষ্ট, সাতিশয় উৎকণ্ঠা, গলাভাঙ্গা বা সম্পূর্ণ স্ববাভাব। আক্ষেপিক প্রকোপ ও শ্বাসরোধ আশঙ্কা। নিশ্বাস দীর্ঘ, বিশেষ প্রকাব শব্দ অর্থাৎ নলের মধ্যে বেগে বায়ু প্রবাহিত হইলে যেরূপ শব্দ হয় কর্কশ কাসি, গিলন কষ্ট, কঠিন অপেক্ষা তরল দ্রব্য গিলিতে অধিক কষ্ট মুখমণ্ডল আবক্তিম, চক্ষু উন্নত, নাড়ী কঠিন, সাতিশয় সার্ব্বাঙ্গিক অসুস্থতা স্বরযন্ত্র ও কণ্ঠনালী শীঘ্র শীঘ্র অধঃ ও উর্দ্ধে সঞ্চালিত হইতে থাকে। শ্বাসপ্রশ্বাস সম্পা-

দক পেশী সকলের ক্রিয়া প্রবলতরভাবে হইতে থাকায় বক্ষঃস্থল সবেগে উন্নীত হয় রোগী তন্দ্রাবিষ্ট হয় ও প্রলাপ বকে। শ্বাসাবরোধ হইয়া মৃত্যু সংঘটিত হয়

প্রাচীন প্রদাহে প্রায়ই ক্ষত উৎপন্ন হয় সার্ব্বাঙ্গিক উপ-দংশ হইতে এই রোগ জন্মিতে পারে

চিকিৎসা।—একোনাইট সেবনে উপকার দর্শিতে পারে সলফরস এসিডের আঘ্রাণ বা ধুম প্রয়োগ বা স্প্রে অর্থাৎ অণুধারা। রোগী নিস্তব্ধভাবে শয্যায় শয়ন করিয়া থাকিবে কথা কহিতে নিবারণ করিবে। রোগীর বাসগৃহ উষ্ণ ও উহার অভ্যন্তরস্থ বায়ু যাহাতে আর্দ্র থাকে, তাহার চেষ্টা করা কর্ত্তব্য রোগীকে উষ্ণজল বা উষ্ণ জল সহ হাইড্রোসিয়ানিক এসিড, স্পিরিট ক্লোরোফর্ম্ম বা বেলেডোনা মিশ্রিত করিয়া নল দ্বারা তাহার ধুম গলার ভিতর লাগাইবে গলদেশে তার্পিন তৈল ও উষ্ণজলের সেক, লিনসিড পুলটিস সহ একষ্ট্রাক্ট বেলেডোনা। রোগীর শরীর উপদংশ বিষে দূষিত থাকিলে ক্যালোমেল ও ওপিয়ম; মার্কিউরিয়েল ভেপার বাথ; আইয়োডাইড অব্ পটা-শিয়ম। দুগ্ধ, ডিম্ব, মাংসের ঝোল, পোর্ট, ব্রাণ্ডি প্রভৃতি পদার্থ দিবে। শ্বাস প্রশ্বাসের বিশেষ কষ্ট ও রক্ত বিশুদ্ধ হইতে বাধা প্রাপ্ত হইলে ট্রেকিয়োটমী নামক শস্ত্রক্রিয়া সম্পাদন করা কর্ত্তব্য স্বরযন্ত্রে অধিক স্ফীততা উপস্থিত হইলে নাইট্রেট অব্ সিলভর (৪০ গ্রেণ, জল এক আউন্স) স্থানিক প্রয়োজ্য রোগীকে প্রথমে মৃদু স্বেদজনক ঔষধ দিবে উষ্ণ জলের সঙ্গে টিংচর আইয়োডিন বা কার্ব্বলিক এসিড মিশাইয়া তাহার বাষ্প কণ্ঠা-ভ্যন্তরে লাগাইবে। অত্যন্ত বেদনা নিবারণের জন্য কোকেইন

জলে দ্রব কবিয়া ও গ্লিসিরিং অব্ বোবেসিসের সঙ্গে মিলাইয়া গলার মধ্যে লাগাইবে। ১ ভাগ মেন্থল ও ১০ ভাগ অলিভ অয়েল একত্রে স্থানিক প্রয়োজ্য

ল্যারিন্‌জিস্‌মস্ ষ্ট্রিডিউলস্—আক্ষেপিক ক্রুপ।

শিশুদেব এক প্রকাব আক্ষেপিক পীড়া, প্রধানতঃ দন্তোদ্ভেদ কালে হয়। ইহাতে রাইমা গ্লটিডিস আংশিক বা সম্পূর্ণ অববদ্ধ হইতে পারে, তদ্ধেতু ফুস্‌ফুসেব মধ্যে বাযু গমনেব ব্যাঘাত বা অববোধ হয়।

লক্ষণ। শ্বাসক্রিয়া বাধাপ্রাপ্ত, ও হস্ত পদেব অঙ্গুলিতে আক্ষেপ শিশুদেব সহসা শ্বাসকৃচ্ছ্র উপস্থিত হয়। নিশ্বাস গ্রহণে বিশেষ চেষ্টা ও তদ্ধেতু পদবিক্ষেপ কবে এবং বোধ হয যেন শ্বাস বন্ধ হইল। ক্ষণকাল পরেই আক্ষেপ তিবোহিত হয়; তখন বোগী সহজে শ্বাস গ্রহণ কবিতে পারে। কয়েক ঘণ্টা বা দিবস অন্তব বোগের প্রকোপ হইতে পারে

চিকিৎসা। ইহা শিশুদেব দন্তোদ্ভেদকালে উপস্থিত হয়। বোগ উপস্থিত হইলে তৎসময় শরীবেব অধোঙ্গে উষ্ণজলধাবা, মস্তকে ও মুখমণ্ডলে শীতল জলধাবা ও পাখা দ্বারা বাতাস কবিবে। আবশ্যক হইলে কৃত্রিম শ্বাস প্রশ্বাস, অল্প মাত্রায় ক্লোবোফর্ম্ম আঘ্রাণ; ইথব্ ও এমোনিয়াব আঘ্রাণ কোনরূপ উপায়ে উপকাব না হইলে ট্রেকিয়োটমী করিবে। বোগেব আবেশ তিরোহিত হইলে মৃদু বিবেচক, আক্ষেপনিবাবব কড্-

লিভর অয়েল, ষ্টীল ওয়াইন; বায়ু পরিবর্ত্তন বেলেডোনা ½ গ্রেণ দিনে তিনবার, বা ইহার সঙ্গে ব্রোমাইড অব্ পটাসিয়ম বা এমোনিয়ম অথবা সলফেট অব্ জিঙ্ক ক্রমশঃ বর্দ্ধিত মাত্রায় এসাফেটিডা, ভেলিরিয়ানেট অব্ আয়রণ; কুইনাইন; কৃমিনাশক ঔষধ, মাড়ি স্ফীত হইলে চিরিয়া দিবে পথ্যার্থ দুগ্ধ, অন্ন ও সাগু ইত্যাদি। এন্টিপাইরিন অর্দ্ধ বা ১ গ্রেণ মাত্রায় ব্যবহারে উপকার দর্শিয়াছে সিকি মিনিম মাত্রায় টিংচর আইয়োডিন ঘন ঘন প্রযোজ্য।

ব্রঙ্কাইটীস—বায়ুনলীভুজ-প্রদাহ।

বায়ুনলীভুজস্থ শ্লৈষ্মিক ঝিল্লিতে প্রদাহ ইহা তরুণ ও প্রাচীন দ্বিবিধ এক বা উভয় ফুস্‌ফুস্ বা কতকাংশ আক্রান্ত হইতে পারে

তরুণ বায়ুনলীভুজ-প্রদাহ।—বিপদ্‌জনক পীড়া, প্রদাহ প্রসারিত হইয়া ফুস্‌ফুসের কোমলবিধান আক্রমণ করিতে পারে।

লক্ষণ—জ্বর, বক্ষঃস্থলে আকর্ষণ বা টান বোধ, দ্রুত শ্বাস ও তৎসঙ্গে সাঁই সাঁই শব্দ ও কাসি শ্লেষ্মা ঘন ও আঠা-বৎ, পরে পূয়বৎ হয় নাড়ীস্পন্দন দ্রুত ও দুর্ব্বল, জিহ্বা মলাবৃত, শিরোবেদনা ও গাত্রগুরুতা, বমন ও সাতিশয় উৎকণ্ঠা।

বড় বড় ও মধ্যমাকারের বায়ুনলীভুজের-প্রদাহ অপেক্ষা ক্ষুদ্র ক্ষুদ্র নলীতে প্রদাহ হইলে তাহা বিশেষ আশঙ্কাজনক পূর্ণবয়স্ক অপেক্ষা বালক ও বৃদ্ধদের শেষোক্ত প্রকার অর্থাৎ কৈশিক বায়ুনলী-ভুজ-প্রদাহ (ক্যাপিলারি ব্রংকাইটিস্) প্রধানতঃ

হইয়া থাকে এই প্রকার প্রদাহে শ্বাসাবরুদ্ধ হওয়ার উপক্রম দৃষ্ট হয় শ্বাসকষ্ট, বাহুপ্রদেশে রক্তাধিক্য, সতত কাসি, অস্থিরতা ও বর্দ্ধিত অবসন্নতা এবং সাংঘাতিক রোগে প্রলাপ, তন্দ্রা ও চৈতন্যবিহীনতা রোগ বর্দ্ধনের সময় কখন কখন এক বা ততোধিক বায়ুনলী গাঢ় শ্লেষ্মা দ্বারা রুদ্ধ হয়, তদ্ধেতু সেই অংশে বায়ু প্রবিষ্ট হইতে পারে না, ইহাকে পালমোনারি কোলাপ্স্ বলে। ফুস্‌ফুসের কতক অংশ ক্রিয়া বিরহিত হওয়া বশতঃ অন্যান্য অংশের ক্রিয়াধিক্য হওয়ায় উহাদের মধ্যে অধিক বায়ু প্রবেশ করে

রোগের প্রথমাবস্থায় বক্ষঃস্থলে আকর্ণন করিলে সতত দুইটী শুষ্ক শব্দ শ্রুত হওয়া যায়। যথা—রংকস ও সিবিলিস। বড় বড় বায়ুনলীতে রংকস ও ক্ষুদ্র ক্ষুদ্র বায়ুনলীতে সিবিলিস শ্রুত হয়, সুতরাং শেষোক্ত শব্দ আশঙ্কাকর। প্রদাহিত অংশে শ্লেষ্মাস্রাব হইতে থাকিলে শুষ্ক শব্দের পরিবর্ত্তে আর্দ্র শব্দ শুনা যায় অর্থাৎ বড় ও ছোট ক্রিপিটেসন বা কেশমর্দ্দন শব্দ বক্ষে প্রতিঘাত করিলে শব্দের পরিবর্ত্তন হয় না।

প্রাচীন বায়ুনলী-ভুজ-প্রদাহ।—সাধারণতঃ বৃদ্ধ বয়সেই হয় অত্যন্ত কাসি, শ্বাসকষ্ট, অতিশয় শ্লেষ্মা নিঃসরণ—শৈত্য ও আর্দ্রতা বশতঃ বৃদ্ধি হয় শীতকালে বৃদ্ধ লোকদের এই প্রকার প্রাচীন প্রদাহ বশতঃ সতত কাসি হয় আকর্ণনে ভেসিকুলার মর্ম্মর বা বুদ্‌বুদ্ শব্দ ক্ষীণ, তৎসঙ্গে রংকস, সিবিলিস ও আর্দ্র ক্রিপিটেসন মিশ্রিত থাকে। কখন কখন ফুস্‌ফুসের বিধান বায়ুনলী প্রসারিত হইয়া কঠিন হইয়া পড়ে সময় সময় অধিক পরিমিত ও দুর্গন্ধ শ্লেষ্মাযুক্ত পূঁযস্রাব

হয়। পীড়া সাক্ষাৎ সম্বন্ধে সাংঘাতিক হয় না। অন্যান্য রোগ ইহার সঙ্গে মিলিত হইয়া রোগীর মৃত্যু হইতে পারে।

চিকিৎসা —প্রথমে টিং একোনাইট্ বা ভাইনম এন্টি-মোনিয়েল প্রয়োগে জ্বর ও প্রদাহ প্রশমিত হইতে পারে। শ্লেষ্মা সবল্‌ হইলে এন্টিমনি প্রয়োগ বহিত করিবে আর্সিনিক এম্ফি-সিমা থাকিলে। শ্বাসকৃচ্ছ্র থাকিলে লোবিলিয়া ও বেলেডোনা অধিক উপকারী। কোষ্ঠবদ্ধ থাকিলে ক্যাষ্টর অয়েল ৩২৯, ৩৩৬; সল্‌ফেট অব্ ম্যাগনিসিয়া ও সেনা—৩৩১, ৩৩৪; স্যালাইন্ ড্রাফ্‌টস ২৮২, ২৮৮, ২৮৯, ২৯০। শ্লেষ্মা নিঃসরণ ও প্রদাহ দমনার্থ এমোনিয়া এণ্ড সেনেগা—৩০১, ৩০৩, ৩১০, ৩১১ জ্বর নিবারণার্থ কুইনিন দেওয়া যায়, কিন্তু ইহাতে শ্লেষ্মা শুষ্ক হইতে পারে, তজ্জন্য তৎসম্বন্ধে লক্ষ্য রাখা উচিত ষ্ট্রিক্‌-নিয়া—শ্বাসকেন্দ্র উত্তেজিত করিয়া কফনিঃসারক হয় কার্ব্বনেট অব্ এমোনিয়া—১৮৩, ১৮৪; সাইট্রেট অব্ পটাশ; এমোনিয়া ও একোনাইট ২৮৮; টার্টারেট অব্ এন্টিমোনী ২৮৩, ২৬৭, ৩০৮। কলচিকম; ক্যালোমেল—৩৪১, ৩৪২, ৪১৬। হাই-ড্রোসিয়ানিক এসিড ডিল; পটাশী নাইট্রস ১৮৯; ক্লোরেট অব্ পটাশ, ভাইনম ইপিক্যাক ও টিংচর ক্যাম্ফর কম ওপীয়ো লরেল ওয়াটার ২৯০, ক্লোরিণ ইন্‌হেলেশন, ড্রাই কপিং, টর্পে-ন্টাইন ষ্টুপ, টর্পেন্টাইন লিনিমেণ্ট ৪৪; বক্ষে মষ্টার্ড প্লাষ্টর, ব্লিষ্টার, লিন্‌সীড পুলটিস, ক্রোটন অয়েল ও টার্টারেটেড অব্ এন্টিমোনী অয়েন্টমেণ্ট ভাইনম ইপিক্যাক—৩০৯, ৩১২; অথবা এমোনিয়ার সঙ্গে। রোগীর গৃহের বায়ু আর্দ্র থাকা উচিত। দুগ্ধ, সাগু, য়্যারোরুট, মণ্ড, কর্ণ ফ্লাউয়ার, ওয়াইন

হোয়ে, বিফ্‌টি, চিকেন ব্রথ শ্লেষ্মা অধিক পরিমাণে সঞ্চিত থাকিলে বমন কারক ঔষধ হট্‌ ওয়াটার ভেপার বা উষ্ণ জলের বাষ্প আঘ্রাণ এবং তৎসহ বিবিধ এণ্টিসেপ্টীক ঔষধ মিশাইয়া দিলে বিশেষ উপকার হয় কাসির সাতিশয় উগ্রতা থাকিলে মর্ফিয়া বা ওপিয়ম অল্প মাত্রায় ও সতর্কতা সহকারে প্রয়োগ করিতে হয় তরুণাবস্থায় পার্শ্ববেদনায় টিং ব্রাই-ওনিয়া ১ মিনিম মাত্রায়

বায়ুনলীভুজের পুরাতন প্রদাহ —এক্টিয়া রেসি-মোজা ; কার্ব্বনেট অব্ এমোনিয়া ১৮৩, ১৮৪ ; সাইট্রেট অব্ এমোনিয়া ; এমোনিয় এণ্ড সেনেগা—৩০১, ৩০৩, ৩১০, ৩১১ ; এমোনিয়াকম—৩০৫, ৩০৭, ৩১৩ স্কুইল ও এমোনিয়া—৩০৬, ৩১০ ভাইনম ইপিক্যাক—৩১৪, ৩১২ ; সিরপ সিলি ৩২১, ৩২২ ; কম্পাউণ্ড স্কুইলপীল ৩১৫ , আর্সিনিক ; বালসম পেরু-ভিয়ানম ৩০২ , কলচিকম , কোনিয়ম ৩১৫, ৩১৬ কোপেবা ; ক্রিয়োজোট ; ডিজিটেলিশ ; মিং ফেরি কং, লাইকর ফেরি পারনাইট্রেটিস বেনজোয়েট অব্ এমোনিয়া বা সোডা ৩০৩ ; ইপিক্যাক—৩১৪, ৩১৬, ৩১৭, ৩১৯, ৩২০ লোবিলিয়া ইন্-ফ্লেটা—১০৮, ৩০৭ ; মর , ডিজিটেলীস ১০২ ; নাইট্রোহাইড্রো-ক্লোরিক এসিড ; পটাশী ক্লোরাস ; প্রম্বাই এসিটাস ; লাইকর পটাশ আইয়োডাইড অব্ পটাসিয়ম—৩৯৯, ৪০১, ৪০৪, ৪০৫, ৪০৭ ষ্টোরাক্স ; সল্‌ফর , সম্বল উষ্ণজলের বাষ্প, কড্-লিভর অয়েল, সুরা, আসব, পুষ্টিকর খাদ্য, টর্পেণ্টাইন ষ্টুপ, টর্পেণ্টাইন ও এসিটীক এসিড লিনিমেণ্ট টর্পেণ্টাইন ও ক্রিয়ো-জোট ইন্‌হেলেসন বক্ষে মষ্টার্ডাদি প্রত্যুগ্রতাসাধক ঔষধ, বিবিধ

উত্তেজক মর্দ্দন—৪১, ৪৩, ৪৪, ৪৫, ৪৬, ৪৯ পিচ্‌ প্লাষ্টর, ব্লিষ্টার্স, টার্টর এমেটীক ও ক্রোটন অয়েল অয়েণ্টমেণ্ট বিবিধ প্রকার উত্তেজক মিশ্র ও বটিকাদি দুগ্ধ, পুষ্টিকারক খাদ্য, মাংসযূষ ইত্যাদি কার্ব্বলিক এসিড ও অয়েল ইউক্যালিপ্টাই প্রভৃতির আঘ্রাণ ফস্ফেট অব লাইম; সল্‌ফর—প্রাচীন রোগে সল্‌ফরস এসিডের ইনহেলেসন, স্প্রে বা ফিউমিগেসন হাই-পোফস্ফাইট অব্‌ লাইম ও সোডা পটাশ আইয়োডাইড প্রয়োগে শ্লেষ্মা তরল হয় ইহা অন্যান্য শ্লেষ্মা নিঃসারক ঔষধের সঙ্গে ব্যবহৃত হইতে পারে।

এজ্‌মা—শ্বাসকাস।

একরূপ স্নায়বীয় পীড়া; বায়ুনলীভুজের গোলাকার পৈশিক সূত্রের আকুঞ্চন বা আক্ষেপ বশতঃ হাঁপানি উৎপন্ন হয় রোগের প্রকোপ সাক্ষাৎ বা প্রতিক্ষিপ্ত উদ্দীপনা আদি হইতে হয়। মিডুলা অবলংগেটা হইতে উত্তেজনা সাক্ষাৎভাবে গমন করতঃ আকুঞ্চন উৎপন্ন করে, অথবা নিমোগ্যাষ্ট্রিক বা ফুস্ফুস-জঠরীয় স্নায়ুর ফুসফুস বা জঠর অংশ হইতে উত্তেজনা মিডুলা অবলংগেটাতে নীত হওত পুনরায় মোটর স্নায়ুসূত্র দ্বারা প্রতিক্ষিপ্ত হইয়া আকুঞ্চন বা আক্ষেপ উপস্থিত করে

লক্ষণ —শিরোবেদনা ও নিদ্রালুতা বা পাকযন্ত্রের বা অন্য প্রকার উপদ্রব পূর্ব্বে উপস্থিত হইয়া শ্বাসকাস অর্থাৎ হাঁপানি উৎপন্ন হয় ইহা অনেক সময় অকস্মাৎ উপস্থিত হইয়া থাকে রাত্রি দুই প্রহরের ২ ৩ ঘণ্টা পরে রোগীর সহসা নিদ্রাভঙ্গ হয় এবং বক্ষে টানবোধ ও শ্বাসরোধবৎ অনু

ভব হইতে থাকে ক্রমশঃ শ্বাসকষ্ট বাড়িতে থাকে। শ্বাস-গ্রহণের সুবিধাকরণার্থ রোগী বারম্বার অবস্থানের পরিবর্তন করে বক্ষঃস্থল অত্যন্ত প্রসারিত হয় এবং ফুসফুসাভ্যন্তরে বায়ু প্রবেশ ও তথা হইতে নিঃসৃত হইবার সমূহ ব্যাঘাত জন্মে আকর্ণন করিলে স্বাভাবিক নিশ্বাসের শব্দ শ্রুত হওয়া যায় না, কিন্তু তৎপরিবর্তে সিবিলাণ্ট বংকাই বা উচ্চ সাঁই সাঁই শব্দ ও তীক্ষ্ণ শীশ্ দেওয়ার ন্যায় শব্দ শুনা যায় নাড়ী ক্ষুদ্র ও ক্ষীণ, চক্ষু পলকহীন, মুখাকৃতি উৎকণ্ঠাব্যঞ্জক, ওষ্ঠ ধূসরবর্ণ, দেহের বাহ্যাংশের উষ্ণতা হ্রসিত হওত ৮২ ডিগ্রী হয় কিন্তু কিছুক্ষণ পরে ক্লান্তি বশতঃ শরীর উষ্ণ স্বেদাভিষিক্ত হয়। অধিকক্ষণ পরে রোগী আরাম বোধ করে। কাসি ও তৎসঙ্গে অল্প অল্প শ্লেষ্মা বাহির হয়। রোগাবেশ তিরোহিত হইলে রোগী নিদ্রাভিভূত হইয়া পড়ে পীড়ার বিরামকালে রোগীর স্বাস্থ্য ভাল থাকে ও সহজে শ্বাস ক্রিয়া সম্পাদিত হয় অধিকাংশ শ্বাসরোগীর শরীর ক্ষীণ ও স্কন্ধ গোল, কপোলদেশ নিম্ন, স্বর প্রায় ভঙ্গ, সামান্য কাসি ও মুখ ক্লেশব্যঞ্জক থাকে বিরামকাল ২৪ ঘণ্টা হইতে ১২ মাস রোগাবেশ সময় সময় বা পর্য্যায়ক্রমে হয়। স্ত্রী অপেক্ষা পুরুষদের অধিক হয় অনেক সময় কৌলিক দেহ প্রকৃতি হইতে ইহা জন্মে। স্বয়ম্ভূত বা আক্ষেপিক রোগের সঙ্গে অন্য আনুষঙ্গিক পীড়া থাকে না হৃৎপিণ্ড, ফুস্ফুস, অন্নবহনলী ও স্নায়ুমণ্ডলের পীড়া বশতঃ শ্বাস উপস্থিত হইতে পারে

চিকিৎসা —পীড়ার প্রারম্ভে একোনাইট প্রয়োগ করিলে রোগাবেশ তিরোহিত হয়, সর্দ্দির পরবর্তী শ্বাসেও ইহা দ্বারা উপকার

হইতে পারে। ফটকিরি চূর্ণ ১০ গ্রেণ জিহ্বার উপর দিয়া রাখিলে রোগের প্রকোপ তিরোহিত বা হ্রসিত হয় বেলে-ডোনা, ব্রোমাইড অব্‌ পটাসিয়ম, ক্যানেবিস ইণ্ডিকা। গ্রিণ্ডিলিয়া রোবষ্টার সার ৩ গ্রেণ মাত্রায় দিনে তিন বার সেবনে রোগাক্রমণ নিবারিত হয় তদ্রূপ উহার লিকুইড একষ্ট্রাক্ট ২০।৩০ মিনিম মাত্রায় অর্দ্ধ বা এক ঘণ্টান্তর রোগাবেশ কালে সেব্য। ভাইনম ইপিক্যাক স্প্রে—কণ্ঠাভ্যন্তরে হৃৎপিণ্ডের পীড়া না থাকিলে অক্‌সিজেন। তাম্রকূটের ধূমপান দ্বারাও সময় সময় আক্ষেপ নিবারিত হইতে পারে সল্‌ফরস এসিড আঘ্রাণ বা ধূম প্রদান রোগের উত্তেজক কারণ কি বুঝিতে পারিলে তাহা বিদূরিত করিবে। পাকাশয়ে অজীর্ণ দ্রব্য পূরিত থাকিলে বমনকারক ঔষধ অন্ত্রে অধিক মল সঞ্চিত থাকিলে বিরেচক পীচকারি দিবে। আক্ষেপ নিবারণার্থ আইওডাইড অব্‌ পটাসিয়ম ও টিংচর বেলেডোনা ৪০৫। নাইট্রেট এমিল, ক্লোরোফর্ম্ম ও ইথর ইন্‌হেলেসন ধুতুরার পত্র ও শাখাদি তামাকের ন্যায় কলিকায় সাজিয়া তাহার ধূমপান নাইটর পেপার ফিউম্‌স ষ্ট্রংকফি, ব্রাণ্ডি বা হুইস্‌কি সবকিউটিনিয়স ইন্‌জেকসন অব্‌ এট্রপিন ও মর্ফিয়া; টর্পেণ্টাইন ষ্টুপ্‌, হট ওয়াটার ষ্টুপ্‌, সিনা-পিজম, হেমলক পুলটীস বেলেডোনা ও ক্লোরোফর্ম্ম ৯৫, টিংচর লোবিলিয়া ইথিরিয়া—৯৯, ১৩৮ একষ্ট্রা ষ্ট্রামোনিয়াই ১০৬। আবশ্যকানুসারে অন্যান্য প্রকার আক্ষেপনিবারক ঔষধ প্রয়োজ্য নাইট্রেট অব্‌ এমিল ২।১ ফোঁটা লইয়া তাহার আঘ্রাণ মর্ফিয়া ⅙ গ্রেণ ও লাইকর এট্রপিয়া ১ মিনিম পরিস্রুত জল সহ অধস্ত্বাচ প্রক্ষেপ দিলে রোগাবেশ তিরোহিত হয়

রোগাবেশ তিরোহিত হইলে সার্ব্বাঙ্গিক স্বাস্থ্যের উন্নতি বিধায়ক উপায় অবলম্বনীয় শীতল জলে স্নান, বা স্পঞ্জ বাথ অজীর্ণকর দ্রব্য আহার নিষিদ্ধ, অত্যন্ত শ্লেষ্মা নিঃসৃত হইতে থাকিলে ট্যানিন বা ক্যাটিকিউ লোজেনজেস্। পরিপাক ক্রিয়ার দুর্ব্বলতা থাকিলে এসিড নাইট্রোমিউরিয়েটিক ডিল ১৬৯, পেপ্‌সিন ৪১৭ রোগের কারণ সুস্পষ্ট বুঝিতে না পারিলে আইয়োডাইড অব্ পটাসিয়ম ব্যবহারে উপকার হয়, ৩৯৯, ৪০৫ আর্সিনিক (লাইকর) ২৬ মিনিম মাত্রায় ফস্ফরস কোষ্ঠবদ্ধ থাকিলে কম্পাউণ্ড রিউবার্ব্ব পীল ৫ গ্রেণ, একষ্ট্রাঃ কোনায়ম ৫ গ্রেণ রাত্রিতে শয়ন কালে সেব্য ইনহে লেসন অব্ অক্‌সিজেন গ্যাস বা পার অক্‌সাইড্ অব্ হাইড্রো জেন বক্ষে ভিনিগার স্পঞ্জিং এমোনিকার্ব্ব ৪, ১১, স্পিঃ এমন এরোমেটীক—১০, ৯৯, ক্যাম্ফর—৩০৭, ৩১৮, ক্যাষ্টর ১৪০ হাইড্রেট অব্ ক্লোরাল, কুইনাইন, আয়রণ ও বিবিধ প্রকার বলকারক ঔষধ ও পথ্য বায়ু পরিবর্ত্তন করা বিশেষ আব- শ্যকীয় কফিইন সাইট্রাস শ্বাসকাসে হৃৎপিণ্ড দুর্ব্বল থাকিলে উপকার করে

এম্ফিসিমা অব্ লংস্।

এই পীড়া দ্বিবিধ; ১ম ভেসিকিউলার বা পালমোনারি এম্ফিসিমা, ২য়, ইণ্টর লবিউলার এম্ফিসিমা প্রথম প্রকারে বায়ুকোষ বিস্তৃত, উহাদের ক্ষয় ও রক্তাধারের অবরোধ উপস্থিত হয় দ্বিতীয় প্রকারে যোজকতন্তুর মধ্যে মধ্যে বায়ু সঞ্চিত হয় উভয় প্রকারেই শ্বাসকষ্ট, সাময়িক হাপানি;

এবং রোগী এরূপ অসুস্থ হইয়া পড়ে যে, কোন প্রকার শ্রমযুক্ত কার্য্য করিতে পারে না এতদ্বারা হৃৎপিণ্ডের দক্ষিণ উদর পীড়িত হয় ও তৎসহ দৈহিক রক্তাধিক্য ও উদরী রোগ জন্মিতে পারে

ভেসিকিউলার এম্ফিসিমা এক বা উভয় বা প্রত্যেকের কিয়দংশ আক্রান্ত হইতে পারে। কোন প্রকার শ্রম করিলে শ্বাসকষ্ট বর্দ্ধিত হয় ক্ষীণ কাসি, সফেন শ্লেষ্মা নিঃসরণ, মুখমণ্ডল ধূম্রবর্ণ, স্বরের ক্ষীণতা, শরীরের শীর্ণতা ও বলহানি এবং বক্র বা অবনত গতি দেহের উত্তাপ হ্রসিত; কোষ্ঠবদ্ধ; দুর্ব্বল ও মৃদু নাড়ীস্পন্দন, হৃৎপিণ্ডের শব্দ ক্ষীণ বক্ষের পীড়িত দিক উন্নত ও গোলাকার আকর্ণনে অত্যন্ত অস্পষ্ট ভেসিকুলার মর্ম্মর শ্রুত হয়

ইণ্টর লবিউলার এম্ফিসিম —সহসা বায়ুকোষ বিদীর্ণ হইয়া গেলে উৎপন্ন হয় কদাচ পূর্ব্বোক্ত রোগের সহিত মিলিত থাকে আক্ষেপনিবারক ঔষধ দ্বারা উপশম হইতে পারে অধিক স্থান ব্যাপী রোগ অবিলম্বেই সাংঘাতিক হয়।

চিকিৎসা —আর্সিনিক দ্বারা অল্প অল্প শ্বাসকষ্ট ও সর্দ্দি সংমিশ্রিত রোগ উপশমিত হয় যদি শ্বাসকষ্ট অধিক ও তৎসঙ্গে বায়ুনলীভুজের প্রদাহ থাকে, তবে আর্সিনিক অপেক্ষা লোবিলিয়া বা বেলেডোনা উৎকৃষ্ট ক্লোরাল হাইড্রেট বলকারক পথ্য; উষ্ণ বস্ত্রাদির দ্বারা বক্ষঃস্থল আচ্ছাদন, শয্যায় শয়ন করিয়া থাকা উচিত পরিপাক শক্তি যাহাতে স্বাভাবিকরূপে নির্ব্বাহিত হয়, তাহার চেষ্টা করিবে বল

কারক ও আক্ষেপনিবারক ঔষধ সেব্য। কুইনাইন ও আয়রণ, ষ্টীল ও পেপ্‌সিন কড্‌লিভর অয়েল; এমোনিয়া; ইথর; হাইড্রোসায়েনিক এসিড ডিল—২, ৩, ৪ ইত্যাদি ইথিরিয়াল টিংচর অব্‌ লোবিলিয়া, ইণ্ডিয়ান হেম্প—১৩৮, ৯৮ ষ্ট্রামো-নিয়ম স্মোকিং; ক্লোরোফর্ম্ম ভেপার বায়ু পরিবর্ত্তন আইয়ো-ডাইড অব্‌ পটাসিয়ম বিশেষ উপকারী হৃৎপিণ্ডের দৌর্ব্বল্যে ও প্রসারণে ষ্ট্রোফান্থস, ডিজিটেলিস, স্পার্টিণ, কফিইন প্রভৃতি হিতকর

ইডিমা অব্‌ দি লংস্‌—ফুসফুসের শোথ।

অধিক দিন স্থায়ী প্রবল রক্তাধিক্য বশতঃ ফুস্ফুসে ইডিমা জন্মে; যে কোন কারণে এই রক্তাধিক্য উপস্থিত হইতে পারে, কিন্তু বিশেষতঃ হৃৎপিণ্ডের পীড়া সংশ্লিষ্ট রক্তাধিক্যের জন্যই ইডিমা জন্মে ইহা সার্ব্বাঙ্গিক শোথ রোগের আনুষঙ্গিকও হইতে পারে। ইহাতে শ্বাসকষ্ট ও বক্ষে টান বোধ থাকে। বেদনা প্রায়ই থাকে না অল্পাধিক কাস সহ অধিক পরিমাণে জলবৎ শ্লেষ্মা স্রবণ হয়।

চিকিৎসা —মূত্রকারক ঔষধ, বলকারক ঔষধ, বল-কর পথ্য চর্ম্মের উপর যে সকল ঔষধের ক্রিয়া প্রকাশিত হয়, তাহা বলকরৌষধের সঙ্গে মিশ্রিত করিয়া প্রয়োগ করা কর্ত্তব্য বক্ষে ড্রাই কপিং। রোগীকে সুস্থির ভাবে রাখিবে ডিজিটেলিস ব্যবহারে উপকার দর্শিতে পারে ষ্ট্রীক্‌নাইনও উপকারী

হিমপ্‌টিসিস্—রক্তোৎকাস

স্বরযন্ত্র, বায়ুনলী, বায়ুনলীভুজ বা ফুসফুসের বায়ুকোষ হইতে রক্তস্রাব হয় মধ্যে মধ্যে এইরূপ মুখ দিয়া রক্ত উঠা ফুসফুস বা হৃৎপিণ্ডের পীড়া জ্ঞাপক কাসিতে কাসিতে মুখগহ্বর রক্তপূর্ণ হয়, রক্ত লালবর্ণ ও সফেন, রক্তের সহিত থুথু বা গয়ের মিশ্রিত থাকে মলদ্বার দিয়া রক্তস্রাব হয় ফুসফুস বা বায়ুনলীভুজীয় লক্ষণাদি থাকে গুটিকা সঞ্চয়, হৃৎধমন্যর্ব্বুদ।

রক্তবমন অর্থাৎ হিমেটিমিসিস রোগ হইতে ইহাকে এই সকল লক্ষণ দ্বারা প্রভেদ করিতে হয় রক্তবমনে বিবমিষা, পাকাশয়ে টানবোধ, অধিক পরিমাণে রক্ত বমন হয়, রক্ত সফেন থাকে না, কিন্তু উহা কালবর্ণ, এবং তাহা খাদ্য দ্রব্য বিমিশ্রিত থাকে মলদ্বার দিয়া রক্তস্রাব ও পাকাশয়িক বা ক্ষুদ্রান্ত্রিক লক্ষণাদি বর্ত্তমান থাকে কিন্তু এই রোগে শ্বাস-কষ্ট, বক্ষে বেদনা বা উষ্ণতা; কাসিতে কাসিতে রক্ত উঠা, রক্ত সফেন ও ঘোর লালবর্ণ এবং থুথু মিশ্রিত ·ফুসফুসের অপরাপর লক্ষণাদিও বর্ত্তমান থাকে

চিকিৎসা।—লিকুইড এক্‌ষ্ট্রাক্ট অব্ আর্গট ১০।২০ ৩০ মিনিম মাত্রায় ৩৪ ঘণ্টান্তর অথবা গুরুতর রোগে এক ঘণ্টা-ন্তর ব্যবহার করিলে রক্তস্রাব নিবারিত হয় আর্গটিনের অধস্ত্বাচ প্রক্ষেপ হ্যামামিলিস টিংচর ১২৫ মিনিম মাত্রায় ২।৩ ঘণ্টান্তর প্রয়োগে উপকার দর্শে। ইপিকাক পাউডর বা ভাইনম; ইনফিঃ ডিজিটেলিস মর্ফিয়ার অধস্ত্বাচ প্রক্ষেপ

অর্থাৎ হাইপোডার্মিক ইন্জেক্সন রক্তস্রাব শীঘ্রই বন্ধ করা কর্ত্তব্য রোগীকে শয্যায় শয়ান ও নিস্তব্ধ থাকিতে পরামর্শ দিবে গ্যালিক এসিড ১০—১৫ গ্রেণ মাত্রায় ১ ২ ৩ বা ৪ ঘন্টান্তর রোগের অবস্থানুসারে প্রয়োজ্য ইহার সঙ্গে সল্-ফিউরিক এসিড য়্যারোমেটিক মিশ্রিত করিয়া দিলে অনেক সময় বেশী উপকার হয় রক্তহীনতার (এনিমিয়া) লক্ষণ বর্ত্তমান থাকিলে গ্যালিক এসিডের অপেক্ষা ৫ ১০ গ্রেণ মাত্রায় এমোনিয়ো সলফেট অব্ আয়রণ উপযোগী বক্ষে শৈত্যপ্রয়োগ ও বরফ খণ্ড মুখে রাখিয়া চুষিলে উপকার হয় ক্লোরাইড অব্ সোডিয়ম ২ ড্রাম একটী জলপূর্ণ বড় গ্লাসে ঢালিয়া তাহা ঘন ২ এক ২ চুমুক পান করিলে রক্তস্রাব বন্ধ হয় হ্যাজিলিন, টীং ফেরি এসিটেটিস্, ক্লোরাইড অব্ ক্যালসিয়ম উপকারী বিরেচনার্থ সলফেট অব্ ম্যাগ্নিসিয়া, সলফেট অব্ আয়রণের সঙ্গে, ১৭৭ এক চা চামচ পরিমিত লবণ জল সহ সেবন করিলে রক্তস্রাব নিবারিত হয় টর্পেণ্টাইন, বক্ষঃস্থলের উপর ড্রাই কপিং, টর্পেণ্টাইন ষ্টুপ্স রোগীকে দুগ্ধ, মাংসের যূষ, কাঁচা ডিম্ব প্রভৃতি বলবর্দ্ধক ও পুষ্টিকারক খাদ্য দিবে ক্লারেট ও পোর্টওয়াইন বিশেষ উপকারী কাসি নিবারণার্থ মর্ফিয়া এটোমাইজ্ড য়্যান্টিনজেণ্ট ফ্লুইড এসিড ট্যান্নিকের ইনহেলেসন বায়ু পরিবর্ত্তন ও পরিবর্ত্তক ঔষধ সেবন কর্ত্তব্য এসিটেট অব্ লেড ও ওপিয়ম, বা টিংচর অব্ পারক্লোরাইড অব্ আয়রণ ও উপকারী টর্পেণ্টাইন আঘ্রাণ বিশেষ উপকারী একটী বড় পাত্রে উষ্ণ জল রাখিয়া তাহাতে টর্পেণ্টাইন ঢালিয়া দিবে উহা রোগীর নিকট রাখিবে অর্থাৎ

যাহাতে তাহা হইতে উত্থিত বাষ্প সহজে আঘ্রাণ করিতে পারে ইহাতে কাসির উগ্রতা ও রক্ত উঠা নিবারিত হয়

প্লুরিসী, প্লুরাইটীস ফুস্‌ফুসাবরক-ঝিল্লী-প্রদাহ

ফুসফুসাবরক ঝিল্লীর প্রদাহ, ইহা তরুণ ও প্রাচীন ভেদে দ্বিবিধ এক বা উভয় দিক আক্রান্ত হইতে পারে

লক্ষণ —শীত বা অল্প কম্প, জ্বর বক্ষের পার্শ্বে তীব্র ব সূচীবেধবৎ বেদনা উহা সাধারণতঃ চুচুকের নিম্নে অনুভূত হয় নিশ্বাস গ্রহণ কালে ফুসফুস প্রসারিত হইলে বেদনা বৃদ্ধি হয়, তদ্ভিন্ন কাসিতে, পার্শ্বে শয়ন করিতে ও চাপে বেদনার আতিশয্য হয় ক্ষুদ্র শুষ্ক কাসি, চর্ম্ম উষ্ণ ও শুষ্ক, দৈহিক উত্তাপ ১০১ হইতে ১০৫ ডিগ্রী কপোলদেশ আরক্তিম নাড়ী কঠিন ও দ্রুত, শ্বাস প্রশ্বাসও কিঞ্চিৎ দ্রুত, উৎকণ্ঠা ও অস্থিরতা মূত্র স্বল্প ও রক্তবর্ণ ভৌতিক লক্ষণ— প্রথমে ঘর্ষণ শব্দ শুষ্ক ও প্রদাহিত প্লুরা অর্থাৎ ফুসফুসচ্ছদের দুই পর্দ্দা পরস্পর ঘর্ষিত হওয়ায় ঘর্ষণ শব্দ শ্রুত হওয়া যায় ইহা শীঘ্রই তিরোহিত হয়, তখন পর্দ্দাদ্বয় আর্দ্র ও চিক্কণ হইয়া উঠে ও প্রদাহ উপশান্ত হইতে থাকে অথবা কখন পর্দ্দাদ্বয় একত্রে সংযুক্ত হইয়া যায় বা উহাদের মধ্যে মাস্তুক রস সঞ্চিত হয় শেষোক্ত ঘটনা হইলে তাহাকে হাইড্রোথোরাক্স বলে মাস্তুক রস কয়েক আউন্স হইতে কয়েক পাইণ্ট পর্য্যন্ত হইতে পারে অত্যধিক পরিমাণে রস সঞ্চয় হইতে ফুসফুসের ক্রিয়া

নিউমোনিয়া—ফুসফুস-প্রদাহ।

ফুসফুসের তরুণ প্রদাহ, বাম দিকের অপেক্ষা দক্ষিণ দিকের ফুসফুস অধিক সময় আক্রান্ত হয় ঊর্দ্ধ অপেক্ষা ফুসফুসের নীচের অংশ অধিক পীড়িত হইয়া থাকে। উপদ্রববিহীন রোগের স্থিতিকাল গড়ে ১৪ দিন

লক্ষণ —অস্থিরতা ও জ্বরভাব সহ রোগ প্রকাশিত হয় এক হইতে তিন দিবসাবসানে শীত, তৎপরে বিবমিষা, কাসি, আঠাবৎ ঘন এবং ইষ্টকবর্ণ গয়ের, পার্শ্ববেদনা, শ্বাসকষ্ট; নাড়ীস্পন্দন ১৪০ বা ১৬০ পর্য্যন্ত প্রতি মিনিটে, দৈহিক উষ্ণতা ১০৫ ডিগ্রী, তৃষ্ণা, ক্ষুধাভাব, অবসন্নতা, শিরোবেদনা এবং ক্ষণস্থায়ী প্রলাপ এই রোগের তিন অবস্থা ১ম—স্প্লিনিজেসন বা রক্তপূর্ণাবস্থা এই সময় পীড়িত অংশ রক্তপূর্ণ বা রক্তরসপূর্ণ থাকে আকর্ণনে ক্ষুদ্র ক্রিপিটেশন বা কেশ-মর্দ্দন শব্দ শুনা যায়, কিন্তু প্রথম প্রথম উহার সহিত বুদবুদ বা ভেসিকিউলার শব্দ মিশ্রিত থাকে বক্ষে প্রতিঘাত করিলে স্বাভাবিক শব্দ শ্রুত হয়, কিন্তু ক্রমশঃ উহার পরিবর্ত্তন সংঘটিত হয় ২য়, প্রদাহ বৃদ্ধি হইলে রেড্ হিপাটিজেসন বা লোহিত যকৃতাভ আকার হয় স্পঞ্জবৎ প্রকৃতি বিনষ্ট হইয়া ফুসফুস বিধান কঠিন ও গাঢ় হয় ক্ষুদ্র কেশ মর্দ্দন বা বুদবুদ শব্দ শ্রুত হয় না, কিন্তু ব্রংকোফনি বা বায়ুনলীতে স্বর প্রতিধ্বনি ও বায়ুনলীর শ্বাস শব্দ শুনিতে পাওয়া যায়। বক্ষে আঘাত করিলে ডল্ শব্দ শ্রুত হয় ৩য়, গ্রে হিপাটিজেসন বা পুরু-লেণ্ট ইন্‌ফিল্‌ট্রেশন অর্থাৎ ধূসর যকৃতাভ বা পূযপূর্ণ অবস্থা

ফুসফুসের তন্তুতে পূয, ফুসফুসের কতক অংশ কঠিন হয ও বায়ু প্রবেশ করিতে পারে না অনেক সময় প্রকৃত পূয, না জন্মিয়া একরূপ তরল পদার্থ সঞ্চিত হয় ফুসফুসের কতকাংশ বিদীর্ণ ও পূয শ্লেষ্মাসহ বাহির হইতে থাকিলে গর্গিলিং ক্রিপিটেশন শ্রুত হওয়া যায় ফুসফুস পূয পরিপূরিত হওযার পূর্ব্বে প্রদাহ উপশান্ত হইলে যকৃৎভাবাপন্নত স্থায়ী বা বা ক্রমশঃ সুস্থ হয় শেষোক্ত প্রকার ঘটনায ফুসফুসের ভিতর পুনরায় বায়ু গমনাগমন করিতে থাকে।* রোগের প্রথম ও দ্বিতীয দিবসে প্রস্রাবে ক্লোরাইডের পরিমাণ স্বাভাবিক থাকে, কিন্তু প্রদাহ বৃদ্ধির সঙ্গে সঙ্গে উহার পরিমাণের হ্রাস হয ফুসফুস যকৃৎভাবাপন্ন হইবার সময প্রস্রাবে ক্লোরাইডের অংশ অদৃশ্য হয রোগ ক্রমশঃ আরোগ্যোন্মুখ হইতে আরম্ভ হইলে ক্লোরাইড পুনঃ দৃষ্ট হয় তরুণ প্রদাহ প্রাচীন রোগে পরিণত হইতে পারে ইহাতে ফুসফুস তন্তুর অংশবিশেষ গাঢ় ও কঠিন হয গুটিকজাত কঠিনতার সহিত ভ্রম হইতে পারে এতদ্দ্বারা দুর্ব্বলতা, শীর্ণতা, কাসি, জ্বরভাব, ক্ষুধালোপ ও বক্ষে যন্ত্রণানুভব হয।

চিকিৎসা —রোগের প্রারম্ভে অতি অল্প মাত্রায ও ঘন ঘন টার্টার এমেটীক প্রযুক্ত হইলে একোনাইট অপেক্ষা অধিক উপকার দর্শে, বিশেষতঃ যদি চর্ম্ম শুষ্ক ও উষ্ণ থাকে রোগী অত্যন্ত দুর্ব্বল হইলে ব্রাণ্ডি ব্যবস্থা করা বিধেয় বেদনার আতিশয্য নিবারণার্থ মর্ফিয়ার ইন্‌জেকসন্ টাইফয়েড অর্থাৎ সান্নিপাতিক লক্ষণ বর্ত্তমানে ফস্ফরস উত্তাপ হ্রাস করিবার জন্য স্যালিসিলেট অব্ সোডা; ব্রাইওনিয়া ও ভিরেট্রম ভিরিড

প্রযোজ্য অথবা, এণ্টিপাইরিন, ফিনোসিটিন সাবধানে প্রযুক্ত হইতে পারে, কিন্তু বিশেষ উপকার দর্শে না কোষ্ঠবদ্ধ থাকিলে ক্যাষ্টর অয়েল এক মাত্রা রোগীকে স্থির ও নিস্তব্ধ ভাবে শয়িত রাখিবে রোগীর বাসগৃহের বায়ু আর্দ্র রাখিবে দৈহিক উত্তাপ হ্রাস ও প্রদাহ দমন করণার্থ লাইকর এমোনিয়া এসিটেটীস—২৮২, ২৮৩; লাইকর এমোনিয়া এসিটেটীস ও একোনাইট ২৮৮, অথবা লাইকর এমোনিয়া এসিটেটীসের সঙ্গে ভাইনম কলচিকম বা টিংচর্ ওপিয়ম কাসির উগ্রতা নিবারণার্থ ক্লোরোফর্ম্ম আঘ্রাণ; রোগী অত্যন্ত দুর্ব্বল হইলে এমোনিয়া ও ক্লোরোফর্ম্ম ৩১০; বক্ষঃস্থলে মসিনার পুলটীস; পপীহেড্ ফোমেণ্টেসন, টর্পেণ্টাইন ষ্টুপ্স পথ্য পথ্য, শীতল জল, দুগ্ধ, মাংসের যূষ, ব্রাণ্ডি, পোর্ট আদি সুরা, ডিম্ব। বলকারক ঔষধের মধ্যে বার্ক ও এমোনিয়া; কুইনাইন ও আয়রণ—৩, ৯, ১৮৩, ১৮৪, ১৭৬ হৃৎপিণ্ডের দৌর্ব্বল্য প্রাদুর্ভূত হইলে ব্রাণ্ডির সঙ্গে লাইকর ষ্ট্রীকনিয়া সেবনার্থ বিধান করিবে অথবা ২।৩ ফোটা লাইকর ষ্ট্রীকনিয়া হাইপোডর্ম্মিক ইন্জেক্সন দিবে। ডিজিটেলিস, কফিইন, স্পারটীন, ষ্ট্রোফান্থস উপকারী এমন কার্ব্ব ও সেনেগা ৩০১, ৩০৩, বিবিধ প্রকার উত্তেজক কফ নিঃসারক ঔষধ প্রযোজ্য ৩, ৮, ১৩, ৯৭, ৩০৬, ৩০৮, ৩১১, ৩২২ রোগ প্রাচীনাকার ধারণ করিলে আইয়োডাইড অব পটাসিয়ম ৪০৫, ৪০৭; আইয়োডাইড্ অব্ আয়রণ, ক্লোরাইড অব্ এমোনিয়া; কড্লিভর অয়েল; আইয়োডিন লিনিমেণ্ট বক্ষে মর্দ্দন; পুষ্টিকর পথ্য ও বায়ু পরিবর্ত্তন ইত্যাদি। পূর্ব্বে এই রোগে অধিক মাত্রায় এণ্টিমনী, ক্যালো-

মেদ ও রক্তমোক্ষণাদি ব্যবহৃত হইত; কিন্তু এক্ষণে তদ্দ্বারা চিকিৎসা করা প্রথা উঠিয়া গিয়াছে প্রদাহ অত্যন্ত বর্দ্ধিত হইয়া যদি পচন উপস্থিত হয়, তাহা হইলে উত্তেজক ও বলকারক ঔষধ; সুরাদি, মাংস যূষ, লাইকর সোডি ক্লোরেটী ৭, এমোনিয়া ও বার্ক; ক্লোরেট অব্ পটাস ও ষ্টীল ১৮৯, কড্ লিভর অয়েল কার্ব্বলিক এসিড ও ক্রিয়েজোটের ইনহেলেসন বা টর্পেন্টাইন ভেপার কুইনাইন, পোর্ট, সিনকোনা প্রভৃতি দিবে নিদ্রাহীনতায় সল্ফোনাল প্রয়োজ্য। ক্লোরাল—হৃৎপিণ্ডের অবসাদক বিধায় ব্যবহার্য্য নহে বেদনার আতিশয্যে অতি সতর্কতা সহকারে স্বেদজনক ঔষধের সঙ্গে অল্প মাত্রায় মর্ফিয়া দেওয়া যাইতে পারে রোগ প্রশমিত, কাসি ও দৌর্ব্বল্য শান্তির জন্য ক্যাল্সিস হাইপোফস্ফ হিতকর ইহা সিরপ টলু, টিং লঙ্কা বা ইউক্যালিপ্টাই অয়েল সহ ব্যবহার্য্য এই পীড়ার চিকিৎসাকালে হৃৎপিণ্ডের ক্রিয়ার উপর বিশেষ লক্ষ্যরাখা কর্ত্তব্য

থাইসিস্ বা পালমোনারি কন্জম্সন।

যক্ষ্মা—ক্ষয়কাস।

এই রোগ কৌলিক বা স্বয়ম্ভূত হইতে পারে বাম ফুস্ফুস অধিক আক্রান্ত হয় ঊর্দ্ধ অংশের পশ্চাৎ ও অগ্রভাগে সাধারণতঃ গুটিকা সঞ্চিত হয় জীবনের সকল সময়েই এই রোগ জন্মিতে পারে

তরুণ রোগ —এই পীড়া অত্যন্ত বিরল সহসা শীত, কম্প, জ্বর, বেদনা, কাসি ও শ্বাসকৃচ্ছ্র উপস্থিত হইয়া

রোগ আরম্ভ হয়। কিয়ৎকাল পরেই বিলেপী জ্বর (হেক্‌টিক ফিভর), অতিশয় স্বেদস্রাব ও উদরাময় প্রাদুর্ভূত হইয়া থাকে। ফুসফুস বিধান অবিলম্বে নষ্ট হইয়া উহার মধ্যে গহ্বর জন্মে। ক্রমশঃ শীর্ণতা পরিবর্দ্ধিত হয় রোগের প্রারম্ভ কালাবধি ৩ হইতে ১২ সপ্তাহের মধ্যে অতিশয় অবসন্নতা উপস্থিত হইয়া রোগীর মৃত্যু হয়। ফুসফুসের সর্ব্বস্থানে বিশেষতঃ মধ্য ও নিম্ন বিভাগে (লোবে) গুটিকা সঞ্চিত হয়।

প্রাচীন রোগ।—এই প্রকার পীড়াই সাধারণতঃ দৃষ্ট হয় এক বা উভয় ফুসফুসেই গুটিকা সঞ্চিত হয়। শরীরের অন্যান্য বিধানেও গুটিকা সঞ্চিত হইতে পারে।

লক্ষণ। ক্রমশঃ বর্দ্ধিত কাসি, রক্তোৎকাস, দুর্ব্বলতা, শ্লেষ্মা নিঃসরণ, ক্ষুধাভাব ও মেদাক্ত দ্রব্য ভক্ষণে অনিচ্ছা; অজীর্ণ, নাড়ী দ্রুত, জ্বর, অল্প অল্প শ্বাসকষ্ট, শীর্ণতা, স্বেদস্রাব ও উদরাময়, স্বরদৌর্ব্বল্য বা স্বরভঙ্গ যত দিন পর্য্যন্ত গুটিকা সঞ্চিত হইতে থাকে, ততদিন দৈহিক উত্তাপ বর্দ্ধিত হইয়া ১০৫ ডিগ্রী পর্য্যন্ত হইতে পারে জত্রুস্থি ও অংশফলকাস্থির নীচে অতীব্র কনকনে বেদনা সময়ে সময়ে মলদ্বারে নালী অর্থাৎ ভগন্দর উপস্থিত থাকে। প্রথমাবস্থায় রক্তোৎকাস অতি সাধারণ মুখগহ্বর ও গলাতে শ্বেতবর্ণ ক্ষত গলকোষ, স্বরযন্ত্র ও বায়ু-নলীর শ্লৈষ্মিক ঝিল্লীতে ক্ষীণ প্রদাহ এই সকল স্থানে শ্লৈষ্মিক ঝিল্লীর নিম্নেও গুটিকা সঞ্চিত হইতে পারে স্ত্রীলোক-দের জরায়ুর ক্রিয়া বিশৃঙ্খলা, আর্ত্তব বিলোপ যকৃতে বক্তাধিক্য ও বেদনা হস্তের নখ সকল বক্রীভূত হয় হস্তাঙ্গুলির অগ্রভাগ জড়িত। দৌর্ব্বল্য ও শীর্ণতা ক্রমশঃ পরিবর্দ্ধিত হয়।

অধিক পরিমিত নৈশ ঘর্ম। উদরাময়—অসুস্থ নিঃস্রব বা অন্ত্রে ক্ষত বশতঃ উৎপন্ন হয় মূত্রে সময় সময় আল্‌বুমেন বা শর্করা থাকে শাখায় অর্থাৎ হস্তপদে শোথ ও বেদনা মৃত্যুকাল পর্য্যন্ত মনোবৃত্তি প্রকৃতিস্থ থাকে।

ভৌতিক লক্ষণ বা ফিজিক্যাল সাইন্স

প্রথমাবস্থায়—যদি গুটিকা সঞ্চয় অত্যধিক হইয়া থাকে, তবে জক্রর অধঃ ও উর্দ্ধ প্রদেশ বিস্তৃত হয়। আক্রান্ত দিকের উর্দ্ধ ও সম্মুখ অংশ ভালরূপে প্রসারিত হইতে পারে না আঘাতে ডল্ শব্দ কর্কশ বা নলীয় শ্বাস (টিবুল্যার ইন্‌সপিরেসন) প্রশ্বাস দীর্ঘ বায়ুনলীর শ্বাস ও তাহাতে স্বর প্রতিধ্বনি—ব্রংকিয়েল রেস্‌পিরেসন ও ব্রংকোফনি। দ্বিতীয়াবস্থায়—জক্রর নিম্ন ও উপর প্রদেশ বসিয়া যায়। বক্ষঃ সঞ্চরণের অসম্যকতা। আঘাতে ডল্ শব্দ সুস্পষ্ট যদি গুটিকা অল্প ও এম্ফিসিমা থাকে, তাহা হইলে ডল্ শব্দ হয় না বড় কেশ মর্দ্দন শব্দ বা ক্রিপিটেশন সুস্থ ফুসফুসে—পিউরাইল বা শৈশব শ্বাস শব্দ শ্রুত হয় তৃতীয়াবস্থায়—জক্রর নীচের অংশ অতিশয় বসিয়া যায়। আক্রান্ত দিক বিস্তৃত। পর্শুকা মধ্যস্থান কুঞ্চিত বা পশ্চাদ্ভাগে আকর্ষিত। হৃৎপিণ্ডের স্পন্দন স্পষ্ট অনুভূত ও দৃষ্ট হয়। আঘাতে ডল্ শব্দ। গর্‌গিলিং বা অসুস্থ গহ্বরে তরল পদার্থ দ্বারা এইরূপ শব্দ হয়। ক্যাভর্নস রেসপিরেসন বা গাহ্বরিক শ্বাস গহ্বর আংশিক বা সম্পূর্ণ শূন্য থাকিলে এম্পোরিক রেজোনান্স অর্থাৎ বোতলের মুখে ফুৎকার দিলে যেমন শব্দ হয়। গহ্বর

বৃহদাকার হইলে পেক্‌টোরিলোকুই অর্থাৎ স্বর প্রতিধ্বনি সুস্পষ্ট শুনা যায়

চিকিৎসা।—এট্রপিয়া ১/১২০—১/১৫০ গ্রেণ অধস্ত্বাচ প্রক্ষেপ অথবা ১/৬০ গ্রেণ বটিকাকারে দিলে স্বেদস্রাব নিবারিত হয় নিদ্রার জন্য ক্লোরাল বা সলফোনাল; ইহাতে কাসি ও অধিক স্বেদস্রাব নিবারিত হয়। নৈশ কাসিতে ক্রোটন ক্লোরাল কাসির জন্য জেলসিমিয়ম ইপিকিউয়ানহা স্প্রে—গলাভ্যন্তরে উদরাময়ে করোসিব সব্লিমেট ১/১৬ গ্রেণ নৈশঘর্ম্মে ডোভর্স পাউডর। ফসফেট অব্ লাইম—প্রাচীন রোগে ও উদরাময়ে কুইনাইন—উত্তাপ হ্রাস ও ঘর্ম্ম নিবারণ জন্য ব্যবহার্য্য নিশ্বাসে দুর্গন্ধ ও দুর্গন্ধি শ্লেষ্মাস্রাবে স্যালিসিলিক এসিড ৫ গ্রেণ মাত্রায় প্রয়োজ্য সলফরস এসিডের ইনহেলেসন, স্প্রে বা ফিউমিগেশন। ফুসফুসাভ্যন্তরে গুটিকা সঞ্চিত হইলে সার্ব্বাঙ্গিক স্বাস্থ্যের উন্নতি বিধায়ক উপায়াবলম্বন কর্ত্তব্য পথ্য পুষ্টিকারক হওয়া উচিত; বিশুদ্ধ বায়ুতে ব্যায়াম; বক্ষঃস্থল পশমী কাপড় দ্বারা আচ্ছাদিত রাখা; ঈষদুষ্ণ জলে স্নান ও গাত্র মর্দ্দন। কড্‌লিভর অয়েল সেবন বিধেয় আহারের জন্য ছাগ ও কুক্কুটাদির মাংস, দুগ্ধ, ঘৃত, নবনীত, ব্রাণ্ডি, পোর্টাদি মদ্য পাকাশয়ের শক্তির দুর্ব্বলতা থাকিলে পেপসিন ৪১৭; স্যাকেরেটেড্ সলিউসন অব্ লাইম। বায়ু পরিবর্ত্তন এই রোগের পক্ষে বিশেষ হিতকর এই রোগের সর্ব্ব প্রধান ঔষধ কড্‌লিভর অয়েল—১৯২, ৪১০ প্রথমে এক চা চামচ মাত্রায় দুগ্ধের সহিত আহারান্তে সেবনীয় ইহা দিনে দুই তিনবার সেবন করান যাইতে পারে পাকাশয়ে অম্ল উৎপন্ন হইলে লাইম ওয়াটারের সঙ্গে কডলিভর অয়েল দিবে, বুকজ্বালা ও

ও বিবমিষা থাকিলে উহার সঙ্গে পেপসিন দিবে কডলিভর অয়েল ও মল্ট একষ্ট্রাক্ট প্যান্‌ক্রিয়েটীন্ ৬ হইতে ৮ গ্রেণ মাত্রায়, জল বা জিঞ্জর ওয়াইনের সঙ্গে; প্যান্‌ক্রিয়েটীক ইমলসন্ ১—৪ ড্রাম মাত্রায় আহারের পরই সেব্য কড্‌লিভর অয়েল যদি পাকাশয়ে সহ্য না হয়, তবে ইহার পীচকারি বা মর্দ্দন ব্যবহার্য্য গ্লিসিরিন; কোকোয়া নট অয়েল বা সাইট্রেট অব্ আয়রণ এণ্ড এমোনিয়া সিরপ অব্ আইয়োডাইড্ অব্ আয়রণ, টিংচর অব্ পারক্লোরাইড্ অব্ আয়রণ ও কুইনাইনাদি—১৮১ ১৮২, ১৭৬, ১৮৯, ১৯৩, ২০১ বিবিধ প্রকার লৌহঘটিত ঔষধ আইয়োডিন ও আইয়োডাইড্ অব্ পটাসিয়ম্ ১৭৫, ১৯২, ৩৯৯, ৪০১, ৪০৭, ৪১১ লিকুইড একষ্ট্রাক্ট অব্ সিনকোনা, লাইকর পটাশ; আর্সিনিক ৪১১, যক্ষবস; হাইপো ফস্ফাইট অব সোডা ও লাইম, ৪৩০ কাসির আতিশয্য থাকিলে মর্ফিয়া বা ওপিয়ম; স্নিগ্ধ পানীয় রক্ত উঠিতে থাকিলে অয়েল অব্ টর্পেণ্টাইন ২১৭, এমোনিয়ো সলফেট অব্ আয়রণ, গ্যালিক এসিড ইত্যাদি হৃৎপিণ্ডের ক্রিয়ার উগ্রতা বর্ত্তমান থাকিলে হাইড্রোসিয়ানিক এসিড ডিল বা তৎসঙ্গে অল্প মাত্রায় ডিজিটেলিস বা টিংচর অব্ আমেরিকান্ ওয়াইল্ড চেরি নৈশ স্বেদস্রাব নিবারণার্থ গ্যালিক এসিড, মিনারেল এসিড্‌সের সঙ্গে; বা ইনফিঃ বার্ক বা শয়নকালে অক্সাইড অব্ জিঙ্ক ৫ গ্রেণ বা কড্‌লিভর অয়েল ও পোর্ট ওয়াইন। উদরাময় নিবারণার্থ ক্যাটিকিউ ২২০; কটো; কাইনো ও লগ্‌উড ২২২ কম্পাউণ্ড কাইনো পাউডর; ওপিয়ম এনিমা; বিসমথ—২২৪, ২৩৪, ২৩৫; অক্সাইড অব্ সিলভর ও ওপিয়ম। সলফেট অব্

কপার ও ওপিয়ম শ্লেষ্মাস্রাব হ্রাস করণার্থ ও উগ্রত্ত নিবারণার্থ টর্পেন্টাইন ইন্‌হেলেশন, হাইড্রোসিয়ানিক এসিড ইন্‌হেলেশন বক্ষঃস্থলে প্রত্যুগ্রতা সাধনার্থ ক্রোটন অয়েল লিনিমেণ্ট, ব্লিষ্টার, ড্রাইকপিং; সিনাপিজম্‌স, টর্পেন্টাইন ষ্টুপ্‌স, আইয়োডিন লিনিমেণ্ট, বেলেডোনা ও একোনাইট লিনিমেণ্ট ফুসফুসে ক্যান্সার হইলে পুষ্টিকারক খাদ্য, কড্‌লিভর অয়েল, উত্তেজক, বলকারক ও বেদনা নিবারক ঔষধ প্রযোজ্য গোয়েকল, ইউক্যালিপ্টল, ক্রিয়েজোট প্রভৃতি সেবন ও আঘ্রাণ হিতকারী কার্বনেট অব্ গোয়েকল ১০ ১৫ গ্রেণ, দিনে ২ ৩ বার দুগ্ধের সহিত সেবনে বিশেষ উপকার দর্শে আর্সিনিক ও সলফর প্রযোগেও বিশেষ উপকার হয়

ডিজিজেস্ অব্ দি হার্ট—হৃৎপিণ্ডের পীড়া

পেরিকার্ডাইটীস।—(হৃৎপিণ্ডাবরক ঝিল্লী প্রদাহ)

হৃৎপিণ্ডের আবরক পর্দ্দার প্রদাহ বাত, ব্রাইটাখ্য মূত্রগ্রন্থির পীড়া, পূযাত্মক রক্ত ও শীতাদ রোগের সঙ্গে এই পীড়া সর্ব্বদা উপস্থিত হইতে দেখা যায়

লক্ষণ।—সময় সময় এত সামান্য যে সহসা রোগ নির্ণয় করিতে পারা যায় না স্রাবীণ পদার্থ স্বল্প ক্ষরিত হয় বা ক্ষরিত মত্ত অবিলম্বে আচুষিত হয় বা পর্দ্দার সংযোগ উপস্থিত হয়; তখন কেবল জ্বরভাব ও হৃৎপিণ্ড প্রদেশে কষ্ট বোধ হয় স্রাব অতিশয় হওয়ায় (হাইড্রোপেরিকার্ডিয়ম) হৃৎপিণ্ড চাপিত হইলে উহার স্পন্দন বিশৃঙ্খল হয় অত্যন্ত

প্রবল জ্বর, হৃৎপ্রদেশে বেদনা, ঐ বেদনা ছুরিকা বা তীর বেধবৎ ও বাম অংসফলকাস্থির ভিতর দিয়া বাম জত্রুস্থি ও স্কন্ধদেশ পর্য্যন্ত উত্থিত হইয়া পরে বাহু পর্য্যন্ত নামিয়া আইসে হৃৎপিণ্ডের ক্রিয়া বিশৃঙ্খল, নাড়ীস্পন্দন অনিয়মিত, শ্বাসকৃচ্ছ্র, শয়ন করিতে অশক্তি, মুখাকৃতি ঔৎকণ্ঠিক, কর্ণে নিনাদ, শিরোঘূর্ণন, নাসারক্তস্রাবাদি লক্ষণ প্রকাশিত হয় রোগ বৃদ্ধির সঙ্গে সঙ্গে সাতিশয় দুর্ব্বলতা, কাসি, সময় সময় শ্বাসাবরোধ, মূর্চ্ছা প্রবণতা, মুখমণ্ডল ও শাখাতে শোথ সাতিশয় অস্থিরতা, মুখমণ্ডল বিকৃত, ধনুষ্টঙ্কারবৎ আক্ষেপ, প্রলাপ।

ভৌতিক লক্ষণ —ফ্রিক্‌সন বা ঘর্ষণশব্দ শুনিতে পাওয়া যায় ও হস্তে অনুভূত হয় হৃৎপিণ্ডের ক্রিয়ার উগ্রতা

চিকিৎসা।—প্রথমাবস্থায় সাতিশয় বেদনা ও প্রদাহ থাকিলে একোনাইট টিংচর অল্প মাত্রায় বারংবার সেব্য কোষ্ঠবদ্ধ থাকিলে ক্ষারঘটিত বিরেচক ৩৩১, ৩৩২, ৩৩৪, ৩৩৯ বাই-কার্ব্বনেট অব্ পটাশ ৩০ গ্রেণ মাত্রায় ২৩ ঘণ্টান্তর বেদনা ও অস্থিরতা নিবারণার্থ ওপিয়ম, ওপিয়ম ও বেলেডোনা—৮৮, ৯৫, ১০১ ভেপার বাথ, পপী ও ক্যামোমাইল ফোমেণ্টেশন্, মসিনার উষ্ণ পুলটীস ক্ষার পানীয়—২৯২, ২৯৩, ২৯৬ হৃৎপিণ্ডের বলবিধানার্থ ডিজিটেলিস লঘু পথ্য, মণ্ড, সাগু, এ্যারারুট, দুগ্ধ, মাংস যূষ ও মদ্যাদি দেওয়া বিধেয় রস স্রাবিত হইয়া সঞ্চিত হইলে ব্লিষ্টার ও সেবনার্থ আইয়োডাইড অব্ পটাসিয়ম, রেড আইয়োডাইড অব্ মার্করী ট্যাপিং বাত পীড়া জনিত রোগে বাতপীড়ার চিকিৎসা অবলম্বনীয়

এণ্ডোকার্ডাইটীস হৃৎপিণ্ডাভ্যন্তরস্থ-ঝিল্লীপ্রদাহ।

হৃৎপিণ্ডাভ্যন্তরে প্রলিপ্ত মাস্তক ঝিল্লীর প্রদাহ, ইহা সচরাচর তরুণ সন্ধিবাত রোগ-সংশ্লিষ্ট থাকে সাধারণতঃ পেরিকার্ডাইটীস রোগের সহিতও মিলিত ভাবে উপস্থিত হয়

লক্ষণ —প্রবল রোগে হৃৎপিণ্ড প্রদেশে যাতনা ও অসুখ বোধ জ্বর; নাড়ী ক্ষুদ্র, ক্ষীণ ও পর্য্যায়শীল চিৎ হইয়া শয়ন করিয়া থাকিতে রোগী ভাল বাসে অস্থিরতা ও উৎকণ্ঠা, শীতল স্বেদস্রাব যাতনাদায়ক শ্বাসকৃচ্ছ্র, সতত পার্শ্ব পরিবর্ত্তন, মূর্চ্ছা বাত রোগের সঙ্গে উৎপন্ন হইলে কখন কখন নির্ণয় করিতে পারা যায় না দক্ষিণ দিক অপেক্ষা হৃৎপিণ্ডের বামদিকে এই পীড়া অধিক হয় কপাট ও দ্বার আচ্ছাদক ঝিল্লীই সাধারণতঃ আক্রান্ত হয় সাক্ষাৎ সম্বন্ধে সাংঘাতিক নহে, কিন্তু পরম্পরিত ফল তদ্রূপ। পরিণাম—হৃৎপিণ্ডের কপাটের স্থায়ী পীড়া, রক্তাপকৃষ্টতা, রক্ত সঞ্চালনের অবরোধ, উদরী বা আকস্মিক মৃত্যু

চিকিৎসা —পূর্ব্ববর্ণিত রোগের ন্যায় প্রদাহের প্রারম্ভ হইতেই কার্ব্বনেট অব্ এমোনিয়া; য়্যারোমেটীক স্পিরিট অব্ এমোনিয়া দিবে—ইহাতে হৃৎপিণ্ডের অভ্যন্তরে ফাইব্রিণ জন্মিতে পারে না

ভ্যাল্‌ভিউলার ডিজিজ অব্ হার্ট— হৃৎপিণ্ডের কপাটের পীড়া।

হৃৎপিণ্ডের অভ্যন্তর-প্রলিপ্ত ঝিল্লীর প্রদাহ বশতঃ উহার অনেক পরিবর্ত্তন সংঘটিত হয়, অর্থাৎ উহার উপরে ও নীচে লসীকা

সঞ্চিত হইয়া থাকে। হৃৎপিণ্ডের দ্বারের কপাট সকলের স্বচ্ছতা ও কোমলতা বিনষ্ট হইয়া উহা পুরু, সংকুচিত ও পরস্পর সংযুক্ত হয়, প্রদাহ ব্যতীত কপাটে ক্যাল্‌সি ও তদ্রূপ মাংসাঙ্কুর উপস্থিত হইতে পারে। উহা অস্থিতে বা অন্যান্য বিধানে পরিবর্ত্তিত হইতে পারে। পরিণামফল দ্বিবিধ। দ্বার সংকুচিত ও অপ্রশস্ত হইয়া রক্তসঞ্চালনের ব্যাঘাত বা অবরোধ জন্মে, ইহাকে ভ্যালভিউলার অবষ্ট্রক্‌শন্ বলে। অথবা কপাট পুরু ও ছোট হইলে উহা দ্বারা দ্বার সম্পূর্ণ রুদ্ধ হইতে না পারায় রক্ত প্রত্যাগত হইয়া থাকে, ইহাকে ভ্যাল-ভিউলার ইন্‌সফিসিয়েন্সি বলে।

লক্ষণ।—শ্বাসকষ্ট, সামান্য প্রকার হইতে অত্যন্ত প্রবলাকার হইয়া থাকে এবং উহা শ্রম দ্বারা বর্দ্ধিত হয়। হৃৎবেপন ও হৃৎপিণ্ডের ক্রিয়া বিশৃঙ্খলা এবং আকর্ণনে তৎসহ অন্যান্য শব্দ ও মর্ম্মর শ্রুত হয়। নাড়ীস্পন্দনের পরিবর্ত্তন হয়। মাইট্রল কপাটের পীড়ায় নাড়ী কোমল ও অনিয়মিত; কিন্তু হৃৎধমনীর কপাটের পীড়ায় কঠিন ও লম্ফনশীল, অথচ নিয়মিত। ফুসফুসে রক্তাধিক্য, বায়ুনলীভুজ ও ফুসফুস-প্রদাহ, ফুসফুসে রক্তস্রাব। নাক, মুখ, পাকাশয় ও বায়ুনলী হইতে রক্তস্রাব। অধঃশাখায় শোথ, সময় সময় বাহু ও মুখমণ্ডলেও শোথ, বক্ষোদক বা হাইড্রোথোরাক্স উদরী। শোথ ও উদরী সাধারণতঃ হৃৎপিণ্ডের বাম অপেক্ষা দক্ষিণদিকের পীড়ায় অধিক প্রকাশিত হয়। শিরোবেদনা, কর্ণে শব্দ, শিরোঘূর্ণন, মূর্চ্ছা, মস্তিষ্কে রক্তাধিক্য ও মস্তিষ্কে রক্তস্রাব—এই সকল হৃদ্ধমনীর পীড়ার বিশেষ লক্ষণ। নিদ্রাকালে চমকাইয়া উঠা, ভীতিকর স্বপ্ন, বিশ্রামের ব্যাঘাত। যকৃৎ ও প্লীহা বিবৃদ্ধি পরিপাকক্রিয়া বিশৃঙ্খল; মুখমণ্ডল ঈষৎ স্ফীত, কপোলদেশ রক্তবর্ণ,

ওষ্ঠে রক্তাধিক্য ও চক্ষু উজ্জ্বল বোগ যত বৃদ্ধি হইতে থাকে, বোগী তত দুর্ব্বল ও স্নায়ুপ্রধান হয় অধিক শ্রম, মানসিক ভাব, অনুপযুক্ত খাদ্য এবং শৈত্য ও আর্দ্রতা দ্বারা রোগীর অসুখ বৃদ্ধি হয়। অবশেষে মৃত্যু—কখন সহসা মূর্চ্ছা বশতঃ হয় কিম্বা ক্রমশঃ আনুষঙ্গিক অসুস্থতা হইতে সংঘটিত হইয়া থাকে

ভৌতিক লক্ষণ।—হৃৎপিণ্ডের এক বা উভয় শব্দের সহিত বা তৎপবিবর্ত্তে বিলোড্ মবমর অর্থাৎ কামারের জাঁতার ন্যায় শব্দ হয় মর্ম্মব কখন কর্কশ বা পাবাবতের ন্যায় বা সিস্ দেওয়া বা বাদ্যযন্ত্রের ন্যায় হয় যে প্রকাব হউক না কেন, ইহা হৃৎপিণ্ড ও বৃহৎ ধমনীতে রক্ত সম্পূর্ণ সঞ্চালিত হইতে বাধা পাইলে উৎপন্ন হয়, ইহাকে অর্গানিক বা যান্ত্রিক মর্ম্মব বলে এবং রক্তের পরিবর্ত্তিত অবস্থা বা হৃৎগহ্বরে জমা রক্তখণ্ড (ক্লট) দ্বারা রক্ত সঞ্চালনের বাধা জন্মিলে ইন্অর্গানিক বা ফংসনাল অর্থাৎ যান্ত্রিক বা ক্রিয়াজ মর্ম্মব কহে দক্ষিণ দিক অপেক্ষা হৃৎপিণ্ডের বাম দিকের প্রলিপ্ত ঝিল্লী, কপাট ও দ্বার অধিক পীড়িত হয়। ট্রাইকস্পিড বা পালমোনারি ভাল্ভের পীড়া নিশ্চয়ীকৃত করিতে পারা যায় না হৃদ্ধমনী ও মাইট্রাল কপাটের পীড়ার লক্ষণাদির তালিকা—

ব্রুট —যদি সিষ্টলিক অর্থাৎ প্রথম শব্দ সহ হয় ও তাহা হৃৎপিণ্ডের বেস্ বা মূলে উচ্চতব হয়, তবে এয়র্টিক অবষ্ট্রক্সন্ অর্থাৎ হৃদ্ধমনীর অবরোধ আর উহা হৃৎপিণ্ডের এপেক্স বা অগ্রভাগে হইলে মাইট্রাল ইনসফিসিয়েন্সি অর্থাৎ অসম্পূর্ণতা।

ব্রুট।—যদি ডায়াষ্টলিক অর্থাৎ ২য় শব্দজ হয় ও মূলদেশ উচ্চতর হয়, তবে এয়র্টিক ইন্সফিসিয়েন্সি বা হৃৎধমনীর অসম্পূর্ণতা। এপেক্স অর্থাৎ অগ্রভাগে হইলে মাইট্রাল অবষ্ট্রকসন্।

নাড়ী—নিয়মিত, পুষ্ট বা সবল, বা কম্পন ও লম্ফনশীল হইলে এয়র্টিক ডিজিজ বা হৃদ্ধমনীয় পীড়া নাড়ী যদি অনিয়মিত, পর্য্যায়শীল, অসম, কোমল, ক্ষুদ্র ও দুর্ব্বল হয়, তবে মাইট্রাল ডিজিজ বা মাইট্রাল কপাটের পীড়া

ফুসফুসীয় ধমনীস্থ অর্দ্ধচন্দ্রাকৃতি কপাটের পীড়ায় বুকাস্থির মধ্যাংশের বাম ধার হইতে বাম জত্রুস্থি পর্য্যন্ত স্থানে বিলোজ মর্ম্মর শ্রুত হয়। নাড়ীস্পন্দন অপরিবর্ত্তিত থাকে দক্ষিণ হৃৎকর্ণ ও হৃদুদরের মধ্যে টাইক্রসপিড্ ভাল্‌ভ থাকে তাহার পীড়া অতি বিরল। পীড়া হইলে বুকাস্থির মধ্য ও অধঃ অংশ হইতে পাকাশয় প্রদেশ পর্য্যন্ত মর্ম্মর শ্রুত হওয়া যায় হৃদ্ধমনী ও তাহার শাখাতে শোনা যায় না জুগুলার বা গ্রীবার শিরা স্পন্দিত হইতে থাকে ধমনীর স্পন্দন অপরিবর্ত্তিত থাকে মর্ম্মর সিষ্টলিক বা ডায়াষ্টলিক ইহা স্থির করিতে হইলে আকর্ণন সময়ে মণিবন্ধস্থ ধমনীতে অঙ্গুলি সংস্থাপন করিয়া দেখিবে সিষ্টলিক হইলে নাড়ীস্পন্দনের সমবর্ত্তী হইবে এবং হৃৎপিণ্ডের অগ্রভাগে সুস্পষ্ট হইলে তাহা মাইট্রাল পীড়ার পরিচায়ক ডায়াষ্টলিক হইলে নাড়ী স্পন্দনের সমবর্ত্তী হয় না এবং বুকাস্থির মধ্যস্থল ও হৃদ্ধমনীর অবস্থান প্রদেশে সুস্পষ্ট শ্রুত হয়, তবে তাহা এয়র্টিক ডিজিজ বা হৃৎধমনীর জ্ঞাপক

চিকিৎসা —এই রোগের চিকিৎসার প্রথম উদ্দেশ্য এই যে, হৃৎপিণ্ড প্রাচীরে বল প্রদান ও তাহার অস্বাভাবিক ক্রিয়া ক্ষান্ত করণার্থ বলকারক ও অবসাদক ঔষধ যথা—ডিজিটেলিস; বেলে-ডোনা, ভ্যানেবিকান্ ওয়াইল্‌ড চেরি; হাইড্রোসিয়ানিক এসিড; একোনাইট, কোনিয়ম; হেনবেন, হপ ও মর্ফিয়া ব্যবহার্য্য এই সকল ঔষধ বিশেষতঃ সর্ব্বশেষোক্তটী বিশেষ সাবধানতার

সহিত ব্যবহার করা কর্ত্তব্য কারণ শ্বাসকষ্ট, কাসেতে কষ্ট ও নাড়ী ক্ষীণ থাকিলে উহাতে সাংঘাতিক ফলোৎপত্তি হইতে পারে এই সকল ঔষধের মধ্যে ডিজিটেলিস সর্ব্বাপেক্ষা শ্রেষ্ঠ দ্বিতীয় উদ্দেশ্য এই যে, অন্যান্য প্রকার আনুষঙ্গিক পীড়া (ফুসফুসীর রক্তাধিক্য, ফুসফুস প্রদাহ, রক্তপিত্ত, যকৃৎ ও মূত্রগ্রন্থিতে রক্তসঞ্চয় ও উদরী) যাহাতে উৎপন্ন না হয়, তাহার চেষ্টা করা তজ্জন্য পুষ্টিকর খাদ্য, বিরেচক, মূত্রকারক ও যন্ত্রাদির ক্রিয়ার সুশৃঙ্খলা বিধায়ক ঔষধ ও উপায় সকল অবলম্বন করা বিধেয় তৃতীয় উদ্দেশ্য— হৃৎপিণ্ডকে বল ও শক্তিপ্রদান করা তজ্জন্য কড্‌লিভর অয়েল, উত্তেজক ঔষধ, বিশুদ্ধ বায়ু সেবন, উষ্ণবস্ত্র পরিধান, প্রত্যূষে গাত্রোত্থান, অল্প অল্প ব্যায়াম, শীতল বা ঈষদুষ্ণ জলে স্নান; ডিজিটেলিস, ষ্ট্রোফান্থস ও বিবিধ প্রকার লৌহঘটিত ঔষধ সেবন কফিইন, স্পার্টিন, কনভালারিয়া, মেজেরিন, স্কুইল, ষ্ট্রীকনিন, আর্সিনিক, এডোনিস্ ভার্ণেলিস ও ক্লোরাইড অব্ বেরিয়ম প্রভৃতি হিতকর

হাইপারট্রফী অব্ দি হার্ট—হৃৎপিণ্ডের বিবৃদ্ধতা

পূর্ণবয়স্ক পুরুষের হৃৎপিণ্ড ওজনে ৯০ আউন্স ও স্ত্রীলোকদের ৮০ আউন্স ৬০ বৎসর বয়সের পর বাম হৃদ্গহ্বরের প্রাচীরের পুরুতা বশতঃ ওজন কিঞ্চিৎ বেশী হয় এক বা ততোধিক গহ্বরের পৈশিক প্রাচীর পুরু হইতে পারে; কিন্তু তদ্ধেতু গহ্বরের পরিমাণ কমে না ইহাকে সিম্পল হাইপরট্রফি বলে আর প্রাচীর পুরু ও তৎসঙ্গে গহ্বর প্রসারিত হইলে তাহাকে হাইপরট্রফি উইথ্ ডাইলেটেসন্ কহে অথবা

প্রাচীর পুরু হইয়া গহ্বর ছোট হইতে পারে; তদ্রূপ হইলে তাহাকে কনসেণ্ট্রিক হাইপারট্রফি বলে। বিবৃদ্ধি অনেক সময় উপকারী ইহাতে হৃৎপিণ্ডের মধ্যে রক্তসঞ্চালনের ব্যাঘাত দূরীভূত বা ইহার স্বাধীন ক্রিয়া সম্পাদনের সাহায্য হয়। বাম হৃদ্দর বিবৃদ্ধি ও তৎসহ কপাটের পীড়া অতি সাধারণ। বাম হৃদ্দর বিবৃদ্ধি সত্বে রক্তসঞ্চালনের অবরোধ জন্মে না এরূপ প্রায়ই ঘটে না, কিন্তু কখন কখন প্রাচীন ব্রাইটাখ্য পীড়ায় দৃষ্ট হয় দক্ষিণ হৃদ্দরের প্রসারণ সম্বলিত বিবৃদ্ধি—সাধারণতঃ প্রাচীন ফুসফুস পীড়ায় রক্তসঞ্চালনে বাধা জন্মিলে উৎপন্ন হয়।

লক্ষণ।—বিবৃদ্ধির পরিমাণানুসারে সমুদ্ভূত হয়। সতত হৃৎবেপন, শ্বাসকৃচ্ছ্র, দ্রুত পাদচারণে কষ্ট, হৃৎপ্রদেশে বেদনা ও অসুখবোধ, শিরঃপীড়া, বারম্বার শিরোঘূর্ণন। সুস্থাবস্থা অপেক্ষা হৃৎপিণ্ডের প্রথম শব্দের সুস্পষ্ট শ্রুতির হ্রাস জন্মে। হৃৎপিণ্ডের সঞ্চালনশক্তি দ্রুত ও স্পন্দনের প্রসারতা হয়। কপাটের পীড়ায় মর্ম্মর শ্রুত হয়

চিকিৎসা।—রোগীকে উৎকণ্ঠিত ও উত্তেজিত হইতে দিবে না এবং লক্ষণানুসারে ঔষধ ব্যবস্থা করিবে। অত্যন্ত দৌর্ব্বল্য থাকিলে কুইনাইন ও ষ্টীল ১৭২, ১৭৬, ১৭৮, ১৮৭, ২০১, ২০৪, ২০৫। বার্ক ১৮৩, ১৮৫, ১৯৩ মিনারেল এসিড্স ১৬৯; ১৭০। যদি হৃৎপিণ্ডের বেগ অত্যন্ত অধিক হয়, তবে একোনাইট ২৭২। ডিজিটেলিস ২৬৯ শ্বাসকষ্ট অধিক থাকিলে উত্তেজক মিশ্র ২, ৩, ৫। হৃৎপিণ্ডের গহ্বর প্রসারণ রোগ উপস্থিত হইলে আক্ষেপনিবারক, লৌহঘটিত বলকর ঔষধ ও পুষ্টিকর খাদ্য দেওয়া বিধেয়

য়্যাট্রফী এণ্ড ফ্যাটি ডিজেনেরেসন অব্ দি হার্ট।

হৃৎপিণ্ডের হ্রস্বতা ও মেদাপকৃষ্টতা

এই রোগ দ্বিবিধ। প্রথম প্রকারে হৃৎপিণ্ড শীর্ণ ও উহার সমস্ত বিধান ক্ষয়প্রাপ্ত হইতে থাকে দ্বিতীয় প্রকারে পৈশিক সূত্র আক্রান্ত হয় ও তৎস্থলে অল্প বা অধিক মেদ পদার্থ সঞ্চিত হইয়া থাকে

১ সিম্পল এট্রফি বা সহজ হ্রস্বতা কর্কটিকা, গুটিকা, বহুমূত্র প্রভৃতি অবসাদক পীড়ার সঙ্গে জন্মে হৃৎপিণ্ডের আকৃতি হ্রাসপ্রাপ্ত হয় মৃত্যুর পরে হৃৎপিণ্ড ওজনে ৫ আউন্স দৃষ্ট হয় বিশেষরূপে পরীক্ষা করিয়া দেখিলে পৈশিক সূত্র ফেকাসে ও কোমল—কিন্তু অন্যান্য বিষয়ে সুস্থ দেখায় সার্ব্বাঙ্গিক অবস্থানুসারে চিকিৎসা কর্তব্য এই রোগ অন্য অন্য রোগের লক্ষণ বলিয়া পরিগণিত হইতে পারে

২ ফ্যাটি ডিজেনারেসন বা মেদাপকৃষ্টতা স্বতন্ত্রভাবে বা যকৃৎ, মূত্রযন্ত্র ও চক্ষু আদির মেদরোগ সহ উপস্থিত হয় ইহার সহিত কপাটের পীড়া কদাচ বিদ্যমান থাকে। যদি কখন থাকিতে দেখা যায়, তবে মাইট্রাল অপেক্ষা হৃদ্ধমনীর কপাটের পীড়া থাকা দৃষ্ট হয়।

লক্ষণ হৃৎপিণ্ডের ক্রিয়া ক্ষীণ, নাড়ীস্পন্দন কখন কখন এত মৃদু হয় যে, প্রতি মিনিটে কেবল ৪৫ বা ৫০ বার স্পন্দিত হইয়া থাকে সার্ব্বাঙ্গিক দুর্ব্বলতা স্বল্পক্ষণস্থায়ী শিরোঘূর্ণন বা মূর্চ্ছা স্নায়বীয় অবসন্নতা ও বলহানি হৃৎস্ক

দুর্ব্বল, শ্বাসকৃচ্ছ্রতার আক্রমণ হৃৎশূলের অনেক লক্ষণ বিদ্যমান থাকিতে পারে চক্ষুর কালক্ষেত্রে মেদাপকৃষ্টতা জন্য একটী চক্র উৎপন্ন হয়, তাহাকে আর্কস সেনিলিস বলে স্ত্রী অপেক্ষা পুরুষদের উহা অধিক হয়। বৃদ্ধ বয়সেই ইহা অতি সাধারণ আকস্মিক মৃত্যু সংঘটিতে পারে—সম্ভবতঃ হৃৎপিণ্ডের বিদারণ বশতঃ হয়

চিকিৎসা —সার্ব্বাঙ্গিক লক্ষণানুসারে চিকিৎসা করিবে আর অধিক মেদ সঞ্চিত হইতে না পারে তাহার চেষ্টা করিবে তজ্জন্য পুষ্টিকর খাদ্য, মাংস, বিশুদ্ধ বায়ুসেবন, প্রত্যূষে শয্যাত্যাগ, মৃদু ব্যায়াম মৃদু লৌহঘটিত ঔষধ, বার্ক, পানার্থ সোডা ওয়াটর, ব্রাণ্ডি বা শেরী অল্প পরিমাণে সল্ট ওয়াটর স্পঞ্জিং, তামাকাদির ধূমপান করিবে না কড্‌লিভর অয়েল দেওয়া যাইতে পারে কোন কোন চিকিৎসক তৈল ও মেদাক্ত দ্রব্য ব্যবহার করিতে নিষেধ করেন

সায়ানোসিস—নীলরোগ

হৃৎপিণ্ডের গঠনের বৈলক্ষণ্য বশতঃ প্রধানতঃ উৎপন্ন হয়, ইহাতে চর্ম্ম নীলবর্ণ হয় ফোরেমেন ওভেলি বা হৃৎ কর্ণদ্বয়ের মধ্যবর্ত্তী ডিম্বাকার ছিদ্র স্থায়ী হইলে এই রোগ হয়। হৃদুদর বা হৃৎকর্ণের প্রাচীরে অস্বাভাবিক ছিদ্র, এক হৃদুদর হইতে হৃদ্ধমনী ও ফুসফুসীয় ধমনীর উৎপত্তি অথবা হৃদ্ধমনী দক্ষিণ ও ফুস্ফসীয় ধমনী বাম হৃদুদর হইতে উৎপন্ন হইলেও এই রোগ জন্মে।

লক্ষণ।—চর্ম্মের বিবর্ণতা, শরীর শীতল, মুখগহ্বরের উষ্ণতা ৭৭ ডিগ্রি পর্য্যন্ত হ্রসিত হৃৎবেপন, শ্বাসকৃচ্ছ্র, উত্তেজনায় মূর্চ্ছা হস্ত ও পদের অঙ্গুলি সকল অধিক পুরু ও উন্নত নখ বক্রীভূত জননেন্দ্রিয় অসম্পূর্ণভাবে বৰ্দ্ধিত হয় আভ্যন্তরিক যন্ত্র সকলে রক্তাধিক্য ও শোথ শিশুদের হইলে সত্বর মৃত্যুমুখে নিপতিত হয় কখন কখন অনেক দিন পর্য্যন্ত জীবিত থাকিতে পারে স্ত্রী অপেক্ষা পুরুষদের এই রোগ অধিক হয়

চিকিৎসা —পুষ্টিকর পথ্য, উষ্ণ বস্ত্র পরিধান, ক্লান্তি ও মানসিক উত্তেজনা পরিহার, বিশুদ্ধ বায়ুপূর্ণ স্থানে বাস ইত্যাদি উপায় অবলম্বনীয়

য়্যান্‌জাইনা পেক্‌টোরিস—হৃৎশূল।

রোগী হৃৎপ্রদেশে তীব্র বেদনা ও তৎসহ অবরোধ বোধ ও সাতিশয় উৎকণ্ঠা অনুভব করে। অধিক বয়সেই এই রোগ জন্মে স্ত্রী অপেক্ষা পুরুষেরা এই পীড়ায় অধিক আক্রান্ত হয়। করোনারি ধমনীর পীড়া ও হৃৎপিণ্ডের মেদাপকৃষ্টতা বর্ত্তমানে এই রোগ জন্মে।

লক্ষণ।—হৃৎপ্রদেশে তীব্র বেদনার প্রকোপ, শ্বাসরোধবোধ, আসন্নমৃত্যুর আশঙ্কা রোগাক্রমণ ১২ মিনিটের অধিক স্থায়ী হয় না সকল সময়েই রোগাবেশ উপস্থিত হইতে পারে রোগাবেশকালে নাড়ীর গতি মৃদু ও ক্ষীণ, শ্বাস ক্ষুদ্র ও দ্রুত, মুখাকৃতি পাণ্ডুবর্ণ ও উৎকণ্ঠাব্যঞ্জক, দেহ শীতল, সম্ভবতঃ স্বেদাভি-

রিক্ত। জ্ঞানের বৈলক্ষণ্য হয় না রোগাবেশ তিরোহিত হইলে রোগী সুস্থ বোধ করে প্রথমাক্রমণ কালে উহা সংঘটিত হয়।

চিকিৎসা।—আর্সিনিক দ্বারা রোগাবেশের তীব্রতা হ্রাস প্রাপ্ত হয় মর্ফিয়াব অধস্থাচ প্রক্ষেপ ফস্ফরস দ্বারা উপকার দর্শে নাইট্রো গ্লিসিরিণ ১ মিনিম মাত্রায় তিন ঘণ্টান্তর সেবনে উপকার দর্শে। ইহার শতমিক দ্রব (ওয়ান্ পার্সেণ্ট সলিউসন) ব্যবহার্য্য রোগাবেশ সময়ে উত্তেজক যথা—এমোনিয়া ; ওয়াইন ; ব্রাণ্ডি আক্ষেপ নিবারক ঔষধ যথা ইথর ; ক্লোরোফর্ম্ম, হাইড্রোসিয়ানিক এসিড্ ইত্যাদি,—২, ৩, ৯৫, ১৩১, ১৩৪ নাইট্রেট অব্ য্যামিল ২৩ ফোঁটা আঘ্রাণ করিতে হয়, ইহাতে শীঘ্রই রোগোপশম হয়। সিন্যাপিজম ; টর্পেণ্টাইন ষ্টুপ্‌স ; হট্ ফোমেণ্টেসন, বেলেডোনা ও ক্লোরোফর্ম্ম লিনিমেণ্ট বক্ষঃস্থলে মর্দ্দন। রোগাবেশ পুনবায় যাহাতে না হয়, তজ্জন্য সার্ব্বাঙ্গিক স্বাস্থ্য উন্নত করিতে চেষ্টা করিবে। খাদ্য দ্রব্যের প্রতি দৃষ্টি রাখা উচিত, বলকারক ঔষধ সেবন ও হৃৎপিণ্ড প্রদেশে বেলেডোনা প্লাষ্টর সংলগ্ন রাখা বিধেয়। উত্তেজক ঔষধাদি, প্রবল ব্যায়াম ; আহারান্তে ভ্রমণ ও মানসিক উদ্দীপনা নিষিদ্ধ

ফংসনাল ডিরেঞ্জমেণ্ট অব্ হার্ট।

(হৃৎপিণ্ডের ক্রিয়া বিশৃঙ্খলা)

হৃৎপিণ্ডের যান্ত্রিক পীড়ার লক্ষণের অনুরূপ লক্ষণাদি ইহাতে প্রকাশ পায়, তদ্ধেতু ইহাকে যান্ত্রিক পীড়া বলিয়া ভ্রম হইতে পারে। গুল্মবায়ু রোগে ডিম্বাধার বা জরায়ুর উদ্দীপনা, স্নায়ুশূল, ও রক্তহীনতা পীড়ার সঙ্গে উৎপন্ন হয় স্ত্রীদের বয়ঃসন্ধি অর্থাৎ

আর্ত্তব বিগমকালেও এই রোগ অসাধারণ নহে সাতিশয় পাঠ, উৎকণ্ঠা ও রতিক্রিয়া আদি হইতে স্নায়বীয় অবসন্নতা প্রাদুর্ভূত হওত এই পীড়া জন্মে বংত, প্রাচীন যকৃৎ পীড়া, অজীর্ণ ও তাম্রকূট বা উগ্র চা ব্যবহার বশতঃও এই রোগ জন্মিতে পারে।

লক্ষণ। —নাড়ীর গতি অনিয়মিত, হৃৎবেপন তৎসহ মন্থর ও রক্তহীন ব্যক্তিদের চর্ম্মের নীচে শোথ হৃৎপ্রদেশে অতীব্র ক্লান্তিকর কন্‌কনে বেদনা, সময় সময় ছুরিকা বেধবৎ বেদনা বেদনা বশতঃ বামপার্শ্বে শয়ন করিতে অশক্তি মানসিক অবসন্নতা, অজীর্ণ, উদরাধ্মান ও অম্ল উদ্গার গলায় গুল্মবায়ু রোগবৎ ভাটা সঞ্চালন সাময়িক শিরোঘূর্ণন, কর্ণনাদ, মুখমণ্ডল রক্তপূর্ণ হৃদ্ধমনীতে প্রবল স্পন্দন

চিকিৎসা —এমোনিয়া, ইথর, সম্বল, হেনবেন, বেলেডোনা, ওপিয়ম, হপ ইত্যাদি ২ ৫, ৭৫, ৮৮, ৯৯, ১৩৫। বেলেডোনা ও ডোভার্স পাউডর ১০১, একষ্ট্রা ক্যানেবিস ও বেলেডোনা। হৃৎপিণ্ডপ্রদেশে বেলেডোনা বা ওপিয়ম প্লাষ্টর ডিজিটেলিস ১০২, ২৬৯, কোষ্ঠবদ্ধ থাকিলে বিরেচক বাতরোগের সঙ্গে সংশ্লিষ্ট হইলে ভাইনম কলচিকম ও স্যালাইন্ এফারভেসিং ড্রাফ্‌টস আদি অজীর্ণ ও অম্ল উদ্গার উঠিলে বিসমথ, সোডা; পটাশ; হাইড্রোসিয়ানিক এসিড, লরেন্স ওয়াটর তৎপরে নাইট্রো-মিউরিয়েটীক এসিড ডিল ও তিক্ত বলকরৌষধের ফাণ্ট। পেপসিন ৪১৭ তামাক ও চ নিষিদ্ধ অল্প পরিমাণে ব্রাণ্ডি ও বরফ মিশ্রিত জল স্নায়বীয় দুর্ব্বলতা বা রক্তহীনতা উপস্থিত হইলে সাইট্রেট্ অব্ আয়রণ এণ্ড এমোনিয়া ১৮০, ১৮৮;

ফিবম রিডক্টম ২০৪, ২০৫। কুইনাইন এণ্ড আয়রণ ১৭২, ১৭৩, ১৭৬, ১৭৭, ২০১

হৃৎপীড়ার সাধারণ চিকিৎসা।—ডিজিটেলিস বিশেষ উপকারী। শোথ, শ্বাসকষ্ট, নীলিম মুখমণ্ডল, সতত অনিয়মিত নাড়ী ও বাম হৃদ্রদেব প্রসারণ বর্ত্তমানে তরুণ প্রস্তুত ফাণ্ট প্রয়োজ্য এই রোগে মদ্য আবশ্যক, উহাদের মধ্যে জিন শ্রেষ্ঠ কপাটেব পীড়া ব্যতীত বাম হৃদ্রদেব বিবৃদ্ধি ও প্রসারণে ইহা ব্যবহৃত হইতে পারে হৃদ্ধমনীর পীড়া থাকিলে ইহা অব্যবহার্য্য নহে অনিয়মিত নাড়ী স্পন্দন ডিজিটেলিস ব্যবহারের শ্রেষ্ঠ চিহ্ন হৃৎপিণ্ড বিশৃঙ্খল ও প্রবলবেগে স্পন্দিত, কিন্তু নাড়ী দুর্ব্বল ও অতিশয় শ্বাসকষ্ট থাকিলেও ইহা ব্যবহার্য্য সামান্য হৃৎস্পন্দন—সর্দ্দি দ্বারা বর্দ্ধিত হয়, এরূপ অবস্থা ডিজিটেলিসের দ্বারা আরোগ্য হয় সময় সময় ইহা অপেক্ষা একোনাইট শ্রেষ্ঠ কপাটের পীড়া বা পৈশিক ক্রিয়াধিক্য বশতঃ হৃৎপিণ্ড বিবৃদ্ধিতে ২ মিনিম মাত্রায় টিংচর ডিজিটেলিস সেবন দ্বারা উপকার হয়, কিন্তু ওরূপাবস্থায় একোনাইট অনেক সময় শ্রেষ্ঠ। আর্সিনিক দ্বারা শ্বাসরোধ বোধ নিবারিত হইতে পারে ভয়, রক্তস্রাব বা আকস্মিক ঘটনাদি বশতঃ হৃৎপিণ্ড দুর্ব্বল হইয়া পড়িলে ব্রাণ্ডি আদি মদ্য প্রয়োজ্য প্রাচীন প্রদাহে কডলিভর অয়েল শিরোঘূর্ণন—হৃৎপিণ্ডের দুর্ব্বলতাজনিত হইলে কডলিভর অয়েল ও কুইনাইন শ্বাসকৃচ্ছ্রে মর্ফিয়ার অধস্ত্বাচ প্রক্ষেপ নাইট্রেট অব্ এমিল আঘ্রাণ দ্বারা হৃৎপিণ্ড প্রসারণ ও বিবৃদ্ধিজনিত শ্বাসকষ্ট নিবারিত হয় হৃৎপিণ্ডে বলবিধানার্থ অল্প মাত্রায় ষ্ট্রীক্নিয়া দ্রুত অনিয়মিত নাড়ী, দ্রুত শ্বাস, নীলিম মুখাকৃতি ও উদরী, হৃৎ-

স্পন্দন ও শয়ন করিতে অসামর্থ্য থাকিলে ভিবাট্রিয়া অয়েণ্টমেণ্ট স্থানিক প্রযোজ্য

হৃৎপিণ্ডের আকস্মিক ক্ষীণতায় ষ্ট্রীকৃনিয়া, ইথর ও এমোনিয়া সেবন ও তাহাদের হাইপোডর্ম্মিক ইন্‌জেক্‌সন বিধেয়। এক্‌ষ্ট্রা কোকি লিকুইডও হৃৎপিণ্ডের উত্তেজক, আইয়োডাইড অব্ পটাসিয়ম সহ ভ্যাল্‌ভিলার পীড়ায় প্রযোজ্য আইয়োডাইড দ্বারা হৃৎপিণ্ডের ক্রিযাধিক্য নিবারিত হইয়া উহার বলবিধান করে হৃৎপিণ্ডের পীড়াজনিত অনিদ্রায় সল্‌ফোনাল মহোপকারী হৃৎপিণ্ডের পীড়াজনিত উদরী ও শোথে আইয়োডাইড ও ডিজি-টেলিস বিশেষ উপকারী

এয়োর্টাইটীস হৃৎধমনী প্রদাহ।

হৃদ্ধমনীর প্রদাহ অতি বিরল। সম্ভবতঃ ইহা রক্তের পীড়া-বাতের সদৃশ হৃচ্ছদ প্রদাহের অনুরূপ

লক্ষণ।—অত্যন্ত অস্পষ্ট, সার্ব্বাঙ্গিক অসুস্থতা, শীত পরে জ্বর শ্বাসকৃচ্ছ্র, তৎসহ সতত শ্বাসরোধ বোধ ধমনীতে অত্যন্ত স্পন্দন ও বেদনা সাতিশয় হৃৎবেপন নাড়ী অনাক্রান্ত থাকে। ধমনীর পর্দ্দার বিধানবিকার জন্মিতে পারে বৃদ্ধ বয়সে উহাতে নানাবিধ অপকৃষ্টতা জন্মে

চিকিৎসা।—ওয়ার্ম বাথ, পৃষ্ঠবংশে ড্রাই কপিং, ব্লিষ্টার্স। সেবনার্থ আইয়োডাইড্ অব্ পটাসিয়ম ও আহিফেন কলচি-কম দ্বারা উপকার দর্শিবার সম্ভাবনা শ্বাসকৃচ্ছ্র ইথর দ্বারা উপশমিত হয়।

এয়োর্টিক য়্যানিউরিজম—হৃৎধমন্যর্ব্বুদ।

এই রোগ অধিক বয়সেই হয় অনেক সময় ধমনীর বিবিধ অপকৃষ্টতা জন্য এই পীড়া উপস্থিত হয়। অর্ব্বুদ ছোট হইলে অনেক সময় রোগনির্ণয় করিতে পারা যায় না কোষ বিদীর্ণ হইয়া রক্তস্রাব হওতঃ মৃত্যু সংঘটিত হয়। বিদারণ ভিন্ন সহসা শ্বাসরোধ হইয়াও মৃত্যু হইতে পারে অথবা ক্রমশঃ বহুদিন স্থায়ী অসুস্থতা জন্য শরীর দুর্ব্বল ও অবসন্ন হইয়া পড়ে ও তজ্জন্য রোগী পঞ্চত্ব পায়।

লক্ষণ —প্রথমাবস্থায় অস্পষ্ট অর্ব্বুদ বড় হইলে হৃৎপিণ্ডের ক্রিয়া বিশৃঙ্খল ও নাড়ীস্পন্দনও পরিবর্ত্তিত হয় গ্রীবা ও বক্ষের চর্ম্মনিম্নস্থ শিরাসমূহ রক্তপূর্ণ, এক বা উভয় ঊর্দ্ধশাখা শোথবিশিষ্ট, কাসি, শ্বাসকৃচ্ছ্র, রক্তোৎকাস, গিলিতে কষ্ট এবং বক্ষে ও পৃষ্ঠে বেদনা পৃষ্ঠবংশ বা বক্ষের অস্থিতে ক্ষত হইতে থাকিলে বেদনা তীব্রতর হয়। অর্ব্বুদ অত্যন্ত বড় ও স্পন্দনশীল এবং বক্ষের বাহ্যদিকে আসিলে বুকাস্থি ও পর্শুকা উন্নত বা আচূষিত হয়। এরূপ অবস্থায় রোগনির্ণয় সহজ অর্ব্বুদকোষ দ্বারা বায়ুনলী চাপিত হইলে কাসি ও শ্বাসকষ্ট; স্বরযন্ত্রস্থ স্নায়ু চাপিত হইলে স্বরাভাব ও ক্লেশকর কাসি, শ্বাসরোধবোধ ও সময় সময় বেদনা। অন্নবহানালী চাপিত হইলে গিলিতে কষ্ট বা নলীর অবরোধ থোরেসিক ডক্ট চাপিত হইলে পরিপোষণের অভাব ও আচূষকমণ্ডল পূর্ণ ইত্যাদি। উদরস্থিত বৃহৎ ধমনীতে এই রোগ হইলে কটিদেশে তীব্র বেদনা এবং উহা উদরের উভয়পার্শ্ব হইতে উরু ও অণ্ডকোষ পর্য্যন্ত বিস্তৃত হইয়া পড়ে কোষ্ঠবদ্ধ দ্বারা বেদনার বৃদ্ধি এবং উবুড় হইয়া শয়ন করিলে হ্রাস হয় বিশেষরূপে

পরীক্ষা করিলে অর্ব্বুদ দেখিতে পাওয়া যায়। হস্তে সতত প্রবল স্পন্দন অনুভূত হয়

চিকিৎসা —শারীরিক ও মানসিক উদ্দীপনা পরিহার কর্ত্তব্য। বেদনা, কাসি, অজীর্ণ ও অন্যান্য লক্ষণের উপশমনার্থ তদুপযুক্ত ঔষধ ব্যবহার্য্য পুষ্টিকর পথ্য, অল্প পরিমাণে ব্রাণ্ডি ও জল আইয়োডাইড্ অব্ পটাসিয়ম এসিটেট অব্ লেড, টিংচর অব্ পারক্লোরাইড্ অব্ আয়রণ; এমোনিয়েটেড্ আয়রণ য়্যালম স্থানিক বরফ, ইলেক্‌ট্রিসিটী, ইলেক্‌ট্রো পংচার, বেলেডোনা প্লাষ্টার যন্ত্রণাদি উপশমের জন্য ওপিয়ম, মর্ফিয়া, সবকিউটিনিয়স্ ইনজেক্‌সন অব্ মর্ফিয়া, বেলেডোনা, ডিজিটেলিস্, ক্যাম্ফর, ইণ্ডিয়ান হেম্প, স্পিরিট ইথর বা ক্লোরো-ফর্ম্ম বক্ষঃস্থল ও উদর প্রদেশে হৃৎধমনীর যে অংশ থাকে তাহাতে এই রোগ প্রায়ই হইয়া থাকে এই রোগের বিবিধ প্রকার অস্ত্র-চিকিৎসা আছে, তাহা এস্থলে অনাবশ্যক বোধে লিখিত হইল না

ডিজিজেস্ অব্ দি থোরেসিক ওয়াল্‌স।

(বক্ষঃপ্রাচীরের পীড়া)

প্লুরোডিনিয়া—(উরঃপেশী বাত)

বক্ষঃপাচীরের পার্শ্বে বেদনা এই বেদনা সময় সময় এত প্রবল হয় যে, প্লুরিসী বা পেরিকার্ডাইটিস্ বলিয়া ভ্রম জন্মিতে পারে।

লক্ষণ। সার্ব্বাঙ্গিক স্বাস্থ্যহীনতা, ক্ষুধাভাব, অপ্রফুল্লতা

মূত্রে যুরেট ও ফস্ফেটের আধিক্য কথন কথন সন্ধিবাত তীক্ষ্ণ বেদনা সতত অকস্মাৎ উপস্থিত হয়, স্তনের নিম্নপ্রদেশে অনুভূত হয় এবং দীর্ঘশ্বাস বা যে কোন প্রকার সঞ্চলনে পেশীতে টান পড়ে, তাহাতেই বেদনা বর্দ্ধিত হয় বক্ষের বামপার্শ্বের পৈশিক ও সৌত্রীং তন্তুই কেবল আক্রান্ত হয়

চিকিৎসা।—জবায়ুর ক্রিয়াবিশৃঙ্খলা জনিত রোগে এক্‌টিয়া রেসিমোজা ক্লোরাল ও ক্যাম্ফর বা মেন্থল ও ক্যাম্ফর সমভাগে মিশাইয়া মর্দ্দন করিবে ইথর স্প্রে ব্যবহারে বেদনার শান্তি হয় ফোমেণ্টেসন, হট্ পুলটীস, ঈষদুষ্ণ জলে স্নান বেলেডোনা ও একোনাইট লিনিমেণ্ট ১৫২; লিনিমেণ্ট ক্লোরোফর্ম্ম ও ওপিয়ম, ১৫৩ একোনাইট ও বার্ক, ১৮৪; আইওডাইড্ অব্ পটাসিয়ম বা সোডিয়ম ও ভাইনম কলচিকম, ৪০৪ কড্‌লিভর অয়েল ৪১০, ব্রোমাইড্ অব্ পটাসিয়ম, ৪০৯, হাইড্রেট অব্ ক্লোরাল, ৪২৪ মর্ফিয়ার সবকিউটেনিয়স পীচকারি কপিং, ব্লিষ্টারিং প্রভৃতি তাদৃশ উপকারী নহে স্যালিসিলেট অব্ সোডিয়ম উপকারী

ইণ্টর কষ্টাল নিউরালজিয়া—পর্শুকামধ্যস্থ স্নায়ুশূল

শরীরের অন্যান্য স্থানের স্নায়ুর ন্যায় পর্শুকা মধ্যস্নায়ুতে শূল জন্মে রক্তাল্পতা ও রক্তহীন রোগগ্রস্তা স্ত্রীরা ইহা দ্বারা অধিক আক্রান্ত হয় ইহা যক্ষ্মা ও ব্রাইটাখ্য পীড়া সহ সময় সময় জন্মে। স্নায়ু প্রদাহ বা ফুসফুসবেষ্ট প্রদাহের সহিত ভ্রম না হয়, তজ্জন্য সতর্ক হওয়া উচিত।

লক্ষণ।—বেদনা অতীব্র ও সতত স্থায়ী কন্‌কনে প্রকৃতিক বা তীক্ষ্ণ ও সময় সময় বৃদ্ধিশীল। কখন কখন কয়েক সপ্তাহ থাকে সাধারণতঃ বামদিকের ৬, ৭, ৮ বা ৯ম স্নায়ু আক্রান্ত হয়। স্নায়ুর গতি অবলম্বন করত বেদনা কশেরুকা পর্য্যন্ত বিস্তৃত হয়। সময় সময় স্তন ও তৎনিম্নপ্রদেশে বোধাতিশয্য। দুর্ব্বলতা। জ্বর থাকে না স্ত্রীলোকদের আর্ত্তব-বিশৃঙ্খলা ও শ্বেতপ্রদর

চিকিৎসা।—কুইনাইন, আয়রণ, সিনকোনা, কড্‌লিভর অয়েল, পুষ্টিকর খাদ্য। স্থানিক—বেলেডোনা ও একোনাইট লিনিমেণ্ট। বেলেডোনা প্লাষ্টর, মর্ফিয়ার অধস্ত্বাচ প্রক্ষেপ। আইয়োডাইড্ ও ব্রোমাইড্ অব্ পটাসিয়ম; বোগ বাত সংশ্লিষ্ট হইলে ইহার সঙ্গে ভাইনম কলচিকম ও টিংচর হায়সায়ামাস বা সোডা স্যালিসিলেট দিবে

ডায়াফ্রাগ্‌মাইটীস—উদরবক্ষঃ ব্যবধায়ক পেশীর প্রদাহ।

উদর-বক্ষ-ব্যবধায়ক পেশীর প্রদাহ—সন্নিহিত যন্ত্রাদির প্রদাহ বশতঃ উপস্থিত হয়। সন্ধিবাত জনিত রক্তের অবিশুদ্ধাবস্থা হইতেও এই রোগ হইতে পারে। আঘাত, সদ্যব্রণ, পর্শুকা ভঙ্গ আদি কারণেও এই পীড়া জন্মিতে দেখা যায়। অন্যান্য প্রদাহের ন্যায় লক্ষণাদি প্রকাশিত হয়। উদর ও পৃষ্ঠে টানবোধ ও বুক্কাস্থি ও নিম্নস্থ পর্শুকাতে বেদনা, কাসিতে, হাঁচিতে বা দীর্ঘ শ্বাস গ্রহণে অনুভূত হয়। অল্পাধিক শ্বাসকৃচ্ছ্র, গিলনকষ্ট, মুখাকৃতি উৎকণ্ঠা-

প্রকাশক, হিক্কা, দীর্ঘশ্বাস, উদরস্থ পেশীতে আক্ষেপ শ্বাসপ্রশ্বাস প্রধানতঃ পঞ্জকামধ্য পেশীবর্গ দ্বারা সম্পাদিত হয়।

চিকিৎসা —কোমর বেড়িয়া মসিনার পুলটীস, পুলটীসের সঙ্গে এক্‌ষ্ট্রাক্ট বেলেডোনা বা পলী দেওয়া যায় বমন নিবারণার্থে বরফ ও সোডা এসিড; বিসমথ ও হাইড্রোসিয়ানিক এসিড ৯৩, বিসমথ ও সোডা ৩৯৪; সোডা ও মর্ফিয়া ৩৯৬ ক্লোরোফর্ম্ম ও ইথরের আঘ্রাণ দিলে প্রায়ই হিক্কা নিবারিত হয়। মর্ফিয়া বা এট্রপিনের অধস্ত্বাচ প্রক্ষেপ অন্যান্য উপসর্গ থাকিলে সাধারণ নিয়মানুসারে তাহার চিকিৎসা করিবে।

ডিজিজেস্ অব্ ব্লড ভেসেল্‌স এণ্ড লিম্ফাটিক্‌স্।

(শিরা, ধমনী ও শোষক শিরা প্রদাহ।)

আর্টিরাইটীস—ধমনীপ্রদাহ।

ধমনীর তরুণ প্রদাহ অতি বিরল আঘাত বা অস্ত্র চিকিৎসায় ধমনী আহত হওয়ায় সময় সময় তরুণ প্রদাহ সমুপস্থিত হয়। প্রাচীন প্রদাহ অপেক্ষাকৃত সাধারণ; ধমনীতে চাপ পড়া বশতঃ হয় গাউট ও ব্রাইটাখ্য পীড়াদিতে কৈশিক ও সূক্ষ্ম সূক্ষ্ম ধমনীতে রক্ত সঞ্চালনের ব্যাঘাত জন্মিবায় প্রাচীন প্রদাহ সমুদ্ভূত হইতে পারে

চিকিৎসা —ইহার চিকিৎসায় ডিজিটেলীস ও ক্যালোমেল ব্যবহার্য্য আইয়োডাইড অব্ পটাসিয়ম, কার্ব্বনেট অব্ এমোনিয়া হিতকর।

ফ্লিবাইটীস—শিরাপ্রদাহ।

রক্তের অসুস্থাবস্থা বশতঃ শিরা প্রদাহ জন্মে আক্রান্ত শিরাভ্যন্তরে রক্ত জমিয়া যাইতে পারে

লক্ষণ।—বেদনা—চাপে বৃদ্ধি হয়। স্ফীততা, আরক্ততা ও কাঠিন্য—শিরার গতি অভিমুখে দৃষ্ট হয় পূযোৎপত্তি হইলে কম্প ও নানা স্থানে ক্ষণস্থায়ী বেদনা অনুভূত হয় অতিশয় সার্ব্বাঙ্গিক অসুস্থতা থাকে। রক্তের সহিত পূয বা অন্য অসুস্থ দ্রব্য মিলিত হওয়ায় রক্ত জমিয়া যায় এবং জমা রক্তখণ্ড দ্বারা শিরা পরিপূর্ণ থাকে। অসুস্থ পদার্থ দেহ হইতে বিদূরিত হওয়া আবশ্যক হইলে যোজক তন্তুতে প্রদাহ ও পূয হইয়া স্ফোটকাকার হয় অনন্তর শিরার পর্দ্দায় ক্ষত হইয়া স্ফোটকের মধ্যে জমা রক্তাদি আসিয়া পড়ে এবং তথা হইতে দেহ মধ্য দিয়া দূরীভূত হয় পক্ষান্তরে যদি উক্ত বিষাক্ত পদার্থ দ্বারা রক্ত না জমে, তবে উহা রক্তের সহিত মিশ্রিত হইয়া সমস্ত দেহ আক্রান্ত হয় এবং ফুস্‌ফুস্ যকৃৎ, প্লীহা, চক্ষু, সন্ধিস্থান ও যোজক তন্তু আদিতে সঞ্চিত হয়।

চিকিৎসা। প্রদাহিত চর্ম্মাধঃ শিরার উপরে ব্লিষ্টার দিলে উপকার দর্শে ফোমেণ্টেসন, পুলটীস বিরেচক দৌর্ব্বল্য প্রকাশিত হইলে বলকারক ও উত্তেজক ঔষধ—যথা এমোনিয়া; বার্ক; পোর্ট ওয়াইন; ব্রাণ্ডি, মাংস যূষ। বেদনা ও অস্থিরতা নিবারণার্থ ওপিয়ম আক্রান্ত অংশের সম্পূর্ণ বিশ্রাম হিতকর টিংচর আইয়োডিন স্থানিক প্রয়োজ্য তুলা দ্বারা আবৃত করত ব্যাণ্ডেজ বাঁধিবে

ফ্লেগ্‌মেসিয়া ডোলেন্স

এক বা উভয় অধঃশাখার বেদনান্বিত পৈশিক স্ফীততা (স্ফীততা শোথবৎ নহে) ও তৎসহ অবসন্নতা উপস্থিত হয় সম্ভবতঃ ইলিয়াক ও ফিমরেল শিরাভ্যন্তরে আপনাপনি রক্ত জমিয়া গিয়া ঈদৃশ অবস্থায় পরিণত হয় কোন প্রকার বিষ বা রক্তের হীনতা ও অবিশুদ্ধতা বশতঃও উহা হইতে পারে লসীকাগ্রন্থি এবং শিরাও আক্রান্ত ও অবরুদ্ধ হয় প্রসবের পর, বিশেষতঃ যে সকল স্ত্রীলোকদের অধিক রক্তস্রাব হইয়াছে, তাহাদের সাধারণতঃ এই রোগ হইয়া থাকে জরায়ুকর্কট রোগের অবসানে প্রায়ই এই রোগ জন্মে দক্ষিণ অপেক্ষা বাম দিক অধিক আক্রান্ত হয়

লক্ষণ।—প্রসবের পর ১ হইতে ৫ সপ্তাহের মধ্যে রোগ উপস্থিত হয় জ্বর; শিরোবেদনা, তৃষ্ণা, বমনেচ্ছা; বেদনা। সময় সময় শীত বা কম্প, আক্রান্ত শাখা স্ফীত হয় ও রোগী উহা নাড়িতে চাড়িতে পারে না আক্রান্ত অঙ্গ সাতিশয় উষ্ণ, বেদনান্বিত ও স্ফীত, তজ্জন্য স্বাভাবিক আকারের দ্বিগুণ হয়; কিন্তু ঐ স্ফীততা শোথের ন্যায় নহে। উহা পাণ্ডুর শ্বেতবর্ণ, চিক্কণ বা উজ্জ্বল থাকে ও উহাতে সাতিশয় টানবোধ হয় তরুণ লক্ষণাদি তিরোহিত হইলে কয়েক সপ্তাহ পর্য্যন্ত অঙ্গবিবৃদ্ধি থাকে

চিকিৎসা।—টিংচর হামামেলিস ভর্জিনিকা ১২ মিনিম মাত্রায় ২৩ ঘণ্টান্তর সেবনে এই রোগ উপশমিত হয় প্রসবের পর স্ত্রীলোকদিগের উরুদেশের শিরাতে প্রদাহ উপস্থিত হইয়া স্ফীততা ও বেদনাদি লক্ষণ প্রকাশিত হইলে জলৌকা দ্বারা রক্তমোক্ষণ; ব্লিষ্টার; শৈত্যকারক লোশন ১১৮; ফোমেণ্টেসন;

টিংচর অব্ আইয়োডিন ডিজিটেলিস ও স্লুপিল বেদনা নিবার-গার্থ অহিফেন এক পাউণ্ড বাইকার্ব্বনেট অব্ সোডা ও এক আউন্স একষ্ট্রাঃ পপী এক গ্যালন জলে গুলিয়া উষ্ণ করিবে, পরে সেই জল দ্বারা ফ্লানেল সহযোগে সেক দিবে। কার্ব্বনেট অব্ এমোনিয়া এসিডের সঙ্গে উচ্ছলনাবস্থায়; সলফেট অব্ সোডা বা ম্যাগনিসিয়া; হাইড্রোক্লোরিক এসিড; একোনাইট; আইয়োডাইড অব্ পটাসিয়ম, কুইনাইন, লঘু পথ্য রোগ পুরাতন হইলে আইয়োডাইড অব্ আয়রণ, কড্লিভর অয়েল; আই-য়োডাইড অব্ পটাসিয়ম ও বার্ক, এমোনিয়া ও বার্ক; ফস্ফেট অব আয়রণ, পুষ্টিকারক খাদ্য, দুগ্ধ, মদ্য উত্তেজক ও বেদনা-নিবারক লিনিমেণ্ট ফ্লাইং ব্লিষ্টার তুলা দ্বারা আচ্ছাদিত করতঃ তদুপরি ভাল করিয়া ব্যাণ্ডেজ বাঁধিয়া রাখিলে বিশেষ উপকার হয়। আক্রান্ত অঙ্গ নাড়িতে চাড়িতে না দিয়া বিশ্রামাবস্থায় রাখিবে।

য়্যান্জিওলিউসাইটীস—শোষক-শিরা প্রদাহ।
ইনফ্লামেশন অব্ লিম্ফাটিক ভেসেল্স

বাহ্যিক আঘাত বা অসুস্থ পদার্থ আশোষণ অর্থাৎ শবচ্ছেদ-কালে হস্তাদি কাটিয়া গেলে বিষ আশোষিত হওয়ায় এবং অসুস্থ কার্বংকল বা পচনশীল বিস্ফোটকের বিষ বশতঃও আচূষক শিরার প্রদাহ উৎপন্ন হয় ইহার সঙ্গে গ্রসীকা গ্রন্থি আক্রান্ত হইয়া থাকে

লক্ষণ —উজ্জ্বল লালবর্ণ রজ্জুবৎ দাগ, আহত স্থান হইতে

শিরার গতি অভিমুখে ঊর্দ্ধগামী হয় অর্থাৎ যে গ্রন্থি মধ্যে শিরা শেষ হয়, ততদূর পর্য্যন্ত উজ্জ্বল লালবর্ণ দাগ দৃষ্ট হয়। আক্রান্ত অঙ্গ স্ফীত ও বেদনাবিশিষ্ট অত্যন্ত সার্ব্বাঙ্গিক উপদ্রব, শীত বা কম্প, বিবমিষা ও কোষ্ঠবদ্ধ, জ্বর, অস্থিরতা, মানসিক ও দৈহিক অবসন্নতা সহজে আরোগ্য হইতে পারে অথবা পাকিয়া উঠে, বা অধিক দিন পর্য্যন্ত কঠিনাবস্থায় থাকে কখন বা সাংঘাতিক অবসন্নতা বা পূযাত্মক রক্তপীড়া (পাইমিমিয়া) প্রাদুর্ভূত হইয়া রোগীকে শমনসদনের অতিথি করে

চিকিৎসা —সলফেট অব সোডা কিম্বা ম্যাগনিসিয়া ৩৩১, ৩৩৪, ৩৩৯ ক্লোরেট অব্ পটাশ ২৯৬; এমোনিয়া কার্ব্ব ও বার্ক ১৮৩, কুইনাইন—১৯৩, ১৯৪; হাইড্রোক্লোরিক এসিড ডিল, ব্রাণ্ডি এণ্ড এগ্ মিকশ্চর হাইড্রোক্লোরিক এসিড ও ক্লোরেট অব্ পটাশ ২৯৪ ফোমেণ্টেসন; লিনসিড পুলটিস; একষ্ট্রাঃ বেলেডোনা ও পপী; ওয়াটার ড্রেসিং; কষ্টিক লোশন সোডা সল্ফো কার্বলাস আদি পচননিবারক কুইনিন ও টিং ষ্টীল বিবিধ এণ্টিসেপ্টিক্ স্থানিক প্রয়োজ্য।

ইনফ্ল্যামেশন অব্ লিম্ফাটীক গ্লাণ্ড।

শোষক গ্রন্থি-প্রদাহ।

ইহা স্বতন্ত্রভাবে বা আচূষক শিরার প্রদাহ সহ উপস্থিত হয়। স্ফোট জ্বরের পর গ্রন্থিপ্রদাহ সাধারণ গণ্ডমালাধাতু-গ্রস্ত ক্রু-তিক ব্যক্তিদের সাধারণতঃ সগুটিক গ্রন্থি প্রদাহ হইয়া থাকে।

লক্ষণ।—তরুণ প্রকারে অসুস্থতা বোধ, সামান্য শীত, তাৎক্ষণিক জ্বর এক বা ততোধিক গ্রন্থি স্ফীত, উষ্ণ, কঠিন ও বেদনান্বিত হয় স্ফীততা বৃদ্ধির সঙ্গে গ্রন্থির উপরিস্থ চর্ম্ম আরক্ত বা নীলিম হয় রোগ সহজে আরোগ্য বা প্রাচীন অবস্থায় পরিণত না হইলে পূযোৎপত্তি হইয়া থাকে। গ্রন্থির মধ্যে বা চতুষ্পার্শ্বস্থ যোজক তন্তুতে স্ফোটক উৎপন্ন হয় রোগ প্রাচীনাকার ধারণ করিলে গ্রন্থিবিবৃদ্ধির সঙ্গে উহার কাঠিন্য, বেদনা ও উত্তাপ সামান্য প্রকার হয় চর্ম্ম স্বাভাবিক বর্ণবিশিষ্ট যোজক তন্তু আক্রান্ত না হওয়ায় গ্রন্থি নাড়িতে চাড়িতে পারা যায় গণ্ডমালাধাতু-প্রধান ব্যক্তিদের গ্রীবা আদি স্থানের গ্রন্থি স্ফীত থাকে; সাধারণতঃ বালকদের হয়, কিন্তু পূর্ণবয়স্কেও বিরল নহে গ্রন্থিস্ফীততার হ্রাসবৃদ্ধি অনেক দিন পর্য্যন্ত হইতে দেখা যায় না। পূয হওয়ার উপক্রমে সার্ব্বাঙ্গিক স্বাস্থ্যহানি হয়।

চিকিৎসা —পূর্ব্বোক্ত রোগের ন্যায় রোগী গণ্ডমালায় ধাতুবিশিষ্ট হইলে সার্ব্বাঙ্গিক স্বাস্থ্য যাহাতে ভাল হয়, তদনুরূপ উপায় অবলম্বন করিবে কুইনাইন ও আয়রণ ১৬৭; আইয়োডাইড্ অব্ এমোনিয়ম ও বার্ক ৪২৭ কড্‌লিভর অয়েল, পুষ্টিকর খাদ্য। স্থানিক বেলাডোনা ও পারদের সার, পুলটীস, টিংচর অব্ আইয়োডিন, রেড্ আইয়োডাইড্ অব্ মার্করী অয়েণ্টমেণ্ট স্পিরিট লোশন (১ ভাগে ৩ ভাগ) দ্বারা বস্ত্র খণ্ড আর্দ্র করতঃ আক্রান্ত অংশে লাগাইয়া তদুপরি কলার পাতা দিয়া ব্যাণ্ডেজ করিবে

টেবিস্ মেজেন্‌ট্রিকা—মধ্যান্ত্রিক লসীকা-গ্রন্থি বিবৃদ্ধি।

অন্ত্রযোজক ঝিল্লীস্থ লসীকা গ্রন্থির প্রদাহ ও তাহার গুটিকাপ-কৃষ্টতা। গুটিকা সঞ্চিত হইয়া গ্রন্থিবিধান বিনষ্ট হয় এবং তদ্ধেতু রসবাহি শিরা দ্বারা আনীত অন্নরস উহার মধ্য দিয়া গমন করিতে পারে না শিশু ও বালকদেরই সাধারণতঃ এই রোগ হয়। অনেক সময় গুটিক অন্ত্রচ্ছদ প্রদাহের সহিত ইহা বর্ত্তমান থাকিতে দেখা যায়

লক্ষণ।—অন্ত্রে অল্প বা অধিক বেদনা সতত বিদ্যমান থাকে সময় সময় বেদনা এত প্রবল হয় যে, রোগী জঙ্ঘাদ্বয় সংকুচিত করিয়া রাখে ওষ্ঠ ঘোর লালবর্ণ, মুখের কোণে ক্ষুদ্র ক্ষুদ্র ক্ষত বা ওষ্ঠ বিদারিত অন্ত্রের ক্রিয়া অনিয়মিত, মল জলবৎ ও দুর্গন্ধ এবং ঘন ঘন নিঃসৃত হয়। উদর স্ফীত ও টানবিশিষ্ট সার্ব্বাঙ্গিক শীর্ণতা ক্রমশঃ উপস্থিত হয় শরীর পাণ্ডুবর্ণ, সার্ব্বাঙ্গিক দৌর্ব্বল্য ও তাহা ক্রমশঃ বর্দ্ধমান থাকে। গ্রন্থির ক্রিয়া বিনষ্ট হওয়ার পূর্ব্বে রোগোপশম হইতে আরম্ভ হইয়া রোগী আরোগ্য হইতে পারে ইহার সঙ্গে যক্ষ্মা, গুটিকা সঞ্চয় ও মস্তিষ্কের সগুটিক প্রদাহ উপস্থিত হইতে পারে

চিকিৎসা মৃদু পুষ্টিকারক পথ্য; ছাগ, গর্দ্দভ প্রভৃতির দুগ্ধ, সোডা ওয়াটর ও দুগ্ধ; পোর্ট ওয়াইন ও মাংসের যূষ, কডলিভর অয়েল; মল্ট একষ্ট্রাক্ট; আইয়োডাইড অব্ পটাসিয়ম; এমোনিয়ো সাইট্রেট অব্ আয়রণ ১৮০ হাইপোফস্ফাইট অব্ সোডা বা লাইম ও বার্ক উদরাময় হইলে মার্করী ও চক বা ডোভর্স পাউডর অতি অল্প মাত্রায় পল্ভ ক্রিটী য়্যারোমেটীক;

সংকোচক মিশ্র উদর প্রদেশে সোপ বা ওপিয়ম লিনিমেণ্ট, মসিনার পুল্‌টীস, মিনারেল ওয়াটর্স বিশুদ্ধ বায়ু পরিপূর্ণ স্থানে বাস সমুদ্রবায়ু সেবন, স্থান পরিবর্ত্তন সিরপ ফেরি আইয়োডাই, ফস্ফেট অব্ লাইম, ক্লোরাইড অব্ লাইম উদর-প্রদেশে কডলিভর অয়েল মর্দ্দন ও তদুপরি ফ্লানেল ব্যাণ্ডেজ বন্ধন বিশেষ সুফলপ্রদ

ডিজিজেস অব্ দি এলিমেণ্টরী ক্যানাল।

(অন্নবহা প্রণালীর পীড়া)

ডিজিজেস্ অব্ দি টং। (জিহ্বার পীড়া)

গ্লসাইটীস—জিহ্বা প্রদাহ।

এক্ষণে জিহ্বার প্রদাহ একটী বিরল পীড়া হইয়াছে, কারণ মুখ আনার জন্য এক্ষণে কদাচ পারদ ব্যবহার হয় অন্যান্য রোগের সঙ্গে এই পীড়া উপস্থিত হইতে পারে

লক্ষণ।—জ্বর, সার্ব্বাঙ্গিক অসুস্থতা, দৌর্ব্বল্য, উৎকণ্ঠা, জিহ্বাতে বেদনা ও উষ্ণতা এবং লালা নিঃসরণ জিহ্বার বর্ণ ঘোরাল হয় স্ফীততা সময় সময় এত বাড়ে যে, মুখগহ্বরে জিহ্ব না ধরায় বাহির হইয়া পড়ে সত্বর গতিতে স্ফীততা বৃদ্ধি হইতে পারে অনেক সময় এতদ্দ্বারা সাতিশয় শ্বাসকষ্ট সমুপস্থিত হয় কখন ইহাতে পূয় জন্মে

চিকিৎসা।—প্রথমে বিরেচক পীচকারি, তৎপরে কুই-নাইন—১৯৩, ১৯৪। জিহ্বাতে বরফ লাগান; জিহ্বার উপরে

লম্বালম্বিভাবে চিরিয়া দিবে। ক্লোরেট অব্ পটাশ; ক্যাষ্টর অয়েল। নাইট্রেট অব্ সিল্ভর স্থানিক উষ্ণ জলের বাষ্প লাগান হিতকর। বোরাসিক বা কার্বলিক লোশনের কুলি করোসিব সব্লিমেট $\frac{1}{8}$ গ্রেণ ও জল ১ আউন্স, মিশাইয়া ১০ মিনিট মুখে রাখিয়া ফেলিয়া দিবে সে সময় নাক দিয়া নিশ্বাস টানিতে উপদেশ দিবে, ইহাতে বিশেষ উপকার হয়।

অল্ সার্স অব্ টং—জিহ্বার ক্ষত।

জিহ্বাতে নানাপ্রকার ক্ষত হয় উহার অধিকাংশ অত্যন্ত বেদনাবিশিষ্ট এবং তাহা আরোগ্য হইতে বিলম্ব হয় কখন কখন জিহ্বার উপরে অগভীর ক্ষত হয় উহা বেদনাযুক্ত ও তৎসঙ্গে পরিপাক যন্ত্রের ক্রিয়াবিশৃঙ্খলা থাকে ইহা অবসন্নকর পীড়ার সঙ্গে জন্মে সামান্য প্রদাহ হইতে এক প্রকার ক্ষুদ্র ক্ষুদ্র ক্ষত হয়। উপদংশ আদির বিষ বশতঃও জিহ্বায় ক্ষত প্রকাশিত হইয়া থাকে।

চিকিৎসা।—বোরাক্স গার্গল, গ্লিসিরিণ অব্ বোরাক্স ২৫৮; সলফেট অব্ কপার; কষ্টিক লোশন, য্যালম ও জিঙ্ক গার্গল বিসমথ, পেপসিন, ক্লোরেট অব্ পটাস; আইয়োডাইড অব্ পটাসিযম উপদংশীয় ক্ষতে শেষোক্ত ঔষধ বিশেষ উপকারী ক্লোরেট অব্ পটাশ ও টিংচর মর গার্গল নাইট্রিক এসিড ১ ড্রাম, জল ৮ আউন্স—গার্গল। কডলিভর অয়েল, সামুদ্রিক বায়ু সেবন ইত্যাদি বোরাসিক এসিড মধু সহ স্থানিক।

ক্যান্সার অব্ টং—কর্কট পীড়া।

যে প্রকার ক্যান্সার হউক, উহাতে ক্রমশঃ ক্ষত হইতে থাকে। ক্ষত পচনশীল, দুর্গন্ধ এবং ধার বন্ধুর ও বিপর্য্যস্ত হয়। সাতিশয় বেদনা, অত্যন্ত লালাস্রাব; কর্কটিক শীর্ণতা, বাক্যকথনে ও গিলিতে সমূহ কষ্ট, রক্তস্রাব, জিহ্বা অত্যন্ত স্ফীত। কখন কখন পচন সংঘটিত হয়। জিহ্বাধঃ ও হন্বধঃ গ্রন্থিতে কর্কটিক স্ফীতি। প্রায় উন্নত ক্ষতযুক্ত মাংসপিণ্ড দ্বারা পূর্ণ হইয়া যায় ও তজ্জন্য শ্বাসরোধের আশঙ্কা হয়। অবসন্নতা প্রাদুর্ভূত হইয়া মৃত্যু হয়।

চিকিৎসা।—বেদনা নিবারণার্থ ওপিয়ম ও শরীরের শক্তি রক্ষার্থ বলকারক ঔষধ ও পুষ্টিকর খাদ্য প্রয়োজ্য। রক্তস্রাব নিবারণার্থ ম্যাটিকো পত্র চূর্ণ, পারক্লোরাইড অব্ আয়রণ বা বরফ—স্থানিক। শস্ত্রোপচার দ্বারা পীড়িত বিধান পৃথগ্‌ভূত করিলে অনেক সময় যন্ত্রণার লাঘব হয়।

ক্র্যাক্‌ট টং—জিহ্বার বিদারণ।

জিহ্বা বিদারণ বা ফাটা একটী ক্লেশকর পীড়া। আহারে ও বাক্য কথনে অত্যন্ত বেদনা বোধ হয়।

চিকিৎসা।—বোরাক্স ও গ্লিসিরিণ অথবা শুদ্ধ গ্লিসিরিণ; বিসমথ ও রেঁজ ওয়াটর দ্বারা প্রস্তুত ধৌত স্থানিক প্রয়োজ্য। সেবনার্থ আইয়োডাইড্ অব্ পটাসিয়ম, ষ্টীল বা সার্সাপ্যারিলা; ক্লোরেট অব্ পটাশ। অত্যন্ত বেদনা থাকিলে কোকেইন ও গ্লিসিরিণ প্রয়োজ্য।

ইনফ্লামেশন অব্ দি মাউথ।

(মুখগহ্বরের প্রদাহ)

ফলিকিউলার ষ্টমাটাইটিস্।

মুখগহ্বরস্থ শ্লৈষ্মিক ক্ষুদ্রগ্রন্থির (ফলিকল্‌স) প্রদাহ, আপনা পনি বা স্ফোটজ্বরাবসানে উৎপন্ন হয় বাল্যাবস্থায় এই পীড়া সাধারণ।

লক্ষণ।—স্তনপানে কষ্ট, অতিশয় লালাস্রাব, হন্বধঃ গ্রন্থি অল্প স্ফীত ও বেদনান্বিত অস্থিরতা সহ জ্বর, ক্ষুধাভাব, দুর্গন্ধি মলযুক্ত উদরাময় মুখগহ্বর, জিহ্বা ও তালুর পশ্চাদ্ভাগে জলপূর্ণ ক্ষুদ্র ক্ষুদ্র ফোস্কা হয়, পরে তাহা ফাটিয়া গিয়া ক্ষত হয়। ক্ষতের উপরে মলিন শ্বেত বা পীতবর্ণ সামগ্রী পড়ে

চিকিৎসা।—কোষ্ঠবদ্ধ থাকিলে ক্যাষ্টর অয়েল বা কম্পাউণ্ড রিউবার্ব্ব পাউডর দ্বারা বিরেচন করাইবে ক্লোরেট অব্ পটাশ ৩০৮; ক্লোরেট অব্ পটাশ ও আয়রণ ১৮৯। বোরাক্স ও গ্লিসিরিণ, কার্ব্বলিক এসিড ও গ্লিসিরিণ কষ্টিক লোশন, সলফেট অব্ জিঙ্ক ও য়্যালম গার্গল ইত্যাদি প্রযোজ্য।

অলসারেটীভ্ ষ্টমাটাইটীস।

মাড়িতে ক্ষত হইয়া মাড়ি বিনষ্ট ও দন্ত মূলচ্যুত হয় অসম্পূর্ণভাবে পরিপোষিত বালকদের সাধারণতঃ এই রোগ হয় এই রোগকে পারদঘটিত পীড়া বলিয়া ভ্রম হইতে পারে

লক্ষণ।—মুখগহ্বর উষ্ণ, লালাস্রাব, শ্বাস দুর্গন্ধ, ওষ্ঠ স্ফীত, হন্বধঃ গ্রন্থি স্ফীত ও বেদনান্বিত মাড়ি স্ফীত, আরক্ত

বা ঘোর লালবর্ণ এবং উহা কোমল হরিতাভ পদার্থ দ্বারা আবৃত দেখায়। রোগ বৃদ্ধি হইলে ক্ষত হইয়া মাড়ি নষ্ট, দন্ত শিথিল বা পতিত হয়। কপোলাভ্যন্তরও আক্রান্ত হইতে পারে। বিশৃঙ্খল ও পচিত ক্ষতও হয়।

চিকিৎসা।—সেবনার্থ ক্লোরেট অব্‌ পটাশ এবং তাহার কবল এই রোগের মহদুপকারী ঔষধ। এই ঔষধ ৫ গ্রেণ মাত্রায় অল্প চিনি ও জলের সঙ্গে, একবৎসর বয়স্ক শিশুকে ৪।৬ ঘণ্টান্তর দেওয়া যাইতে পারে। দুগ্ধ, মাংসের যূষ। ক্ষত আরোগ্য হইলে বার্ক, কুইনাইন ১৯৩, ১৯৪। স্থানিক—কষ্টিক লোশন, বিবিধ কবল ২৫৬, ২৫৭, ২৫৮।

গ্যাংগ্রিনিস্‌ ষ্টমাটাইটীস বা মুখরোগ।

ইহা একটী ভয়ানক পীড়া। দুর্ব্বল বালকদের ২ হইতে ৫ বৎসর বয়সের মধ্যেই এই রোগ হয়।

লক্ষণ।—দৌর্ব্বল্য, এক দিকের কপোলদেশে কঠিন স্ফীততা। মুখগহ্বর দেখিলে কপোলদেশের ঠিক মধ্যস্থলে শ্বেতাভ বা পাংশুবর্ণ মামড়ী দৃষ্ট হয়। তৎপরে পচন আরম্ভ হইয়া কপোলাভ্যন্তর, ওষ্ঠ ও মাড়িতে ক্ষত প্রসারিত হইয়া পড়ে। অত্যধিক ও ভয়ানক দুর্গন্ধ লালাস্রাব। অতিশয় সার্ব্বাঙ্গিক অসুস্থতা। ফুস্‌ফুসীয় উপসর্গ সমুপস্থিত হইতে পারে। এই রোগ প্রায়ই সাংঘাতিক হয়। কেহ কেহ বলেন, পারদ ব্যবহার বশতঃ এই রোগ জন্মে। কিন্তু পারদ ব্যবহার ব্যতীতও প্লীহা-বিবৃদ্ধি ও রক্তের অবিশুদ্ধাবস্থা হইতে এই পীড়া জন্মে।

চিকিৎসা।—সক্ষত মুখ প্রদাহে গ্লিসিরিণ অব্ ট্যানিন। স্যালিসিলিক এসিড ১ ভাগ, স্পিরিটে দ্রব করিয়া, তৎসহ ২৫০ ভাগ জল মিশ্রিত করতঃ তাহার কবল ব্যবহার করিলে সর্দ্দিজনিত মুখপ্রদাহের বেদনা উপশমিত হয় ক্লোরিণ সলিউসন লাইকর আর্সিনিকেলিস সেবনে উপকার হয় স্থানিক—ফটকিরি চূর্ণ; নাইট্রেট অব্ সিলভর, কখন কখন নাইট্রিক এসিড ; ক্লোরাইড অব্ জিঙ্ক; বা ক্লোরিনেটেড অব্ সোডা, পারমাঙ্গানেট অব্ পটাশ; বোরিক ও কার্ব্বলিক এসিড প্রভৃতি পচন নিবারক ও দুর্গন্ধহারক ঔষধের দ্রাবন প্রস্তুত করিয়া তদ্দ্বারা মুখগহ্বর পিচকারী দ্বারা পরিষ্কার করিয়া দিবে সেবনার্থ মাংসের যূষ, দুগ্ধ, কাঁচা ডিম্ব, ব্রাণ্ডি, কডলিভর অয়েল ক্লোরেট অব্ পটাশ—ডিক্কসন সিনকোনা অথবা টিংচর ফেরি পারক্লোরাইডের সঙ্গে। কুইনাইন ১৯৩, ১৯৪ আইয়োডাইড অব পটাশিয়ম মিথিলিন ব্লু ১ ভাগ ও জল ৪ ভাগ একত্রে স্থানিক লাগাইলে উপকার দর্শে। ক্লোরেট অব্ পটাশ সূক্ষ্ম চূর্ণ স্থানিক মৃদু ভাবাপন্ন রোগে করোসিব সব্লিমেট লোশন (১ গ্রেণ ২৩ আউন্স জল) উপকারী

এপথি অব দি মাউথ—থ্রশ

জাড়ি ক্ষত

জিহ্বা ও মুখগহ্বরে লিপ্ত শ্লৈষ্মিক ঝিল্লীতে ক্ষুদ্র ক্ষুদ্র গোলাকার, ঈষৎ উন্নত ও শ্বেতবর্ণ ক্ষত শৈশবাবস্থায় সাধারণতঃ হয়। পূর্ণবয়স্কদেরও সম। সময় হয় অবসন্নকর পীড়ার সঙ্গে জন্মে।

লক্ষণ।—অস্থিরত, দৌর্ব্বল্য, কাসি, গিলিতে কষ্ট, বমন, উদরাময়। ক্ষুদ্র ক্ষুদ্র ক্ষতগুলি সংযুক্ত হইয়া বৃহদাকার হয় ও ঝিল্লী দ্বারা আবৃত বলিয়া বোধ হয়

চিকিৎসা।—নাইট্রিক এসিড ডিল্ অল্প মাত্রায় সেবন করিলে এই রোগ আরোগ্য হয় স্থানিক—ফটকিরি চূর্ণ; বোরাক্স ও গ্লিসিরীন, কার্ব্বলিক এসিড ও গ্লিসিরীন ২৮। ইন্‌ফিঃ ক্যাটিকিউ ও বোরাক্স সলিউসন অব্ সলফাইড অব্ সোডা (৬০ গ্রেণ, জল এক আউন্স), কষ্টিক লোশন। ক্লোরেট অব্ পটাশ বাহ্যিক (কবলরূপে) বা আভ্যন্তরিক—ডিক্কসন বার্কের সহিত কুইনাইন ১৯০, টিংচর ফেরি পারক্লোরাইড, আইয়োডাইড অব্ পটাসিয়ম। দুগ্ধের সঙ্গে ২১ গ্রেণ বোরিক এসিড সেবনার্থ দিলে উপকার হয় অল্প মাত্রায় গ্রে পাউডর

ইনফ্লামেশন অব্ দি টন্‌সিল্‌স।

(তালুপার্শ্বগ্রন্থি প্রদাহ।)

তরুণ প্রদাহ—সাধারণতঃ সর্দ্দি বা অন্য কোন দৈহিকাবস্থা হইতে উৎপন্ন হয় একবার এই রোগ হইলে পুনরায় হইবার প্রবণতা জন্মে। যৌবনাবস্থাতে এই প্রদাহ উপস্থিত হইয়া থাকে

লক্ষণ।—শীত বা কম্প, তীব্র জ্বর তালুপার্শ্ব গ্রন্থি ও সন্নিহিত স্থান স্ফীত ও আরক্ত। গিলিতে বেদনা ও কষ্ট। তরল পদার্থ গিলিবার চেষ্টা করিলে তাহা নাসারন্ধ্র দিয়া বাহির হইয়া যায়। ইউষ্টেথিয়ান প্রণালীতে বেদনা। অনেক সময় পূযোৎ-

পত্তি হয়, আবার কোন কোন সময় বিনা পূযোৎপত্তিতে রোগ আরোগ্য হয়

প্রাচীন বিবৃদ্ধি তরুণ প্রদাহের অবসানে বা গণ্ড-মালা প্রকৃতিক বালক ও দুর্ব্বল স্ত্রীলোকদের আপনাপনি হয় বিবৃদ্ধি অধিক হইলে গলকোষ অবরুদ্ধ হইবার ন্যায় বোধ হয়। কথা অস্পষ্ট, অল্পাধিক বধিরতা, গিলিতে কষ্ট, পূর্ণ ও দীর্ঘশ্বাস গ্রহণে বাধা

চিকিৎসা —টিংচর একোনাইট অর্দ্ধ বা এক মিনিম মাত্রায় ৪ বার ১৫ মিনিট অন্তর ও তৎপরে এক ঘণ্টান্তর ব্যবহার করিলে প্রদাহ উপশমিত হয় ফটকিরি চূর্ণ বা দ্রব স্থানিক প্রযোজ্য টার্টার এমিটীক $\frac{1}{8}$ গ্রেণ মাত্রায় প্রতি ঘণ্টান্তর অত্যন্ত প্রদাহ ও স্ফীততা বর্ত্তমানে একোনাইটের সঙ্গে বা পর্য্যায়-ক্রমে বেলেডোনা ব্যবহার্য্য ক্যাপ্‌সিকম গার্গল। গ্রে পাউ-ডর $\frac{1}{2}$ গ্রেণ, ৩ ৪ ঘণ্টান্তর প্রয়োগে উপকার দর্শে স্যালাইন পর্গে-টিভস্ ৩৩১, ৩৩২, ৩৩৪, ৩৩৯ সিডলীজ পাউডর ৩৫৩। গলায় উষ্ণ স্বেদ ও মসিনার পুলটিস ওপিয়ম মিশ্রিত কবল, গলাভ্যন্তরে উষ্ণ জলের বাষ্প লাগান এবং ঐ জলের সঙ্গে বেলে-ডোনা, কোনায়ম বা ওপিয়ম গুলিয়া দিবে বরফ খণ্ড চুষিতে দিলে রোগী অনেক সময় বিশেষ আরাম বোধ করে কণ্ঠে ব্লিষ্টার, বা কম্পাউণ্ড ক্যাম্ফর লিনিমেণ্ট। গলায় একষ্ট্রাক্ট অব বেলেডোনা মাখাইয়া তদুপরি পুলটীস সেবনার্থ গোয়েকম লোজেঞ্জ, এমোনিয়া ও বার্ক ১৮৩, ১৮৪ কুইনাইন ও মিনারেল এসিড্‌স ১৬৭, ২৭৭, ১৯৩, ১৯৪। পূযোৎপত্তি হইলে বিশেষ সাবধানতায় তাহা অস্ত্র করা কর্ত্তব্য টন্‌সিলের বিবৃদ্ধি হইলে

কডলিভর অয়েল, কুইনাইন, আইয়োডাইড অব আয়রণ ও ফস্ফেট অব লাইম্ প্রভৃতি সেবা বটিক লোশন (১০—১৫ গ্রেণ, পরিস্রুত জল ১ আউন্স)

এণ্টিপাইরিণ ৫ গ্রেণ মাত্রায় সেবন উপকারী সোডা স্যালিসিলেটও প্রযুক্ত হয় বিবিধ সঙ্কোচক ও পচন নিবারক ঔষধের কবল বা লোজেন্‌জেস্ টিংচর ষ্টীল ১ ভাগ ও গ্লীসিরিণ ৩ ৪ ভাগ স্থানিক, অথবা উহাতে জল মিশাইয়া কবলরূপে প্রয়োজ্য। বেদনাতিশয্যে কোকেইন ও গ্লিসিরিণ স্থানিক পরে স্ফীতি নিবারণার্থ গ্লিসিরিং অব্ টানিন কার্ব্বলিক এসিড, বোরিক এসিড প্রভৃতির স্প্রে ইন্‌হেলেসন্ গ্লিসিরিণ ও এলম্।

ডিজিজেস্ অব্ দি ফ্যারিংস।

(গলকোষের পীড়া)

ফ্যারিঞ্জাইটিস্।

(এরিসিপেলেটস্ ইন্‌ফ্লামেসন্।)

গলকোষের প্রদাহ সচরাচর হইতে দেখা যায় না সময় সময় আতুরালয় আদিতে এই প্রদাহ বিসর্প আকারে পরিণত হয়। তৎসঙ্গে মৃদুভাবে জ্বর প্রকাশ পায়, কিন্তু তাহাতে রোগী অবসন্ন হইয়া পড়ে গিলিতে অত্যন্ত কষ্ট হয়। প্রদাহ অবশেষে কোথে (পচন) পরিণত হইতে পারে সাতিশয় অবসন্নতা প্রাদুর্ভূত হইয়া মৃত্যু সংঘটিত হওয়া অসাধারণ নহে প্রাচীন প্রদাহান্তে উপজিহ্বা শিথিল ও দীর্ঘ হইতে পারে এতদ্দ্বারা গলকোষে

উদ্দীপনা সমুপস্থিত হইয়া কষ্টকর কাসি ও তৎসহ সময় সময় বমনোদ্রেক হয় ও গলার মধ্যে কাসির পূর্ব্বে সুড় সুড় করে

চিকিৎসা।—এমোনিয়া ও বার্ক ১৮৩, ১৮৪ ওয়াইন্ ব্রাণ্ডি, মাংসের যূষ, দুগ্ধাদি। বেদনার উপশমের জন্য ওপিয়াম দিবে কার্ব্বলিক এসিড ১ ড্রাম, গ্লিসিরিণ অব বোরাক্স ৪ ড্রাম ও জল ১২ আউন্স মিশ্রিত করত তাহার কবল বা স্প্রে ইন্‌হেলেসন বেদনা নিবারণার্থ ইহার সঙ্গে কোকেইন মিশাইয়া দেওয়া যাইতে পারে স্বরযন্ত্রের পীড়াতেও ব্যবহার্য্য

ফলিকিউলার ডিজিজ —শ্লৈষ্মিক ঝিল্লীস্থ গ্রন্থি সকল বড় বড় হয় আইয়োডিন ও সঙ্কোচক ঔষধ উত্তপ্ত জলে মিশাইয়া, তাহা হইতে যে বাষ্প উঠে, তাহা গলাভ্যন্তরে লাগাইবে সেবনার্থ বলকারক ঔষধ ক্ষত হইলে কষ্টিক লোশন উগ্রতা নিবারণার্থ এমোন ব্রোমাইড সেবন অথবা গ্লিসিরিণ কার্ব্বলিক সহ স্থানিক অথবা জল সহ কবল উপকারী

উপজিহ্বার বিবৃদ্ধি সঙ্কোচক কবল, লৌহঘটিত বলকরৌষধ কষ্টিক লোশন, গ্লিসিরিণ অব্ ট্যানিক এসিড

ডিজিজেস অব্ দি ইসোফেগাস্।

অলসার অব্ ইসোফেগস্—ক্ষত।

ইহাতে গিলন কষ্ট থাকে; সময় সময় উহা এতদূর বর্দ্ধিত হয় যে, রোগী একেবারেই কোন দ্রব্য গিলিতে পারে না পাকাশয়োপরি বা বুকাস্থির উপরিভাগে বেদনা বোধ হয় বিবমিষা, উৎকণ্ঠা, শীর্ণতা ও দুর্ব্বলতা

চিকিৎসা। কষ্টিক লোশন (২০ গ্রেণে এক আউন্স জল)। বাহিরে টর্পেন্টাইন ও গ্লিসিরীন একত্রে মর্দ্দন। ট্যানিক এসিড; বোরাক্স, আইয়োডিনের বাষ্প আঘ্রাণ। বরফ চুষিতে দিবে সেবনার্থ—বার্ক; কুইনাইন, ষ্টীল, কডলিভর অয়েল; আইয়োডাইড অব্ পটাসিয়ম্; পুষ্টিকর পথ্য।

ক্যান্সার অব্ ইসোফেগস্।

এক অংশে বা সমস্ত নলীতে এই রোগ উপস্থিত হইতে পারে। রোগের সূত্রপাত হইতে এক বৎসরের মধ্যে রোগীর মৃত্যু হয়।

লক্ষণ।—গলাবেদনা, গিলিতে কষ্ট, সময় সময় কর্ণে কর্ত্তনবৎ বেদনা। সতত বমনোদ্রেক বা বমন। নলী প্রায় অবরুদ্ধ। কিছু সময়ান্তে রোগী একেবারেই আহার করিতে অক্ষম হয়। নলীতে ও পৃষ্ঠে জ্বালাবিশিষ্ট বেদনা। কাসি বা হিক্কা, রক্তস্রাব, শীর্ণতা, দুর্ব্বলতা।

চিকিৎসা।—ইহা আরোগ্য হয় না। বেদনা ও যন্ত্রণাদি নিবারণার্থ ওপিয়ম ও বেলেডোনা প্রভৃতি মাদক ঔষধ ব্যবহার্য্য। কোকেইন উৎকৃষ্ট বেদনাহর।

ষ্ট্রিকচর অব্ ইসোফেগস্।

যান্ত্রিক অবরোধ।—সাধারণতঃ দাহক বিষ গলাধঃকরণ বশতঃ হয়। প্রথমে বমন। অন্নবহানলীতে বেদনা ও তাহা স্কন্ধদ্বয়ের মধ্যে বিস্তৃত হইয়া পড়ে। বিশ্রাম, এবং সহজ

ও স্নিগ্ধকারক দ্রব্য আহার করিলে কিছু দিন রোগ সাম্য হয়। তৎপরে ৯ বা ১২ মাসান্তে সাতিশয় গিলন কষ্ট সমুপস্থিত হয়। ভাল করিয়া আহার না করিতে পারা বশতঃ ক্রমশঃ শরীর শীর্ণ ও দুর্ব্বল হইতে থাকে অবশেষে রোগী মৃত্যুমুখে নিপতিত হয়।

চিকিৎসা।—দাহক দ্রব্য গিলিয়া ফেলিলে ক্ষত হইয়া নলীর পরিসর সংকুচিত হইয়া যায়। বুজি ব্যবহার দ্বারা ইসোফেগসের প্রণালীর পরিসর বিস্তৃত করার চেষ্টা করিবে আহার্য্য দ্রব্য গলাধঃকরণ করিতে রোগী অসমর্থ হইলে পীচকারি দ্বারা মলদ্বারে প্রবেশ করাইবে।

স্প্যাজ্‌ডমিক ষ্ট্রীকচর বা আক্ষেপিক অবরোধ।

মূত্রমার্গ আদির ন্যায় ইহাতেও আক্ষেপ উপস্থিত হওত নলের পরিসর কুঞ্চিত হইয়া থাকে। গুল্মবায়ু রোগগ্রস্তা যুবতীদের এই রোগ হইতে দেখা যায়। গিলিতে কষ্ট, কোন প্রকার উত্তেজনা বশতঃ শ্বাসরোধ, গাত্রগৌরব, রক্তহীনতা ইত্যাদি। ইহাতে ক্ষণকাল পরেই আক্ষেপ তিরোহিত হয়।

চিকিৎসা।—আক্ষেপ নিবারক—৫, ৯৫, ৯৮, ১৩০। ভেলিরিয়ানেট অব্ কুইনাইন; সল্‌ফেট অব্ জিঙ্ক; শীতল জলে স্নান জরায়ুর ক্রিয়া বিশৃঙ্খলা থাকিলে তাহার প্রতীকার করা কর্ত্তব্য। ব্রোমাইড অব্ পটাসিয়ম।

ডিজিজেস্ অব্ দি ষ্টমাক ।

(পাকস্থলীর পীড়া)

ডিসপেপ্সিয়া—অজীর্ণ, মন্দাগ্নি ।

পাকাশয় ও অন্ত্রের নৈসর্গিক ক্রিয়ার ব্যাঘাত সমুপস্থিত হইলে অজীর্ণ বা মন্দাগ্নি জন্মে।

লক্ষণ —ক্ষুধাভাব, পাকাশয়প্রদেশে বেদনা, ভার ও পূর্ণতা বোধ—বিশেষতঃ আহারান্তে অনুভূত হয়। বমন ও বিবমিষা পর্য্যায়ক্রমে কোষ্ঠবদ্ধ ও উদরাময়। জিহ্বা সমল ও শ্বাস দুর্গন্ধ হৃৎস্পন্দন, শিরোবেদনা, কটি ও অঙ্গাদিতে বেদনা, বুকজ্বালা, পাকাশয়ে আক্ষেপ বা খাল। মুখ দিয়া জল উঠে। বিমর্ষ পাকাশয়িক রসের যথোচিত স্রাব না হইলে পরিপাক ক্রিয়া মৃদু ভাবে সম্পন্ন হয়। তৎসময় বাম উদরোর্দ্ধ প্রদেশে—পাকাশয়োপরি পূর্ণতা ও স্ফীতি বোধ এবং তাহা আহারান্তে অনুভূত হয় উদরাধ্মান, অম্ল উদ্গার, দুর্গন্ধ উদ্গার, কোষ্ঠবদ্ধ, মলাবৃত জিহ্বা, হৃৎস্পন্দন ও ক্রিয়া বিশৃঙ্খলা, শিরোবেদনা ও মানসিক অবসন্নতা

চিকিৎসা।—উগ্রতাসম্পন্ন অগ্নিমান্দ্যে ও যে প্রকার অজীর্ণে আহার দ্বারা উদরাময় জন্মে, তাহাতে লাইকর আর্সিনিকেলিস ১ ফোটা, আহারের পূর্ব্বে সেবন করিলে উপকার দর্শে জিহ্বা অত্যন্ত পরিষ্কার, চিক্কণ, লালবর্ণ ও ক্ষুদ্র ক্ষুদ্র গ্রন্থি উন্নত থাকিলে আর্সিনিক প্রয়োগ বিধেয়। কোষ্ঠবদ্ধ থাকিলে এক্‌ষ্ট্রা বেলেডোনা $\frac{1}{6}$—$\frac{1}{8}$ গ্রেণ দিনে এক বার সেব্য। আধ্মানযুক্ত অজীর্ণে বিসমথ ও উদ্ভিজ্জ অঙ্গার। লডেনম ১ ফোটা ও

টিং নক্সভমিকা ২ ফোটা একত্রে দিনে ৩ ৪ বার সেবনে উপকার দর্শিতে পারে জিহ্বা মলাবৃত ও মসৃণ কৃষ্ণবর্ণ হইলে পডোফিলিন $\frac{1}{8}$—$\frac{1}{2}$ গ্রেণ মাত্রায় প্রয়োজ্য তৎসঙ্গে নাইট্রিক এসিড ও নক্সভমিকা মিশ্র ব্যবহারে সমূহ সুফল উপলব্ধি হয়। সল্‌ফোকার্ব্বনেট অব্‌ সোডা বা টৌবিবিন দ্বারা আধ্মান নিবারিত হয় উহা ১০ বা ১৫ গ্রেণ মাত্রায় ব্যবহার্য্য আহারের অনতিবিলম্বে উদরাধ্মান জন্মিলে ফস্ফলস উৎকৃষ্ট। পরিমিত খাদ্য নিয়মিত সময়ে সেবন কর্ত্তব্য প্রত্যূষে গাত্রোত্থান; বিশ্রাম; অধ্যয়ন অধিক না করা ও মানসিক উৎকণ্ঠাদি পরিহারের চেষ্টা করা কর্ত্তব্য। ১০ ১২ ঘণ্টা উপবাস করিয়া থাকিলেও উপকার হয়। তৎপরে লঘু পথ্য, গর্দ্দভী ও গাভীর দুগ্ধ, চুণের জল, মণ্ড, সাগু, এরারুট বা চিকেন্‌ ব্রথ সেব্য এই সকল খাদ্য দ্রব্য ক্রমশঃ সহ্য হইতে থাকিলে উহা অপেক্ষা গুরুপাক দ্রব্য সেবনের বিধান করিবে পাকাশয়ের উগ্রতা থাকিলে সোডা ওয়াটর প্রভৃতি হিতকর আহারকালে খাদ্য দ্রব্য উত্তমরূপে চর্ব্বণ করিয়া গলাধঃকরণ করা উচিত ঔষধের মধ্যে পেপ্‌সিন্‌ সর্ব্বপ্রধান, ৪১৭ ডাইলিউট হাইড্রোক্লোরিক এসিড ও পেপ্‌সিন্‌। কখন কখন পেপ্‌সিনের সঙ্গে মর্ফিয়া ব্যবহার হয়। লাইকর ষ্ট্রীক্‌নিয় ২৷৩ মিনিম, বা ৫ মিনিম মাত্রায় টিংচর অব্‌ নক্সভমিকাও উক্ত ঔষধের সঙ্গে ব্যবহার করিলে বিশেষ উপকার দর্শে সোডা, রিউবার্ব, ইপিকাক ও জিঞ্জর। মুখ দিয়া যদি অম্লাক্ত জল উঠে, তবে এরোমেটীক সল্‌ফিউরিক এসিড; বিসমথ ২২৪, ২৩৪, ২৩৫; নাইট্রেট অব্‌ সিল্‌ভর; কোনিয়ম; বেলেডোনা; কম্পাউণ্ড কাইনো পাউডর, হাইড্রো-

সিয়ানিক এসিড। বমন ও বেদনা নিবারণার্থ বরফ, মর্ফিয়া; সোডা এসিড, কোকেইন, হাইড্রেট ক্লোবাল ইত্যাদি পাকাশযের মধ্যে যদি অধিক পরিমাণে অম্ল বা অন্য উগ্র দ্রব্য থাকা বশতঃ বেদনাদি উপস্থিত হয়, তবে বমন করান কর্ত্তব্য তৎপরে সোডা, মর্ফিয়া ও হাইড্রোসিয়ানিক এসিড আদি সেব্য ৯৩, ৯৮, ২৯০, ৩৯৪, ৩৯৫, ৩৯৬ পরিপাক ক্রিয়ার ক্ষীণতা বর্ত্তমানে উদ্ভিজ্জ বলকরৌষধ ও মিনারেল এসিড্স ১৬৯, ১৭০, ১৯৩, ১৯৪; স্যালিসিন বা কার্বলিক এসিড। মৃদু বিরেচক— গ্রে পাউডর, পিল্‌রিয়াই কম্পাউণ্ড ৩৪৯, ট্যারাক্‌সেকম্ ও সোডা ৩৩৯, এসিড নাইট্রিক ডিল ও ট্যারাক্‌সেকম ৩৭০ মৃদু লৌহঘটিত ঔষধ ১৭৪, ১৭৯, ১৮০, ১৮২, ১৮৭, ১৮৮, ১৯৯, ২০১, ২০৪, ২০৫ বমন নিবারণার্থ $\frac{1}{২০}$ গ্রেণ মাত্রায় মর্ফিয়া; ক্রিয়েজোট ১ মিনিম, টিং আইয়োডিন ১ মিনিম, ক্লোরোফর্ম্ম ১ মিনিম, কোকেইন $\frac{1}{৪}$ গ্রেণ প্রয়োজ্য সার্সিনী নামক উদ্ভিজ্জাণু পাকাশয়ে থাকা বশতঃ বমন হইলে সল্‌ফরস এসিড, সলফাইট অব্ সোডা, স্যালিসিলিক এসিড, অয়েল ইউক্যালিপ্টাই বা মেন্থ পিপ্ ব্যবস্থেয় পেপসিন ও বিসম্ রিডক্‌টম একত্রে। পানদোষ জনিত মন্দাগ্নিতে সল্‌ফেট বা অক্‌সাইড অব্ জিঙ্ক ব্যবহার্য্য মদ্যাদি অল্প মাত্রায় দিবে অম্লাধিক্যে ক্ষার ঔষধ ব্যবহার করা উচিত হইলেও তাহা অত্যধিক না হয়, তৎপ্রতি দৃষ্টি রাখা কর্ত্তব্য রোগের কারণ ঠিক করিতে পারিলে চিকিৎসার সুবিধা হয় বিবিধ পীড়ায় ইহা একটী উপসর্গ মাত্র। প্যাপেইন ২ গ্রেণ মাত্রায় আহারের পর সেব্য

একিউট্ গ্যাষ্ট্রাইটীস্—তরুণপাকাশয় প্রদাহ।

পাকাশয়স্থ শ্লৈষ্মিক ঝিল্লীর তরুণ প্রদাহ কদাচ বা কথনই প্রায় আপনাপনি জন্মে না মিনারেল এসিড্স দাহক ক্ষার বা আর্সিনিক আদি দ্বারা বিষাক্ত হইলেই সাধারণতঃ তরুণ প্রদাহ উৎপন্ন হয়। সময় সময় স্ফুটিত জলপান, অধিক মাত্রায় এণ্টিমণি ব বমনকারক মাত্রায় সর্ষপ সেবনে এই পীড়া উপস্থিত হয়

লক্ষণ।—উগ্র বিষ দ্বারা প্রদাহ সমুপস্থিত হইলে পাকাশয় প্রদেশে বর্দ্ধিত জ্বালাযুক্ত বেদনা, চাপিলে বৃদ্ধি হয় ক্লেশকর বিবমিষা, প্রবল বমনোদ্রেক শ্বাস ও নাড়ী স্পন্দন দ্রুত সাতিশয় পিপাসা, শীতল জলপানে ইচ্ছা, কিন্তু তাহা পান মাত্রই বমন হইয়া যায় কোষ্ঠবদ্ধ, স্বল্প ও রক্তবর্ণ মূত্র রোগী শীঘ্রই অবসন্ন হইয়া পড়ে তদ্ধেতু মৃত্যু সংঘটিত হয়

চিকিৎসা।—ওপিয়ম, বরফ, বার্লি ওয়াটর, দুগ্ধ, ক্রিম, এরারুট, গ্রুয়েল নিউট্রিসস অর্থাৎ পুষ্টিকর দ্রব্যের পীচকারি ফোমেণ্টেসন, বরফ স্থানিক। রোগ উপশমিত হইলে আহার্য্য দ্রব্য সম্বন্ধে বিশেষ সতর্কতা আবশ্যক বিরেচক পীচকারি, ওপিয়ম সপোজিটরী, পুলটীস। বমনকারক ঔষধ ও ষ্টমাক পম্প ব্যবহার নিষিদ্ধ।

সব্ একিউট গ্যাষ্ট্রে ইটীস্ বা গ্যাষ্ট্রিক ক্যাটার।

অজীর্ণ, জিহ্বা মলাবৃত, পাকাশয়প্রদেশে অসুখ বোধ, পিত্ত বমন, শিরোঘূর্ণি, শিরোবেদনা চর্ম্ম উষ্ণ, নাড়ী দ্রুত ও পুষ্ট, পাকাশয়ে বেদনা, মূত্র স্বল্প

চিকিৎসা।—সলফাইট অব্ সোডা ৩০—৬০ গ্রেণ, বিসমথ ২০৩, ২২৪, ২৩৪, ২৩৫, ৩৭৪ য়্যারোমেটিক সল্‌ফিউরিক এসিড; আয়রণ য্যালম, স্যাকেরেটেড সলিউসন অব্ লাইম ও দুগ্ধ, ক্যালেমেল, এরারুট, মণ্ড, পাঁউরুটী, সোডা ওয়াটর, সেরি মিশ্রপানীয়—৩৩৩, ৩২৪, ৩২৬ মৃদু বিরেচক। ফোমেণ্টেসন; টর্পেণ্টাইন ষ্টুপ; পুলটীস, সিনাপিজম্‌স বমন নিবারণার্থ হাইড্রোসিয়ানিক এসিড ডিল আইয়োডাইড অব্ পটাশিয়ম ও বাইকার্বনেট অব্ সোডা একত্রে এই পীড়ায় বিশেষ উপকার করে। হাইড্রোক্লোরিক এসিড বা প্যাপেইন হিতকর

ক্রনিক গ্যাষ্ট্রাইটীস্—ক্রনিক গ্যাষ্ট্রিক ক্যাটার।

অত্যন্ত অধিক দিন স্থায়ী না হইলে ইহাকে এক প্রকার মৃদু পীড়া বলা যায় পাকাশয়ের পর্দ্দা পুরু ও কঠিন হয় পাকাশয়ের অধোমুখ সংকুচিত বা শ্লৈষ্মিক ঝিল্লীতে ক্ষত হইয়া বিদারিত হইতে পারে ক্ষুধাভাব, পাকাশয় প্রদেশে ও বুক্কাস্থিতে বেদনা আহারান্তে বেদনা ও বমন পরিপাক ক্রিয়া বিলম্বে সম্পন্ন হয় পেট বেদনা, মুখ দিয়া জল উঠা, অন্ত্রের ক্রিয়া বিশৃঙ্খলা।

চিকিৎসা। সলফাইট অব্ সোডা ৩০—৬০ গ্রেণ মাত্রায় ইনফিঃ কোয়াসিয়ার সঙ্গে বিসমথ ২২৪, ২০৪, ২৩৫, ৩৭৪। অক্সাইড বা নাইট্রেট অব্ সিলভর বটিকাকারে একষ্ট্রাঃ হায়সায়ামাসের সঙ্গে অগজেলেট অব্ সিরিয়ম ২৩ গ্রেণ, হেনবেন্ বা জেনসিয়ানের সার সহ ৬৮ ঘণ্টান্তর কাইনো ও লগউড ইনফিঃ ম্যাটিকা, ফেরি এমোনিয়া সল্‌ফেটীস ৫ গ্রেণ মাত্রায়।

কোষ্ঠবদ্ধ থাকিলে ক্যালোমেল ৫ গ্রেণ ও রিয়াই ১০ গ্রেণ ; এফারভেসিং সাইট্রেট অব্ ম্যাগ্‌নিসিয়া ; ফ্রেডরিক্‌সাল ওয়াটর ; কম্পাউণ্ড রিউবার্ব পাউডর মদ্য সেবন জনিত রোগ হইলে ওপিয়ম ও নর্ম্ম ব্যবহার্য্য উপদংশজনিত হইলে মার্করী ও আইয়োডাইড অব্ পটাসিয়ম। আহার সম্বন্ধে রোগীকে বিশেষ সতর্ক করা কর্ত্তব্য। প্রথমে দুগ্ধ ও চূণের জল এক বা দুই দিন সেবন করাইয়া পরে ম্যারারুট, দুগ্ধ, সাগু, অন্নমণ্ড, ডিম্ব, মৎস্য ও মাংসযূষ ইত্যাদি দিবে স্নিগ্ধকারক পানীয়াদি বিধেয়

ইন্‌ডিউরেশন অব দি পাইলোরস

পাকাশয়ের অধোমুখে শ্লৈষ্মিক ঝিল্লীর নিম্নস্থ সৌত্রিক ঝিল্লী অত্যন্ত পুরু হয়। তদ্ধেতু উক্ত মুখের অবরোধ, তৎসঙ্গে সম্ভবতঃ পাকাশয়ে বিস্তৃতি ও উহার পৈশিক আবরণ বর্দ্ধিত হয়

লক্ষণ। শীর্ণতা ও বর্দ্ধিত দুর্ব্বলতা মুখ দিয়া জল উঠে বমন ; কোষ্ঠবদ্ধ ; মানসিক দৌর্ব্বল্য ক্ষুধা অত্যন্ত অধিক হইতে পারে অধিক আহার করিলে যন্ত্রণার বৃদ্ধি হয় সময় সময় অধোমুখ অর্ব্বুদবৎ প্রতীয়মান হয় নিদ্রার ব্যাঘাত জন্মে। অবসন্নতা, পরিপোষণের হীনতা বশতঃ মৃত্যু হয়

চিকিৎসা। লঘুপাক পথ্য যথা—দুগ্ধ, ক্রিম, কাঁচা ডিম্ব—সেরীর সঙ্গে, মাংসের যূষ, চা, কড্‌লিভর অয়েল। কুইনাইন ও ষ্টীল। রোগের প্রবলতার সময় ১২ দিন পাকাশয়কে বিশ্রাম দিয়া পিচকারি দ্বারা খাদ্য দ্রব্য মলদ্বারে প্রবেশিত করান উচিত পাকাশয়ের উপরে বেলেডোনা পাষ্টর দ্বারা

নিবারিত হয় আইয়োডাইড্ অব্ পটাসিয়ম, আইয়োডাইড্ অব্ এমোনিয়ম, বা এমোনি ক্লোরাইড্ ফলপ্রদ

অল্সার অব্ দি ষ্টমাক—পাকাশয়ের ক্ষত।

সাধারণতঃ পুরুষাপেক্ষা স্ত্রীলোক এবং ধনী অপেক্ষা দরিদ্র ব্যক্তিদের এই রোগ অধিক হয় যৌবনাবস্থার পূর্ব্বে কদাচিৎ হয় ক্ষত গোল বা ডিম্বাকার পশ্চাৎ প্রদেশ, স্বল্প বক্রদেশ বা অধোমুখের নিকট ক্ষত প্রকাশ পায় রক্তস্রাব, বিদারণ বা অবসন্নতা দ্বারা মৃত্যু হয়

লক্ষণ।—পাকাশয় প্রদেশে বেদনা, উহা আহারের পর বৃদ্ধি পায় পৃষ্ঠেও বেদনা থাকে হৃদ্ধমনীর প্রবল স্পন্দন। অম্লোদগার, বমন ও বিবমিষা শীর্ণতা যুবতীদের আর্ত্তবাভাব —বিশেষতঃ পাকাশয় হইতে রক্তস্রাব হইতে থাকিলে ক্ষত আরোগ্য হইতে থাকিলে বেদনা হ্রাস প্রাপ্ত হয় বিদারণ (পার্ফোরেসন) সংঘটিত হইলে প্রচণ্ড বেদনা—সমস্ত উদরে প্রসারিত হইয়া পড়ে। উদরাধ্মান, সাতিশয় উৎকণ্ঠা, দ্রুত বর্দ্ধিত অবসন্নতা কয়েক ঘণ্টার মধ্যে বেদনাবিহীন হিমাঙ্গ প্রাদুর্ভূত হইয়া মৃত্যু হয়

চিকিৎসা।—ক্ষত শুষ্ককরণ ও দৈহিক পোষণ যাহাতে উত্তমরূপে সম্পাদিত হয়, তৎচেষ্টা করা উচিত পাকাশয়কে 'বিশ্রাম দিয়া' পুষ্টিকর খাদ্য দ্রব্য সম্বন্ধে বিচার করিবে খুব অল্প মাত্রায় ওপিয়ম, মর্ফিয়া, কোডিইন বা কোকেইন সেবন করিতে দিলে বিশেষ উপকার হয় রোগীকে শয্যায় শয়ন করাইয়া রাখিবে আহারার্থে কঠিন দ্রব্য দিবে না; কেবল দুগ্ধ, চূণের

জল বা সোডা ওয়াটর সহ উপকারী ইহাও অল্প মাত্রায় ঘন ঘন দেওয়া আবশ্যক ঔষধের মধ্যে বোরিক এসিড ও বিসমথ একত্রে হিতকর লাইকর এট্রপিন অর্দ্ধ মিনিম মাত্রায় সেবনে বেদনা ও বমন উপশমিত হয় বাইক্রমেট অব্‌ পটাশিয়ম বেদনার আতিশয্যে ফোমেণ্টেশন, সিনাপিজম্‌স্‌, টর্পেণ্টাইন ষ্টুপস্‌ অত্যন্ত বমন ও রক্তস্রাব হইলে শৈত্য অর্থাৎ বরফাদি পাকাশয়োপরি স্থানিক প্রযোজ্য ওপিয়ম বা উহার সঙ্গে হেনবেন্‌, ইণ্ডিয়ান হেম্প। বিসমথ ১০ গ্রেণ, কম্পাউণ্ড কাইনো পাউডর ৫ গ্রেণ, দিনে তিন বার। উদরাধ্মান সহ বিবমিষা থাকিলে আইয়োডাইড্‌ অব্‌ পটাসিয়ম, বাইকার্বনেট্‌ অব্‌ পটাশ ও ইনফি ক্যালম্বা একোয়া লরোসিরেসাই ৫ মিনিম, বরফ মিশ্রিত জল অর্দ্ধ আউন্স অথবা এফারভেসিং ড্রাফ্‌ট; স্যাম্পেন্‌ বা সোডাওয়াটর দ্বারা বমন ও বিবমিষা নিবারিত হয়। বেদনা ও বিবমিষা অল্প থাকিলে মৃদু লৌহঘটিত ঔষধ ১৭৯, ১৮০, ১৮২। রোগী সহ্য করিতে পারিলে কুইনাইন ও আয়রণ ১৭২, ১৭৪, ২০১, ২০৮। বিরেচক আবশ্যক হইলে অল্প মাত্রায় ক্যাষ্টর অয়েল ও এনিমা দিবে। লঘুপাক পথ্য অর্থাৎ দুগ্ধ, চূণের জল, য়্যারারুট, যবের মণ্ড ইত্যাদি দিবে। ক্রমশঃ উহা সহ্য হইলে অন্যান্য খাদ্য দ্রব্য বিশেষ বিবেচনা ও সাবধানতার সহিত দেওয়া কর্ত্তব্য চা, কফি, অসিদ্ধ ফল, চিনি, উদ্ভিজ্জ পদার্থ, বিয়ার ও ব্রাণ্ডি আদি নিষিদ্ধ। বিশেষ আবশ্যক হইলে অল্প মাত্রায় ব্রাণ্ডি জলের সহিত মিশাইয়া দেওয়া যাইতে পারে পাকাশয় ছিদ্রীভূত হওয়ার উপক্রম হইলে ওপিয়ম সেবন করাইবে ও রোগীকে কিছুই সেবন করিতে দিবে না

ক্যান্সার অব ষ্টম্যাক।

সাধারণতঃ পাকাশয়ের অধোমুখ, ঊর্দ্ধমুখ ও স্বল্প বক্রদেশে উৎপন্ন হয় অন্য স্থানে এই রোগ না জন্মিয়া কেবল পাকাশয়ে জন্মিতে পারে স্ত্রী অপেক্ষা পুরুষদের অধিক হয় ৫০ বৎসর বয়ঃক্রমের পূর্ব্বে কদাচ হয় রোগলক্ষণ আরম্ভ হইবার দুই বৎসরের অধিক প্রায়ই রোগী জীবিত থাকে না

লক্ষণ।—পাকাশয়দেশে জ্বালাযুক্ত, ছুরিকাবেধৎ বা চর্ব্বণকর বেদনা, উহা চাপিলে ও আহারান্তে বর্দ্ধিত হয় উদরপ্রাচীর কুঞ্চিত, পূতিগন্ধযুক্ত বায়ু উদ্গার বিবমিষা, সতত খাদ্য দ্রব্য এবং শ্লেষ্ম বমন, সরক্ত বমন কোষ্ঠবদ্ধ, দৌর্ব্বল্য, শীর্ণতা। যখন হৃৎধমনীর উপর কর্কটার্ব্বুদ স্থিতি করে, তখন অর্ব্বুদ স্পন্দনশীল হয় পাকাশয় বিদীর্ণ হইয়া তন্মধ্যস্থ দ্রব্যাদি অন্ত্রচ্ছদে প্রবিষ্ট হয় অথবা বহির্দ্দিকে বা অন্যান্য দিকে এই বিদারণ সংঘটিত হইতে পারে।

চিকিৎসা।—এই রোগ আরোগ্য হয় না, তবে যন্ত্রণাদি নিবারণার্থ ঔষধ ব্যবহার করা উচিত। ওপিয়ম সেবন, মলদ্বারে পিচকারি দেওয়া ও সবকিউটিনিয়স ইনজেকসন্। অত্যন্ত বমন হইতে থাকিলে মলদ্বারে খাদ্য দ্রব্যের পিচকারি দিবে পাকাশয়ে সহ্য হইলে দুগ্ধ ও ডিম্ব দেওয়া যাইতে পারে পেপসিন্ ও কড্‌লিভর অয়েল দ্বারা অনেক সময় উপকার হয় দুর্গন্ধ উদ্গার উঠিলে ক্রিয়োজোট বা চারকোল বিস্কুট সেব্য এক্‌ষ্ট্রাক্ট বেলেডোনা বা টিংচর ওপিয়ম উষ্ণ করিয়া উহাতে লিণ্ট ভিজাইয়া পাকাশয়প্রদেশে সংস্থাপন করিলে রোগী আরাম বোধ করে। মর্ফিয়ার অধস্ত্বাচ প্রক্ষেপও দেওয়া যায় একখানি ক্ষুদ্র

ব্লিষ্টার দিয়া পরে তাহার ক্ষত সর্গিয়া দ্বারা ড্রেস করিবে ক্লোরেট অব্ সোডা উৎকারী অম্ল ও অভিযর (ইষ্টে) যুক্ত বমনে ক্রিযোজোট, হাইপো সল্‌ফাইট অব্ সোডা, কার্বলিক এসিড্, ইউক্যালিপ্‌টাই অয়েল।

কার্ডিয়্যালজিয়া—বুকজ্বালা।

পাকাশয় ও অন্নবহনলীতে অতৃপ্তিকর জ্বালাবোধ, থাকিয়া থাকিয়া প্রকুপ্ত হয়। অজীর্ণের একটী সাধারণ লক্ষণ

চিকিৎসা।—এমোনি কার্ব—৪, ৯, ১১, ১৫, ১৮৩। এমোনি ক্লোরাইড্, স্প্রিঃ এমন য্যারোমেটীক ২, ১০, ৩৯৫ ম্যাগ্নিস্‌ডেলি ৩২৬; লাইকর ক্যাল্‌সিস্ ৩১৭ সক্কস লিমনিস হাইড্রোসিয়ানিক এসিড ৯২, ৯৩, ১৩৭, ২৭০, ৩৯৬ ম্যাগ্নিসিয়া কার্ব্ব ৩৫৪, ৩৯৩ নাইট্রিক্ এসিড্ ডিল ১৬৯ ফস্ফরিক এসিড্ ডিল্ ২৯৫ অন্যান্য ক্ষার দ্রব্যে উপকার না হইলে বিসমথ; লাইকর পটাশ ১৮৭, ৩৯৭; সোডি বাইকার্ব্ব ২৯০ ৩৯৪, ৩৯৬ স্যাকেরেটেড্ সলিউসন্ অব্ লাইম এমোনিয়া সাইট্রেট অব্ আয়রণ, পেপ্‌সিন্

হিমাটিমিসিস্—রক্তবমন।

পাকাশয় হইতে রক্তস্রাব, তরুণ ও প্রাচীন দ্বিবিধ আকারে সমুপস্থিত হয়। প্রাচীন রোগ প্রায়ই সাংঘাতিক হয়, কারণ ইহা উদর গহ্বরস্থ অন্তঃকোষ্ঠের পীড়া-পরিচায়ক

লক্ষণ।—অধিক পরিমাণে রক্তবমন হয়। রক্ত সফেন

হয় না, রক্ত কৃষ্ণবর্ণ ও আহার্য্য দ্রব্য মিশ্রিত। রক্ত ভেদ সাধারণ। পাকাশয় বা ক্ষুদ্রান্ত্রের প্রথমাংশের অসুস্থতা জনিত লক্ষণাদি, সহজ বা সাংঘাতিক ক্ষত, যকৃৎ কাঠিন্য, ধমন্যর্ব্বুদ ইত্যাদি।

চিকিৎসা।—কোন কঠিন দ্রব্য সেবন করিবে না। আহারার্থ কেবল জলীয় দ্রব্য, শীতল ও অম্ল মিশ্রিত পানীয়, বরফ, মাংসের যূষ, হংগেরিয়ান বা বোঁর্ডো দেশীয় সংকোচক মদ্য সেব্য। রোগী শয়ন করিয়া থাকিবে। রোগী অত্যন্ত দুর্ব্বল হইয়া পড়িলে বিফ্‌টির পিচকারি, তৎসঙ্গে পোর্ট, ব্রাণ্ডি, টিংচর ওপিয়ম দিবে। ঔষধার্থ গ্যালিক এসিড ও য়্যারোমেটীক সল্‌ফিউরিক এসিড্‌ ২১৮, ২৩১। অয়েল টর্পেণ্টাইন ২১৭। এসিটেট্‌ অব্‌ লেড্‌ ও ওপিয়ম ২২৫। একজন রোগীকে লাইকর ফেরি পারক্লোরাইড্‌ ১ ড্রাম জল সহ সেবন করানতে আরোগ্য হয়। পাকাশয় প্রদেশে শৈত্য প্রয়োগ। হেজিলিন বা হামামেলিস সেবন উপকারী। রোগ পুরাতন হইলে সল্‌ফিউরিক্‌ এসিড্‌ ডিল্‌ ও ডিককৃসন্‌ বার্ক ১৭০। কুইনাইন ও আয়রণ ১৭৬, ১৭৭, ১৯৩, ১৯৪। ক্রিম, কাঁচা ডিম্ব, এসেন্স অব্‌ চিকেন, বিবিধ মাংসের যূষ ও কড্‌লিভর অয়েল। রক্তভেদ হইলে যদি পাকাশয়ের কোন পীড়া না থাকে, তবে জেলাপ বা পডফাইলিন দ্বারা বিরেচন করান কর্ত্তব্য। তৎপরে সল্‌ফিউরিক এসিড্‌ ডিল্‌ ও ডিককৃসন্‌ সিন্‌কোনা ১৭০। অনেক সময় পাকাশয়ের ক্ষত জন্য উৎপন্ন হয়। রোগীকে স্থির ভাবে শয়ন করিয়া থাকিতে উপদেশ দিবে। আহার বন্ধ করিয়া পাকাশয়কে বিশ্রাম দিবে। বরফ খণ্ড চুষিতে দেওয়া ও পাকাশয়োপরি স্থানিক প্রয়োগ করা উচিত। খাদ্য দ্রব্য ও উত্তেজক ঔষধ মলদ্বারে পিচকারিরূপে প্রয়োগ

করিবে ওপিয়ম ও মর্ফিয়া এনিমা ও হাইপোডার্মিক সিরিঞ্জরূপে প্রয়োজ্য আর্গটিনের অধস্ত্বাচ প্রক্ষেপ

ডাইলেটেশন অব্ দি ষ্টমাক—পাকাশয়ের প্রসারণ

পাকাশয়ের অধোমুখের কোন পীড়া বশতঃ ক্ষুদ্রান্ত্রে ভুক্ত দ্রব্য যাওয়ার ব্যাঘাত জন্মে তদ্ধেতু পাকাশয় প্রসারিত হইয়া পড়ে অধোমুখের সংকোচন বশতঃ প্রসারণ সংঘটিত হয়।

লক্ষণ।—পাকাশয়ে থাল, বুকজ্বালা, মুখ দিয়া জল উঠা, উদরাধ্মান, কোষ্ঠবদ্ধ ও সময় সময় বমনাক্রমণ। ক্ষুধা অপরিমিত হইতে পারে। বমন হইলে অধিক পরিমাণে ভুক্ত দ্রব্য নিঃসৃত এবং উহা অম্লাক্ত হয় অণুবীক্ষণ দ্বারা দেখিলে উহাতে সার্সিনী ভেণ্ট্রিকিউলী নামক কীটাণু দৃষ্ট হয় পাকাশয়ে অধিকক্ষণ পর্য্যন্ত ভুক্ত দ্রব্য থাকা বশতঃ উক্ত উদ্ভিজ্জ কীটাণুর উৎপত্তি হইয়া থাকে

চিকিৎসা।—এই রোগে অত্যন্ত বমন হইয়া থাকে, সেই বমন প্রধানতঃ এক প্রকার উদ্ভিদ কীটাণুজনিত হইয়া থাকে ইহা নিবারণার্থ সল্‌ফাইট্ অব্ পটাশ, সল্‌ফাইট্ অব্ সোডা হাইপো সলফাইট্ অব্ সোডা ৫—২০ গ্রেণ দিনে তিনবার পথ্য রীতিমত দিবে।

এণ্টিরাইটিস—অন্ত্রপ্রদাহ।

ক্ষুদ্রান্ত্রের প্রদাহের প্রবলতার হ্রাস বৃদ্ধি হয়। অন্ত্রের সমস্ত পর্দ্দা বা কোন একটী পর্দ্দা ব্যাধিগ্রস্ত হইতে পারে। সাধারণতঃ শ্লৈষ্মিক পর্দ্দাই আক্রান্ত হয়।

লক্ষণ।—শীত, চর্ম্ম উষ্ণ, তৃষ্ণা কঠিন ও দ্রুত নাড়ী; উদরে বিশেষতঃ নাভির চতুষ্পার্শ্বে বেদনা, চাপিলে বর্দ্ধিত হয় বমন ও বিবমিষা রোগী চিৎ হইয়া শয়ন করিয়া থাকে, তাহাতে উদর প্রাচীরস্থ পেশী সকল শিথিল হয় অত্যন্ত অস্থিরতা, প্রবল জ্বর, অবসন্নতা, মুখাকৃতি উৎকণ্ঠাব্যঞ্জক। অত্যন্ত কোষ্ঠবদ্ধ, প্রলাপ। তারবৎ বা অস্পষ্ট নাড়ী বমিত দ্রব্য সাতিশয় দুর্গন্ধবিশিষ্ট। সময় সময় মল-বমন হয়।

চিকিৎসা।—অহিফেন এই রোগের অত্যুৎকৃষ্ট ঔষধ। অহিফেণ ও বেলেডোনা ১০১ উদর প্রদেশে উষ্ণ জলের ও তার্পিণের স্বেদ অথবা লিনসিড পুল্‌টীস। শয্যাতে নিশ্চিন্ত ভাবে শয়ন করিয়া থাকা কর্ত্তব্য বিরেচক ঔষধ আদৌ ব্যবহার করিবে না। অন্ত্রে যদি মল আবদ্ধ থাকে, তবে ঈষদুষ্ণ জলের পীচকারি দ্বারা তাহা নিঃসরণ করাইবে। প্রদাহ উপশান্ত হইলে মৃদু বিরেচক ব্যবহার্য্য তৎপরে ইনফিঃ ক্যাস্‌কেরিলা; টিংচর বার্ক প্রভৃতি উদ্ভিজ্জ বলকারক প্রয়োজ্য গণ্ডমালা ধাতুপ্রকৃতিক লোকদিগের পক্ষে কড্‌লিভর অয়েল; গ্লিসিরিণ; টিং অব্‌ ষ্টীল বা সিরপ ফেরি আইয়োডাইড লঘুপাক দ্রব্য পথ্যার্থ দিবে, স্নিগ্ধপানীয়, বরফ, শীতল জল, মাংসের যূষ, দুগ্ধ ইত্যাদি। অবসন্নতার লক্ষণ প্রাদুর্ভূত হইলে উত্তেজক ঔষধ। বালকদিগের এই প্রকার রোগে ওপিয়ম বিশেষ সাবধানে ব্যবহার করা কর্ত্তব্য। ঈষদুষ্ণ জলে স্নান, উষ্ণজল স্বেদ, লিনসীড পুলটীস; ক্লোরেট অব্‌ পটাশ ও জল বা চাব ফাণ্টের সঙ্গে সংকোচক ঔষধ আবশ্যক হইলে টিংচর্‌ কাইনো,

টিংচর কটো বা ডিকক্শন লগ্‌উড দিবে ছাগদুগ্ধ ও মাতৃস্তনদুগ্ধ পান করাইবে কখন কখন মাংসের পাতলা ঝোল দেওয়া যায় অত্যন্ত দৌর্ব্বল্য থাকিলে দুগ্ধ, এ্যারারট প্রভৃতির সহিত ব্রাণ্ডি ১০—৩০ মিনিম মাত্রায় দিবে তপ্ত মাত্রায় লডেনম, স্পিরিট ক্লোরোফর্ম্ম বা ইথর ও ডিল্ ওয়াটার একত্রে মিশ্রিত করিয়া ব্যবহার্য্য। মষ্টার্ড প্লাষ্টর, ব্লিষ্টার; অহিফেন বা বেলেডোনা প্রভৃতিও স্থানিক ব্যবহার্য্য

ইনফ্লামেশন অব্ সিকম—অন্ধান্ত্র প্রদাহ।

অন্ধান্ত্রের প্রদাহ কঠিন আবদ্ধ মল বা ফলের বীজ বা খোসা অথবা পিত্ত বা অন্ত্রশিলা অথবা কৃমি আদি আবদ্ধ থাকায় সমুপস্থিত হয়

লক্ষণ।—তরুণ প্রকারে—জ্বর, বিবমিষা, কোষ্ঠবদ্ধ, দক্ষিণ কুক্ষিদেশে বেদনা ও পূর্ণতাবোধ। চাপে বেদনা অত্যন্ত বর্দ্ধিত হয় রোগী দক্ষিণ দিকে শয়ন করে ও জানুদ্বয় উন্নত রাখে, কারণ তদ্রূপভাবে থাকিলে বেদনাবিশিষ্ট তন্তু সমূহ শিথিল থাকে। অন্ত্রচ্ছদ প্রদাহিত হইলে উহার সার্ব্বাঙ্গিক লক্ষণাদি প্রকাশিত হয় স্ফোটক ও পূয জন্মিতে পারে। ভর্মিফর্ম্ম এপেন্‌ডিক্স প্রদাহিত হইলে অত্যন্ত যাতনাদায়ক শূল উদরাধ্মান, হিক্ক, প্রচণ্ড বমন অন্ত্রাবরোধ প্রবল বেদনা দক্ষিণ ডিম্বকোষ বা অণ্ড পর্য্যন্ত বিস্তৃত ও উরুদেশের অভ্যন্তর দিকেও প্রসারিত হইয়া পড়ে পচন বা অন্ত্রচ্ছদ প্রদাহ বশতঃ মৃত্যু হয় অন্ত্রের কতক অংশ পচিয়া পড়িয়া গিয়াও বাঁচিতে পারে

প্রাচীন প্রদাহে—লক্ষণাদি ক্রমশঃ ও অস্পষ্টভাবে প্রকাশ পায় স্বাস্থ্যহানি, দুর্ব্বলতা, শীর্ণতা। দক্ষিণ কুক্ষিতে শূল, উদরাধ্মান, ক্ষুধাভাব পর্য্যায়ক্রমে কোষ্ঠবদ্ধ ও উদরাময়। শ্লৈষ্মিক পর্দ্দায় ক্ষত হইলে শ্লেষ্মাস্রাব ও রক্তস্রাব অবসন্নতা দ্বারা প্রায় মৃত্যু সংঘটিত হয়

চিকিৎসা।—বিরেচক ব্যবহার নিষিদ্ধ কারণ ইহাতে অপকার ভিন্ন উপকার হয় না বেদনা নিবারক দ্রব্য জলে গুলিয়া, সেই জল উষ্ণ করিয়া তদ্দ্বারা সেক; পুল-টীস অহিফেন আভ্যন্তরিক সেবনার্থ দিবে রোগীর বেদনা-দির উপশমার্থ ইহা পূর্ণ মাত্রায় ব্যবহার করা যাইতে পারে। উষ্ণ জলের দ্বারা কটি স্নান দিলে অনেক উপকার হয়। বিবমিষাদি নিবারণার্থ সোডা এসিড, সোডা ওয়াটর বা লিমনেড; বিসমথ; হাইড্রোসিয়ানিক এসিড ডিল, লবেল ওয়াটর ও বরফ দিবে। যদি বিরেচন করান বিশেষ প্রয়োজনীয় বলিয়া বোধ হয়, তবে ক্যাষ্টর অয়েলের পীচকারি দিবে। রোগীকে শয্যায় রাখিবে। পথ্যার্থ কেবল তরল পদার্থ দিবে। পূযোৎপত্তি বা অবসন্নতা উপস্থিত হইলে দুগ্ধ, ডিম্ব, মাংসের যূষ, বার্ক, ব্রাণ্ডি বা পোর্ট। প্রাচীন রোগে সহজ ও লঘু পথ্য; কডলিভর অয়েল, কুই-নাইন ও মিনারেল এসিড্স, আইওডাইড অব্ এমোনিয়ম ও বার্ক দিবে স্থানিক প্রয়োগার্থ বেদনানিবারক ঔষধ

ডিসেণ্ট্রী—রক্তামাশয়।

'বৃহৎ স্থূলান্ত্রের শ্লৈষ্মিক বিল্লীর প্রদাহ ও ক্ষত—তৎসঙ্গে জ্বর, প্রবল বেদনা (কামড়ান), আম ও রক্তমিশ্রিত মল

নিঃসরণ অবসন্নতা। শ্লৈষ্মিক ঝিল্লী ব্যতীত অন্যান্য
পর্দাও ে পারে সাধারণতঃ বৃহৎ স্থূলান্ত্রের
(কোলন ংশ ও সরলান্ত্র প্রদাহিত হয়। শৈত্য,
আর্দ্রতা, ংক্রমণ, দূষিত জল ও অপরিমিততা প্রভৃতি
কারণে এ ত পারে।

লক্ষণ।—তরুণ রোগে উদরে বেদনা ও অসুখ বোধ। পেট কামড়ায় ও শূলায়, তদ্ধেতু ঘন ঘন মলত্যাগ করিতে রোগী বাধ্য হয়। ক্ষত আরম্ভ হইবার সময় হইতে সতত মলত্যাগ করিতে ইচ্ছা হয় মলত্যাগের পর রোগী ক্ষণকাল আরাম বোধ করে সমুৎসর্গ স্বল্প, পাতলা এবং আম ও রক্ত মিশ্রিত, কখন কখন উহার সঙ্গে গুট্লে বাহির হয়। এই অল্প মলত্যাগ করে সমূহ যাতনা হয় সময় সময় কেবল পেট কামড়ায়, শূলায় ও কোতানি হয় অথচ মল নিঃসৃত হয় না মল অত্যন্ত দুর্গন্ধ ও কৃষ্ণবর্ণ, তৎসহ রক্ত, আম ও পূযাদি বিমিশ্রিত থাকে সতত মূত্রত্যাগ, মূত্র লালবর্ণ কখন কখন মূত্রত্যাগ কালে জ্বালা ও যাতনা সমুপস্থিত হয়। সার্ব্বাঙ্গিক অসুস্থতা ও অবসন্নতা ইহা অন্ত্র বিদারণ বা অন্ত্রচ্ছেদ প্রদাহে পরিণত হইতে পারে। অথবা স্ফোটক বা পূযাত্মক রক্তপীড়া জন্মে। ক্ষত আরোগ্যের পর অন্ত্রের সংকোচন বশতঃ কোষ্ঠবদ্ধ হয়।

প্রাচীন রোগ।—দুর্দ্দম্য শ্লৈষ্মিক ঝিল্লীর শীর্ণতা ও গ্রন্থির অপকৃষ্টতা বা ক্ষত অসম্পূর্ণ ভাবে আরোগ্য হইয়া থাকে। অনেক রোগী আরোগ্য হয়, আবার কোন কোন রোগী ক্রমশঃ জীর্ণশীর্ণ ও রোগ এক দিন হ্রাস, এক দিন বৃদ্ধি

এবং উহার চর্ম্ম শুষ্ক ও সশব্দ হয় মলসহ দুর্গন্ধ পূয ও রক্ত মিশ্রিত থাকে অবসন্নতা ও যন্ত্রণাদি এত অধিক হয় যে, সময় সময় মৃত্যু বাঞ্ছনীয় হইয়া পড়ে

চিকিৎসা।—অধিক রক্তস্রাবে হ্যামামিলিস টিংচর ১ বা ২ মিনিম মাত্রায় ব্যবহার্য্য বাই ক্লোরাইড অব্ মার্করী $\frac{1}{100}$ গ্রেণ এক বা দুই ঘণ্টান্তর ব্যবহার করিলে তরুণ ও প্রাচীন উভয়বিধ রোগেই উপকার দর্শে বিশুদ্ধ বায়ু সঞ্চালিত গৃহে রোগীর শয়ন করিয়া থাকা কর্ত্তব্য। স্নিগ্ধপানীয, বরফ, দুগ্ধ, পাতলা যূষ, অন্নমণ্ড, চূণের জল, বেলের সরবৎ প্রভৃতি দিবে উষ্ণ জলে স্নান, উদরে উষ্ণজল সেক; তার্পিন তৈল মর্দ্দন, উষ্ণ উষ্ণ পুলটীশ অথবা ওয়েট কম্প্রেস অন্ত্র মধ্যে গুটিকা থাকা অনুমিত হইলে ক্যাষ্টর অয়েল অথবা সলফেট অব্ ম্যাগনিসিয়া ১ ড্রাম ও টিংচর অব্ হায়সায়ামাস ১৫—২০ মিনিম মাত্রায় ৩।৪ ঘণ্টান্তর; পরে ডোভর্স পাউডর সেবনীয় অন্ত্র পরিষ্কৃত হইলে ইপিক্যাক প্রয়োগ করিবে। ইহা অপেক্ষা এই রোগের উৎকৃষ্ট ঔষধ আর নাই এই ঔষধ ৫।১০।১৫ বা ২০ গ্রেণ মাত্রায় দিবে; ঔষধ সেবনের পূর্ব্বে পাকাশয়োপরি ব্রেড্ ও ঈষদুষ্ণ লিন্সিড পুলটীস ও এক মাত্রা ওপিয়ম সেবন করিতে বা মর্ফিয়ার সপোজিটারী বা হাইপোডর্ম্মিক ইন্জেক্সন দিবে তাহার ২।৩ ঘণ্টা পূর্ব্বে বা পরে কোন প্রকার তরল পদার্থ পান নিষিদ্ধ এক মাত্রায় উপকার না হইলে ৬, ১২ বা ২৪ ঘণ্টার পর আর এক মাত্রা দিবে কেহ কেহ উক্ত ঔষধের সঙ্গে বিসমথ ৫ গ্রেণ ও মর্ফিয়া $\frac{1}{8}$ গ্রেণ দেন কেহ কেহ আবার ইপিক্যাক মূলের কাথ সেবনের বিধান করেন। ইপিক্যাকের বীর্য্য এমি-

টীন্ ব্যবহারেও সময় সময় উপকার হয় যখন প্রদাহ অত্যন্ত বর্দ্ধিত হওয়া প্রযুক্ত অন্ত্রের বিধানবিকৃতি সমুৎপাদিত হয়, তখন শারীরিক শক্তি রক্ষার্থ ও বিকৃত বিধান স্থিরভাবে রাখিতে চেষ্টা করিবে তজ্জন্য ইপিক্যাক ব্যবহারের পর বলকারক ও সংকোচক ঔষধ ও অহিফেন ব্যবহার্য্য স্যালিসিন, কুইনাইন, বার্ক; ক্যাসকারিলা ও লৌহের মৃদু মৃদু প্রয়োগরূপ মল অধিক সরক্ত ও ফেণযুক্ত থাকিলে বিসমথ, গ্যালিক এসিড; কাইনো; লগউড, আয়রণ য্যালম বা সলফেট অব্ কপার অহিফেণ সেবন ব্যতীত মলদ্বারে উহার বর্ত্তি বা পীচকারি প্রয়োগ করিবে তেজবর্দ্ধক মাংসের যূষ, সুপক্ক দ্রাক্ষা, কাঁচা ডিম্ব ও পোর্টাদি মদ্য। শীতাদ রোগের কোন লক্ষণ থাকিলে লেবুর রস ইপিক্যাক অল্প মাত্রায় ঘন ঘন প্রয়োগ করিলেও উপকার হয়। টিংচর কটো স্বতন্ত্র বা লাইকো হাইড্রার্জ্জ পারক্লোরাইড সহ প্রয়োগে অনেক সময় বিশেষ উপকার পাওয়া যায় রোগের তরুণ অবস্থায় টিং একোনাইট ১ মিনিম মাত্রায় ৩৪ ঘণ্টান্তর প্রয়োগ করিলে জ্বর, বেদনা ও শূলুনি নিবারিত হয়।

রোগ পুরাতনাকার ধারণ করিলে স্থান পরিবর্ত্তন করিবে বেলের বিবিধ প্রয়োগরূপ সেব্য বেলপোড়া ও ইক্ষুগুড়, বেলের সরবৎ, লিকুইড্ একষ্ট্রাক্ট অব্ বেল। অষ্ট্রেলিয় দেশস্থ লালবর্ণ গঁদ ইহার সঙ্গে দিলে সমধিক উপকার লব্ধ হয় হাইড্রোক্লোরেট অব্ মর্ফিয়া, স্পিরিট এমন য্যারোমেটীক ও নাইট্রস ইথর একত্রে মিশ্র প্রস্তুত করিয়া দিবে এসিটেট্ অব্ লেড ও ওপিয়ম বটিকা ২২৫। সলফেট অব্ কপার ও ওপিয়ম ২৩০ গ্যালিক এসিড ২১৮, ২২১, ২২৬, ২২৭, ২৩৩

বিসমথ ২২৪, ২৩৪, ২৩৫ টিং ষ্টীল্, রিডিউসড্ আয়রণ, পেপ্‌সিন, কডলিভর অয়েল শূল ও কোঁতানি নিবারণার্থ মলদ্বারে অহিফেনের পিচকারি ইস্‌গুলের ফাণ্ট, দাড়িমের ত্বকের ক্বাথ, মাজুফল, আকন্দমূল কুটজের ছালের ক্বাথ শুষ্ক বা টিংচর ওপিয়মের সঙ্গে বালকের জন্য স্যাকেরেটেড সলিউ-সন অব্ লাইম দারচিনির ক্বাথ সেবনে উপকার হয়। বোরিক এসিড, কার্বলিক এসিড, অয়েল ইউক্যালিপ্টাই, ন্যাপ্‌-থালিন, ক্রিয়োজোট প্রভৃতি আভ্যন্তরিক ও মলদ্বারে পিচকারি

ডায়ারিয়া।

অন্ত্রের এক প্রকার শিথিল অবস্থা, তদ্ধেতু সতত পাতলা মল নিঃসৃত হয়, কিন্তু তৎসঙ্গে প্রায় কোন প্রকার প্রদাহ বর্ত্তমান থাকে না, কিন্তু উগ্রতা থাকে।

লক্ষণ।—ভেদ, বিবমিষা, জিহ্বা মলাবৃত, শ্বাস দুর্গন্ধ, উদরাধ্মান, মোচড়ান বেদনা অম্ল উদ্গার। কোঁতানি, দুর্গন্ধ মল—উহা তরল বা সফেন। কেবল পিত্ত ভেদ হইতে পারে। আম মিশ্রিত মল অজীর্ণের লক্ষণাদি থাকিতে পারে

চিকিৎসা।—ইহা বিবিধ পীড়ার লক্ষণরূপে প্রকাশিত হয় রোগের কারণ জানিতে পারিলে তাহার প্রতিবিধানের চেষ্টা করা সর্ব্বাগ্রে কর্ত্তব্য। অন্ত্রে অধিক অম্ল সঞ্চিত হওয়া বশতঃ রোগ হইলে বাই কার্ব্বনেট অব্ পটাশ ও সোডা বা ম্যাগ্নিসিয়া। লাইকর আর্সিনিকেলিস ১ ফোঁটা মাত্রায় প্রাচীন উদরাময়ে। ব্যাসোমাইল ইনফিউজন সেবনে বালকদের দন্তোদ্ভেদ কালীন উদরাময় ও পূর্ণবয়স্কদের গ্রীষ্মকালীন উদরাময় নিবারিত হয়।

প্রাচীন রোগে পরিপাক ক্রিয়া দুর্ব্বল হইলে ক্লোরাইড অব্ ক্যাল্‌সিয়ম। বালকদের রোগে গ্রে পাউডর ½ গ্রেণ পূর্ণবয়স্কদের রোগে করোসিব সব্লিমেট এক গ্রেণের শত ভাগের এক ভাগ। প্রাচীন রোগে ফস্ফেট অব্ লাইম নাইট্রিক এসিড ও টিং নক্সভমিকা গ্রীষ্মকালীন ভেদ বমনে ভিরেট্রম ভিরিডের টিংচর খুব অল্প মাত্রায়। বেঞ্জিন অব্ পডোফিলিন ১ গ্রেণ, স্পিরিট ২ ড্রাম একত্রে দ্রব করিয়া তাহার ২৩ মিনিম মাত্রায় দিনে ৩৪ বার ব্যবহারে প্রাচীন উদরাময় উপশমিত হয়। বালকদের উদরাময়ে অক্‌সাইড অব্ জিঙ্ক ২ গ্রেণ মাত্রায় ৩ ঘণ্টান্তর। বালকদের সরক্ত মল নিঃসরণে ভাইনম ইপিক্যাক ১ ফোঁটা মাত্রায় প্রয়োগে উপকার দর্শে পিপারমেণ্ট অয়েল ব্রাণ্ডি সহ প্রয়োগে অন্ত্রের বেদনা ও উদরাধ্মান উপশমিত হয়। উদরাময় রোগে বিশেষ বিবেচনা সহকারে সংকোচক ঔষধ ব্যবস্থা করা উচিত গ্রীষ্মকালীন উদরাময়ে স্পিরিট ক্যাম্ফর। অন্ত্রাভ্যন্তরে উগ্র পদার্থ থাকা বশতঃ ভেদ হইতে থাকিলে ৫ ১০ গ্রেণ রিউবার্ব্ব চূর্ণ বা ২ ড্রাম টিংচর রিউবার্ব্ব বা অর্দ্ধ আউন্স ক্যাষ্টর অয়েল, কয়েক ফোঁটা লিকুইড একষ্ট্রাক্ট অব্ ওপিয়ম সহ মিশ্রিত করিয়া সেবন করাইবে। যদি অন্ত্রে উগ্র মলাদি না থাকে, তবে ইথর ও ওপিয়ম ১৩১, ১৩৪। ক্যালোমেল ও ওপিয়ম ৪১৪, ৪১৬। চকমিকশ্চর ২১৪। সল্‌ফিউরিক এসিড ও ওপিয়ম। ট্যানিক এসিড—২১৬, ২২১, বিসমথ ও সিনকোনা ২২৪; বিসমথ ও ইপিক্যাক ২৩৪, ২৩৫। অ্যারোমেটীক চক্ পাউডর ২৩২; কপার ও ওপিয়ম ২৩০; লেড ও ওপিয়ম ২২৫, ২২৮। গ্যালিক এসিড ২২৭, ২৩৩। সল্‌ফিউরিক এসিড

ডিল ও সিরপ অব্ প্যাপেভেরিস ২১২; কোন কোন রোগীর অন্ত্র ঈষদুষ্ণ জলের পিচকারি দ্বারা ধৌত করিলে উপকার হয়। উক্ত পিচকারি দেওয়ার পর ওপিয়ম এনিমা বা সপোজিটরী ১৬৩, ১৬৬ মল পচিয়া বাষ্প উদ্ভূত হওয়া বশতঃ রোগারোগ্যে বিলম্ব হইতে থাকিলে উদ্ভিজ্জাঙ্গার বা সোডা সল্ফো কার্ব্বলাস। বালকদিগের পীড়ায় ইপিক্যাক ও খুব অল্প মাত্রায় ওপিয়ম। পূর্ণবয়স্কদিগেরও এই পীড়ার সঙ্গে অন্ত্রে রক্তাধিক্য হইলে ইপিক্যাক ও ওপিয়ম দিবে। আহারের পক্ষে বিশেষ সাবধান হওয়া কর্ত্তব্য। স্নিগ্ধ পানীয়, ট্যাপিয়োকা, মাংসের যূষ, জলমিশ্রিত ব্রাণ্ডি উদর প্রদেশ ফ্লানেল দ্বারা আবরণ ইষদুষ্ণুগুলের শীতল ফান্ট, ক্যাটিকিউ ২৩২ স্যাকেরেটেড সলিউসন অব্ লাইম। ক্লোরোডাইন, ক্লোরোফর্ম ও মর্ফিয়া ৯৮ বালক ও শিশু-দিগের ওপিয়ম ব্যবহার না করা ভাল, বিশেষ প্রয়োজন হইলে অতি অল্প মাত্রায় ও সাবধানে প্রয়োগ করা কর্ত্তব্য টিং কটো ৩ হইতে ১৫ মিনিম মাত্রায় প্রযুক্ত হইলে বিশেষ উপকার করে।

কলিক—অন্ত্রশূল।

উদরে মোচড়ানবৎ বেদনা বিশেষতঃ নাভির নিকটে অনুভূত হয় থাকিয়া থাকিয়া এই বেদনা বৃদ্ধি পায়। চাপিলে বেদনা উপশমিত হয়, কিন্তু কখনই বৰ্দ্ধিত হয় না। সতত বমন, সাধারণতঃ কোষ্ঠবদ্ধ। প্রদাহ ও জ্বর থাকে না মুখাকৃতি উৎকণ্ঠা জ্ঞাপক, শরীর শীতল ও নাড়ী স্পন্দন মৃদু ভাবাপন্ন। অজীর্ণ সহ উদরাধ্মান হইলে এই বেদনা হয় বমন, ভেদ বা উদ্গার বা বায়ু নিঃসরণ হইলে বেদনা উপশমিত হয়। অন্ত্রের উদ্দীপনা—

অন্ত্রে অসুস্থস্রাব বা মল আবদ্ধ থাকিলে হয়। ভয়, শৈত্য, বাত, গুল্মবায়ু হইতে বেদনা জন্মে

চিকিৎসা।—প্রথমে রোগের কারণ অনুসন্ধান ও বিদূরণ চেষ্টা কর্ত্তব্য হাইড্রেট ক্লোরাল। বেলেডোনা। বিরেচক—ক্যাষ্টর অয়েল ৩২৯, ৩৩০; ম্যাগ্নো কার্ব্ব ও ইনফিঃ রিয়াই ৩৩৩। আবশ্যক হইলে বমনকারক। বেদনা নিবারণ ও বায়ুনাশার্থ স্প্রিঃ ইথর ও ওপিয়াই ১৩৫, ১৩৬, ৩৯৩। বেলেডোনা ও ক্লোরো-ফর্ম্ম ৯৫; ক্লোরোফর্ম্ম ও মর্ফিয়া ৯৮; মর্ফিয়া ও হাইড্রোসিয়ানিক এসিড ডিল্। অয়েল ক্যাজিপুটী বা মেন্থ পিপ্ ১২। স্প্রিঃ এমন য়্যারোমেটিক ১০, সোডি বাইকার্ব্ব ও মর্ফিয়া ৩৯৬; ব্রাণ্ডি ও উষ্ণজল। উষ্ণ জলের স্বেদ, তার্পিন তৈল দ্বারা স্বেদ, মষ্টার্ড প্লাষ্টর; ক্লোরোফর্ম্ম লিনিমেণ্ট ১৫৩। সোপ ও ওপিয়ম লিনিমেণ্ট ১৪৪; ক্লোরোফর্ম্ম ও বেলেডোনা লিনিমেণ্ট ১৪৬; টর্পেণ্টাইন এনিমা ৮১, ১৬২, ৩৬০। উদরাধ্মানে সোডা সলফ কার্ব, টেরিবিন, পিপারমেণ্ট অয়েল, ক্যাজিপুট অয়েল; এনিসিড অয়েল ও সোডা; একাবভেসিং ড্রাপ্ট; টিংচর অব্ জিঞ্জর; টিং নক্স; স্পিরিট এমোনিয়া য়্যারোমেটীক ও ক্লোরোফর্ম্ম ৩। স্পিরিট ইথর ও ভেলিরিয়ান ১৩৫। ডিল ও ক্যারাওয়ে ওয়াটর; এসাফেটিডা; টর্পেণ্টাইন, টিংচর কার্ডেমম কং; টিং ভেলিরিয়ান এমোনিয়েটা, ক্যাষ্টর অয়েল ও টর্পেণ্টাইন এনিমা; ক্যাজি-পুটী অয়েল ও ক্যাম্ফর লিনিমেণ্ট; ক্যাজিপুটী অয়েল ও টর্পে-ণ্টাইন ৫২। স্পিরিট ইথর সল্ফ কম্পাউণ্ড উৎকৃষ্ট বেদনা-নিবারক। বেদনার আতিশয্য থাকিলে মর্ফিয়া সহযোগে প্রয়োজ্য।

কলিকা পিক্টোনম বা লেড কলিক—সীসশূল।

শরীরে সীস ধাতু প্রবিষ্ট হওয়া বশতঃ শূল, বমন ও কোষ্ঠবদ্ধ জন্মে পরিণামে পক্ষাঘাত উপস্থিত হইতে পারে নাভির চতুর্দ্দিকে মোচড়ান বেদনা, পৃষ্ঠে বেদনা উদরের চর্ম্ম পৃষ্ঠের দিকে কুঞ্চিত হয়। মাড়ীতে নীলিম রেখা

চিকিৎসা।—রোগাক্রমণকালে ক্যালোমেল ও জোলাপ; ম্যাগ্না সল্ফ ৩৩১, ৩৩৪ সলফেট অব্ ম্যাগনিসিয়া ও সল্-ফিউরিক এসিড ১৭৭ সল্ফিউরিক এসিড ১৭০, সলফেট অব্ সোডা ৩৩৯, ইহার সঙ্গে সল্ফিউরিক এসিড ক্যাষ্টর অয়েল; ক্রোটন অয়েল উষ্ণ জলের পিচকারি, উষ্ণজলে স্নান। বেদনা-নিবারণার্থে মর্ফিয়া, ক্লোরোফর্ম্ম বা ইথর ১৩৪, ১৩৫ বেলে-ডোনা ও ক্লোরোফর্ম ৯৮ ওপিয়ম ও বেলেডোনা ১০১ বিরামকালে সীস ধাতু শরীর হইতে বহিষ্কৃত করিবার জন্য আইয়ো-ডাইড অব্ পটাসিয়ম ৩৯৯, ৪০১। সল্ফর বাথ। সলফেট ও কার্ব্বনেট অব্ ম্যাগনিসিয়া ৩৩১।

প্রতিষেধক।—সল্ফিউরিক এসিড, ম্যানম ইত্যাদি।

কনষ্টিপেসন্—কোষ্ঠবদ্ধ।

এই রোগ স্বয়ম্ভুত বা বিবিধ তরুণ ও প্রাচীন পীড়ার সময় উৎপন্ন হইতে পারে অধিক দিন পর্য্যন্ত কোষ্ঠবদ্ধ থাকিলে তাহাকে অভ্যস্ত (হ্যাবিচুয়েল) কোষ্ঠবদ্ধ বলে।

লক্ষণ।—পাকাশয়, যকৃৎ ও ক্লমযন্ত্রের ক্রিয়া অসম্পূর্ণরূপে সম্পাদিত হয় মানসিক ও শারীরিক ক্লেশবোধ মুখমণ্ডল

ঈষৎ পীতবর্ণ, চর্ম্ম শুষ্ক, মূত্র স্বল্প মল আদৌ নিঃসৃত হয় না অথবা অল্প পরিমাণে হয়। দুর্দ্দম্য রোগে শ্রমবিমুখতা, শিরোবেদনা, হৃৎস্পন্দন, স্নায়ুশূল ও অবসাদ বায়ু

চিকিৎসা।—⅙ হইতে ⅛ গ্রেণ এক্‌ষ্ট্রাক্‌ট বেলেডোনা দিনে ১ বার সেবন করিলে রোগ উপশমিত হয় অথবা এক বা দুই গ্রেণ সপোজিটরী রূপে মলদ্বারে দিয়া রাখিলেও উপকার দর্শে ১ গ্রেণ ইপিক্যাক চূর্ণ প্রত্যহ প্রাতে সেবন করিলে উপকার হয় পডফিলিন রেজিন ১ গ্রেণ, স্পিরিট ১ ড্রাম, দ্রব করিয়া উহার ১ বা ২ ফোটা দিনে ২৩ বার সেবন করিলে বালকদের ও ৫—১৫ ফোটায় পূর্ণবয়স্কদের কোষ্ঠবদ্ধ উপশমিত হয় মলের কৃষ্ণবর্ণতা—এই ঔষধ ব্যবহার-পরিজ্ঞাপক। ইহা ব্যবহার কালে নাইট্রিক এসিড ও নক্স্‌ভমিকা ব্যবহারে বিশেষ উপকার দর্শে ম্যালোজ—৩২৭, ৩৩৫, ৩৪০, ৩৪৬ গ্যাম্বোজ ৩৪৫; টিংচর কলচিকম ১০ মিনিম মাত্রায় দিনে তিনবার। কলসিন্থ ৩৪১, ৩৪২; ক্যালোমেল—৩৪১, ৩৪৩, ৩৫১; জেলাপ ৩৩৭, ৩৪৪, পল্‌ভ জেলাপ কং; পল্‌ভ লিকরিস কং; ম্যাগ্নিসিয়া সলফাস ৩৩১, ৩৩৪ সলফেট অব্ সোডা ও ট্যারাকসেকম ৩৩৯, অক্‌সগল; পডফিলিন ৩৪৫; নক্স্‌ভমিকা ও পিল রিয়াই কং ৩৪৯; অয়েল টর্পেণ্টাইন ও ক্যাষ্টর অয়েল ৩৩০, ৩৩৬। রেজিনা স্বামনী ও কলসিন্থ ৩৪৪ সলফর ও ম্যাগনা কার্ব্ব ৩৫৪; গ্লিসিরিণ এনিমা, ক্যাষ্টর অয়েল ও টর্পেণ্টাইন এনিমা ৩৬০; ক্রোটন অয়েল এনিমা; সলফেট অব্ ম্যাগ্নিসিয়া এনিমা কন্‌ফেকসন অব্ সেনা ও এসিড টার্টেট অব্ পটাশ ৩৫৭, পলভ রিয়াই কং, পল্‌ভ স্কামনী কং। একষ্ট্রাঃ

ক্যাস্কেরা লিকুইড ৫ হইতে ৩০ মিনিম মাত্রায় প্রযুক্ত হইলে কোষ্ঠবদ্ধ বিদূরিত হয়। শয়ন কালে ১ ড্রাম জল সহ সেবন করিলে প্রাতে এক বা দুইবার মল নিঃসৃত হয়।

অভ্যস্ত কোষ্ঠবদ্ধ।—বেল, অলিভ অয়েল, ক্যাষ্টর অয়েল, রিউবার্ব ও য়্যারোমেটীক পাউডর ৩৫০ নক্সভমিকা ও পিল বিয়াই কং ৩৪৯; সলফেট অব্ সোডা ৩৩৯; পেপসিন ও য়্যালোজ ৪১৭, ষ্টীল এণ্ড য়্যালোজ ২০৪, নাইট্রিক্ এসিড ও ট্যারাক্সেকম; সলফেট অব্ ম্যাগ্নিসিয়া ও আয়রণ ১৭৭ সিড্লিজ পাউডর ৩৫৩। কুইনাইন ও নক্সভমিকা ১৭৩, ১৯৫ জিঙ্ক, আয়রণ ও ষ্টীল ১৭৩, ১৮৮। সলফেট অব্ জিঙ্ক, ১৯৭, ভেলিরিয়ানেট অব্ জিঙ্ক্ ও বেলেডোনা ৪১৮। কডলিভর অয়েল, নাইট্রো হাইড্রোক্লোরিক এসিড ডিল্ পুষ্টিকর ও সহজ পাচ্য খাদ্য সুপক্ব ফল, প্রাতে বা শয়নকালে শীতল জলপান, ব্যায়াম, অত্যধিক নিদ্রা পরিহার, সহস্র ধারা স্নান, উদরে জলসিক্ত বস্ত্র খণ্ড সংস্থাপন, উদর প্রদেশ হস্ত দ্বারা মর্দ্দন, গ্যাল ভ্যানিজম ক্যাস্কেরা, হাইড্রাষ্টীস উপকারী সল্ফর ২—৩ গ্রেণ মাত্রায় সোপ সপোজিটরী উষ্ণ জলের পীচকারি

অবষ্ট্রক্সন অব্ দি বাউয়েল্স—অন্ত্রাবরোধ।

অন্ত্রাবরোধ বিবিধ কারণে সম্ভূত হয়। ১ম, মধ্যবর্ত্তী কারণ—অন্ত্রপ্রাচীরের শ্লৈষ্মিক ও পৈশিক পর্দ্দাতে রোগাদির উৎপত্তি। কর্কটিকা, ক্ষত আরোগ্যের পর সংকোচন, প্রদাহাদি বশতঃ অন্ত্র প্রাচীরের সঙ্কোচন, এক অন্ত্র অংশ অন্ত্রের মধ্যে প্রবিষ্ট হওয়া।

২য়, বাহ্য কারণ—অন্ত্রের বাহ্য প্রদেশ বা মাস্তক ঝিল্লীতে যে সকল কারণ উৎপন্ন হয় লসীকাক্ষরণ বশতঃ সংযোগ, স্থানচ্যুতি বা মোচড়ান, অর্ব্বুদ, স্ফোটক, অন্ত্রবৃদ্ধি ৩য়, আভ্যন্তর কারণ—বাহ্যবস্তুর সংস্থান বাহ্যবস্তু কঠিনীভূত মল, পিত্তশিলা ইত্যাদি।

লক্ষণ।—সতত বমন, প্রথমে পাকাশয়স্থিত দ্রব্য ও শ্লেষ্মা, তৎপরে মল বমন হয় বেদনা ও খুই প্রচণ্ড উদরাধ্মান ও অন্ত্রকূজন ক্ষুদ্রান্ত্রের ঊর্দ্ধাংশে অবরোধ থাকিলে সাধারণতঃ হিক্কা জন্মে মানসিক অবসাদ। কোষ্ঠবদ্ধ হাত দিয়া দেখিলে অবরোধের উপরি অংশে পূর্ণতা বোধ হয় শীঘ্রই রোগী অবসন্ন হইয়া পড়ে। কয়েক দিনের মধ্যে তরুণ অন্ত্রচ্ছদ প্রদাহ উপস্থিত হয়। পচনও সংঘটিতে পারে অবরোধ যত নিম্নদিকে হয়, বমনও তত কম প্রবল হয় যত অধিক ঊর্দ্ধে অবরোধ জন্মে, ততই প্রস্রাবের পরিমাণ কমিয়া যায়

চিকিৎসা।—ক্যাষ্টর অয়েল; ক্যাষ্টর অয়েল ও টর্পেণ্টাইন এনিমা। ওপিয়ম ১ গ্রেণ মাত্রায় ৪ ৬ বা ৮ ঘণ্টান্তর; ওপিয়ম ও বেলেডোনা বটিকাকারে; এট্রোপিনের অধস্ত্বাচ প্রক্ষেপ; উষ্ণ জল স্বেদ; বেলাডোনা ও ওপিয়ম সহ মসিনার পুলটীস; বরফ; হট্ বাথ। লাইম ওয়াটর ও দুগ্ধ, এসেন্স অব্ চিকেন; ডিম্ব, ব্রাণ্ডি ইত্যাদি আহারাদি অতি অল্প মাত্রায় দিবে অধিক পরিমিত জলীয় পদার্থবিশিষ্ট পীচকারি দিনে ২ ৩ বার দিবে। ঔষধাদিতে উপকার না হইলে অস্ত্রচিকিৎসা দ্বারা অবরোধ বিদূরিত করিতে হয়।

আক্ষেপিকাসুস্থতা—ওলিয়ম ক্যাবউই, টিং সিনেমন

ফং, ইথর ১১, ১৩৪, ১৩৬ স্পিট বা অয়েল, জুনিপার, অয়েল মেন্থপিপ্‌, মর্ফিয়ার অধস্ত্বাচ প্রক্ষেপ, মষ্টার্ড প্লাষ্টর। ভেলিরিয়ান ১৩০, টর্পেণ্টাইন ষ্টুপ্‌স ও এনিমা; টিংচর ও ইনফিঃ জিঞ্জর; বিরেচক ঔষধ, বেল ইত্যাদি

ইন্‌টেষ্টাইনেল ওয়ার্ম্মস—অন্ত্র কৃমি।

তিন প্রকার কৃমি অন্ত্রাভ্যন্তরে সাধারণতঃ অবস্থিতি করে; মহীলতা, ফিতা ও সূত্রখণ্ডবৎ কৃমি

লক্ষণ —শূলবেদনা ও উদরস্ফীতি নাসাকণ্ডূয়ন, মল দ্বার কণ্ডূয়ন শ্বাস দুর্গন্ধ, অন্ত্রের বিশৃঙ্খলা রাত্রিতে দন্ত কিড়মিড়, সদা সর্ব্বদা অসুস্থতাবোধ ক্ষুধা হানি বা অপরিমিত ক্ষুধা মলসহ কৃমি নিঃসৃত হইলে রোগ নির্ণয়ে সন্দেহ থাকে না প্রতিক্ষিপ্ত উদ্দীপনা হইতে অন্যান্য রোগ জন্মে।

চিকিৎসা ফিতা ও মহীলতার ন্যায় কৃমিতে অয়েল অব্ টর্পেণ্টাইন ৩৭৯, স্যাণ্টোনাইন ৩৮১, কুসো, ক্যামিলা ৩৮৪ ক্যালোমেল ও স্ক্যামনী বা জেলাপ, লিকুইড্ একষ্ট্রাক্ট অব্ মেল ফার্ণ প্রথমে ক্যাষ্টর অয়েল ও সীড্‌লিজ পাউডর দ্বারা বিরেচন করাইয়া পরে পূর্ব্বোক্ত ঔষধ সমস্ত প্রযোজ্য। যাহাতে পুনর্ব্বার কৃমি না জন্মিতে পারে, তজ্জন্য টিংচর ষ্টীল ও ইনফিঃ কোয়াসিয়া বা অধিক পরিমাণে লবণ সেবন আহার্য্য দ্রব্য উত্তমরূপে সুপাচিত হইবে কডলিভর অয়েল সূত্রবৎ কৃমিতে মলদ্বারে শীতল জলের পীচকারি বা ইনফিঃ কোয়াসিয়া বা লবণ মিশ্রিত জল বা চূণের জলের পীচকারি সল্‌ফিউরিক ইথর ও জল পীচকারি-রূপে ব্যবহার্য্য পারদ ঘটিত বিরেচক, স্যাণ্টোনাইন ও বিয়াই।

দেশীয় ঔষধের মধ্যে দাড়িম মূলের ত্বক, পলাসের বীজ, পেঁপের আটা, সোমরাজ ইত্যাদি উপকারী ন্যাপথ্যালিন, থাইমল প্রয়োগেও উপকার দর্শে

ডিজিজেস্ অব্ দি রেক্টম—সরলান্ত্রের পীড়া।

প্রক্টাইটিস-রেক্টাইটীস (সরলান্ত্র প্রদাহ)

সরলান্ত্র ও মলদ্বারের প্রদাহ, একটী বিরল পীড়া কারণ পূর্ব্বাপেক্ষা এক্ষণে জলবৎ ভেদকর ঔষধ আদি ব্যবহার কমিয়া গিয়াছে বাহিক আঘাত বা মলদ্বারের মধ্যে কোন বাহ্যবস্তু প্রবিষ্ট হইলে এই রোগ জন্মিতে পারে

লক্ষণ মলদ্বারের চতুষ্পার্শ্বে দপ্দপে উত্তাপ বোধ তীব্র বেদনা, ত্রিকাস্থি ও পৃষ্ঠ পর্যন্ত বিস্তীর্ণ হয় মলদ্বারাবরোধক পেশীর আক্ষেপিক সংকোচন ও সাতিশয় বোধাতিশয্য। কোতানি সহ কৃষ্ণবর্ণ আঠাবৎ আম নিঃসৃত হয় মূত্রাশয়ের উগ্রতা সার্ব্বাঙ্গিক অসুস্থতা

চিকিৎসা—শয্যায় শয়িত থাকা, দুগ্ধ ও অন্নাদি পথ্যার্থ ব্যবহার, অবসাদক পীচকারি ১৬৩, ১৬৪ উষ্ণ জলে কটি স্নান। রক্তামাশয়ের লক্ষণ থাকিলে ইপিকাক পূর্ণ মাত্রায় ব্যবহার্য্য উষ্ণ পুল্টীস, উষ্ণ জলের ফোমেণ্টেসন। ওপিয়ম, কোনিয়ম, বেলেডোনা ও বরফ প্রভৃতি স্থানিক প্রয়োজ্য

রেক্ট্যাল অল্সার সরলান্ত্রের ক্ষত।

সরলান্ত্রের উগ্রক্ষতে অত্যন্ত যন্ত্রণা হয় ক্ষত অগভীর থাকে মলদ্বারের মধ্যে জন্মে ইহাকে ফিশর অব্ এনাসও বলে

স্ত্রীলোকের মধ্যে অতি সাধারণ, সময় সময় এতদ্দ্বারা ডিম্বকোষে বেদনা, মূত্রাশয়ের উগ্রতা ও সঙ্গমকালে অতিশয় বেদনা হয়। মলনিঃসরণ দ্বারা ক্ষত উদ্দীপিত হয় এবং মলদ্বার সংকোচক পেশীতে আক্ষেপ জন্মে তীব্র জ্বালাযুক্ত বেদনা অধিকক্ষণ পর্য্যন্ত থাকে।

লক্ষণ।—প্রাচীন ক্ষত ও সরলান্ত্রের প্রাচীর পুরু হওয়া, উপদংশ বিষের গৌণিক ফল গুটিকা সঞ্চয়, বর্কটিকা বা অস্বাস্থ্য বশতঃও ইহা জন্মিতে পারে।

চিকিৎসা।—ক্ষত আরোগ্য করিতে হইলে উগ্র রেচক দ্বারা ক্ষতের উদ্দীপনা বৃদ্ধি না হয়, তজ্জন্য ক্যাষ্টর অয়েল, একষ্ট্রা বেলেডোনা, কন্ফেক্সন অব্ সেনা দিবে, অথবা পেপসিন ও একষ্ট্রাঃ হ্যালোজ

স্থানিক।—মার্কিউরিয়েল অয়েণ্টমেণ্ট ½ আউন্স ও একষ্ট্রাঃ বেলেডোনা ২০ গ্রেণ একত্রে মিশ্রিত করিয়া ½ ইঞ্চ ব্যাস বিশিষ্ট বর্ত্তীতে মাখাইয়া প্রয়োগ করিবে নাইট্রেট অব্ সিল ভর এ রোগে ব্যবহার করা উচিত নহে। সার্ব্বাঙ্গিক স্বাস্থ্যের উন্নতি চেষ্টা করা কর্ত্তব্য। পুরাতন ক্ষতে বেদনানিবারক ঔষধের সপজিটরী মলদ্বারে দিবে। আইয়োডফর্ম্ম ও ভ্যাসিলিন, কোকেইন ও গ্লিসিরিণ প্রভৃতি স্থানিক উপকার দর্শে অধুনা ইব্থিয়ল প্রয়োগে সুফল লব্ধ হইয়াছে

ষ্ট্রিকচর অব্ দি রেক্টম—সরলান্ত্রের ব্যাস-সংকোচন।

সরলান্ত্রের ব্যাস সংকোচ এক স্থানে হয়। ক্ষতারোগ্যের পর সংকোচন বশতঃ এই রোগ জন্মে। সমস্ত সরলান্ত্র পূর্ণ ও অবরুদ্ধ হইতে পারে। অর্ব্বুদাদি জনিত অবরোধ হইতে প্রভেদ করা উচিত এবং উগ্র ক্ষতাদি হইতে যে আক্ষেপ উপস্থিত হয়, তাহা হইতেও প্রভেদ করিতে হইবে।

লক্ষণ।—কোষ্ঠবদ্ধ, অল্প অল্প মল; কঠিন বা গাঢ় মল ত্যাগকালে সাতিশয় কষ্ট। কোঁথানি, আধ্মান, কটি ও ত্রিক দেশে বেদনা। আম নিঃসৃত হয় ও কখন কখন তৎসঙ্গে রক্ত মিশ্রিত থাকে। সার্ব্বাঙ্গিক স্বাস্থ্যহানি। ক্ষত হইতে অনবরত বেদনা, ত্রিকদেশে স্পর্শাসহতা। পূয ও রক্ত নিঃসরণ। সার্ব্বাঙ্গিক অসুস্থতা।

চিকিৎসা।—ব্রোমাইড অব্ পটাসিয়ম ১ ভাগ ও গ্লিসিরিণ ৫ ভাগ একত্রে স্থানিক প্রয়োগে উগ্র ক্ষত আদি উপশমিত হয়। আইডোফর্ম্মের সপোজিটরী দিলে বেদনাজনক পীড়ায় উপকার দর্শে। প্রাচীন প্রদাহে ফস্ফরস সেব্য। বুগি দ্বারা প্রসারণ করিতে চেষ্টা করিবে। স্পঞ্জ টেণ্ট উক্ত উদ্দেশে ব্যবহৃত হয়। বেদনা নিবারণার্থে ওপিয়ম ও বেলেডোনা সপোজিটরী। মল তরলকরণার্থ ৩৫৬, ৩৫৭।

প্রোল্যাপ্সস্ অব্ দি রেক্টম্—গুদভ্রংশ।

সরলান্ত্রের শ্লৈষ্মিক পর্দ্দা বা অন্ত্রের সমস্ত পর্দ্দাগুলিই বহির্গত

হয় মলদ্বাররোধক পেশীর দুর্ব্বলতা, কোষ্ঠবদ্ধ, মলত্যাগ কালে অতিশয় কোতানি, অধিক দিবস স্থায়ী উদরাময়, কৃমির উদ্দীপনা, মূত্রযন্ত্রের পীড়া, মূত্রাশয়ে অশ্মরী ইত্যাদি কারণে এই পীড়ার উৎপত্তি হয়।

লক্ষণ প্রথমতঃ মলত্যাগের পরই সরলান্ত্র নিঃসৃত হয় কিছুকাল পরে কোনরূপ শ্রমে, দাঁড়াইলে বা কাসিলে বাহির হইয়া পড়ে সতত বাহির হইলে শ্লৈষ্মিক ঝিল্লী পুরু ও সময় সময় তাহাতে ক্ষত হয় মলদ্বাররোধক পেশী অত্যন্ত শিথিল হইয়া পড়ে রক্ত রঞ্জিত আম নিঃসরণ শরীরে ভার ও কষ্ট বোধ, মলত্যাগ কালে সমূহ কষ্ট

চিকিৎসা। মলদ্বারের যে অংশ বাহিরে আইসে, তাহা উত্তমরূপে ধৌত করিয়া, তাহা মলদ্বার মধ্যে প্রবেশ করাইয়া একটী লিণ্ট প্যাড্ বা বস্ত্রখণ্ড দ্বারা চাপ দিয়া রাখিবে অথবা উভয় নিতম্ব দেশ একত্রিত করিয়া বেজিন প্লাষ্টার দিয়া রাখিবে সার্ব্বাঙ্গিক স্বাস্থ্য যাহাতে উন্নত হয়, তাহার চেষ্টা করিবে এতদর্থে পুষ্টিকর খাদ্য, কড্লিভর অয়েল মল তরল রাখিবার জন্য ও স্বাভাবিক নিঃস্রব নিঃসৃত করণার্থ গ্রে পাউডর, ট্যারাক্সেকম, ম্যাগনিসিয়া বা ক্রিম অব্ টার্টার ব্যবহার্য্য প্রতিবার মলত্যাগের পর শীতল জল বা সংকোচক ধৌত দ্বারা মলদ্বার ধৌত করিয়া মধ্যে প্রবেশ করাইবে এলম ১০ গ্রেণ, ডিকক্সন্ ওক বার্ক ৩ আউন্স বা টিং ষ্টীল ২০ ২৪ মিনিম, জল ৩ আউন্স একত্রে ধাবন প্রস্তুত করিবে কখন কখন ট্যানিক এসিডের সপোজিটরী ব্যবহারে উপকার হয় সেবনার্থ টীং ষ্টীল, টিং নক্সভমিকা, কুইনাইন ; টিং সিনকোনা কং প্রভৃতি বলকারক

ঔষধ ব্যবহার্য্য, ঔষধে উপকার না দর্শিলে শস্ত্রোপচার করিবে টিং পডোফিলিন অর্দ্ধ বা এক মিনিম মাত্রায় সেবন করাইয়া সুফল লব্ধ হইয়াছে

প্রুরাইটিস্ এনাই—মলদ্বার কণ্ডূয়ন।

মলদ্বার কণ্ডূয়ন একটী ক্লেশকর পীড়া অর্শ, অজীর্ণ ও ক্রিমিরোগে প্রায়ই মলদ্বারে কণ্ডূয়ন হয় বৃদ্ধ ব্যক্তিদেরই ইহা হয় পূর্ণগর্ভাবস্থায় স্ত্রীলোকদের ও যাহাদের জরায়ুর পীড়া থাকে, তাহাদেরও বিগতার্ত্তব সময়ের অব্যবহিত পরেও ইহা উপস্থিত হয় মলদ্বার অত্যন্ত চুলকায় এবং তাহা উত্তাপে ও উষ্ণ দ্রব্যাদি ভোজনে বৃদ্ধি পায় অনেক সময় নিদ্রার ব্যাঘাত হয় ঘর্ষণ দ্বারা সন্নিহিত তন্তু পুরু হয়।

চিকিৎসা। শীতল জলে স্নান ও মলদ্বার শীতল জল দ্বারা ধৌত করণ, বিশুদ্ধ বায়ুতে প্রত্যহ ভ্রমণ। উষ্ণ মসলা, কফি ও মদ্যাদি সেবন নিষিদ্ধ অন্ত্রের ক্রিয়া যাহাতে ভাল হয়, তাহার চেষ্টা করা কর্ত্তব্য তজ্জন্য বিরেচক অবলেহ ৩৫৫, ৩৫৬। রিউবার্ব্ব ও ব্লু পিল, বিরেচক পিচকারি। করোসিব্ সবলিমেট ও প্রুসিক এসিড লোশন ১১৭। বোরাক্স ও গ্লিসিরিণ ১৫৮। সেবনার্থ লাইকর আর্সেনিকেলিস ও ইনফিঃ চিরতা আইওডাইড্ অব্ আয়রণ ও সালসা ৪০৩ মলম, কোকেইন বা কার্ব্বলিক এসিড, গ্লিসিরিণ, অলিভ অয়েল বা ভ্যাসিলিন সহ স্থানিক প্রয়োগে উপকার হয়। এসিড স্যালিসিলিক ও জিঙ্ক অক্সাইড কোনিয়ম অয়েণ্টমেণ্ট

ফিষ্টিউলা ইন্‌ এনো—ভগন্দর।

স্ফোটক উৎপন্ন হওয়ার পরে সরলান্ত্রের পার্শ্বে নালী হয়। ইহা দ্বিবিধ—(১) সম্পূর্ণ ভগন্দর, ইহাতে শলাকা দিলে সরলান্ত্রের অভ্যন্তরে প্রবিষ্ট হয় (২) অন্তর্বাহ্য ভগন্দর—যখন সরলান্ত্রের শ্লৈষ্মিক পর্দ্দা ছিদ্রীভূত না হয়।

লক্ষণ। দ্বিবিধ রোগেই বাহ্য ছিদ্র ক্ষুদ্র ও অনেক সময় তাহা কষ্টের সহিত দৃষ্ট হয় সাধারণতঃ মলদ্বারের নিকট, কখন কখন ২ ১ ইঞ্চি দূরেও নালী অবস্থিতি করে সম্পূর্ণ ভগন্দর অত্যন্ত ক্লেশকর বায়ু, তরল মল ও আম উক্ত নালীর মধ্য দিয়া বহির্গত হয়, তাহাতে উদ্দীপনা ও মলদ্বাররোধক পেশীর বেদনান্বিত আক্ষেপিক সংকোচন উপস্থিত হয় ক্ষয়কাস রোগের সঙ্গে ভগন্দর প্রায়ই উৎপন্ন হইয়া থাকে সম্ভবতঃ সরলান্ত্রে গুটিক প্রদাহ উৎপন্ন ও তদবসানে ক্ষত ও ছিদ্র সংঘটিত হয়

চিকিৎসা। পুলটিস, বিশ্রাম, শস্ত্রোপচার, তৎপরে কার্ব্বলিক এসিড অয়েল ২৮, ৬৩। সংকোচক ধৌত—২৩৬, ২৪০, ২৪২, ২৪৩ সার্ব্বাঙ্গিক স্বাস্থ্যের উন্নতি বিধানার্থ কড্‌লিভর অয়েল; আয়রণ, আইয়োডাইড্‌ অব্‌ পটাসিয়ম; সালসা প্রভৃতি বলকারক ও পরিবর্ত্তক ঔষধ সেবন করান কর্ত্তব্য টিং আইয়োডিন্‌ বা টিং বেন্‌জইন্‌ কং নালীর মধ্যে প্রবিষ্ট করাইলে উপকার হয়

হেমরইড্‌স বা পাইল্‌স—অর্শ।

ইহা বাহ্য ও অভ্যন্তর ভেদে দ্বিবিধ। মলদ্বাররোধক পেশীর

বাহ্যে ও অভ্যন্তরে অর্শ জন্মে। অনেক সময় দ্বিবিধ প্রকার অর্শ এক ব্যক্তিতে থাকিতে দেখা যায়।

বাহ্যার্শ। প্রসারিত শিরা বা উন্নত চর্ম্ম দ্বারা গ্রন্থিবৎ উচ্চতা বা বলি উৎপন্ন হয় শিরাতে তরল রক্ত থাকিতে পারে, কিন্তু অনেক সময় উহা জমিয়া যায় ও উহা স্ফীত হয় চর্ম্ম ও যোজক তন্তুর অতি বর্দ্ধন দ্বারা প্রায়ই বলি নির্ম্মিত হয়

লক্ষণ। অনুগ্র হইলে বিশেষ কষ্ট হয় না, তবে বলি বড় হওয়া বশতঃ অসুখ হয় উহারা প্রদাহিত বা উহাতে রক্তাধিক্য হইলে অতিশয় বেদনা উপস্থিত হয়, তৎসঙ্গে উষ্ণতা ও দব্ দব্ বোধ হয় ও কোতানি, পৃষ্ঠ বেদনা, মূত্রাশয়ের উগ্রতা, সম্ভবতঃ মূত্ররুদ্ধ ও স্ত্রীলোকের জরায়ুর উদ্দীপনা বর্ত্তমান থাকে

চিকিৎসা। বাহ্যার্শ—বিবেচনার্থ কন্‌ফেকসন অব্ পেপার, কন্‌ফেক্‌সন্ সেনা ও সলফর—৩৫৫, ৩৫৬, ৩৫৭ সল্‌ফর ও ম্যাগনিসিয়া, পেপসিন ও ম্যালোজ; ক্যাষ্টর অয়েল স্থানিক—ট্যানিক এসিড বা অ্যালম লোশন, গল অয়েণ্টমেণ্ট, গল এণ্ড ওপিয়ম অয়েণ্টমেণ্ট সহজ পাচ্য ও পুষ্টিকর খাদ্য উত্তেজক মসলাদি নিষিদ্ধ ঔষধের দ্বারা আরোগ্য না হইলে শস্ত্রোপচার করিবে।

আভ্যন্তরীণ অর্শ। এক বা অধিক সংখ্যক হইতে পারে স্পঞ্জবৎ রক্তময় বলি, শিরা প্রসারণজনিত বলি ও সৌত্রীণমাংসক তন্তুময় বলি

লক্ষণ। প্রথম প্রথম কেবল মলত্যাগ কালে বলি নিঃসৃত হয় তদনন্তর উহাদের চাপে মলদ্বাররোধক পেশী প্রসারিত ও রক্তস্রাব বশতঃ শিথিল হইয়া পড়ায়, বলি সতত বাহির

হইয়া পড়ে, কেবল চিৎ হইয়া শয়ন করিয়া থাকিলে বাহির হইতে পারে না রক্তস্রাব কখন অতি অল্প ও কখন অধিক হয় সবলান্ত্রে অসুখবোধ, কোতানি, মূত্রাশয়ের উগ্রতা ও স্ত্রীলোকদের জরায়ুর উদ্দীপনা আম পূযাভস্রাব শীর্ণতা, রক্তহীনতা, মুখাকৃতি পীতাভ যকৃৎ, পাকাশয় ও অন্ত্রাদির ক্রিয়া বিশৃঙ্খলা

চিকিৎসা। ব্রোমাইড্ অব্ পটাশ, ৫ ভাগ গ্লিসিরিণ সহ দ্রব করতঃ স্থানিক প্রয়োগে বেদনা নিবারিত হয় হামামেলিস সেবন ও বাহ্যিক ধৌত বা পিচকারি আকারে প্রযোজ্য বিরেচনার্থ বাহ্যার্শে যে সকল ঔষধ উক্ত হইয়াছে তাহা ব্যবহার্য্য যকৃৎ ও পাকাশয়ের ক্রিয়ার প্রতি দৃষ্টি রাখা কর্ত্তব্য কুইনাইন, টিং নক্সভমিকা, নাইট্রোমিউরিয়েটীক এসিড্, সল্ফর, আর্সিনিক কন্ফেক্সন্ অব্ পেপার ও সল্ফর, পেপ্‌সিন্ মলদ্বারে শীতল জলের পিচকারি, গ্যালিক্ এসিড্; এমোনিয়া আয়রণ য্যালম্; টিং ষ্টীল্ জলে গুলিয়া মলদ্বারে পিচকারি দিবে লিগেচর, শস্ত্রোপচার ও কষ্টিক ঔষধ দ্বারা দাহন ক্রাইসারোবাইনাই ১ গ্রেণ, আইয়োডফর্ম্ম ⅓ গ্রেণ, একষ্ট্রাক্ট বেলেডোনা ⅓ গ্রেণ, অয়েল থিয়োব্রোমা ৩০ গ্রেণ, ও গ্লিসিরিণ যথাপ্রয়োজন, একত্রে ১ বর্ত্তি, মলদ্বারাভ্যন্তরে লাগাইলে উপকার হয়

ডিজিজেস্ অব্ দি লিভর (যকৃৎ পীড়া)

কন্‌জেস্‌চন অব্ দি লিভর (যকৃতের রক্তাধিক্য)

প্যাসিভ্ কন্‌জেস্‌চন বা শৈরিক রক্তাধিক্য যকৃৎ ও পিত্তোৎ-

গাদিকা শিরাতে রক্তসঞ্চালনের অবরোধ জন্মিলে এই প্রকার রক্তাধিক্য উপস্থিত হয়। হৃৎপিণ্ডের কপাটের পীড়া, ফুস্ফুসের অসুস্থাবস্থা বশতঃ ফুস্ফুসীয় ধমনীতে রক্ত গমনের ব্যাঘাত ও যে সকল পীড়ায় বক্ষোগহ্বরের পরিসর হ্রাস হয়, তাহাতে শৈরিক রক্তাধিক্য জন্মে প্রবল শ্বাসাদি হইতে সংস্থায়ী রক্তাধিক্য হইতে পারে এতদ্দ্বারা পিত্তনাব হ্রসিত পিত্তপ্রণালী সমূহ পিত্তপূর্ণ (বিলিয়ারি কন্জেস্চন) হয়

লক্ষণ। দক্ষিণ উদরোর্দ্ধ প্রদেশে ভার ও টান বোধ অনেক সময় সামান্য জ্বর কামলা, বিবমিষা, অজীর্ণ মূত্র স্বল্প ও রক্তবর্ণ এবং তাহাতে পিত্তের বর্ণদ পদার্থ ও চর্ম্ম পরিমাণে অম্লিক পদার্থ থাকে কোষ্ঠবদ্ধ, অঙ্গ পরিমাণ ও প্রতিঘাতে যকৃতের ডল শব্দ অধিক স্থান ব্যাপী হয় হৃৎপিণ্ড ও ফুসফুসাদির পীড়ার লক্ষণ বর্ত্তমান থাকিতে পারে

একটীভ্ বা ধামনিক রক্তাধিক্য যকৃৎধমনীর কৈশিক শাখা সকলে রক্তাধিক্য জন্মে রক্তের অবিশুদ্ধ অবস্থা; অভ্যস্তস্রাব অবরুদ্ধ অর্থাৎ ঋতুস্রাব ও অর্শরক্তস্রাব ও রক্তস্রাবাদি; স্নায়বীয় শক্তির বিশৃঙ্খলা, ধমনীর পর্দ্দায় পীড়াবশতঃ উহাদের দুর্ব্বলতা, অপরিমিত পানাহার, অপরিমিত সুরাপান ও নিশ্চেষ্টতা প্রভৃতি ইহার কারণ

লক্ষণ দক্ষিণ উদরোর্দ্ধ প্রদেশে ভার ও টান বোধ গ্রন্থির সামান্য বিবৃদ্ধি দক্ষিণ স্কন্ধে বেদনা, শিরঃপীড়া, ক্ষুধা-লোপ, মানসিক অবসন্নতা, বিবমিষা, অন্ত্রের বিশৃঙ্খলা ও পিত্ত-ময় মল। এই সকল লক্ষণ শীঘ্রই তিরোহিত হয়, কিন্তু কারণ বিদূরিত না হইলে পরিণামে বিধান পীড়া জন্মে ও তৎসঙ্গে

কামল ও সম্ভবতঃ পূযোৎপাদক জ্বর, উদরী, ইত্যাদি উৎপন্ন হইতে পারে

চিকিৎসা ক্যালাইন পার্গেটিভ্‌স ৩২৭, ৩৩১, ৩৩২, ৩৩৪, ৩৩৯, ৩৫৩ মার্কিউরিয়েল রেচক ৩৪১, ৩৪৩, মিনারেল এসিড্‌স ১৬৯, ১৭৪ এমোনিয়া ইথর ১৮৩, ১৮৪ সিরপ ফেরি আইয়োডাইড্ ও ট্যাবাকৃসেকম ১৮২ বেন্‌জোয়েট অব্ এমোনিয়া বা সোডা হাবোগেট, কার্লসবাড্ প্রভৃতি মিনারেল ওয়াটর্স বিশুদ্ধ বায়ুতে ব্যায়াম; মদ্য সেবন নিষিদ্ধ সহজ পাচ্য পথ্য কারণ নির্দ্ধারিত হইলে তাহা নিবারণের চেষ্টা করিবে যকৃৎ প্রদেশে ফোমেণ্টসন, পুল্‌টীস্ বা মষ্টার্ড প্রযোজ্য এমোন ক্লোরাইড, ইউনিমিন বা পডোফিলিন সহ ব্যবহারে উপকার দর্শে

হিপেটাইটীস [যকৃৎ প্রদাহ।]

সচরাচর যকৃতের বিধানে প্রদাহ জন্মে, সময় সময় যকৃতের পর্দ্দা ও গ্লিসনকোষেও প্রদাহ হয় এই শেষোক্ত প্রকার প্রদাহকে পেরি হিপেটাইটীস কহে যকৃতের সমস্ত বিধানে প্রদাহ হইতে পারে এবং এতদ্দ্বারা যকৃতের কোমলতা, তরুণ হ্রস্বতা বা কাঠিন্য জন্মিবার সম্ভাবনা সাধারণতঃ প্রদাহ একস্থানে আবদ্ধ থাকে ও পরিণামে স্ফোটক জন্মে

লক্ষণ —যকৃতের উপর বেদনা, অন্ত্রচ্ছদ আক্রান্ত হইলে বেদনা অতিশয় তীব্র হয় প্রবল জ্বর, তাহা সময় সময় মৃদু ও দুর্ব্বলাকার ধারণ করে দক্ষিণ উদরোর্দ্ধ প্রদেশে পূর্ণতাবোধ; প্রতিঘাতে ডল্ শব্দের বিস্তৃতি চাপ, কাসি, দীর্ঘ শ্বাস দ্বারা বেদনা বৃদ্ধি পায় বাম পার্শ্বে শয়নে অশক্তি চক্ষু পীতাভ,

কদাচ কামল ; শ্বাসকষ্ট, কাসি, বমন, শিরোবেদনা, হিক্কা দক্ষিণ স্কন্ধ ও জত্রুস্থিতে বেদনা ; সম্ভবতঃ যকৃতের বাম অংশ আক্রান্ত হইলে বাম স্কন্ধে বেদনা হয়। স্ফোটক জন্মিলে শীত বা কম্প হয়। বিলেপী জ্বর (হেক্‌টিক ফিবর), পাকাশয়ের বিশৃঙ্খলা, বেদনা ও সাতিশয় স্পর্শাসহ্যতা। যকৃতে ভারবোধ, হস্ত দ্বারা দেখিলে উদরস্থ পেশী সটান বোধ হয়। শীর্ণতা, অবসন্নতা, উদরাময় বা রক্তামাশয়।

চিকিৎসা। এই রোগে অত্যন্ত দুর্ব্বলকর ঔষধ ব্যবহার করা উচিত নহে। সলফেট অব্‌ সোডা ও ট্যারাকসেকম ৩৩৯, এ্যালোজ ও পটাশ ৩২৭, ক্যালোমেল ও কলসিন্থ ৩৪১, পডফাইলিন ৩৪৭, নাক্সভমিকা ও ইপিকাক ৩৪৯। এসিড টার্টেট অব্‌ পটাশ ২৯৩, ৩৫৭। ম্যাগ্না সলফ ৩৩১, ৩৩৪। সিড্‌লীজ পাউডর ৩৫৩। ব্লুপীল ও ইপিকাক চূর্ণ। রক্তামাশয় উপস্থিত থাকিলে ইপিকাক, মর্ফিয়া ও অন্যান্য সংকোচক ঔষধ দ্বারা চিকিৎসা করিবে। প্রদাহের দমনার্থ উষ্ণ জল স্বেদ, পুল্টীস, মষ্টার্ড প্লাষ্টর, ওয়েট কম্প্রেস প্রভৃতি ব্যবহার্য্য। নাইট্রোমিউরিয়েটীক এসিড ডিল, ট্যারাক্‌সেকম, এমোনি ক্লোরাইড ১৬৯, ১৭৪, ৪১২। কুইনাইন ১৯৩, ১৯৪ ; কুইনাইন ও আয়রণ। বেদনা নিবারণার্থ ওপিয়ম, মর্ফিয়া, বেলেডোনা ও হায়সায়ামস। দৌর্ব্বল্য অধিক থাকিলে মদ্যাদি দেওয়া বিধেয়। পূযোৎপত্তি হইলে এমোনিয়া ও বার্ক ১৮০ ; কুইনাইন, আয়রণ ও ট্যারাক্‌সেকম ১৭৪। কুইনাইন ও আয়রণ ১৭৩, ১৭৬, ১৭৭। পুষ্টিকর খাদ্য। পূযোৎপত্তি অধিক হইলে ট্রোকার ও ক্যানিউলা দ্বারা শস্ত্রোপচার ও এস্পিরেটার যোগে পূয নিঃসারিত করিবে।

সিরোসিস্—[পুরাতন প্রদাহ।]

যকৃতের অভ্যন্তরস্থ ও আবরক যোজক তন্তুতে প্রাচীন প্রদাহ ও উহাদের বিবৃদ্ধি হয় যকৃৎ অস্বাভাবিক কঠিন ও অবশেষে সংকুচিত হয় কঠিনীভূত যোজক তন্তুর সংকোচন বশতঃ যকৃৎ কোষ অভ্যন্তর দিকে নীত হওয়ায়, যকৃতের বাহ্য প্রদেশ দেখিতে হব্‌নেল বা চর্ম্মপাদুকার পুক মস্তকযুক্ত কাটার ন্যায় দেখায় এই প্রকার পীড়া সুরাপান বশতঃ জন্মে

লক্ষণ —সৌত্রীণ ক্ষরণ বশতঃ পিত্তোৎপাদক রক্তের গতি ও পিত্তস্রাব এবং তাহ নিঃসরণের ব্যাঘাত না জন্মিলে লক্ষণাদি সামান্য প্রকার ও অস্পষ্ট থাকে যকৃৎ অল্প বিবৃদ্ধ যেমন সৌত্রীণ তন্তুর সংকোচন ও উপদংশ হ্রসিত হইতে থাকে, সেইরূপ যকৃতের আকৃতি ছোট হয় প্লীহা বিবৃদ্ধি, দক্ষিণ উদরোর্দ্ধ প্রদেশে বেদনা, অজীর্ণ, উদরাধ্মান, কোষ্ঠবদ্ধ, সাময়িক জ্বর, শুষ্ক ও কর্কশ চর্ম্ম, অস্বচ্ছ পীতাভ মুখাকৃতি কিছুকাল পরে দৌর্ব্বল্য ও শীর্ণতা ক্ষরিত লসীকা দ্বারা সংকোচনের আধিক্য জন্মিলে পিত্তোৎপাদিকা শিরায় রক্ত সঞ্চালনের অবরোধ উপস্থিত হয় ও তদ্ধেতু উদরী ও কামল জন্মে উদর প্রাচীরস্থ শিরা প্রসারিত পাকাশয় ও অন্ত্রে রক্তস্রাব ক্রমশঃ উদরী বর্দ্ধিত হয় অবসন্নতা বা ফুসফুস্-প্রদাহ, অন্ত্রচ্ছদ-প্রদাহ, কামল ও রক্ত অবিশুদ্ধ হইয়া মৃত্যু হয়

চিকিৎসা।—ইহাতে যকৃৎ কঠিনীভূত হয় ও তৎসঙ্গে প্রাচীন প্রদাহ বর্ত্তমান থাকে ইহা সহজে আরোগ্য হয় না সুরাপান এককালীন নিষিদ্ধ; কফি, অধিক মসলা যুক্ত খাদ্য দ্রব্য সেবনও অবিধেয় সহজ পাচ্য অথচ পুষ্টিকর, এরূপ খাদ্য

প্রয়োজ্য কোষ্ঠবদ্ধ থাকিলে মৃদু বিরেচক যথা—সলফেট অব্ সোডা ৩৩৯, বেজিনা পডফাইলাই ৩৪৭; এসিড টার্টেট অব্ পটাশ ও ট্যারাক্সেকম। কার্ল্সবাড্ ওয়াটর পানে উপকার হয় কোন কোন চিকিৎসক যকৃৎ প্রদেশে জলৌকা দিতে ও কপিং করিতে বলেন ক্ষুদ্র ক্ষুদ্র ব্লিষ্টার পুনঃ পুনঃ দিলেও অনেক সময় উপকার হয়। শরীরে উপদংশ বিষ থাকিলে আইয়োডাইড্ অব্ পটাসিয়ম ৩৯৯ তৎপরে আইয়োডাইড্ অব্ আয়রণ ও কুইনাইন পরিপাক ক্রিয়া যাহাতে সুশৃঙ্খল-ভাবে সম্পন্ন হয়, তৎপ্রতি দৃষ্টি রাখা কর্ত্তব্য তজ্জন্য নাইট্রো-হাইড্রোক্লোরিক এসিড ডিল্, পেপসিন ও নক্সভমিক, টিংচর রিয়াই ও ইনফিঃ জেনসিয়ান যকৃতোপরি আইয়োডিন বা রেড্ আইয়োডাইড্ অব্ মার্করী অয়েন্টমেণ্ট মর্দ্দন উপকারী রক্তস্রাব হইলে গ্যালিক এসিড, টর্পেণ্টাইন অয়েল ব্যবহার্য্য। উদরী রোগ এতৎসঙ্গে উপস্থিত থাকিলে মৃদু মূত্রকারক, বিরেচক ও বলকারক ঔষধ ব্যবহার্য্য এসিড নাইট্রিক ষ্ট্রং ২ ড্রাম, এসিড মিউরিয়াটিক ষ্ট্রং ১ ড্রাম, জল ২০ আউন্স একত্রে মিশাইয়া ও তাহাতে বস্ত্র খণ্ড ভিজাইয়া যকৃতোপরি সংস্থাপন করিবে ফুস্কুড়ি বাহির হইলে আর দেওয়া উচিত নহে ইহাতে প্রদাহিত বেদনাদি উপশমিত হয় সেবনার্থে নাইট্রো মিউরিয়াটিক এসিডের সঙ্গে ট্যারাকসেকম ও নক্স মিশাইয়া ব্যবহারে উপকার হয় এবং ইহার সহিত সিনকোনা বা চিরতা মিশাইয়া ব্যবহার করা যায়।

সিফিলিটীক হিপেটাইটীস উপদংশীয়-যকৃৎ প্রদাহ।

সাধারণতঃ উপদংশের অন্যবিধ গৌণিক লক্ষণের সহিত যকৃৎ-প্রদাহ সমুপস্থিত হয় যকৃতের বিধান মধ্যে বা বাহিরে প্রদাহ হইতে পারে যকৃতের একাংশ পীড়িত হওয়ায় অপরাংশ দ্বারা উহার নৈসর্গিক ক্রিয়া সম্পাদিত হয় এইরূপ হওয়ায় সুস্থ অংশের কোষ সমূহ বর্দ্ধিত হয় উপদংশজনিত শরীরের অসুস্থতা প্লীহা বিবৃদ্ধি, সময় সময় আওলালিক মূত্ররোগ

চিকিৎসা —আইয়োডাইড্‌ অব্‌ পটাসিয়ম ৩৯৯, মার্কি-উরিয়েল ৬৫°র বাথ; শারীরিক ও মানসিক শ্রম হইতে বিরতি ইহার সঙ্গে মূত্রগ্রন্থির পীড়ার লক্ষণ থাকিলে আইয়োডাইড্‌ অব আয়রণ প্রযোজ্য

একিউট এট্রফি অব্‌ দি লিভর

এই পীড়ায় যকৃতের সমস্ত অংশের কোষ সমূহ ত্বরিত ও সম্পূর্ণভাবে বিনষ্ট হয় পুরুষাপেক্ষা স্ত্রীলোকেরা এই পীড়ার অধিক আয়ত্ত গর্ভাবস্থা—এই পীড়া উৎপত্তির অনুকূল। শোক, উৎকণ্ঠা, সহসা ভয় পাওয়া, ক্রোধ, অপরিমিত মৈথুন, উপদংশ, অপরিমিত পারদ ব্যবহার, সুরাপান, লাম্পট্য, পূতিবায়ু আদি ইহার উত্তেজক কারণ পীতজ্বরের সহিত এই পীড়ার অনেক বিষয়ে সৌসাদৃশ্য আছে।

লক্ষণ।—পূর্ব্বরূপ—শিরোবেদনা, ক্ষুধাবিলোপ, তৃষ্ণা, তন্দ্রা, মানসিক ও শারীরিক অবসাদ, অন্ত্রের বিশৃঙ্খলা, উদরে বেদনা। তৎপরে চক্ষু পীতবর্ণ ও চর্ম্ম ঈষৎ পীতবর্ণ হয় এই পূর্ব্বরূপ কয়েক দিন হইতে ৩ ৪ সপ্তাহ পর্য্যন্ত থাকিতে পারে

অথবা পূর্ব্বরূপ আদৌ উপস্থিত হয় না রোগ সম্পূর্ণভাবে প্রকাশ পাইলে কামল, চর্ম্মে রক্তবর্ণ ফোস্কা ও বড় বড় কালশিরা দাগ বমন—প্রথমে শ্লেষ্মা পরে রক্তবৎ হয়। উগ্রতা, অতিশয় নৈরাশ্য, প্রলাপ, আক্ষেপ, তন্দ্রা ও গাঢ় অচৈতন্যাবস্থা জিহ্বা ও দন্তে কৃষ্ণবর্ণ মল সঞ্চয়। পাকাশয় ও দক্ষিণ উদরোর্দ্ধ প্রদেশে বেদনা যকৃতের ডল্ শব্দের হ্রস্বতা ও প্লীহার উক্ত শব্দের বিস্তৃতি দুর্দম্য কোষ্ঠবদ্ধ, বিরেচক ঔষধ দ্বারা কঠিন গুটিকাবৎ মল নিঃসৃত হয় শেষে রক্তমিশ্রিত থাকায় মল কৃষ্ণবর্ণ হয় প্রস্রাব ত্যাগে কষ্ট, মূত্র পিত্তের বর্ণদ পদার্থ দ্বারা পূর্ণ। কামলা বৃদ্ধি পায় শয্যাক্ষত। নাসা, পাকাশয়, অন্ত্র ও ফুসফুসাদি হইতে রক্তস্রাব রোগ পূর্ণাবস্থায় নীত হওয়ার এক সপ্তাহের মধ্যে মৃত্যু হয়, কখন কখন ১৮ বা ২৪ ঘণ্টায় মৃত্যু সংঘটিতে পারে

চিকিৎসা।—এই রোগের প্রকৃত অবস্থা কিরূপ তাহা স্থিরীকৃত না হওয়ায় ইহার চিকিৎসাও বিশেষ সুফলপ্রদ নহে উগ্র বিরেচক, আকরিক অম্ল সমূহ ও অবসন্নতা বর্ত্তমানে উত্তেজক বিধেয়। বমন নিবারণার্থ বরফ কুইনাইন ও মিনারেল এসিড্স

ক্রনিক এট্রফি অব্ দি লিভর।

তরুণ রোগের সঙ্গে ইহার কোন প্রকার সংযোগ নাই যে কোন কারণে যকৃতের মধ্যে কৈশিক রক্তসঞ্চালনের অবরোধ জন্মিলে এই পীড়া জন্মে

লক্ষণ।—ক্রমশঃ মৃদু ও অস্পষ্টভাবে রোগ বর্দ্ধিত হয়। অসম্পূর্ণ পরিপাক, উদরাধ্মান, পর্য্যায়ক্রমে উদরাময় ও

কোষ্ঠবদ্ধ, মল ফেকাসে বর্ণ চর্ম্ম শুষ্ক পীতাভ বলহানি ও শরীর শীর্ণ। রক্তহীনতা, উদরী পরিণামে সাংঘাতিক অবসন্নতা

চিকিৎসা।—পথ্য লঘুপাক ও পুষ্টিকর। গরম মশলা ও তৎসহযোগে প্রস্তুত খাদ্য, চিনি ও সুরা সেবন নিষিদ্ধ উষ্ণ বস্ত্র পরিধান করিবে শরীরের ক্লান্তি বোধ না হয় এরূপ শ্রম করিবে। পরিপাকের সাহায্যার্থ পেপ্‌সিন; বিশুদ্ধ বৃষপিণ্ড, ইপিকাক ও কুইনাইন; বার্ক ও মিনারেল এসিড্‌স; লৌহঘটিত ঔষধ দ্বারা সময় সময় যকৃতে রক্তাধিক্য উপস্থিত হয়, অতএব উহা সাবধানে ব্যবহার করা কর্ত্তব্য বিবিধ আকরিক জল—হ্যারোগেট, মেরিয়েন বার্ড ও কার্লস বার্ড ইত্যাদি উদরী প্রাদুর্ভূত হইলে মূত্রকারক ও উগ্র রেচক প্রয়োজ্য।

ইনফ্লামেশন অব্ দি বিলিয়ারি প্যাসেজেস্।
(পিত্তপ্রণালীর প্রদাহ।)

পিত্ত প্রণালী ও পিত্তাশয়ে বিবিধপ্রকার প্রদাহ জন্মিতে পারে সর্দ্দিজনিত প্রদাহে অধিক শ্লেষ্মাস্রাব ও তাহা পরে আঠা ও পূযবৎ হয় সময় সময় সিষ্টিক ডক্‌ট শ্লেষ্মা দ্বারা অবরুদ্ধ থাকে ক্ষরণশীল প্রদাহ হইলে সৌত্রীক পদার্থ জন্মে। ইহাতে প্রণালী অবরুদ্ধ ও প্রসারিত হয় পূযোৎপাদক প্রদাহ হইলে পূয ও শ্লেষ্মা স্রাব হয় ও তৎসঙ্গে পিত্ত মিশ্রিত থাকে ক্ষত জন্মিতে পারে। পিত্তশিলার সঙ্গে পিত্তাশয়ে ক্ষত প্রায়ই দৃষ্ট হয়। পিত্তশিলা না থাকিলেও পচন বশতঃ ক্ষত উৎপন্ন হইতে পারে।

লক্ষণ। সর্দ্দিজনিত প্রদাহে—সামান্য প্রকার বেদনা, পাকাশয়োপরি ও দক্ষিণ উদরোর্দ্ধ প্রদেশে টান বোধ, বিবমিষা, মৃদু জ্বর ও কোষ্ঠবদ্ধ আঠারবৎ শ্লেষ্মা দ্বারা অধিক সংখ্যক পিত্তপ্রণালী অবরুদ্ধ হইলে কামল হয় উদরাময় উপস্থিত হওত রোগাবসান হয়। অবরুদ্ধ পিত্ত ক্ষুদ্রান্ত্রে প্রবিষ্ট হওয়ায় ঈদৃশ ঘটনা হয়। যে কোন কারণে পিত্তাশয়ে অধিক দিবস পিত্ত সঞ্চিত থাকিলে তাহা পচিয়া উদ্দীপনা, প্রদাহ ও পূয ক্ষতাদি সমুপস্থিত হয় বিবিধ কারণে পিত্তবাহিকা নলী সমস্ত প্রসারিত হইয়া থাকে

চিকিৎসা। বিশ্রাম, উষ্ণ জলে স্নান; স্বেদ; বেদনা-নিবারক ও অবসাদক ঔষধ; স্নিগ্ধ পানীয়; এমোনিয়া ও বার্ক; পিত্তপ্রণালী যদি শ্লেষ্মা দ্বারা রুদ্ধ থাকে, তবে ইপিক্যাক বমনকারক মাত্রায় নাইট্রো হাইড্রোক্লোরিক এসিড ডিল; এমোনি ক্লোরাইড্‌

গলষ্টোন বা পিত্তশিলা—বিলিয়ারি ক্যাল্‌কুলাই।

পিত্তাশয়ে উৎপন্ন হয়, যকৃৎ বিধানে বা পিত্তপ্রণালীর উপশাখায় কদাচ জন্মে

লক্ষণ। উপশাখায় পিত্তশিলা জন্মিলে যকৃতের উপর অতীক্ষ বেদনা, সম্ভবতঃ উহা স্কন্ধ পর্য্যন্ত বিস্তীর্ণ হয় বিরামশীল জ্বর লক্ষণ, বিবমিষা সহ পাকাশয়ের অস্বস্থতা এতদ্দ্বারা পিত্ত নিঃসরণের ক্ষণস্থায়ী ব্যাঘাত জন্মিবায় কামল উপস্থিত হয় না পিত্তপ্রণালী শিলা দ্বারা কদাচ অবরুদ্ধ হয় যদি হয় তবে বিরামশীল বেদনা, পিত্ত বমন, কামল, যকৃৎ বিবৃদ্ধি পিত্তা-

শয়ে শিলা জন্মিলে অনেক সময় বিশেষ অসুস্থতা উৎপাদিত হয় না পিত্তাশয় হইতে সিষ্টিক ডক্‌টে পিত্তশিলা প্রবিষ্ট হইলে অসহ্য শূল বেদনা, দক্ষিণ উদরোর্দ্ধ প্রদেশে সাতিশয় বেদনা বমন, বিবমিষা, কোষ্ঠবদ্ধ ও উদরাধ্মান। শীত, নাড়ী-স্পন্দন মৃদু হয় পিত্তাশয়ে যদি শিলা পুনঃ প্রবিষ্ট হয়, তবে লক্ষণাদির বিরাম হয় যদি উক্ত স্থানে স্থায়ী হয়, তাহা হইলে পিত্তাশয়ে রস সঞ্চয় বা শোথ ও ডক্‌টে ক্ষত ও পচন সংঘটিতে পারে শিলা অগ্রসর হইয়া ক্ষুদ্রান্ত্রে প্রবিষ্ট হইলে বেদনার শান্তি হয় অধিক দিন পিত্তনালী অবরুদ্ধ থাকিলে কামল জন্মে যকৃৎ বর্দ্ধিত, পিত্তাশয় বিস্তৃত ও পরিশেষে মৃত্যু সংঘটিত হয়

চিকিৎসা। বেদনা নিবারণার্থ—বেলেডোনা ও পপী একষ্ট্রাক্ট উদরোপরি প্রলেপ দিবে উষ্ণ জল স্বেদ; মসিনার পুলটীস; ওপিয়ম বা মর্ফিয়া পূর্ণ মাত্রায় ৮৮, ৯৮, ১০৩, ১৩১, ১৩৩, ১৩৫ বেশী বমন হইতে থাকিলে আফিংয়ের পীচকারি ১৬৩, ১৬৪। মর্ফিয়া ও এট্রপিনের অধস্ত্বাচ প্রক্ষেপ ক্লোরো-ফর্ম্ম, ইথর ইন্‌হেলেসন। পিত্তশিলা নিঃসৃত করণার্থ ক্যাষ্টর অয়েল; অলিভ অয়েল, সিড্‌লিজ পাউডর; জেলাপ; কলসিন্থ ও হেনবেন বটীকা পথ্য দুগ্ধ, মাংসযূষ; তরল খাদ্য দ্রব্য। নূতন পিত্তশিলা উৎপন্ন না হইতে পারে, তজ্জন্য লবণ ঘটিত রেচক মধ্যে মধ্যে ব্যবহার্য্য গরম জলের সঙ্গে বাইকার্বনেট অব্ সোডা ২০ গ্রেণ মাত্রায় সেবন করিতে দিবে এক পাইণ্ট গরম জলে ১ ড্রাম সোডা ও ২০ গ্রেণ স্যালিসিলেট অব্ সোডা মিশাইয়া বেদ-নার সময় এক এক চুমুক পান করিলে উপকার হয়। অনেক সময় বমনে উপকার হয়

জণ্ডিস—কামল—ন্যাবা।

ইহা বিবিধ রোগের লক্ষণ রূপে উৎপন্ন হয় কামল দ্বিবিধ—১ম, পিত্তস্রাব আদৌ না হইলে রক্তে উহা সঞ্চিত থাকিয়া রোগ জন্মে ২য়, ক্ষুদ্রান্ত্রে পিত্ত আসিয়া পড়ায় কোন অবরোধ ঘটিলে উহা পুনরাশোষিত হইয়া কামল জন্মে অবরোধ অধিক দিবস স্থায়ী হইলে যকৃতের মধ্যে কৈশিক রক্ত সঞ্চালনের ব্যাঘাত জন্মে, তদ্ধেতু পিত্তস্রাব হইতে পারে না

লক্ষণ। চর্ম্ম ও চক্ষু পীতবর্ণ। মূত্র পীতবর্ণ বা ধূসরাভ কৃষ্ণবর্ণ। মল শ্বেত বা মৃত্তিকা বর্ণ চর্ম্ম কণ্ডুয়ন। অবসন্নতা, তন্দ্রা, শিরোঘূর্ণন, উগ্র প্রকৃতি, তিক্তাস্বাদ, নাড়ীস্পন্দন মৃদু অজীর্ণ বিশেষতঃ মেদাক্ত পদার্থ দ্বারা মন্দাগ্নি জন্মে চক্ষুর ভিতরের অংশও কোন কোন রোগীর পীতবর্ণ হওয়ায় সমস্ত বাহ্যবস্তু দেখিতে পীতবর্ণ দেখায় এই রোগ অধিক দিন স্থায়ী হইলে তন্দ্রা, প্রলাপ ও অন্যান্য মাস্তিষ্ক বিকার জন্মে অসম্যক্ পরিপোষণ বশতঃ দুর্ব্বলতা ও শীর্ণতা রক্তস্রাব প্রবণতা পিত্তস্রাব আদৌ না হইলে মূত্রে কেবল রঞ্জিত পিত্তের উপাদান থাকে আর অবরোধ বশতঃ রোগের মূত্রে, যকৃতে উৎপন্ন পিত্তাম্লাদি বর্ত্তমান থাকে ২ ড্রাম মূত্রে অর্দ্ধ ড্রাম সালফিউরিক এসিড ও একটু চিনি সংযোগ করিলে উক্ত দ্বিবিধ তরল দ্রব্যের সংযোগস্থল লালবর্ণ হইলে পিত্তাম্ল আছে স্থির করিতে হইবে।

চিকিৎসা। কারণানুযায়ী চিকিৎসা করা কর্ত্তব্য। পিত্তস্রাব অবরোধে মার্করী—ক্যালোমেল; পডফিলিন, ইউনিমিন, আইরিডিন, সলফেট অব্ সোডা ও ট্যারাক্সেকম, ৩৪১, ৩৪৪, ৩৪৭, ৩৩৯। বেন্জোইক এসিড, মিনারেল এসিড্স, শূন্য পাক-

স্থলীতে অল্প মাত্রায় ক্ষার সেবন নাইট্রিক্ বা নাইট্রো-হাইড্রো ক্লোরিক এসিড ও ট্যারাক্সেকম ৩০০ ; পটাশী টার্ট এসিড ৩০১, হাইড্রোক্লোরেট অব্ এমোনিয়া ৪১২ ; পডফিলিন রেজিন্ ও ইপিক্যাক ৪১৩, এসিড টার্টেট অব্ পটাশ ২৯৩, সলফেট অব্ ম্যাগ্নিসিয়া ৩৩১ পিত্ত স্রাবিত হইয়া অন্ত্রাভ্যন্তরে আসিবার ব্যাঘাত প্রাপ্ত হইলে কম্পাউণ্ড ডিকক্সন অব্ য়্যালোজ ৩২৭ ; য়্যালোজ পিল্স ৩৪০ ; সলফেট অব্ ম্যাগ্নিসিয়া ৩৩১, ৩৩৩, ৩৩৪ এসিটেট অব্ পটাশ ও ট্যারাক্সেকম ৩৬৩ ; সোডি এট পটাশী টার্ট ৩৬৪ পথ্য লঘু ও সহজ পাচ্য হইবে সুরাদি পান ও ঘৃত চিনি নিষিদ্ধ যকৃতোপরি ডাইলিউটেড নাইট্রো-হাইড্রো-ক্লোরিক এসিড স্থানিকও উপকারী সোডা ফস্ফ, সোডা বেন্-জোয়াস, কার্লসবাড্ সল্ট উপকারী পথ্যার্থ মাটা তোলা দুগ্ধ

ডিজিজেস্ অব্ প্যানক্রিয়স

ইহা একটী বিরল পীড়া এই পীড়া জন্মিলেও তাহা নির্ণয় করা সুকঠিন রক্তাধিক্য, প্রদাহ, বিবৃদ্ধি, পূযোৎপত্তি, কাঠিন্য ও কোমলতা প্রভৃতি হইতে পারে মেদাপকৃষ্টতা ও বিবিধ অর্ব্বুদও সময় সময় উৎপন্ন হয়

লক্ষণ ক্লমযন্ত্র বর্দ্ধিত ও বেদনান্বিত হয় পাকাশয়োপরি বেদনা, পূর্ণতা ও কাঠিন্য, উষ্ণতাবোধ ও টানবোধ। বমন, বিবমিষা, লালাস্রাব, ক্ষুধালোপ গন্ধবিহীন উদ্গার মেদাক্ত মল মানসিক অবসন্নতা, দৌর্ব্বল্য ও শীর্ণতা এতদ্দ্বারা পিত্তনলী চাপিত হইলে কামল জন্মে

চিকিৎসা। প্যান্‌ক্রিয়াস বা ক্লোমযন্ত্রের পীড়ায় প্যান্‌ক্রিয়েটীক্ ইমল্‌সন, অহিফেনের পিচকারি এই রোগ নিবারণ করা বড় কঠিন ও ইহার চিকিৎসায় বিশেষ সুফল উপলব্ধি হয় না

স্প্লিনিক ডিজিজ্—প্লীহার পীড়া।

অন্যান্য গ্রন্থির ন্যায় প্লীহাতে রক্তাধিক্য, প্রদাহ, কোমলতা, স্ফোটক, পচন, গুটিকা ও সাংঘাতিক রোগ আদি জন্মিতে পারে তদ্ভিন্ন বিবিধ অর্ব্বুদ ও প্লীহাবিবৃদ্ধি। শেষোক্ত রোগ সচরাচর ম্যালেরিয়স জ্বর সহ উপস্থিত হয়

লক্ষণ। প্লীহা বিবৃদ্ধিতে রোগীর মুখমণ্ডল ফেকাশে ও পীতাভ হয় মাড়ি আদি স্থান রক্তহীন, রক্তস্রাব প্রবণতা, অজীর্ণ, দৌর্ব্বল্য ও শীর্ণতা

চিকিৎসা। প্লীহার পীড়ার মধ্যে সচরাচর বিবৃদ্ধি সংঘটিত হইয়া থাকে ইহা জ্বরের পরে বা সঙ্গে প্রকাশিত হয় বিরেচক ঔষধ, কুইনাইন ও আয়রণ ১৭২, ১৭৩, ১৭৬, ১৭৭, ১৭৮ কুইনাইন ও টিংচর সিনকোনা ১৯৩, ১৯৪ ব্রোমাইড্ অব্ পটাসিয়ম ৪০৯, সিরপ ফেরি আইয়োডাইড্, সিরপ ফেরি ল্যাক্টাস ও ফস্‌ফেটীস, টিংচর ফেরিপারক্লোরাইড ও টিংচর আইয়োডাই ১৭৫ ফেরিটার্ট ও ইন্‌ফিঃ কোয়াসিয়া ১৭৯; ভাইনম ফেরি ও আর্সিনিক ১৯১ ফেরি সল্‌ফ ও ইন্‌ফিঃ বার্ব্বেরিস লিসিয়ম ৪১৯। প্লীহা বিবৃদ্ধিতে টিংচর সিয়েনোথস ১২ মিনিম। স্থানিক—টিংচর অব্ আইয়োডিন, লিনিমেন্ট অব্ আইয়োডিন, অঙ্গুয়েণ্টম আইয়োডিন, অঙ্গুয়েঃ পটাশ আইয়োডিডাই, রেড আই-

য়োডাইড্ অব্ মার্কবী অয়েণ্টমেণ্ট, লিনিমেণ্ট পটাশী আইয়োডি-ডাই কম্ সেপোনি।

উদরচ্ছদ ও উদরপ্রাচীরের পীড়া।

ডিজিজেস্ অব্ পেরিটোনিয়ম এণ্ড এব্ডোমিনেল ওয়াল

একিউট পেরিটোনাইটীস—(উদরচ্ছদ প্রদাহ)।

অন্ত্রচ্ছদের তরুণ প্রদাহ একটী গুরুতর পীড়া

লক্ষণ।—বেদনা ক্রমশঃ সমস্ত উদরে বিস্তীর্ণ হইয়া পড়ে সময় সময় শীত ও কম্প প্রবল জ্বর, উদরে সাতিশয় স্পর্শাসহ্যতা, সামান্য স্পর্শে বা চাপে বর্দ্ধিত হয় নড়িতে চড়িতেও বেদনার বৃদ্ধি হয়। রোগী চিৎ হইয়া ও জানুপদ উন্নত রাখিয়া শয়ন করিয়া থাকে উদরে টানবোধ, উষ্ণতা ও অনেক সময় উদরাধ্মান থাকে কোষ্ঠবদ্ধ, বমন, বিবমিষা, চর্ম্ম শুষ্ক ও জ্বালাযুক্ত, দ্রুত ও ক্ষীণ নাড়ী, শ্বাস দ্রুত, অনেক সময় হিক্কা ও জিহ্বা গাঢ় মলাবৃত হয় মুখাকৃতি উৎকণ্ঠা ও ক্লেশব্যঞ্জক কিছু কাল পরে আধ্মান তিরোহিত হইয়া উদর রসস্রাব হেতু বিস্তৃত হয় রোগ সাংঘাতিক হইবার উপক্রমে উদর অত্যন্ত বিস্তৃত ও পূর্ণ, নাড়ী তারবৎ ও অত্যন্ত দ্রুত, মুখাকৃতি মৃতবৎ, শীতল স্বেদস্রাব এবং অবশেষে রোগাক্রমণের ৮ ১০ দিনের মধ্যে মৃত্যু সংঘটিত হয়

চিকিৎসা —অবসাদক ঔষধ প্রয়োগ দ্বারা এই রোগে বিশেষ সুফল উপলব্ধি হয় না ইহার সর্ব্বপ্রধান ঔষধ ওপিয়ম ইহা এক গ্রেণ মাত্রায় ৩ ৪ ঘণ্টান্তর দিবে অর্থাৎ যতক্ষণ

বেদনার শান্তি না হয় ওপিয়ম সপোজিটরী ১৬৬। ওপিয়ম ও একোনাইট। ওপিয়ম ও বেলেডোনা ১০১। গরমহেডু ফোমেণ্টেসন, উদরপ্রদেশে বেলেডোনা ও ওপিয়ম এক্ষ্ট্রাক্ট মর্দন করিয়া পরে তদুপরি ফোমেণ্টেসন। হেম্লক, লিনসিড প্রভৃতির পুল্টীস, টর্পেণ্টাইন্ ষ্টুপ্‌ অন্ত্রে সঞ্চিত মল থাকিলে ঈষদুষ্ণ জলে সাবান গুলিয়া পীচকারি দিবে এরোগে বিরেচক ঔষধ অপকারী রোগীকে প্রথমে টি, য়্যারাকট, দুগ্ধ, জল, বরফ, যবের মণ্ডাদি দিবে। অবসন্নভাব লক্ষণ প্রকাশিত হইলে ব্রাণ্ডি, মাংসের যূষ, য়্যারোমেটীক স্পিরিট অব্ এমোনিয়া, স্পিরিট ইথর প্রভৃতি দিবে রোগীকে শয্যায় শয়ন করাইয়া রাখিবে রোগীর গৃহ বিশুদ্ধ বায়ুপূর্ণ হওয়া কর্ত্তব্য ইহা বিবিধ রোগের সঙ্গে আনুষঙ্গিক ভাবে সমুপস্থিত হয়, ইহা স্মরণ রাখিয়া কারণানুযায়ী চিকিৎসোপায় অবলম্বনীয়। বমন বেশী হইতে থাকিলে অল্প মাত্রায় মর্ফিয়া ⅙ গ্রেণ ক্ষুদ্র বটিকাকারে দেওয়া যায়। বমনের ভয় না থাকিলে টিং ওপিয়ম ব্যবহার করা যায়

ক্রনিক পেরিটোনাইটীস—উদরচ্ছদের পুরাতন প্রদাহ।

সময় সময় তরুণ প্রদাহ অবসানে ও অনেক সময় আপনাপনি উপস্থিত হয় অন্ত্রচ্ছদে গুটিকা সঞ্চিত হইলে এক প্রকার প্রাচীন প্রদাহ জন্মে, তাহাকে টুবরকিউলার পেরিটোনাইটীস বলে।

লক্ষণ।—কিছু অস্পষ্ট উদরবেদনা সামান্য প্রকার শূলবেদনাক্রমণ, জ্বর সহ দুর্দ্দম্য উদরাময় উদর স্ফীত ও

স্পর্শাসহ বিবমিষা, রক্তহীনতা ও শীর্ণতা, রসস্রাব হেতু উদর স্ফীতি সগুটিক প্রদাহের সঙ্গে অন্ত্রযোজক ঝিল্লীস্থ গ্রন্থি-পীড়া ও যক্ষ্মাকাসাদি বর্ত্তমান থাকিতে পারে। রোগ সত্বরই সাংঘাতিক হয়।

চিকিৎসা।—পরিপাক ক্রিয়া যাহাতে সুশৃঙ্খলভাবে সম্পাদিত হয়, তৎপ্রতি দৃষ্টি রাখা উচিত সহজ পাচ্য অথচ পুষ্টি-কারক খাদ্য, দুগ্ধ, মাখম, ডিম্ব ও মাংসের যূষ দিবে উদর প্রদেশে উত্তেজক মর্দ্দন ৪১, ৪৩, ৫০, ৫২ পেপসিন ৩১৭; আইয়োডাইড্ অব্ আয়রণ ১৮১, ৪০৩ ফস্ফেট অব্ আয়রণ বা লাইম ১৮৭, ৪৩০ কড্লিভর অয়েল, কুইনাইন, বার্ক আইয়োডিন লিনিমেণ্ট উদরপ্রদেশে মর্দ্দন সামুদ্রিক বায়ু সেবন কোষ্ঠবদ্ধ, উদরাধ্মান, বমন, উদরাময় ও অন্যান্য উপসর্গ সাধারণ প্রণালী অবলম্বনে চিকিৎসা করা কর্ত্তব্য

য়্যাসাইটীস—উদরী

ইহাতে উদর গহ্বরস্থ সাস্তর ঝিল্লীতে জলীয় রস সঞ্চিত হইয়া উদর স্ফীত ও সটান হয় প্রাচীন অন্ত্রচ্ছদ প্রদাহ, যকৃৎ কাঠিন্য, কর্কটিকা, পিত্তোৎপাদিকা শিরার অবরোধ, যকৃতের মেদাপকৃষ্টতা, মূত্রগ্রন্থির পীড়া, হৃৎপীড়া, প্লীহা বিবৃদ্ধি ও অন্যান্য কারণে এই রোগ জন্মে

লক্ষণ।—শরীরের ঊর্দ্ধাংশ শীর্ণ, মুখমণ্ডল কুঞ্চিত, মুখাকৃতি উৎকণ্ঠাজ্ঞাপক, উদর অতিশয় স্ফীত, চর্ম্ম চিক্কণ, চর্ম্মনিম্নস্থ শিরা প্রসারিত উদরাভ্যন্তরে জল সঞ্চলন অনুভূত হয় বর্দ্ধিতাবস্থায় শ্বাসকৃচ্ছ্র, শাখাদিতে শোথ ও মূত্রগ্রন্থির পীড়াজনিত

উদরীতে মুখমণ্ডল ও বাহুতে শোথ। মূত্র স্বল্প ও য়ুরেট পূর্ণ। সিরোসিস রোগজাত মূত্রে পিত্ত থাকে সার্ব্বাঙ্গিক স্বাস্থ্য বিনষ্ট, দুর্ব্বলতা ও শীর্ণতা। ক্ষুধা লোপ, ও অনিদ্রা। শয়ন করিতে অপারগতা, সাতিশয় অবসন্নতা। যান্ত্রিক রোগজাত উদরী অবশেষে সাংঘাতিক হয়।

চিকিৎসা।—উদরাভ্যন্তরে সঞ্চিত রস শোষণার্থ উগ্র বিরেচক ও মূত্রকারক ঔষধ প্রয়োজ্য বিরেচনার্থ—কম্পাউণ্ড জেলাপ পাউডর; ইলিটেরিয়ম ৩৩৮, ৩৪৮; পডফিলিন ২৪৭, গ্যাম্বোজ ৩৪৫; ক্রোটন অয়েল ৩৪৬ মূত্রকরণার্থ এসিটেট অব্ পটাশ ও ডিজিটেলিস ৩৬৩, নাইট্রিক ইথর ও জুনিপার ৩৬৮, ট্যারাক্সেকম ও স্কোপেরিয়াই ৩৬৪, জুনিপার ও স্কোপেরিয়াই ৩৬৫; পটাশী নাইট্রস ও বুকু ৩৬২। ক্লোরাইড অব্ এমোনিয়ম ও ট্যারাক্সেকম ৪১২ আইয়োডাইড অব্ পটাশিয়ম ও এমোনিয়া সাইট্রেট অব্ আয়রণ ডিজিটেলীস পত্রের পুলটীস উদরোপরি দিলে অত্যন্ত প্রস্রাব হয় মূত্রগ্রন্থির পীড়া প্রযুক্ত উদরী হইলে মূত্রকারক ঔষধ প্রয়োগ হিতকর নহে বলকরণার্থ কুইনাইন; আয়রণ; নাইট্রিক এসিড ডিল প্রভৃতি, তিক্ত বলকারক ঔষধের ফাণ্ট সহ প্রয়োজ্য ট্যাপ্ করিয়া জলীয় পদার্থ নিঃসারিত করিলেও উপকার হয় কেহ কেহ মার্কারী ঘটিত ঔষধ সেবনের অনুমোদন করেন ঈষদুষ্ণ জলে স্নান ও বাষ্পস্নান প্রয়োজ্য।

ডিজিজেস্‌ অব্‌ দি ইউরিনারী অর্গ্যান্স।

(মূত্রযন্ত্রাদির পীড়া।)

সপিউরেটীব্‌ নিফ্রাইটিস্‌।

(সপূযমূত্রগ্রন্থি-প্রদাহ)

এই রোগ সচরাচর উৎপন্ন হয় না। গণ্ডমালা ধাতুপ্রকৃতিক লোকদের বিশেষ কোন উত্তেজক কারণ অবর্ত্তমানেও উপস্থিত হইতে পারে শৈত্য, আর্দ্রতা, অশ্মরী, আঘাত, অপরিমিততা, অধিক মূত্রকারক ঔষধ ব্যবহার প্রভৃতি কারণে মূত্রগ্রন্থি-প্রদাহ জন্মিতে পারে। প্রদাহ শান্তি বা উহা পূযোৎপত্তিতে পরিণত হয় নানাকারের স্ফোটক জন্মিতে পারে, তদ্ধেতু সময় সময় সমস্ত গ্রন্থি ধ্বংস প্রাপ্ত হয়

লক্ষণ।—কটিদেশে তীব্র বেদনা, চাপে বা শ্রমে বর্দ্ধিত হয় বেদনা অনেক সময় মূত্রপ্রণালীতে বিস্তৃত হওত মূত্রাশয়ের গ্রীবা পর্য্যন্ত আগত হয় এবং তথা হইতে কুচ্‌কী, অণ্ডকোষ বা মুষ্কে বিস্তীর্ণ হইয়া পড়ে উরু অবশ, মুষ্ক কুঞ্চিত। সাতিশয় সার্ব্বাঙ্গিক অসুস্থতা, কম্প, জ্বর, বমন ও বিবমিষা নাড়ী কঠিন, পুষ্ট ও দ্রুত; কোষ্ঠবদ্ধ, উদরাধ্মান সতত প্রবল মূত্রত্যাগেচ্ছা; মূত্র রক্তবর্ণ, অনেক সময় উহাতে মূত্রগ্রন্থির ছাঁচ ও পূযরক্তাদি মিশ্রিত থাকে কখন কখন মূত্রস্রাব আদৌ হয় না, তদ্ধেতু যুরিমিয়া বা মূত্রানুৎপত্তি-জনিত বিকার সমুপস্থিত হইয়া থাকে। আক্ষেপ ও অচৈতন্যাবস্থা প্রাদুর্ভূত হইতে পারে। রোগ আরোগ্য হইলে পুনর্বার হইবার প্রবণতা থাকে স্ফোটক জন্মিলে ক্ষত হয়।

চিকিৎসা।—কোমরে পুল্টীস, ফোমেণ্টেসন, উষ্ণজলে কোমর ডুবাইয়া রাখা, উষ্ণ জলে একষ্ট্রাক্ট পপী, ওপিয়ম বা বেলেডোনা গুলিয়া দিবে মৃদু বেচক ও স্বেদজনক ঔষধ সহ ডোভর্স পাউডর মূত্রগ্রন্থির ক্রিয়া বিরাম রাখিয়া শরীরস্থ অবিশুদ্ধ পদার্থ চর্ম্ম ও অন্ত্রের দ্বারা নিঃসারিত করিবে বিবেচনার্থ রেজিন অব্ জেলাপ ২ ৩ গ্রেণ ও তৎসঙ্গে পডফিলিন রেজিন অর্দ্ধ গ্রেণ মিশ্রিত করিয়া দিবে পথ্য লঘু হইবে বমন থাকিলে পাকাশয়োপরি মষ্টার্ড প্লাষ্টর অবসন্নতা বা পুনোৎপত্তির লক্ষণ প্রকাশিত হইলে রোগীর শারীরিক বল সংরক্ষণের চেষ্টা করিবে; এতদর্থে দুগ্ধ, মাখম, ডিম্ব, মাংসেরযূষ, কড্লিভর অয়েল, লিকুইড্ এক্ষ্ট্রাক্ট অব্ বার্ক পরিপাকশক্তি ভাল থাকিলে গাঢ় দ্রব্য সেবনার্থ দিবে

একিউট্ ব্রাইট্স ডিজিজ বা য়্যাল্বিউমিনিউরিয়া।

অপরিমিততা, অনাহার, শৈত্য ও আর্দ্রতা, আরক্ত জ্বর প্রভৃতি কারণে মূত্রগ্রন্থির ঈদৃশ রোগ জন্মে ইপিথিলিয়েল কোষ ও সূক্ষ্ম সূক্ষ্ম মূত্রপ্রণালীতে পীড়া হয় স্বাভাবিকাবস্থায় মূত্রগ্রন্থি হইতে যে পদার্থ দূরীভূত না হয়, এরোগে ইপিথিলিয়েল কোষ ও সূক্ষ্ম সূক্ষ্ম মূত্রপ্রণালী দ্বারা তৎকার্য্য সম্পাদিত হওয়ায় উহারা পীড়াক্রান্ত হয়। কোষ সমূহের ক্রিয়া পরিবর্ত্তিত হওয়ায় উহাদের আকার হ্রসিত বা নষ্ট হয় এই ত্বরিত ধ্বংস বশতঃ মূত্রপ্রণালী অবরুদ্ধ হইয়া স্রাব অল্প হয় মাল্পিজিয়ান টফ্টের রক্তাধারের ভিতর রক্ত সঞ্চালনের ব্যাঘাত জন্মিবায় প্রণালীর মধ্যে মাস্তক ও

সৌত্রীণ ক্ষরণ হইতে থাকে এই মাস্তক বস মূত্রের সহিত মিশ্রিত হইয়া উহাকে আণ্ডলালিক করে সৌত্রীণ পদার্থ গাঢ় হওত পরিত্যক্ত কোষে জড়ীভূত হয় এবং প্রস্রাব সহ নির্গত হইয়া যায় কোন রক্তাধার ফাটিয়া গেলে তৎসহ রক্তকণা দৃষ্ট হয় মূত্রের নীচে কৃষ্ণবর্ণ থুস্তি পড়ে ইপিথিলিয়ম পতিত না হইলেও সময় সময় উদরী, শোথ ও আণ্ডলালিক মূত্রপীড়া জন্মে

লক্ষণ। শীত, কম্প, উত্তাপ, শিরোবেদনা, তৃষ্ণা, অস্থিরতা, কটিদেশে বেদনা ও স্পর্শাসহতা বমন, উদরী, মুখমণ্ডল প্রথমে স্ফীত হইয়া পরে সর্ব্ব শরীরে শোথ প্রকাশিত হয় মূত্র স্বল্প ধূম্রবর্ণ, উহাতে আণ্ডলালিক পদার্থ অধিক পরিমাণে থাকে শোথ কমিতে আরম্ভ হইলে রোগারোগ্যের সম্ভাবনা, মূত্রের পরিমাণাধিক্য ও মূত্রে আণ্ডলালিক পদার্থের হ্রাসতা শুভকর। অমঙ্গলকর লক্ষণযুক্ত রোগীর মূত্রানুৎপত্তি হইয়া বিকার জন্মে

চিকিৎসা. লঘু পথ্য, দুগ্ধ, ঘোল, চা, শীতল জল, যবোদক, লিমনেড, বরফ উষ্ণজলে স্নান, ব্লান্‌কেট্ বাথ, উষ্ণ বাষ্প স্নান, কোমরে ড্রাই কপিং ও লিনসিড্ পুলটীস কম্পাউণ্ড জেলাপ পাউডর, সলফেট ও কার্বনেট অব্ ম্যাগ্নিসিয়া ৩৩১; সলফেট অব্ ম্যাগ্নিসিয়া ও ভাইনম এণ্টিমোনিয়েলীস, রেজিন অব্ পডফিলিন ৩৪৭, ইলিটেরিয়ম ৩৪৮, ৩৩৮; সলিউসন অব্ এসিটেট অব্ পটাশ বা এমোনিয়া নাইট্রেট্ অব্ পটাশ ও নাইট্রাস ইথর ২৮৯, ৩৬৮, তৎপরে টিংচর অব্ পারক্লোরাইড্ অব্ আয়রণ ১৭১, ফস্‌ফেট অব্ আয়রণ ১৮৭ আয়রণ এলম; কুইনাইন, গাত্রে ফ্লানেল বা অন্য কোন পশমী বস্ত্র ধারণ করিবে স্পিরিট ও বিয়ার পান নিষিদ্ধ। আবশ্যক স্থলে পোর্ট ও ক্লারেট্

সেব্য। মাংস, ডিম্ব ও উত্তেজক ব্যবহার অহিতকর তরুণাবস্থা বিগত হইলে অন্ন পথ্য দেওয়া যায় সাইট্রেট অব্ পটাশ্, ও টিংচর একোনাইট—জ্বর সত্বে ডিজিটেলিস অহিতকর মূত্র কারক তরুণাবস্থান্তে কুইনাইন সাইট্রস এই পীড়ায় পটাশ সল্ট অপেক্ষা সোডা সল্ট অধিক হিতকর, কারণ পটাশে যুরিমিয়া হওয়ার আশঙ্কা থাকে দুগ্ধে পটাশ সল্ট বেশী না থাকায় এই পীড়ায় বিশেষ উপযোগী

ক্রনিক ব্রাইট্স ডিজিজ।

এই রোগে মূত্রগ্রন্থি হইতে ইপিথিলিয়ম বা উপত্বক পরিপুষ্টিত হইয়া থাকে ও তাহা মূত্রে দৃষ্ট হয় মূত্রনালীতে লিপ্ত উপত্বক ক্রমশঃ বিনষ্ট ও শুষ্ক হয়, কখন বা উহা অপর বিধান দ্বারা পরিপূরিত হয় মূত্রগ্রন্থি সংকুচিত ও দানাময় দৃষ্ট হয় মূত্র আগুলালিক এই রোগ তরুণ প্রদাহের পর অথবা প্রাচীন গৌট বা তদ্রূপ রোগের সহিত সমুপস্থিত হইতে পারে

লক্ষণ। মৃদুভাবে উপস্থিত হয়। স্বাস্থ্য ক্রমশঃ বিনষ্ট, দৌর্ব্বল্য, শীর্ণতা রক্তে বিশেষ পরিবর্ত্তন সংঘটিত হয় শোথ, উদরী, মস্তক বিল্লীর ও দাহ, হৃৎপিণ্ড বিবৃদ্ধি, সম্ভবতঃ হৃৎকপাটের পীড়া স্নায়ুকেন্দ্রের বিধান বিকার ও ক্রিয়াঘটিত উপসর্গ

চিকিৎসা।—মূত্রগ্রন্থির প্রদাহের প্রথমাবস্থায় টিংচর একোনাইট ব্যবহার্য্য। আক্ষেপে ব্রোমাইড অব্ পটাসিয়ম। টিংচর ক্যানেবিস ইণ্ডিকা সরক্ত প্রস্রাবে বিশেষ উপকারী। তরুণ প্রদাহ কথঞ্চিৎ উপশমিত হইলে টিংচর ক্যান্থারাইডিস ১ মিনিম মাত্রায় তিন ঘণ্টান্তর সেবনে রক্ত প্রস্রাব নিবারিত হয়।

কোন কোন রোগে ডিজিটেলিস বিশেষ উপকারী। লক্ষণানুসারে চিকিৎসা করিবে পুষ্টিকারক পথ্য, চর্ম্মের ক্রিয়া যাহাতে সুশৃঙ্খল-ভাবে সম্পন্ন হয়, তৎপ্রতি দৃষ্টি রাখিবে গাউট বা বাতরক্ত রোগ থাকিলে তাহার চিকিৎসা করিবে। লৌহঘটিত বলকরৌষধ সেবন, বায়ু পরিবর্ত্তন, সমুদ্র বায়ু সেবন শরীর উপদংশ বিষে দূষিত থাকিলে আইয়োডাইড্ অব্ পটাসিয়ম ও আইয়োডাইড্ অব্ আয়রণ রোগীর শরীর ফ্লানেল দ্বারা আবৃত রাখিতে উপদেশ দিবে। ঠাণ্ডা লাগাইতে নিষেধ করিবে সময় সময় প্রাচীন পীড়াক্রান্ত ব্যক্তিদেরও তরুণাক্রমণ উপস্থিত হয় প্রাচীন পীড়ায় মূত্রকারক ব্যবস্থেয় ডিজিটেলিস, ট্রোফান্থস, কফিন সাইট্রস, ডাই-যুরিটিন, কোপেবা, টর্পেন্টাইন, পাইলো কার্পিন ইত্যাদি ব্যবহার্য্য নাইট্রো গ্লিসিরিণ ১ পার্সেণ্ট সলিউসন ½ মিনিম মাত্রায় মূত্রকারক হয়, ৪ ঘণ্টান্তর সেব্য বেনজোয়েট অব্ সোডা ১৫ গ্রেণ মাত্রায় সেবনে যুরিমিয়া নিবারিত হয়। ল্যাক্টেট অব্ ষ্ট্রনসিয়া ১৫ গ্রেণ মাত্রায় প্রয়োগে উপকার দর্শিয়াছে।

ডায়ুরেসিস—মূত্রাধিক্য।

অধিক পরিমাণে প্রস্রাব নিঃসৃত হয়, কিন্তু তাহাতে শর্করা বা অপর কোন অনৈসর্গিক পদার্থ থাকে না

লক্ষণ।—অতৃপ্তিকর তৃষ্ণা, তৎসঙ্গে অধিক পরিমিত প্রস্রাব নিঃসরণ মূত্রের কেবল জলীয় অংশ বর্দ্ধিত হয়। সার্ব্বাঙ্গিক স্বাস্থ্যের অপকৃষ্টতা জন্মে কখন কখন শোথ উপস্থিত হয়

চিকিৎসা।—টিংচর পারক্লোরাইড্ অব্ আয়রণ ১৭১, ১৭৬ এমোনিয়ো আয়রণ য়্যালম। রাত্রিতে শয়নকালে এক

মাত্রা ওপিয়ম। চর্ম্মের ক্রিয়া রুদ্ধ থাকিলে ঈষদুষ্ণ জলে স্নান। ভেলিরিয়ান চূর্ণ ১০—১৫ গ্রেণ দিনে তিনবার শরীর দুর্ব্বল হইতে থাকিলে কড্‌লিভর অয়েল, ফস্‌ফরিক এসিড ও নক্সভমিকা, মাংসের যুষ।

হিমাচিউরিয়া—রক্তপ্রস্রাব।

মূত্রগ্রন্থি, মূত্রাশয় বা মূত্রমার্গস্থ শ্লৈষ্মিক ঝিল্লী হইতে রক্ত স্রবিত হইয়া মূত্রের সঙ্গে নিঃসৃত হয়

লক্ষণ।—মূত্র কৃষ্ণ বা ধূম্রবর্ণ; মূত্রে আণ্ডলালিক পদার্থ মূত্রগ্রন্থি হইতে রক্তস্রাব হইলে মূত্রের সহিত রক্তমিশ্রিত থাকে। মূত্রাশয় বা মূত্রমার্গ হইতে রক্তস্রাব হইলে পরিষ্কার প্রস্রাব ত্যাগের পর রক্ত বাহির হয়

চিকিৎসা।—ক্যান্থেরাইডিস বা তার্পিন তৈলাদি সেবন বশতঃ রোগ জন্মিলে ক্যাম্ফর ২—৫ গ্রেণ প্রযোজ্য ক্যানেবিস ইণ্ডিকা ব্যবহারে সুফল উপলব্ধি হয়। হামামিলিস টিংচর বা ইহার সার হেজিলিন ব্যবহারে উপকার হয় অতি অল্প মাত্রায় তার্পিন তৈল সেবন টিংচর অব্‌ পারক্লোরাইড অব্‌ আয়রণ ১৭১; গ্যালিক এসিড ২১৮, ৪৩১; এসিড সল্‌ফিউরিক ডিল্‌ ২১২; ইনফিঃ ম্যাটিকো, টর্পেণ্টাইন্‌ অয়েল ২১৭, ক্রিয়োজোট; আরগট অব্‌ রাই; ওপিয়ম বা মর্ফিয়া কোমরে বরফ স্থাপন ও টার্পিন তৈলের সেক, লিনসিড ও মষ্টার্ড প্লাষ্টর উষ্ণ বাষ্প পান, ঈষদুষ্ণ জলে স্নান মূত্রমার্গ দিয়া রক্তস্রাব হইতে থাকিলে বরফ স্থানিক সংলগ্ন করিবে। মূত্রাশয় হইতে রক্তস্রাব হইতে থাকিলে অ্যালম; ট্যানিক এসিড (৩০ গ্রেণ, জল ১০ আউন্স) পীচকারি দিবে

টিংচর জেবোরাণ্ডি প্রয়োগে রিনেল রক্তস্রাব নিবারিত হয়
ম্যালেরিয়া জনিত রক্তস্রাবে কুইনিন হিতকর।

কাইলস ইউরিণ—দুগ্ধবৎ মূত্র।
কাইলিউরিয়া।

অণুমাত্রায় মেদাক্ত পদার্থ থাকা বশতঃ মূত্র দুগ্ধবৎ হয় তদ্ব্যতীত মূত্রে রক্তকণা, সৌত্রীণ ও অণ্ডলালিক পদার্থ থাকিতে পারে

লক্ষণ।—গাত্রগুরুতা, কটিদেশে ও পাকাশয়োপরি বেদনা, মানসিক উৎকণ্ঠা, দুর্ব্বলতা, শীর্ণতা। রোগ পর্য্যায়শীল অর্থাৎ মূত্র দুই এক মাস স্বাভাবিক থাকিয়া পরে আবার দুগ্ধবৎ হয়।

চিকিৎসা।—গ্যালিক এসিড ২০—২৪ গ্রেণ দিনে তিনবার; টিংচর অব্ ষ্টীল; কুইনাইন ও ষ্টীল; এমোনিয়ো সাইট্রেট অব্ আয়রণ; কড্লিভর অয়েল; ওপিয়ম। বাষ্প স্নান, লবণমিশ্রিত জলে স্নান, পুষ্টিকর পথ্য, বায়ু পরিবর্ত্তন আইয়োডাইড পটাসিয়ম, সিরপ ফেরি আইয়োডাইড বিশেষ উপকারী সোডা বেন্জোয়াস।

রিনেল ক্যাল্কিউলাই—মূত্রগ্রন্থিক ক্ষুদ্রাশ্মরী।

এই প্রকার অশ্মরী মূত্রগ্রন্থি ও মূত্রাশয় প্রভৃতি স্থানে থাকে। সময় সময় মূত্রপ্রণালীতেও দৃষ্ট হয়। মূত্রগ্রন্থি বা মূত্রাশয় হইতে আসিয়া মূত্রমার্গে স্থিত হয়। ইহারা বিবিধ উপাদান সংযোগে গঠিত হয়। তন্মধ্যে য়ুরিক এসিড, য়ুরেট অব্ এমোনিয়া, ফস্ফেট

অব্‌ লাইম, ফস্ফেট অব্‌ ম্যাগ্‌নিসিয়া, এমোনিয়া, অক্‌জেলেট অব্‌ লাইম, কার্ব্বনেট অব্‌ লাইম ইত্যাদি প্রধান। ইহাদের আকার কখন ক্ষুদ্র ও কখন বড় হইতে পারে

মূত্রগ্রন্থিতে অশ্মরী থাকিলে—সতত পৃষ্ঠবেদনা, সরক্ত মূত্র, দূরস্থিত যন্ত্রে প্রক্ষিপ্ত উদ্দীপনা, স্নায়বীয় উগ্রতা অবশেষে স্বাস্থ্য-হানি, বলহানি ও শীর্ণতা এতদ্দ্বারা গ্রন্থি প্রসারিত বা উহার মধ্যে পূযোৎপত্তির ব্যাঘাত জন্মিবায় রক্ত অবিশুদ্ধ ও তদ্ধেতু বিকার সমুপস্থিত হইতে পারে

মূত্রাশয়ে অশ্মরী থাকিলে—মূত্রাশয় ও বিটপদেশে তীব্র বেদনা, পরিশ্রমে বেদনা বৃদ্ধি ও পুনরাবির্ভূত হয় সতত মূত্রত্যাগ করিতে হয়, কখন বা অনৈচ্ছিক ভাবে প্রস্রাব নির্গত হয়। মূত্রে শ্লেষ্মা থাকা বশতঃ উহা ঘন দেখায় সময় সময় উহাতে পূয বা রক্ত মিশ্রিত থাকে মূত্রাশয়ের গ্রীবাদেশে অশ্মরী আসিয়া আবদ্ধ হইলে প্রস্রাব বন্ধ হইয়া যায়, কিন্তু উহা আবার সরিয়া গেলে প্রস্রাব হইতে থাকে কোতানি ও গুদভ্রংশও উপস্থিত হয়

চিকিৎসা।—সার্ব্বাঙ্গিক লক্ষণ নিবারণ ও অশ্মরীর পুনঃ-রুদ্ভব নিবারণ করার চেষ্টা করিবে সার্ব্বাঙ্গিক স্বাস্থ্য উন্নত করার জন্য দুগ্ধ মাখম, মাংস ও ডিম্ব সেবনার্থ দিবে। মদ্যপান অর্থাৎ হুইস্কী ১—২ আং জলসহ পান বিশেষ উপকারী। কড্‌লিভর অয়েল সেবন হিতকর বেদনা নিবারণার্থ কোমরে বেলেডোনা প্লাষ্টর রক্তস্রাব নিবারণার্থ টিংচর ষ্টীল; টিংচর হামামেলিস, আয়রণ য়্যালম ও গ্যালিক এসিড। অধিক পরিমাণে জল, মিনারেল ওয়াটর্স ইউরিক এসিড ডায়াথিসিসে

উদ্ভিজ্জ দ্রব্য আহার, স্নিগ্ধ পানীয়, মৃদু ব্যায়াম, ভিসি ও কার্লস বাড ওয়াটর, সল্টস অব্ পটাশ (সাইট্রেট ও বাইকার্বনেট অব্ পটাশ), লাইকর পটাশ ফস্ফেটীক ডায়াথিসিসে নাইট্রো মিউরিয়েটীক এসিড ডিল, বার্ক; আয়রণ; ওপিয়ম। রিনেল ক্যালকিউলাই নিঃসরণের সময় বেদনার আতিশয্য নিবারণার্থ হট বাথ উপকারী ¼ গ্রেণ মর্ফিয়ার অধস্ত্বাচ প্রক্ষেপ। কোমরে উষ্ণ জলপূর্ণ বোতল সংস্থাপন মলদ্বারে গরম জলের পিচকারি বা মর্ফিয়া সপোজিটরী। কোমরে উষ্ণ পুলটীস ও স্বেদ প্রয়োজ্য। অক্জেলেট অব্ লাইম ষ্টোনেও সাইট্রেট অব্ পটাশ উপকারী।

ইরিটেবিলিটী অব্ দি ব্লাডর—মূত্রাশয়ের উদ্দীপনা।

মূত্রাশয়ের উগ্রতা ও ঘন ঘন প্রস্রাব ত্যাগ এই পীড়ার পরিচায়ক। মূত্রগ্রন্থি, মূত্রাশয়, মুখশায়ী গ্রন্থি বা মূত্রমার্গের বৈধানিক পীড়া বশতঃ এই পীড়া জন্মিতে পারে স্ত্রীলোকের মূত্রমার্গে রক্তার্ব্বুদ, স্থানচ্যুত বা বিবৃদ্ধ জরায়ুর চাপ, অর্শজনিত উদ্দীপনা বা অন্ত্রকৃমি, মূত্রাশয়ের মধ্যে অর্ব্বুদ বা অশ্মরীর সংস্থিতি কিম্বা মূত্রগ্রন্থি, মূত্রাশয়, পাকাশয় বা স্নায়ুমণ্ডলের ক্রিয়া-বিশৃঙ্খলাও এই পীড়ার কারণ মধ্যে পরিগণিত

লক্ষণ।—অকস্মাৎ ঘন ঘন প্রস্রাব ত্যাগ করিবার ইচ্ছা হয় ১৫ বা ৩০ মিনিট অন্তর প্রস্রাব করিতে হয় রোগী প্রস্রাব না করিয়া থাকিতে পারে না, অর্থাৎ মূত্রের বেগ ধারণ করিলে অসুখ ও কণ্‌কণে বেদনা বোধ হয়। মূত্র সমষ্টি করিলে পরিমাণাধিক হয় ন মূত্রাশয়ের আকৃতি ছোট হইয়া পড়ে ক্লেশকর উদ্দীপনা বশতঃ সার্ব্বাঙ্গিক স্বাস্থ্য হানি হয় মূত্র

পরীক্ষা করিয়া দেখা উচিত, কারণ এতদ্দ্বারা রোগ নির্ণয়ের অনেক সাহায্য হয়

চিকিৎসা। —উত্তেজক পানীয় (সুরা, কফি প্রভৃতি) নিষিদ্ধ। দুগ্ধ, কোকোয়া, মিউসিলেজযুক্ত পানীয়, ঈষদুষ্ণ জলে স্নান উপকারী। ডাইলিউট নাইট্রো হাইড্রোক্লোরিক এসিড ও ডিককৃসন অব্ প্যারেরা এবং তৎসঙ্গে টিংচর বেলেডোনা। মূত্র অম্লযুক্ত থাকিলে লাইকর পটাশ অথবা সাইট্রেট অব্ পটাশ ও ইনফিঃ বকু কাউচ্ গ্রাসের ডিককৃসন, ওপিয়েট সপোজিটরী। টিংচর হেনবেন বা বেলেডোনা, গিন্‌সিড্ ইনফিউজনের সঙ্গে মর্ফিয়া ১ গ্রেণ, জল ১ আউন্স মূত্রাশয়ে পিচকারি সার্ব্বাঙ্গিক দুর্ব্বলতা থাকিলে লৌহঘটিত রসায়নৌষধ টিংচর ক্যান্থেরাইডিস ও ষ্টীল স্ত্রীলোকদের জন্য বেলেডোনা ও অক্সাইড্ অব্ জিঙ্কের পেসারী। রাত্রিতে নিদ্রাবস্থায় শয্যাতে মূত্রত্যাগ করিলে টিংচর অব্ ষ্টীল ও বেলেডোনা। কটিদেশের নিম্নে ব্লিষ্টার, কটিদেশে ও তন্নিম্নে বেলেডোনা প্লাষ্টার, বেলেডোনা লিনিমেণ্ট লবণ মিশ্রিত ঈষদুষ্ণ জলে স্নান, কড্‌লিভর অয়েল অন্ত্রের উদ্দীপনা বশতঃ এইরূপ রোগ হইলে তাহার প্রতিবিধান করা কর্ত্তব্য প্রথমে রোগের কারণানুসন্ধান ও নির্দ্ধারণ করতঃ তদুপযোগী চিকিৎসোপায় অবলম্বনীয়

স্প্যাজম অব্ দি ব্লাডর মূত্রাশয়ের আক্ষেপ।

মূত্রাশয়ে আক্ষেপিক বেদনাক্রমণ। মূত্রাশয়ে অশ্মরী বা অর্ব্বুদ, সরলান্ত্র ও জরায়ুর পীড়া, মূত্র গ্রন্থিতে স্ফোটক, মূত্রাশয়ে ক্ষত বা অন্য প্রকার বৈধানিক পীড়া, মূত্রপ্রণালী গ্রন্থির পীড়া, মূত্রের

অস্বাভাবিক অম্লত্ব, অপরিমিত মৈথুন, গুগ্গবায়ু ও ক্যান্থেরাইডিস আদি উগ্র মূত্রকারক ঔষধ ব্যবহার, এই প্রকার পীড়ার কারণ

লক্ষণ। উদরের নিম্নভাগ হইতে মূত্রমার্গ পর্য্যন্ত বিস্তীর্ণ তীব্র বেদনা অনৈচ্ছিক মূত্রত্যাগ, সময় সময় মূত্রাবরোধ ও প্রবল প্রস্রাবত্যাগেচ্ছা কোতানি অধিকক্ষণ স্থায়ী হইলে প্রস্রাবানুৎপত্তি বশতঃ মৃত্যু সংঘটিত হয়।

চিকিৎসা। উষ্ণজলে স্নান; স্বেদ; মাদক সেবন ও মলদ্বারে প্রযোগ রোগের কারণ গাউট বা প্রস্রাবে ইউরেট্স থাকিলে কলচিকম, সোডা বা পটাশ বা লিথিয়া ওয়াটর। মূত্রগ্রন্থিতে পূযোৎপত্তি হইয়া তাহা মূত্রাশয়ে আগত হওয়া প্রযুক্ত আক্ষেপ উপস্থিত হইলে কার্ব্বলিক এসিড, বোরিক এসিড ও মর্ফিয়ার ধাবনের পিচকারি দ্বারা মূত্রাশয় ধৌত করিবে রোগীকে পুষ্টিকারক খাদ্য ও কড্লিভর অয়েল দিবে অশ্মরী থাকিলে অস্ত্র করিতে হয় ক্যাম্ফর, লিন্সিড্ পুলটীসের সঙ্গে গুহ্যদ্বারের উপরে দিবে মর্ফিয়া ও বেলেডোনা সেবনার্থ বা উহার অধস্ত্বাচ প্রক্ষেপ ও সপোজিটরী পুষ্টিকর খাদ্য, দুগ্ধ, মিউসিলেজযুক্ত পানীয় উত্তেজক ঔষধ, স্ত্রীসংসর্গ ও অশ্বারোহণ নিষিদ্ধ।

প্যারালিসিস অব্ দি ব্লাডর—মূত্রাশয়ের পক্ষাঘাত।

মূত্রাশয়ের পৈশিকাবরণ পক্ষাঘাতাক্রান্ত হয় মূত্রাশয়ের পীড়া, স্নায়ুকেন্দ্রের রোগ বা সার্ব্বাঙ্গিক দুর্ব্বলতা হইতে এই পীড়া জন্মে।

লক্ষণ।—মূত্রাশয়ের পক্ষাঘাতে মূত্র উহার মধ্যে থাকে যখন মূত্র দ্বারা উহা অত্যন্ত পূর্ণ হয়, তখন মূত্রমার্গ দিয়া ফোঁটা

ফোঁটা করিয়া প্রস্রাব নির্গত হয়। প্রস্রাবে শ্লেষ্মা, ক্ষার ও এমোনিয়ার গন্ধ থাকে মূত্রাশয়ের গ্রীবাদেশে বেদনা; বিস্তৃতি অধিক হইলে মূত্রাশয়ের প্রাচীরের বোধহীনতা জন্মে সার্ব্বাঙ্গিক অসুস্থতা সাধারণতঃ অচৈতন্যাবস্থা বা অবসন্নতা বশতঃ মৃত্যু হয়

চিকিৎসা।—মূত্রাশয় মূত্রপূর্ণ থাকিলে শলাকা দ্বারা তাহা নিঃসারিত করিবে ঈষদুষ্ণ জলে কয়েক ফোঁটা কার্ব্বলিক এসিড মিশ্রিত করিয়া তদ্দ্বারা মূত্রাশয়ে পিচকারি দিবে মূত্রাশয়ের পৈশিক সূত্র সবল করণার্থ শীতল জলের পিচকারি। অল্প মাত্রায় ষ্ট্রীকনিয়া ও আর্গট অব্ রাই অথবা টিং ষ্টীল সেবন গ্যাল্‌ভানিজম, শীতল জলের ধারা, কটি স্নান, পৃষ্ঠবংশের অধোভাগে ব্লিষ্টার, কুইনাইন ও আয়রণ, য্যালোজযুক্ত বেচক। আর্গটিন ১ গ্রেণ, একষ্ট্রাঃ নক্স ½ গ্রেণ, রিডিউস্‌ড আয়রণ ২ গ্রেণ একত্রে দিন ৩ বার সেবন উপকারী

একিউট সিস্টাইটিস্—মূত্রাশয়ের তরুণপ্রদাহ।

ইহা একটী গুরুতর পীড়া, আপনাপনিই উপস্থিত হয় অথবা প্রাচীন প্রদাহ, অশ্মরীর উদ্দীপনা, বাহ্যিক আঘাত, বস্তিগহ্বরস্থ যন্ত্রাদির পীড়া বশতঃ এই রোগ জন্মিতে পারে মূত্রাশয়ের গ্রীবা ও অধঃ প্রদেশস্থ শ্লৈষ্মিক ঝিল্লী অন্যান্য অংশ অপেক্ষা অধিক আক্রান্ত হয়

লক্ষণ।—কম্প, মূত্রাশয়ে বেদনা, মূত্রদ্বারে উষ্ণতা। সতত মূত্রত্যাগেচ্ছা, কিন্তু প্রতিবারে অল্প পরিমাণে হয়। প্রবল জ্বর, বিবমিষা, সার্ব্বাঙ্গিক অসুস্থতা, মানসিক অবসন্নতা বস্তিদেশ

শক্ত ও বেদনান্বিত হয় তীব্র বেদনা বিটপ ও উরু দেশ পর্য্যন্ত বিস্তৃত হইয়া পড়ে কোঁথানি, অসহ্য বেদনা। মূত্রাবরোধ ও বিন্দু বিন্দু মূত্র পতন মূত্রে রক্ত পূয়াদি মিশ্রিত থাকে সাতিশয় অবসন্নতা, শীতল স্বেদ, প্রলাপ

চিকিৎসা।—মূত্রাশয় প্রদেশে মসিনার বড় রকম পুলটীস, পপী ফোমেণ্টেসন, উষ্ণ জলে কটিস্নান ক্যাষ্টর অয়েল আদি মৃদু বিরেচক দ্বারা কোষ্ঠ পরিষ্কার করাইবে প্রস্রাব অবরুদ্ধ থাকিলে শলাকা দ্বারা মূত্র নিঃসৃত করিবে। গাউট জনিত পীড়ায় স্যালাইন পর্গেটিভ ও তৎপরে কলচিকম ও পটাশ বাইকার্ব। কোন স্থানে ক্যান্থারাইডিসের ব্লিষ্টার দেওয়ার জন্য পীড়া হইলে ব্লিষ্টার তুলিয়া দিবে ও তৎস্থানে উষ্ণ লিনসিড পুল্‌টীস ও মল দ্বারে ওপিয়মের পিচকারি দিবে ও সেবনার্থ হায়সায়ামাস ব্যবস্থা করিবে রোগীকে লঘু পথ্য, বার্লি ওয়াটর, লিনসিড টি, দুগ্ধ, য়্যারারুট, মিউসিলেজ ট্রাগাকান্থ বা গম এরেবিক দিবে টি, কফি ও মদ্যপান নিষিদ্ধ ওপিয়ম ও বেলেডোনা সেবনার্থ ও মলদ্বারে সপজিটরী দিবে যদি অশ্মরী থাকা বশতঃ প্রদাহ উৎপন্ন হয়, তবে শস্ত্রোপচার দ্বারা তাহা বাহির করিবে। রোগীকে স্থিরভাবে শয্যায় শয়ন করাইয়া রাখা উচিত। বেদনা উপশমার্থ অর্দ্ধ গ্রেণ মর্ফিয়ার বা বেলেডোনার সপোজিটরী লিনসিড টির সঙ্গে লাইকর পটাশ, টিং হায়সায়ামাস বা ওপিয়ম প্রয়োজ্য বোরিক এসিড লোশন দ্বারা ধৌতকরণ।

ক্রনিক সিষ্টাইটীস—মূত্রাশয়ের পুরাতন প্রদাহ।

এই প্রাচীন প্রদাহ সাধারণ সময় সময় তরুণ প্রদাহান্তে,

অনেক সময় বাত, মূত্রস্তম্ভ, উগ্রতা, বাহ্য বস্তুর সংস্থান বা সরলান্ত্র বা জরায়ু আদির প্রদাহ প্রসারিত হওয়া প্রযুক্ত এই পীড়া উৎপন্ন হয়।

লক্ষণ।—অনেক সময় সামান্য প্রকার থাকে। অসুস্থতাবোধ মূত্রাশয়ের প্রাচীরের বোধাধিক্য সতত মূত্রকরণেচ্ছা মূত্র স্বল্প ও তৎসহ পূয বা শ্লেষ্মা মিশ্রিত থাকিতে পারে

চিকিৎসা।—সম্ভব হইলে কারণানুসন্ধান ও তাহার চিকিৎসা করিবে টিংচর ক্যান্থেরাইডিস ১ হইতে ৫ ফোটা দিনে তিন বার সেবনে উপকার দর্শে আইয়োডোফর্মের সংবর্ত্তি বা সপোজিটরী তার্পিন তৈল স্বল্প মাত্রায় প্রাচীন প্রদাহে উপকারক মূত্রের অম্লত্ব বিদূরণার্থ সাইট্রেট বা বাইকার্ব্বনেট পটাশ বা লাইকর পটাশ রোগের কারণ বিদূরিত করিতে সর্ব্বাগ্রে সচেষ্টিত হওয়া কর্ত্তব্য অধিকক্ষণ মূত্র থাকা বশতঃ মূত্রাশয়ের উগ্রতা না জন্মে, তদর্থে মধ্যে মধ্যে রবারের শলাকা দ্বারা মূত্র নিঃসৃত করিবে মধ্যে মধ্যে ৩ ৪ আউন্স ঈষদুষ্ণ জল দ্বারা মূত্রাশয়ে পীচকারি অথবা ৬ বা ৮ আউন্স জল, ২০ গ্রেণ এক্‌ষ্ট্রা হায়সায়ামাস ও ৪ গ্রেণ ওপিয়ম অথবা ১৫ ২০ গ্রেণ বোরিক এসিড একত্রে গুলিয়া পীচকারী দিবে তৎপরে এসিটেট অব্ মর্ফিয়া ½ ১ গ্রেণ, জল ২ আউন্স পীচকারি দিবে, কিন্তু উহা তৎক্ষণাৎ বাহির না করিয়া কিছুক্ষণ মূত্রাশয়ের মধ্যে রাখিবে সংকোচক ঔষধের প্রয়োজন হইলে এসিটেট অব্ লেড বা ট্যানিক এসিড ঈষদুষ্ণ জলের সঙ্গে গুলিয়া পীচকারি দিবে। সেবনার্থ টিং বা ইন্‌ফিউ ইউভা অর্সাই ও বকু অথবা ডিকক্‌সন অব্ প্যারেরা ও কুচ্

গ্রাস স্নিগ্ধপানীয়, লিন্‌সিড্ ইনফিউজন, বার্লি ওয়াটার, আইস্‌-ল্যাণ্ড মস ডিককশন। ওপিয়াম ও বেলেডোনা সপোজিটরী ১৬৬; স্ত্রীলোকদের জন্য আইয়োডাইড্ অব্ লেড বা অক্‌সাইড্ অব্ জিঙ্ক ও বেলেডোনা পেসারি কটিদেশের অধোভাগে বেলেডোনা প্লাষ্টর বা ক্রোটন অয়েল লিনিমেণ্ট বা আইয়োডিন লিনিমেণ্ট। পথ্যার্থে পুষ্টিকারক খাদ্য দিবে চা ও কফি সেবন অনিষ্টকর। রোগী বৃদ্ধ, মদ্যপানে অভ্যস্ত, বা অত্যন্ত দুর্ব্বল হইলে অল্প পরিমাণে মদ্যপান করিতে দেওয়া বিধেয় পরিপাক শক্তির দুর্ব্বলতাতে পেপ্‌সিন ইণ্ডিয়া রবারের শলাকায় তৈল না মাখাইয়া গ্লিসিরিণ অব্ বোরেসিস্ মাখান উচিত। বোরিক এসিড সেবনও হিতকর, ৫—১৫ গ্রেণ দুগ্ধ বা জলের সঙ্গে সেবন করিলে মূত্রের পচন নিবারণ করে বেদনা নিবারণার্থ হায়সায়ামাই, বেলেডোনা এগোন ক্লোরাইড এই পীড়ায় বিশেষ উপকারী অয়েল স্যাণ্টাল উপকারী বেদনা ও জ্বর নিবারণার্থ ফিনাসিটিন ও এণ্টিপাইরিন উপযোগী ইউক্যালিপ্টাই, কোপেবা ও টর্পেণ্টাইন অল্প মাত্রায় প্রয়োজ্য।

স্পার্মেটোরিয়া—শুক্রমেহ।

সতত অনৈচ্ছিক ভাবে শুক্রক্ষরণ হওয়া বশতঃ শারীরিক ও মানসিক স্বাস্থ্যের বিশৃঙ্খলাবস্থা হস্তমৈথুন ইহার একটী সাধারণ কারণ

লক্ষণ। সার্ব্বাঙ্গিক দুর্ব্বলতা, স্নায়বীয় উদ্দীপনা, অন্যমনস্কতা, উদরাধ্মান, কোষ্ঠবদ্ধ দৃষ্টি ও শ্রবণ শক্তির হীনতা স্মৃতিশক্তির দুর্ব্বলতা হৃৎস্পন্দন, শিরোঘূর্ণন, শিরোবেদনা,

স্নায়ুশূল অত্যন্ত বর্দ্ধিত রোগের পরিণামে অপস্মার, যথা, ধ্বজভঙ্গ ও উন্মাদ রোগ জন্মিতে পারে।

চিকিৎসা —ব্রোমাইড অব্ সোডিয়ম বিশেষ সুফলপ্রদ মানসিক অবস্থার উন্নতি বিধান আবশ্যক একষ্ট্রা বেলেডোনা ⅛ গ্রেণ ও সলফেট অব্ জিঙ্ক দেড় গ্রেণ একত্রে এক বটিকা করিয়া দিনে ৩ ৪ বার সেবনে স্বপ্নদোষ নিবারিত হয় টিং ষ্টীল্ ও ক্যাম্ফে বাইডিস ডিজিটেলিস ইনফিউজন ১ বা ২ ড্রাম মাত্রায় সেবনে উপকার দর্শে হাইপোফস্ফাইট অব্ সোডা ব লাইম শুক্রক্ষরণ জনিত শারীরিক ও মানসিক দুর্ব্বলতায় ফলপ্রদ এই রোগের সঙ্গে ধ্বজভঙ্গ থাকিলে ষ্ট্রীক্‌নিয়া অন্তের ক্রিয়ার সুশৃঙ্খলা সম্পাদনার্থ মৃদু বিরেচক ঔষধ সেব্য স্নায়বীয় দৌর্ব্বল্য বর্ত্তমানে ফস্ফরিক এসিড ডিল ও টিংচর নক্সভমিকা ৪৩২ ; সলফেট অব্ জিঙ্ক ও একষ্ট্রাক্ট নক্সভমিকা টিংচর অব্ ষ্টিল, কুইনাইন ও আয়রণ। লবণ মিশ্রিত ঈষদুষ্ণ জলে স্নান কডলিভার অয়েল ; অল্প পরিমাণে তিক্ত এল্ আসব। দুগ্ধ, চা ও কফি সেবন নিষিদ্ধ ক্যাম্ফর ও কোনিয়ম বা বেলেডোনা। ক্রিমি থাকিলে স্যান্টোনাইন। পরিমিত শারীরিক ও মানসিক শ্রম, কঠিন শয্যায় ৮ ঘণ্টাকাল নিদ্রা তামাক ও মদ্য সেবন নিষিদ্ধ। ফস্ফেট অব্ জিঙ্ক ৪২৯ ব্রোমাইড অব্ পটাসিয়ম। মূত্রে অত্যন্ত অম্লাধিক্য থাকিলে ক্ষার প্রয়োগে তাহা নিবারণ করিবে স্থানিক কারণ অর্থাৎ প্রিপিউসের দীর্ঘতা, ফিসর অব্ রেক্টম, অর্শ বা হেমরইড্স, ব্যালানাইটীস, ফাইমোসিস্ ইত্যাদি থাকিলে তাহা বিদূরণের চেষ্টা কর্ত্তব্য।

অর্কাইটীস্—মুষ্ক বা অণ্ড প্রদাহ।

তরুণ মুষ্ক-প্রদাহ —প্রমেহ রোগের প্রদাহ মূত্রমার্গ হইতে প্রসারিত হইয়া অণ্ড প্রদাহ জন্মে উগ্র ঔষধের পীচকারি, সুরা-পান, অতিশয় শারীরিক শ্রম বা অণ্ডকোষ কৌপীন দ্বারা উত্তোলিত না রাখা ইত্যাদি কারণ বশতঃ প্রমেহজাত প্রদাহ মুষ্কে প্রসারিত হইয়া থাকে। অতএব মধ্যভাগ ও উহার আবরণ আদিও প্রদাহিত হয়।

লক্ষণ।—রেতঃ রজ্জু ও অণ্ডে বেদনা ও ভারবোধ; কটিতে, কুচ্কীতে ও উরুর উপরাংশে অসুখ বোধ ঘন ঘন প্রস্রাব, প্রমেহের পূয়ক্ষরণ হ্রসিত। অণ্ড স্ফীত, অণ্ডকোষ দৃঢ় ও সটান, রেতঃরজ্জু স্ফীত সাতিশয় স্পর্শাসহত্ব, চাপে বেদনার বৃদ্ধি জ্বর, বমন, বিবমিষ, কোষ্ঠবদ্ধ কদাচ স্ফোটক উৎপন্ন হয়।

প্রাচীন অণ্ড প্রদাহ তরুণ প্রদাহাবসানে বা আপনাপনিই সমুপস্থিত হয় মূত্রমার্গাবরোধ, প্রাচীন প্রমেহ, উপদংশবিষ বা গণ্ডমালীয় ধাতুপ্রকৃতি বশতঃ এই রোগোৎপত্তি হইতে পারে

লক্ষণ।—অণ্ডের উপরাংশে প্রদাহ জন্মিবার পরে সমস্ত অণ্ডে বিস্তৃত হইয়া পড়ে স্ফীততা ও কাঠিন্য ও চাপে স্পর্শাসহত্ব, ভারবোধ সময় সময় অণ্ডের আবরণ পর্দার মধ্যে মাস্তক রস সঞ্চিত হয়। উপদংশ বিষ জনিত পীড়া হইলে গাত্রে পীড়কা, সশল্ক উদ্ভেদ, বাত বেদনা ও তাহার রাত্রিতে বৃদ্ধি, জিহ্বা বা কণ্ঠে ক্ষত, স্বাস্থ্যহানি ও সময় সময় উপতারা প্রদাহ সমুপস্থিত হয়

চিকিৎসা।—স্থানিক——রক্তমোক্ষণ অর্থাৎ একখানি

ল্যান্‌সেটের অগ্রভাগ দ্বারা স্থানে স্থানে ক্ষুদ্র ক্ষুদ্র আকারে অস্ত্রাঘাত করিয়া, তৎপরে কিছুক্ষণ উষ্ণজলের স্বেদ দিলে অধিক পরিমাণে রক্ত নিঃসৃত হইয়া প্রদাহের শান্তি হয় রোগীকে সর্ব্বদা শয্যায় শয়িত রাখিবে অণ্ডকোষ একটি ছোট বালিশ দ্বারা উচ্চ করিয়া রাখিবে পপী ফোমেণ্টেসন প্রদাহ কিঞ্চিৎ অপগত হইলে ষ্ট্রাপিং করিবে লিনিমেণ্ট বেলেডোনা ১২৯ প্রদাহের তরুণাবস্থায় লাইকর প্লম্বাই সব এসিটেটীস লোশন ৪২৬, ৭৭৫, পর্য্যায়ক্রমে উষ্ণ ও শীতল জলধারা সেবনার্থ—এণ্টিমনী, স্যালাইন ও হেনবেন ২৬৭, ৪২৫ ডোভর্স পাউডর ও ক্যালোমেল ব্রোমাইড ও ওপিয়ম করোসিব সব্লিমেট ও ডিজিটেলিস ৪০২ রোগ বাতজনিত হইলে কলচিকম ৩৩১, আইওডাইড অব্ পটাসিয়ম ৪০৪ সলফেট অব্ সোডা ও ট্যারাক্সেকম ৩৪৯, একোনাইট ১০৭, ২৭২ বেদনানিবারক মাত্রায় অহিফেন বেলেডোনা ও গ্লিসিরিণ, লিনসিড পুল্‌টীশ সস্‌পেন্সরী ব্যাণ্ডেজ ব্যবহার আবশ্যক চাপ প্রয়োগ উপকারী ওলিয়েট অব্ মার্করী এণ্ড মর্ফিয়া লাইকর এমোনি এসিটেটীস ট্রিং, ভিরেট্রম ভিরিড, টিংচর পলসেটিলা হিতকর প্রথমে এক মাত্রা ক্যালোমেল তৎপরে স্যালাইন বিরেচক

পুরাতন রোগে এম্‌প্লাষ্টম এমোনিয়েসাই কম হাইড্রার্জিরাই ও সোপ প্লাষ্টর দ্বারা ষ্ট্রাপিং ক্যাডমিয়মের দৃঢ় প্রয়োগ বস্ত্রখণ্ড দ্বারা অণ্ডকোষদ্বয় উত্তোলিত রাখিবে ওলিয়েট অব্ মার্করী, টিংচর আইয়োডিন, অঙ্গুয়েঃ হাইড্রার্জ আইয়োডিডম্ রুব্রম ১ ভাগ, মোমের মলম ৭ ভাগ লিনিঃ পটাশী আইয়োডিডাই কম্‌সেপোনি সেবনার্থ আইয়োডাইড অব্ পটাসিয়ম ৩৭৯, ৪০৪ করোসিব

সল্ফিমেট ও সার্জ্জা ৪০২ গাউট জনিত পীড়ায় স্যালিসিলেট অব্ সোডা ও কলচিকম।

ইম্পোটেন্স এণ্ড ষ্টরিলিটী—ধ্বজভঙ্গ ও বন্ধ্যাত্ব

যে কোন প্রকার অসুস্থাবস্থা হইতে পুরুষের শুক্র, স্ত্রীলোকের ডিম্বাণুর সহিত সংযোজিত হইতে না পারে, তাহাকে ইম্পোটেন্স বা ধ্বজভঙ্গ বলে। তদ্রূপ, যে প্রকার অবস্থা বশতঃ শুক্রের স্পর্মাটোজোয়া বা কীটাণু বা স্ত্রীলোকের ডিম্বাণু নিঃসৃত না হয় অথবা নিঃসৃত হওয়ার অনতিবিলম্বে উহাদের জীবনী বিনষ্ট হয়, তাহাকে ষ্টরিলিটী বা বন্ধ্যা রোগ বলে।

পুরুষদের ধ্বজভঙ্গ। বিবিধ কারণে রোগী স্ত্রীসঙ্গম করিতে অসমর্থ হয়। পুংস্ত্বের বর্দ্ধনাভাব বা বিকৃত বর্দ্ধন আদি, মানসিক শোক, ক্রোধ, অতিশয় উত্তেজিত ইচ্ছা, উৎকণ্ঠা, দুঃখ, বিরক্তি ইত্যাদি। জ্বর ও প্রবল পীড়ান্তে পুংলিঙ্গের দৌর্ব্বল্য জন্মে। মস্তকের পশ্চাদ্ভাগে বাহ্যিক আঘাত প্রাপ্তি বশতঃ ধ্বজভঙ্গ হয়। পৃষ্ঠবংশীয় মজ্জার পীড়া বা আঘাত, অপরিমিত তাম্রকূট ব্যবহার বশতঃ পরিপাক ক্রিয়া ও স্নায়ু এবং পৈশিক মণ্ডল দুর্ব্বল হইয়া পড়ে, তদ্রূপ অত্যধিক অহিফেন ব্যবহার এই রোগের কারণ মধ্যে পরিগণিত। মূত্রমার্গের সংকোচ বশতঃ শুক্র মূত্রাশয়ে প্রবিষ্ট হইতে পারে। মূত্রমার্গে অস্বাভাবিক ছিদ্র থাকা বশতঃ শুক্র যথাস্থানে প্রবিষ্ট হইতে পারে না।

স্ত্রীলোকদের।—বাহ্য জননেন্দ্রিয়ের বিকৃতি, যোনিদ্বারের আক্ষেপ, অর্ব্বুদ, জরায়ু গ্রীবা দীর্ঘ, জরায়ুর স্থানচ্যুতি, প্রদাহাদি,

ফ্যালোপিয়ান নলীর অবরোধ প্রভৃতি কারণে পুরুষ সংসর্গ করিতে অসামর্থ্য জন্মে

পুরুষদের গুটিকারোগ, যক্ষ্মা, আণ্ডলালিক প্রস্রাব, কোন কোন প্রকার অজীর্ণ দ্বারা বন্ধ্যা রোগ জন্মে পীড়ার বর্দ্ধিতাবস্থায় শুক্রস্রাব বন্ধ হইয়া যায় মস্তিষ্কের কোন কোন পীড়া বশতঃ অণ্ডের যথোচিত ক্রিয়ার ব্যাঘাত হয় অণ্ডে অর্ব্বুদ, কর্কট, পুনঃ পুনঃ প্রদাহ, অস্বাভাবিক অবস্থান প্রভৃতি কারণে শুক্রের জীবনী শক্তি নষ্ট হয় শুক্রনিঃসরণ পথে বাধাপ্রাপ্তি, তামাক, অহিফেন ও সুরার অপরিমিত ব্যবহার ও উপদংশ বিষ দ্বারা শুক্রের জীবনী বিনষ্ট হইয়া থাকে

স্ত্রীলোকের—বন্ধ্যাত্ব পীড়ার কারণের মধ্যে এই গুলি প্রধান—আর্ত্তবাভাব, অবসন্নতা বা সাতিশয় সার্ব্বাঙ্গিক দুর্ব্বলতা, সতত বা অসম্পূর্ণ সঙ্গমেচ্ছা, ডিম্বকোষের পীড়া বা বর্দ্ধনাভাব শ্বেত প্রদর অত্যধিক ও উগ্র হইলে শুক্রস্থ কীটাণু নষ্ট এবং উপদংশীয় বিষ প্রভাবে ডিম্বাণুর জীবনী প্রায়ই বিনষ্ট হইয়া থাকে

চিকিৎসা —কারণানুসারে চিকিৎসোপায় অবলম্বন করা বিধেয় লৌহঘটিত ঔষধ, নক্স ভমিকা, সম্বল, ফসফরাস্, ফসফরিক এসিড ডিল, ক্যান্থেরাইডিস, ইণ্ডিয়ান্ হেম্প, হাইপো ফস্ফাইট অব্ লাইম ও সোডা মস্তক বা পৃষ্ঠবংশে আঘাত বশতঃ পীড়া উপস্থিত হইলে অল্প মাত্রায় পার্ক্লোরাইড্ অব্ মার্কারি হিতকর আইয়োডাইড্ অব্ পটাশিয়মও উপকারী সমুদ্রে স্নান, পুষ্টিকারক খাদ্য, পৃষ্ঠবংশে গ্যালভানিজম বা উত্তেজনা দান লাইকর্ ষ্ট্রীকনিয়া ও টিংচার অব্ ষ্টিল এবং ডাঃ ডেলাবেরা

লিকুইড ১ ড্রাম মাত্রায় দিনে ২ ৩ বার সেব্য ইহার সহিত টিংচর নক্সভমিকা প্রয়োগ হিতকর।

ডিজিজেস্ অব্ দি আইজ—চক্ষুরোগ।

অপ্থালমিয়া ক্যাটারাল—সর্দ্দি বা শৈত্য-জনিত চক্ষুউঠা

সর্দ্দিজনিত চক্ষুউঠা অতি সাধারণ ইহাতে চক্ষুর যোজক-ত্বক অর্থাৎ তাহার শ্লৈষ্মিক ঝিল্লীতে সামান্য প্রকার প্রদাহ জন্মে

লক্ষণ। সামান্য বেদনা বা জ্বালা বোধ টান ও শুষ্কতা বোধ, চক্ষুতে বালি পড়িলে যেরূপ কর্কর করে, ইহাতেও তদ্রূপ বোধ হয়, যোজক তন্তুস্থ শিরাদি স্ফীত থাকায় স্পর্শাতিশয্য বিশিষ্ট চক্ষুর পাতা উহাতে ঘর্ষিত হওয়ায় ঈদৃশ বোধ হয় এই সমস্ত রক্তাধার উজ্জ্বল, ও লালবর্ণ দেখায় ও বিশৃঙ্খলভাবে অবস্থিতি করে স্ক্লিরোটাইটীস রোগে উহারা আরক্তবর্ণ ও চক্রের অর সকলের ন্যায় ঋজু ও সুশৃঙ্খলভাবে থাকে চক্ষুতে অধিক পিচুটী স্রাব হয় সময় সময় উহা পূযবৎ হয়

চিকিৎসা —এরূপ রোগ সচরাচর সহজেই আরোগ্য হয় অনেক সময় কোন প্রকার ঔষধাদি প্রয়োগের আবশ্যক হয় না রোগের প্রারম্ভে কোষ্ঠবদ্ধ থাকিলে ক্যালোমেল, জেলাপ বা স্কামনী সহ, ৩৫১, ৩৫২, অথবা রাত্রিতে ক্যালোমেল ৩৪১; ও প্রাতে ব্লাক্ ড্রাফট্, ৩৩১ যদি সার্ব্বাঙ্গিক স্বাস্থ্য মন্দাবস্থায় থাকে, তবে বলকারক ও উত্তেজক ঔষধ সেবন বিধেয় যদি সার্ব্বাঙ্গিক রক্তাধিক্য বর্ত্তমান থাকে, তবে ২।৩ দিন বিরেচক ও

লঘুপথ্য বিধান করিবে রোগ সহজে আরোগ্য এবং দৃষ্ট না হইলে কর্ণের পশ্চাতে বা শঙ্খদেশে ব্লিষ্টার দিবে আক্রান্ত চক্ষুকে আলোক ও সূর্য্যোত্তাপ হইতে রক্ষা করিবার জন্য হরিৎ-বর্ণ চস্মা বা বস্ত্রখণ্ড দ্বারা চক্ষু আবৃত রাখিবে ঈষদুষ্ণ জল বা পোস্তঢেড়িব ক্বাথ দ্বারা চক্ষু বারম্বার ধৌত করিবে প্রয়োজনানুসারে সংকোচক অক্ষি ধৌত বিধান করিবে অর্থাৎ ভাইনম ওপিয়াই ২৫১, য়্যালম বা নাইট্রেট্ অব্ সিল্‌ভর ধৌত ২৫০। যদি রাত্রিতে চক্ষু আঁটিয়া থাকে, তাহা হইলে বসা, ঘৃত বা সিম্পল অয়েণ্টমেণ্ট চক্ষুপাতাদ্বয়ের মধ্যে মাখাইয়া দিবে হাইড্রার্জ পারক্লোরাইড লোশন এক গ্রেণে ১৬ বা ৮ আউন্স জল বোরিক এসিড লোশন ৫—১০ গ্রেণ, জল ১ বা ১০ আউন্স

অপথালমিয়া ক্রনিক—অধিক দিন স্থায়ী চক্ষুউঠা।

চিকিৎসা —হানিব—উত্তেজনক কারণ সর্ব্ব প্রথমে বিদূরিত করিবে সার্ব্বাঙ্গিক স্বাস্থ্য যাহাতে ভাল হয়, তদ্বিষয়ে মনোযোগ দিবে এতদর্থে নিম্নলিখিত ব্যবস্থা মত ঔষধ সেবন বিধেয় ১৭৬, ১৮১, ১৮২, ১৮৯, ১৯৪, ৩১৯ ভাইনম ওপিয়ম সম পরিমিত বিশুদ্ধ জল সহ অক্ষিধৌতরূপে প্রযোজ্য অথবা সলফেট অব্ জিঙ্ক্, নাইট্রেট অব্ সিলভর ও য়্যালম প্রভৃতি ২৫০, ২৫১, ২৫৪ ইহাতেও পূর্ব্বোল্লিখিত মত হাইড্রার্জ পার-ক্লোরাইড লোশন ও বোরিক এসিড লোশন প্রয়োগ বিধেয়।

অপথাল্‌মিয়া পুরুলেণ্ট—সপূঁয চক্ষুউঠা।

ইহা পূর্ব্বোক্ত রোগের অনুরূপ, কিন্তু তদপেক্ষা প্রবলতররূপে প্রকাশিত হয়; তদ্ধেতু এতদ্দ্বারা চক্ষুর অধিক অনিষ্ট সাধিত হইয়া থাকে

লক্ষণ।—পূর্ণবয়স্কদের সপূয চক্ষুপদাহে প্রবল প্রদাহ উপস্থিত হয় তৎসঙ্গে প্রচণ্ড বেদনা ও অধিক পরিমাণে গাঢ় ও পীতাভ পূযস্রাব হয় চক্ষুপাতাদ্বয় অত্যন্ত স্ফীত হওয়ায় চক্ষুর ভিতর ভালরূপে দেখিতে পাওয়া যায় না যোজক ও স্ক্লিরোটীক পর্দ্দার মধ্যে মাস্তকবস সঞ্চিত হওয়ায় চক্ষু স্ফীত হয়, ইহাকে কিমোসিস্ বলে চক্ষু ও কপালে প্রবল বেদনা। জ্বর, অবসন্নতা। রোগের সমতা না হইলে প্রদাহ বর্দ্ধিত হইয়া কর্ণিয়া ও সময় সময় আভ্যন্তর বিধানাদি আক্রান্ত হওয়ায় ক্ষত ও পচন সমুপস্থিত হয় অবশেষে চক্ষুর দৃষ্টি নষ্ট হইয়া যন্ত্রণার অবসান হয় এই রোগ স্পর্শাক্রামক। সময় সময় ইহা বহুব্যাপীরূপেও প্রকাশ পায়

চিকিৎসা—এই রোগে চক্ষের ভিতর ক্ষত বা পচন উপস্থিত হইতে পারে। অতএব তৎপক্ষে বিশিষ্ট দৃষ্টি রাখা কর্ত্তব্য রোগের প্রারম্ভে যদি জিহ্বা মলাবৃত থাকে, তবে বিরেচক ঔষধ ব্যবস্থা করিবে ৫ গ্রেণ ক্যালোমেল ও ১৫ গ্রেণ জেলাপ একত্রে সেবন করাইয়া তৎপরে সলফেট অব্ ম্যাগ্নিসিয়া ৩৩১, ৩৩৪, বা সিড্‌লীজ্ পাউডর ৩৫৩; বা ক্যাষ্টর অয়েল ৩২৯, ৩৩৬ প্রযোজ্য। তৎপরে সার্ব্বাঙ্গিক দুর্ব্বলতা থাকিলে এমোনিয়া ও বার্ক ১৮৩, ১৮৪; কুইনাইন ১৯১, ১৯৪; কড্‌লি-

ভর অয়েল ১৯২, ৪১০ আহারার্থে, মাংস, বিয়ার বা পোর্ট-ওয়াইন, দুগ্ধ। যাতনা নিবারণের জন্য রাত্রিতে হেনবেন ১০৪; ওপিয়ম ৮৮, ১০৩; পল্ভ ইপিক্যাক কং ১০৮ চক্ষু সদা সর্ব্বদা ঈষদুষ্ণ জল, পপী ডিককৃসন বা হরিদ্রাক্ত বস্ত্রখণ্ড দ্বারা পরিস্কার করিবে। তৎপরে সঙ্কোচক অক্ষিধৌত প্রয়োজ্য ২৫০, ২৫১, ২৫৪ চক্ষুপাতা অত্যন্ত স্ফীত হওয়া বশতঃ অক্ষিধৌত ব্যবহারের অসুবিধা হইলে পীচকারি দ্বারা উহা দিবে চক্ষুপাতা পরস্পর আঁটিয়া না থাকে, তজ্জন্য অঙ্গুয়েঃ সিট্রন ডিল ৬৭। ব্লিষ্টার ও জলৌকা ব্যবস্থা অনেক বিজ্ঞ চিকিৎসকের অনুমোদনীয় নহে চক্ষু খোলার সময় চিকিৎসকের সাবধান হওয়া কর্ত্তব্য, যেন চক্ষু-গোলকে চাপ না লাগে কেবল চক্ষুপাতায় হাত দিয়া মৃদুভাবে টানিলে চক্ষু খুলিবে। অক্ষিগোলকে চাপ লাগিলে নানা অনিষ্ট সংঘটিতে পারে অর্থাৎ কর্ণিয়াতে (চক্ষুর কাল ক্ষেত্র) যদি পূযোৎপত্তি হইয়া থাকে, তাহা হইলে চাপ প্রযুক্ত উহা বিদীর্ণ হইয়া যায়। কর্ণিয়ায় ক্ষত প্রকাশিত হইলে সময়ে সময়ে তাহা নাইট্রেট্ অব্ সিল্ভরের বাতি স্থানিক প্রয়োগ করিলে আরোগ্য হইতে পারে অথবা ২—১০ গ্রেণ নাইট্রেট অব্ সিলভর ও ১ আউন্স পরিশ্রুত জল একত্রে ধৌত প্রস্তুত করিয়া দিনে ২৩ বার প্রয়োগ করিবে জিঙ্ক ও য়্যালম লোশন দ্বারাও বারম্বার চক্ষু ধৌত করিবে অত্যন্ত বেদনা উপস্থিত হইলে অহিফেণ মিশ্রিত জল উষ্ণ করিয়া চক্ষুর উপরে সেক দিবে শঙ্খদেশে ব্লিষ্টার দিলেও বেদনা ও যন্ত্রণাদির শান্তি হয় মর্ক্ অয়েণ্টমেণ্ট ও ওপিয়ম একত্রে ভ্রূর উপরে মর্দ্দন করা কর্ত্তব্য হাইড্রার্জ পারক্লোরাইড্ ও বোরিক লোশন বেদনায় অতিশয় এট্রপিং ও

কোকেইন প্রয়োজ্য একষ্ট্রাঃ বেলেডোনা ১০-১৫ গ্রেণ, ল্যানো-লিন ২ ৪ ড্রাম, একত্রে চক্ষুর প্রান্ত ও ভ্রূর উপর মর্দ্দনীয়

গনোরিয়েল অপ্থাল্মিয়া—প্রমেহ জনিত চক্ষুউঠ।

কয়েকটী বিষয়ে ইহা পূর্ব্ববর্ণিত পীড়া হইতে স্বতন্ত্র ইহা প্রবলতর আকারে উপস্থিত হয়। কদাচ এক চক্ষে স্থায়ী থাকে, কিন্তু একটী চক্ষুতে প্রদাহ হওয়ার ২৩ দিবস পরে অপরটী আক্রান্ত হয়। প্রমেহ পীড়ায় যে পূযস্রাব হয়, তাহা কোনরূপে চক্ষুতে লাগিলেই এই পীড়া জন্মে শ্বেতপ্রদরের স্রাব চক্ষুতে লাগিলেও এইরূপ প্রদাহ জন্মিতে পারে সাধারণতঃ এই রোগে কর্ণিয়ার পচন সংঘটিত হয়।

চিকিৎসা।—ইহাতেও পূর্ব্বোক্ত চিকিৎসা অবলম্বনীয় এই রোগে চক্ষু অনবরত পরিষ্কার করিবে বেদনার আতিশয্য নিবারণার্থ পূর্ব্বপীড়ায় বিহিত উপায়াদি ব্যতীত ভ্রূর উপরে ও শঙ্খ দেশে ব্লু অয়েণ্টমেণ্ট ও অহিফেন ১২৬, মালিশ করিবে। শঙ্খ দেশে ও কর্ণের পশ্চাদ্ভাগে ব্লিষ্টার ও জলৌকা নাইট্রেট্ অব্ সিল্ভরের অক্ষিধৌত বিশেষ উপকারী ইহা সচরাচর ৫ ১০ গ্রেণ এক আউন্স জলে দ্রব করিয়া ব্যবহার্য্য কেহ কেহ ২০।৩০ গ্রেণ এক আউন্স পরিস্রুত জলে দ্রব করিয়া ব্যবহার করিতে বলেন, কিন্তু উহা দিলে অত্যন্ত যন্ত্রণা হইয়া থাকে চক্ষের তারা প্রসারিত রাখিবার জন্য ও বেদনা নিবারণার্থ লাই-কর এটপিয়া ২ ১ ফোটা মধ্যে মধ্যে চক্ষে দেওয়া আবশ্যক।

কোকেইনও এই জন্য ব্যবহৃত হয়। হাইড্রার্জ পারক্লোরাইড্‌ ও বোরিক লোশন এই পীড়ায় উপকারী।

অপথাল্‌মিয়া নিয়োনেটোরম—শিশুদের সপূয চক্ষু উঠা।

সাধারণতঃ শিশু ভূমিষ্ঠ হওয়ার পর তৃতীয় দিবসে এই রোগ জন্মে। ইহাতে অক্ষিপুটাধস্থ শ্লৈষ্মিক ঝিল্লীতে প্রদাহ উৎপন্ন হয়। অক্ষিপুট জোড়া লাগে, উহা খুলিলে ঘন পূয বাহির হয়। চক্ষুর শ্লৈষ্মিক ঝিল্লিতে প্রদাহ প্রসারিত হইয়া পড়িলে চক্ষুপাতা স্ফীত হয়। পূযস্রাব বর্দ্ধিত ও শিশু ক্ষীণ, অস্থির ও উগ্র প্রকৃতি-বিশিষ্ট হয়। এইরূপ ভাবে পীড়া ৮।৯ দিন থাকিতে পারে। প্রদাহের শান্তি না হইলে কর্ণিয়াতে ক্ষত হইয়া চক্ষু নষ্ট হইয়া যায়। উভয় চক্ষুই সাধারণতঃ আক্রান্ত হয়। এক সময়ে বা কয়েক দিন ব্যবধানে দুই চক্ষু পীড়িত হইয়া থাকে। ইহার পূয স্পর্শাক্রামক।

চিকিৎসা।—ম্যাগ্নিসিয়া ৩৫৪, ক্যাষ্টর অয়েল; হাইড্রার্জ কমক্রিটা। আইয়োডাইড্‌ অব্‌ পটাসিয়ম। পথ্যার্থ গো ও ছাগ দুগ্ধ। মাতৃস্তন্য দূষিত হইলে সুস্থা ও দুগ্ধবতী ধাত্রী নিয়োজিত করিবে। অতি অল্প মাত্রায় ও বিশেষ সাবধান সহকারে ডোভার্স পাউডর ব্যবহার করিতে কেহ কেহ বলেন, কিন্তু নিতান্ত শিশুকে উহা দেওয়া উচিত নহে। কর্ণিয়ায় ক্ষত হইলে হাইড্রার্জ পারক্লোরাইড্‌ লোশন, বোরিক এসিড লোশন তারা প্রসারিত করণার্থ লাইকর্‌ এট্রপিয়া বা কোকেইন ব্যবহৃত

হয় চক্ষের পাতা জোড়া না লাগে তজ্জন্য আইয়োডোফর্ম ১ গ্রেণ ও ভেসিলিন ২০ গ্রেণ একত্রে লাগাইবে কুইনাইন ১৯৩; ফেরি আইয়োডিডাই ১৮০ টিংচর ফেরি পারক্লোরাইড্ ১৭১। ঈষদুষ্ণ জলে চক্ষু ধৌত করিবে য়্যালম, সলফেট অব্ জিঙ্ক বা কষ্টিক লোশন ২৫০, ২৫৪ চক্ষে দিবে চক্ষু সতত পরিষ্কার রাখা উচিত এতদর্থে ঈষদুষ্ণ জল হিতকর অথবা মৃদু বোরিক এসিড লোশন ব্যবহার্য্য

অপথাল্মিয়া স্ক্রফিউলস—গণ্ডমালীয় চক্ষু উঠা।

গণ্ডমালা ধাতুপ্রকৃতিক ও অন্যান্য বালকদের স্তনদুগ্ধ ত্যাগ করিবার সময় হইতে ৯ বা ১০ বৎসর বয়স পর্য্যন্ত এই পীড়া হইয়া থাকে

লক্ষণ—চক্ষু অল্প রক্তবর্ণ, পূযপূর্ণ উদ্ভেদ বা কখন কখন কর্ণিয়াতে ক্ষত হয় অত্যন্ত অশ্রুস্রাব, নাসা ও কপোলাভ্যন্তরস্থ শ্লৈষ্মিক ঝিল্লীর উদ্দীপনা। আলোকাতঙ্ক, তৎসঙ্গে অক্ষিপুটের আক্ষেপিক সঙ্কোচন। ওষ্ঠ স্ফীত, কর্ণের পশ্চাদ্ভাগে উদ্ভেদ, আন্ত্রিক স্রাবের বিশৃঙ্খলা উভয় চক্ষুই সাধারণতঃ আক্রান্ত হয় উষ্ণ অশ্রুস্রাব কপোলদেশ বাহিয়া পড়ায় তৎস্থানে সপূয উদ্ভেদ বাহির হয়

চিকিৎসা—পুষ্টিকর পথ্য দুগ্ধ; বিশুদ্ধ বায়ু সেবন, উষ্ণ বস্ত্র পরিধান। সময়ে সময়ে মৃদু বিরেচক। কুইনাইন, আর্সিনিক; ষ্টীল ও কড্লিভর অয়েল আইয়োডাইড্ অব্ আয়রণ; আইয়োডাইড্ অব্ পটাসিয়ম উষ্ণজল স্বেদ, হরিৎবর্ণ বস্ত্রখণ্ড বা চস্মা দ্বারা চক্ষু আবরণ ভাইনম ওপিয়াই

ড্রপ সল্‌ফেট অব্ জিঙ্ক ও য়্যালম্ লোশন কর্ণ ও গ্রীবার পশ্চাতে ব্লিষ্টার অত্যন্ত বেদনায় এট্রপিন ও কোকেইন প্রয়োজ্য অক্সাইড্ অব্ মার্করি ৮ গ্রেণ ও ভেসিলিন এক আউন্স একত্রে মিলিত করত অক্ষিপুটে লাগাইবে চক্ষুতে ক্যালোমেল ডষ্টিং উপকারী কর্ণিয়াতে ক্ষত থাকিলে অব্যবহার্য্য

অপথাল্মিয়া গ্রানিউলার।

অক্ষিপুটের অধস্থ শ্লৈষ্মিক ঝিল্লীতে সাধারণতঃ লালবর্ণ ও কর্কশ দানা দানা দৃষ্ট হয় শ্লৈষ্মিক ঝিল্লীস্থ ক্ষুদ্র ক্ষুদ্র গ্রন্থি প্রদাহিত হওয়ায় ঐরূপ দেখায় উহাদের দ্বারা যখন অত্যন্ত উদ্দীপনা জন্মে, তখন কর্ণিয়া অস্বচ্ছ হয়।

চিকিৎসা।—চক্ষের পাতার অভ্যন্তরে ক্ষুদ্র ক্ষুদ্র দানা এবং উহা আরক্ত ও কর্কশ হইলে কুইনাইন, আর্সিনিক ও ষ্টীল ২৮৯। পুষ্টিকর খাদ্য উন্নত দানাতে সল্‌ফেট অব্ কপার বা নাইট্রেট অব্ সিল্ভর স্থানিক প্রযোজ্য করোসিব সব্লিমেট লোশন, ১ গ্রেণ ও জল ১ আউন্স, তুলিকা সহযোগে লাগাইতে হয়। সপূয় প্রদাহ উপস্থিত হইলে তদনুরূপ চিকিৎসা কর্ত্তব্য বেদনা নিবারণার্থ কোকেইন প্রযোজ্য তৎপরে উন্নত দানা গুলির উপর সল্‌ফেট অব্ কপার বা কষ্টিক সাবধানে লাগাইতে হয়

অপথাল্মিয়া টার্সাল।

অক্ষিপুটের ধার ও তৎসংলগ্ন শ্লৈষ্মিক ঝিল্লীর প্রদাহ, তৎ-

সঙ্গে চক্ষুপাতার লোমের নিকট সপূয় উদ্ভেদ বাহির হয় এবং তাহা হইতে পূয়স্রাব হইয়া লোম সকল পরস্পর সংলগ্ন হইয়া যায়।

লক্ষণ।—তরুণাবস্থায় সাতিশয় বেদনা ও প্রাচীনাবস্থায় কণ্ডূয়ন, লোমোৎপাদক তন্তু বিনষ্ট হয় চর্ম্ম ও চক্ষুর যোজক তন্তু সম্মিলিতভাবে লাল উজ্জ্বল ক্ষতচিহ্নবৎ দেখায় অশ্রু প্রণালী অবরুদ্ধ হয়

চিকিৎসা। সাধারণ স্বাস্থ্যোন্নতি বিধায়ক, বলকর ও পরিবর্ত্তক সেবা আর্সিনিক, হীপ, কড্লিভর অয়েল ইত্যাদি। পুষ্টিকর খাদ্য, দুগ্ধ, মাংসাদি বায়ু পরিবর্ত্তন চক্ষু সতত পরিষ্কার রাখিবে নাইট্রেট অব্ মার্করি অয়েণ্টমেণ্ট ১ ভাগ, সিম্পল অয়েণ্টমেণ্ট ৭ ভাগ একত্রে মিশাইয়া স্থানিক প্রয়োগ করিবে

টার্টার এমিটীক ১/২ হই.১ ষষ্ঠ গ্রেণ মাত্রায় দিনে ৩ ৪ বার সেবন করিতে দিলে গণ্ডমালীয় চক্ষুপ্রদাহ উপশমিত হয়। কার্ব্বনিক এসিড্ গ্যাস চক্ষুতে লাগাইলে গণ্ডমালীয় চক্ষু-প্রদাহের বেদনা ও আলোকাতঙ্ক নিবারিত হয় বেদনা ও আলোকাতঙ্ক উপশমার্থ কোকেইন ও এট্রপিন বিশেষ উপযোগী।

আইরাইটীস -উপতারা প্রদাহ।

কেবল আইরিস বা উপতারা কদাচ আক্রান্ত হয়। ইহার সঙ্গে স্ক্লিরোটিক ও চক্ষুর অভ্যন্তরস্থ অন্যান্য বিধানও পীড়িত হইয়া থাকে

লক্ষণ—প্রথমাবস্থায় উহার সৌত্রিক বিধান অস্পষ্ট থাকায় উপতারার আকৃতি পরিবর্ত্তন হয় অর্থাৎ উহার আকুঞ্চন শক্তি নষ্ট ও বর্ণের পরিবর্ত্তন হইয়া থাকে স্ক্লিরোটিক পর্দ্দা অত্যন্ত রক্তপূর্ণ হয় তৎপরে উপতারার গাত্রে মাস্তকরস ক্ষরিত হইয়া

থাকে। প্রদাহ আরও বর্দ্ধিত হইলে কিনীনিকা অবরুদ্ধ বা উহার ধার লেন্‌সের ক্যাপসিউলের সঙ্গে সংযুক্ত হয় অথবা কর্ণিয়া অস্বচ্ছ হইয়া পড়ে অথবা লেন্স ও ক্যাপসিউলের স্থায়ী অস্বচ্ছতা জন্মে সূক্ষ্ম সূক্ষ্ম কেশবৎ রক্তাধার সকল চক্রের অনবৎ আকারে কর্ণিয়ার কিনারার দিকে স্থিতি করে আইরিসের বর্ণ পরিবর্ত্তন; স্বাভাবিক নীলবর্ণ হইলে হরিৎ, ও কৃষ্ণবর্ণ থাকিলে আরক্ত বর্ণ হয় কনীনিকার সংকোচন, বিশৃঙ্খলা ও সঞ্চরণশীলতার অভাব কনীনিকায় ও পোষ্টিরিয়ার চেম্বরে লসীকা স্রাব উপতারা ও কনীনিকার ধার লেন্‌সের কোষ সহ সংযুক্ত হয় উপতারায় গুটিকা, পূযবটী বা ক্ষুদ্র ক্ষুদ্র স্ফোটক উৎপন্ন হয় দৃষ্টির অস্পষ্টতা ও কখন কখন সম্পূর্ণ দৃষ্টিলোপ চক্ষুতে বেদনা ও তাহা রাত্রিতে বৃদ্ধি হয় সকল রোগীরই যে পূর্ব্বোক্ত লক্ষণ সমস্ত থাকিবে, এরূপ নহে উহাদের মধ্যে কতকগুলি বর্ত্তমান থাকিলেই তদ্দ্বারা রোগ নির্ণীত হইতে পারে সার্ব্বাঙ্গিক অসুস্থতা থাকে প্রদাহের শান্তি না হইলে চক্ষুর অন্যান্য বিধান রোগাক্রান্ত হয় অবশেষে চিরকালের জন্য দৃষ্টিশক্তি নষ্ট হইয়া যাইতে পারে শৈত্য, আর্দ্রতা, উপদংশবিষ, আঘাত, বাত ও গণ্ডমালীয় ধাতু প্রভৃতি এই রোগের কারণ উপদংশ বিষজাত উপতারা প্রদাহ সাধারণ সকল বয়সেই ইহা হইতে পারে এতৎসঙ্গে সার্ব্বাঙ্গিক উপদংশের অন্যান্য লক্ষণ উপস্থিত থাকে

চিকিৎসা —বেদনার আতিশয্য মাদক ঔষধ সেবন দ্বারা নিবারিত করিবে কোকেইন, বেলেডোনা ও এট্রোপিয়ার ধৌত দ্বারা চক্ষের তারা প্রসারিত রাখিবে ১৫৯, ১৬০ কোকেইন ৪ পার্সেণ্ট সলিউসন ১ বা ২ ফোটা অথবা লাইকর এট্রোপিয়া

২৩ ফোটা চক্ষুতে দিলে বোগ উপশমিত ও কনীনিকা প্রসারিত থাকে। ইহা আবশ্যকানুসারে ২৩ ঘণ্টান্তর প্রয়োজ্য। কনী-নিকা প্রসারিত থাকিলে বোগ সত্বর উপশমিত হয় মার্কবী এই বোগের মহৌষধ, মুখ না আইসে এরূপ পরিমাণে ব্যবহার্য্য। বোগীকে অন্ধকার গৃহে থাকিতে উপদেশ দিবে ওপিয়ম, পপী বা বেলেডোনা উষ্ণ জলে গুলিয়া তদ্দ্বারা সেক। বিরেচক ৩৩১ ৩৪১ আইয়োডাইড্ অব্ পটাসিয়ম ৩৯৯, ৪০১ উপদংশ-জনিত বোগে উহা ব্যতীত করোসিব সব্লিমেট ৩৯৮, ৪০২ দৌর্ব্বল্য প্রাদুর্ভূত হইলে এমোনিয়া ও বার্ক ১৮৩, কুইনাইন ১৯৩। চক্ষের উপরিভাগে (ভ্রূব উপব) ওপিয়ম ও মার্কুরিয়েল অয়েন্টমেন্ট ১২৬, মর্দ্দন শঙ্খদেশে ব্লিষ্টার, অবসাদক অক্ষি ধৌত পুষ্টিকারক পথ্য একস্ট্রাঃ বেলেডোনা ও ল্যানোলিন একত্রে ভ্রূর উপর ও শঙ্খদেশে মর্দ্দন কর্ত্তব্য অয়েল টর্পেণ্টাইন সেবনার্থ বিধান করিলে ক্ষরিত মস্ত বা এগ্জুডেশন আশোষিত হইবার বিশেষ সাহায্য হয়। বাতসংশ্লিষ্ট পীড়ায় স্যালিসিলেট অব্ সোডা উপকারী

স্কিরোটাইটীস—অক্ষি শুক্ল প্রদাহ।

রিউমেটীক্ অপথাল্মিয়া।—শৈত্য, বাত বা প্রমেহ জাত প্রদাহ অগভীর লালবর্ণ রক্তাধার সকল চক্রের অরবৎ আকারে শ্রেণীবদ্ধ এবং যোজক তন্তুর নিম্নে অবস্থিত প্রবল কন্কনে বেদনা চক্ষুগোলক, ভ্রূ ও শঙ্খদেশে অনুভূত হয় রাত্রিতে বেদনা বৃদ্ধি পায় সময় সময় আলোকাসহ্যতা, দৃষ্টির অস্পষ্টতা, জ্বর ও অন্যান্য সার্ব্বাঙ্গিক অসুস্থতা

চিকিৎসা।—সোডা স্যালিসিলেট, আইয়োডাইড্ অব্ পটাসিয়ম, আইয়োডাইড্ অব্ আয়রণ, কড্‌লিভর অয়েল, কল্‌চিকম, হেনবেন, মর্ফিয়া বিরেচক, উষ্ণ জলে স্নান, কর্ণ ও গ্রীবার পশ্চাদ্ভাগে ব্লিষ্টার কপালে বেলেডোনা বা ক্লোরোফর্ম্ম লিনিমেণ্ট মর্দ্দন অক্ষিধৌত না দিলেও চলে বেশী বেদনায় চক্ষে লাইকর এট্রপিয়া ২১ ফোটা। কপালে একষ্ট্রা বেলেডোনা ও গ্লিসিরিণ মর্দ্দন

ক্যাটারো রিউমেটীক অপথাল্‌মিয়া।

ইহা বিরল পীড়া নহে। স্ক্লিরোটীক ও কন্‌জংটাইভার প্রদাহ বিমিশ্রিত ভাবে থাকে। চক্ষুতে বালি পড়িলে যেরূপ কর্কর করে, ইহাতেও তদ্রূপ হয় অক্ষি কোটরের চতুর্দ্দিকে বেদনা চক্ষু ঘোর লালবর্ণ চক্ষুগোলকের অভ্যন্তরে রস ক্ষরণ বশতঃ স্ফীততা, আলোকাতঙ্ক প্রদাহ আরোগ্য না হইলে ক্ষত হইতে পারে

চিকিৎসা।—বার্ক ও আইয়োডাইড অব্ পটাশিয়ম। ওপিয়ম, কড্‌লিভর অয়েল, অবসাদক অক্ষিধৌত, উষ্ণ জলের সেক করোসিব সব্লিমেট বা বোরিক এসিড লোশন বেদনা উপশমার্থ কোকেইন প্রযোজ্য

কর্ণিয়াইটীস, কিরেটাইটিস- চক্ষের কৃষ্ণক্ষেত্রের প্রদাহ।

এতদ্দ্বারা স্বচ্ছ কর্ণিয়া অস্বচ্ছ, ঘোলা ও কর্কশ হয়

লক্ষণ —কর্ণিয়ার ধারে সূক্ষ্ম সূক্ষ্ম রক্তাধার সকল শ্রেণী-

বদ্ধভাবে থাকে কর্ণিয়ার অস্বচ্ছতা, অতিশয় অশ্রুস্রাব, আলো কাতঙ্ক। গণ্ডমালীয় বালক ও বিংশতি বর্ষের ন্যূনবয়স্ক যুবাগণ এই রোগে অধিক আক্রান্ত হয় এক বা উভয় চক্ষু আক্রান্ত হইতে পারে রোগ অধিক দিবস স্থায়ী হইতে পারে ও কর্ণিয়ার স্থায়ী অস্বচ্ছতা জন্মে। কখন কখন পূযোৎপত্তি হয়।

চিকিৎসা।—ইহাতে অত্যন্ত প্রদাহ, পূযোৎপত্তি ও ক্ষত হইলে লাইকর এট্রপিয়া দ্বারা চক্ষুতারা প্রসারিত রাখা কর্ত্তব্য এতদুদ্দেশে ও বেদনা উপশমার্থ কোকেইনও প্রযোজ্য। অত্যন্ত টান ও বিদারণ নিবারণার্থ এসিরিণও ব্যবহার্য্য অন্ত্রের ও যকৃতের ক্রিয়ার সুশৃঙ্খলা সম্পাদন করিবে রিউবার্ব ও ম্যাগ্নিসিয়া; মার্করী ও চক; ক্যালোমেল বা ক্যাষ্টর অয়েল আইয়োডাইড্ অব্ পটাসিয়ম ও বার্ক আইয়োডাইড অব্ আয়রণ, কডলিভর অয়েল কুইনাইন, টিংচর ষ্টীল শঙ্খদেশে ও কর্ণের পশ্চাতে ক্ষুদ্র ক্ষুদ্র ব্লিষ্টার উষ্ণ জলের স্বেদ, চক্ষে উষ্ণ জল ও দুগ্ধের বাষ্প প্রদান চক্ষের পাতার উপরে টিংচর আইয়োডিন, উত্তেজক ও উগতাকারক অঞ্জিধৌত নিষিদ্ধ। পুষ্টিকর পথ্য ব্যাণ্ডেজ দ্বারা চক্ষু বাঁধিয়া রাখা উচিত চক্ষুপাতা ও ভ্রূর উপর বেলেডোনা ও পিসিরিং বা ল্যানোলিন মর্দ্দন কর্ত্তব্য বোরিক এসিড বা পারক্লোরাইড অব্ মার্করী লোশন ব্যবহার্য্য। বোরিক এসিড ১ ড্রাম ও জল ১০ আউন্স অথবা করোসিব সব্লিমেট ১ গ্রেণ ও জল ১০ আউন্স ইয়েলো অক্সাইড অব্ মার্করী অয়েণ্টমেণ্ট ৪—৮ গ্রেণ, ভ্যাসিলিন ১ আউন্স সহ চক্ষের পাতার ভিতর দিতে হয় ক্যালোমেল ডষ্টিং দিনে ২ বার চক্ষের পাতার ভিতর দিলে বিশেষ উপকার হয় ইহাতে ক্ষতের উপকার হয়

কোকেইন দেওয়ার পর নাইট্রেট অব্ সিলভর প্রয়োগ করা যায় ১০ গ্রেণে ১ আউন্স জল, লোশন ঠিক ক্ষতের উপর লাগাইতে হয়। এসিরিণও প্রযোজ্য। কোকেইন আদি দ্বারা বেদনা উপশমিত না হইলে সেবনার্থ ক্রোটন ক্লোরাল ব্যবহার্য্য।

সিফিলিটিক কিরেটাইটিস।

সার্ব্বাঙ্গিক উপদংশ জন্য এই পীড়া জন্মে। শিশুদের কৌলিক উপদংশ বিষ প্রভাবে এই পীড়ার উৎপত্তি হয়। এই রোগ প্রাচীন আকার ধারণ করে।

লক্ষণ।—কর্ণিয়ার মধ্যস্থানে আরম্ভ হওত অস্বচ্ছতা সমস্তাংশে ব্যাপ্ত হয়। ক্ষত প্রবণতা থাকে না। কয়েক সপ্তাহ পরে উভয় কর্ণিয়া আক্রান্ত হয়। এই পীড়াক্রান্ত ব্যক্তিদের চর্ম্ম কর্কশ ও স্থূল, মুখমণ্ডলে ব্রণ, মুখের কোণে ক্ষতচিহ্ন ও স্থায়ী দন্ত ছোট ও বিবর্ণ থাকে।

চিকিৎসা।—উপদংশজনিত রোগে অল্প পরিমাণে মার্করী দিবে, কিন্তু লালাস্রাব না হয় তৎপক্ষে সাবধান হওয়া কর্ত্তব্য। করোসিব সব্লিমেট ও টিংচর সিনকোনা ৩৯৮। কর্ণের পশ্চাৎ ভাগে ব্লু অয়েণ্টমেণ্ট মর্দ্দন। আইয়োডাইড অব্ পটাসিয়ম ৩৯৯, ৪০১। আইয়োডাইড অব্ আয়রণ ১৮১, ৫০০। কডলিভর অয়েল, পুষ্টিকর পথ্য। ইয়েলো অক্সাইড অব্ মার্করী অয়েণ্ট-মেণ্ট স্থানিক।

অল্সার অব্ কর্ণিয়া—কর্ণিয়ার ক্ষত।

অসম্যক আহার, গণ্ডমালীয় পীড়া আদি বশতঃ জীবনীশক্তি দুর্ব্বল হইয়া পড়িলে এই রোগ জন্মে সকল বয়সের ব্যক্তি-দেরই ইহা হইতে পারে কর্ণিয়া ছিদ্রীভূত হইয়া যাইতে পারে

চিকিৎসা।—স্থানিক নাইট্রেট অব সিল্ভর সার্ব্বাঙ্গিক স্বাস্থ্য উন্নত করিবার জন্য বলকারক ও পুষ্টিকারক ঔষধ ও পথ্য বিধান করিবে উগ্র অক্ষিধৌত প্রয়োগ নিষিদ্ধ বেদনা নিবারণার্থে সাদক ঔষধ সেবন; শঙ্খ দেশে ব্লিষ্টার অবসাদক অক্ষিধৌত প্রভৃতি ব্যবহার্য্য অন্যান্য চিকিৎসার জন্য কর্ণিয়াইটিস দ্রষ্টব্য

ওপাসিটি অব কর্ণিয়া—অব্রণ শুক্ল।

প্রদাহ হেতু লসীকাস্রাব হইয়া অস্বচ্ছতা জন্মে ক্ষতারোগ্যের পরও এইরূপ হয় কর্ণিয়াতে ক্ষত থাকার সময় এসিটেট অব্ লেডের ধৌত প্রয়োগ করিলেও অব্রণ শুক্ল জন্মে।

চিকিৎসা—এমোনি ক্লোরাইড ৪০ গ্রেণ, এসিটেট অব কপার ৪ গ্রেণ, একোয়া ক্যালসিস্ ৪ আউন্স, মিশাইয়া চক্ষে ফুট দিবে এমোনিয়াই ব্রোমাইডস ব্যবহার হিতকর হাইড্রার্জ্জ পারক্লোরাইড লোশন ব্যবহারে উপকার দর্শে।

রেটিনাইটিস—রেটিনার প্রদাহ।

রেটাইনা অর্থাৎ কোমল স্নায়ুময় ঝিল্লীর প্রদাহ, চক্ষের অন্যান্য পীড়ার সঙ্গে সমুপস্থিত হয়।

লক্ষণ।—অক্ষিগোলকে তীব্র, গভীর বেদনা, উহা শঙ্খ দেশ ও কপাল পর্য্যন্ত বিস্তৃত থাকে, সাতিশয় আলোকাতঙ্ক, দৃষ্টির অস্পষ্টতা বা লোপ, সতত চক্ষুর সম্মুখে আলোক-শিখা বোধ। কনীনিকা সংকুচিত, উপতারা অনুজ্জ্বল ও স্থির, চক্ষু লালবর্ণ। সার্ব্বাঙ্গিক অস্বস্থতা অতিশয় হয় প্রবল জ্বর ও প্রলাপ। তরুণ অবস্থা তিরোহিত হইলে অক্ষিবীক্ষণ যন্ত্র দ্বারা দেখিলে রেটাইনাতে রক্তাধিক্য দৃষ্ট হয় এবং উহার স্বচ্ছতা ধ্বংস ও রক্তক্ষরণ দেখা যায় কৃষ্ণবর্ণ পদার্থ সঞ্চিত হইলে এবং তন্তুর হ্রাসতা জন্মিলে সম্পূর্ণ দৃষ্টিশক্তির হানি জন্মে

চিকিৎসা —অন্ধকার গৃহে বিশ্রাম করিবে শীতল জল বা অক্ষিধৌত বা উষ্ণ জল স্বেদ, রোগীর যাহা ভাল লাগে, তাহা দিবে মৃদু বিরেচক বেদনা নিবারণার্থ মাদক ঔষধ জ্রর উপর বা পশ্চাৎগ্রীবায় মৃদুভাবে উগ্রতাসাধক ঔষধ ব্যবহার্য্য যে সার্ব্বাঙ্গিক পীড়া বশতঃ ইহা উৎপন্ন হইয়াছে, তাহার অনুসন্ধান ও চিকিৎসা কর্ত্তব্য উপদংশ জাত পীড়ায় লাইকর হাইড্রার্জ পারক্লোরাইড ও আইয়োডাইড অব্ পটাশ এলবুমিনোরিয়া জাত পীড়ায় মূত্রগ্রন্থির অবস্থানুসারে চিকিৎসা কর্ত্তব্য •

য্যামোরোসিস—তিমির—লিঙ্গনাশ।

মাস্তিষ্ক পীড়া, দর্শন স্নায়ু বা রেটাইনার পীড়া বশতঃ সম্পূর্ণ বা আংশিক তিমির দৃষ্টি দন্তোদ্ভেদ, অন্ত্রস্থ কৃমি, জরায়ু বা ডিম্ব-কোষের পীড়া ও গর্ভাবস্থা প্রভৃতি জাত উদ্দীপনা প্রতিক্ষিপ্ত হইয়া এই রোগ জন্মিতে পারে। অধিক তাম্রকূট সেবন, মদ্য পান প্রভৃতিও ইহার কারণ মধ্যে পরিগণিত

লক্ষণ ।—রোগীর গতি ও মুখাকৃতি বিশেষ প্রকার হয় অনিশ্চিত ভাবে গমন করে। চতুষ্পার্শ্বস্থ বাহ্য বস্তুর দিকে দৃষ্টি থাকে না চক্ষু এক প্রকার বিশেষ আকার ধারণ করে অসম্পূর্ণ রোগে উপতারার সঞ্চালন মৃদু, কনীনিকা প্রসারিত সম্পূর্ণ অন্ধতা প্রাদুর্ভূত হইলে কনীনিকা অতিশয় প্রসারিত ও উপতারা অচল হয়। যখন উভয় চক্ষু আক্রান্ত হয়, তখন উহারা অস্বাভাবিক উন্নত ও বিবর্ণ স্ক্লেরোটিক পর্দ্দা পীতাভ ও তাহাতে প্রসারিত রক্তাধার থাকিতে দেখা যায় অক্ষিবীক্ষণ যন্ত্র দ্বারা দেখিলে রেটাইনা ও কোরইড পর্দ্দাতে রক্ত ক্ষরণ, মাস্তুক রসস্রাব আদি দৃষ্ট হয়। রোগের প্রারম্ভে দৃষ্টিহীনতা সময় সময় অনুভূত হয়; যথা চক্ষুর অত্যন্ত শ্রমাদির পর কখন কখন দৃষ্টি কেবল অস্পষ্ট থাকে, তাহাকে এম্‌বিলিয়োপিয়া বলে কখন একটী বস্তু দুইটী বলিয়া বোধ হয়, তাহাকে ডিপ্লোপিয়া ও কখন একটী বস্তুকে অর্দ্ধেক দেখায় তাহাকে হেমিয়োপিয়া বলে সতত শিরোবেদনা, চক্ষুর সম্মুখে মক্ষিকা ও অগ্নিশিখা দর্শন। আর এক প্রকার অসম্পূর্ণ অন্ধতায় রোগী কেবল উজ্জ্বল আলোতে দেখিতে পায়, তদ্ভিন্ন আর সমস্ত সময় দেখিতে পায় না, ইহাকে হিমারালোপিয়া বলে ইহার বিপরীতকে নিক্‌টালোপিয়া বলে, তাহাতে কেবল অল্প আলোতে অর্থাৎ সূর্য্য উদয় ও অস্তের কিঞ্চিৎ পর পর্য্যন্ত দেখিতে পায়

চিকিৎসা ।—রোগের কারণানুসারে চিকিৎসা করা কর্ত্তব্য ক্রিমি ও ক্ষয়িত দন্ত-জনিত রোগে তদনুরূপ চিকিৎসা করিবে একোনাইট নেপিলস (বাত জনিত ও প্রদাহিক রোগে), টার্টার এমিটীক, আর্ণিকা; গোয়েকম; ক্যালোমেল ৪১৬ রেটাই-

লায় পক্ষাঘাত থাকিলে আইয়োডাইড অব্ পটাশিয়ম, ৩৯৯, ৪০১। টিং নক্স ভমিকা, লাইকর ষ্ট্রীকনিয়া। স্নায়বীয় ও ধামনিক দুর্ব্বলতা জনিত রোগে আয়রণ, বার্ক, সমুদ্র বায়ুসেবন, শীতল জলে স্নান স্থানিক—টিং একোনাইট (কপালে); লাইকর এমোনিয়ার বাষ্প (স্নায়ুর বোধাতিশয্য জনিত রোগে), ক্যাম্ফর ফিউমিগেশন; শঙ্খ দেশে ব্লিষ্টার দিয়া তাহার চর্ম্মোত্তোলন করণানন্তর ⅙ গ্রেণ ষ্ট্রীকনিয়া দিনে এক বার স্থানিক প্রয়োজ্য। যদি ইহা দ্বারা অত্যন্ত উদ্দীপনা হয়, তবে ওপিয়মের সহিত মিশাইয়া দিবে। রেটাইনার দৌর্ব্বল্যাবস্থায় টিংচর নক্সভমিকা চক্ষুর পাতা ও শঙ্খদেশে মর্দ্দন করিবে উপদংশজ পীড়ায় লাইকর হাইডার্জ্জ পারক্লোরাইড, পটাশ আইয়োডাইড ও সার্সা ব্যবহার্য্য লাইকর আর্সিনিকেলিস, ষ্ট্রীকনিনের হাইপোডর্মিক ইন্জেক্সন, অথবা ক্লোরাইড অব্ গোল্ড ও সোডিয়ম ₁⁄₁₀ গ্রেণ বটিকাকারে ব্যবহারে সময় সময় উপকার দর্শে স্যান্টোনিন ব্যবহারে কোন কোন সময় উপকার হয়

মাইয়োপিয়া—নিকট দৃষ্টি

নিকটের বস্তু বেশ দেখিতে পাওয়া যায় লেন্স বা কর্ণিয়ার অত্যধিক কুব্জতা বশতঃ সাধারণতঃ নিকটদৃষ্টি পীড়া জন্মে। বয়োবৃদ্ধির সঙ্গে সঙ্গে ইহার হ্রাস হয় না, এই রোগ কৌলিক। স্নায়ু-প্রধান ব্যক্তিদের উপতারার অস্বাভাবিক উদ্দীপনা বা সংকোচন বর্ত্তমান থাকে।

চিকিৎসা —অত্যন্ত শ্রম ও সূক্ষ্ম সূক্ষ্ম কার্য্য হইতে বিরাম ডবল কনকেভ্ গ্লাসের চসমা চক্ষের উদ্দীপনা থাকিলে বেলে-

ডোনা আইয়োডাইড অব্‌ পটাসিয়ম, করোসিব সব্লিমেট টিংচর জিঞ্জর ও পিপারিস ভ্রূর উপর মর্দ্দিতব্য এসিরিণের মৃত্ব সলিউসন ১ ফোটা প্রতি রাত্রিতে দুই মাস পর্যান্ত দিলে উপকার হইতে পারে চক্ষুকে সম্পূর্ণ বিশ্রাম দেওয়া এই পীড়ায় বিশেষ হিতকর। সময় সময় এট্রপিণ ব্যবহারও আবশ্যক হইতে পারে

প্রেস্‌বাইয়োপিয়া—দূর দৃষ্টি।

বৃদ্ধ বয়সের প্রারম্ভে উপস্থিত হয়। চল্লিশ বৎসর বয়সের পূর্ব্বে প্রায় ইহা হইতে দেখা যায় না। চক্ষুর আলোক প্রতিক্ষেপণ ক্ষমতার পরিবর্ত্তন বশতঃ এই পীড়া জন্মে নিকটের বস্তু ভাল দেখিতে পাওয়া যায় না, কিন্তু দূরস্থ বস্তু স্পষ্ট দৃষ্ট হয় অনেক সময় দর্শন শক্তির দুর্ব্বলতা বর্ত্তমান থাকে।

চিকিৎসা—কনভেক্স গ্লাসের চস্‌মা রক্তহীনতা বর্ত্তমানে কুইনাইন ও লৌহঘটিত ঔষধ, চক্ষে শীতল জল সেচন হিতকর

হিমারালোপিয়া—দিনান্ধ গ্যামোরোসিস্‌ রোগ দ্রষ্টব্য

নিক্‌টালোপিয়া—রাত্র্যন্ধ গ্যামোরোসিস রোগ দেখ

ফটোফোবিয়া—আলোকাতঙ্ক।

আলোকাতঙ্ক—বিবিধ চক্ষু পীড়ার লক্ষণ

চিকিৎসা—চক্ষু হরিৎবর্ণ চস্‌মা বা বস্ত্রখণ্ড দ্বারা আচ্ছাদিত রাখিবে। অন্ধকার গৃহে অবস্থিতি। উষ্ণজলের

বাষ্প, জলে বেলেডোনা বা পপী এক্ষ্ট্রাক্ট গুলিয়া সেই জল উত্তপ্ত করিয়া উহার বাষ্প বা স্বেদ চক্ষে দিবে চক্ষুর উপরি হেমলক পুলটীস, ২০৩০ ফোঁটা ক্লোরোফর্ম হস্তে রাখিয়া উহার ভাব চক্ষে দিবে কর্ণের পশ্চাৎ ও শঙ্খ দেশে ছোট ছোট ব্লিষ্টার। চক্ষুর পাতায় টিং আইয়োডিন সার্ব্বাঙ্গিক চিকিৎসার্থে যেরূপ রোগের সঙ্গে ইহা বর্ত্তমান থাকে, তদনুরূপ উপায়াবলম্বন করিবে কোকেইন সলিউসন

চক্ষুপীড়ার সাধারণ চিকিৎসা —আলোকাতঙ্কায় চক্ষুর সন্নিকটে ক্লোরোফর্ম্মের বাষ্প লাগাইলে উপকার দর্শে। বেলেডোনা বাহ্যিক ও আভ্যন্তরিক প্রয়োগে আইরাইটিস, কন-জংটাইভাইটিস আদি প্রদাহ উপশমিত হয় উগ্র পদার্থ চক্ষে পড়িলে ১ ফোঁটা ক্যাষ্টর অয়েল চক্ষুতে ঢালিয়া দিলে যন্ত্রণার শান্তি হইয়া থাকে বেদনা নিবারণার্থ এট্রপিয়া বা কোকেইন চক্ষু-তারা প্রসারিত করণার্থ এট্রপিয়া ও সংকোচনার্থ এসিরিং প্রয়োজ্য চক্ষুর পাতা জুড়িয়া না যায়, তজ্জন্য ডাইলিউট সিট্রিন অয়েণ্টমেণ্ট বা মৃদু ইয়েলো অকসাইড অব্ মার্করী অয়েণ্টমেণ্ট

ডিজিজেস্ অব ইয়ার—কর্ণ রোগ।

ওটাইটিস একষ্টার্ণাল—বাহ্যকর্ণ প্রদাহ।

কর্ণকুহরের স্পর্শাতিশয্যবিশিষ্ট ত্বক প্রদাহিত হয় কারণ উগ্রকর দ্রব্য প্রবিষ্ট হওন, কর্ণমলসঞ্চয়, মস্তকের পার্শ্বে আঘাত, শৈত্য, বাতধাতু ও রক্তহীনাবস্থা প্রভৃতি

লক্ষণ।—অতীব্র কর্ণকুহরে বেদনা, হনু নাড়িলে বৃদ্ধি

পায় কর্ণকুহর স্ফীত ও রক্তবর্ণ, স্ফীততা দ্বারা কর্ণকুহর অবরুদ্ধ ও তদ্ধেতু অল্প কালের জন্য বধিরতা আক্রান্ত দিকের গ্রীবাস্থ গ্রন্থি স্ফীত এক বা দুই দিনে পাতলা ও প্রচুর পরিমিত শ্লেষ্মাস্রাব প্রাচীনাবস্থায় পূয়ক্ষরণ কর্ণকুহরস্থ চর্ম্ম অল্পাধিক স্ফীত উপত্বক পরিপুটন হই। প্রণালীতে সঞ্চিত ও তাহা রুদ্ধ হইতে পারে শ্রবণ শক্তির হ্রাস, অত্যন্ত কণ্ডূয়ন ও সার্ব্বাঙ্গিক দৌর্ব্বল্য। কর্ণকুহরে ক্ষুদ্র স্ফোটক জন্মিলে তীক্ষ্ণ দব্‌দবে বেদনা, প্রণালী সংকুচিত ও শ্রবণশক্তির হ্রাস জন্মে

চিকিৎসা —একোনাইট আভ্যন্তরিক ব্যবহার করিলে অবিলম্বে প্রদাহ শান্তি হয়। ফোমেণ্টেসন, পুলটিস; সর্ব্বদা ঈষদুষ্ণ জল দ্বারা ধৌত করণ; কর্ণের পশ্চাতে জলৌকা এসিটেট অব্ লেড ৫ গ্রেণ, জল ১ আউন্স পীচকারি কর্ণের পশ্চাতে টার্টার এমিটীক অয়েণ্টমেণ্ট কর্ণের ভিতর গ্লিসি-রিণ; অলিভ অয়েল; প্যাপেভার অয়েল প্রয়োগ বিবিধ প্রকার সংকোচন ধাবন দ্বারা পীচকারি কোষ্ঠবদ্ধ থাকিলে মৃদু বেচক পরিবর্ত্তক ও বলকারক ঔষধ যথা ক্লোরেট অব পটাশ; আইয়োডাইড অব পটাসিয়ম; কুইনাইন; আয়রণ কডলিভর অয়েল পুষ্টিকর খাদ্য। তরুণ প্রদাহের বেদনা উপশমনার্থ কোকেইন, তৈল বা গ্লিসিরিণের সঙ্গে মিশাইয়া কাণের ভিতর দিবে হাইড্রার্জ্জ পারক্লোরাইড ১ গ্রেণ, রেক্‌টিফায়েড স্পিরিট ৩ ড্রাম ও পরিস্রুত জল ১০ আউন্স তুলি দ্বারা কর্ণের ভিতর লাগাইলে উপকার হয়। এতদ্দ্বারা ঘন ঘন ব্রণাদি হওয়া নিবারিত হয়

ওটাইটিস ইন্টর্ণাল—আভ্যন্তর কর্ণ প্রদাহ।

ইহা অপেক্ষাকৃত গুরুতর পীড়া মেম্ব্রেনা টিম্পেনমের অভ্যন্তর পর্দার প্রদাহ, ইহার সঙ্গে সংমিলিত থাকায় এই পীড়া অধিক গুরুতর আকার ধারণ করে শৈত্য, বাত পীড়া ও গণ্ডমালা ধাতু হইতে এই রোগ উৎপন্ন হইতে পারে শৈশবাবস্থায় ইহা অসাধারণ নহে। বালকদের কর্ণশূল অনেক সময় এই পীড়া বশতঃ উপস্থিত হয়

লক্ষণ —নাক দিয়া নিশ্বাস ত্যাগ ও গলাধঃকরণ কালে কর্ণের মধ্যে অসুখ বোধ হয় অল্পকালের মধ্যেই উক্ত অসুখবোধ সতত বর্ত্তমান থাকে। প্রবল শিরোবেদনা ও তদবসানে কর্ণের ভিতর তীব্র, তীক্ষ্ণ ও ক্রমশঃ বর্দ্ধিত বেদনা এবং তৎসঙ্গে উচ্চ বা দব্‌দবে শব্দ অনুভূত হয় তৎপরে কর্ণের মধ্যে বিদারণ বা পূর্ণতাবোধ হয় অল্লাধিক বধিরতা জন্মে। চক্ষু লালবর্ণ, মুখাকৃতি উৎকণ্ঠিত, চর্ম্ম উষ্ণ, নাড়ী দ্রুত, মূত্রগ্রন্থি ও অন্ত্রের ক্রিয়া বিশৃঙ্খলা, অনেক সময় প্রলাপ বা বালকদের আক্ষেপ সতত অত্যন্ত অবসন্নতা ও গুরুতর পীড়ার পূর্ব্বরূপ বলিয়া বোধ হয়। মুখমণ্ডলের পক্ষাঘাত উপস্থিত হইতে পারে, স্নায়ু পর্য্যন্ত প্রদাহ প্রসারিত হইয়া এতাদৃশ ঘটনা হয় প্রদাহ আপনাপনি আরোগ্য অথবা পূযোৎপত্তি হয়

চিকিৎসা।—বিরেচক ও স্বেদজনক ঔষধ সেবন ও রোগীকে শয্যায় শয়িত রাখিবে। লাইকর এমোনিয়া এসিটেটীস ২৮৩, ২৮৯, শৈত্যপানীয়—২৯০, ২৯৩, ২৯৪ ক্লোরেট অব্ পটাশ ২৯৬ বাত সংসৃষ্ট রোগে সোডা স্যালিসিলেট

বা আইয়োডাইড অব্ পটাসিয়ম্ ও ভাইনম কলচিকম ৪০৪। ওপিয়ম; মর্ফিয়া ৮৮, ১০১, ১০৫, ১০৯ একোনাইট ২৭২, ২৮৮ স্ফুটিত জলের বাষ্প, পপীহেড বা ক্যামোমাইল পুষ্প দ্বারা সিদ্ধ জলের স্বেদ লিনসিড; ওপিয়ম ও গার্লিক পুলটীস কর্ণের পশ্চাদ্ভাগে ক্ষুদ্র ক্ষুদ্র ব্লিষ্টার; টার্টার এমিটীক অয়েণ্টমেণ্ট গরম জল দ্বারা কর্ণে পীচকারী দিবে তৎপরে গ্লিসিরীণ; কার্ব্বলিক এসিড অয়েল বা লডেনম দিবে কর্ণপটাহ ছিদ্রীভূত হইলে নাইট্রেটট অব্ সিল্ভর স্থানিক প্রয়োগ করিয়া ছিদ্র বন্ধের চেষ্টা করিবে

ওটোরিয়া—কর্ণ হইতে পূযস্রাব।

কর্ণ হইতে পূয বা শ্লেষ্মা মিশিত পূয নিঃসৃত হয় কর্ণের বিবিধ পীড়ায় ইহা একটী লক্ষণ মাত্র অনেক সময় ইহা অনির্দ্দিষ্ট কারণ বশতঃ শিশুদের দন্তোদ্ভেদকালে উৎপন্ন হয় গণ্ডমালা ধাতুপ্রকৃতিক ব্যক্তিদের চর্ম্মস্থ উদ্ভেদ তিরোহিত হওয়ার পর এই পীড়া জন্মিতে পারে শরীরের অবসন্নাবস্থা হেতু পূর্ণবয়স্কদের কর্ণস্রাব উৎপন্ন হইতে পারে। কর্ণ হইতে যে স্রাব নিঃসৃত হয, তাহা প্রধানতঃ উগ্র ও দুর্গন্ধ এবং কিছুদিন পরে উহা সরক্ত হয়

লক্ষণ।—সচরাচর কয়েক দিন পরেই কর্ণ হইতে স্রাব বন্ধ হয় সময় সময় ইহা প্রাচীন আকারে পরিণত হইয়া বহুদিন স্থায়ী হইয়া থাকে। রোগ অধিক দিবস স্থায়ী হইলে মেম্ব্রেণা টিম্পেনাই ও অস্থি বিনষ্ট ও ক্ষত হয় মস্তিষ্ক ও উহার ঝিল্লী আদিও প্রদাহিত হইতে পারে। এতদ্রূপ ঘট-

নায় শীত, জ্বর ও সুস্পষ্ট মাস্তিষ্ক লক্ষণ উপস্থিত হয় অবশেষে আক্ষেপ বা অচৈতন্যাবস্থা প্রাদুর্ভূত হইয়া রোগীর মৃত্যু হয়

চিকিৎসা —প্রদাহ থাকিলে একোনাইট সেব্য গ্লিসিরীণ অব্‌ ট্যানিন স্থানিক লাইম ওয়াটরের পীচকারী ঈষদুষ্ণ জলে সাবান গুলিয়া তদ্দ্বারা পীচকারী পুষ্টিকর খাদ্য, কুইনাইন ও ষ্টীল ১৭৬ ষ্টীল ও পেপ্‌সিন ফস্ফেট অব্‌ আয়রণ ১৮৭ মিনারেল এসিড্‌স ও বার্ক ১৭০ আইয়োডাইড অব্‌ আয়রণ আইয়োডাইড অব্‌ পটাসিয়ম ও সার্জা ৩৯৯ কডলিভর অয়েল ম্যালম ২৫০, জিঙ্ক ২৪২, সলফেট অব্‌ ক্যাড্‌মিয়ম বা ট্যানিক এসিডের ধাবন দ্বারা পীচকারী অলিভ অয়েল; গ্লিসিরীণ, কার্ব্বলিক এসিড (১ ভাগে ১৬ ভাগ), কষ্টিক লোশন ব্যালসম পেরু ও অক্সগল একত্রে সমভাগে কর্ণে দিবে লাইকর সোডি ক্লোরেটী, ৮০ আইয়োডোফর্ম্ম ও গ্লিসিরীণ, থাইমল ও গ্লিসিরীণ বা অমণ্ড অয়েল বোরাসিক বা পারম্যাঙ্গানেট অব্‌ পটাসের ধাবন হাইড্রার্জ পার্‌ক্লোরাইডের মৃদু ধাবন। বোরিক এসিড ও আইয়োডোফর্ম একত্রে একটী কাগজের নলের মধ্যে পূরিয়া কর্ণের ভিতর ফুৎকার সহযোগে প্রবিষ্ট করাইলে পূয নিঃসরণ নিবারিত হয়

ওট্যাল্‌জিয়া—কর্ণশূল।

প্রদাহ, বাহ্য বস্তুর অবস্থান, তালুপার্শ্ব-গ্রন্থি প্রদাহ, পরিপাকযন্ত্রের বিশৃঙ্খলা, ও বাত রোগ প্রভৃতি কারণে উৎপন্ন হয় অডিটরী নর্ভের বা শ্রবণ স্নায়ুর স্নায়ুশূল আপনাআপনিও উপস্থিত হইতে

পারে স্নায়ুশূলের আক্রমণ সময়ে সাতিশয় যন্ত্রণা হয় প্রদাহের বেদনার ন্যায় তীব্র বেদনা হয় না ও জ্বর থাকে না, এই বেদনা সহসাই তিরোহিত হয় পাকাশয় ও যকৃতের ক্রিয়া বৈষম্য বশতঃ কর্ণের স্নায়ুশূল উৎপন্ন হয়। জরায়ুর ক্রিয়া বিশৃঙ্খলা ও ক্ষরিত দন্ত বশতঃ এই রোগ জন্মিতে পারে সময় সময় বেদনা অত্যন্ত প্রবল হইয়া থাকে এতদ্দ্বারা রোগী অস্থির হয় ও সমূহ ক্লেশ পায়

চিকিৎসা।—মৃদু বিরেচক; কুইনাইন, ওপিয়ম; ইণ্ডিয়ান হেম্প ক্লোরোফর্ম্ম ও ইথর ভেপার; একোনাইট লিনিমেণ্ট; লডেনম তুলায় ভিজাইয়া পোস্ত ঢেঁড়ির কাথের বাষ্প, মসীনার পুলটীস, পেঁয়াজ বা রসুনের কোয়া স্থানিক প্রয়োজ্য। কর্ণে মল থাকিলে ঈষদুষ্ণ জল বা কার্ব্বনেট অব সোডা সোলিউসন (১০ গ্রেণ, জল ১ আং) দ্বারা পীচকারী

ডেফ্‌নেস—বধিরতা

বাতপীড়া ও স্নায়ুশক্তির হ্রাস বশতঃ এই পীড়া জন্মিতে পারে বাতজনিত রোগ সাধারণতঃ হয় সন্ধিস্থানের প্রদাহান্তে এই পীড়া প্রাদুর্ভূত হইয়া থাকে করোটী, শঙ্খ, চুচুক প্রবর্দ্ধন, হনু ও দন্ত (আক্রান্ত দিকের) বেদনান্বিত হয় যন্ত্রণাদায়ক কর্ণনিনাদ রাত্রিতে বৃদ্ধি ও অল্লাক্ত স্বেদস্রাব অস্থিচ্ছদের প্রদাহ ও ক্ষত উপস্থিত হইলে রোগ অত্যন্ত গুরুতর হইয়া উঠে সময় সময় পূযস্রাব হয় ও তদ্দ্বারা অস্থিতে ক্ষত জন্মিতে পারে কর্ণে গাউটাখ্য বাত হইলে ছিঁড়ে ফেলার ন্যায় বেদনা, জ্বালাযুক্ত উত্তাপ, কর্ণনাদ, স্ফীততা ও আর-

ক্ততা, তীক্ষ্ণ বেদনা, সময় সময় জ্ঞানহীনতা, প্রলাপ বা আক্ষেপ হয়। স্নায়ুমণ্ডলের পীড়া বশতঃ একরূপ বধিরতা হয়, তাহাকে নর্ভস্ ডেফ্‌নেস বলে।

চিকিৎসা। আইয়োডাইড অব পটাসিয়ম, ওপিয়ম, উষ্ণ জলে স্নান, উষ্ণ জলস্বেদ। বাতজনিত রোগে ক্ষারঘটিত বিরেচক; সোডা স্যালিসিলেট; কলচিকম ইত্যাদি। স্নায়বীয় বাধির্য্য রোগে হেয়ার ট্রম্পেট নামক যন্ত্র কর্ণে ধারণ করিবে। গ্লিসিরিণ, অলিভ অয়েল কর্ণাভ্যন্তরে ২।৩ ফোটা দিয়া কাণের ছিদ্রে তূলা দিয়া রাখিবে। কর্ণনিনাদে কুইনিন, ব্রোমাইড, স্যালিসিন্ ও স্যালিসিলেট্স প্রয়োজ্য। পাইলোকার্পিনের হাইপোডার্ম্মিক ইন্‌জেক্সন হিতকারী।

কর্ণের পীড়ার সাধারণ চিকিৎসা।—কর্ণের পাতায় বা কর্ণকুহরে একজিমা হইলে লাইকর প্লম্বাই ৬০ মিনিম ও ভেসিলিন ১ আউন্স একত্রে মিশাইয়া লাগাইবে। অথবা কয়েক ফোটা লেড লোশন (১ ভাগে ৪০ ভাগ) কর্ণের ভিতর ঢালিয়া দিবে। তরুণাবস্থা অপগত হইলে উক্ত অয়েন্টমেন্টের সঙ্গে লাইকর কার্বনিস ডিটারজেন্স মিশাইয়া ব্যবহার করিবে। সময় সময় অলিভ অয়েল একটু গরম করিয়া কাণের ভিতর দিলে উপকার হয়। তুলি দ্বারা কাণ পরিষ্কার করিবে। কর্ণের মধ্যস্থ খইল আদি গরম জলের পীচকারি দ্বারা নিঃসৃত হয়। কর্ণের পাতা উপর ও পশ্চাৎ দিকে টানিয়া ধরিলে পীচকারির জল সহজে প্রবিষ্ট ও নিঃসৃত হইয়া যায়। এতদর্থে সাধারণ ইণ্ডিয়া রবার এনিমা সিরিঞ্জ ব্যবহৃত হইতে পারে। বাইকার্বনেট অব সোডা সলিউসন (১ ড্রামে ১০ গ্রেণ) ব্যবহার করিলে সহজে কর্ণমল নিঃসৃত হয়।

কর্ণের পশ্চাতে ফুলিলে ফোমেণ্টেসন ও পুলটীস ব্যবহার্য্য পাকিলে কাটিয়া দিতে হয়

কর্ণমধ্যস্থ মলাদি ও পূয়ের কড়কড়ি নিঃসৃত করণার্থ প্যাপেইন সলিউসন্ (শতকরা ৫ ভাগ) ১০।১৫ ফোটা কর্ণের ভিতর ঢালিয়া দিতে হয়, একঘণ্টা পরে ঈষদুষ্ণ বোরিক লোশনের পীচকারী দিলে কর্ণ পরিষ্কৃত হয়

কর্ণ নিনাদে সোডা ব্রোমাইড সেব্য ও কোকেইন স্থানিক প্রযোজ্য

ডিজিজেস্ অব স্কিন চর্ম্ম পীড়া।

ইরিথিমা

এক প্রকার অসংক্রামক চর্ম্মপীড়া ইহাতে শরীরের স্থানে স্থানে আরক্ত মণ্ডল বাহির হয় উহা চর্ম্মনিম্নে বিশৃঙ্খলভাবে নির্গত হয়। সাধারণতঃ মুখমণ্ডল, বক্ষঃ ও শাখাদ্বয়ে এই রোগ দৃষ্ট হয়

প্রকারভেদ —ইরিথিমা ফিউগ্যাক্স—ইহা ক্ষণস্থায়ী প্রকৃতি বিশিষ্ট এবং সাধারণতঃ পরিপাক যন্ত্রের বিশৃঙ্খলা জনিত। ইরিথিমা ইণ্টরট্রাইগো চর্ম্মের ভাঁজ মধ্যে ঘর্ষণ হেতু জন্মে, ঐ সকল স্থানের স্রাব ধৌত করিলে বিদূরিত হয় না ইরিথিমা সার্সিনেটম্ গোলাকার (অঙ্গুরীয় সদৃশ) ও ঈষৎ উন্নত রক্তমণ্ডল; তরুণ বাত সহ উৎপন্ন হয় ইরিথিমা লিভি—অধঃ অঙ্গে প্রকাশ পায়, তৎকালে উহাতে শোথ জন্মে ইরিথিমা নোডোসম—ইহাতে উদ্ভেদ অণ্ডাকৃতি ও উন্নত হয় এবং তাহা জঙ্ঘার অগ্রভাগেই প্রকাশ পায়

চিকিৎসা। ক্ষারঘটিত মৃদু বিরেচক; এফারভেসিং সাইট্রেট অব ম্যাগ্নিসিয়া; কম্পাউণ্ড রিউবার্ক পাউডর ঈষদুষ্ণ জলে স্নান, বাষ্প স্নান; লঘু পথ্য; কুইনাইন ১৯৩ পরিপাক, মূত্রযন্ত্র ও জরায়ুর কোন বিশৃঙ্খলা বর্ত্তমান থাকিলে বিদূরিত করিবে সব এসিটেট অব লেড লোশন ৪২৬ গ্লিসিরিণ লোশন ১৫৫ বেদনা থাকিলে ভিরাট্রিয়া অয়েণ্টমেণ্ট বেলেডোনা ও গ্লিসিরিণ বোরিক এসিড, ষ্টার্চ, জিঙ্ক অক্সাইড, স্থানিক প্রয়োজ্য আক্রান্ত অংশ তুলা দ্বারা ঢাকিয়া ও তদুপরি ব্যাণ্ডেজ বাধিয়া রাখিবে শীতল জল, শৈত্যপানীয়, লিমনেড; সোডাওয়াটর। কার্ব্বনেট অব জিঙ্ক। বাইকার্বনেট অব সোডা লোশন ১ ভাগে ৪০ ভাগ বোরাক্স বা বোরাসিক লোশন ও তৎসহ হাইড্রোসিয়ানিক এসিড ডিল মিশাইয়া স্থানিক প্রয়োগ করিলে উপকার হয় ওডিকোলন, অক্সাইড অব জিঙ্ক ও জল স্থানিক প্রয়োজ্য

রোজিয়োলা—পাটলিকা।

চর্ম্মের এক প্রকার অসংক্রামক ও দাহিক অসুস্থতা অল্প ক্ষণস্থায়ী রক্তবর্ণ উদ্ভেদ উহাদের আকার ক্ষুদ্র ক্ষুদ্র থাকে, ও উহারা বিশৃঙ্খলভাবে প্রকাশিত হয় শরীরের সর্ব্ব স্থানেই অল্প বা অধিক পরিমাণে বাহির হয় সময় সময় স্বতন্ত্র ও ক্ষুদ্র দাগবৎ রক্তবর্ণ উদ্ভেদ প্রকাশ পায় কখন কখন বক্র, মণ্ডলবৎ হইয়া থাকে স্থিতিকাল এক হইতে সাত দিবস ইহাকে কখন কখন হাম ও আরক্ত জ্বর বলিয়া ভ্রম হইতে পারে, কিন্তু ইহাতে সর্দ্দির লক্ষণ থাকে না অনেক সময়

উদ্ভেদ প্রকাশের পূর্ব্বে শীত ও জ্বর হয় গলাবেদনা ও বিবমিষা আদি থাকিতে পারে বালকদের দন্তোদ্ভেদ কালে এই পীড়া জন্মিতে পারে

চিকিৎসা ।—মৃদু বিরেচক ও পরিবর্ত্তক ঔষধ লঘু পথ্য, লিমনেড মিনারেলায় ও তিক্ত উদ্ভিজ্জের ক্বাথ—১৬৯, ১৭০ ভিনিগার ও জল স্পঞ্জিং লাইকর এমোনিয়া এসিটেটীস ও নাইট্রস ইথর বালকদের দন্তোদ্ভেদ হইতে থাকিলে মাড়ি চিড়িয়া দিবে চর্ম্মোপরি অলিভ অয়েল বা লার্ড লাগাইবে

আর্টিকেরিয়া—আমবাত, শীতপিত্ত ।

এক প্রকার অসংক্রামক চর্ম্মপীড়া চুলকাইতে চুলকাইতে স্থানে স্থানে ফুলিয়া উঠে, তাহা আবার ক্ষণকাল পরেই তিরোহিত হয় এবং নূতন বাহির হয় তৎসঙ্গে উত্তাপ, জ্বালা ও চিন্ চিন্ ও সাতিশয় কণ্ডুয়ন উপস্থিত হয় সময় সময় সার্ব্বাঙ্গিক লক্ষণাদি প্রকাশ পায় জ্বর, ক্লেদাবৃত জিহ্বা ও অসুস্থ নিঃস্রাবাদি রোগ প্রাচীন ও বিরামশীল হইতে পারে এবং কয়েক মাস পর্য্যন্ত থাকে পরিপাক যন্ত্রের বিশৃঙ্খলা, বাত, জরায়ুর উদ্দীপনা ও দন্তোদ্ভেদ আদি কারণে এই রোগ জন্মিতে পারে তার্পিন তৈল ও কোপেবা আদি সেবন দ্বারাও এইরূপ উদ্ভেদ উৎপন্ন হইতে পারে

চিকিৎসা ।—কণ্ডুয়ন নিবারণার্থ চর্ম্মোপরি টিংচর বেন্‌জইন কং প্রলেপ দিবে ক্লোরোফর্ম্ম আধ ড্রাম, মোমের মলম, চর্ব্বি বা তৈল ১ আউন্স, একত্রে মিশ্রিত করতঃ স্থানিক

প্রয়োগ করিলে কণ্ডুয়ন নিবারিত, হয় পাকাশয়ের ক্রিয়া বিশৃঙ্খলা হইলে বমনকারক ও সঞ্চার বিরেচক ৩৩১, ৩৩২, ৩৩৪। রিয়াই ও ম্যাগ্নিসিয়া; সিডলীজ পাউডর। লাইকর পটাশ ৩৯৭। এমোনি কার্ব্ব ৯, ১৮৩ ষ্টীল ১৭১, ১৮৯ ফেরি এট্ কুইনী সাইট্রস ও এসিড হাইড্রোক্লোরিক ডিল ১৭৩। ফেরি এট এমোনি সাইট্রস ১৮০ নাইট্রো হাইড্রোক্লোরিক এসিড ডিল ১৬৯ আইওডাইড অব পটাসিয়ম ১৯২ আর্সিনিক; কুইনাইন; কডলিভর অয়েল স্থানিক—লেড লোশন ১১২, ১১৬ ভিনিগার ও জল সমভাগ স্পঞ্জিং টিং আর্ণিকা; গ্লিসিরিণ ও গোলাপ জল সমভাগ শীতল বা ঈষদুষ্ণ জলে স্নান; সহজে পরিপাক হয় এরূপ খাদ্য বিশুদ্ধ বায়ু সেবন ও ব্যায়াম বোরাক্স ও গোলাপ জল ১৫৮; লাইকর পটাশ ও একোয়া স্থাম্বিউকাই ১৫৫; ইহাতে কণ্ডূয়ন নিবারিত হয়। ইরিথিমা দ্রষ্টব্য।

হার্পিস—ইন্দ্রবিদ্ধ।

প্রদাহিত চর্ম্মের উপর জলপূর্ণ উদ্ভেদ সমূহ বাহির হয়। ইহা অল্পদিন স্থায়ী ও অসংক্রামক চর্ম্মপীড়া উদ্ভেদের স্থিতি-কাল ৩৪ দিবসের অধিক নহে আরোগ্যান্তে দাগ থাকে না সর্দ্দি বা জ্বর বশতঃ ওষ্ঠের কোণে যে জ্বরঠুঠা বাহির হয়, তাহাকে হার্পিস লেবিয়েলিস বলে শিশ্নত্বকেও এই উদ্ভেদ জন্মে, উহাকে হার্পিস প্রিপিউসিয়েলিস বলে দেহকাণ্ডের অর্দ্ধ দিক ব্যাপী ও গোলাকারে একরূপ উদ্ভেদ প্রকাশিত হয়,

তাহাকে হার্পিস্ জষ্টার বলে উহা ক্লেশদায়ক পীড়া ও উহাতে প্রবল বেদনা (ছুলবেধবৎ) বোধ হয়।

চিকিৎসা।—কোষ্ঠ পরিষ্কারার্থে রেচক। সব এসিটেট অব্ লেড লোশন দ্বারা স্পঞ্জিং অক্সাইড অব্ জিঙ্ক বা সব এসিটেট অব্ লেড অয়েণ্টমেণ্ট ১২১, ২২৬। বেলে-ডোনা বা একোনাইট লিনিমেণ্ট। সেবনার্থ কুইনাইন ও আর্সিনিক ওলিয়েট অব্ মর্ফিয়া, কলোডিয়ন, আইয়োডিন লিনিমেণ্ট, এসিটিক এসিড, নাইট্রেট অব্ সিলভর—স্থানিক অক্সাইড অব্ জিঙ্ক, ক্যালেমিনা প্রেপেয়ারেটা, বিসমথ, ক্যালো-মেল, ষ্টার্চ ইত্যাদি চূর্ণাকারে স্থানিক প্রয়োজ্য। ইক্থিয়ল জলের সঙ্গে মিশাইয়া উদ্ভেদোপরি প্রযোজ্য। বেদনা নিবারণার্থ কোকেইন

একজিমা—পামা।

ইহা এক প্রকার অসংক্রামক চর্ম্মপীড়া—সচরাচর জন্মে; ইহার উদ্ভেদ প্রথমতঃ জলপূর্ণ, পরে সপূয় হয় চর্ম্মের কতক অংশ লালবর্ণ, প্রদাহিত ও শক্ত হয়; উপত্বক উঠিয়া যায় ও মস্ত বা রসস্রাব হইয়া থাকে। আর্দ্র ক্ষত হইয়া ও তাহা মামড়ী দ্বারা আবৃত থাকে। সার্ব্বাঙ্গিক স্বাস্থ্যহীনতা, ক্ষুধালোপ, উগ্রতা ও অস্থিরতা জন্মে রোগ তরুণ ও প্রাচীন দ্বিবিধ আকারে প্রকা-শিত হয়।

চিকিৎসা। কণ্ডুয়ন নিবারণার্থে টিংচর বেনজইন কং স্থানিক প্রলেপ দিবে। বোরেসিক এসিড ১ ড্রাম, উষ্ণ জল ২০ আউন্স একত্রে ধৌত কর্পূর চূর্ণ ছড়াইয়া দিলে

কণ্ডুয়ন নিবারিত হয় গ্লিসিরিং অব্ ট্যানিন অয়েল অব্ কেড, সাবান ও স্পিরিট সমভাগে , সলফাইড বাথ সলফর সেবনে উপকার দর্শে স্থানিক—যবোদক; মসিনার ফাণ্ট, লেড, লোশন; সক্ষার জলে ধৌত করণ। গ্লিসিরিণ অব্ ষ্টার্চ; গ্লিসিরিণ ও জল; লাইম লিনিমেণ্ট; বোরাক্স ও গ্লিসিরিণ ১৫৮, প্লম্বাই এসিটাস ও হাইড্রোসিয়ানিক এসিড ১২১; করোসিব সব্লিমেট ১১৭ অঙ্গুয়েঃ হাইড্রার্জ নাইট্রেটীস ৬১, ৬৭ সল্ফর অয়েণ্টমেণ্ট—৬৫, ৬৮, ৬৯, ৭০ উত্তমরূপে পরিষ্কার করিবে অলিভ অয়েল, লার্ড বা লিনসীড পুল্টীস স্থানিক প্রয়োগে স্ফোট সকল উঠিয়া যাইতে পারে ঈষদুষ্ণ জলে স্নান ক্রিয়েজোট ও রেড অক্সাইড অব্ মার্করী অয়েণ্টমেণ্ট সার্ব্বাঙ্গিক—স্যালাইন পর্গেটিভ্স অর্থাৎ সলফেট অব্ ম্যাগ্নিসিয়া ও সোডা রিউবার্ব্ব ও ম্যাগ্নিসিয়া; রিউবার্ব্ব ও ব্লুপীল ষ্টীল ও সলফেট অব্ সোডা কুইনাইন ও ষ্টীল ১৭৫, ১৭৬ ভাইনম ফেরি ১৯১ আর্সিনিক—১৬৮, ১৬৯, ১৯১ কড-লিভর অয়েল। করোসিব সব্লিমেট ৩৯৮, ৪০২ রেড আইয়োডাইড অব্ মার্করী ওপিয়ম; হেনবেন, ক্লোরাল, সল্ফোনাল, সোডা ব্রোমাইড, ইণ্ডিয়ান হেম্প দুগ্ধ, ঘৃত, মাংস, শেরী, ক্লারেট প্রভৃতি পথ্য ও বিশুদ্ধ বায়ুসেবন ও ব্যায়াম আইয়োডাইড অব্ পটাসিয়ম ও আইয়োডাইড অব্ আয়রণ ক্রাইসোফানিক এসিড অয়েণ্টমেণ্ট ১৫—২০ গ্রেণ ও ১ আউন্স চর্ব্বি বা মোমের মলম সেবনার্থ অল্প মাত্রায় ($\frac{1}{16}$ গ্রেণ) টার্টারেট অব্ এণ্টিমনি কিছু দিবস পর্য্যন্ত দিনে ৩৪ বার সেবন করাইলে বিশেষ উপকার পাওয়া যায়। স্যালিসিলিক এসিড, ক্রাইসোফানিক এসিড,

বোরিক এসিড, ইক্‌থিয়ল, প্লাইকর কার্বনিস ডিটারজেন্স, হাইড্রার্জ এমন ক্লোরাইড, কার্বলিক এসিড, থাইমল, ক্যালোমেল প্রভৃতি, মলম বা তৈল সহযোগে স্থানিক প্রয়োগকরা যায়।

পেম্‌ফাইগস—বিম্বিকা।

ইহাতে বড় বড় গোল বা অণ্ডাকার ফোস্কা উৎপন্ন হয় উহার ব্যাস ২ ৩ ইঞ্চি হয়। উহা দেহের এক বা অধিকাংশ জন্মে ফোস্কার মধ্যে ক্ষারধর্ম্মী রস্ত থাকে, উহা শীঘ্রই অস্বচ্ছ, অম্ল ও পূযবৎ হয় ইহার সঙ্গে সামান্য প্রকার জ্বরাদি উপস্থিত হইতে পারে।

চিকিৎসা।—এমোনিয়া ও বার্ক ১৮৩, ১৮৪ নাইট্রো হাইড্রোক্লোরিক এসিড ও তিক্ত ফান্ট কুইনাইন ও আয়রণ; কডলিভর অয়েল কোষ্ঠবদ্ধ থাকিলে মৃদু রেচক দুর্দ্দম্য রোগে আর্সিনিক; কুইনাইন ও ষ্টীল ১৮৯, ১৯১ গালিয়া দিয়া কষ্টিক লোশন দিবে। অকসাইড অব্ জিঙ্ক, ক্যালেমিনা প্রিপেয়ারেটা, কার্বলিক এসিড, থাইমল, বোরিক এসিড লোশন বা চর্ব্বির সঙ্গে মলমাকারে প্রয়োজ্য

রূপিয়া—মলিনিকা।

ইহা এক প্রকার অসংক্রামক চর্ম্মরোগ উপরি বর্ণিত পীড়ার অনুরূপ; দুর্ব্বল ব্যক্তি, বিশেষতঃ যাহাদের দেহ উপদংশ বিষে জর্জ্জরীভূত, তাহাদের এই রোগ জন্মে ইহার ফোস্কা চ্যাপ্টাকার হয়, প্রথমে উহাতে মাস্তক রস থাকে, পরে উহা সপূয

বা রক্তবৎ হয়। অবশেষে শুষ্ক হইয়া কৃষ্ণবর্ণ মামড়ীরূপে পরিণত হইয়া থাকে।' সন্নিহিত চর্ম্মের ধার প্রদাহিত, মাস্তক স্রাব, মামড়ী পুরু ও বিস্তৃত হয়। মামড়ী বিদূরিত হইলে গোলাকার ক্ষত প্রকাশ পায় অনেক দিন পরে এই ক্ষত আরোগ্য হয়। কটিদেশ ও অধঃশাখায় সাধারণতঃ এই পীড়া জন্মে রোগের স্থিতি কাল ২৩ সপ্তাহ হইতে কয়েক মাস জীবনী শক্তি নিতান্ত ক্ষীণ না হইলে এই পীড়া হইতে জীবনের কোন আশঙ্কা নাই।

চিকিৎসা।—ঈষদুষ্ণ জলে স্নান, পুষ্টিকর খাদ্য, কড লিভর অয়েল; পরিমিত মদ্যপান নাইট্রিক এসিড ও ইনফিঃ বার্ক কুইনাইন ও টিংচর সার্পেন্টরী; আইয়োডাইড অব্ পটাসিয়ম বা সোডিয়ম ৩৯১ আইয়োডাইড অব্ আয়রণ, কডলিভর অয়েল। স্থানিক—কষ্টিক লোশন, মার্কিউরিয়েল অয়েন্টমেন্ট; আইয়োডাইড অব্ ষ্টার্চ, মার্কিউরিয়েল ভেপার বাথ। ডনোভান্স সলিউসন স্থানিক আইয়োডোফর্ম্ম অয়েন্টমেন্ট, কার্বলিক অয়েল

একৃথিম—বৃহদাকার পূয়বটী।

এক প্রকার অসংক্রামক চর্ম্ম প্রদাহ। ইহাতে উন্নত গোলাকার ও বড় বড় পূয়পূর্ণ পীড়কা দেহের সর্ব্বাংশেই বাহির হইতে পারে। পীড়কা স্বতন্ত্র ভাব থাকে, উহার মূলস্থ চর্ম্ম কঠিন ও প্রদাহিত হয় পরে পাতলা ও কৃষ্ণবর্ণ মামড়ী পড়ে এবং অবশেষে উহা বিদূরিত হইলে অগভীর ক্ষত চিহ্ন থাকে। ইহা তরুণ ও প্রাচীন আকারে উপস্থিত হইতে

পারে অসম্যক পরিপুষ্ট শিশুদের মস্তকে সাধারণতঃ এই পীড়া জন্মে

চিকিৎসা।—মৃদু বিরেচক ; সায়পানীয় ; পুষ্টিকর খাদ্য। ওয়াটর ড্রেসিং, সব এসিটেট অব্ লেড লোশন ; বোরিক এসিড লোশন। এল্ডর ফ্লাউয়ার অয়েণ্টমেণ্ট ; জিঙ্ক অয়েণ্টমেণ্ট। সেবনার্থ কডলিভর অয়েল ; কুইনাইন ও আয়রণ ঈষদুষ্ণ বা উষ্ণ জলে স্নান। আর্সিনিক ও আয়রণ ১৯১।

ইম্পিটাইগো—চর্ম্মদল।

এক প্রকার প্রবল ও সময় সময় সংক্রামক চর্ম্ম প্রদাহ সহ অর্দ্ধ গোলাকৃতি বা চ্যাপ্টা পূযপূর্ণ উদ্ভেদ বাহির হয়। প্রায়ই উদ্ভেদ পুঞ্জাকারে উপস্থিত হয় ইহাতে পুরু ও ঈষৎ পীতবর্ণ মামড়ী পড়ে, উহার নিম্ন হইতে পূযস্রাব হয়। মামড়ী পড়িয়া গেলে ক্ষত দৃষ্ট হয়। মুখমণ্ডল, কপোল ও মস্তকাদি স্থানে সাধারণতঃ জন্মে। ইহার সঙ্গে সার্ব্বাঙ্গিক অসুস্থতা থাকিতে পারে। উদ্ভেদ সকল গোল বা অণ্ডাকারে অবস্থিতি করে শিশুদের মস্তকে ও মুখমণ্ডলে এই প্রকার চর্ম্ম-পীড়া হইলে তাহাকে ক্রষ্টা ল্যাক্টিয়া বলে

চিকিৎসা।—স্থানিক গ্লিসিরিণ অব্ ট্যানিন সেবনার্থ সল্ফর, স্যালাইন পরগেটিভ্স—৩২৭, ৩৩১, ৩৩৪, ৩৩৯ একষ্ট্রাক্ট পপী ও লেড ব অক্সাইড অব্ জিঙ্ক অয়েণ্টমেণ্ট, ক্রিয়েজোট ও গ্লিসিরিণ ২৭ ; কার্ব্বলিক এসিড ও গ্লিসিরিণ ২৮ সলফর ও টার অয়েণ্টমেণ্ট ৫৮ অঙ্গুয়েঃ হাইড্রার্জ্জ নাইট্রেটীস ৬১। আইয়োডাইড অব্ সল্ফর অয়েণ্টমেণ্ট ৬৯, ৭০

গাইকর পটাশ ; মর্ফিয়া ও গ্লিসিরিণ ১৫৫ বোরাক্স ও গ্লিসিরিণ ১৫৮ কার্ব্বনেট অব্ জিঙ্ক ভেপার বা ওয়ার্ম বাথ স্ফোট সকল বিদূরিত করণার্থ পুলটীস ; ওয়াটর ড্রেসিং ও মলম ব্যবহার্য্য স্ফোট পড়িয়া গেলে ক্রিয়োজোট অয়েন্টমেন্ট সার্ব্বাঙ্গিক ঔষধের মধ্যে আর্সিনিক, কডলিভর অয়েল, কুইনাইন। বোরিক লোশন, হোয়াইট প্রিসিপিটেড অব্ মার্করী অয়েন্টমেন্ট

ষ্ট্রফিউলস—অলজিকা।

এই রোগে ক্ষুদ্র, কঠিন, সময় সময় অল্প লালবর্ণ পীড়কা মিলিত বা বিচ্ছিন্ন ভাবে উপস্থিত হয় ইহা শিশু ও বালকদিগের হয়। ইহা শরীরের এক স্থানে প্রকাশ পাইয়া সর্ব্বাঙ্গে ব্যাপ্ত হইতে পারে ইহাতে সামান্য প্রকার উদ্দীপনা থাকে এই রোগ পাকাশয় ও অন্ত্রের ক্রিয়া বিশৃঙ্খলা, অনুপযোগী আহার বা দন্তোদ্ভেদকালীন উদ্দীপনা বশতঃ সমুৎপন্ন হয়

চিকিৎসা। শিশুর পানীয় দুগ্ধের সহিত কার্ব্বনেট অব্ সোডা বা বাইকার্ব্বনেট অব্ পটাশ অল্প মাত্রায় মিশাইয়া দিবে কোষ্ঠবদ্ধে রিউবার্ব্ব ও ম্যাগনিসিয়া ও ডিল ওয়াটার দন্তোদ্ভেদে বিলম্ব হইলে মাড়ি চিরিয়া দিবে অত্যন্ত কণ্ডুয়ন হইতে থাকিলে অক্সাইড অব জিঙ্ক অয়েন্টমেন্ট, গ্লিসিরিণ ও রোজ ওয়াটর, ষ্টার্চ, অক্সাইড অব জিঙ্ক বা ক্যালেমাইন পাউডর স্থানিক প্রয়োজ্য সেবনার্থে—কডলিভর অয়েল ও সিরপ ফেরি আইয়োডাইড ঈষদুষ্ণ জলে স্নান করাইবে ও পরিষ্কার পরিচ্ছন্ন রাখিবে

লিচেন—অম্লসক, পদ্মিনীকণ্টক।

ইহা ছদ্দম্য ও ক্লেশদায়ক চর্ম্মপীড়া। ইহাতে ক্ষুদ্র ক্ষুদ্র, কঠিন, লালবর্ণ, উন্নত পীড়কা বা উদ্ভেদ—স্বতন্ত্র বা পুঞ্জাকারে প্রকাশিত হয় ইহাতে উদ্দীপনা থাকে ও চিন্‌ চিন্‌ বোধ হয় এবং অবশেষে সামান্যরূপ চর্ম্ম উঠিয়া যায় ইহাতে অত্যন্ত কণ্ডুয়ন হয় হস্ত, বাহু, গ্রীবা, মুখমণ্ডল ও শরীরের অন্যান্য অংশেও জন্মে ইহা প্রাচীন ও তরুণ বিবিধ আকারে প্রকাশ পায় সাতিশয় উত্তাপ, অন্ত্র ও পাকাশয়ের ক্রিয়া বিশৃঙ্খলা ও বালকদের দন্তোদ্ভেদ বশতঃ এই রোগ উৎপন্ন হয়

চিকিৎসা।—ক্যান্থেরাইডিস অল্প মাত্রায় আভ্যন্তরিক ব্যবহার্য্য ক্লোরোফর্ম্ম অয়েণ্টমেণ্ট স্থানিক প্রয়োগে কণ্ডুয়ন নিবারিত হয় লাইকর কার্ব্বনিস ডিটার্জেন্স বা অয়েল অব্‌ কেড (১ ড্রামে ১ আউন্স) অথবা টার অয়েণ্টমেণ্ট। বাইকার্ব্বনেট অব্‌ সোডা ১ আউন্স ও জল ৩০ আউন্স ধাবন আকারে প্রয়োজ্য হাইড্রার্জ পারক্লোরাইড ৩ গ্রেণ, এসিড কার্ব্বলিক ১ ড্রাম ও সিম্পল অয়েণ্টমেণ্ট ৩ আউন্স একত্রে মলম আকারে প্রয়োজ্য নাইট্রেট অব্‌ সিল্‌ভর ২০ গ্রেণ ও নাইট্রিক ইথর ১ আউন্স মিশাইয়া লাগাইলে কণ্ডুয়ন নিবারিত হয় ঈষৎ-উষ্ণ জলে স্নান, মৃদু রেচক, অনুত্তেজক পথ্য; সাম্ম পানীয় স্থানিক—লাইকর প্লম্বাই সবএসিটেটীস লোশন ২৪০, ২৪১ হাইড্রোসিয়ানিক এসিড ও প্লম্বাই এসিটাস ১১৬ করোসিব সব্লিমেট ১১৬ গ্লিসিরিণ ১ আং, করোসিব সব্লিমেট ৬ গ্রেণ, ক্লোরোফর্ম্ম ২০ ফোটা, জল ৭ আউন্স একত্রে ধৌতার্থ প্রয়োজ্য পরিবর্ত্তক ঔষধ—আইয়োডাইড্‌ অব্‌ পটাসিয়ম ও বার্ক, করো-

সিব সব্লিমেট ও বার্ক ৩৯৮। আর্সেনিক ১৯১। মার্কিউরিয়েল ভেপার বাথ, সল্ফর বাথ কড্লিভর অয়েল, ফস্ফেট অব্ আয়রণ; কুইনাইন ও ষ্টীল বিন আইয়োডাইড্ অব্ মার্কবী ১/১৬ গ্রেণ বটিকাকাবে আহারের পর সেব্য

প্রুরাইগো—অরুষিকা।

অসংক্রামক প্রাচীন চর্ম্মপীড়া; ইহাতে ছোট ছোট পীড়কা বা উদ্ভেদ বাহির হয়। ইহাতে অত্যন্ত কণ্ডুয়ন হয় ও তদ্ধেতু রোগীর সাতিশয় অসচ্ছন্দতা জন্মে কণ্ডুয়ন, কখন কখন শরীরে পিপীলিকা সঞ্চরণবৎ অনুভূত হয়।

চিকিৎসা —ক্লোরোফর্ম্ম অয়েণ্টমেণ্ট বা আইয়োডোফর্ম্ম অয়েণ্টমেণ্ট (১ ড্রামে ১ আউন্স) ক্যান্থেরাইডিস্ টিংচর আভ্যন্তরিক প্রয়োজ্য সল্ফর বাথ ৪০; য়্যালকেলাইন বাথ, কোনিয়ম ও ক্রিয়েজোট বাথ ৩৮ ঈষদুষ্ণ জলে স্নান, বাষ্প স্নান। স্থানিক—ভিনিগার, লাইম ওয়াটার, করোসিব সব্লিমেট লোশন, কার্ব্বলিক এসিড্ লোশন, হাইড্রোসিয়ানিক এসিড ১১৬। লাইকর্ পটাশ ও হাইড্রোসিয়ানিক এসিড ১১১ পটাশি সায়ানিডাই অয়েণ্টমেণ্ট ১২২, একোনিসিয়া অয়েণ্টমেণ্ট ১২৫; টার অয়েণ্টমেণ্ট ৫৮ অন্ত্রে ক্রিমি বা ভ বায়ুর ক্রিয়া বিশৃঙ্খল থাকিলে তাহা বিদূরিত করিবে অঙ্গুয়োঃ সল্ফর ফি টুনন্ অয়েণ্টমেণ্ট ভিল, এমোনি ক্লোরাইড্ লোশন ১/৪—১/২ গ্রেণ মাত্রায় হাইড্রোক্লোরেট অব্ কোকেইনের হাইপোডর্মিক ইন্জেক্সন কণ্ডুয়ন ও বেদনার আশু প্রতিকারক। সার্ব্বাঙ্গিক—অনুত্তেজক পথ্য, মৃদু বিরেচক, বলকারক ঔষধ সিন্কোনা ও বিয়াই ১৮৫ এসি-

টেট্ অব্ পটাসিয়ম, আইয়োডাইড অব্ পটাশ ও সার্সা; আর্সি-নিক, ষ্ট্রিক্নিয়া; আইয়োডাইড্ অব্ আয়রণ; কড্‌লিভর অয়েল। অস্থিরতা নিবারণার্থ এক্‌ষ্ট্রাক্ট পপী বা টিংচর বেলেডোনা সেব্য মর্ফিয়া ও এট্রপিয়ার অধস্ত্বাচ প্রক্ষেপ হাইড্রার্জ পারক্লোরাইড্ অতি অল্প মাত্রায় $\frac{1}{৬৪}$ গ্রেণ মাসাবধি পর্য্যন্ত ব্যবহার করিলে বিশেষ উপকার পাওয়া যায়

সোরায়েসিস্ বিচর্চ্চিকা।

ক্লেশদায়ক ও দুর্দ্দম্য চর্ম্মপীড়া। ইহার উদ্ভেদ সশল্ক হয়, ইহা সংক্রামক নহে লালবর্ণ সশল্ক চক্র বা মণ্ডল, বিবিধ আকারে শরীরের নানাস্থানে প্রকাশিত হয় সাধারণতঃ জানু ও কূর্পর সন্ধির নিকটবর্ত্তী অংশে উদ্ভেদ বাহির হইতে দেখা যায় ক্রমশঃ উহাদের আকৃতি ও সংখ্যা বৃদ্ধি প্রাপ্ত হয় এবং সমস্ত দেহে বিস্তৃত হইয়া পড়ে উপদংশ বিষজাত উদ্ভেদের বর্ণ তাম্রবৎ দেখায়

চিকিৎসা।—আর্সিনিক; কড্‌লিভর অয়েল, আইয়ো-ডাইড্ অব্ পটাসিয়ম; কুইনাইন; আয়রণ অম্বুযেঃ পাইসিস লিকুইড উপদংশজনিত রোগে মার্কিউরিয়েল ভেপার বাথ ও মার্করী সেবনার্থ বিধান কর্ত্তব্য। আইয়োডিন অয়েন্টমেন্ট ও লিনিমেন্ট স্থানিক প্রয়োজ্য ডনোভান্স সলিউশন সেবনে অনেক উপকার হয় আর্সিনিক সেবন সময়ে অম্ল ও উদ্ভিজ্জ দ্রব্য সেবন নিষিদ্ধ ফেরি আর্সিনিয়াস $\frac{1}{১২}$ গ্রেণ বটিকাকারে। ক্রাইসোফানিক এসিড বাহ্যিক ও আভ্যন্তরিক প্রযোজ্য, ইহা সেবনার্থ $\frac{1}{২}$ গ্রেণ মাত্রায় বটিকারূপে ব্যবহার্য্য টার অয়েন্টমেন্ট,

লাইকর কার্বনিস ডিটারজেন্স অয়েণ্টমেণ্ট গরম জলে স্নান, উক্ত জলে বাইকার্বনেট সোডা বা পটাশ মিশাইয়া দিলে বিশেষ উপকার হয় সিট্রিন অয়েণ্টমেণ্ট ডিল বিন্ আইয়োডাইড্ ও করোসিব সব্লিমেটের মৃদু মলম।

পিটীরায়েসিস।

চর্ম্মের অসংক্রামক, প্রাচীন সশল্ক প্রদাহ এতৎসহ সামান্য আরক্ততা ও সাতিশয় উদ্দীপনা থাকে সূক্ষ্ম ও শ্বেতবর্ণ শল্ক অধিক পরিমাণে জন্মে দেহের সকল অংশেই জন্মিতে পারে, কিন্তু মস্তক ও অন্যান্য কেশাবৃত স্থানেই সাধারণতঃ উৎপন্ন হয় অধিক পরিমাণে ও সতত খুস্কি বা উপত্বক উঠিয়া যায়

চিকিৎসা।—গ্লিসিরিণ ও বোরাক্স বা সোহাগার উগ্র দ্রব বা কার্বলিক লোশন লাইকর প্লম্বাই সব এসিটেটিস ও গ্লিসিরিণের ধাবন সল্‌ফরস এসিড ও গ্লিসিরিণ। মধ্যে মধ্যে বিরেচক; বলকারক তিক্ত ফাণ্ট। অবসাদক ও সগার ধৌত সমূহ, নাইট্রেট্ অব্ মার্করী অয়েণ্টমেণ্ট এমোনিয়েটেড্ মার্করী অয়েণ্টমেণ্ট; গ্লিসিরিণ আর্সিনিক ১৮৯, ১৯১ টিংচর অব্ পারক্লোরাইড অব্ আয়রণ। হাইড্রার্জ পারক্লোরাইড লোশন, ১০ গ্রেণ ও ১ আউন্স জল, তুলি দ্বারা লাগাইবে ইহার সঙ্গে ১০ বা ২ গ্রেণ এমোন ক্লোরাইড মিশাইয়া দেওয়া যাইতে পারে। কার্বলিক সোপ ব্যবহার্য্য অয়েল ইউকালিপ্টাই বা ক্রিয়েজোট মলম আকারে প্রযুক্ত হয়

ইক্‌থাইয়োসিস—এককুষ্ঠ।

অসংক্রামক সশল্ক চর্ম্মপীড়া। ইহা অতি বিরল। দেহের এক বা অধিক স্থানে পুরু, কঠিন ও শুষ্ক শল্ক উৎপন্ন হয়, ইহাদের বর্ণ মলিন ধূসর উত্তাপ, বেদনা বা কণ্ডূয়ন থাকে না সশল্ক উদ্ভেদ বশতঃ রোগীকে কদাকার দেখায়।

চিকিৎসা —ঈষদুষ্ণ জলে বা সফাপ জলে স্নান, বাষ্প স্নান স্নানের পর অলিভ অয়েল, কোকোনট অয়েল, ল্যানোলিন, ইউক্যালিপ্টাই অয়েল পীড়িত অংশে লাগাইলে উপকার হয় স্যালিসিলিক এসিড বা লাইকর পটাশ জল সহ লাগাইলে চর্ম্মের কাঠিন্য দূর হয় গ্লিসিরিণ, ক্রিয়েজোট লোশন, কার্ব্বলিক এসিড অয়েল ও লোশন ইক্‌থিয়ল, বিসবসিন শতকরা ১০ ভাগ ও ন্যাপথল ৫ ভাগ, তৈল বা মলম সহ স্থানিক প্রয়োজ্য আইয়োডাইড অব্ পটাসিয়ম ১০ গ্রেণ, জলে দ্রব করত ১ আউন্স ল্যানোলিনের সঙ্গে মিশাইয়া স্থানিক ব্যবহার্য্য। সেবনার্থ—আর্সিনিক, ডনোভান্স সলিউসন; কড্-লিভর অয়েল; করোসিব সবলিমেট। লাইকর পটাশ ও সার্সা প্যারিলা আইয়োডাইড অব্ পটাসিয়ম

একনি—মুখদূষিকা।

প্রাচীন গুটিক চর্ম্মরোগ; ক্ষুদ্র ক্ষুদ্র স্ফোটক বাহির হয়, উহাদের মূল গাঢ় লালবর্ণ থাকে। যৌবনাবস্থায় হয়, ইহাকে বয়স ফোড়াও বলে স্ফোটক পাকিয়া ফাটিয়া যায়, তৎপরে ছোট ও শক্ত লালবর্ণ অর্ব্বুদবৎ অবশিষ্ট থাকে এবং তাহা ক্রমশঃ

মিলাইয়া যায় কিন্তু প্রায়ই দাগ থাকে ইহাদের উৎপত্তি স্থান চর্ম্মস্থ সিবেসস্ ফলিকল্স বা মেদ গ্রন্থি কপাল ও দুই কপোলদেশেই সাধারণতঃ জন্মে নাসিকাতেও হয়।

চিকিৎসা। ব্রোমাইড্ অব্ পটাসিয়ম আভ্যন্তরিক প্রয়োগে উপকার দর্শে ক্রিয়েজোট ৬৬, ৬৮ হাইড্রার্জ এমোনিয়েটম ৬৫ সল্‌ফিউরিস্ আইয়োডিডম ৬৯, ৭০। ঈষ-দুষ্ণ জলে স্নান, করসিব সব্লিমেট ৪ গ্রেণ, অমণ্ড মিকশ্চর ৮ আউন্স, একত্রে লোশন অঙ্গুয়েঃ হাইড্রার্জ নাইট্রেটিস্ ডিল গ্লিসিরোল অব্ এলোজ, বোরাক্স্ ও গ্লিসিরিণ, মিল্ক অব্ রোজ, পটাশি সায়ানিডাই সেবনার্থে আর্সিনিক ১৮৯, ২৯১, পেপ্-সিন, কুইনাইন, বিবিধ আয়রণ; সল্‌ফর; সল্‌ফাইড্ অব্ ক্যাল্-সিয়ম কোষ্ঠ বদ্ধ থাকিলে মার্কিউরিয়েল বা স্যালাইন বিরে-চক। সল্‌ফর ৩০ গ্রেণ, ক্যালেমিনা ৩০ গ্রেণ, কার্বলিক্ এসিড্ ১৫ ফোটা ও ল্যানোলিন ১ আউন্স একত্রে মিশাইয়া ব্রণোপরি মর্দ্দিতব্য।

প্যারাসাইট—পরাঙ্গপুষ্ট।

টিনিয়া টন্সিউরান্স—রিং ওয়ার্ম।

এক প্রকার প্রাচীন সংক্রামক চর্ম্ম পীড়া, ইহাতে কেশ বিবর্ণ ও পতনশীল হয়। ইহার উদ্ভেদ শল্কবৎ ও পীড়িত অংশ গোলা-কার হয় সাধারণতঃ মস্তকে জন্মে ইহাতে একরূপ পরাঙ্গপুষ্ট জন্মে ও তাহা কেশমূলে অবস্থিতি করে।

টিনিয়া ফেভোজা—ফেভস্।

অতি বিরল পীড়া সাধারণতঃ মস্তকে উৎপন্ন হয় মধু-চক্রবৎ আকারে ইহার উদ্ভেদ বাহির হয়। উহার মধ্যস্থলে প্রায়ই এক একটী কেশ থাকে উহাতে শুষ্ক ও পীতবর্ণ মামড়ী পড়ে; ইহাতে সাতিশয় কণ্ডুয়ন জন্মে কেশ পতিত হয় দুর্গন্ধ বাহির হয়। ইহাও একরূপ পরাঙ্গপুষ্টজ পীড়া।

টীনিয়া ডিক্যাল্‌ভান্‌স।

ইহাও একরূপ পরাঙ্গপুষ্টজ পীড়া মস্তকাদি কেশাবৃত স্থানে জন্মে কেশ পতিত হইয়া গোল বা অণ্ডাকার টাক দৃষ্ট হয় তৎ-স্থান চিক্কণ দেখায় এইরূপ গোল বা অণ্ডাকার টাক এক বা ততোধিক হইতে পারে

ইহাদের চিকিৎসা টীনিয়া সাইকোসিসের সমান।

টীনিয়া সাইকোসিস্।

হেয়ার ফলিকল্‌স বা কেশগ্রন্থিতে প্রদাহ হইয়া সপূয, তীক্ষ্ণাগ্র উদ্ভেদ বাহির হয় ডুমুরাকৃতি দেখায় দাড়িতেই সচরাচর এই রোগ জন্মে, তদ্ভিন্ন অন্যান্য কেশাবৃত স্থানেও হইতে পারে। ইহাও পরাঙ্গপুষ্টজ পীড়া।

চিকিৎসা।—সর্ব্বদা পরিষ্কৃত করিবে মামড়ী উত্তোলন করার জন্য তৈল, মোমের মলম ও পুলটীস কেশ উত্তোলন করিবে সার্ব্বাঙ্গিক স্বাস্থ্যোন্নতি করণার্থ কডলিভর অয়েল, বার্ক বা ষ্টীল সল্‌ফরস এসিড লোশন; ক্রিয়েজোট ২৭, ৫৪; কার্ব-

লিক এসিড ও জল গ্লিসিরীণ ও কার্ব্বলিক এসিড (১ ভাগে ৮ ভাগ); করোসিব সব্লিমেট লোশন ১১৭। অঙ্গুয়েঃ হাইড্রার্জ এমোনিয়েটা ও সল্‌ফর ৬৫; অয়েল ক্রিয়েজোট ও অঙ্গুয়েঃ হাইড্রার্জ অক্‌সাইড রুব্রাই ৬৬, ক্রিয়েজোট ও সল্‌ফর ৬৮; আইয়োডাইড অব্ সল্‌ফর ৬৯, ৭০ অঙ্গুয়েঃ হাইড্রার্জ নাইট্রেটীস ৬১, ৬৭ রিং ওয়ার্ম্মেতে ষ্ট্রং এসিটীক এসিড; লিনিমেণ্ট অব্ টর্পেণ্টাইন ও এসিটীক এসিড আঙ্গুয়েঃ হাইড্রার্জ আইয়োডাইড রুব্রম (মোমের মলমের সঙ্গে মিশ্রিত করিয়া) করোসিব সব্লিমেট অয়েণ্টমেণ্ট; আইয়োডিন ১০০ গ্রেণ, অয়েল পিট্রোলিয়ম ১ আউন্স স্থানিক প্রযোজ্য। ক্রাইসোফানিক এসিড ১৫ ২০ গ্রেণ, মোমের মলম, লার্ড বা ঘৃত ১ আউন্স, একত্রে মলমাকারে দদ্রুস্থানে মর্দ্দিতব্য বোরিক ও স্যালিসিলিক এসিড ঐরূপ ভাবে ব্যবহারে উপকার দর্শে। থাইমল, ইক্‌থিয়ল, টিংচর আইয়োডিন, বোরাক্‌স্, ন্যাপথল, ওলিয়েট অব্ মার্করী, অয়েল ইউক্যালিপ্‌টাই প্রভৃতি প্রয়োগেও উপকার দর্শে

টিনিয়া ভার্সিকোলার।

সাধারণতঃ বক্ষঃ বা উদরের সম্মুখ দিকে প্রকাশ পায় পীতাভ উদ্ভেদ, গমের ভূসির ন্যায় শল্ক দ্বারা আবৃত থাকে ইহাও একরূপ পরাঙ্গপুষ্টজাত পীড়া

চিকিৎসা।—সল্‌ফরস এসিড লোশন, গ্লিসিরীণ অব্ কার্ব্বলিক এসিড; টর্পেণ্টাইন লিনিমেণ্ট, করোসিব সব্লিমেট লোশন সেবনার্থে আর্সিনিক সদা সর্ব্বদা পরিষ্কার ও পরিচ্ছন্নতার প্রতি দৃষ্টি রাখা কর্ত্তব্য। পিটিরায়েসিস্ দ্রষ্টব্য

স্কেবিজ্—পাঁচড়া।

ক্লেশদায়ক সংক্রামক চর্ম্ম পীড়া ইহাতে অত্যন্ত কণ্ডুয়ন হয় উত্তাপ দ্বারা উদ্দীপনা বর্দ্ধিত হয়। প্রথমে ছোট ছোট ফুস্কুড়ি বাহির হয়, তাহা কখন জলপূর্ণ ও কখন পূযপূর্ণ দেখা যায় হস্তের অঙ্গুলির ভিতর সাধারণতঃ হয়। জান্তব পরাঙ্গপুষ্ট হইতে উৎপন্ন হয়

চিকিৎসা ১ ভাগ চুণ, ২ ভাগ গন্ধক ও ১০ ভাগ জল, যতক্ষণ একত্রে মিলিত না হয়, ততক্ষণ ফুটাইবে; তৎপরে উপরিস্থ স্বচ্ছ জল ঢালিয়া লইবে স্নানের পর তুলি দ্বারা এই জল স্থানিক প্রয়োগ করিবে উষ্ণ জল ও সাবান দ্বারা ধৌত করিবে। সল্ফর অয়েণ্টমেণ্ট, সল্ফর বাথ; সল্ফর সোপ ষ্টোবাক্স ও অমণ্ড অয়েল একত্রে কার্ব্বলিক এসিড অয়েল (১ ভাগ, ৮ ১৬ ভাগ তৈল); সল্ফরস এসিড গ্যাস দ্বারা ফিউমিগেশন; দ্রব গন্ধকে বস্ত্রখণ্ড ভিজাইয়া তাহা জ্বালাইলে উক্ত বাষ্প নির্গত হয় কার্বনেট অব্ পটাশ ৩ আউন্স, পরিস্রুত জল ৩ আউন্স, সব্লাইম্ড সলফর ৬ আউন্স, লার্ড ২৩ আউন্স একত্রে মলম ঈষদুষ্ণ জলে স্নান করিয়া পরে উপর্য্যুক্ত মলম লাগাইবে আইয়োডাইড অব্ পটাসিয়ম ১ ড্রাম, জল ৮ আউন্স একত্রে ধাবন প্রস্তুত করিয়া তদ্দ্বারা ভিজাইয়া রাখিলে উপকার দর্শে সেবনার্থ সল্ফর অল্প মাত্রায় প্রযোজ্য

য়্যালোপেসিয়া—বল্ডনেস—দারুনক—টাক।

কেশপতন স্থায়ী বা ক্ষণস্থায়ী হইতে পারে প্রথমতঃ মস্ত-

কের উপরের বা শঙ্খদেশের ও মস্তকের সম্মুখ দিকের কেশ পাতলা হইতে থাকে তৎপরে টাক পড়ে বলহানি বশতঃ ও পোষণ ক্রিয়ার সার্ব্বাঙ্গিক দুর্ব্বলতা বশতঃ কোগ্রন্থি পীড়িত হয় কেশগ্রন্থি বিনষ্ট হইলে আরোগ্যের সম্ভাবনা থাকে না। দৌর্ব্বল্য, রক্তস্রাব, জ্বর, গণ্ডমালা ও উপদংশ আদি কারণে টাক পড়িলে কেশগ্রন্থি বিনষ্ট না হইয়া অকর্ম্মণ্য হইয়া থাকে তজ্জন্য রোগ আরোগ্য হইতে পারে

চিকিৎসা।—পুষ্টিকর খাদ্য, কুইনাইন ও ষ্টিল ১৭২, ১৭৩, ১৭৬ কডলিভর অয়েল ৪০১ লাইকর এমোনিয়া এসিটেটীস; লাইকর এমোনিয়া ২৯, ব্যালসম পেরু, ব্যালসম টলু ৬০ গ্লিসিরীণ ২৯ নাইট্রিক এসিড্, অয়েল্ ওরিগেনাই; অয়েল রোজমেরিনাই ২৯, ৬০ সল্ফিউরিস আইয়োডিডম অয়েণ্টমেণ্ট ৬৮ ক্যান্থেরাইডিস ২৯, ৪২ ক্রিয়োজোট ও সল্ফর অয়েণ্টমেণ্ট, ডাইলিউটেড আইয়োডিন লিনিমেণ্ট; টর্পেণ্টাইন ও এসিটীক এসিড লিনিমেণ্ট টিং জেবোরাণ্ডি ও গ্লিসিরিণ বোরেসিস। অয়েল নটমেগ ও অলিভ অয়েল বিবিধ এণ্টিসেপ্টীক ঔষধ ব্যবহৃত হয় অধিক দিবস ধরিয়া লাইকর আর্সিনিকেলিস সেবনে হিতফল দর্শে। প্যারাফিন অয়েলের স্থানিক প্রয়োগ উপকারী মৃদু গ্যালভানিজম; ইলেক্‌ট্রোড ব্রশ ব্যবহার সুফলদায়ক মস্তক মুণ্ডন মধ্যে মধ্যে করিলে উপকার হইতে পারে নারিকেল তৈলের সঙ্গে অয়েল রোজমেরি, ইউক্যালিপ্টাই, লাইকর এমোনিয়া ও টিং ক্যান্থেরাইডিস

ওয়ার্টস—কর্ণস্—আঁচিল ও জাম্ড়ো।

চিকিৎসা।—নাইট্রেট অব্ সিল্ভর, গ্লেসিয়েল এসিটীক এসিড; এসিড সলিউসন অব্ নাইট্রেট অব্ মার্করী কাঁচি দ্বারা কর্ত্তন কার্ব্বলিক এসিড; ক্রমিক এসিড, নাইট্রিক এসিড স্যালিসিলিক এসিড অর্দ্ধ হইতে ১ ড্রাম ও মোমের মলম ব লার্ড ১ আউন্স; লাইকর আর্সিনিকেলিস স্থানিক প্রয়োজ্য

বর্ণস্ ও স্কল্ডস্—অগ্নি ও অত্যুষ্ণ জলদাহ।

দগ্ধ স্থানের পরিমাণ, বিধান বিধ্বংস, রোগীর বয়স ও দৈহিকাবস্থার উপর বিপদাশঙ্কার তারতম্য হইয়া থাকে

লক্ষণ —দেহের মধ্যে এরূপ অভিঘাত বা শক্ লাগে যে, তাহাতে সাংঘাতিক মূর্চ্ছা সমুপস্থিত হইতে পারে শরীর ও শাখাদি শীতল ও পাণ্ডুবর্ণ কম্প, নাড়ী ক্ষীণ ও দ্রুত অসম্পূর্ণ প্রতিক্রিয়া ও অবসন্নতা অথবা প্রবল প্রতিক্রিয়া সহ জ্বর ও মস্তিষ্ক, ফুস্ফুস্ বা অন্ত্রে রক্তাধিক্য উপস্থিত হয় অথবা সাতিশয় পূয়াদি স্রাব ও ক্ষতারোগ্য হইতে বিলম্ব হওয়ায় বিরোগী জ্বর (হেক্টিক্ ফিবর) সমুপস্থিত হয় ক্ষতারোগ্যের পর অঙ্গাদি সংকুচিত বা বিকৃত হইতে পারে

চিকিৎসা —বেদনা নিবারণ ও প্রতিক্রিয়া আনয়নার্থে ওপিয়ম ও বেলেডোনা এবং ব্রাণ্ডি আদি উত্তেজক ব্যবস্থেয় ক্লোরোফর্ম্ম আঘ্রাণ কোষ্ঠবদ্ধ থাকিলে ক্যাষ্টর অয়েলাদি বিরেচক আভ্যন্তরিক যন্ত্রাদিতে রক্তাধিক্য ও প্রদাহ হইলে জ্বালা-

ইন ঔষধ ২৮৩, ২৮৮, ২৮৯; বরফ; এমোনিয়া ও বার্ক ১৮৩, ১৮৪ পোর্ট, ব্রাণ্ডি, দুগ্ধ, ডিম্ব, মাংসযূষ স্থানিক দগ্ধ স্থানে বায়ু প্রবেশ করিতে না পারে, তজ্জন্য সতর্ক হওয়া কর্ত্তব্য অল্প পরিমিত স্থান দগ্ধ হইলে কয়েক ঘণ্টা তাহা শীতল জলে ডুবাইয়া রাখিতে কেহ কেহ বলেন লাইম লিনি-মেণ্ট বা ক্যারণ অয়েল, ২৩৭। মিউসিলেজ অব্ গম একে-সিয়া; এসিটম বা ভিনিগার; য়্যাল্কোহল্; অলিয়ম পোরম (শূকরের চর্ব্বিসহ); আর্জেণ্টাই নাইট্রাস্ ৫ ১৫ গ্রেণ, জল ১ আউন্স, কলোডিয়ন্, ক্রিয়েজোট ৫৪ ক্রিটা প্রিপেয়ারেটা ২৬৩; ষ্টার্চ, ময়দা বা চাউল চূর্ণ দগ্ধ স্থানে ছড়াইয়া দিবে, উহার সহিত বোরিক এসিড মিলাইয়া দিবে গ্লিসিরিণ, প্লাম্বাই কার্ব্বনাস, ট্রিকল অঙ্গুয়েঃ সল্‌ফিউরিস, অয়েল টর্পেণ্টাইন, সিরেট ক্যালেমিনা, অক্সাইড অব্ জিঙ্ক অয়েণ্টমেণ্ট বা চূর্ণ সল্‌ফেট অব্ জিঙ্ক লোশন ফোস্কা হইলে তাহা গালিয়া দিবে ক্ষত শুষ্ক হওয়ার কালে অঙ্গ সঙ্কুচিত বা অন্য কোন অঙ্গের সহিত সংযুক্ত না হইতে পারে, তদর্থ সতর্কতা প্রয়োজন মৃদু কার্বলিক অয়েল, অথবা ক্যারন অয়েলের সঙ্গে কয়েক ফোঁটা বিশুদ্ধ কার্ব্বলিক এসিড মিশাইয়া দিবে বাইকার্ব্বনেট অব্ সোডা সলিউসন ষ্ট্রং লাগাইলে তৎক্ষণাৎ বেদনা ও ফোস্কা নিবারিত হয় বেদনার জন্য অল্প মাত্রায় কোকেইন লোশন লাগান যাইতে পারে সেবনার্থও দেওয়া যায় আহত অংশ তুলা দ্বারা আবৃত ও ব্যাণ্ডেজ বাঁধিয়া রাখা কর্ত্তব্য

ডিজিজেস্‌ অব্‌ উইমেন।

স্ত্রীরোগ

ভল্‌ভাল প্রুরাইটীস্‌—যোনি কণ্ডূয়ন।

বাহ্য স্ত্রীজননেন্দ্রিয়ের উদ্দীপনা। ইহা আপনাপনি বা অন্যান্য পীড়ার সঙ্গে উৎপন্ন হয়। প্রৌঢ় বয়সেও এই রোগ অসাধারণ নহে। সময় সময় গর্ভাবস্থায় উপস্থিত হয়।

লক্ষণ। কণ্ডূয়ন, ঝিন্‌ঝিন্‌, পিপীলিকাগতি বা জ্বালা বোধ হয়। উত্তাপ ও উত্তেজনা দ্বারা উহা বৃদ্ধি পায়, চুলকাইতে চুলকাইতে চর্ম্মাদি হাজিয়া যায় ও মামড়ী পড়ে। ক্ষুধাভাব, রাত্রিতে অস্থিরতা ও সার্ব্বাঙ্গিক উগ্রতা আদি, যন্ত্রণা হেতু উপস্থিত হয়।

চিকিৎসা।—মৃদু বিরেচক সল্‌ফেট্‌ অব্‌ সোডা ও সল্‌ফর, সল্‌ফর ও ম্যাগ্‌নিসিয়া ৩৫৪, সল্‌ফর ও ক্রিম অব্‌ টার্টার ৩৫৫; ক্যালোমেল ও বিয়াই ৩৪৩। পেপ্‌সিন্‌ ৪১৭; নাইট্রো মিউরিয়েটীক এসিড ও তিক্ত ফান্ট। পথ্যার্থ দুগ্ধ, ডিম্ব, মাংস, অন্ন। চা, কফি ও সুরাপান নিষিদ্ধ। কুইনাইন ও বেলেডোনা বটিকাকারে, করোসিব সব্‌লিমেট ও সার্সা ৪০২, লাইকর আর্সিনিক ও আয়রণ ১৯১। স্থানিক—সব-এসিটেট্‌ অব্‌ লেড্‌ লোশন ৪২৬, সল্‌ফেট্‌ অব্‌ এট্রোপিয়া সলিউসন্‌ ১ ড্রাম্‌ ও এক পাইণ্ট এল্ডর ফ্লাউয়ার ওয়াটার; একোনাইট ও বেলেডোনা লিনিমেণ্ট সমভাগে লইয়া মর্দ্দন, এসিটেট অব্‌ লেড ও হাইড্রোসিয়ানিক্‌ এসিড্‌ ১১৬, মর্ফিয়া ও লাইকর পটাশ ১৫৫; বোরাস ও মর্ফিয়া ১৫৮, অসমও

অয়েল, লাইম্‌ লিনিমেণ্ট; গ্লিসিরিণ ১ ভাগ ও গোলাপ জল ৮ ভাগ; কালোমেল অয়েণ্টমেণ্ট সর্ব্বদা পরিষ্কার রাখিবে। বেলেডোনা পেসারি, অঙ্গুয়েঃ হাইড্রার্জ্জ নাইট্রেটীস রোগের কারণ জানিতে পারিলে তদনুরূপ চিকিৎসা করিবে লাইট কার্ব্বলিক অয়েল কোকেইন লোশন

ভল্‌ভাইটীস সিম্পল ও ফলিকিউলার।

অপরিষ্কৃততা, অপরিমিত পুরুষসঙ্গম, উপদংশ বিষ বা সন্নিহিত যন্ত্রের (মলদ্বার ও জরায়ু) উদ্দীপনা বশতঃ এই প্রকার প্রদাহ উপস্থিত হয়

লক্ষণ —বেদনা ও স্পর্শাসহত্ব। স্ফীতত্ব, শ্লেষ্মাস্রাব, প্রস্রাব করিতে উষ্ণতা ও জ্বালা বোধ কটি, কুচকী ও উরুতে কন্‌কনে বেদনা বোধ হয় সার্ব্বাঙ্গিক লক্ষণাদিও সমুপস্থিত থাকে

চিকিৎসা —কুইনাইন, আয়রণ, মদ্য, পুষ্টিকর খাদ্য, ক্ষত পচিতে থাকিলে নাইট্রিক্‌ বা হাইড্রোক্লোরিক্‌ এসিড স্থানিক, কষ্টিক লোশন, কার্ব্বলিক অয়েল ফলিকিউলার প্রদাহে— মর্ফিয়া ও হাইড্রোসিয়ানিক এসিড লোশন ১৫৫, গ্লিসিরিণ ও লাইম ওয়াটর, আইয়োডাইড অব্‌ লেড ও বেলেডোনা অয়েণ্ট-মেণ্ট, একোনাইটিন অয়েণ্টমেণ্ট, হাইড্রোসিয়ানিক এসিড ও এট্রপিয়া অয়েণ্টমেণ্ট ১২৮ উষ্ণ জলে কটিস্নান, উষ্ণ জলে একষ্ট্রা পটী গুলিয়া দিবে পথ্য—অনুত্তেজক ও লঘুপাক। চা, কফি, মদ্য নিষিদ্ধ আর্সিনিক ও বার্ক ১৬৮; এসিড নাই-ট্রিক ও ইন্‌ফিঃ ক্যালম্বা ১৬৯; কুইনাইন্‌ ১৯৩; করোসিব সব-

লিমেট ও সার্জা ৩৯৮, ৫০২ কডলিভর অয়েল, বায়ু পরিবর্ত্তন। গরম জলের ডুশ বা পীচকারি পটাশ পারমাঙ্গানাস বা কার্ব্বলিক লোশন অথবা বোরাসিক লোশন

ইন্‌ফ্যাণ্টাইল লিউকোরিয়া—শৈশব শ্বেতপ্রদর।

বালিকাদের যোনিদ্বারস্থ শ্লৈষ্মিক গ্রন্থি হইতে এক প্রকার স্রাব হয়, তাহাকে শৈশব শ্বেতপ্রদর বলে সময় সময় যোনির মধ্য হইতে স্রাব নিঃসৃত হয় প্রস্রাব করিতে উষ্ণতা ও বেদনা বোধ সন্নিহিত শ্লৈষ্মিক ঝিল্লী হাজিয়া যাওয়ার ন্যায় দেখায়। ইহা আপনাআপনি সমুপস্থিত হইয়া থাকে সময় সময় কণ্ডুয়ন উপস্থিত হয় সার্ব্বাঙ্গিক স্বাস্থ্য ভাল থাকে না

চিকিৎসা।—সংকোচক ধাবন দ্বারা যোনিদ্বার সর্ব্বদা পরিষ্কার করিবে। ফটকিরি মিশ্রিত ঈষদুষ্ণ জলে কটিস্নান বোরিক এসিড বা পারম্যাঙ্গানেট অব্ পটাশ লোশন দ্বারা ধৌত করণ হিতকর সেবনার্থও অল্প মাত্রায় বোরিক এসিড ব্যবহৃত হইতে পারে মধ্যে মধ্যে বিরেচক ও পরিবর্ত্তক ঔষধ বেদনা থাকিলে পপীহেড ফোমেণ্টেসন কুইনাইন ও ষ্টীল ১৭৬, কডলিভর অয়েল, সামুদ্রিক বায়ুসেবন সিরপ ফেরি আইয়োডাইড, ফস্ফেট অব্ আয়রণ বা লাইম

ইউরিথ্রাইটীস—মূত্রমার্গ প্রদাহ।

প্রমেহ ব্যতীত আপনাআপনি উপস্থিত হইতে পারে

লক্ষণ।—মূত্রমার্গে উষ্ণতা বোধ, প্রস্রাব করিতে জ্বালা, সপূয় শ্লেষ্মাক্ষরণ, মূত্রাশয়ের উদ্দীপনা মূত্রমার্গ স্ফীত ও আরক্ত

চিকিৎসা।—উষ্ণ জলে কটিস্নান, উষ্ণ জল স্বেদ, বিশ্রাম, অনুত্তেজক খাদ্য, স্নিগ্ধ পানীয় ওপিয়াম ও বেলেডোনা ১০১ বেলেডোনা ও বিস্মথ নির্ম্মিত পেসারি প্রভৃতি বাত্রে দিয়া রাখিবে ক্যালসম কোপেবা নাইট্রেট অব্ সিল্ভর লোশন স্যাণ্ডাল উড্ অয়েল মিউসিলেজ সহ লিনসিড টি অল্প মাত্রায় অর্থাৎ সিকি হইতে ১ মিনিম মাত্রায় টিং ক্যান্থারিস্ সেবন হিতকর

ভ্যাজাইনাইটীস—যোন্যভ্যন্তর প্রদাহ।

তরুণ ও প্রাচীন ভেদে এই প্রদাহ দ্বিবিধ শ্লৈষ্মিক ঝিল্লী ব্যতীত অন্যান্য তন্তুও আক্রান্ত হইতে পারে আঘাত, অপরিষ্কৃততা ও ভ্রূণ মস্তকের দ্বারা চাপ লাগা আদি কারণে তরুণ প্রদাহ জন্মে

লক্ষণ।—যোনিতে বেদনা ও উত্তাপ বোধ যোনিদ্বার কণ্ডুয়ন, মূত্রাশয়ের উদ্দীপনা প্রথমে শ্লৈষ্মিক ঝিল্লী শুষ্ক ও স্ফীত থাকে এবং শ্লেষ্মাস্রাব কম হয় তৎপরে ঘন শ্লেষ্মা ও পূয নিঃসৃত হয় ও বেদনা কম পড়ে পৃষ্ঠবেদনা, উরু ও নিতম্বে বেদনা ৭১৮ দিবস পরে রোগ প্রাচীনাকার ধারণ করে যদি শ্লৈষ্মিক ঝিল্লীর নিম্নস্থ বিধান আক্রান্ত হয়, তাহা হইলে শীত, জ্বর, শিরোবেদনা প্রভৃতি প্রকাশ পায় দপ্দপে বেদনা ও পূযোৎপত্তি হয় প্রাচীন প্রদাহে

শ্বেতপ্রদরবৎ স্রাব নির্গত হয়। ক্ষুধাভাব, কোষ্ঠবদ্ধ, অজীর্ণ ও উদরাধ্মান, মানসিক অবসন্নতা প্রভৃতি লক্ষণ বর্ত্তমান থাকে। প্রাচীন প্রদাহকে ভ্যাজাইনাল ক্যাটারও বলে।

চিকিৎসা।—গ্লিসিরিণ অব্ ট্যানিন। লাইম ওয়াটর ধাবনার্থ। উষ্ণ জলে অধিকক্ষণস্থায়ী কটিস্নান; রোগ প্রবল হইলে উক্ত জলে একটী পপী ও কার্ব্বনেট অব সোডা মিশ্রিত করিয়া দিবে। অন্ত্র পরিষ্কার করণার্থ ক্যাষ্টর অয়েল, ক্যালোমেল ও জেলাপ, জেলাপ ও সোডা ৩৩৭। ঈষদুষ্ণ জলের পীচকারি, বেদনানিবারক ধৌত দ্বারাও পীচকারী দিবে। অক্সাইড অব্ জিঙ্ক ও বেলেডোনা বা ওপিয়ম ও এসিটেট অব্ লেড নির্ম্মিত পেসারি প্রযোজ্য। লঘু অন্ন, মৎস্য, দুগ্ধ, ডিম্ব ও স্নিগ্ধ পানীয়। উত্তেজক দ্রব্যাদি নিষিদ্ধ। পূযোৎপত্তি হইলে ওপিয়ম ও হেনবেন; এমোনিয়া ও বার্ক ১৮৩, ১৮৪, পুষ্টিকর খাদ্য। উদরাধঃ প্রদেশে উষ্ণজল স্বেদ, মসিনার পুলটীস দিবে। পারম্যাঙ্গানেট অব্ পটাশ, বোরিক এসিড বা কার্বলিক এসিড প্রভৃতি এণ্টিসেপ্টীক ঔষধের মৃদু ধাবনের পীচকারি বা ডুশ; গরম জলের ডুশ ব্যবহারে উপকার দর্শে।

ভ্যাজাইনাল ক্যাটার—যোনিসর্দ্দি।

লক্ষণাদি শ্বেতপ্রদরের ন্যায়।

চিকিৎসা।—রোগের কারণ নিরূপিত হইলে সর্ব্বাগ্রে তাহা বিদূরিত করিবে। মিনারেল এসিড্‌স ও বার্ক ১৬৯, ১৭০; কুইনাইন ১৯৩, পেপ্‌সিন ৪১৯, লবণ মিশ্রিত শীতল জলে কটিস্নান, সংকোচক ঔষধ (২৪৪) দ্বারা যোনি মধ্যে পীচকারি

দিবে শীতল বা ঈষদুষ্ণ জল দ্বারা প্রত্যহ পীচকারি সলফেট অব্ জিঙ্ক, ট্যানিন পেসারি কর্পূর বেদনা থাকিলে তৎস্থানে বেলেডোনা প্লাষ্টার পুষ্টিকর খাদ্য, বলকরৌষধ, বায়ু পরিবর্ত্তন। টিং ষ্টীল ও নক্স-ভমিকা, সিরপ ফেরি আইয়োডাইড ও কড-লিভর অয়েল, ফেরি ফস্ফ ও লাইম ফেরি এট্ এমোন সাই-ট্রাস. তিক্ত ফাণ্ট সহযোগে ব্যবহার্য্য

প্রোলাপ্‌সস্ ভ্যাজাইনা এণ্ড ইউটিরস—যোনিভ্রংশ বা জরায়ুভ্রংশ।

ইহা স্বতন্ত্র ভাবে বা জরায়ুভ্রংশের সঙ্গে মিলিতভাবে সমুপস্থিত হয় যদি যোনি প্রণালীর সমস্ত পরিধিব্যাপ্ত শ্লৈষ্মিক ঝিল্লী নির্গত হয়, তবে তাহা যোনিদ্বারে একটী অর্ব্বুদবৎ দেখায় প্রদাহ ও হাজিয়া যাওয়া বর্ত্তমান থাকে মূত্রাশয় উগ্র ও মূত্রকৃচ্ছ্র। আংশিক ভ্রংশ অর্থাৎ শ্লৈষ্মিক ঝিল্লীর কতক অংশ সাধারণতঃই বাহির হইয়া থাকে।

চিকিৎসা।—বহির্গত অংশ উত্তোলিত করিবে সংকোচক পেসারি ব্যবহার্য্য। কিছুদিন রোগীকে শয়ন করাইয়া রাখিবে বিনা আয়াসে মল নির্গত হয়, এরূপ উপায়াবলম্বন করিবে। সার্ব্বাঙ্গিক স্বাস্থ্যের উৎকর্ষসাধন ও পৈশিক সূত্রের বলবিধানকর ঔষধ প্রযোজ্য পুষ্টিকর খাদ্য, প্রত্যহ লবণ মিশ্রিত শীতল জলে কটিস্নান কুইনাইন ; ষ্টীল ও ষ্ট্রিকনিয়া ১৭৩, ১৭৮ ফস্ফরিক এসিড ও নক্সভমিকা ৪২৯, ৪৩২ সংকোচক ধাবনের পীচকারি, ট্যানিন ও ক্যাটিকিউ নির্ম্মিত পেসারি।

ডিকক্‌সন অব্‌ ওক বার্ক বা এলম লোশনের পীচকারি। গ্লিসিরিণ অব্‌ বোরাক্স সহ এব্‌সর্বেন্ট তুলা প্রবেশিত করাইয়া রাখিলে রক্তাধিক্য নিবারিত হয়। বিবিধপ্রকার পেসারী প্রযোজ্য।

পেল্‌ভিক সেলুলাইটিস বা প্যারা-মিট্রাইটিস।

বস্তিগহ্বরস্থ আবরচ্ছদ-প্রদাহ; সাধারণতঃ প্রসবে কষ্ট ও গর্ভস্রাব বশতঃ উপস্থিত হয়। বাহ্যিক আঘাত, জরায়ুর পীড়া বা গণ্ডমালীয় ধাতুপ্রকৃতিও এই পীড়ার কারণ।

লক্ষণ।—অজ্ঞাতসারে সমুপস্থিত হয়। জ্বর, মস্তকে বেদনা ও অস্থিরতাদি সার্ব্বাঙ্গিক লক্ষণ প্রকাশ পায়। প্রবল দব্‌দবে ও কণ্‌কণে বেদনা। উরুর নীচে পর্য্যন্ত ব্যাপী স্নায়ুশূল। অঙ্গাদিতে কণ্‌কণে বেদনা, মূত্রকৃচ্ছ্র, কোঁতানি, বমন ও বিবমিষা। বেদনান্বিত স্ফীততা উদরাধঃ প্রদেশে অনুভূত হয়। পূযোৎপত্তি হইলে লক্ষণাদি প্রবলতর হয়। শীত ও তীব্র বেদনা।

চিকিৎসা। রোগীকে স্থিরভাবে শয়ন করাইয়া রাখিবে। অত্যন্ত কম্পসহ রোগ উপস্থিত হইলে উত্তেজক সেবন ও পদদ্বয়ে উষ্ণজল পূর্ণ বোতল সংস্থাপন কর্ত্তব্য। উদরাধঃ প্রদেশে জলৌকা, মৃদু বিরেচক, লিন্‌সীড বা ব্রান পুলটীস। অন্ত্র পরিষ্কার করণার্থ ঈষদুষ্ণ জলের পীচকারি বা একমাত্রা স্যালাইন্‌ পর্গেটিভ্‌ দেওয়া যাইতে পারে। বরোসিস সলিউসন, বোরিক এসিড বা কর্বোলিক সল্ফিমেট লোশন গরম জল সহ পীচকারি

বা ডুশ পপী ফোমেণ্টেসন ; বেলেডোনা ও কোনিয়মের পেসারি, উপদংশ-বিষ শরীরে থাকিলে উক্ত পেসারিতে ব্লু অয়েণ্টমেণ্ট দিবে ওপিয়েট এনিমা, মর্ফিয়ার অধস্ত্বাচ প্রক্ষেপ উদরে অত্যন্ত বেদনা থাকিলে এক্ষ্ট্রাঃ বেলেডোনা ও পপীর প্রলেপ দিয়া, তদুপরি লিনসীড পুলটীস বা উষ্ণ জলের স্বেদ উষ্ণ জলে কটিস্নান, উষ্ণ জল দ্বারা যোনিতে পীচকারি রোগীকে উত্তানভাবে শয়িত রাখিবে দুগ্ধ, মাংসযূষ, ডিম্ব, বিস্কুট প্রভৃতি পথ্যার্থ পাকাশয়ের উপর মষ্টার্ড প্লাষ্টর দিবে তরুণ অবস্থা অতীত হইলে আইয়োডাইড অব্ পটাসিয়ম সেবনার্থ ও ব্লিষ্টার দিতে কেহ কেহ বলেন উষ্ণজলে একখণ্ড স্পঞ্জিয়োপিলিন বা ২৩ পুরু বস্ত্রখণ্ড গরম জলে ভিজাইয়া ও তাহা নিঙড়াইয়া তদুপরি ২০৩০ ফোটা লডেনম ছড়াইয়া দিয়া তলপেটে সংস্থাপন করত ব্যাণ্ডেজ বাঁধিয়া দিবে এতদ্বারা বেদনা ও প্রদাহ প্রশমিত হয় সেবনার্থ ওপিয়ম প্রয়োগ হিতকর প্রথমে একটু বেশী দিয়া পরে বেদনা উপশমিত না হওয়া পর্য্যন্ত অল্প মাত্রায় দিবে, ইহার সঙ্গে মূত্রকারক, চর্ম্ম উষ্ণ ও শুষ্ক থাকিলে ব্যবহার্য্য লাইকর হাইড্রার্জ পারক্লোরাইড

পেল্‌ভিক পেরিটোনাইটীস।

জরায়ু ও তৎসন্নিহিত স্থানাচ্ছাদিত অন্ত্রচ্ছদ-প্রদাহ জরায়ুর প্রদাহাদি কারণে ও প্রসবান্তে বা প্রমেহাদির বিষহেতু এই পীড়া জন্মিতে পারে

লক্ষণ।—শীত, পরে বেদনা উদরাধঃ প্রদেশে স্পর্শাসহত্ব ও বেদনা, ও তাহা চাপে বৃদ্ধি। চর্ম্ম উষ্ণ, নাড়ী দ্রুত

ও মুখাকৃতি উৎকণ্ঠাজ্ঞাপক। পৃষ্ঠে ও কটিতে বেদনা ও তাহা উরুদেশ পর্য্যন্ত প্রসারিত হয় বমন, বিবমিষা, উদরাধ্মান ও কোষ্ঠবদ্ধ পূযোৎপত্তি হইতে পারে

চিকিৎসা।—সম্পূর্ণ বিশ্রাম; বেদনানিবারক মাত্রায় ওপিয়ম সেবন; লিনসীড পুলটীস, ওপিয়ম ও বেলেডোনা পেসারী। রেচক ঔষধ এককালীন নিষিদ্ধ। যদি সঞ্চিত মল বৃহদন্ত্রের অধোভাগে থাকে, তবে ঈষদুষ্ণ অলিভ অয়েল ৩ আউন্স ও ক্যাষ্টর অয়েল ১ আউন্স একত্রে পীচকারি দিবে মূত্রত্যাগে অত্যন্ত কষ্ট ও বেদনা অনুভূত হইলে ক্যাথিটার দ্বারা মূত্র নিঃসারিত করিবে পথ্যার্থ—দুগ্ধ, মাংসযূষ, ডিম্ব, বরফ পূঁযোৎপত্তি হইলে মদ্য দিবে রোগ পুনরায় না হয় তজ্জন্য আর্ত্তবস্রাব কালে রোগীকে শয্যায় শয়ান করিয়া থাকিতে বলিবে। পুষ্টিকর পথ্য, কডলিভর অয়েল কুইনিন ও টিং ষ্টীল। পূর্ব্ববর্ণিত পীড়া দ্রষ্টব্য। উপসর্গাদি সাধারণ নিয়মে চিকিৎসা কর্ত্তব্য

পেল্‌ভিক য়্যাব্‌সেস্।

উষ্ণ জলস্বেদ; লিনসীড পুলটিস, উষ্ণ জলে কটিস্নান। ইহা প্রায় আপনাপনি বিদীর্ণ হইয়া থাকে, চর্ম্মের নিকট মুখ হইলে অস্ত্র করিবে সেবনার্থ এমোনিয়া ও বার্ক ১৮৩; কুই-নাইন ও এসিড ১৯৩; কুইনিন ও ষ্টীল; কডলিভর অয়েল মর্ফিয়ার অধস্ত্বাচ প্রক্ষেপ পুষ্টিকর খাদ্য, পোর্ট, ক্লারেট, ব্রাণ্ডি, ও সোডা ওয়াটর, দুগ্ধ, মাংসযূষ ইত্যাদি।

য়্যামিনোরিয়া—আর্ত্তবাভাব।

লক্ষণ।—ইহা দ্বিবিধ ১ম প্রকারে আর্ত্তব স্রাবিত হইয়া জরায়ুর অভ্যন্তরে সঞ্চিত থাকে; কোন প্রকার অবরোধ থাকা বশতঃ বাহির হইতে পারে না জরায়ুর মুখ বা যোনিপ্রণালীর অবরোধ দ্বারা ইহা সংঘটিত হয় রক্ত সঞ্চিত থাকায় তলপেটে অর্ব্বুদবৎ স্ফীততা অনুভব হয় ইহাতে অস্ত্র চিকিৎসার প্রয়োজন

২য় প্রকারে আদৌ আর্ত্তবস্রাব হয় না। এই প্রকার পীড়াই সচরাচর জন্মে ঋতু প্রকাশ হওয়ার পর কিছুকাল নিয়মিতভাবে হইয়া পরে অসময়ে বিলুপ্ত হয় মানসিক অভিঘাত বশতঃ হঠাৎ ঋতু শোণিত ক্ষরণ অবরুদ্ধ হয় বিবিধ তরুণ পীড়া জন্মিলে এবং সর্দ্দি ও আর্দ্রতা বশতঃ এই রোগ উৎপন্ন হইতে পারে শোণিতস্রাব ক্রমশঃ কমিয়া অবশেষে একবারে বন্ধ হয় সার্ব্বাঙ্গিক লক্ষণাদি বর্ত্তমান থাকিতে পারে আকস্মিক অবরোধেই ইহা সুস্পষ্ট প্রকাশ পায় গর্ভাবস্থা বলিয়া ভ্রম না জন্মে, তৎপ্রতি সতর্ক হওয়া উচিত

চিকিৎসা।—হঠাৎ ঋতু বিলোপে একোনাইট ব্যবহার্য্য এক্টিয়া রেসিমোজা সাধারণতঃ বিশেষ উপকারী নাইট্রিক এসিড ও ট্যারাক্সেকম ৩৭০, পটাশী টার্ট ও য়্যাপোক্ল ৩২৭; গ্যাম্বোজ ৩৪৫, য়্যালোজ ৩৪০, পডোফিলিন ও য়্যালোজ আইওডাইড অব্ পটাসিয়ম ৫ গ্রেণ ও টিংচর আইওডিন ৫ মিনিম, একোনাইটম; এমোনি ক্লোরাইডম লাইকর এমোনিয়া ১ ড্রাম, দুগ্ধ ১ পাইণ্ট যোনিদ্বারাভ্যন্তরে

পীচকারি এপিয়ল এক এক মাত্রা দিনে ও রাত্রে ঋতু উপস্থিত হওয়ার সময়ে ৫ ৬ দিন ব্যবহার্য্য টিং ক্যান্থেরাইডিস ১৯০, ৩৬৭, ফিরম রিউকটম ২০৪, ২০৫, ২০৬; ফেরি ব্রোমাইডম; ফেরি আইয়োডিডম ১৮১, ১৯৯, ৩৮৮; গণ্ডমালীয় ব্যক্তিদের পক্ষে। মিঃ ফেরি কং ১৯০; ফেরি সল্‌ফাস ১৭৮, ফেরি এট এমোনি সাইট্রস ১৮৮, ৩৮৫; গোসেকম ২৮৬; আইয়োডোফর্ম্ম, গ্যুবাইনা ৩৮৭, মব্ ৩৮৬; পটাশী নাইট্রস, পটাশী ব্রোমাইড ৪০৮ ফোলিয়ো বিসিনী স্তনোপরি স্থানিক বোজমেরি; রিউটা গ্রাভিয়োলেন্‌স ৩৮৬। সিকেলি কর্ণিউটম ৩৯০, ৩৯১, ৩৯২ হিপ বাথ, স্তনে সিনাপিজম বোরাক্স ৩০২, ষ্ট্রীকনিয়া ১৬, ১৭, ১৭৩, ৩৮৮ সম্বল ১০ হইতে ২০ গ্রেণ মাত্রায়, অয়েল অব্ টর্পেণ্টাইন এনিমা ৮১, ৮৩ ইলেক্‌ট্রিসিটী নাইট্রস ইথর ও স্পিরিট জুনিপার ৩৬৮ পারমাঙ্গানেট অব্ পটাশ ২ গ্রেণ মাত্রায় বটিকাকারে। পল্‌সেটিলা ও কলোফাইলম সেবন করিলে আর্ত্তব সমুপস্থিত হয় ইলেক্‌ট্রিসিটিও প্রযুক্ত হয়।

ডিস্‌মিনোরিয়া—কষ্টরজঃ।

স্নায়ুশূলজ কষ্টরজঃ।—স্নায়বীয় ও ক্ষীণ শরীরবিশিষ্ট স্ত্রীলোকদিগের যৌবনাবস্থায় কষ্টরজঃ সমুপস্থিত হয় কয়েক বৎসর বেদনাবিহীন ঋতু হওয়ার পর এই পীড়া জন্মিতে পারে। বিশেষতঃ যাহাদের গর্ভ না হইয়াছে, তাহাদের এই রোগ হয়। মস্তক বেদনা, তলপেটে ও কোমরের নীচে বেদনা। ঊরর উপরাংশের অভ্যন্তর দিকে বেদনা বোধ নিম্নগমনশীল বেদনা

ও বস্তিদেশে ভারবোধ ঋতুস্রাব যথেষ্ট পরিমাণে হইলে যন্ত্রণার উপশম হয়। সাধারণতঃ ঋতু শোণিত অতি অল্প পরিমাণে নিঃসৃত হওয়ায় যন্ত্রণাদি বর্দ্ধিত হয় বেদনা একবার কমিয়া পুনরায় বৃদ্ধি প্রাপ্ত হয় গুল্মবায়ু, উদরাধ্মান, কোষ্ঠবদ্ধ, ডিম্বকোষে বেদনা আদি লক্ষণ প্রকাশিত হয়

রক্তাধিক্যজ কষ্টরজঃ —ইহা অধিক বয়সে হয় ঋতু প্রকাশের ৪ ৫ দিন পূর্ব্ব হইতে যন্ত্রণা আরম্ভ হয় পৃষ্ঠ বেদনা, ক্লান্তিবোধ ও অস্থিরতা, বস্তিদেশে ভারবোধ, মূত্রাশয়ের উদ্দীপনা, অর্শ, জরায়ুতে দব্‌দবে বেদনা ক্রমশঃ ঋতু প্রকাশ পায়, প্রথমে শোণিত স্রাব অতি অল্প পরিমাণে হইতে থাকে শোণিত স্রাব অধিক হইলে যাতনার উপশম হয় জমা রক্ত বা ঝিল্লী নিঃসৃত হয় ডিম্বকোষ ও স্তন বেদনান্বিত থাকে

যান্ত্রিক কষ্টরজঃ —বাহ্য বা আভ্যন্তর অস্ ইউটিরাইতে অবরোধ বশতঃ বা জরায়ুতে অর্ব্বুদ, উহার স্থানচ্যুতি প্রভৃতি কারণে এই পীড়া জন্মে ঋতু অল্প, স্রাব এক এক বার অধিক পরিমিত তৎসঙ্গে বেদনা থাকে পৃষ্ঠ বেদনা, মূত্রাশয়ের উদ্দীপন, ডিম্বকোষে বেদনা ও রক্তাধিক্য পরীক্ষা দ্বারা অস্‌ইউটিরাই ছোট হইবার ঋতু শোণিত নিঃস্রব কালে উহাতে আক্ষেপ উপস্থিত হয়

চিকিৎসা। একিয়া রেসিমোজার টিংচর ঝিল্লী নিঃসৃত হইতে থাকিলে আর্সেনিক ব্যবহার্য্য স্নায়ুশূলজ রোগে ক্রোটন ক্লোরাল ব্যবহার্য্য বেদনা নিবারণার্থ উষ্ণ জলে কটিস্নান, তৎপূর্ব্বে অক্সাইড অব্‌ জিঙ্ক ও বেলেডোনা

পেসারি বেদনা নিবারণ জন্য ইণ্ডিয়ান হেম্প ও ইথর ৯৮; মর্ফিয়াব অধস্ত্বাচ ও ক্ষেপ; ওপিয়ম ১৩৩, ১৪১। একষ্ট্রা বেলে ডোনা ও ডোভর্স পাউডব ১০১ ক্লোবোডাইন মধ্যবর্ত্তী কালে স্নায়বীয় বলকারক ঔষধ প্রযোজ্য ফস্ফবিক এসিড ও বার্ক; কুইনাইন ও মিনাবেল এসিড্স্ ১৯৩, হাইপোফস্ফা-ইট অব্ সোডা ৪৩০, কডলিভব অয়েল। বাত রোগ থাকিলে তদনুরূপ ঔষধ প্রয়োগ বিধেয় কোষ্ঠবদ্ধে মৃদু বিরেচক—পিল্ রিয়াই কং, এফাবভেসিং সাইটেট অব্ ম্যাগ্‌নিশিয়া, ক্যামোমাইল টি পথ্যার্থ দুগ্ধ, টি, কফি, মদ্য, মাংসযূষাদি বিশুদ্ধ বায়ু সেবন, স্বল্প অল্প ব্যায়াম পুরুষ সহবাস কয়েক সপ্তাহ বন্ধ রাখা কর্ত্তব্য ক্লোবেট অব্ পটাশ ও ডিঃ বার্ক

রক্তাধিক্যজ কষ্টরজে লঘু ও অনুত্তেজক খাদ্য, সামান্য ব্যায়াম, বিশুদ্ধ বায়ুতে ভ্রমণ আইয়োডাইড অব্ লেড ও বেলে-ডোনা পেসারি আইয়োডাইড অব্ পটাসিয়ম, কলচিকম, কডলিভব অয়েল, উষ্ণজলে স্নান, মার্কিউরিয়েল ভেপার বাথ কারণানুযায়ী চিকিৎসা করা কর্ত্তব্য বেদনাকালের চিকিৎসা পূর্ব্ববৎ। মধ্যবর্ত্তীকালে পূর্ব্বোল্লিখিত ঔষধ ব্যতীত ব্রোমাইড অব্ পটাসিয়ম, করোসিব সব্লিমেট

অত্যন্ত যন্ত্রণা দায়ক বেদনায় এণ্টিপাইরিণ বা ফিনাসিটিন, মর্ফিন সাইটস সহ প্রযোজ্য। ১৫।২০ মিনিম লডেনম, মিউ-সিলেজ সহ মলদ্বারে পীচকারি জেলসিমিয়ম ৩—৫ মিনিম মাত্রায় ও টিং পল্‌সেটিলা ১২ মাত্রায় প্রযোজ্য

মিনোরেজিয়া ও মিট্রোরেজিয়া।

রজোধিক্য ও জরায়বীয় রক্তস্রাব

ইহাতে ঋতুকালে অধিক পরিমাণে শোণিত স্রাব হয় টুবর-কিউলোসিস, ব্রাইটাখ্য পীড়া, প্লীহার রোগ, অপরিমিত স্তন্যদান, মাসিক ঋতু প্রকাশকালে উত্তেজনা, অপরিমিত সংসর্গ, ও ডিম্ব-কোষের প্রদাহ, জরায়ু তন্তুর শিথিলতা ও অর্ব্বুদাদি এই পীড়ার কারণ

জরায়ুতে ক্যান্সার, অর্ব্বুদ ও পলীপস এণ্ডোমিট্রাইটিস, জরায়ু গ্রীবার প্রাদাহিক পীড়া, ডিম্বকোষে রক্তাধিক্য আদি কারণে জরায়ু হইতে রক্তস্রাব হয় গর্ভস্রাবের পূর্ব্বেও শোণিত নিঃসৃত হইয়া থাকে

চিকিৎসা।—রজোধিক্য সহ শিরোবেদনা থাকিলে এক্‌-টিয়া রেসিমোজা নবযুবতীদের পক্ষে ব্রোমাইড অব্ পটাসিয়ম বা সোডিয়ম বিশেষ উপযোগী ঋতু প্রকাশের এক সপ্তাহ পূর্ব্ব হইতে সেবন আরম্ভ করতঃ রক্তস্রাব বন্ধ হওয়ার পরও দিন কয়েক ব্যবহার করিবে। যদি ২৩ সপ্তাহ অন্তর রক্ত-স্রাব হইতে থাকে, তাহা হইলে ১০ গ্রেণ মাত্রায় ব্রোমাইড অব্ পটাসিয়ম রোগারোগ্য না হওয়া পর্য্যন্ত নিয়ত ব্যবহার করিবে শিরঃপীড়া বিদ্যমানে ক্লোরাইড অব্ এমোনিয়ম অয়েল সিনেমন উপযুক্ত মাত্রায় রজোধিক্য জনিত রক্তহীন তায় ফস্ফেট অব্ লাইম ও আয়রণ সংকোচক—গ্যালিক এসিড ও সিনেমন একত্রে বা স্বতন্ত্র, ২১৮, ২২৩, ২২৭, ২৩৩, ৪৩১ এসিটেট অব্ লেড ২/৫, ২২৮ করোসিব সব্লিমেট ৩৯৮ আর্গট অব্ রাই ৩/২ এমোনিয়ো সলফেট অব্ আয়রণ;

পারক্লোরাইড অব্ আয়রণ; ইনফিঃ ডিজিটেলিস অর্দ্ধ আউন্স মাত্রায় টর্পেণ্টাইন ২১৭, লাবর ফেরি পার নাইট্রেটীস ২১৯; ওপিয়ম, ইণ্ডিয়ান হেম্প টিংচর ৫ ফোটা মাত্রায় দিনে তিন বার ভাইনম ইপিকাক, স্যাবাইনা, অক্সাইড অব্ সিল্ভর, আর্সিনিক। হামামেলিস বা হেজিলিন। স্থানিক—উদরাধঃ প্রদেশে বরফ, যোনিদ্বারের মধ্যে বরফ, ট্যানিক এসিড্ বা ম্যাটিকোর ধাবন দ্বারা পীচকারি, সংকোচক পেসারি, অস্-ইউটিরাইয়ের মুখে স্পঞ্জ, যোনিদ্বার তুলা দ্বারা অবরুদ্ধ করা, শীতল জলের পীচকারী। অত্যন্ত অধিক রক্তস্রাবে এক্‌ষ্ট্রা আর্গট লিকুইডে উপকার না হইলে উহার সার ১২ গ্রেণ অর্থাৎ আর্গটিনের হাইপোডর্ম্মিক ইন্‌জেকসন এক্ষ্ট্রাঃ, হাইড্রাষ্টিস লিকুইঃ ৫—১৫ মিনিম্ মাত্রায়।

ইউটিরাইন ক্যাটার—লিউকোরিয়া।

শ্বেত প্রদর

যোনির ও জরায়ুর শ্লৈষ্মিক ঝিল্লীতে সর্দ্দি-প্রদাহ জন্মে ইহাতে অধিক পরিমাণে শ্লেষ্মাস্রাব হয় বিবিধ কারণে উপস্থিত হয়

লক্ষণ।—অল্পাধিক জ্বর, সার্ব্বাঙ্গিক উদ্দীপনা, ক্ষুধাভাব; তলপেটে, বাটি, বিটপ ও উরুদেশে বেদনা, বস্তিতে উত্তাপ ও পূর্ণতাবোধ, সতত মূত্রত্যাগেচ্ছা গর্ভাশয় ও ডিম্বকোষ সবেদন রোগ প্রাচীন হইলে অধিক পরিমাণে শ্লেষ্মাস্রাব হয় ঋতুক্রিয়া বেদনাসহ সম্পাদিত হয় পাকাশয়িক ক্রিয়া বিশৃঙ্খলা, পৃষ্ঠবেদনা, শিরোবেদনা, গাত্র গুরুতা, ক্রমশঃ বলক্ষয়

চিকিৎসা।—তরুণ রোগে বিশ্রাম, স্নিগ্ধপানীয়, লঘু পথ্য প্রথমে কোষ্ঠ পরিষ্কারার্থ কম্পাউণ্ড জেলাপ পাউডর ১ ড্রাম ও ৫ গ্রেণ ক্যালোমেল দিবে প্রাতে ও রাত্রিতে উষ্ণ জলে কটিস্নান (রক্তস্রাব থাকিলে নিষিদ্ধ) উষ্ণ জলের পীচকারী যোনিমধ্যে মার্করী ও বেলেডোনার পেসারি উদরাধঃপ্রদেশে লিনসিড পুলটীস পুরাতন রোগে ট্রিং আইয়োডাইড অব্ মার্করী, রেড আইয়োডাইড অব্ মার্করী, ডনোভান্স সলিউশন; করোসিব সব্লিমেট ৪০২ আইয়োডাইড অব্ পটাসিয়ম ৩৯৯, ৪০১ কডলিভর অয়েল ৪১০ পেপ্সিন্ ৪১৭, টিং ফেরি পারক্লোরাইড ফস্ফেট অব্ জিঙ্ক ও অ্যাম্বরণ ৪২৯ পুষ্টিকর খাদ্য, মাংস, দুগ্ধ, ডিম্ব, মদ্য অল্প পরিমাণে বিশুদ্ধ বায়ুতে ভ্রমণ সল্ফেট অব্ বিবিরিয়া বলকরণার্থ বায়ু পরিবর্ত্তন ফেরি ফস্ফ ও ক্যাল্সিস্ ফস্ফ ফেরি এট্ এমোনী সাইট্রস, সিরপ ফেরি আইয়োডাইড ও টিং নক্স বা লাইকর ষ্ট্রীক্নিয়া বিবিধ সংকোচক ও পচননিবারক ঔষধের বা শুদ্ধ উষ্ণ জলের পীচকারি বা ডুশ

ইনফ্লামেশন অব্ দি ইউটিরস—মিট্রাইটিস ও এণ্ডোমিট্রাইটিস্।—জরায়ু প্রদাহ।

যাহাদের গর্ভ না হইয়াছে, তাহাদের জরায়ুর বিধানপ্রদাহ একটী বিরল পীড়া জরায়ুর মধ্যস্থানের, গ্রীবার বা সমস্ত যন্ত্রের পৈশিক তন্তু আক্রান্ত হয়

লক্ষণ।—তরুণ প্রদাহ হঠাৎ শীত হইয়া আরম্ভ হয়

কিন্তু সচরাচর ক্রমশঃ উপস্থিত হয় বস্তিগহ্বরের পূর্ণতা, ভার ও উষ্ণতা বোধ হয় তলপেট, কুচকী ও মলদ্বারে বেদনা ও দব্‌দব করে মূত্রাশয়ের উদ্দীপনা, বমন, বিবমিষা কোতানি সহ উদরাময়। প্রথম দিনের পর জরায়ুতে তীব্র বেদনা জন্মে ও থাকিয়া থাকিয়া উহার প্রকোপ হয়। শ্লেষ্মা বা সরক্ত স্রাব নির্গত হয়, উত্তানভাবে শয়ন করিলে যন্ত্রণার উপশম হয় এক সপ্তাহের মধ্যে এবং লক্ষণাদি তিরোহিত হয় প্রায়ই সহজে আরোগ্য হয়, তবে কখন কখন পূযোৎপত্তি হইয়া থাকে।

চিকিৎসা —তরুণাবস্থায় সম্পূর্ণ বিশ্রাম, লঘু পথ্য, স্নিগ্ধ পানীয়, উষ্ণ জলে কটিস্নান, ওপিয়ম ও বেলেডোনা পেসারি, ওপিয়েট এনিমা ও সপোজিটরী মৃদু করোসিব সব্লিমেট লোসন বা কণ্ডিস সলিউশনের ডুশ বা পীচকারি ঈষদুষ্ণ জলের পীচকারি গ্লিসিরিণ ও একষ্ট্রাঃ বেলেডোনা তলপেটে লাগাইবে গমের ভূসীর বা মসিনার পুলটীস, উষ্ণ জলস্বেদ জ্বর থাকিলে তাহার চিকিৎসা সাধারণ উপায়ে করিবে রোগের তরুণাবস্থা উত্তীর্ণ হইলে আইয়োডাইড অব্ পটাশিয়ম ও ডিককৃসন অব্ বার্ক, কডলিভর অয়েল, পুষ্টিকর খাদ্য, আইয়োডাইড অব্ লেড ও কোনিয়ম পেসারি। সার্ব্বাঙ্গিক স্বাস্থ্য যাহাতে উন্নত হয়, তাহার চেষ্টা করিবে করোসিব সব্লিমেট ও বার্ক বা সার্জা ৩৯৮, ৪০২

অল্‌সারেসন অব্ দি সারভিক্স ইউটিরাই।

রক্তাধিক্য ও প্রদাহবশতঃ ক্ষত উৎপন্ন হইতে পারে। কখন

ক্ষণ হাজিয়া যাওয়ার ন্যায় বোধ হয়। উপদংশ বিষ বশতঃ ক্ষত জন্মিতে পারে।

লক্ষণ।—কটিদেশে ও নিতম্বে বেদনা, ডিম্বকোষের উদ্দীপনা, শ্বেতপ্রদর, অপাক, উদরাধ্মান জরায়ুর ক্রিয়া বিশৃঙ্খলা, সার্ব্বাঙ্গিক স্বাস্থ্যহানি রক্তস্রাব, শিরোবেদনা, রক্তহীনতা, দৌর্ব্বল্য দাঁড়াইলে বা সোজা হইয়া বসিলে সময় সময় বেদনানুভূত হয়।

চিকিৎসা।—ষ্ট্যালম ও জিঙ্ক ইন্‌জেক্সন ২৪৪, ২৪৫। সংকোচক ও অবসাদক পেসারি এসিড সলিউসন অব নাইট্রেট অব মার্কবী স্থানিক পুষ্টিকর পথ্য, ক্লারেট, সেরি, স্যাম্পেন বা ব্রাণ্ডি ও জল পেপ্‌সিন্, কুইনাইন, বিউবার্ব, নাইট্রো হাইড্রোক্লোরিক এসিড ও তিক্ত ফাণ্ট, স্যালিসিন আইয়োডাইড অব পটাসিয়ম ও আর্সিনিক, কডলিভর অয়েল। গ্লিসিরিণ ৯০ ভাগ ও ইক্‌থিয়ল ১০ ভাগে একত্রে তুলা সহযোগে স্থানীক প্রয়োজ্য। আইয়োডিন ১ ভাগ ও কার্বলিক এসিড ৪ ভাগ একত্রে প্রয়োগার্থ ব্যবহৃত হয়

ক্যান্সার অব্ দি ইউটিরস।

জরায়ুর গ্রীবাতেই সচরাচর জন্মে ৪০ বৎসর বয়সের পর প্রায় এই রোগ জন্মে।

লক্ষণ।—দুর্গন্ধ, পীতাভ, মলিন জলবৎ স্রাব। আকস্মিক রক্তক্ষরণ যন্ত্রণাদায়ক বেদনা, প্রথম প্রথম রাত্রিতে অত্যন্ত বৃদ্ধি হয়, অবশেষে নিয়তই বেদনা প্রবল থাকে বমন ও বিবমিষা, উদরাধ্মান অন্ত্রের ক্রিয়া বিশৃঙ্খলা, অরুচি বেদনা-

থিত মানসিক অবসন্নতা । দিন দিন শরীর দুর্ব্বল ও জীর্ণ শীর্ণ হইতে থাকে। মুখাকৃতি পীতাভ ও উৎকণ্ঠাব্যঞ্জক বস্তি-গহ্বরে জরায়ু অচলভাবে বদ্ধ দেখা যায় দুই বৎসরের মধ্যে অবসন্নতা প্রাদুর্ভূত হইয়া রোগীর মৃত্যু হয়

চিকিৎসা —পুষ্টিকর খাদ্য, দুগ্ধ, মাখন, ডিম্ব, ঘৃত, মাংস প্রভৃতি। উত্তেজক পানীয়—ব্রাণ্ডি, সেরি বলকারক— এমোনিয়া ও বার্ক ১৮৩; ফস্ফেট অব্ আয়রণ ও ফস্ফরিক এসিড ডিল ১৮৭; কুইনাইন ও বেলেডোনা; কডলিভর অয়েল। পাকাশয় উগ্র থাকিলে পেপ্সিন ৪১৭; নাইট্রো হাইড্রোক্লোরিক এসিড, এমোনি কার্ব্ব ও হাইড্রোসিয়ানিক এসিড ৪, স্পিঃ এমন য়্যারোমেটীক ১০। ক্লোরেট অব্ পটাশ ড্রিঙ্ক ২৯৪। পাকাশয়ে একষ্ট্রা০ বেলেডোনার প্রলেপ ক্যাষ্টর অয়েল্, কনফেকসন্ অব্ সেনা, ক্যাষ্টর অয়েলের পীচকারী বেদনা নিবারণার্থ হেনবেন ও ক্যাম্ফর ১৪১, ক্যাম্ফর ও বেলেডোনা ৪২০; ওপিয়ম ও মর্ফিয়া পূর্ণ মাত্রায় মর্ফিয়ার অধস্থাচ প্রক্ষেপ ক্লোরোফর্ম্ম ও ইণ্ডিয়ান হেম্প ৯৮ মূত্রাশয়ের উগ্রতাতে বেলেডোনা স্থানিক ব্যবহার্য্য রক্তস্রাব নিবারণার্থ গ্যালিক এসিড, মিনা-রেল এসিড্স, সিনেমন, এসিটেট্ অব্ লেড, টর্পেণ্টাইন গ্যালিক এসিড ও য়্যারোমেটীক সল্ফিউরিক এসিড ৪৩১ স্পেকুলম ব্যবহার করার সুবিধা হইলে লিণ্ট ও টং ষ্টীল ও গ্লিসিরীণ স্থানিক ব্যবহার্য্য। বিবিধ প্রকার সংকোচক ঔষধের পীচকারি দুর্গন্ধ নিবারণার্থ পারমাঙ্গানেট অব্ পটাশ ৩০ গ্রেণ, জল ১ পাইণ্ট পীচকারি দিবে। এতদর্থে ক্রিয়েজোট, ক্লোরাইড অব্ জিঙ্ক, বা কার্ব্বলিক এসিড জলমিশ্রিত করিয়া পীচকারিরূপে প্রযোজ্য

বোরিক লোশন রক্তস্রাব নিবারণার্থ হামামেলিস বা হেজিলিন, একষ্টাঃ আর্গট লিকু, বা হাইড্রাষ্টিস লিকু ব্যবহার্য্য

ফাইব্রইড টিউমার্স অব্ দি ইউট্রস।

জরায়ু তন্তু অতি বর্দ্ধিত হইয়া এই প্রকার অর্ব্বুদ উৎপন্ন হয় এক ব বহু অর্ব্বুদ জন্মিতে পারে অর্ব্বুদ কখন ছোট ও কখনও অত্যন্ত বড হয়

লক্ষণ —ঋতু বিশৃঙ্খলা, রজোধিক্য, কণ্‌কণে, দব্‌দবে বেদনা, ভারবোধ উরুতে খাল ধরে বা উহা অবশ বোধ হয় মূত্রত্যাগে কষ্ট, কোষ্ঠবদ্ধ, অর্শ, স্তন বর্দ্ধিত ও বেদনান্বিত, রক্তস্রাব অর্ব্বুদ ছোট থাকিলে লক্ষণাদি সুস্পষ্ট প্রকাশ পায় না তলপেটে হস্ত দ্বারা পরীক্ষা করিলে অর্ব্বুদের সত্তা অনুভূত হইতে পারে

চিকিৎসা।—ঔষধ সেবনে সচরাচর এই রোগ আরোগ্য হইতে দেখা যায় না ক্লোরাইড অব্ ক্যালসিয়ম, তৎসঙ্গে কোনিয়ম ব্রোমাইড অব্ পটাসিয়ম যখন যেরূপ লক্ষণ উপস্থিত হয়, তখন তদ্রূপ চিকিৎসা করিবে। অধিক রক্তস্রাব হইলে করোসিব সব্লিমেট, গ্যালিক এসিড, অ্যারোমেটীক সল্‌ফিউরিক এসিড ও সিনেমন, অক্সাইড অব্ সিলভর ও ইণ্ডিয়ান হেম্প, আয়রণ অ্যালম, হামামিলিস, আর্গট বা আর্গটিন বেদনা—রক্তাধিক্য জনিত হইলে ব্রোমাইড অব্ পটাসিয়ম ও টিংচর হায়সায়ামস

একিউট ওভেরাইটিস—ডিম্বকোষের তরুণ প্রদাহ।

আঘাত, জরায়ুর ওষ্ঠে দাহক ঔষধ প্রয়োগ, হঠাৎ ঋতু অবরুদ্ধ, প্রমেহাদি কারণে ডিম্বকোষের তরুণ প্রদাহ উপস্থিত হয়। দক্ষিণ অপেক্ষা বাম ডিম্বকোষ অধিক আক্রান্ত হয় উভয় দিকের ডিম্বকোষ প্রদাহ এক সময়ে হইতে প্রায় দেখা যায় না।

লক্ষণ।—বেদনা কখন অত্যন্ত তীব্র ও কখন প্রসব বেদনার ন্যায় থাকিয়া থাকিয়া বাড়ে সতত অতীব কণ্কণে বেদনা থাকে ও সময় সময় তীক্ষ্ণ ছুরিকা বেধবৎ বোধ হয় তলপেটে বেদনা কুচকী, উরুর অভ্যন্তর দিকেও বেদনা, যে দিকের ডিম্বকোষ প্রদাহিত হইয়াছে, সেই দিকের উরুতে বেদনা করে। পেরিটোনিয়ম বা অন্ত্রচ্ছদ আক্রান্ত হইতে পারে। মূত্রাশয় উগ্র, মূত্র স্বল্প ও লালবর্ণ এবং উহা ত্যাগকালে জ্বালাবোধ। কোতানি, কঠিন মল নিঃসরণ কালে চাপ পাওয়া প্রযুক্ত ডিম্বকোষে অত্যন্ত বেদনা জন্মে জ্বর, নাড়ী দ্রুত, বিবমিষা, অস্থিরতা, আহারে অনিচ্ছা। পরীক্ষা দ্বারা স্ফীত ও অত্যন্ত স্পর্শাতিশয্যবিশিষ্ট ডিম্বকোষ সহজে অনুভব করা যায় পূযোৎপত্তি হইলে কম্প, নাড়ী দ্রুত ও ক্ষীণ, জিহ্বা উজ্জ্বল লালবর্ণ, অতিশয় বমন, বস্তিগহ্বরে ভার ও দব্‌দব্ বোধ। স্ফোটক অন্ত্রচ্ছদের ভিতর ফাটিলে অন্ত্রচ্ছদপ্রদাহ সমুপস্থিত হয়। সরলান্ত্র বা যোনিদ্বার দিয়া পূয বাহির হইলে শুভ।

চিকিৎসা।—সম্পূর্ণ বিশ্রাম আবশ্যক। জলৌকা, হট্ হিপ বাথ প্রাতে ও সন্ধ্যার পর ২০।৩০ মিনিট পর্য্যন্ত। অহং-

পরে বেলেডোনা ও ওপিয়মের পেসারি কষ্টস্থানকালে যদি মূর্চ্ছা হয়, তাহা হইলে পোর্ট বা অল্প মাত্রায় ব্রাণ্ডি দিবে। পারদ ব্যবহার আবশ্যক বিবেচিত হইলে পেসারির সঙ্গে দিবে। কিন্তু লালা নিঃসরণ না হয়, তজ্জন্য সতর্ক থাকা কর্ত্তব্য সাধারণতঃ আইয়োডাইড অব্ পটাসিয়ম ও ক্লোরেট অব্ পটাশ একত্রে ব্যবহার বিশেষ উপকার হয় উদরাধঃ প্রদেশে উষ্ণ জলস্বেদ, মসিনার পুলটীস বা গমের ভুসির পুলটীস। ইহাতে বেদনা নিবারিত না হইলে একষ্ট্রাঃ ওপিয়ম ১ গ্রেণ মাত্রায় তিন চারি ঘণ্টান্তর প্রয়োজ্য গোয়েকম ও একোনাইট কোষ্ঠ-বদ্ধ থাকিলে বিরেচক একষ্ট্রাঃ বেলেডোনা ও গ্লিসিরিণ

ক্রনিক ওভেরাইটীস—ডিম্বকোষের প্রাচীন প্রদাহ।

যৌবনাবস্থায় ইহা একটী সাধারণ পীড়া অতিশয় পুরুষ সংসর্গ, ক্ষারপ্রয়োগাদি, বাত ও উপদংশীয় বিষ প্রভৃতি কারণে এই পীড়া উৎপন্ন হয়

লক্ষণ।—ডিম্বকোষ ও নিতম্ব প্রদেশে নিয়ত অতীক্ষ্ণ কণ্‌কণে বেদনা এক বা দুই দিকের উরুর উপরাংশে স্পর্শা-সহত্ব স্বল্প ও কষ্টরজঃ সংসর্গকালে বেদনা পাকাশয়ের উগ্রতা—বিবমিষা, অজীর্ণ, কোষ্ঠবদ্ধ ও উদরাধ্মান। গুল্মবায়ুর আবেশ মূত্রাশয়ের উগ্রতা এক বা উভয় দিকের স্তনে বেদনা ও স্ফীতি বোধ কামোন্মাদ বা অন্য প্রকার উন্মাদ রোগ উপস্থিত হইতে পারে।

চিকিৎসা।—বিশুদ্ধ বায়ুসেবন, উষ্ণ জলে কটিস্নান, ক্লোরেট অব্ পটাশ ২০ গ্রেণ মাত্রায় দিনে তিন বার; আইয়োডাইড অব্ পটাসিয়ম ও তিক্ত ফাণ্ট ৫ ৩৩৯ অত্যন্ত বেদনা থাকিলে উহার সঙ্গে টিংচর একোনাইট ৩—৫ মিনিম মাত্রায় সংযোগ করিবে কডলিভর অয়েল, পেপ্সিন, হাইড্রোক্লোরেট অব্ এমোনিয়া; এমোনিয়া ও বার্ক; কুইনাইন ও বেলেডোনা আইয়োডাইড অব্ লেড ও বেলেডোনা পেসারি কটিদেশে বা তন্নিম্নে বেদনার আতিশয্য থাকিলে বেলেডোনা প্লাষ্টর ব্রোমাইড অব্ এমোনিয়া ৪২৭, ব্রোমাইড অব্ পটাসিয়ম বা সোডিয়ম ৪২২ কোষ্ঠবদ্ধ থাকিলে ক্যাষ্টর সেবন বা ঈষদুষ্ণ জলের পীচকারী ব্রোমাইড ও আইয়োডাইডের সঙ্গে বেলেডোনা বা কোনিয়ম সংযোগ সহোপকারী হাইড্রাষ্টিস ও পলসেটিলা উপকারী উষ্ণ জলের ডুশ বা পিচকারি যোনিদ্বারে দিবে

ম্যামারী য়্যাব্‌সেস্—স্তন-স্ফোটক।

তরুণ ও প্রাচীন দ্বিবিধ। স্ফোটক গ্রন্থির মধ্যে বা গ্রন্থি ও চর্ম্মান্তরে অথবা গ্রন্থি ও বক্ষঃপ্রাচীরের মধ্যে জন্মিয়া থাকে

লক্ষণ।—তরুণ স্ফোটকে প্রদাহ বৃদ্ধির সময় শীত বা কম্প, স্তন পূর্ণ, গভীর বা অধিক দূরব্যাপী জ্বালাযুক্ত বেদনা, দব্‌দব্ ও ভারবোধ প্রাচীন স্ফোটকে আস্তে আস্তে পূয জন্মে গণ্ডমাল বা সার্ব্বাঙ্গিক স্বাস্থ্যের অপকৃষ্টতা বশতঃ উৎপন্ন হয়, উহাতে প্রদাহের লক্ষণ বর্ত্তমান থাকে না স্তনের অগ্রভাগে কাঠিন্য ও বেদনা বোধ হয়।

চিকিৎসা।—উষ্ণ জল স্বেদ, পুল্টিস, বলকারক ও উত্তেজক ঔষধ প্রয়োজ্য। জ্বর থাকিলে জ্বরের চিকিৎসা করিবে টিংচর আইয়োডিন শুষ্ক বা বেলেডোনার সঙ্গে স্থানিক। পাকিলে অস্ত্র করিবে। পূযাদি নিঃসৃত হইলে রেজিন প্ল্যাষ্টর দ্বারা ষ্ট্রাপীং করিবে। পুষ্টিকর পথ্য রোগের প্রারম্ভে ব্রাই-ওনিয়া টিং বা একোনাইট টিং অল্প মাত্রায় সেবনার্থ বিধান করিলে উপকার দর্শে। পূয নিঃসরণের পর এণ্টিসেপ্টীক লোশন দ্বারা ধৌত ও কার্বলিক অয়েলাদি প্রযোজ্য

ইনফ্লামেশন অব্ নিপল—চুচুকাগ্র প্রদাহ।

স্তন্যদান কালের প্রারম্ভে চুচুক প্রদাহ অতি সাধারণ উহাতে অত্যন্ত বেদনা ও ক্ষত হয়, বা উহা ফাটিয়া বা হাজিয়া যায় ইহাতে অত্যন্ত ক্লেশ হয়, তদ্ধেতু সার্ব্বাঙ্গিক স্বাস্থ্যের অপকৃষ্টতা জন্মিতে পারে

চিকিৎসা।—আর্নিকা সিরেট, ব্রাণ্ডি ও জল ধৌত-রূপে, লাইম ওয়াটর, কলোডিয়ন। উষ্ণ জলস্বেদ, টিংচর আইয়োডিন, কষ্টিক লোশন, পুলটীস। তৎপরে ক্ষত হইলে লেড বা জিঙ্ক লোশন, গ্লিসিরিণ, আমণ্ড অয়েল, অক্সাইড অব্ জিঙ্ক, লিনিমেণ্ট ক্যালসিস্, বোরাক্স ও গ্লিসিরিণ লোশন ১৫৮। ম্যাসিটী অয়েণ্টমেণ্ট

মেমাইটীস—স্তন প্রদাহ।

স্তন প্রদাহ তরুণ ও প্রাচীন ভেদে দ্বিবিধ শিশুকে স্তন্য পান করণ কালে উপস্থিত হয়। সর্দ্দি, চুচুকক্ষত বশতঃ উদ্দীপনা,

বাহ্যিক আঘাত, অপুষ্টিকর খাদ্য, সার্ব্বাঙ্গিক দৌর্ব্বল্য, বা পাকাশয়, অন্ত্র, যকৃৎ, জরায়ু, ডিম্বকোষ বা মূত্রগ্রন্থির উদ্দীপনার সহানুভূতি বশতঃ প্রোক্ত প্রদাহ জন্মিতে পারে

লক্ষণ।—তরুণাবস্থায়—অতিশয় বেদনা, স্ফীততা, কাঠিন্য শীত, জ্বর দ্রুত নাড়ী, ক্লেদাবৃত জিহ্বা, প্রলাপ দুগ্ধস্রাব বন্ধ হইয়া যায় সাধারণতঃ ইহাতে পূযোৎপত্তি হয়।

প্রাচীনাবস্থা ক্রমশঃ অজ্ঞাতসারে উপস্থিত হয় স্তন বিবৃদ্ধ ও শক্ত অনেক সময় পূয জন্মে তরুণ প্রদাহাবসানে হইতে পারে গণ্ডমালা ধাতু প্রকৃতিক স্ত্রীলোকদের সন্তান না জন্মিয়াও এই রোগ উপস্থিত হইতে পারে

চিকিৎসা।—মৃদু বিরেচক, আইয়োডাইড অব্ পটাশিয়ম, একোনাইট, ওপিয়ম ফোমেন্টেসন, হেমলক পুলটীস, লিনসিড পুলটীস, ও একষ্ট্রাঃ বেলেডোনা। জলৌকা দুগ্ধ পূর্ণ হইলে দুগ্ধ নিঃসারিত করিবে, শিশুকে উহা খাইতে দিবে না বলকারক ঔষধ ও পুষ্টিকর পথ্য রোগের প্রারম্ভে টিংচর ব্রাইওনিয়া সিকি বা অর্দ্ধ মিনিম মাত্রায় সেবনার্থ ২ ৩ বা ৪ ঘণ্টান্তর বিহিত হইলে প্রদাহ আশু প্রশমিত হয় বেদনা নিবারণার্থ লিনিমেণ্ট বেলে-ডোনা মর্দ্দন কর্ত্তব্য। অথবা উহা জলের সঙ্গে মিশাইয়া লোশনা-কারে ব্যবহৃত হয়। স্তন ঝুলিতে ও সঞ্চালিত হইতে না পায়, তজ্জন্য তুলার প্যাড দিয়া ব্যাণ্ডেজ বাঁধিবে

পুরাতন রোগে এমোনিয়া ও বার্ক ১৮৩, ১৮৪। কুইনাইন ও মিনারেল এসিড্স ১৬৭, ১৯৩ কডলিভর অয়েল পুষ্টিকর পথ্য বেলেডোনা প্লাষ্টর দ্বারা ষ্ট্রাপিং লিনিমেণ্ট পটাশী আইয়ো-ডাইড কম্‌সেপোনি। ওলিয়েট অব্ মার্করী।

ম্যাষ্টোডিনিয়া—স্তনের স্নায়ুশূল।

স্তনের বিধানগত পীড়া ব্যতীত এক প্রকার ক্লেশদায়ক বেদনা উপস্থিত হয় আক্রান্ত অংশ অল্পাধিক স্ফীত ও ঈষৎ উষ্ণ। ক্ষণ্ক্ষণে বেদনা, ইহা অত্যন্ত তীক্ষ্ণ বা সময়ে সময়ে উপস্থিত হয়। এই বেদনা স্নায়ুশূলের মত। জরায়ু বা ডিম্বকোষের উদ্দীপনা বশতঃ জন্মে ঋতু কালে অনেক স্ত্রীলোকের স্তনের উদ্দীপনা থাকে। ক্ষুধাভাব, কোষ্ঠবদ্ধ, অস্থিরতা, উৎকণ্ঠা প্রভৃতি বর্ত্তমান থাকিতে পারে।

চিকিৎসা।—কারণ জানিতে পারিলে বিদূরিত করিবে। কুইনাইন ১৯৩, এমোনিয়া ও বার্ক ১৮৩, ১৮৪ একোনাইট, কুইনাইন ও বেলেডোনা, কডলিভর অয়েল, পেপসিন কাষ্টর অয়েল বেলেডোনা লিনিমেণ্ট।

গর্ভাবস্থার পীড়া সমূহ।

ইডিমা অব্ দি লেবিয়া।

যখন চাপবশতঃ স্ফীতি উৎপন্ন হয়, তখন মৃদু বিরেচক—ক্যাষ্টর অয়েল, বিশ্রাম, ঈষদুষ্ণ দুগ্ধ ও জল দ্বারা তৎস্থান ধৌত করিয়া ষ্টার্চ বা ময়দা ছড়াইয়া দিবে। অত্যন্ত অধিক স্ফীতি থাকিলে অল্প অল্প চিরিয়া দিবে উক্ত স্থান প্রদাহিত হইলে পুলটীস, এসিটেট অব্ লেড লোশন, পপীহেড ফোমেণ্টেসন।

টুথেক—দন্তশূল।

অয়েল অব্ ক্লোভস্, পিপারমেণ্ট ও সিনেমন, স্যালকোহল, ক্রিয়োজোট ওপিয়ম, ফোমেণ্টেসন সেবনার্থ টিংচর ভেলিরিয়ানা এমোনিয়েটা ও বার্ক, কুইনাইন, একোনাইট, আইয়োডাইড অব্ পটাসিয়ম পল্ভ বরাই কং

স্যালিভেসন—লালাস্রাব।

মৃদু বিরেচক—পল্ভে বিরাই কং নাইট্রেট অব্ পটাশ ১০ গ্রেণ, জল ২ আউন্স, ৪ ঘণ্টান্তর। গ্রীবার পশ্চাতে প্রত্যুগ্রতা-সাধন ক্যামোমাইল ফ্লাউয়ার বা পিপারমেণ্ট ইন্ফিউজনের গার্গল, অথবা মিউসিলেজ একেসিয়া ৮ আউন্স, অয়েল টর্পেণ্টাইন ২ আউন্স কবলার্থ প্রযোজ্য

নসিয়া এণ্ড ভমিটীং—বিবমিষা ও বমন।

মৃদু বিরেচক, পাকাশয় প্রদেশে মষ্টার্ড প্লাষ্টর ও টর্পেণ্টাইন, বেলেডোনা অয়েণ্টমেণ্ট সোডা এসিডের সঙ্গে লডেনম। লডেনমে ন্যাকড়া ভিজাইয়া পাকাশয় প্রদেশে সংস্থাপন। চার্কোল ও অন্যান্য ক্ষারৌষধ ক্ষারে উপকার না হইলে লেবুর রস প্রয়োগ। ইন্ফিঃ ক্যালম্বা ও সোডা বা বিসমথ, বরফ, বরফ মিশ্রিত জল পেপ্সিন, দুগ্ধ পথ্য লাইম ওয়াটর, সোডা-ওয়াটর, ম্যাগ্নিসিয়া কার্ব্ব এসিড হাইড্রোক্লোরিক ডিল ও ইনফিঃ জেন্সিয়ান কং বা ইনফিঃ ক্যালম্বা টিংচর ন্যাক্স-ভমিকা ১—৩ মিনিম মাত্রায় হাইড্রোসিয়ানিক এসিড্ ডিল, অগ্জেলেট

অব্ সিরিয়ম, কার্ব্বলিক এসিড, ক্রিয়েজোট, কোকেইন, ব্রোমাইড অব্ পটাশ, লাইকর আর্সিনিকেলিস, ভাইনম ইপিক্যাক অল্প মাত্রায় প্রয়োজ্য

পাইরোসিস্—মুখ দিয়া জল উঠা।

পথ্য পরিবর্ত্তন, পাকাশয়োপরি ঈষৎ প্রত্যুগ্রতাসাধন, ম্যাগ্নিসিয়া কার্ব্ব লাইম ওয়াটর, চর, লাইকর পটাশ, চক মিকশ্চর ও মিউসিলেজ, সোডা ওয়াটর সময়ে সময়ে বমন উপকারক কোষ্ঠ পরিষ্করণার্থ রিউবার্ব্ব, ম্যাগ্নেসিয়া, একষ্ট্রাঃ কলসিন্থ কং বেদনা নিবারণার্থ স্পিরিট এমোনিয়া অ্যারোমেটীক, ওপিয়ম উদরে এনোডাইন বা ক্যাম্ফর লিনিমেণ্ট

হিমাটিমিসিস্—রক্ত বমন।

পাকাশয়োপরি ব্লিষ্টার, গ্যালিক এসিড ও অ্যারোমেটীক সল্‌ফিউরিক এসিড বরফ, লেবুর রস মিশ্রির সরবতের সহিত হেমামেলিস বা হেজিলিন

কনষ্টিপেসন কোষ্ঠবদ্ধ

ম্যাগ্নেসিয়া; রিউবার্ব; ক্যাষ্টর অয়েল, কম্পাউণ্ড একষ্ট্রাঃ অব্ কলসিন্থ ঈষদুষ্ণ জলের পীচকারী কোষ্ঠশুদ্ধি রাখে এরূপ পথ্য দিবে একষ্ট্রাঃ ক্যাস্কেরা লিকুইড

ডায়রিয়া—উদরাময়।

উদরাময় সহসা বন্ধ করা উচিত নহে। চক্ মিকশ্চর ও টিং কাইনো ও ক্যাটিচিউ; ডোভার্স পাউডর ও হাইড্রার্জ কম ক্রিটা ওপিয়ম ও সোডা ক্যাষ্টর অয়েল ও লডেনম—যদি অল্প পরিমাণে বার বার মল নিঃসৃত হয়। পথ্য লঘু ও পুষ্টিকারক হইবে টিং এর্গট, নাইট্রিক হাইড্রার্জ পারক্লোরাইড

জণ্ডিস্ কামল।

অল্প মাত্রায় ব্লুপিল দিয়া পরে মৃদু বিরেচক—কম্পাউণ্ড রিউবার্ব্ব পাউডর, ক্যাষ্টর অয়েল বা সিড্‌লিজ পাউডর দিবে।

প্যাল্পিটেসন অব্ দি হার্ট—হৃৎস্পন্দন।

স্পিরিট এমোনিয়া এ্যারোমেটীক, ক্লোরিক ইথর, ক্যাম্ফর, ওপিয়ম, ভেলিরিয়ান, এসাফোটিডা ১৩০, ১৩২, ১৩৫ ওপিয়ম বা বেলেডোনা প্লাষ্টার, হৃৎপিণ্ড প্রদেশে রোগাবেশ তিরোহিত হইলে টিং-ষ্টিল, টিং ভেলিরিয়ান সেবনার্থ ও পৃষ্ঠবংশে ক্যাম্ফর লিনিমেণ্ট মর্দ্দন লঘু ও পুষ্টিকর খাদ্য

ফেণ্টিং—মূর্চ্ছা।

রোগাবেশকালে স্পিরিট এমোনিয়া এরোমেটীক সেবন করাইবে রোগীকে উত্তানভাবে শয়ন করাইবে ও পাখার বাতাস দিবে মুখে ও বক্ষে শীতল জলসেচন। অচেতনতা শীঘ্র বিদূরিত না হইলে উষ্ণ জলপূর্ণ বোতল পদে ও কক্ষে ধরিবে

রোগাবেশ তিরোহিত হইলে কুইনাইন ও ইনফিঃ অরেঞ্জ পীল কোষ্ঠ পরিষ্কার করাইবে

ডিস্‌পিনিয়া—শ্বাসকৃচ্ছ্র

ভেলিরিয়ান, অ্যারোমেটীক স্পিরিট অব্‌ এমোনিয়া, ইথর ইত্যাদি ২, ১৩০, ১৩২ বলকারক ও বিরেচক ঔষধ

কফ্‌—কাসি।

ইহা দ্বারা গর্ভস্রাবের সম্ভাবনা থাকায় শীঘ্র আরোগ্যের চেষ্টা করিবে বক্ষে প্রত্যুগ্রতাসাধক লিনিমেণ্ট দিবে ভাইনম ইপিক্যাক, টিংচর ক্যাম্ফর কং, টিং হায়সায়ামাস ৩০৪, ৩১২, ৩১৮, ৩৩২। এমোনিয়া ও ক্যাম্ফর ১৫ ক্যাম্ফর ও মস্ক ১৪। ক্যাম্ফর ও হায়সায়ামাস

হিমপ্‌টিসিস—রক্তোৎকাস

প্রথমে কারণ বিদূরিত করিবে এসিটেট অব্‌ লেড ও ওপিয়ম, গ্যালিক এসিড ও অ্যারোমেটীক সল্‌ফিউরিক এসিড, টিংচর অব্‌ ইণ্ডিয়ান হেম্প বক্ষে প্রত্যুগ্রতাসাধক মর্দ্দন

স্লিপ্‌লেস্‌নেস্‌—অনিদ্রা।

শয়নকালে এক গ্লাস শীতল জলপান, উষ্ণ জলে পাদ-ধৌত—কিন্তু গর্ভস্রাবের সম্ভাবনা থাকিলে দিবে না মৃদু বিরেচক, নিদ্রাকারক ঔষধ—টিং হায়সায়ামাস, ওপিয়ম, ডোভর্স

পাউডার। চা ও কফি সেবন নিষিদ্ধ হাইড্রেট ক্লোরাল, ব্রো-মাইড অব্ পটাসিয়ম বা সোডিয়ম, সল্‌ফোনাল্।

হেডাক—শিরঃপীড়া।

ভেলিরিয়ান, স্পিরিট এমোনি য়্যারোমেটীক সেবন ইডি-কোলন ও শীতল জল মস্তকে দিবে গ্রীবা ও কর্ণের পশ্চাতে ব্লিষ্টার। বিরেচক গোলাপ জল, ভিনিগার ও জল অথবা লাইকর এমোনিয়া এসিটেটীস লোশন ১১৯। ক্লোরোফর্ম্ম ও ওপিয়ম লিনিমেন্ট, ফোমেন্টেশন। ব্রোমাইড অব্ সোডা বা পটাশ অথবা ফিনাসিটিন ও কফিইন একত্রে

হেমরইড্‌স—অর্শ।

মৃদু বিরেচক তৎপরে এনোডাইন এনিমা; ঈষৎ উষ্ণ জলের পীচকারি অঙ্গুয়েঃ গল্লাই, অঙ্গুয়েঃ গল, ডিকক্‌সন অব্ ওক বার্ক সল্‌ফর ও ক্রিম অব্ টার্টার, ইলেক্‌চুয়ারি অব্ সেনা।

প্রসবান্তের পীড়া।

টেটেনস্ বা ধনুষ্টঙ্কার ও কন্‌ভল্‌সন্‌স বা বিকম্প—স্নায়ু-মণ্ডলের পীড়াতে বর্ণিত হইয়াছে

য়্যাগালাক্‌টিয়া—দুগ্ধস্রাবাভাব।

স্তন্যদায়িনী স্ত্রীলোকদিগের দুগ্ধস্রাব হ্রাস বা অভাব নিম্ন লিখিত কারণে সমুদ্ভূত হয়, যথা—সার্ব্বাঙ্গিক দুর্ব্বলতা, বহুদিন

স্থায়ী মানসিক উৎকণ্ঠা, দৌর্ব্বল্যকর পীড়া, সার্ব্বাঙ্গিক রক্তাধিক্য, স্তন ও চুচুকের ব্যাধি, স্তন্যদানকালে আর্ত্তব প্রকাশ ইত্যাদি। রক্তাধিক্যজনিত হইলে বিরেচক,—ক্যাষ্টর অয়েল। সুরা ও আসব নিষিদ্ধ। উদ্ভিজ্জ খাদ্য সহ মাংস দুগ্ধ ও সোডাওয়াটর রক্তহীনতাজনিত হইলে মাংস, পোর্টার, দুগ্ধ, ডিম্ব; এমোনিয়া ও বার্ক, অসংকোচক ঔষধ, কডলিভর অয়েল এরণ্ড বৃক্ষের পত্র স্তনোপরি স্থানিক প্রয়োগ অথবা ঐ পত্রের ক্বাথ দ্বারা স্তনে স্বেদ একোয়া এনিথী, অয়েল এনিথী, অয়েল ফেনিকিউলাই প্রভৃতি ব্যবহারে সময় সময় উপকার হয়। কাল জিরা সেবনেও দুগ্ধস্রাব বর্দ্ধিত হয়

গ্যালাক্‌টোরিয়া—দুগ্ধস্রাবাধিক্য।

স্তনে বেলেডোনা প্লাষ্টর দ্বারা চাপ দিবে বেলেডোনা, আইয়োডাইড অব্ পটাসিয়ম, কলচিকম ও ক্যাম্ফর

য়্যাফ্‌টার পেন্স—হেতাল বেদনা।

প্রসবান্তে জরায়ুর সংকোচন বশতঃ একরূপ বেদনা হয় ইহাকে প্রসবান্তিক বেদনা কহে। প্রসবের অর্দ্ধ ঘণ্টা পরে এই বেদনা আরম্ভ হইয়া ৩০ ৪০ ঘণ্টা পর্য্যন্ত বা ততোধিক কাল থাকিতে পারে এই সময় জরায়ু হইতে জমা রক্ত খণ্ড বাহির হয়

চিকিৎসা। —ক্যাম্ফর ৬০ গ্রেণ, মিউসিলেজ একেসিয়া ৬ আউন্সের সহিত মিশাইয়া ১ কাঁচ্চা পরিমাণে ১।২ ঘণ্টান্তর বেদনা নিবারিত না হওয়া পর্য্যন্ত সেব্য হায়সায়ামাস ১০—

২০ মিনিম বা টিংচর ওপিয়ম ১৫—২০ মিনিম, সুগন্ধি জলে মিশ্রিত করিয়া সেব্য, ৮৮ ওপিয়ম লিনিমেণ্ট উদর ও স্তনোপরি মর্দ্দন। টিং আর্নিকা ১ ফোটা ও স্প্রিট ইথর কম্পাউণ্ড ১০ ১৫ মিনিম মাত্রায় ২ ৩ বার ২ ১ ঘণ্টা অন্তর সেবন করাইলে বিশেষ উপকার হয় ব্রোমাইড্‌সও সুফলদায়ক।

মন্তব্য।

পিউয়ারপারেল ফিবরের সঙ্গে প্রায়ই পেরিটোনাইটীস থাকে, অতএব পেরিটোনাইটীস ও টাইফয়েড ফিবরের ন্যায় চিকিৎসা করিবে। অন্যান্য পীড়ার চিকিৎসা যথাস্থানে দ্রষ্টব্য।

বিবিধ রোগাবলী।

য়্যাবর্সন—গর্ভস্রাব।

উপদংশ; আগুলালিক মূত্র, জরায়ু ও শ্লৈষ্মিক ঝিল্লীর পুরাতন প্রদাহ বা অপরবিধ পীড়িতাবস্থা, জরায়ুর স্থানচ্যুতি বর্ত্তমানে গর্ভস্রাব সম্ভব।

রোগী অসুখ, ক্লান্তি ও গুরুত্ব অনুভব করে, তৎসঙ্গে কটি ও পৃষ্ঠে বেদনা থাকে। এইরূপ বেদনা কতক সময় থাকিয়া, পরে প্রসব বেদনা আরম্ভ হয় যোনি হইতে শ্লেষ্মা ও রক্তস্রাব হয় বেদনা কটি ও তলপেটে ও তথা হইতে উরুদেশ পর্য্যন্ত বিস্তীর্ণ হয়। পাকাশয় উগ্র থাকায় বমন হইয়া যায়।

অবশেষে ভ্রূণ নির্গত হয়। অথবা বেদনাদি উপশমিত হইয়া গর্ভ রক্ষিত হয়।

চিকিৎসা।—গর্ভস্রাবের উপক্রমে তন্নিবারণার্থে ওপিয়ম আভ্যন্তরিক ও শ্বেতসার সহ মলদ্বারে পিচকারি ৭৮, ১৩৩, ১৬৪; বা মর্ফিয়া আভ্যন্তরিক সিকেলি কর্ণিউটম; খণ্ড খণ্ড বরফ গলাধঃকরণ ভ্রূণের পীড়া বা অসম্পূর্ণাবস্থা বশতঃ গর্ভ স্রাবের উপক্রম হইলে ওপিয়ম প্রয়োগ নিষিদ্ধ। অধিক রক্ত-স্রাব হইতে থাকিলে লাইকর আর্সিনিকেলিস ১০—২০ মিনিম মাত্রায় ১৫২০ মিনিট অন্তর সেব্য; স্যাবাইনা, প্লম্বাই এসিটাস ও ওপিয়ম ২২৫ গর্ভস্রাবের প্রবণতা নিবারণার্থ উপদংশবিষ-দুষ্ট রোগীর অল্প মাত্রায় গ্রে পাউডর বা লাইকর হাইড্রার্জ পারক্লোরাইড অথবা পটাশ আইয়োডিড সেব্য পটাশ ক্লোরাসও উপকারী অভ্যস্ত গর্ভাস্রাব—জরায়ুর শক্তির দুর্ব্বলতা বশত; হইলে স্যাবাইনা ২—৪ ড্রাম, উষ্ণ জল ৬ আউন্স, ফাণ্ট প্রস্তুত করিয়া এক কাঁচ্চা পরিমাণে দিনে দুইবার বা ভাইবর-নম বা হিং সেব্য গর্ভাস্রাবান্তে রক্তস্রাব হইলে অয়েল টর্পেন্টাইন এনিমা ৮৩; টিংচর অব্ ক্যানেবিস ইণ্ডিকা ৫ ফোটা মাত্রায় বা ভাইবর্নমের ফ্লুঃ একষ্ট্রাঃ ১ ড্রাম ৩।৪ ঘণ্টান্তর। জরায়ু উত্তমরূপে সঙ্কুচিত হইতে না পারিলে তাহাতে শীতল জল বা বরফ মিশ্রিত শীতল জলের পীচকারি হাইড্রাষ্টিসও উপকারী মেনরেজিয়া ও মিট্রোরেজিয়া দেখ

য়্যাব্‌সেস্—ব্রণশোথ—স্ফোটক।

শরীর তন্তু বা যন্ত্র মধ্যে পূযোৎপত্তি হইয়া একটী কোষ

দ্বারা আবৃত থাকে। তরুণ স্ফোটকে দব্‌দবে বেদনা, উক্ত স্থান উজ্জ্বল লালবর্ণ, উষ্ণ ও স্ফীত তৎপরে পূয জন্মে পূয জন্মিলে বর্ণ ও বেদনাদি প্রকৃতি পরিবর্ত্তন হয়। প্রাচীন স্ফোটক অধিক দিন স্থায়ী হয় ও শীঘ্র পাকে না

চিকিৎসা।—বেলেডোনা সেবনে ও বাহ্যিক প্রয়োগে স্ফোটকে পূযোৎপত্তি রহিত ও প্রদাহ উপশমিত হইতে পারে ওলিয়েট অব্ মার্করী এবং মর্ফিয়া স্থানিক বৃহৎ স্ফোটকে ফস্ফেট অব্ লাইম সেব্য ক্যাম্ফরেটেড এলকোহল স্থানিক। সলফাইড অব্ লাইম $\frac{1}{10}$ গ্রেণ মাত্রায় ব্যবহারে সত্বর পূযোৎপত্তি হয়। এমোনি ক্লোরাইডম (১২০ গ্রেণ, জল ১ আং) স্থানিক প্রয়োজ্য লিনসিড ও ব্রেড পুলটীস পীতবর্ণ সাবান ও চিনি সমভাগে, জলৌকা, জলপটী ইত্যাদি গণ্ডমালীয় স্ফোটকে আইয়োডিন কষ্টিক পটাশ ও কুইক লাইম সমভাগে স্থানিক প্রয়োগ করিলে অস্ত্র করিবার আবশ্যকতা থাকে না কিন্তু এতৎ প্রয়োগে অতিশয় উদ্দীপনা হয় সেবনার্থ গণ্ডমালায় বর্ণিত ঔষধ বিধেয় পাকিলে কাটিয়া দিবে ও ক্ষতের ভিতর কার্বলিক অয়েল, লিণ্ট বা অন্যবিধ এণ্টিসেপ্টীক ঔষধ প্রয়োগ কর্ত্তব্য। পূয নিঃসারিত করণার্থ পুল্টীস প্রয়োগও হিতকর

বেড্‌সোর—শয্যাক্ষত।

বিবিধ গুরুতর পীড়ায় রোগী নিয়ত শয়ন করিয়া থাকে, তজ্জন্য নিতম্বদেশে চাপ পাওয়া বশতঃ ক্ষত হয় এই ক্ষত পচিতে পারে ও উহা হইতে দুর্গন্ধ স্রাব নিঃসৃত হয়

চিকিৎসা।—ব্যাল্‌সম পেরুভিয়ানম (২ ড্রাম, চর্বি ১

আউন্স); ক্যাম্ফর স্পিরিট দ্বারা ধৌত, কলোডিয়ন, ক্রিয়েজোট ৫৪; ঘর্ষ'ই ট্যা'ন'স (২ ড্রা'ম, চর্ব্বি ১ আ'ং), অয়েল রিসিনী ২ ভাগ ও ব্যালসম পের ১ ভাগ একত্রে; সিরেট ক্যালেমিনা, অক্সাইড অব্ জিঙ্ক অয়েণ্টমেণ্ট, রেজিন অয়েণ্টমেণ্ট সহ টর্পেণ্টাইন, কার্ব্বলিক এসিড অয়েল ও অয়েণ্টমেণ্ট ব্রাণ্ডি ও জল দ্বারা ধৌতকরণ, গ্লিসিরিং ইউডিকোলন, বোরাসিক অয়েণ্টমেণ্ট নিম্নে ক্ষত দেখ

অল্সার—ক্ষত রোগ।

প্রদাহ থাকিলে তাহা সর্ব্বাগ্রে সাধারণ উপায়ে নিবারণ করিবে। ক্ষতের কিনারা উচ্চ থাকিলে তাহাতে নাইট্রেট অব্ সিল্ভর বা সল্ফেট অব্ কপার লিনসিড ও ব্রেড পুলটীস। নিমের পাতা ও ময়দার পুলটীস, এমপ্লাষ্ট্রম রেজিন, অঙ্গুয়েঃ রেজিন। নাইট্রেট অব্ সিল্ভর লোশন। বিশেষ বেদনাদি থাকিলে লেড ও ওপিয়ম লোশন ও অবসাদক মলম ২৪০, ২৪১, ২৬৬, ৪২৬ সংকোচক ধাবন, ২৩৬, ২৩৮, ২৪২, ২৪৩, ২৪৫ সংকোচক ও উত্তেজক মলমাদি ৫৩, ৫৪, ৬৩, ৬৪, ২৬১, ২৬৪ কার্ব্বলিক এসিড ও গ্লিসিরিণ বা অলিভ অয়েল (১ ভাগে ৮ ১৬ ভাগ) ক্ষতের অবস্থানুসারে প্রযোজ্য। কার্ব্বলিক এসিড ধৌত (১ ভাগ, জল ১০ ১৬ ভাগ); শীতল জলে তুলা বা লিণ্ট ভিজাইয়া দিবে সার্ব্বাঙ্গিক স্বাস্থ্য যাহাতে ভাল হয়, তজ্জন্য চেষ্টা করা কর্ত্তব্য এতদর্থে কডলিভর অয়েল, আইয়োডাইড অব্ আয়রণ, আইয়োডাইড অব্ পটাসিয়ম ও সার্জা, অনন্তমূল, সিন্কোনা, কার্বনেট অব্ এমোনিয়া প্রভৃতি

বলকারক ঔষধ সেব্য ক্ষত ধৌতকরণ জন্য বোরিক এসিড, হাইড্রার্জ পাইক্লোরাইড লেশন, কণ্ডিস সলিউসন প্রভৃতি ব্যবহার্য্য প্যাপেইন প্রযোগে ক্ষতের পুঁজ কিনারা ক্ষয় পায়। উগ্র ক্ষতে কার্বলিক লোশনে উপকার না হইলে অল্প মাত্রায় কোকেইন লোশন প্রযোজ্য শটিত ক্ষতে কার্বলিক লোশন, করোসিব সব্লিমেট লোশন, পারম্যাঙ্গানেট অব্ পটাশ লোশন স্থানিক ধৌতাকারে ব্যবহার্য্য

অষ্টাইটীস—অস্থি প্রদাহ।

অস্থিচ্ছদ-প্রদাহ যে যে কারণে উৎপন্ন হয়, ইহাও সেই সেই কারণ জন্য অস্থিচ্ছদ-প্রদাহ অধিক দিন স্থায়ী হইলেও এই পীড়ার উৎপত্তি হয়

লক্ষণ।—সাতিশয় স্পর্শাসহতা, গভীর বেদনা, রাত্রিতে উহার বৃদ্ধি। আক্রান্ত অস্থি বিবৃদ্ধ হয়।

চিকিৎসা।—জলৌকা, উষ্ণ জলস্বেদ, পুল্টীস ক্যালোমেল ও অহিফেন আইয়োডাইড অব্ পটাসিয়ম, কডলিভর অয়েল, আইয়োডাইড অব্ আয়রণ পেরি অষ্টাইটিস দেখ

পেরি অষ্টাইটীস—অস্থিবেষ্ট প্রদাহ

আঘাত, উপদংশ বিষ, পারদাপব্যবহার আদি কারণে অস্থিচ্ছদ প্রদাহ উপস্থিত হয়

লক্ষণ।—বেদনা—সাধারণতঃ রাত্রিতে বাড়ে সন্নিহিত অস্থি আক্রান্ত হইলে বেদনা অতি তীব্র হয়। স্পর্শাসহতা, প্রদা-

হিত অংশে লসীকা স্রাব হেতু পুরু হয় ও গোলাকার স্ফীততা জন্মে সার্ব্বাঙ্গিক অসুস্থতা জ্বর, রাত্রিতে অস্থিরতা, মানসিক অবসাদ। পূযোৎপত্তি হইলে কম্প হয়।

চিকিৎসা।—রোগীকে সম্পূর্ণ বিশ্রাম করাইবে বেড়াইতে দিবে না আক্রান্ত অংশ স্পিরিট লোশন দ্বারা ভিজাইয়া তদুপরি অয়েল সিল্ক বা কচি কলাপাতা দ্বারা ঢাকিয়া রাখিবে। ক্যালো-মেল ও ওপিয়ম ৪১৪, করোসিব সব্লিমেট ৩৯৮, ৪০২ রেড আইয়োডাইড অব্ মার্করী আইয়োডাইড অব্ পটাসিয়ম ৩৯৯, ৪০১, ৪০৪। সিরপ অব্ আইয়োডাইড অব্ আয়রণ ও কডলিভর অয়েল মর্ফিয়া, ইণ্ডিয়ান্ হেম্প স্থানিক—জলৌকা, উষ্ণ জলস্বেদ, পুল্টীস, আইয়োডিন লিনিমেণ্ট, ব্লিষ্টার, বেলেডোনা ও মার্করী লিনিমেণ্ট সমভাগে অস্ত্র চিকিৎসার প্রয়োজন হইলে এণ্টিসেপ্টিক প্রণালী অবলম্বন করা কর্ত্তব্য

কেরিজ—অস্থিক্ষত।

অস্থিতে প্রদাহ হইয়া উহা কোমল এবং উহাতে ক্ষত ও পূয উৎপন্ন হয়। সাধারণতঃ কশেরুকা, ক্ষুদ্রাস্থি, দীর্ঘাস্থির শাখা আক্রান্ত হয় গণ্ডমালা, উপদংশ, পারদাপব্যবহারও ইহার কারণ

লক্ষণ।—প্রথম প্রথম অস্পষ্ট থাকে। গভীর বেদনা, আক্রান্ত স্থানের আরক্ততা ও স্ফীততা। পূয নিঃসরণের পর নালী থাকিয়া যায় ও অস্থিতে ক্ষত হয় পূযের সঙ্গে, ক্ষুদ্র ক্ষুদ্র অস্থি-খণ্ড নির্গত হইয়া থাকে সার্ব্বাঙ্গিক স্বাস্থ্য হানি

চিকিৎসা।—ফস্ফেট অব্ লাইম সেবনে উপকার

দর্শে আইয়োডিন আভ্যন্তরিক ও বাহ্যিক, ২৬, ১৭৫ ওলিয়ম মর্হি ৪, ১০, ১৯২ নাইট্রিক এসিড ধৌত (২ ড্রাম, জল ২০ আং), ফস্ফরিক এসিড ডিল ধৌত (১ ভাগে ৮ ভাগ জল) সেবনার্থ পটাসিয়াই আইয়োডিডম ৩৯৯, ৪০১ আইয়োডাইড্ অব্ আয়রণ ১৮১, ৪০৩ কডলিভর অয়েল প্রভৃতি কার্ব্বলিক এসিড ধাবন দ্বারা পীচকারি কম্পাউণ্ড টিংচর অব্ বেন্‌জোইন্ ক্ষত মধ্যে প্রবিষ্ট করণ নালী থাকিলে অস্ত্র প্রয়োগে তাহা দ্বিখণ্ডিত করত বিবিধ এণ্টিসেপ্‌টিক লোশন দ্বারা ধৌত ও তৎপরে এণ্টিসেপ্টীক অয়েল দ্বারা ড্রেস্ করিবে

কক্‌সিডিনিয়া—কোকিল চঞ্চ্বস্থির স্নায়ুশূল

কোকিল চঞ্চ্বস্থিতে স্নায়ুশূল বেদনা জন্মে। পতন, আঘাত, প্রসবান্ত প্রভৃতি কারণে জন্মে। অধিক ঘোটকারোহণ বশতঃও এই পীড়া উপস্থিত হইতে পারে

লক্ষণ।—বসিতে বা চৌকি হইতে উঠিবার সময় বেদনা, এবং বা মলত্যাগাদি সময়েও বেদনা হয় সংসর্গ ও আর্ত্তব স্রাব বশতঃ স্ত্রীলোকদের এই বেদনা বর্দ্ধিত হইয়া থাকে। চাপে বেদনা ও স্পর্শাসহ্যতা সময়ে সময়ে জরায়ু বা ডিম্বকোষের পীড়ার সঙ্গে বর্ত্তমান থাকে

চিকিৎসা।– জরায়ুর পীড়া থাকিলে তদারোগ্য করণে চেষ্টা করিবে। কুইনাইন, আয়রণ, আর্সিনিক, জিঙ্ক, ব্রোমাইড অব্ পটাসিয়ম, আইয়োডাইড অব্ পটাসিয়ম, বেলেডোনা, হায়সায়ামাস, ক্লোরাল উষ্ণজলে কটিস্নান, জলৌকা, বেলে-

ডোনা ও মার্কিউরিয়েল লিনিমেণ্ট ১৫০। বেলেডোনা ও ক্লোরো-ফর্ম্ম লিনিমেণ্ট ১৫৩। মর্ফিয়ার অংস্বাচ প্রক্ষেপ। একষ্ট্রাঃ বেলেডোনা ½ গ্রেণ, আইয়োডোফর্ম্ম ½ গ্রেণ, একষ্ট্রাঃ হায়সায়ামাই ½ গ্রেণ, অয়েল থিওব্রোমেটীস ২০ গ্রেণ একত্রে ১ সপো-জিটরী মলদ্বারে দিবে

টুথেক—দন্তশূল।

ইহা বিবিধ কারণে জন্মে। দন্ত ক্ষয়প্রাপ্ত, দন্তমধ্যস্থ পদার্থে প্রদাহ, গর্ব্ভাবস্থা, পারদ ব্যবহার, অজীর্ণ ও নিঃস্রবের অপকর্ষতা, সর্দ্দি, বাত, স্নায়ুশূল প্রভৃতি কারণে দন্তশূল উপস্থিত হয়

চিকিৎসা ক্লোরাল ও ক্যাম্ফর সমভাগে মিশ্রিত করতঃ ক্ষয়িত দন্তের গহ্বর মধ্যে স্থানিক প্রয়োজ্য। ২৩ ফোটা ক্লোরোফর্ম্ম তুলায় ভিজাইয়া দিলে বেদনা উপশমিত হয় ক্রোটন ক্লোরাল, জেলসিমিয়ম সেবনার্থ ব্যবহার্য্য। ক্ষয়িত দন্ত থাকা জন্য হইলে দন্ত তুলিয়া ফেলিবে অথবা ক্রিয়োজোট, অয়েল ক্লোভস্ বা মেন্থপিপ প্রভৃতি তুলা সহ দন্ত গহ্বর মধ্যে স্থানিক দিবে। প্রদাহ থাকিলে বিরেচক। বাই কার্ব্বনেট অব্ সোডা ও উষ্ণ জল দ্বারা কুলি। টিং একোনাইট, ক্যাজিপুটী অয়েল, ক্লোরোফর্ম্ম, ক্যাম্ফর ও তার্পিন তৈল, ট্যানিক এসিড ও ইথর, তুলায় ভিজাইয়া দন্তে দিবে হর্সারডিস, জিঞ্জর বা পাইরিথ্রম দন্তে চর্ব্বণ করিবে কার্ব্বলিক এসিড, নাইট্রেট অব্ সিল্ভর ইত্যাদিতেও উপকার হয় মেন্থল ও ক্যাম্ফর। কোকে-ইন ও ক্যাম্ফর বা কার্বলিক এসিড। এণ্টিপাইরিণও স্থানিক প্রযুক্ত হইয়াছে

হিকফ্—হিক্কা।

ইহা একটী ক্ষুদ্র, আক্ষেপিক ও সশব্দ শ্বাস। উহার অনতি-বিলম্বেই প্রশ্বাস হয়। উদর বক্ষঃব্যবধায়ক পেশীর (ডায়াফ্রাম) আকস্মিক, অনৈচ্ছিক ও সাময়িক আকুঞ্চন বশতঃ ও তৎসঙ্গে গ্লটিস অর্থাৎ বায়ুনলীর মুখ অবরুদ্ধ হওয়ায় হিক্কা সমুপস্থিত হয়। অনেক সময় ইহা প্রবল পীড়ায় বিপদাশঙ্কা পরিচায়ক। অনেক সময় পরিপাক যন্ত্রের উদ্দীপনা বা প্রদাহ জন্য, সময় সময় গুল্মবায়ুজ ও কখন কখন আপনাপনি উপস্থিত হয়। শৈশব ও বৃদ্ধাবস্থায় অতি সাধারণ। আক্ষেপিক শ্বাস জন্য হৃৎ-প্রদেশে বেদনা বোধ হয়। হিক্কা দ্বারা রোগী অত্যন্ত অবসন্ন হইয়া পড়ে। ইহার প্রকোপ থাকিয়া থাকিয়া হয় অর্থাৎ কিয়ৎকাল বিরাম থাকে, তৎপরে আবার হিক্কা সমুপস্থিত হয়।

চিকিৎসা।—কারণ জানিতে পারিলে তাহা নিবারণের চেষ্টা করিবে। স্বয়ম্ভূত হিক্কাতে কয়েক মিনিট শ্বাস বন্ধ করিয়া রাখিলে উপকার হয়। হাঁচীকারক ঔষধ নাকে দিবে। এমোনিয়া, মস্ক, পিপারমেণ্ট অয়েল, ক্যাম্ফর, ইথর, ক্লোরোফর্ম্ম চিনি সহ। একোনাইট, বেলেডোনা সেব্য। ক্লোরোফর্ম্ম বা ইথর আঘ্রাণ। ওপিয়ম, হেনবেন, হাইড্রোসিয়ানিক এসিড, বরফ, বরফ মিশ্রিত জল। ব্লিষ্টার, মষ্টার্ড, টর্পেণ্টাইন ষ্টুপ, শুষ্ক কপিং, ওয়েট কম্প্রেস। বেলেডোনা, একোনাইট, ক্লোরোফর্ম্ম বা ওপিয়ম লিনিমেণ্ট, পৃষ্ঠ ও বক্ষঃস্থলের উভয় পার্শ্বে (উদরবক্ষঃব্যবধায়ক পেশীর সমসূত্রে) মর্দ্দিতব্য। অজীর্ণ জনিত রোগে—বমনকারক ও মৃদুরেচক ও ক্যাষ্টর অয়েলের এনিমা। এমোনিয়া, বাইকার্ব্বনেট অব্ পটাশ ও পিপারমেণ্ট ওয়াটর। বিসমথ, ক্রিয়েজোট, এ্যাসাফেটিডা, লবণ,

মস্ক, ভেলিরিয়ানেট অব্ এমোনিয়া, ব্রোমাইড অব্ পটাসিয়ম, হাইড্রেট ক্লোরাল, সহস ধারা স্নান শিশুদের হইলে ডিল ওয়াটর, ১০—১৫ ফোটা ব্রাণ্ডি ও মিশ্রির জল, ঈষদুষ্ণ জল, দুগ্ধ ও চুণের জল খাদ্য দ্রব্য ও দুগ্ধ বিশুদ্ধ হওয়া কর্ত্তব্য। মর্ফিয়া, কোকেইন সেবনে সময় সময় হিক্কা নিবারিত হয় স্কেলি-নস্ এণ্টাইকস্ প্রদেশে স্নায়ুর উপর চাপ প্রয়োগ।

ব্রুজেস্ এণ্ড স্প্রেন্স—ঘৃষ্ট ও মচ্‌কান।

য়্যালকোহল ১ ভাগ, জল ৮ ভাগ; লাইকর এমোনিয়া এসিটেটীস ও য়্যালকোহল ১১৯ আর্নিকা লোশন ১৪৯, ১৫৭ এমোনি ক্লোরাইডম ১১৮, ১২০। গ্লিসিরিণ, অয়েল ওরিগেনাই ও অলিভ অয়েল, সোপ লিনিঃ, অয়েল টেরিবিন্থিনী। জলপটী, লেড লোশন বস্ত্রখণ্ড দ্বারা ভিজাইয়া দেওয়া, ব্রাই-য়োনিয়া নাইগ্রা পুলটীস। ক্যাম্ফর লিনিমেণ্ট ফোমেণ্টেসন, ঈষদুষ্ণ জলধারা বরফ ক্যাম্ফর ও ক্যাপ্সিকম; ওপিয়ম। লাইকর প্লাম্বাই সব এসিটেটীস ও টিং ওপিয়ম লোশন স্থানিক প্রয়োজ্য শীতল লোশন অতৃপ্তিকর বোধ হইলে, উহা উষ্ণ করতঃ প্রয়োগ করিবে। আহত অংশকে সম্পূর্ণ সুস্থিরাবস্থায় রাখিবে। প্রয়োজনমত আহত অংশে ব্যাণ্ডেজ বাঁধিয়া দিবে। সোপ বা লেড প্লাষ্টার দ্বারা পীড়িত অংশ ষ্ট্রাপিং করিয়া দিলে বিশেষ উপকার প্রাপ্ত হওয়া যায় এঙ্কল জয়েণ্ট গুরুতর ভাবে মচ্‌কাইয়া গেলে পূর্ব্বোক্ত ষ্ট্রাপিং বিশেষ ফলোপধায়ক।

বিষাবলী।

যে কোন দ্রব্য রক্তে আশোষিত হইয়া প্রাণ সংহার করিতে পারে, তাহাকে বিষ বলা যায় বিষ সমূহ ক্রিয়ানুসারে তিন শ্রেণীতে বিভক্ত উগ্র, মাদক ও মাদকোগ্র।

উগ্র বিষ ক্রিয়ার লক্ষণ।—পাকাশয় ও অন্ত্রে বেদনা, বমন ও ভেদ হয় মল সহ রক্ত মিশ্রিত থাকে, নাড়ী ক্ষীণ ও অনিয়মিত, চর্ম্ম শীতল হয় মুখগহ্বর, গলাভ্যন্তর ও পাকাশয়ে জ্বালাবোধ ও যেস্থানে বিষ সংস্পর্শিত হয়, তাহা দগ্ধ হইয়া যায় হিমাঙ্গ, আক্ষেপাদি ও প্রবল প্রদাহ উপস্থিত হইয়া রোগী মৃত্যুমুখে নিপতিত হয় ওলাউঠা, প্রবল অতিসার, শূল বেদনা, পাকাশয় ও অন্ত্র প্রদাহ প্রভৃতি রোগের লক্ষণের সহিত উগ্র বিষ ক্রিয়ার লক্ষণের বিশেষ সাদৃশ্য আছে

মাদক বিষক্রিয়ার লক্ষণ।—মস্তিষ্ক ও পৃষ্ঠবংশীয় মজ্জাতে ক্রিয়া দর্শায় শিরোবেদনা, তন্দ্রা, শিরোঘূর্ণন, অচেতনতা, খেঁচুনী ও সময়ে সময়ে পক্ষাঘাত উপস্থিত হয়, বমন ও ভেদ কদাচিৎ হয় সংন্যাস, অপস্মার ও মূত্রাম্লুৎপত্তিজনিত বিকারের লক্ষণের সহিত ইহার সাদৃশ্য আছে

মাদকোগ্র বিষ ক্রিয়ার লক্ষণ।—অত্যন্ত পিপাসা, গলায় ও পাকাশয়ে বেদনা, ভেদ ও বমন, প্রলাপ, খেঁচুনী কখন কখন ধনুষ্টঙ্কার ও সংজ্ঞাহীনতা ইত্যাদি প্রকাশিত হয়।

চিকিৎসা।—চিকিৎসকের প্রথম কর্ত্তব্য এই যে, পাকাশয় হইতে ষ্টমাক পম্প বা বমনকারক ঔষধ দ্বারা বিষ উত্তোলিত

করিয়া ফেলা মিনারেল এসিড আদি দাহক বিষ ভক্ষণের পর ষ্টমাক পম্প ব্যবহার সকল সময় নিরাপদ নহে, কারণ তাহাতে তন্তু আদি ছিন্ন হইতে পারে, অতএব ঐরূপ ক্ষেত্রে ষ্টমাক পম্প ব্যবহার করিবে না। কার্ব্বলিক এসিড আদি দাহক বিষভক্ষিত হইলে খুব সাবধানে কোমল রবারের নল পাকাশয়ে প্রবিষ্ট করাইয়া বিষ উত্তোলিত করা যাইতে পারে অজ্ঞানাবস্থাপন্ন রোগী দিগের ষ্টমাক পম্প সতর্কতা সহকারে ব্যবহার করা যাইতে পারে। বমনকরণার্থ—সলফেট অব্ জিঙ্ক ২৭৭, মষ্টার্ড ২৭৯, সলফেট অব্ কপার ২৭৮; ইপিক্যাকিউয়ানা ২৭৬; ২৮১ ইপিক্যাক ও এমোনিয়া ২৮০ লবণ যুক্ত উষ্ণ জল পান করিয়া ও গলায় অঙ্গুলি দিয়া বমনের সহায়তা করিবে। বিষ অন্ত্রাভ্যন্তরে গেলে জল ও লবণের পীচকারী, বার্লি ও সোপ ওয়াটর। ক্যাষ্টর অয়েল ও টর্পেণ্টাইন বা ক্রোটন অয়েলের পীচকারী। চিকিৎসকের দ্বিতীয় কর্ত্তব্য যে, প্রতিবিষ অর্থাৎ বিষনাশক দ্রব্য সেবন করাইয়া ভক্ষিত বিষের ক্রিয়া শান্তি করা সকল প্রকার বিষের প্রতিবিষ স্বতন্ত্র বিশুদ্ধ জান্তব অঙ্গার সেবনে মর্ফিয়া, ষ্ট্রীকনিয়া ও আর্সিনিকের বিষক্রিয়া উপহত হয় • $\frac{1}{10}$ গ্রেণ এপোমর্ফিন্ অধস্ত্বাচ প্রক্ষেপ আকারে ব্যবহৃত হইলে বমন হয়। ইহা অবসাদক

মিনারেল এসিডস—বা আকরিক অম্ল সমূহের বিষে — কার্ব্বনেট অব্ সোডা, লাইম, পটাশ, ক্যাল্‌সাইন্‌ড ম্যাগ্নিসিয়া বা কার্ব্বনেট অব্ ম্যাগ্নিসিয়া, জল সহ, দুগ্ধ বা নিউসিলেজের সঙ্গে সাবান ও জল, অলিভ অয়েল, মসিনার ফাণ্ট, মণ্ড, দুগ্ধ, যবোদক ইত্যাদি পাকাশয় বিদীর্ণ হইয়া যাওয়ার আশঙ্কা না থাকিলে দিবে।

তৎপরে পাকাশয় প্রদাহ-রোগের ন্যায় চিকিৎসা করিবে। আহার্য্য দ্রব্য সম্বন্ধে পীচবাবি যোগে দেওয়া যায়

উদ্ভিজ্জ-অম্লের বিষে—বমনকারক ঔষধ ও ষ্টমাক পম্প ম্যাগ্নিসিয়া, সোডা ও চক্; শৈত্য পানীয় ও মিউসিলেজ সহ ক্ষার—সোডা, পটাশ ও তাহাদের কার্ব্বনেট্‌স।

ফস্ফরস।—ষ্টমাক পম্প। মিউসিলেজ ও ডিম্বের শ্বেতাংশ-যুক্ত পানীয় অধিক পরিমাণে পান করাইয়া বমন করাইবে; পূর্ণ মাত্রায় ম্যাগ্নিসিয়া তৈল ব্যবহার নিষিদ্ধ সলফেট অব্ কপার ঘন ঘন প্রযোজ্য ইহা বমনকারক ও প্রতিবিষ। বহু পুরাতন তার্পিণ তৈল বিরেচক, মিউসিলেজ ও ডিম্বের শ্বেতাংশ।

আইয়োডিন।—বমনকারক ঔষধ, য্যারোরুট, ষ্টার্চ, লাইম ওয়াটর, স্নিগ্ধ পানীয় ও অন্ন মণ্ড। যতক্ষণ আইয়োডাইড ষ্টার্চবৎ বমন না হয়, ততক্ষণ ষ্টার্চ সেব্য আবশ্যক হইলে খুব সাবধানে ষ্টমাক পম্প

এমোনিয়া, পটাশ, সোডা ও তাহাদের কার্ব্বনেট্‌স—ভিনিগার ও জল, বার্লি ওয়াটর ও লেবুর রস বিবিধ প্রকার তৈল (বাদাম ও জলপাই) পান করাইবে [নাইট্রেট, সলফেট ও এসিড টার্টেট অব্ পটাশ—বমন করাইবে, স্নিগ্ধ পানীয়]

ব্যারাইটা ও তৎসল্ট।—সলফেট অব্ সোডা বা ম্যাগ্নিসিয়া। বমনকারক ঔষধ ও ষ্টমাক পম্প।

আর্সিনিক।—ষ্টমাক পম্প, বমনকারক, মিউসিলেজ ও

ডিম্বের শ্বেতাংশ মিশ্রিত পানীয় সেবন দ্বারা বমন করাইবে। দুগ্ধ ও কাঁচা ডিম্ব, চুণের জল, অলিভ অয়েল ও লাইম ওয়াটর। ক্যাষ্টর অয়েল অধিক পরিমাণে সেবন করাইয়া অন্ত্র পরিষ্কার করিবে জান্তব অঙ্গার, ক্যালসাইণ্ড ম্যাগ্নেসিয়া, হাইড্রেটেড অক্সাইড অব্ আয়রণ, লাইকর ফেরি ডায়ালাইজ্‌ড উত্তেজক, ওপিয়ম, কোনিয়ম, হেনবেন ব্রাণ্ডি আদি উত্তেজক সেবন বা মলদ্বারে পিচকারী

করোসিব সব্লিমেট।—বমন উত্তেজিত করিবে অথবা সাবধানে ষ্টমাক পম্প ব্যবহার করিবে য়্যালবুমেন ও গ্লুটেন—ডিম্বের শ্বেতাংশ, ময়দা, দুগ্ধ ও জল, স্নিগ্ধপানীয়, বরফ। অয়েল সেবন ও মর্ফিন হাইপোডার্ম্মিক। য়্যালম ও মর্ গার্গল, ট্যানিন, বোরাক্স ও ক্লোরিনিটেড সোডা গার্গল ওপিয়েট্‌স, ক্লোরেট অব্ পটাশ, আইয়োডাইড্ অব্ পটাসিয়ম

ক্যান্থেরাইডিস। ষ্টমাক পম্প, বমনকারক, মিউসিলেজযুক্ত পানীয়, অয়েল, চক অল্প মাত্রায় অহিফেন সেবন বা মর্ফিন সপোজিটরী

সল্টস অব্ লেড।—সলফেট অব্ জিঙ্ক বমনার্থ, সলফেট অব্ সোডা বা ম্যাগ্নেসিয়া বা ডাইলিউট এসিড সলফিউরিক। দুগ্ধ, অথবা দুগ্ধ ও কাঁচা ডিম্ব বমনকারক ঔষধ ও ষ্টমাক পম্প ক্রোটন অয়েল

সল্টস অব্ কপার ও কপার সল্টস।—উষ্ণজল পান দ্বারা বমন উত্তেজিত করিবে ডিম্বের শ্বেতাংশ, দুগ্ধ, মিউসিলেজযুক্ত পানীয় ষ্টমাক পম্প—বমন না হইলে। ময়দা ও জল তৎসহ ডিমের শ্বেতাংশ। ওপিয়ম

টার্টারেটেড অব্ এণ্টিমনী —দুগ্ধ ও জল পান দ্বারা বমন উত্তেজিত করিবে ডিম্বের শ্বেতাংশ, টি, ডিকক্‌সন অব্ ওক বার্ক, গ্যালিক এসিড বা ট্যানিক এসিড, টিংচর অব্ গলস্, টিংচর সিনকোনা ও সিনকোনা চূর্ণ প্রভৃতি সহ অল্প মাত্রায় ডিজিটেলিস ও ষ্ট্রীকনিন মলদ্বারে পীচকারী বা অধস্ত্বাচ প্রক্ষেপ

ক্লোরাইড অব্ এণ্টিমনী।—দুগ্ধসহ ম্যাগ্নিসিয়া, টি ডিকক্‌সন অব্ ওক বার্ক, গ্যালিক এসিড

সলফেট অব্ জিঙ্ক।—দুগ্ধ ও ডিম্বের শ্বেতাংশযুক্ত পানীয় দ্বারা বমন উত্তেজিত করিবে কার্বনেট অব্ পটাশ বা সোডা, ডিকক্‌সন অব্ ওক বার্ক, ট্যানিক এসিড

ক্লোরাইড অব্ জিঙ্ক।—বমনকারক ঔষধ, য়্যাল্বুমিনস্ ড্রিঙ্ক বা ডিম্বের শ্বেতাংশযুক্ত পানীয় ট্যানিনযুক্ত ঔষধ

কলচিকম্।—ষ্টমাক্ পম্প, বমনকারক, মিউসিলেজ, ট্যানিন, বিরেচক আবশ্যক হইলে উত্তেজক।

নাইট্রেট অব্ সিলভর।—লবণ, বমন না হইতে থাকিলে বমনকারক ঔষধ। ডিম্বের শ্বেতাংশ, ময়দা

বিসমথ।—স্নিগ্ধ পানীয় দিবে ও বমন করাইবে।

সলফেট অব্ আয়রণ।—ম্যাগ্নিসিয়া, স্নিগ্ধ পানীয়

কার্বলিক এসিড।—সাবধানে ষ্টমাক পম্প দ্বারা বিশুদ্ধ গ্লিসিরিণ বা এপ্সম সল্টের দ্রব সহযোগে পাকাশয় ধুইয়া ফেলিবে ডিম্বের শ্বেতাংশ, মিউসিলেজযুক্ত পানীয় উত্তেজক, কাউণ্টর ইরিটেসন

ওপিয়ম।—ষ্টমাক পম্প, সলফেট অব্ জিঙ্ক ২৭৭;

সলফেট অব্ কপার ২১৮; মষ্টার্ড ২১৯। মদ্যদ্বার মধ্যেও বমনকারক ঔষধ প্রযুক্ত হইতে পারে। নিদ্রা যাইতে দিবে না ও রোগীর বক্ষে ও মস্তকে শীতল জলসেচন করিবে। পৃষ্ঠবংশে ইলেকট্রিসিটী। চা, কফি, সুরা প্রভৃতি উত্তেজক। ২০-৩০ মিনিম মাত্রায় টিং বেলেডোনা প্রতি ঘণ্টায় দিবে গরম জলের সঙ্গে লবণ মিশ্রিত করতঃ পান করাইলে বমন হইতে পারে পারমাঙ্গানেট অব্ পটাশ সেবনার্থ। কফিইন ও ষ্ট্রীক-নিনের অধস্ত্বাচ প্রক্ষেপ গলাধঃকরণের শক্তি না থাকিলে এপোমর্ফিন ১/১০ গ্রেণ অধস্ত্বাচ প্রক্ষেপ উত্তেজক ও কৃত্রিমশ্বাস

হাইড্রোসিয়ানিক এসিড।—ক্লোরিণ ও অক্সাইড অব্ আয়রণ, সলিউসন অব্ কার্বনেট অব্ পটাশ, শীতল জল সেচন, বক্ষে ও উদরে উত্তেজক মর্দ্দন, নাসিকায় এমোনিয়া ধরিবে, কৃত্রিম শ্বাসপ্রশ্বাস করাইবে বমনকারক ঔষধ, ব্রাণ্ডি, ষ্ট্রং কফি সময় পাওয়া গেলে ষ্টমাক পম্প এট্রপিনের হাইপোডর্ম্মিক ইন্‌জেক্‌সন ১/৬০ গ্রেণ

নাইট্রো বেনজোল।—ষ্ট্রং কফি, ব্রাণ্ডি, এমোনিয়া, টর্পেণ্টাইন এনিমা, শীতল জলসেচন গ্যাল্‌বানিজম, কৃত্রিম শ্বাসপ্রশ্বাস

ক্লোরোফর্ম্ম ও ইথর।—ষ্টমাক পম্প (ঔষধ পাকাশয়ে থাকিলে) ব্রাণ্ডি, এমোনিয়া, ষ্ট্রীক্‌নিন অধস্ত্বাচ প্রক্ষেপ আঘ্রাণের পর বিষাক্ত হইলে বিশুদ্ধ বায়ুতে রোগীকে রাখিবে শীতল জলসেচন, গ্যাল্‌ভানিজম, কৃত্রিম শ্বাসপ্রশ্বাস, এমোনিয়ার ঘ্রাণ নাইট্রেট অব্ এমিল আঘ্রাণ।

য়্যাল্‌কোহল।—অবিলম্বে ষ্টমাক পম্প দ্বারা পাকাশয়

ধৌতকরণ, শীতল জলসেচন, সলিউসন অব্ এসিটেট অব্ এমোনিয়া জল সহ, উত্তাপ রক্ষার উপায়াবলম্বন, পদদ্বয়ে ও বক্ষঃস্থলে মষ্টার্ড প্লাষ্টার, ষ্ট্রং কফি, বমনকারক, নাইট্রেট অব্ এমিল আঘ্রাণ, ইলেক্ট্রিসিটী, ষ্ট্রীকনিনের অধস্ত্বাচ প্রক্ষেপ।

হেনবেন।—বমনকারক, পূর্ণমাত্রায় ক্যাষ্টর অয়েল।

ক্যানাবিস ইণ্ডিকা।—ষ্টমাক পম্প, বমনকারক বিরেচক ও উত্তেজক প্রযোজ্য।

ক্যাম্ফর।—ষ্টমাক পম্প, বমনকারক, অধিক জলপান, তীব্র স্যালাইন বিরেচক, শীতল ও উষ্ণ জলধারা।

নক্সভমিকা, ষ্ট্রিকনিয়া ও ব্রুসিয়া।—ষ্টমাক পম্প, বমনকারক, ব্রোমাইড অব্ পটাসিয়ম অধিক মাত্রায়, মর্ফিয়া, ক্লোরাল, ক্যালেবার বিং ও ইথর প্রভৃতি প্রযুক্ত হয়। অধিক পরিমাণে ব্রাণ্ডি, কৃত্রিম শ্বাস, বিরেচক পীচকারি, তার্পিন অয়েল, ট্যানিন, এনিমেল চারকোল। স্বেদ জন্মানর চেষ্টা ও উষ্ণতা রক্ষা করিবে। ক্লোরোফর্ম আঘ্রাণ দ্বারা আক্ষেপ নিবারণ করিবে।

বেলেডোনা ও এট্রপিন।—বমনকারক ঔষধ, ক্যাষ্টর অয়েল, জান্তব অঙ্গার, এসিরিণ বা পাইলোকার্পিনের অধস্ত্বাচ প্রক্ষেপ। বিবিধ উত্তেজক, কৃত্রিম শ্বাসপ্রশ্বাস, কাউণ্টার ইরিটেসন, ষ্টমাক পম্প, মর্ফিয়ার অধস্ত্বাচ প্রক্ষেপ।

একোনাইট ও হেলেবোর বা ভিরাট্রিন।—এমিটীক্স, ক্যাষ্টর অয়েল, জান্তব অঙ্গার, ষ্ট্রং কফি, এমোনিয়া, ব্রাণ্ডি, ডিজিটেলিস, শাখাদ্বয় মর্দ্দন, কৃত্রিম শ্বাসপ্রশ্বাস। ষ্টমাক

পম্প। লাইকর এট্রপি ২ ফোটা অধস্তাচ প্রক্ষেপ। ষ্ট্রীকনিন $\frac{1}{60}$ বা $\frac{1}{30}$

ডিজিটেলিস। ষ্টমাক পম্প, এমিটীক্স, ক্যাষ্টর অয়েল, ট্যানিন ঘটিত ইনফি, টি, ডিকক্সন ওকবার্ক টীং গল, ট্যানিক এসিড ও জল, ষ্ট্রং কফি, ব্রাণ্ডি। ওপিয়ম। রোগীকে স্থিরভাবে চিৎ করিয়া শয়ন করাইবে

সল্ফিউরেট অব পটাসিয়ম।—ডাইলিউট সলিউসন্স অব্ ক্লোরাইড অব্ সোডা ও লাইম

ষ্ট্রামোনিয়ম।—বমনকারক ঔষধ, ক্যাষ্টর অয়েল, শঙ্খ দেশে জলৌকা। ট্যানিন, উত্তেজক, মর্ফিয়ার অধস্তাচ প্রক্ষেপ।

হেমলক বা কোনিয়ম।—বমন করাইয়া ক্যাষ্টর অয়েল দ্বারা বিরেচন করাইবে পরে উত্তেজক বিধান করিবে প্রথমে ষ্টমাক পম্প।

টোবাকো ও লোবিলিয়া—তামাক।—উত্তেজক ঔষধ প্রয়োগ, বমনকারক ঔষধ যদি আপনি বমন হইতে থাকে, তবে বমনকারক ঔষধ সেবন করাইবে না। তদভাবে ষ্টমাক পম্প। ব্রাণ্ডি আদি উত্তেজক, ষ্ট্রীকনিনের অধস্তাচ প্রক্ষেপ

ক্লোরাল হাইড্রেট।—ষ্টমাক পম্প, বমনকারক ষ্ট্রীক-নিন, এট্রপিন বা কফিইনের অধস্তাচ প্রক্ষেপ এমোনিয়া, ইথর, ও ব্রাণ্ডি দ্বারা উত্তেজন। বাহ্যিক উষ্ণতা প্রয়োগ, কৃত্রিম শ্বাস, ইলেকট্রিসিটী। কফি লাইকর পটাশ।

কার্ব্বনিক এসিড গ্যাস।—বিশুদ্ধ বায়ু সঞ্চালিত স্থানে

রোগীকে লইয়া যাইবে, শীতল জলসেচন, হস্তপদাদি মর্দ্দন, শরীরের উষ্ণতা রক্ষা করিবে কৃত্রিম শ্বাসপ্রশ্বাস, গ্যাল্‌বানিজম, অক্‌সিজেন বাষ্প আঘ্রাণ।

সল্‌ফিউরেটেড্‌ হাইড্রোজন গ্যাস।—বিশুদ্ধ বায়ুতে রোগীকে রাখিবে, উত্তেজক ঔষধ, ক্লোরিণ আঘ্রাণ ক্লোরিনেটেড লাইম ও সোডা।

কার্ব্বিউরেটেড্‌ হাইড্রোজন গ্যাস।—রোগীকে অতি সত্বর বিশুদ্ধ বায়ুপূর্ণ স্থানে লইয়া যাইবে, শীতল জলসেচন, উত্তেজক ঔষধ।

অন্যান্য প্রকার বিষের চিকিৎসা সাধারণ প্রণালী অবলম্বনে করিতে হইবে এস্থলে কেবল প্রধান প্রধান বিষের চিকিৎসাদি বর্ণিত হইল।

সর্পদংশন স্নেক বাইট্‌।

দংশিত স্থানের উপরে লিগেচার অর্থাৎ সূতা বা দড়ির দ্বারা দৃঢ়রূপে বন্ধন করিবে এবং ঐ স্থান চিরিয়া দিয়া উষ্ণ জলসেচন করিবে। চুষিয়া বিষ উঠাইয়া ফেলা যাইতে পারে, কিন্তু যে চুষিবে তাহার মুখে যেন কোনরূপ ক্ষত না থাকে; তৎপরে নাইট্রিক এসিড, নাইট্রেট অব্‌ সিলভর, লাইকর এমোনিয়া বা অত্যুষ্ণ লৌহ দ্বারা দগ্ধ করিবে সেবনার্থ লাইকর এমোনিয়া, ব্রাণ্ডি প্রভৃতি উত্তেজক ঔষধ ১০।১৫ বা ২০ মিনিট অন্তর দিবে ষ্ট্রীকনিন্‌ হাইপোডর্ম্মিক ইন্‌জেক্‌সন ও পারমাঙ্গানেটের হাইপোডর্ম্মিক ইঞ্জেক্‌সন অধুনা ব্যবহৃত হইতেছে এণ্টিভিনিন্‌ সিরম হাইপোডর্ম্মিক ইন্‌জেক্সন উপকারী বলিয়া কথিত হয়।

বিষধর জন্তু দংশন।

দংশিত স্থানের চর্ম্মটী উত্তোলন করিয়া ফেলিবে ও তৎস্থান নাইট্রেট অব্ সিলভর বা নাইট্রিক এসিড্ বা ষ্ট্রং কার্বলিক এসিড্ দ্বারা পোড়াইয়া দিবে। পোড়াইয়া দিবার পূর্ব্বে উত্তপ্ত জলসেচন করা কর্ত্তব্য। তৎপরে সেবনার্থ সল্‌ফাইট অব্ ম্যাগ্‌নিসিয়া ১০ ৩০ গ্রেণ মাত্রায় দিবসে ২ ৩ বার সেব্য এই ঔষধ ১৫ দিন হইতে এক বা দেড় মাস পর্য্যন্ত সেবন করান উচিত করোসিব সব্লিমেট ১ গ্রেণ ও জল ১ আউন্স, দ্রব করতঃ তদ্দ্বারা ক্ষত স্থান লিণ্ট, তুলা বা বস্ত্রখণ্ড সহযোগে ভিজাইয়া রাখিবে।

ব্যবস্থাবলী।

ঔষধ ব্যবস্থাকালে রোগীর বয়স, লিঙ্গ, ধাতু, প্রকৃতি, অভ্যাস, শরীর-অবস্থা ও স্থানীয় জলবায়ুর গুণ প্রভৃতির প্রতি দৃষ্টি রাখা কর্ত্তব্য এই ব্যবস্থাবলীর মধ্যে ঔষধের যে মাত্রা লিখিত হইয়াছে, তাহা পূর্ণবয়স্ক পুরুষদের উপযোগী। পূর্ণবয়স্ক স্ত্রীলোকদিগের জন্য উহা অপেক্ষা মাত্রা কিছু হ্রাস করা কর্ত্তব্য। অল্পবয়স্ক বালক বালিকাদের জন্য নিম্নলিখিত নিয়মানুসারে মাত্রা হ্রাস করিতে হইবে এই ব্যবস্থাবলীর মধ্যে অনেক স্থলে ঔষধ সেবনের নিয়মাদি লিখিত হয় নাই রোগের অবস্থানুসারে ১।২ ৩ ৪ ঘণ্টান্তর অথবা দিনে ২ ৩ ৪ বার চিকিৎসক বিবেচনা করিয়া ঔষধ সেবনের ব্যবস্থা করিবেন।

	গ্রেণ		মিনিম।	
পূর্ণবয়স্কদের জন্য	৬০	বা	১	হইলে
১৪ বৎসর বয়স্কের পক্ষে	৩০	বা	১/২	
৭ „ „ „	২০	„	১/৩	
৫ „ „ „	১৫	„	১/৪	
৩ „ „ „	১০	„	১/৬	
১ „ „ „	৬	„	১/১০	
৬ মাস „ „	৩	„	১/২০	
৩ „ „ „	২	„	১/৩০	হওয়া উচিত

সার্ব্বাঙ্গিক-উত্তেজক মিশ্র।

১ —এমোনি কার্ব্বনাস ৩০ গ্রেং, স্পিরিটস্ ইথরিস ৩ ড্রাম, টিং ল্যাভেণ্ডর কং অর্দ্ধ আউন্স, একোয়া ক্যাম্ফর ৫০ আং। মিশ্রিত কর ইহা ৬ বা ৮ মাত্রা হইবে

২ —স্পিরিটস্ এমোনি এরোমেটীকস, ২ ড্রাম, স্পিরিটস্ ইথরিস ২ ড্রাম, টিং কার্ডেমম কং ৩ ড্রাম, টিং ডিজিটেলিস ২০ মিনিম, ক্যাম্ফর ওয়াটর ৬ আং মিঃ, ৬ মাত্রা

৩।—স্পিরিটস্ এমোনি এরোমেটীকস্, ক্লোরিক ইথর বা স্পিরিট ক্লোরোফর্ম—প্রত্যেক ২ ড্রাম, স্পিরিটস্ ভাইনাই গ্যালিসাই ১ আং, টীং অরানশিয়াই ২ ড্রাম, ডিককটাই সিনকোনী ৪০ আং মিঃ, ৬ মাত্রা

৪।—এমোনি কার্ব্বনাস ১২০ গ্রেং, এসিড্ হাইড্রোসিয়ানিক ডিল ২০ মিনিম, টিং কার্ডেমম কং ৫ ড্রাম, ইনফিঃ অরানশিয়াই—৮ আং। মিঃ, ১/৬ বা ১/৮ অংশ, ৪ ভাগ জম্বীর রস বা

বা ১৮ গ্রেণ নাইট্রিক এসিড সহ উচ্ছ্বলনাবস্থায় প্রয়োজ্য। অবসন্নতা সহ পাকাশয়ের উগ্রতা বর্ত্তমান থাকিলে ব্যবহার্য্য

৫ স্পিরিট এমোনি এরোমেটীকস, ক্লোরিক ইথর, টিং মস্ক, ও টিং ভেলিরিয়ান্ প্রত্যেকে ২ ড্রাম, ক্যাম্ফর ওয়াটর ৫ আং মিঃ, ৬ মাত্রা

৬ —এসিড্ হাইড্রোক্লোরিক ডিল ১ ড্রাম স্পিরিট ইথরিস ৩ ড্রাম, সিরপ অরানসিয়াই ৪ ড্রাম, ইনফিঃ অরানসিয়াই ৮ আং মিং, ⅙ অংশ ৪—৬ ঘণ্টান্তর একজ্বরে এবং প্রশ্বাস নিঃসৃত বায়ুতে এমোনিয়ার গন্ধ থাকিলে ব্যবহার্য্য

৭।—লাইকর সোডি ক্লোরেটী ১ ড্রাম, টিং সিনকোনি কং ৬ ড্রাম স্পিরিট ভাইনম গ্যালিসাই—২ আং, জল ৮ আং। মিঃ জ্বরের অবসন্নাবস্থায় প্রয়োজ্য। ৮ মাত্রা

৮।—স্পিরিট ইথরিস নাইট্রোসাই, স্প্রিঃ ক্লোরোফর্ম্মাই প্রত্যেক ১ আং, সিঃ (সিরপ) টলুটেনাই—৪ আং মিঃ, কাশির উগ্রতা নিবারণার্থ অবলেহরূপে ব্যবহার্য্য মাত্রা ১ ড্রাম।

৯ —এমোনি কার্ব্বনাস্ ৩০ গ্রেণ, স্প্রিঃ সিরিষ্টিসী—২ ড্রাম, টিং কার্ডেমম কং ৬ ড্রাম, ইনিফিঃ ক্যারিয়োফাইলাই ৮ আং। মিঃ, ⅙ অংশ ৪ ৬ ঘণ্টান্তর, দুর্ব্বলতা সহ বিবমিষা ও উদরাধ্মান, বিসর্প (এরিসিপেলাস্), তালুপার্শ্বগ্রন্থি প্রদাহ ইত্যাদিতে ব্যবহার্য্য

১০ স্প্রিঃ এমোনি এরোমেটীকস ৩ ড্রাম, একোয়া লবো-

তরল পদার্থ মাত্রেরই পরিমাণ স্থলে ফ্লুইড্ ড্রাম বা আউন্স ধরিয়া লইতে হইবে। আউন্সের পরিবর্তে আং, মিশ্রিত কর=মিঃ, অংশ—অং, টিংচর—টিং, কম্পাউণ্ড=কং, এরূপ সাঙ্কেতিক চিহ্ন ব্যবহৃত হইল

সিরেসাই ১ ড্রাম, সোডি বাইকার্ব ৬০ গ্রেণ, টিং কলম্বা ৬ ড্রাম, একোয়া এনিথি ৮ আং। মিঃ, ⅛ অংশ, দিনে ২৩ বার, বমন, বিবমিষা ও বুক-জ্বালা নিবারণার্থ ব্যবহার্য্য।

১১ —এমোনি কার্ব্বনাস ৩০ গ্রেং, স্প্রিঃ ইথিরিস্ ৩ ড্রাম, ইনফিঃ ক্যারিয়োফাইলাই ৮ আং। মিঃ, ⅛ অংশ দিনে তিনবার, দৌর্ব্বল্য সহ উদরাধ্মান থাকিলে প্রয়োজ্য।

১২ —ওলিয়াই ক্যাজিপুটী ৪ মিনিম, স্যাকেরাই ল্যাক-টিস্ ২০ গ্রেণ উত্তমরূপে মিশাইয়া, ডিঃ য়্যালোজ কম্পজিটী ১০ আং সংযোগ করিবে প্রাতে সেব্য, উদরাধ্মান ও কোষ্ঠ-বদ্ধের প্রবণতা থাকিলে বিধেয়

১৩ —স্প্রিঃ ইথরিস্ ৩ ড্রাম, স্প্রিঃ ভাইনাই গ্যালিসাই ১০ আং, ইনফিঃ সিনকোনা ৮ আং মিঃ, অর্দ্ধ আং ৪ ৬ ঘণ্টান্তর বিবিধ তরুণ পীড়া আরোগ্যোন্মুখ কালে ব্যবহার্য্য।

সার্ব্বাঙ্গিক উত্তেজক চূর্ণ।

১৪ —ক্যাম্ফর ও মস্ক প্রত্যেকে পাঁচ গ্রেং, একত্রে মিশ্রিত করিয়া মবোদক সহ শুন্যবায়ুরোগে ও বিবিধ পীড়ার অবসন্নাবস্থায় প্রয়োজ্য।

১৫ —এমোনি কার্ব্বনাস ৫ গ্রেণ, ক্যাম্ফর ২ গ্রেণ, জিঞ্জর-প্যাউডর ২ গ্রেণ, একত্র ১ পুরিয়া

স্নায়বীয় ও পৈশিক উত্তেজক।

১৬ —লাইকর ষ্ট্রীকনিয়া অর্দ্ধ ড্রাম, একোয়া মেন্থি পিপ ৬ আং মিঃ, অর্দ্ধ আং মাত্রায় ৩।৪ ঘণ্টান্তর প্রয়োজ্য।

১৭ —লাইকর ষ্ট্রীকনিয়া ১২ বা ১৫ মিনিম, টিং জেন্‌শিয়ান্‌ ৬ ড্রাম, কুইনী সল্‌ফ ৯ গ্রেণ, এসিড হাইড্রোক্লোরিক ডিল্‌ ১৫ মিনিম, একোয়া সিনেমোমাই ৬ আং মিঃ, ১ অংশ

উত্তেজক ধাবন।

১৯ —এসিড নাইট্রিক্‌, এসিড হাইড্রোক্লোরিক, প্রত্যেকে ২৫ মিনিম, জল ৮ আং, মিঃ। লিচেন্‌ ও ক্রনিক একজিমা নামক চর্ম্ম রোগে ব্যবহার্য্য

২০।—ক্যালোমিলেনাস্‌ ৫০ গ্রেং, লাইকর ক্যালসিস্‌ ৬ আং, মিঃ। ইহাকে ব্ল্যাকওয়াশ বলে উপদংশে প্রযোজ্য।

২১।—এসিড সল্‌ফিউরিক্‌ ডিল্‌, একোয়া ডিষ্টিলেটা প্রত্যেক আদ্‌ আং ফেভস্‌ নামক চর্ম্ম রোগে প্রযোজ্য

২২ —পটাশী কষ্টিকা ৫০ গ্রেণ, একোয়া ডিষ্টিলেটা ৪ আং, মিঃ। ঐ রোগে স্থানিক প্রযোজ্য।

২৩ —লাইকর এমোনিয়া ফোর্ট ½ আং, স্প্রিঃ বা অন্যেণ রোজমেরী আদ আং, স্প্রিঃ ক্যাম্ফর ২ আং। মিঃ, সাতিশয় স্থানিক উত্তেজক। টাকে ব্যবহার করিতে হইলে তৈল মিশাইয়া দেওয়া উচিত।

২৪।—হাইডার্জ্জ করোসিব সব্লিমেট পাঁচ বা দশ গ্রেণ, লাইকর ক্যালসিস্‌ ৬ আং, মিঃ। ইহাকে ইয়োলো ওয়াশ কহে, উপদংশীয় ক্ষতে প্রয়োজ্য

২৫।—জিন্‌সাই সল্‌ফেটীশ ৬ গ্রেণ, স্প্রিঃ রোজমেরী, টিং ল্যাভেণ্ডার কং প্রত্যেকে ১০ ড্রাম, জল ৫।০ আং, মিঃ ইহাকে রেড ওয়াশ কহে। বিবিধ প্রকার ক্ষতে উত্তেজনার্থ ব্যবহার হয়

২৬ টিং আইয়োডিন, ১ আং গ্লিসিরীণ ১০ আং, জল ৮ আং, মিঃ শিরঃক্ষুর ও গণ্ডমালীয় ক্ষতে প্রয়োজ্য

২৭ —ক্রিয়জোট ৩৫ মিনিম, গ্লিসিরীণ ১০ আং, জল ৮ আং, মিঃ। বিবিধ চর্ম্ম রোগে প্রয়োজ্য।

২৮ —এসিড কার্ব্বলিক ১ ড্রাম, গ্লিসিরীণ ১ আং, জল ৮ আং মিঃ, বিবিধ চর্ম্ম রোগে ও ক্ষতাদিতে ব্যবহার্য্য

২৯।—স্পিঃ এমোনিয়া এরোমেটিক, স্পিঃ রোজমেরী, গ্লিসিরীণ প্রত্যেকে ১ আং, টিং কান্থেরাইডিস ৩—৬ ড্রাম, একোয়া রোজি ৮ আং, মিঃ জ্বরাদি রোগের পর মস্তকের চুল উঠিয়া গেলে স্থানিক প্রয়োজ্য।

উত্তেজক অক্ষি ধৌত।

৩০ —য়্যালিউমেন ৩—৫ গ্রেণ, জল ১ আং, দ্রব করিয়া লইবে।

৩১ —আর্জেণ্টাই নাইট্রস ১—৩ গ্রেণ, পবিস্রুত জল ১ আং।

৩২।— কুপ্রাই সল্ফ ৩—৫ গ্রেণ, জল ১ আং

৩৩ —জিঙ্কাই সল্ফ ২ গ্রেণ, ভাইনম ওপিয়াই ১ ড্রাম, জল ১ আং।

৩৪ —হাইড্রার্জ্জ করোসিব সব্লিমেট সিকি বা ½ গ্রেণ, পবিস্রুত জল ১ আং। চক্ষুপীড়ায় ইহা অপেক্ষা মৃদু ভাবাপন্ন ধৌত প্রযুক্ত হয়। ⅛ গ্রেণে জল ১ আং।

৩৫।—পটাশী আইয়োডাইড ৭ গ্রেণ, আইওডিন্‌ ৩ গ্রেণ, পবিস্রুত জল ১ পাইণ্ট গণ্ডমালীয় চক্ষু প্রদাহাদিতে ব্যবহার্য্য।

উত্তেজক স্নান।

৩৬ —এসিড হাইড্রোক্লোরিক ২ হইতে ৪ আং, জল ২৩ গ্যালন বিবিধ চর্ম্ম-রোগে

৩৭।—এসিড্ নাইট্রো হাইড্রোক্লোরিক ডিল ৬ আং, ঈষদুষ্ণ জল ৮ গ্যালন

৩৮।—ক্রিয়েজোট ২ ড্রাম, গ্লিসিরীণ ২ আং, উষ্ণ জল ৩০ গ্যালন

৩৯ —আইয়োডিন্ ২ ড্রাম, লাইকর পটাশ ২ আং, উষ্ণ জল ২০ গ্যালন

৪০।—প্রিসিপিটেড সল্‌ফর ২ আং, হাইপোসল্‌ফাইট অব্ সোডা ১ আং, এসিড সলফিউরিক ডিল আদ্ধ আং, জল ৩০ গ্যালন, মিঃ।

উত্তেজক মর্দ্দন।

৪১।—লাইকর এমোনিয়া সিকি আং, সোপ লিনিমেণ্ট ১০ আং অথবা অলিভ অয়েল ১ আং

৪৪ টিং ক্যান্থেরাইডিস্ অর্দ্ধ ও সোপ লিনিমেণ্ট ১০ আং।

৪৩ —ক্যাম্ফর ১০০ গ্রেণ, অয়েল টর্পেণ্টাইন অর্দ্ধ আং, লিনিমেণ্ট ক্যাম্ফর অর্দ্ধ আং।

৪৪ —মষ্টার্ড পাউডার ১০০ গ্রেণ, এসিটীক্ এসিড অর্দ্ধ আং, অয়েল টর্পেণ্টাইন ১।০ আং

৪৫ —এণ্টিম টার্ট ৫০ গ্রেণ, একোয়া রোজি, ২ আং, টিং ক্যান্থেরাইডিস্ ১ আং।

৪৬।—অয়েল ক্রোটন ১ ড্রাম, সোপ লিনিমেণ্ট ১ আং

৪৭ —এসিড সল্ফ ১০ ড্রাম, অয়েল টর্পেণ্টাইন আধ আং, অয়েল-অলিভ ১০ আং।

৪৮ —অয়েল কাজিপুটী ১।০ আং, লিনি ক্যাম্ফর বং অৰ্দ্ধ আং।

৪৯ —পল্ভ ক্যাপসিকম্ ৩০ গ্রেণ, লিনিঃ টেরিবিন্থিনী ৩ আং, লিনিঃ ক্যাম্ফর কং ৮ আং ব্রঙ্কাইটিস রোগে বক্ষোপরি মৰ্দ্দন কৰ্ত্তব্য

৫০।—লিনিঃ সোপ, ওপিয়ম ও ক্যাম্ফর কং প্রত্যেকে ১ আং, টিং আর্ণিকা ২ ড্রাম। মচ্‌কান ও আঘাত প্রাপ্ত স্থানে মৰ্দ্দন করিতে হয়

৫১ —লিনিঃ ক্যাম্ফর কং ২ আং, টিং ওপিয়ম ও বেলেডোনা প্রত্যেকে ৪ ড্রাম উদরবেদনা, বমন ও বিবমিষাতে মৰ্দ্দন কৰ্ত্তব্য।

৫২ —সোপ-লিনিমেণ্ট ২ আং, ক্যাজিপুটী অয়েল অৰ্দ্ধ আং, টর্পেণ্টাইন ১ আং উদবাধ্মানে উদরোপরি মৰ্দ্দন কৰ্ত্তব্য।

উত্তেজক মলম।

৫৩।—আর্জেণ্টাই-নাইট্রস ১০ গ্রেণ, সিম্পল অয়েণ্টমেণ্ট ৫০ গ্রেং।

৫৪ —ক্রিয়েজোট অয়েল ৫ হইতে ৫০ মিনিম, এডিপিস বা চর্বি আধ আং। বিবিধ চৰ্ম্মরোগে ও দুষ্টক্ষতে।

৫৫ —ক্যাম্ফর ১৫ গ্রেণ, গ্লিসিরীণ অৰ্দ্ধ ড্রাম, এডিপিস ১ আং। সশল্ক চৰ্ম্মপীড়ায়।

৫৬। ক্যাম্ফর ২০ গ্রেণ, অঙ্গুয়েঃ-হাইড্রার্জ অৰ্দ্ধ আং।

৫৭ পটাশী কার্ব্ব ১ আং, সল্‌ফিউরিস প্রেসিপিটেটাই ২ আং, এডিপিস ৪ আং পাঁচড়ায় প্রযোজ্য

৫৮ —পাইসিস্ লিকুইডী ৪ আং, সিরা ফ্লেবা অৰ্দ্ধ আং, সল্‌ফিউরিস ১ আং বিবিধ চর্ম্মরোগে।

৫৯ কুপ্রাই সল্ফ ৩০ গ্রেণ, এসিড সল্ফ ডিল ১০ মিনিম, এডিপিস ১ আং।

৬০ —ব্যালসম টলু ১২০ গ্রেণ, অয়েল রোজমেরী ২০ মিনিম, টিং ক্যান্থেরাইডিস্ ৪ ড্রাম, অয়েল রিসিনী ১ আং, এডিপিস্ প্রেপেয়ারেটা ১ আং টাকে ব্যবহার্য্য।

৬১ অঙ্গুয়েঃ হাইড্রার্জ নাইট্রেটাস অৰ্দ্ধ আং, অঙ্গুয়েঃ সিটেসিয়ম ২ আং।

৬২।—অয়েল ক্রোটন ১৫ মিনিম, এডিপিস অৰ্দ্ধ আং। প্রত্যুগ্রতা সাধনার্থ ইহার এক চতুর্থাংশ মালিশ কর্ত্তব্য।

৬৩ —অঙ্গুয়েঃ রেজিনি ১ আং, এসিড কার্বলিক ১—২ ড্রাম ক্ষতে প্রযোজ্য

৬৪। অঙ্গুয়েঃ রেজিনী ১ আং, অয়েল টর্পেন্টাইন ২ ড্রাম বহুদিন স্থায়ী ক্ষতে ব্যবহার্য্য

পরাঙ্গপুষ্ট বিনাশক মলম

৬৫ —অঙ্গুয়েঃ হাইড্রার্জ এমোনিয়েটা ১২০ গ্রেণ, অঙ্গুয়েঃ সলফর ৩৬০ গ্রেণ

৬৬।—অয়েল ক্রিয়েজোট ১০ মিনিম, অঙ্গুয়েঃ হাইড্রার্জ অক্সিডাই রুব্রাই ১২০ গ্রেণ, অঙ্গুয়েঃ সিম্পল ৩৬০ গ্রেণ।

৬৭।—অঙ্গুয়েঃ হাইড্রার্জ নাইট্রেটীস ৪০ গ্রেণ, অঙ্গুয়েঃ সিটেসিয়াই ২৪০ গ্রেণ পুরাতন চর্ম্ম পীড়ায় স্থানিক উত্তেজক ও পরিবর্ত্তক চক্ষুপ্রদাহে রাত্রিতে চক্ষের পাতায় লাগাইয়া দিলে চক্ষু জোড়া লাগে না।

৬৮।—অঙ্গুয়েঃ ক্রিয়েজোট ও সল্‌ফর প্রত্যেক অর্দ্ধ আং

৬৯ —আইয়োডাইড অব্ সল্‌ফর ২০ গ্রেণ, সিম্পল অয়েণ্টমেণ্ট ১ আং কীটাণু জনিত বিবিধ চর্ম্মপীড়ায়

৭০ —আইয়োডাইড অব্ সল্‌ফর ১২ গ্রেণ, প্রিসিপিটেড সল্‌ফর ২০ গ্রেণ, অয়েল য়্যামিগ্‌ডেলী আমারি ৫ মিনিম, এডিপিস ১ আং। ব্যবহার পূর্ব্ববৎ

উত্তেজক পুল্টীস।

৭১ —সিনাপিস অর্দ্ধ পাউণ্ড, এসিটীক এসিড আবশ্যক মত

৭২ —লিনাই সেমিনিস ৪ আং, উষ্ণজল ৮ আং, ক্রমশঃ মিশ্রিত করিয়া ব্যালসিম্ ক্লোরিনেটা ১০০ গ্রেণ সংযোগ করিবে

উত্তেজক কবল।

৭৩ —টিং ক্যাপ্‌সিসাই অর্দ্ধ হইতে ১ আং, সিম্পল সিরপ ১ আং, গোলাপ জল ৬ আং

৭৪ —এসিড হাইড্রোক্লোরিক ডিল অর্দ্ধ আং, বা নাইট্রো-হাইড্রোক্লোরিক ডিল ৩ ড্রাম, মেলিস রোজি ১ আং, ডিককৃটাই কর্ডিয়াই ৬০ আং

৭৫ —ইনফিঃ রোজি এসিডাই ১।০ আং, টিং মব্ অর্দ্ধ আং, স্পাকেবাই এম্বাই অর্দ্ধ আং।

৭৬ মেলিস রোবেসিস ১০ আং, জল ৬০ আং মুখগহ্বর ও জিহ্বার ক্ষতে।

৭৭ —মিউসিলেজ একেসিয়া ৭০ আং, অয়েল টর্পেণ্টাইন অর্দ্ধ আং লালাস্রাবে।

৭৮ পটাশী ক্লোবাস ১০০ গ্রেণ, এসিড হাইড্রোক্লোরিক ডিল ২ ড্রাম, জল ৭০ আং। কণ্ঠক্ষতে ও মুখগহ্বরের ক্ষতে

৭৯ —অয়েল ক্রিয়েজোট ২০ মিনিম, টিং ল্যাভেণ্ডর কং, টিং মব প্রত্যেকে ৪ ড্রাম, সিরপ লিমন ১০ আং, জল ৮ আং। কণ্ঠাভ্যন্তরের পুরাতন প্রদাহে

৮০ —লাইকর সোডি ক্লোরেটী ৬ ড্রাম, জল ৮ আং।

উত্তেজক বস্তিপ্রয়োগ

৮১। অয়েল টর্পেণ্টাইন ১ আং, একেসিয়া পাউডর আবশ্যক মত, একত্র মিশাইয়া, ডিঃ হর্ডিয়াই ১৯ আং, সংযোগ করিবে দুর্নিবার উদরাধ্মানে মলদ্বারে পীচকারি দিবে।

৮২।—টিং য়্যাসাফেটিডা অর্দ্ধ আং, ডিঃ হর্ডিয়াই ১৯ আং।

৮৩।—অয়েল টর্পেণ্টাইন, টিং য়্যাসাফেটিডা প্রত্যেকে অর্দ্ধ আং, ডিঃ হর্ডিয়াই ১ পাইণ্ট।

উত্তেজক চূর্ণ—(বাহ্যিক প্রয়োগার্থ)

৮৪। এসিডাই আর্সিনিয়োসাই ৮ গ্রেণ, ক্যালোমিলোনাস ১ আং লিউপস্ নামক ক্ষতে অল্প পরিমিত স্থানে ছড়াইয়া দিবে

৮৫ —কুপ্রাই সব এসিটেটাস, পল্ভে সেবাইনা প্রত্যেকে ১ আং।

৮৬ পল্ভ স্যাবাইনা ৫০ গ্রেণ, য়্যালিউমিনা অষ্টাই, হাইড্রাজ অক্সিডাই রব্রাই প্রত্যেকে ১৫ গ্রেণ।

উত্তেজক-ধূম-প্রয়োগ।

৮৭।—সল্ফের অর্দ্ধ হইতে ১০ আং, আইয়োডিন্ ২০ গ্রেণ, মিশ্রিত করিবে ইহার ১/২ অংশ এক এক বারে ব্যবহার করিবে দুর্নিবার চর্ম্মরোগে সল্ফর ও আইয়োডিনের ধূম পৃথক্‌রূপে প্রযুক্ত হইতে পারে ক্যালোমেলেরও ধূম প্রযুক্ত হয়।

মাদক, বেদনানিবারক ও অবসাদক মিশ্রে।

৮৮ —টিং ওপিয়াই ২২ মিনিম, একোয়া সিনেমোমাই, একোয়া মিউরা প্রত্যেকে ৬ ড্রাম। একমাত্রা নিদ্রাকালে সেব্য

৮৯।—পটাশী বাইকার্ব্ব ২০ গ্রেণ, একোয়া মেন্থি ভিবিডিস্ ১ আং, টিং ওপিয়াই ২৫ মিনিম, সিরপ টলুটেনাই ১ ড্রাম ; মিঃ, ৪ ড্রাম জম্বীর রসের সঙ্গে শয়ন কালে সেব্য

৯০।—টিং ওপিয়াই ৩০ মিনিম, লাইকর এমোনিয়া এসি-

টেটীস ১ ড্রাম, একোয়া সিনেমোমাই, সিরপাই টলুটেনাই প্রত্যেক অর্দ্ধ আং মিং, (অর্দ্ধ) শয়ন কালে সেব্য

৯১ —এসিড সল্‌ফ ডিল্‌ ২ ড্রাম, টীং ওপিয়াই বা টিং হায়সায়ামাই ২ ড্রাম, টিং ডিজিটেলিস ½ ড্রাম, ইনফিঃ কোয়াসিয়া ৬ আং মিঃ, (⅙) ।

৯২ —এসিড হাইড্রোসিয়ানিক ডিল্‌ ২০ মিনিম, মিঃ য্যামিগ্‌ডেলী ৬ আং। মিঃ (⅙)।

৯৩ —বিস্‌মথাই য্যাল্‌বাই ১০ গ্রেণ, এসিড হাইড্রোসিয়ানিক ডিল ৫ মিনিম, মিউসিলেজ একেসিয়া ১ আং, সিরপ অরানসিয়াই ১ ড্রাম। মিঃ, (পাকাশয়শূলে)

৯৪ —টিং ওপিয়াই ৩ মিনিম, মিউসিলেজ একেসিয়া, সিম্পল সিরপ প্রত্যেক অর্দ্ধ আং, পরিস্রুত জল ১ আং মিঃ, শিশুদের নিদ্রাকরণার্থে মাত্রা এক চা চামচ পরিমাণ অর্দ্ধ ঘণ্ট অন্তর, যতক্ষণ নিদ্রা না হয়।

৯৫ —টীং বেলেডোনা ½—১ ড্রাম, সিরপ প্যাপেভেরিস ৩—৬ ড্রাম, স্পিঃ ক্লোরোফর্ম্ম ২ ড্রাম, একোয়া মেন্থি পিপ্‌ ৫ আং মিঃ (⅙)।

৯৬ —পটাশী নাইট্রেটীস ৫০ গ্রেং, টিং ডিজিটেলিস ½—১ ড্রাম, লাইকর এমোনিয়া এসিটেটীস্‌ ১ আং, পরিস্রুত জল ৪০ আং, সিরপ হেমিডিসমিস অর্দ্ধ আং মিঃ, ⅙ অংশ

৯৭ —পল্ভ ট্রাগাকান্থ কং ১ ড্রাম, স্পিঃ ক্লোরোফর্ম্ম অর্দ্ধ ড্রাম, ভাইনম ইপিক্যাক ১০ মিনিম, সিরপ টলু ২ ড্রাম, জল ৬ ড্রাম মিঃ, দুর্নিবার কাশিতে

৯৮ —লাইকর মর্ফী হাইড্রোক্লোরাস ২০ মিনিম, ক্লোরোফর্ম্ম

১০ মিনিম, টিং ক্যানেবিস ইণ্ডিকা ২০ মিনিম, পল্ভ ট্রাগা-কান্থ কং ৩০ গ্রেণ, স্পিঃ ইথরিস ৪০ মিনিম, এসিড হাইড্রোসিয়ানিক ডিল্ ৪ মিনিম, জল ১০ আং … মিঃ, ১/২ … ১/৪ অংশ।

৯৯ —স্পিঃ এমন্ এরোমেটিক ২ ড্রাম, টিং লোবিলি ইথিরিয়া ১ হইতে ২ ড্রাম টিং একোনাইট ১০ মিনিম, একোয়া ক্যাম্ফর ৮ আং … মিঃ, এক আউন্স মাত্রায় দিনে ২ ৩ বার, শ্বাস কাসে বিশেষ উপকারী।

মাদক, বেদনানিবারক ও অবসাদক বটিকা।

১০০। একষ্ট্রাঃ কোনিয়াই ৩ গ্রেণ, বিস্মথাই য়্যাল্বাই ৫ গ্রেং। একত্রে এক বটিকা।

১০১ একষ্ট্রাঃ বেলেডোনা ৪ গ্রেণ, পল্ভ ইপিক্যাক কং ২০ গ্রেণ। একত্রে ১৬ বটিকা।

১০২ —পল্ভ ডিজিটেলিস, পল্ভ সিলি, একষ্ট্রাঃ হায়সায়ামাস প্রত্যেক ২০ গ্রেং … মিঃ, ১২ বটিকা … কাস ও শ্বাসকাসে।

১০৩।—পল্ভ ইপিক্যাক, একষ্ট্রাং ওপিয়াই প্রত্যেকে ১ গ্রেণ, পটাশী নাইট্রাস্ ৮ গ্রেং, গ্লিসিরিণ দ্বারা ২ বটিকা … শয়নকালে সেব্য

১০৪ —একষ্ট্রাঃ হায়সায়ামাই ২ হইতে ৫ গ্রেং, একষ্ট্রাঃ কোনিয়াই ৩ গ্রেণ … শয়নকালে সেব্য

১০৫ —একষ্ট্রাঃ কোনিয়াই ৪ গ্রেণ, পল্ভ ইপিক্যাক ২ গ্রেং, মর্ফি হাইড্রোক্লোরাস ১/৪ গ্রেণ, একত্রে ২ বটিকা

১০৬।—একষ্ট্রাঃ ষ্ট্রামোনিয়াই ১ গ্রেং, একষ্ট্রাঃ গ্লিসারিজী ৫০ গ্রেণ। একত্রে ৬ বটিকা … দুর্নিবার কাশিতে প্রয়োজ্য।

১০৭।—একষ্ট্রাঃ একোনাইট ১ ৩ গ্রেং, একষ্ট্রাঃ মিশাবিজী ২০ গ্রেণ। একত্রে ৬ বটিকা

মাদক ও বেদনানিবারক চূর্ণ।

১০৮।—পল্ভ ইপিক্যাক বং ১ গ্রেণ, শর্করা ২০ গ্রেণ, একত্রে ৪ পুরিয়া, ইহার এক এক পুরিয়াতে $\frac{1}{8}$০ গ্রেণ অহিফেন আছে, শিশুদের পক্ষে ব্যবহার্য্য।

১০৯।—ক্যাম্ফর ৩ গ্রেং, স্পিঃ ভাইনাই রেক্‌টীফিকেটস্ ২ মিনিম, পল্ভ ইপিক্যাক কম্ ওপিয়ো ৫ গ্রেং। এক পুরিয়া, শয়ন কালে সেব্য।

অবসাদক বাহ্যিক প্রয়োগ—ধৌত।

১১০। পটাশী কার্ব ১২ গ্রেং, টিং ওপিয়াই ৩০ মিনিম, জল ১ আং। মিঃ

১১১।—লাইকর পটাশ ২ ড্রাম, এসিড হাইড্রোসিয়ানিক ডিল্ ১০ আং, মিঃ ম্যাসিগ্‌ডেলী ৬০ আং। মিঃ, প্রুরাইগো নামক চর্ম্মরোগে

১১২। —লাইকর প্লম্বাই সব্‌এসিটেটীস ১ ড্রাম, এসিড এসিটীক ডিল্, স্পিঃ রেকটিফায়েড প্রত্যেকে অর্দ্ধ আং, পরিস্রুত জল ১১ আং মিঃ।

১১৩।—একষ্ট্রাঃ বেলেডোনা ২ গ্রেং, একষ্ট্রাঃ ওপিয়াই ২ গ্রেং, জল ১ আং মিঃ

১১৪ —পটাশিয়াই সায়ানিডাই ১০ গ্রেণ, মিক্‌চঃ ম্যাসিগ্‌ডেলী ৬ আং মিঃ কণ্ডুয়নশীল পুরাতন উদ্ভেদে

১১৫ —একষ্ট্রাঃ কোনিয়াই ১০ গ্রেণ, একষ্ট্রা ওপিয়াই ৩ গ্রেণ, জল ১ আং। মিঃ

১১৬ —এসিড হাইড্রোসিয়ানিক ডিল ৩ ড্রাম, প্লম্বাই এসিটাস ৬০ গ্রেণ, স্পিঃ রেকটিফায়েড ১ আং, একোয়া স্যাম্বিউসাই ৮ আং মিঃ, বিবিধ চর্ম্মরোগে

১১৭ —হাইড্রার্জ করোসিব সব্লিমেট ৩ গ্রেণ, এসিড হাইড্রোসিয়ানিক ডিল ১০ ড্রাম, মিক্‌ঃ য়্যামিগডেলী ৮ আং মিঃ, বিবিধ চর্ম্মরোগের উদ্দীপনা নিবারণার্থ

শৈত্য-প্রয়োগ।

১১৮ —সোডি ক্লোরিডাই, পটাশী নাইট্রেটিস, এমোন হাইড্রোক্লোরেটিস্‌ প্রত্যেক ২ আং একত্রে মিশাইয়া ২০ বা ৩০ আং জলে দ্রব কর। অত্যন্ত শৈত্য প্রয়োগ আবশ্যক হইলে ইহা বিধেয়

১১৯ —লাইকর এমোনিয়া এসিটেটীস ১ আং, স্পিঃ রেক্‌টিফায়েড ২ আং; গোলাপ জল ৮ আং মস্তিষ্ক প্রদাহে ইহা দ্বারা জলপটী দিবে

১২০ - এমোনি হাইড্রোক্লোরেটীস অর্দ্ধ আং, স্পিঃ রেকটিফায়েড ২ আং, এসিটীক এসিড ডিল ১০ আং, জল ৮ আং মিঃ

অবসাদক মলম।

১২১।—প্লম্বাই এসিটাস্‌ ৩০ গ্রেণ, এসিড হাইড্রোসিয়ানিক ডিল ২ ড্রাম, সিম্পল অয়েন্টমেন্ট ৩ আং মিঃ, একজিমা নামক চর্ম্মরোগে।

১২২ পটাশি সায়ানিডাই ১২. গ্রেণ, অয়েল ম্যাগিগ্‌ডেণী ২ ড্রাম, সিম্পল অয়েণ্টমেণ্ট ২ আং লিচেন ও প্রুরাইগো নামক চর্ম্মরোগে।

১২৩।—একষ্ট্রাঃ কোনিয়াই ২—৪ ড্রাম, এডিপিস ১ আং।

১২৪।—পল্‌ভ ওপিয়াই ৬০ গ্রেণ, এডিপিস ১ আং।

১২৫ —একোনিসিয়া ২ গ্রেং, স্পিঃ রেক্‌টিফায়েড ৬ ফোটার সঙ্গে দ্রব করিয়া, এডিপিস ৬০ গ্রেং সংযোগ করিবে স্নায়ু-শূলে ব্যবহার্য্য; কিন্তু ক্ষত বা চর্ম্মনিঘর্ষণ থাকিলে দেওয়া অবিধেয়।

১২৬।—অঙ্গুয়েঃ হাইড্রার্জ ১০ গ্রেণ, পল্‌ভ ওপিয়াই ২ গ্রেণ। মিঃ; চক্ষুতে বেদনা হইলে উহার চতুপার্শ্বে মালিশ কর্ত্তব্য।

১২৭ —অঙ্গুয়েঃ ভিরেট্রী, অঙ্গুয়েঃ পটাশী আইয়োডিডাই প্রত্যেকে ১ আং। পুরাতন বাতাদিতে প্রয়োজ্য

১২৮।—এসিড হাইড্রোসিয়ানিক ডিল ১ ড্রাম, অঙ্গুয়েঃ এট্রোপী ১২০ গ্রেং, অঙ্গুয়েঃ সিটেসিয়াই ১ আং চর্ম্মপীড়ার বেদনা ও কণ্ডুয়ন নিবারণার্থ

১২৯।—লিনিঃ বেলেডোনা ২ ড্রাম, অঙ্গুয়েঃ পটাশী আইডো-ডিডাই ১ আং মিঃ।

উত্তেজক, বেদনা ও আক্ষেপনিবারক মিশ্র।

১৩০।—টিং ভেলিরিয়ান এমোনিয়েটা অর্দ্ধ হইতে ১ ড্রাম, স্পিঃ ইথরিস ১ ড্রাম, টিংহায়াসায়ামাই অর্দ্ধ ড্রাম, পটাশী ব্রোমাইড ২০ গ্রেণ, একোয়া ক্যাম্ফর ১ আং। মিঃ; গুল্মবায়ু রোগাদিতে। মাত্রা অর্দ্ধ আউন্স।

১৩১ —মস্ক ৩—৫ গ্রেণ স্পিঃ ইথর, টিং ওপিয়াই প্রত্যেকে ৩০ মিনিম, একোয়া সিনেমোমাই ১ আং। মিঃ, মাত্রা ½ আং

১৩২। স্পিঃ ইথরিস, টিং ক্যাম্ফর কং ওপিয়ো, সিরপ প্যাপেভেরিস প্রত্যেকে ১ ড্রাম, ক্যাম্ফর ওয়াটর ৩ আং মিঃ, মাত্রা ১ আং

১৩৩।—একষ্ট্রাঃ ওপিয়াই লিকুইঃ ১০ মিনিম, বা টিং ওপিয়াই ৩০ মিনিম, ক্যাম্ফর ওয়াটার ১ আং মিঃ, একমাত্রা।

১৩৪ স্পিঃ ইথরিস ২ ড্রাম, টিং ওপিয়াই ৪০ মিনিম, পলভ মস্ক ৪০ গ্রেণ, স্পিঃ এমন এরোমেটিক ১ আং, ক্যাম্ফর ওয়াটর ৫ আং মিঃ, ⅟ অংশ

১৩৫ স্পিঃ ইথরিস ২ ড্রাম, টিং ওপিয়াই ৩০ মিনিম, টিং ভেলিরিয়ান এমোনিয়েট অর্দ্ধ আং, স্পিঃ সিনেমোমাই ১ আং, একোয়া এনিথি ৪০ আং মি, ⅛ অংশ এক মাত্রা, উদরাধ্মান ও বুক জ্বালাতে ব্যবহার্য্য।

১৩৬ —স্পিঃ ইথরিস ৪০ মিনিম, একষ্ট্রাঃ ওপিয়াই লিকুই ১০ হইতে ১৫ মিনিম, টিং ক্যাষ্টর ১ ড্রাম, একোয়া মেস্থি পিপ ১০ আং। মিঃ একমাত্রা। উদরাধ্মান ও আক্ষেপে উপকারক।

১৩৭ —স্পিঃ এমোনি এরোমেটীক্ ১০ ড্রাম, স্পিঃ ইথর ১ ড্রাম, টিং বেলেডোনা ১২ মিনিম, এসিড হাইড্রোসিয়ানিক ডিল ৮ মিনিম, সিরপ ২ আং এক ড্রাম পরিমাণে জলের সহিত ৪ ঘন্টান্তর ২ বৎসর বয়স্ক শিশুর হুপিংকফ্ নামক কাস রোগে প্রযোজ্য।

১৩৮।—টিং লোবিলিয়া ইথিরিয়া ১।০ ড্রাম, ভাইনম্ ইপিকাক

২ ড্রাম, লিকুঃ ম্যাগ্নেসিয়েসাই ৬ আং। মিঃ, শ্বাসকাসে আধ ছটাক পরিমাণে ৬ ঘণ্টান্তর

উত্তেজক, বেদন ও আক্ষেপ-নিবারক বটিকা।

১৩৯।—ক্যাম্ফর, মস্ক, য়্যাসাফেটিডা প্রত্যেকে ৩ গ্রেণ, ওপিয়ম ১ গ্রেণ, অয়েল এনিথি যথাপ্রয়োজন। একত্রে ২ বটিকা। গুল্ম-বায়ুরোগে ৩ ঘণ্টান্তর প্রযোজ্য।

১৪০।—ক্যাম্ফর ২০ গ্রেণ, পল্‌ভ ওপিয়াই ১ গ্রেণ, ওলিয়াই মেস্থি পিপ যথাপ্রয়োজন। একত্রে ৬ বটিকা, গুল্মবায়ু রোগে প্রযোজ্য।

১৪১।—ক্যাম্ফর ৮ গ্রেণ, অয়েল ক্যাজিপুটী ৪ মিনিম, পল্‌ভ ওপিয়াই ২ গ্রেণ, একষ্ট্রাঃ হায়সায়ামাই ৬ গ্রেণ। একত্রে ৪ বটিকা।

১৪২।—অয়েল ক্রিয়েজোট ৪ মিনিম, পল্‌ভ ওপিয়াই ২ গ্রেণ, একষ্ট্রাঃ হায়সায়ামাই ৮ গ্রেণ একত্রে ৪ বটিকা।

১৪৩ সল্‌ফেট অব্ জিঙ্ক ৮ গ্রেণ, একষ্ট্রাঃ বেলেডোনা ১ ০ ম্বা ২ গ্রেণ, একষ্ট্রাঃ জেন্‌সিয়ান যথাপ্রয়োজন। একত্রে ৮ বটিকা। শুক্রমেহ, হুপিংকফ আদি রোগে ব্যবহার্য্য।

উত্তেজক ও অবসাদক বাহ্যিকপ্রয়োগ—মর্দ্দন।

১৪৪।—লিনিঃ সেপোনিস্ কং ১০ আং, টিং ওপিয়াই অর্দ্ধ আং। মিঃ।

১৪৫—অয়েল ক্যাজিপুটী ১০ আং, টিং ওপিয়াই অর্দ্ধ আং, লিনিঃ টেরিবিন্থিনী ২ আং। মিঃ।

১৪৬। লিনিঃ ক্লোরোফর্ম্ম ১ আং, লিনিঃ বেলেডোনা ১ আং মিঃ

১৪৭ —টিং ক্যান্থেরাইডিস অর্দ্ধ আং, লিনিঃ ক্যাম্ফর, ১ আং, লাইকর এমোনিয়া ১ ড্রাম, টিং ওপিয়াই ৩ ড্রাম। মিঃ

১৪৮।—অয়েল কোটন ১০ মিনিম, সোপ লিনিঃ ১ আং, টিং ওপিয়ম অর্দ্ধ আং মিঃ

১৪৯ —টিং আর্ণিকা ২ ড্রাম, টিং বেলেডোনা ১ আং, লিনিং সোপ ৮ আং। মিঃ

১৫০।—লিনিঃ হাইড্রার্জ ২ আং, লিনিঃ বেলেডোনা ও ওপিয়ম প্রত্যেকে ১ আং মিঃ, সিফিলিটীক টিউবার্কেল্‌স ও নোড্‌সতে মর্দ্দন কর্ত্তব্য।

১৫১ —অঙ্গুয়েঃ হাইড্রার্জ ১ আং, গ্লিসিরিণ ১ আং আইয়োডিন ১২০ গ্রেণ, অয়েল অলিভ ২ আং মিঃ

১৫২।—লিনিঃ বেলেডোনা ও একোনাইট প্রত্যেকে ৪ ড্রাম, লিনিঃ ক্যাম্ফর কং ৩ আং। প্লুরোডিনিয়া, পুরাতন বাত ও বেদনাদিতে মালিশ করিতে হইবে

১৫৩।—লিনিঃ ক্লোরোফর্ম্ম, একোনাইট, বেলেডোনা ও ওপিয়ম প্রত্যেকে অর্দ্ধ আং মিঃ, স্নায়ুশূল ও বাতের বেদনাতে মালিশ করিতে হইবে।

অবসাদক ও বেদনা নিবারক ধৌত।

১৫৪ —টিং একোনাইট ১।০ আং, জল ৪ আং। মিঃ, প্রবল বেদনাতে।

১৫৫ লাইকর মর্ফি হাইড্রোক্লোরাস ১০ আং, লাইকর পটাশ ২ ড্রাম, গ্লিসিরিণ ১ আং, একোয়া লরোসিরেসাই ১ আং, একোয়া স্যাম্বিউকাই ৮ আং মিঃ, কণ্ডূয়ন নিবারণার্থ।

১৫৬ —এসিড্ এসিটীক ১০ ড্রাম, মর্ফি এসিটেটীস্ ১০ গ্রেণ, ভাইনাই কলচিসাই ৩ আং মিঃ, বাতরোগে লিণ্ট ভিজাইয়া প্রয়োজ্য

১৫৭ —টিং আর্ণিকা ১—৬ ড্রাম, পরিস্রুত জল ৮ আং। মিঃ; অগ্নিদাহ, মচ্‌কান ও অন্যান্য আঘাতজনিত বেদনাতে দিবে

১৫৮।—বোরাক্স ২০০ গ্রেণ, মর্ফি হাইড্রোক্লোঃ ১০ গ্রেণ, গ্লিসিরিণ ১ আং, রোজ ওয়াটর ৮ আং। মিঃ; বিবিধ চর্ম্মরোগে কণ্ডূয়ন নিবারণার্থ

অবসাদক অক্ষিধৌত।

১৫৯ —এক্‌ষ্ট্রাঃ বেলেডোনা ৩ হইতে ১০ গ্রেণ, এক্‌ষ্ট্রাঃ ওপিয়াই ২ হইতে ৩ গ্রেণ, মর্ফি হাইড্রোক্লো ১ বা ২ গ্রেণ ইহাদের অন্যতম, ও জল ১ আং মিঃ

১৬০ —এট্রোপী সল্ফ ১ গ্রেণ, পরিস্রুত জল ৪ ড্রাম। মিঃ, কর্ণিয়া প্রদাহিত চক্ষুরোগে ১২ ফোঁটা চক্ষে দিতে হয়। ইহাতে চক্ষের বেদনাও নিবারিত হয়।

১৬১ ক।—কোকেইন ৩৪ গ্রেণ, জল ১ আং লোশন।

উত্তেজক, অবসাদক ও বেদনানিবারক বস্তি।

১৬১।—টিং য়্যাসাফেটিডা অর্দ্ধ আং, টিং ওপিয়ম ১ আং, ডিঃ হর্ডিয়াই আদ পাইন্ট। মিঃ, উদরাধ্মান ও আধ্মানশূলে ব্যবহার্য্য

১৬২।—ক্যাম্ফর ২০ গ্রেণ, অয়েল টেরিবিন্থিনী ১ আং, ডিঃ হর্ডিয়াই আদ্ পাইন্ট। মিঃ, পূর্ব্বোক্ত রোগে

১৬৩।—টিং ওপিয়ম ২০—৩০ মিনিম, ভাইনম ইপিক্যাক ৩০ মিনিম, মিউসিলেজ এমিলাই ২ আং। প্রথমে অন্ত্র উষ্ণ জলের পীচকারি দ্বারা পরিষ্কার করিয়া, পরে ইহা প্রযোজ্য উদরাময় ও পেট কামড়ানি ইত্যাদিতে ব্যবহার্য্য।

১৬৪।—একষ্ট্রা ওপিয়াই লিকুই ২০ মিনিম হইতে ১ ড্রাম, টিং বেলেডোনা ১৫—৩০ মিনিম, মিউসিলেজ এমিলাই ২ আং। জরায়ু ও মলদ্বারের ক্যান্সার রোগে প্রযোজ্য।

বেদনানিবারক সপোজিটরী।

১৬৫।—আইয়োডোফর্ম ২—৬ গ্রেণ, একষ্ট্রা কোনিয়ম ৪ গ্রেণ।

১৬৬।—পল্ভ ওপিয়াই ১—৩ গ্রেণ, একষ্ট্রা বেলেডোনা অর্দ্ধ গ্রেণ, সাবান ১০ গ্রেণ। মূত্রাশয় ও মলাশয়ের পীড়ায় ব্যবহার্য্য।

বলকারক, পর্য্যায়-নিবারক ও আগ্নেয় মিশ্র।

১৬৭।—কুইনী সল্ফ ১২ গ্রেণ, টিং অরানসিয়াই ২ ড্রাম, ইনফিঃ রোজি এসিডাই ৬ আং। মিঃ ⅙ অংশ।

১৬৮ —লাইকর আর্সিনিকেলিস অর্দ্ধ ড্রাম, ডিঃ সিনকোনি ফ্লেবী ৬ আং, সিঃ ১/৬ অংশ

১৬৯ —এসিড নাইট্রিক ডিল বা নাইট্রো মিউরিয়াটিক ডিল ১ ড্রাম, ইনফিঃ ক্যালম্বা ৬ আং সিঃ, ১/৮ অংশ

১৭০ —এসিড সাল্‌ফিউরিক ডিল ১ ড্রাম, ডিঃ সিনকোনি ফ্লেবী ৬ আং। সিঃ, ১/৬ বা ১/৮ অংশ।

১৭১ —টিং ফেরি পারক্লোরাইড ২ ড্রাম ইনফিঃ কোয়াসিয়া ৬ আং। সিঃ, ১/৮ অংশ।

১৭২ —ফেরি এট্‌কুইনা সাইট্রাস ৩০ গ্রেণ, লাইকর এমোনিয়াই ৬ ড্রাম, একোয়া সিনেমোমাই ৫০ আং সিঃ, ১/৮ অংশ

১৭৩ —ফেরি এট্‌কুইনা সাইট্রাস ৩০ গ্রেণ, এসিড নাইট্রো হাইড্রোক্লোরিক ডিল ৩০ মিনিম, লাইকর ষ্ট্রীকনিয়া ২০ মিনিম, ইনফিঃ কোয়াসিয়া ৬ আং সিঃ, ঐ

১৭৪ ।—ফেরি এট্‌কুইনা সাইট্রাস ৩০ গ্রেণ, এসিড নাইট্রিক বা নাইট্রো মিউরিএটিক ডিল ৩০ মিনিম, লাইকর ট্যারাক্সেকম ২ ড্রাম, টিং কার্ডেমম কং ১ ড্রাম, ইনফিঃ ক্যালম্বা ৮ আং। সিঃ, ঐ

১৭৫। টিং ফেরি পারক্লোরাইড ৩০ মিনিম, টিং ক্যান্থেরাইডিস ৬ মিনিম, জল ৬ আং সিঃ, ঐ।

১৭৬ —টিং ফেরি পারক্লোরাইড ৩০ মিনিম, কুইনাইন ১৫ গ্রেণ, এসিড হাইড্রোক্লোরিক ডিল ৩০ মিনিম, ইনফিঃ কোয়াসিয়া ৬ আং সিঃ, ঐ।

১৭৬ ক। টিং ষ্টীল পার ক্লোরাইড ৫ ড্রাম, কুইনাইন সল্‌ফ ৪০ গ্রেণ, গ্লিসিরিণ পিওর ১ আং, জল ৪ আং। ১ ড্রাম দিনে ২ বা ৩ বার সেব্য।

১৭৭।—ফেরি সল্ফ ১২ গ্রেণ; কুইনী সল্ফ ১২ গ্রেণ, এসিড্ সল্ফ ডিল ১ ড্রাম, ম্যাগ্নোসল্ফ ১ আং, একোয়া মেন্থি পিপ ৬ আং মিঃ, ঐ।

১৭৮ —ফেরি সল্ফ ১২ গ্রেণ, কুইনী সল্ফ ১২ গ্রেণ এসিড সল্ফ ডিল্ ২০ মিনিম, লাইকর ষ্ট্রীকনিয়া ২০ মিনিম, ইনফিঃ ক্যালম্বা ৬ আং মিঃ, ঐ।

১৭৯। ফেরি টার্ট ৩০ গ্রেণ, ইনফিঃ কোয়াসিয়া ৬ আং। মিঃ

১৮০ ফেরি এট্ এমোনি সাইট্রেটাস ৩০ গ্রেণ, স্প্রিঃ এমন য়্যারোমেটীক ৩ ড্রাম, ইনফিঃ কোয়াসিয়া ৬ আং মিঃ, ঐ।

১৮০ ক ফেরি এট্ এমন সাইট্রেটাস ২ ড্রাম, এসিড সাইট্রিক ৩ ড্রাম, জল ৮ আং। পটাশ বাইকার্ব সহযোগে উচ্ছলনাবস্থায় ব্যবহার্য্য।

১৮১ —ফেরি আইয়োডিডাই ২০ গ্রেণ, স্প্রিঃ মিনিষ্টি ৩ ড্রাম, ইনফিঃ কোয়াসিয়া ৬ আং মিঃ, ঐ।

১৮২ —সিরপ ফেরি আইয়োডাইড্ ৩ ড্রাম, সকাস্ ট্যারাক্সেকম ৩ ড্রাম, টিং নক্স ভমিকা ৩০ মিনিম, ইনফিঃ ক্যালম্বা ৫ ০ আং মিঃ, ঐ

১৮৩ —এমন কার্ব ৩০ গ্রেণ, টিং ল্যাভেণ্ডার কং ১ আং, ইনফিঃ সিনকোনি ফ্লেবী ৭ আং। মিঃ, ৮ অংশ

১৮৪।—এমন্ কার্ব ৩০ গ্রেণ, টিং একোনাইট ২০ মিনিম, টিং সিনকোনা কং ৬ ড্রাম, একোয়া মেন্থি পিপ ৮ আং। মিঃ, ঐ

১৮৫ —স্প্রিঃ এমন য়্যারোমেটীক ৪ ড্রাম, একষ্ট্রাঃ সিনকোনি ফ্লেবী লিকুইঃ ১০ ড্রাম, টিং রিয়াই ৪ ড্রাম, ইনফিঃ

রিয়াই ৮ আং মিঃ ⅛ অংশ দিনে ২৩ বার। কোষ্ঠবদ্ধ সহ স্নায়বীয় অবসন্নতাতে প্রয়োজ্য

১৮৬ স্পইকব পটাশ ৩ ড্রাম, টিং সিনকোনা কং ৬ ড্রাম, ডিঃ সিনকোনি ৮ আং। মিঃ, ⅛ অংশ দিনে ২।৩ বার। লিথিক য্যাসিড্ ডায়াথিসিসের সহিত দুর্ব্বলতা থাকিলে

১৮৭।—ফেরি ফস্ফাস ৪০ গ্রেণ, এসিড ফস্ফরিক ডিল ১০ ড্রাম, সিরপ অরানসিয়াই ১ আং, মিউসিলেজ ৮ আং। মিঃ, ⅛ অংশ।

১৮৮ —ফেরি এট্ এমন সাইট্রস্ ৪০ গ্রেণ, লাইকর ষ্ট্রীকনিয়া ১ ড্রাম, ইনফিঃ কোয়াসিয়া ১০ আং। মিঃ, ⅛ অংশ।

১৮৯ —টিং ফেরি পারক্লোরাইড ১০ ড্রাম, পটাশী ক্লোরাস ১২০ গ্রেণ, লাইকর আর্সিনিকেলিস ১৫ মিনিম, জল ৮ আং। মিঃ, ⅛ অংশ দিনে ৩ ৪ বার। ঔপদংশিক রক্তহীনতা, চর্ম্মপীড়া, ও বিসর্প ইত্যাদিতে ব্যবহার্য্য।

১৯০ —টিং ক্যান্থেরাইডিস্ ১০ ড্রাম, গ্লিসিরিণ ১ আং, মিঃ ফেরি কং ৮ আং। মিঃ, জননেন্দ্রিয়ের দুর্ব্বলতাতে ব্যবহার্য্য মাত্রা ১ আং

১৯১ —ভাইনাই ফেরি ২ আং, লাইকর আর্সিনিকেলিস ২০ মিনিম, সিরপ জিঞ্জর ২ আং, ইনফিঃ কোয়াসিয়া ৪ আং মিঃ, ⅛ অংশ

১৯২ পটাশী আইয়োডিড ৩—৫ গ্রেণ, গ্লিসিরিণ ২ ড্রাম, ভাইনম ফেরি ৪ ড্রাম, ওলিয়ম মর্হি ৬ ড্রাম মিঃ, একমাত্রা, দিনে ২ বার পুরাতন বাত, গৌণিব উপদংশ, গণ্ডমালীয় চর্ম্মপীড়া প্রভৃতিতে ব্যবহার্য্য

১৯৩।—কুইনী সল্ফ ১২ গ্রেণ, এসিড নাইট্রিক ডিল ২০ মিনিম, টিং সিনকোনা কং ২ ড্রাম, টিং কার্ডেমম কং ২ ড্রাম, ডিঃ সিনকোনা ৫০ আং সিঃ, ⅛ অংশ

১৯৪—কুইনী সল্ফ ১২ গ্রেণ, এসিড্ নাইট্রিক ডিল ৩০ মিনিম, টিং সিনকোনা কং ২ ড্রাম, ভাইনম ফেরম ১০ আং, ডিঃ সিনকোনা ৪০ আং। সিঃ, ঐ।

বলকারক, পর্য্যায় নিবারক ও অগ্নেয়— বটিকা।

১৯৫ কুইনী সল্ফ ১৮ গ্রেণ, একষ্ট্রাঃ নক্সভমিকা ৩ বা ৪ গ্রেণ, একষ্ট্রাঃ জেন্সিয়ান ৩৫ গ্রেঃ একত্রে ১২ বটিকা দুর্ব্বলতা ও কোষ্ঠবদ্ধ।

১৯৬—কুইনাইন সল্ফ ৩ গ্রেণ, পিল্ সেপোনিস কং ১৫ গ্রেণ, একষ্ট্রাঃ ক্যালম্ব ১৫ গ্রেঃ একত্রে ১২ বটিকা

১৯৭।—জিঙ্কাই সল্ফ ২৪ গ্রেণ, একষ্ট্রাঃ কোয়াসিয়া ২৪ গ্রেঃ, একত্রে ১২ বটিকা।

১৯৮।—জিঙ্কাই ভেলিরিয়ানাস ২৪ গ্রেঃ, একষ্ট্রাঃ জেনসিয়ান বা এন্থিমিডিস্ ২৪ গ্রেঃ একত্রে ১২ বটিকা

১৯৯—ফেরি আইয়োডিড্ ৩৬ গ্রেণ, একষ্ট্রাঃ ক্যালম্বা ২৪ গ্রেঃ। একত্রে ১২ বটিকা

২০০—জিঙ্কাই সল্ফ ২৪ গ্রেণ, একষ্ট্রাঃ একোনাইট ১২ গ্রেঃ, একষ্ট্রাঃ কোয়াসিয়া ২৪ গ্রেঃ। একত্রে ১২ বটিকা। স্নায়ুশূল সহ অংশবাত এবং কটিবাত ইত্যাদিতে ব্যবহার্য্য

২০১।—কুইনী সল্‌ফ ১২ গ্রেণ, ফেরি ল্যাক্টাস ১২ গ্রেণ, একষ্ট্রাঃ জেনসিয়ান যথাপ্রয়োজন একত্রে ১২ বটিকা।

২০২ —আর্জেণ্টাই নাইট্রস ৬ গ্রেণ, এক্‌ষ্ট্রাঃ হায়সায়ামাস্ ৩৬ গ্রেণ। একত্রে ১৫ বটিকা

২০৩।—বিস্মথাই ষ্ট্যাণাই ৩০ গ্রেণ, একষ্ট্রাঃ হায়সায়ামাস ৩০ গ্রেণ। একত্রে ১২ বটিকা

২০৪ ফিরম রিডক্টম ৩০ গ্রেণ, পিল এলোজ এট মর্‌ ২৪—৪০ গ্রেণ, এক্‌ষ্ট্রাঃ নক্‌সভমিকা ৪ গ্রেণ। একত্রে ১২ বটিকা। কোষ্ঠবদ্ধ সহ রক্তহীনতা থাকিলে ব্যবহার্য্য।

২০৫ —ফিরম রিডকটম্ ৪০ গ্রেণ, জিন্‌সাই ভেলিরিয়ানাস ২০ গ্রেণ, ষ্ট্রীকনিয়া ১ গ্রেণ, গ্লিসিরিণের সঙ্গে উত্তমরূপে মিশা-ইয়া ২৪ বটিকা।

বলকারক, পর্য্যায় নিবারক ও আগ্নেয় চূর্ণ।

২০৬। ফিরম রিডক্টম ৩ গ্রেণ, পল্‌ভ এ্যারোমেটীক ৫ গ্রেণ। একত্রে ১ পুরিয়া

২০৭ —ফেরি ফস্ফেটীস্ ৩ গ্রেণ, পল্‌ভ এ্যারোমেটীক ৫ গ্রেণ, পল্‌ভ ক্যালম্বা ও জিঞ্জর প্রত্যেকে ৩ গ্রেণ একত্রে ১ পুরিয়া।

২০৮। ফেরি ল্যাক্টাস ১২ গ্রেণ, কুইনী সল্‌ফ ৬ গ্রেণ, পল্‌ভ ক্যালম্বা ১২ গ্রেণ। একত্রে ৪ পুরিয়া।

২০৯ —ফেরি সল্‌ফ ১২ গ্রেণ, কুইনী সল্‌ফ ১২ গ্রেণ, জিঞ্জর ১২ গ্রেণ। একত্রে ৬ পুরিয়া।

২১০ —কুইনী সল্ফে, পল্‌ভ রিয়াই, জেলাপ, ক্যালম্বা ও জিঞ্জর প্রত্যেকে ১২ গ্রেণ একত্রে ৬ পুরিয়া।

সংকোচক মিশ্র।

২১১।—ম্যাসিউসিলিনিস্ ৫০ গ্রেণ, সিরপ প্যাপেভেরিস্ ১ আং, ইনফিঃ রোজি এসিডাই ৫ আং। মিঃ, ⅛ অংশ।

২১২ —এসিড সল্ফ ডিল ৪ ড্রাম, ইনফিঃ রোজি এসিডাই ৬ আং, সিরপ প্যাপেভেরিস ২ আং, জল ১২ আং মিঃ, পানীয় রূপে প্রযোজ্য।

২১৩ —এসিড্ নাইট্রো হাইড্রোক্লোরিক ডিল্ ২ ড্রাম, টিং বাইনো ৫ ড্রাম, ইন্‌ফিঃ ইউভা অর্‌সাই ৫ আং মিঃ, ⅙ অংশ।

২১৪ —মিষ্টিউরা ক্রিটী ৭ আং, সিরপ প্যাপেভেরিস ১ আং মিঃ, ⅙ বা ⅛ অংশ প্রতিবার তরল মলত্যাগের পর সেব্য

২১৫।—পল্‌ভ য়্যারোমেটীক ২ ড্রাম, টিং ওপিয়াই ½ ড্রাম, মিঃ ক্রিটা ৬ আং। মিঃ, ⅙।

২১৬ —এসিড ট্যানিক ৩০ গ্রেণ, এসিড নাইট্রিক ডিল্ ১ ড্রাম, টিং হপ্ ৪ ড্রাম, ইনফিঃ জেনসিয়ান ৮ আং মিঃ, ⅛ অংশ।

২১৭।—অয়েল টর্পেন্টাইন ১০ -২০ মিনিম, মিষ্টিউরা য়্যামিগ্‌ডেলি বা মিউসিলেজ একেসিয়া ১ আং ১ মাত্রা, রক্তপিত্তে ব্যবহার্য্য।

২১৮ এসিড্ গ্যালিক ৩০ গ্রেণ, এসিড্ সল্ফ ডিল ২ ড্রাম, ইন্‌ফিঃ কোয়াসিয়া ৬ আং। মিঃ, ⅙ অংশ।

২১৯ —লাইকর ফেরি পারনাইট্রেটিস ১ ড্রাম, সিরপ অরান-সিয়াই ফ্লোরিস ৩ ড্রাম, জল ৫।০ আং মিঃ, ঐ

২২০।—সিরপাই রোজি গ্যালিস্ট্রী ১ আং, ইনফিঃ ক্যাটিকিউ ৫ আং। মিঃ, ঐ।

২২১।—এসিড্ ট্যানিক্ ১৮ গ্রেণ, টিং ওপিয়ম ৩০ মিনিম, ইনফিঃ রোজি এসিডাই ৬ আং। মিঃ, ঐ।

২২২।—টিং ক্র্যামিরিয়া ১ আং, ডিঃ হিমেটক্সিলাই ৫ আং। মিঃ, ঐ

২২৩।—টিং সিনেমোমাই ৬ ড্রাম, এসিড্ নাইট্রিক ডিল্ ২ ড্রাম মিঃ, ইহার ৩০ ফোটা ১ ছটাক জলে মিশাইয়া ২ ঘণ্টান্তর সেব্য।—বিবিধ প্রকার রক্তস্রাবে উপকারক।

২২৪।—বিসমথ্ ৫ গ্রেণ, টিং সিনকোনা কং ৩০ মিনিম, টিং কাইনো ১ ড্রাম, টিং ওপিয়ম ৫ মিনিম, ইন্ফিঃ অরানসিয়াই ১ আং। মি, একমাত্রা।

সংকোচক-বটিকা।

২২৫।—পাইলিউলী প্লম্বাই কম্ ওপিয়ো ২৪ গ্রেণ, কন্ফেক্সন রোজ ২৪ গ্রেণ। একত্রে ১২ বটিকা

২২৬।—এসিড গ্যালিক ৩ গ্রেণ, প্লম্বাই এসিটাস ১ গ্রেণ, মিউসিলেজ একেসিয়া যথা প্রয়োজন। একত্রে ১ বটিকা।

২২৭।—এসিড গ্যালিক ২১০ গ্রেণ, মর্ফিয়া ১/১৬ গ্রেণ, কনফেক্সন অব্ রোজ যথা প্রয়োজন, একত্রে ১ বটিকা।

২২৮।—প্লম্বাই এসিটাস ১ গ্রেণ, পিল সোপানিস কম ওপিয়ো ২ গ্রেণ। একত্রে ১ বটিকা।

২২৯।—জিঙ্কাই সলফ ২ গ্রেণ, পলভ ওপিয়াই ১/৪ গ্রেণ, একষ্ট্রাঃ রিয়াই ৩ গ্রেণ। একত্রে ১ বটিকা।

২৩০।—কুপ্রাই সলফ, একষ্ট্রাঃ ওপিয়াই প্রত্যেকে ½ গ্রেণ, একষ্ট্রাঃ জেনসিয়ান ৩ গ্রেণ, একত্রে ১ বটিকা দুর্দ্দম্য উদরাময়ে দিনে তিন বার সেব্য

সংকোচক-চূর্ণ।

২৩১।—পলভ সিনকোনি প্যালিডী ৪০ গ্রেণ, এসিড গ্যালিক ১০ গ্রেণ একত্রে ২ পুরিয়া।

২৩২—পলভ ক্রিটী য়্যারোমেটিক্ কম্ ওপিয়ো ১০ গ্রেণ, পলভ ক্যাটিকিউ কং ১০ গ্রেণ। একত্রে ১ পুরিয়া।

২৩৩—এসিড গ্যালিক ১২ গ্রেণ, পলভ্ ইপিক্যাক কম্ ওপিয়ো ৫ গ্রেণ। একত্রে ১ পুরিয়া

২৩৪ বিসমথ্ ১০ গ্রেণ, পলভ ইপিক্যাক কম্ ওপিয়ো ৫ গ্রেণ, ট্যানিক এসিড ৫ গ্রেণ একত্রে ১ পুরিয়া।

২৩৫।—বিসমথ্ ১৫ গ্রেণ, একেসিয়া পাউডর ১৫ গ্রেণ, পলভ ইপিক্যাক ৩ গ্রেণ, মর্ফিয়া ¼ গ্রেণ একত্রে ৩ পুরিয়া।

সংকোচক ধৌত।

২৩৬।—আর্জেন্টাই নাইট্রস ২ হইতে ২০ গ্রেণ, পরিস্রুত জল ১ আং মিঃ।

২৩৭।—লাইকর ক্যালসিস্ ১ আং, অলিভ অয়েল ২ আং। মিঃ, অগ্নিদগ্ধ ক্ষতে প্রযোজ্য।

২৩৮—কুপ্রাই সলফ ৩ হইতে ২০ গ্রেণ, জল ১ আং মিঃ

২৩৯।—এসিড ট্যানিক ১০ গ্রেণ, এসিড হাইড্রোক্লোরিক ডিল অর্দ্ধ ড্রাম্, জল ১ আং মিঃ

২৪০ —লাইকর প্লম্বাই সব এসিটেটীস ২০ মিনিম, গ্লিসিরিণ ১ ড্রাম, রোজ ওয়াটর ৭ ড্রাম মিঃ

২৪১।—লাইকর প্লম্বাই সব এসিটেটীস ১০ হইতে ৩০ মিনিম, স্প্রিঃ রেকটীফায়েড ৩০ মিনিম জল ৭ ড্রাম মিঃ।

২৪২।—জিঙ্কাই সল্‌ফ ১৬ গ্রেণ, জল ৮ আং, বিবিধ প্রকার ক্ষতে

২৪৩ —পটাশী ক্লোরাস ৮০ গ্রেণ, জল ৮ আং, মিঃ দুষ্ট ক্ষতে প্রয়োজ্য।

২৪৪ —জিঙ্কাই সল্‌ফ ৮ গ্রেণ, লাইকর প্লম্বাই সব এসিটেটীস ১০ ড্রাম, জল ৮ আং। মিঃ, প্রমেহ রোগে পীচকারি দেওয়ার জন্য ব্যবহার করা যাইতে পারে।

২৪৫।—য়্যালম ১৬ গ্রেণ বা প্লম্বাই এসিটাস ২৪ গ্রেণ, জল ৮ আং মিঃ (ঐ)

সংকোচক বস্তি।

২৪৬।—য়্যালিউমিনিস্ ৫০ গ্রেণ. ডিঃ কোয়ার্কস ১ পাইণ্ট মিঃ।

২৪৭।—আর্জেণ্টাই নাইট্রস ১০ গ্রেণ, এসিড নাইট্রিক ডিল ২ মিনিম, জল ১ আং মিঃ।

২৪৮।—লাইকর ফেরি পারক্লোরাইড ৩ মিনিম, জল ১ আং। রক্তস্রাবে প্রয়োজ্য

২৪৯।—ওলিয়াই টেরিবিন্থিনী ৩০ মিনিম, টিং কাইনো ২ ড্রাম, একষ্ট্রাঃ ওপিয়াই লিকুই ২৫ মিনিম, মিউসিলেজ য়্যামিলাই ২ আং। মিঃ।

সংকোচক অক্ষিধৌত।

২৫০।—য়্যালিউমিনিস ৩ হইতে ১০ গ্রেণ, আর্জেন্টাই নাই-ট্রস ১—২ গ্রেং, কুপ্রাই সল্‌ফ ১—৩ গ্রেণ, প্লম্বাই এসিটাস ২—৩ গ্রেং হাইড্রার্জ করোসিব সব্লিমেট $\frac{1}{3২}$ হইতে $\frac{1}{২০}$ গ্রেণ, বোরিক এসিড ৩—৮ গ্রেণ, ইহাদের অন্যতম, জল ১ আং মিঃ, শেষোক্ত দুইটী সচরাচর ব্যবহৃত হয়।

২৫১।—জিঙ্কাই সল্‌ফ ১ ৫ গ্রেং, ভাইনাই ওপিয়াই ১ ড্রাম, জল ১ ড্রাম মিঃ

২৫২।—টিং আর্নিকা ৫—৩০ মিনিম, বা মাইকর প্লম্বাই সব এসিটেটীস ১০ মিনিম, জল ১ আং মিঃ।

২৫৩।—পটাশী আইয়োডিড ৬—৮ গ্রেং, জল ১ আং মিঃ, কর্ণিকের দাগ থাকিয়া গেলে তাহা তুলিতে ব্যবহার্য্য

২৫৪।—য়্যালম ২—৬ গ্রেণ, জিঙ্কাই সল্‌ফ ১ বা ২ গ্রেং, জল ২ আং মিঃ

সংকোচক কবল।

২৫৫।—য়্যালিউমিনিস্ ৬০ গ্রেং, এসিড সল্‌ফ এরোমেটীক অর্দ্ধ ড্রাম, টিং মর ২ ড্রাম, ডিঃ সিনকোনা ৬ আং মিঃ

২৫৬।—এসিড ট্যানিক ৫০ গ্রেং, স্পিঃ রেকটিফায়েড অ ½ আং, ক্যাম্ফর ওয়াটর ৫ ০ আং উত্তেজক ও সংকোচক

২৫৭।—দগ্ধ য়্যালম ৮০ গ্রেং, টিং মর ১ আং, জল ৮ আং মিঃ, পারদজনিত লালাস্রাবে এবং মুখ ও কণ্ঠ ক্ষতে ব্যবহার্য্য।

২৫৮। বোরাক্স ১৬০ গ্রেণ, টিং মর ১ আং, জল ৮ আং মিঃ, মুখগহ্বরের ক্ষতে প্রয়োজ্য

২৫৯।—জিঙ্কাই সল্‌ফ ২০ গ্রেণ, সিরপ মোরাই ৪ ড্রাম, গ্লিসিরিণ ১ আং, ইন্‌ফিঃ ক্রামিরিয়া ৮ আং মিঃ

২৬০ টিং আইয়োডিন ২ ড্রাম, জল ১২ আং। মিঃ, পারদজনিত লালাস্রাবে

সঙ্কোচক মলম

২৬১ —আর্জেণ্টাই নাইট্রস ২০ গ্রেণ, এডিপিস ১ আং উপদংশে ব্যবহার্য্য।

২৬২ —এসিড সলফিউরিক অর্দ্ধ ড্রাম, এডিপিস ১ আং

২৬৩।—চক্ ১ আং, অলিভ অয়েল ১ ড্রাম এডিপিস অর্দ্ধ আং। অগ্নি ও অত্যুষ্ণ জলদাহে

২৬৪ —কুপ্রাই সলফ ৩০ গ্রেণ এডিপিস ১ আং

২৬৫ —হাইড্রার্জ করোসিব সব্লিমেট ৫ গ্রেণ, বা ক্যালোমেল ১৫ গ্রেণ, এডিপিস ১ আং; উপদংশে।

২৬৬ —প্লাইকর প্লম্বাই সব এসিটেটীস ১ ড্রাম, এডিপিস ১ আং

অবসাদক মিশ্র

২৬৭ —ভাইনাই এণ্টিমোনিয়েলিস ৪ ড্রাম, পরিস্রুত জল ৫০ আং মিঃ (১/২)

২৬৮।—টিং লোবিলিয়া ২ ড্রাম, একোয়া এনিথি ২ আং, জল ৪০ আং মিঃ (১/৮)

২৬৯।—টিং ডিজিটেলিস ২ ড্রাম, একোয়া সিনেমোমাই ২ আং, জল ৬ আং মিঃ (১/৮)

২৭০।—এসিড হাইড্রোসিয়ানিক ডিল অর্দ্ধ ড্রাম, মিষ্টিউরা য়্যামিগডেলী ৬ আং। মিঃ (?)

২৭১। ভাইনম ইপিক্যা‘ক ৩ ড্রাম, একোয়া সিনেমম ১ আং, জল ৪ ০ আং মিঃ (?)

২৭২।—টিং একোনাইট ৩ ৫ মিনিম, জল ১ আং মিঃ একমাত্রা

অবসাদক চূর্ণ।

২৭৩।—এণ্টিম টার্ট ১ গ্রেং, শর্করা ৩১ গ্রেং, একত্রে ৪ বা ৬ পুরিয়া। শিশুদের প্রাদাহিক পীড়ায় বয়সানুসারে মাত্রা বিবেচনা করিয়া দিতে হইবে।

২৭৪ —এণ্টিম টার্ট ১ গ্রেণ, পল্‌ভ ইপিক্যাক্ ২০ গ্রেণ ৮ পুরিয়া, দিনে ৫ ৭ বার

২৭৫ —এণ্টিম টার্ট ১ গ্রেং, হাইড্রার্জ কম ক্রিটা ১২ গ্রেণ, শর্করা ৬০ গ্রেণ। একত্রে ৮ পুরিয়া দিনে তিন চারি বার। প্রাদাহিক চর্ম্ম-পীড়া ও শিশুদের বায়ুনলীভুজ প্রদাহে ব্যবহার্য্য

বমনকারক।

২৭৬।—পল্‌ভ ইপিকাক্ ২০ গ্রেং, ভাইনাই এণ্টিমোনি-য়েলিস ৪ ড্রাম, সিরপ প্যাপেভেরিস্ ২ ড্রাম, একোয়া মেস্থি পিপ্ ১০ আং। মিঃ, ইহাতে এক বা দুই মাত্রা হইবে।

২৭৭।—জিঙ্কাই সলফ ২০—৪০ গ্রেং, একোয়া সিনেমোমাই ১ আং। মিঃ, ঐ

২৭৮ —কুপ্রাই সলফ ১০ গ্রেণ, জল ১০ আং। ঐ

২৭৯ —মষ্টার্ড পাউডর ৪ ড্রাম, জল ৪ আং বিষ পানের পর ব্যবহার্য্য। ঐ

২৮০।—এমোনি কার্ব্ব, পলভ ইপিকাক প্রত্যেক ২০ গ্রেণ, টিং ক্যাপসিকম ২ ড্রাম, একোয়া মেন্থি পিপ ২ আং। মিঃ, পাকাশয়ের বোধশক্তিহীনতা (অহিফেন দ্বারা বিষাক্ত হইলে যেরূপ হয়) হইলে ইহা প্রযোজ্য

২৮১ —এণ্টিমোনিয়াই টার্ট ১ গ্রেণ, পলভ ইপিকাক ২০ গ্রেণ। একত্রে ১ পুরিয়া মধুর সহিত সেব্য।

স্বেদজনক ও শৈত্যকারক মিশ্র।

২৮২।—লাইকর এমোনিয়া এসিটেটিস্ ৫—৬ ড্রাম, সিরপ অরান্সিয়াই ৪ ড্রাম, জল ৩ আং মিঃ (১/৬)

২৮৩ —পটাশী নাইট্রেটিস্ ৫০ গ্রেং, ভাইনাই এণ্টিমোনিয়েলিস ২ ড্রাম, লাইকর এমোনিয়া এসিটেটিস ৪ ড্রাম, একোয়া মেন্থি পিপ্ ৫ আং মিঃ, (১/৮)

২৮৪।—স্প্রিঃ ইথরিস নাইট্রোসাই ১/২ আং, লাইকর এমোনিয়া এসিটেটিস ১ আং, সিরপাই হেমিডিসমাই ১ আং, জল ৪ আং। মিঃ (১/৮)

২৮৫।—পটাশী নাইট্রেটীস ৪ ড্রাম, টিং ওপিয়াই ১।০ ড্রাম, মিষ্টিউরা ম্যাগ্নিসিয়া ৭ আং। মিঃ (১/৮)

২৮৬ —টিং গোয়েকাই এমোনিয়েটা ১ আং, টিং ওপিয়াই ড্রাম, একোয়া পাইমেণ্টা ৭ আং মিঃ, পুরাতন বাতে ব্যবহার্য্য। মাত্রা ১ আং

২৮৭।—পটাশী নাইট্রেটিস বা সাইট্রেটিস ১২০ গ্রেং, ভাইনাই ইপিকাক্ ১০ ড্রাম, সিরপ হেমিডিস্মিয়্ ১ আং, ডিঃ হর্ডিয়াই ১ পাইন্ট মিঃ, ১ বা ২ ছটাক মাত্রায় ২।৩ ঘণ্টান্তর সর্দ্দি ও গলা বেদনাদিতে ব্যবহার্য্য।

২৮৮ পটাশী সাইট্রেটিস ১২০ গ্রেণ, লাইকর এমোনিয়া এসিটেটিস ৪ হইতে ৮ ড্রাম, স্পিঃ য়্যামোনিয়া এরোমেটীক ৩ ড্রাম, টিং একোনাইট ১০ মিনিম, জল ৮ আং। মিঃ, ফুস্ফুস্ প্রদাহ (নিউমোনিয়া) ও অন্যান্য তরুণ প্রদাহে ব্যবহার্য্য।

২৮৯ —পটাশী নাইট্রেটীস ৩০—৬০ গ্রেণ, স্পিঃ ইথরিস নাইট্রোসাই ৩ ড্রাম, লাইকর এমোনিয়া এসিটেটীস ৪ হইতে ৮ ড্রাম, একোয়া ক্যাম্ফর ৮ আং মিঃ, $\frac{১}{৮}$। ৩ ৪ ঘণ্টান্তর জরাদিতে ব্যবহার্য্য।

২৯০।—সোডী বাইকার্ব্ব ২০ গ্রেণ, একোয়া লরোসিরেসাই ১০ মিনিম, সিরপ অরানসিয়াই ১ ড্রাম, একোয়া ১০ আং। মিঃ, ১৮ গ্রেণ সাইট্রিক্ এসিড্ স্বতন্ত্র পাত্রে দ্রব করিয়া ও ইহার সহিত মিশাইয়া উচ্ছলনাবস্থায় প্রযোজ্য। জরের সঙ্গে বিবমিষা থাকিলে ব্যবহার্য্য।

২৯১ —সোডি ক্লোরাইড ২০ গ্রেং, পটাসী ক্লোরাস ৭ গ্রেং, সোডি কার্ব্ব ৩০ গ্রেণ, জল ১০ আং মিঃ, একমাত্রা। বিসূচিকা রোগে অর্দ্ধ ঘণ্টান্তর প্রযোজ্য

২৯২।—পটাশী বাইকার্ব্ব ১২০—১৪০ গ্রেণ, সিরপ লিমন ১ আং, জল ২ পাইন্ট সমস্ত দিনে সেব্য। তরুণ বাত ও ইউরিক এসিড ডায়াথিসিসে উপকারী।

২৯৩।—পটাশী টার্ট এসিডা ১ আং, অয়েল লিমন ১৫ মিনিম,

শর্করা ২ আং, উষ্ণ জল ২ পাইন্ট। জ্বরের সহিত পিপাসা ও কোষ্ঠবদ্ধ থাকিলে ইহা উত্তম শৈত্যপানীয়

২৯৪ —এসিড হাইড্রোক্লোরিক ডিল ২—৩ ড্রাম, পটাশী ক্লোরাস ১৮০ গ্রেং, সিরপ জিঞ্জর ১ আং, ডিঃ হর্ডিয়াই ১ পাইন্ট। মিঃ, জ্বরে পানীয়ার্থ ব্যবহার্য্য

২৯৫ —এসিড ফস্ফরিক ডিল্‌ ৩ ড্রাম, গ্লিসিরিং ১ আং, ডিঃ হর্ডিয়াই ৩ পাইন্ট মিঃ, স্নায়বীয় দৌর্ব্বল্য ও মধুমেহ রোগে তৃষ্ণা নিবারণার্থে প্রযোজ্য

২৯৬ —পটাশী ক্লোরাস ১ আং, পটাশী বাইকার্ব্ব ২ হইতে ৪ আং, একত্রে মিশাইয়া ৮ পুরিয়া। ইহার এক একটা ১ পাইন্ট বার্লি ওয়াটারের সঙ্গে তরুণ বাত রোগে সমস্ত দিনে সেব্য

স্বেদজনক ও শৈত্যকারক চূর্ণ

২৯৭।—পল্‌ভ ইপিক্যাক কম্‌ ওপিয়ো ৮ গ্রেং, এণ্টিমটার্ট ১ গ্রেণ একত্রে ৬ পুরিয়া।

২৯৮ পল্‌ভ ইপিক্যাক ১ গ্রেণ, পল্‌ভ এণ্টিমোনিয়েলিস্‌ ১০ গ্রেং, শর্করা ৬ গ্রেং একত্রে দুই বা তিন পুরিয়া।

২৯৯ —পল্‌ভ এণ্টিমোনিয়েলিস ৯ গ্রেণ, সোডি বাইকার্ব্ব ১২ গ্রেং, ইপিক্যাক্‌ ১ গ্রেণ, জিঞ্জার ৩ গ্রেণ একত্রে ৩ পুরিয়া।

৩০০ —পটাশ ক্লোরেটাস বা নাইট্রেটাস ২০ গ্রেণ, জেম্‌স্‌ পাউডর ১০ গ্রেণ, মিশ্রি ২০ গ্রেং, সোডি বাইকার্ব্ব ১০ গ্রেং, জিঞ্জর ৪ গ্রেণ। একত্রে ৪ পুরিয়া।

কফ-নিঃসারক মিশ্র।

৩০১ এমোনি কার্ব্ব ৩০ গ্রেণ, স্পিঃ ক্লোরোফর্ম্ম ২ ড্রাম, ডিঃ সেনেগী ৫০ আং। মিং, (১/৮)

৩০২ ব্যালসম পেরু ৬ ড্রাম, গ্লিসিরিণ ৬ ড্রাম, মিষ্টিউরা য়্যামিগডেলি ৪০ আং মিঃ, (১/৮)।

৩০৩।—এমোনি বেনজোয়াস, এমোনি কার্ব্বনাস প্রত্যেকে ৩০ গ্রেণ ভাইনম ইপিক্যাক ১ ড্রাম, ডিঃ সেনেগী ৬ আং। মিঃ, (১/৮)।

৩০৪ —ভাইনম ইপিক্যাক ১ ড্রাম, সিরপ প্যাপেভেরিস ৬ ড্রাম, স্পিরিট এমোনি এরোমেটীক ৩ ড্রাম, ক্যাম্ফর ওয়াটার ৫ আং মিঃ, (১/৮)

৩০৫ সিরপ সিলি ৪ ড্রাম, মিকঃ এমোনিয়েসাই ৫০ আং মিঃ, ঐ

৩০৬ —সিরপ সিলি ৬ ড্রাম, লাইকর এমোনিয়া এসিটেটিস্ ৬ ড্রাম, ডিঃ সেনেগী ৪০ আং মিঃ, ঐ

৩০৭ —টিং ক্যাম্ফর কম্ ওপিয়াই ৪ ড্রাম, টিং লোবিলী ইথিরিয়া ১০ ড্রাম, সিরপ টলুটেনাই ১ আং, মিষ্টিউরা এমোনিয়েসাই ৪ আং মিঃ (১/৮)।

৩০৮ —ভাইনম এন্টিমোনিয়েলিস সিকি আং, লাইকর এমোনিয়া এসিটেটীস অৰ্দ্ধ বা এক আং, অক্সিমেল সিলি ১ আং, জল ৬ আং মিঃ ১/৮ অংশ

৩০৯।—ভাইনম ইপিক্যাক ৪ ড্রাম, পটাশ বাইকার্ব্ব ১০০ গ্রেণ, জল ৫০ আং। মিঃ, ১/৪ অংশ এক বা দুই কাঁচা জম্বীর রসের সঙ্গে ব্যবহার্য্য

৩১০ —এমোনি কার্ব্ব ৩০ গ্রেং, স্পিঃ ইথরিস ৩ ড্রাম, টিং সিলি ১০ ড্রাম, টিং ক্যাম্ফর কম্ ওপিয়ো ২—৪ ড্রাম, টিং ল্যাভেণ্ডার কং ৪ ড্রাম, ইনফিঃ সেনেগা ৮ আং মিঃ, বৃদ্ধ-লোকদের পুরাতন বায়ুনলীভুজ প্রদাহে ⅛ অংশ

৩১১ —স্পিঃ এমোনি এরোমেটীক ৪ ড্রাম, স্পিঃ ক্লোরো-ফর্ম্ম ৩ ড্রাম, টিং লাইওবিলা ৩ মিনিম, টিং সেনেগা ৬ ড্রাম, ক্যাম্ফর ওয়াটর ৮ আং মি ⅛ অংশ, ৪—৬ ঘণ্টান্তর, বায়ুনলীভুজ প্রদাহে

৩১২ ভাইনম ইপিক্যাক ২ ড্রাম, সিরপ হেমিডিসমিস ১ আং, ইনফিঃ লিনাই ৮ আং মিঃ, সর্দ্দিতে ⅛ অংশ।

৩১৩ টিং সিলি ১০ ড্রাম, একষ্ট্রাঃ ওপিয়াই লিকুইঃ ২০—৩০ মিনিম, সিরপ টলু ৬ ড্রাম, মিষ্টিউরা এমোনিয়েসাই ৬ আং মিঃ, ⅛ অংশ

কফ নিঃসারক বটিকা।

৩১৪ এণ্টিম টার্ট এক গ্রেণের আট ভাগের একভাগ, পল্ভ ইপিক্যাক কম ওপিয়ো ৮ গ্রেণ, মিউসিলেজ একেসিয়া দ্বারা ২ বটিকা

৩১৫। পিল্ সিলি কং, একষ্ট্রাঃ কোনিয়াই প্রত্যেকে ২৪ গ্রেণ একত্রে ১২ বটিকা।

৩১৬।—পল্ভ সিলি, পল্ভ ইপিক্যাক প্রত্যেকে ১০ গ্রেণ, একষ্ট্রাঃ কোনিয়ম ২৪ গ্রেণ একত্রে ১০ বটিকা

৩১৭ —পল্ভ সিলি, পল্ভ ইপিক্যাক প্রত্যেকে ১২ গ্রেণ, একষ্ট্রাঃ ষ্ট্রামোনিয়াই ৩ গ্রেণ। একত্রে ১২ বটিকা

৩১৮।—ক্যাম্ফর ১২ গ্রেণ, একষ্ট্রাক্ট হায়সায়ামাস ১২ গ্রেণ একত্রে ৬ বটিকা।

কফ-নিঃসারক চূর্ণ।

৩১৯।—এণ্টিম টার্ট ১।০ গ্রেণ, পলভ ইপিক্যাক ১২ গ্রেণ, পলভ গ্লিসিরিজী ১ ড্রাম একত্রে ১২ পুরিয়া।

৩২০ —পলভ সিলি ২০ গ্রেণ, পলভ ইপিক্যাক ১০ গ্রেণ, পলভ ওপিয়াই ২ গ্রেণ, পলভ গ্লিসিরিজী ৬০ গ্রেণ একত্রে ১০ পুরিয়া

কফনিঃসারক অবলেহ।

৩২১ —সিরপ সিলি, সিরপ পপী, সিরপ লিমন, মিউসিলেজ ট্রাগাকান্থ প্রত্যেকে ৪ ড্রাম।

৩২২ —সিরপ সিলি ১০ আং, টিং ক্যাম্ফর কম্ ওপিয়াে ৪ ড্রাম। এক চা চামচ পরিমাণে অত্যন্ত কাশির সময়ে সেব্য

শিশুকাস্থ ঔষধ।

৩২৩।—সিটেসিয়াই ১০ গ্রেণ, ডিম্বের শ্বেতাংশ (একটা) সিরপ টলু, একোয়া সিনেমন প্রত্যেকে ১ আং, জল ৪ আং। মিঃ।

৩২৪ —সিরপ হেমিডিস্মিস্ ২ আং, ডিঃ হর্ডিয়াই ১৮ আং মিঃ।

৩২৫।—ডিঃ সিট্রেরী ১৮ আং, সিরপ মোরাই ২ আং মিঃ

৩২৬।—মিষ্টিউরা য়্যামিগ্ডেলা ১৬ আং, গ্লিসিরিণ ৪ আং মিঃ।

বিরেচক—মিশ্র।

৩২৭—পটাশী টার্ট ১০০ গ্রেণ, ডিঃ ষ্ক্যালোজ কং ১০ আং এক মাত্রা

৩২৮।—অয়েল ক্রোটন ১ মিনিম, অয়েল রিসিনি ১ আং, এক মাত্রা মিঃ

৩২৯।—অয়েল রিসিনি ১ আং, লাইকর পটাশ ২০ মিনিম, সিরপ লিমন বা অরান্সিয়াই ১ ড্রাম, একোয়া মেন্থি পিপ ১ আং। মিঃ, এক মাত্রা

৩৩০ অয়েল রিসিনী, অয়েল টেরিবিন্থিনী, মিউসিলেজ একেসিয়া প্রত্যেকে অর্দ্ধ আং মিঃ, ঐ

৩৩১—ম্যাগ্‌না সল্‌ফ ১২০—২৪০ গ্রেণ, ম্যাগ্‌না কার্ব্ব ১০ গ্রেণ, টিং জিঞ্জর ২০ মিনিম, একোয়া মেন্থি পিপ ১॥০ আং বাতে ইহার সহিত ভাইনম কলচিকম ১০ ২০ মিনিম মাত্রায় প্রয়োজ্য। এক মাত্রা।

৩৩২—পল্‌ভ রিয়াই ১০ গ্রেণ, পটাশী টার্ট ২৪০ গ্রেণ, টিং সেনা ২ ড্রাম, ইনফিঃ সেনা ১০ আং। ঐ।

৩৩৩।—ইনফিঃ রিয়াই ১০ আং, টিং কার্ডেমম কং ২ ড্রাম, ম্যাগ্‌না কার্ব্ব ১০ গ্রেণ। এক বা দুই মাত্রা।

৩৩৪—ম্যাগ্‌না সল্‌ফ ১০ আং, সিরপ রোজ ১ আং, ইনফিঃ রোজি এসিডাই ৫ আং মিঃ (½ অংশ)

৩৩৫।—টিং সেনা ২ আং, ভাইনম ষ্ক্যালোজ ২ আং, সিরপ জিঞ্জর ১ আং, একোয়া মেন্থি পিপ্‌ ৩ আং মিঃ, (½ অংশ)

৩৩৬—ক্যাষ্টর অয়েল ১০ আং, একটী ডিম্বের শ্বেতাংশের

সহিত উত্তমরূপে মিশ্রিত করিয়া তাহাতে পিপারমেণ্ট ওয়াটর ২ আং, ও সিরপ অরেঞ্জ ২ ড্রাম সংযোগ করিলে একমাত্রা।

৩৩৭।—টিং সেনা ১ আং, টিং, জেলাপ ২ ড্রাম, ভাইনম কলচিকম ১ ড্রাম, জল ২ আং মিঃ, (অর্দ্ধ)

৩৩৮।—লাইকর এমোনিয়া এসিটেটীস ১ আং, স্প্রিঃ ইথরিস নাইট্রোসাই ৪ ড্রাম, ইপিকেটেরিয়ম ১ গ্রেণ, সিরপ জিঞ্জর ৩ ড্রাম মিঃ, ১ ড্রাম পরিমাণে ১ ছটাক জলের সহিত ২ ঘণ্টান্তর, যত ক্ষণ ভেদ না হয় দিতে হইবে মূত্রগ্রন্থির পীড়াজাত উদরী রোগে ব্যবহার্য্য।

৩৩৯ সোডি সল্‌ফেটীস ১২০ গ্রেণ, সকাই ট্যারাক্সেসাই ১০ ড্রাম, ডিঃ ট্যারাক্সেসাই ২ আং মিঃ, এক মাত্রা, পিত্ত নিঃস্রবের স্বল্পতা ও যুক্ত কোষ্ঠবদ্ধ হইলে প্রযোজ্য।

বিরেচক বটিকা।

৩৪০।—পিল্‌ এলোজ এট্‌ মর ও কঠিন সাবান প্রত্যেকে ৫ গ্রেণ একত্রে ২ বটিকা

৩৪১।—এক্‌ষ্ট্রাঃ ক. সিন্থ কং ও হাইড্রার্জ ক্যালোমেল বা ব্লুপিল প্রত্যেকে ৫ গ্রেণ। একত্রে ২ বটিকা

৩৪২ —এক্‌ষ্ট্রাঃ কলসিন্থ কং ২০ গ্রেণ, এক্‌ষ্ট্রাঃ জেলাপিসাম ২০ গ্রেণ একত্রে ১ বটিকা

৩৪৩।—ক্যালোমেল ১ গ্রেণ, পল্‌ভ রিয়াই ৪ গ্রেণ, কঠিন সাবান ৪ গ্রেণ, অয়েল এনিথি ১ মিনিম একত্রে ২ বটিকা

৩৪৪।—রেজিনা স্ক্যামণী, ক্যালোমিলেনাস, এক্‌ষ্ট্রাঃ কল-

সিন্থ কং, একষ্ট্রাঃ জেলাপ প্রত্যেকে, ২০ গ্রেণ, অয়েল ক্যারই যথা প্রয়োজন একত্রে ২ বটিকা

৩৪৫ —একষ্ট্রাঃ কলসিন্থ কং, রেজিনা জেলাপ, গ্যাম্বোজ প্রত্যেকে ২০ গ্রেণ, রেজিনা পডোফিলিন সিকি গ্রেণ, অয়েল জুনিপার যথা প্রয়োজন একত্রে দুই বটিকা

৩৪৬ —অয়েল ক্রোটন ১ মিনিম, য়্যালোজ ২ গ্রেণ, একষ্ট্রাঃ জেনসিয়ান দিয়া ১ বটিকা

৩৪৭ রেজিনা পডোফিলিন ½ গ্রেণ, একষ্ট্রাঃ হায়সায়ামাস ৩ গ্রেণ একত্রে ২ বটিকা

৩৪৮ ইলিটেরিয়ম ১০ গ্রেণ, পলভ ক্যাপসিকম ৯ গ্রেণ, ক্যালোমেল ১২ গ্রেণ, একষ্ট্রাঃ হায়সায়ামাস ১৮ গ্রেণ একত্রে ১২ বটিকা

৩৪৯ —একষ্ট্রাঃ নক্সভমিকা ৩ গ্রেণ, পলভ ইপিক্যাক ৬ গ্রেণ, পিল রিয়াই কং বা পিল য়্যালোজ এট্ য়্যাসাফেটিডা ৪০ গ্রেণ একত্রে ১২ বটিকা অন্ত্রের পৈশিক দুর্ব্বলতা জনিত কোষ্ঠবদ্ধে উপকারক

বিরেচক চূর্ণ।

৩৫০ পলভ রিয়াই ২০ গ্রেণ, পটাশী বাইটর্ট ৫০ গ্রেণ, পলভ য়্যারোমেটীক ৫ গ্রেণ এক পুরিয়া

৩৫১ —পলভ রিয়াই ১০ গ্রেণ, ক্যালোমেল ৩ গ্রেণ, পলভ য়্যারোমেটীক ৫ গ্রেণ। এক পুরিয়া

৩৫২।—পলভ স্ক্যামনী কং ১০ গ্রেণ, ক্যালোমেল ৫ গ্রেণ ১ পুরিয়া।

৩৫৩ —সোডি বাইকার্ব ৪০ গ্রেণ, সোডি এট্ পটাশি টার্ট ১২০ গ্রেণ, একত্রে এক পুরিয়া, ও সাইট্রিক্ বা টার্টারিক এসিড ৩৭ গ্রেণ, ১ পুরিয়া স্বতন্ত্র রূপে। উভয় পুরিয়া জলে গুলিয়া, তৎপরে একত্রে মিশ্রিত করিয়া, উচ্ছলনাবস্থায় সেব্য। ইহাকে সিডলিট্জ্ পাউডর কহে।

৩৫৪ —ম্যাগ্নেশিয়া কার্ব ২০ গ্রেণ, সল্ফর প্রিসিপিটেড্ ২৫ গ্রেণ, সোডি বাইকার্ব ১০ গ্রেণ, পল্ভ জিঞ্জিবর ৩ গ্রেণ, ১ পুরিয়া দুগ্ধের সহিত সেব্য।

বিরেচক অবলেহ।

৩৫৫।—সল্ফর প্রিসিপিটেড্, এসিড টার্টেট্ অব্ পটাশ প্রত্যেকে ১ আং, পল্ভ ম্যাবোসেটাক ১০০ গ্রেণ, মধু বা গুড় যথা প্রয়োজন। ১ কাঁচ্চা পরিমাণে দিবসে ২।৩ বার সেব্য।

৩৫৬।—পল্ভ গ্যকসিয়া, কনফেক্শন সেনা, পটাশি বাইটার্ট প্রত্যেকে ১ আং, ব্লাক্ পেপার চূর্ণ ৫০ গ্রেণ, গুড় যথা প্রয়োজন। অর্শরোগে ১ কাঁচ্চা মাত্রায় দিনে ২।৩ বার সেব্য।

৩৫৭।—কন্ফেক্শন সেনা, পটাশি টার্ট এসিড, সল্ফার্ টারাক্সেকম প্রত্যেকে ১ ড্রাং মিঃ, যকৃতের ক্রিয়া বৈষম্যজনিত কোষ্ঠবদ্ধ ও অর্শ রোগে ব্যবহার্য্য মাত্রা ২ ড্রাং।

বিরেচক-বর্ত্তি।

৩৫৮। এক্স্ট্রাঃ কলোসিন্থ কং ১০—২০ গ্রেণ, ইনফিঃ সেনা ১২ আং। মিঃ।

৩৫৯ অয়েল ক্যাষ্টর ১—৩ আং, পটাশী কার্ব ২০ গ্রেণ, সাবান ৫০ গ্রেণ, উষ্ণজল ১ পাইণ্ট মিঃ

৩৬০। অয়েল রিসিনি ১৷০ আং, অয়েল টেরিবিন্থিনী ৪ ড্রাম, টি. ম্যাগানেটিকা ২ ড্রাম, সোপ ওয়াটর ১২ আং মিঃ

মূত্রকারক মিশ্র।

৩৬১।—এমোনি বেন্‌জোয়েটাস্ ৫০ গ্রেণ, এক্‌ষ্ট্রাঃ পেরেরী লিকুই ৬ ড্রাম ডিঃ পেরেরী ৫ আং মিঃ, (এক ষষ্ঠাংশ)

৩৬২ পটাশি নাইট্রেটিস্ ৫০ গ্রেণ, পটাশি বাইকার্ব্ব ১২০ গ্রেণ, স্পিঃ জুনিপার কং অর্দ্ধ আং, ইনফিঃ বকু ১০ আং মিঃ, (এক ষষ্ঠাংশ)।

৩৬৩ পটাশি এসিটেটিস ১৫০ গ্রেণ, ইনফিঃ ডিজিটেলিস্ ১০ আং, স্পিঃ ইথরিস নাইট্রোসাই ১ আং, ডিঃ ট্যারাক্সেকম্ ৩ আং মিঃ, মাত্রা ৩ ড্রাম

৩৬৪। সোডি এট্ পটাশী টার্ট ২০০ গ্রেণ, স্পিঃ জুনিপার কং ৬ ড্রাম, সক্বস্ স্কোপেরিয়াই ৩ ড্রাম, ডিঃ ট্যারাক্সেকম ৫ আং মিঃ, (এক ষষ্ঠাংশ)

৩৬৫ সক্কাই ট্যারাক্সেসাই, স্পিঃ জুনিপিরাই এতোকে ৬ ড্রাম, টিং সিলা ৩ ড্রাম, ডি. স্কোপেরিয়াই ৪ আং। মিঃ, (এক ষষ্ঠাংশ)

৩৬৬ -এসিড নাইট্রিক ডিল্ ৪০ মিনিম, টিং হায়সায়ামাস ২ ড্রাম, ডিঃ প্যারেরী ৮ আং মিঃ, (এক ষষ্ঠাংশ)

৩৬৭।—টিং ক্যান্থেরাইডিস্ ½—১ ড্রাম, স্পিঃ জুনিপিরাই ৬ ড্রাম, ডিঃ প্যারেরী ৫ আং মিঃ [এক ষষ্ঠাংশ]

৩৬৮।—পটাশি নাইট্রেটীস ৬০ গ্রেণ, স্প্রিঃ জুনিপিরাই ১—২ ড্রাম, স্পিঃ ইথর নাইট্রোস ই ৩ ড্রাম, ইনফিঃ বকু ৮ আং মিঃ, [½] উগ্রাতে ব্যবহার্য্য

৩৬৯ —লাইকর পটাশ ১—২ ড্রাম, স্পিঃ ইথরিস্‌ নাইট্রোসাই ৪ ড্রাম, ইন্‌ফিঃ, ডিজিটেলিস্‌ ১ আং, সিরপ ৬ ড্রাম্‌ জল ৮ আং মিঃ, ½ অংশ।

৩৭০ —এসিড নাইট্রিক ডিল ১ ড্রাম, সক্কস্‌ ট্যারাক্সেকম ৬ ড্রাম, ডিঃ ট্যারাক্সেকম ৮ আং। মিঃ, (½) দিনে তিন বার যকৃৎ পীড়ায় প্রদাহ না থাকলে ব্যবহার্য্য।

৩৭১।—পটাশী টার্ট এসিডা ১০ আং, একষ্ট্রাঃ ট্যারাক্সেকম ৩০ গ্রেণ, ডিঃ ট্যারাক্সেকম্‌ ৮ আং মিঃ, কামলা রোগে ব্যবহার্য্য মাত্রা ১ আউন্স

৩৭২ —ব্যালসম কোপেবা ২ ড্রাম, লাইকর পটাশ ১ ড্রাম, স্পিঃ ইথরিস নাইট্রোসাই ২ ড্রাম, টিং হায়সায়ামাস ১ ড্রাম, মিউসিলেজ একেসিয়া ২ আং, জল ৪ আং। মিঃ, (½) প্রমেহে ব্যবহার্য্য।

৩৭৩ অয়েল কোপেবা ২০ মিনিম, অয়েল কিউবেব্‌ ১৫ মিনিম, লাইকর পটাশ ৫ মিনিম, টিং হায়সায়ামাস ২০ মিনিম, ক্যাম্ফর ওয়াটর ১ আং। এক মাত্রা।

মূত্রকারক বটিকা ও চূর্ণ।

৩৭৪।—পল্‌ভ ডিজিটেলিস ১ বা ২ গ্রেণ, পিল্‌ হাইড্রার্জ ২ গ্রেণ, পিল্‌ সিলি কং ৬ গ্রেণ একত্রে ২ বটিকা।

৩৭৫ —অয়েল কিউবেব্‌ ২০ মিনিম, কঠিন সাবান, পল্‌ভ কিউবেব্‌ প্রত্যেকে ২০ গ্রেণ। একত্রে ১০ বটিকা।

৩৭৬ —পটাশী নাইট্রেটীস ১০ গ্রেণ, পটাশী টার্ট এসিডা ২০ গ্রেণ, পল্ভ কেম্ফিরা ১০ গ্রেণ, শর্করা ৩০ গ্রেণ ১ পুরিয়া দিনে তিন বার যবোদক সহ সেবা

৩৭৭ —একষ্ট্রাঃ ট্যারাক্সেকম অ্যাঃ আং, পল্ভ পিলি ৪০ গ্রেণ, কনফেক্সন অব্ টার্পেন্টাইন ৮ড্রা আং, সকস ট্যারাক্সেকম যথা প্রয়োজন অবলেহ বলিবে। মাত্রা ১—২ ড্রাম

৩৭৮ কোপেবা ১ আং, ক্যালসাইন্ড ম্যাগ্নিসিয়া ৩০—৪০ গ্রেণ, উত্তম রূপে মিশাইয়া ৮ ঘণ্টা পর্য্যন্ত একটী পাত্রে রাখিয়া দিবে, পরে উহাতে ১০০ বটিকা বাঁধিবে প্রমেহে ব্যবহার্য্য।

কৃমিনাশক।

৩৭৯ —ওলিয়াই টেরিবিন্থিনী ½ ড্রাং, ডিঃ হর্ডিয়াই ১ ড্রাং মিঃ, একমাত্রা

৩৮০ একষ্ট্রাঃ ফেলিসিস্ লিকুইঃ অর্দ্ধ হইতে ১ ড্রাম, পল্ভ ট্রাগাকান্থ কং ৫০ গ্রেণ, একোয়া মেন্থি পিপ্ ২ আং একমাত্রা।

৩৮১ —স্যান্টোনাইন ২—৫ গ্রেণ, পল্ভ স্ক্যামনী কং, রিয়াই বা শর্করা ইহাদের অন্যতম ৮ গ্রেণ ১ পুরিয়া

৩৮২। স্পিঃ ইথারিস অর্দ্ধ হইতে এক ড্রাম ভিঃ প্রোমেটাই সোডিয়ে ১ বা ২ আং এক মাত্রা তিন ঘণ্টান্তর ৪ বার সেবা

৩৮৩ —ওলিয়াই রিসিনি ৪ ড্রাম, ওলিয়াই টেরিবিন্থিনী ১ ড্রাম, মিউসিলেজ ৪ ড্রাম, সিরপ জিঞ্জর ১ ড্রাম, জল ৪ ড্রাম এক মাত্রা, প্রাতঃকালে সেবা

৩৮৪ —পল্ভ কামিলা ৬০—১৮০ গ্রেণ, অথবা টিং কামিলা

২ ড্রাম, সিরপ অরয়্যান্‌সিয়াই ২ ড্রাম, মিউসিলেজ ট্রাগাকান্থ ১া০ আং, জল ৩ আং এক মাত্রা, প্রত্যুষে সেব্য ও ৬ ঘণ্টা পরে একটী বিরেচক প্রয়োজ্য।

রজোনিঃসারক ও জরায়ুসংকোচক।

৩৮৫ —ফেরি এট্ এমোনি সাইট্রেটিস ৩০ গ্রেণ, টিং সেবাইনী ২ ড্রাম, একোয়া সিনেমোমাই ৬ আং। মিঃ, ($\frac{1}{6}$)।

৩৮৬ অয়েল রিউটা ৪ মিনিম, পল্‌ভ মর্‌ ৪ গ্রেণ, পল্‌ভ য়্যালোজ ২ গ্রেণ একত্রে ২ বটিকা

৩৮৭। অয়েল সেবাইনী ৪ মিনিম, পলভ মর্ ৫ গ্রেণ, কোমল সাবান যথা প্রয়োজন একত্রে ২ বটিকা

৩৮৮ —ফেরি আইয়োডিড ১২ গ্রেণ, টিং নক্সভমিকা ৩ মিনিম, ইনফিঃ আর্গট ৬ আং মিঃ, এক ষষ্ঠাংশ

৩৮৯ —টিং ফেরি পারক্লোরাইড ১০ ড্রাম, পটাশী ক্লোরেটিস ৬০ গ্রেণ, টিং একৃটিয়া রেসিমোজা ১ ড্রাম, ইনফিঃ সর্পেণ্টরী ৮ আং মিঃ, $\frac{1}{6}$ হইতে $\frac{1}{8}$ অংশ

৩৯০ —একষ্টাঃ আর্গট লিকুইঃ ৩ ড্রাম, টিং সর্পেণ্টরী ৬ ড্রাম, ডিঃ য়্যালোজ কং ৮ আং। মিঃ, ($\frac{1}{6}$)

৩৯১ —অয়েল রিউটা ১৫ মিনিম, একষ্ট্রাক্ট আর্গট লিকুইঃ ২ ড্রাম, মিউসিলেজ ট্রাগাকান্থ ৮ আং। মিঃ, ($\frac{1}{6}$)

৩৯২ বোরাক্স ৬০ গ্রেণ, টিং আর্গট ৪ ড্রাম, একোয়া সিনেমন ৮ আং। মিঃ, ($\frac{1}{6}$)

অম্লনাশক।

৩৯৩। ম্যাগ্নেসি কার্ব্ব ৮০ গ্রেণ, একষ্ট্রাঃ ওপিয়াই লিকুইঃ ৩০ মিনিম, স্পিঃ ইথরিস ৩ ড্রাম, একোয়া মেন্থি পিপ্‌ ৬ আং মিঃ, (১/৬)

৩৯৪। বিস্মথাই ম্যাগ্নাই ১৫ গ্রেং, সোডি বাইকার্ব্ব ১২গ্রেণ, পল্‌ভ একেসিয়া ৩০ গ্রেং। একমাত্রা।

৩৯৫ পটাশী বাইকার্ব্ব ১২০ গ্রেণ, স্পিঃ এমন্ ম্যারোমেটিক্ ৩ ড্রাম, টিং একোনাইট ১০ মিনিম, ইন্‌ফিঃ লিউপিউলাই ৮ আং। মিঃ, (১/৬) দিনে তিন বার। পাকাশয়শূলে উপকারক।

৩৯৬ —সোডি বাইকার্ব্ব ১৫ গ্রেং, লাইকর মর্ফি হাইড্রোক্লোঃ ১৫ মিনিম, এসিড হাইড্রোসিয়ানিক ডিল্ ৩ হইতে ৫ মিনিম, জল ১আং মিঃ একমাত্রা।

৩৯৭। লাইকর পটাশ ১৫ মিনিম, লাইকর ক্যাল্‌সিস ২ ড্রাম। এক মাত্রা, দুগ্ধের সহিত সেব্য।

পরিবর্ত্তক মিশ্র।

৩৯৮। হাইড্রার্জ্জ করোসিব সব্লিমেট ১ গ্রেণ, টিং সিনকোনা কং ৩ আং। মিঃ, মাত্রা ১ ড্রাম দিনে দুইবার সেব্য

৩৯৯ পটাশী আইয়োডিড ৩০ গ্রে, ইনফিঃ হেমিডিস্‌মিস বা ডিঃ সার্সাপ্যারিলা ৬ আং মিঃ, এক ষষ্ঠাংশ

৪০০ ডিঃ সার্জ্জি কং ৭০ আং, এসিড নাইট্রো হাইড্রোক্লোরিক ডিল ২ ড্রাম, টিং কোনিয়াই ২ ড্রাম মিঃ, (১/৬)।

৪০১। পটাশী আইয়োডিড ২০ গ্রেণ, পটাশী লাইকর

২ ড্রাম, টিং হায়সায়ামাস ৩ ড্রাম, ডিঃ সার্জি ৮ আং মিঃ, ½ অংশ

৪০২। হাইড্রার্জ বরোমিব সলিসেট ১ গ্রেণ, এমোনি ক্লোরাইড ৫০ গ্রেণ, এক্‌ষ্ট্রাঃ সার্জি লিকুইঃ ১০ আং, ডিঃ সার্জি কং ১২ আং মিঃ, মাত্রা অর্দ্ধ আং

৪০৩ ফেরি আইয়োডিড ২০ গ্রেণ, ডিঃ সার্জি ৬ আং মিঃ, মাত্রা অর্দ্ধ আউন্স

৪০৪ পটাশি আইয়োডিড ৩ ৫ গ্রেণ, ভাইনাই কলচিসাই ১৫ মিঃ টিং একোনাইট ২ ৫ মিনিম, ইন্‌ফিঃ সিন্নাই ১ আং। একমাত্রা। পুরাতন গাউট রোগে ব্যবহার্য্য

৪০৫ পটাশি আইয়োডিড ৩ ৫ গ্রেণ, লিকঃ এমন স্যাসেনো মেটীক ৩০ মিনিম, টিং বেলেডনা ৫ ১৫ মিনিম, টিং সিঙ্কোনা কং ১ ড্রাম, একোয়া মেন্থ পিপ্‌ ১০ আং এক মাত্রা শ্বাসকাশে বিশেষ উপকারী

৪০৬ পটাশী আইয়োডিড ৩০ ১২০ গ্রেণ, গ্লিসিরিণ ১ আং টিং একোনাইট ২০ মিনিম, ভাইনাই ইপিকাক ১০ ড্রাম, সকাই ট্যারাক্সেসাই ৬ ড্রাম ডিঃ সার্জি কং ৮ আং মিঃ, (½) দিনে তিন বার, প্রমেহজনিত বাত, সার্ব্বাঙ্গিক উপদংশ, গলগণ্ড ও গণ্ডমালীয় ক্ষত প্রভৃতিতে ব্যবহার্য্য

৪০৭ পটাশি আইয়োডিড ১৮ গ্রেণ, টিং স্যাস ফেটিডে ১০ ড্রাম, টিং সেনেগা ৩ ড্রাম, সিরা। সোরাই ৩ আং মিঃ, এক ড্রাম মাত্রায় শিশুদের জ্বর ও নিউমোনিয়া রোগে ব্যবহার্য্য।

৪০৮। পটাশী ব্রোমাইড ৩০—৬০ গ্রেণ, টিং ভেলিরিয়ানা

এমোনিয়েটা ৬ ড্রাম, ক্যাম্ফর ওয়াটর ৮ আং মিঃ, গুহ্যবায়ু, জরায়ুর ক্রিয়া-বিকার ও শুক্রমেহ রোগে ব্যবহার্য্য।

৪০৯—পটাশী ব্রোমাইড ৩-৮ গ্রেণ, টিং সিনকোনা কং অর্দ্ধড্রাম, জল ১ আং। একমাত্রা দিনে ৩ বার প্লীহা বিবৃদ্ধিতে ব্যবহার্য্য।

৪১০। ওলিয়াই মর্হি ২ আং, লাইকর পটাশ ১ ড্রাম, টিং কার্ডেমম কং ২ ড্রাম, জল ৮ আং মিঃ মাত্রা ১ আং

৪১১—লাইকর আর্সিনিকেলিস ৩০ মিনিম, টিং ক্যান্থেরাইডিস ½ ড্রাম, টিং অবানসিয়াই ৬ ড্রাম, পটাশী আইয়োডিড ১৮—৩০ গ্রেণ, ইনফিঃ অবানসিয়াই ৬ আং। মিঃ, (⅙) আহারের অব্যবহিত পরে সেব্য বিবিধ চর্ম্মরোগে।

৪১২।—এমন ক্লোরাইড ২০ গ্রেণ, একষ্ট্রাঃ ট্যারাক্সেকম ১০ গ্রেণ, টিং জেনসিয়ান কং ১০ ড্রাম, ইনফিঃ সেনা ২ আং একমাত্রা, দিনে ২৩ বার, কামল, যকৃৎ-পীড়া-জনিত উদরীতে ব্যবহার্য্য

পরিবর্ত্তক বটিকা।

৪১৩—রেজিনা পডোফিলিন ⅙ ⅙ গ্রেণ, পল্ভ ইপিক্যাক অর্দ্ধ গ্রেণ, একষ্ট্রাঃ জেনসিয়ান ৩ গ্রেণ একত্রে ১ বটিকা উপদংশ, কামল, গণ্ডমালা ও চর্ম্মপীড়াদিতে ব্যবহার্য্য

৪১৪—ক্যালোমেল ১ গ্রেণ, একষ্ট্রাঃ কোনিয়াই ৩ গ্রেণ ও ওপিয়াম ⅛ গ্রেণ এক বটিকা।

পরিবর্ত্তক চূর্ণ।

৪১৫—হাইড্রার্জ কম ক্রিটা ২০ গ্রেণ, এন্টিম টার্ট ১ গ্রেণ, শর্করা ৫০ গ্রেণ। একত্রে ১০ পুরিয়া

৪১৬ ক্যালোমেল ৩, গ্রেণ, পল্‌ভ ওপিয়ম ১ গ্রেণ, পল্‌ভ গ্লিসিরিজী ৫০ গ্রেণ। একত্রে ১২ পুরিয়া।

পরিশিষ্ট ব্যবস্থাবলী।

৪১৭।—পেপ্সিনা পোর্সাই ৩২ গ্রেণ, একষ্ট্রা ম্যালোজ ৮ গ্রেণ, গ্লিসিরিণ যথা প্রয়োজন লইয়া ৮ বটিকা করিবে আহারকালে এক বটিকা সেব্য।

৪১৮।—জিন্‌সাই ভেলিরিয়ানাস ১২—২৪ গ্রেণ, একষ্ট্রাঃ বেলেডোনা ৩—৪ গ্রেণ, একষ্ট্রাঃ জেনসিয়ান ২৪ গ্রেণ, একত্রে ১২ বটিকা। এক এক বটিকা দিনে তিন বার সেব্য।

৪১৯।—ফেরি সল্‌ফ ১২ গ্রেণ, এসিড সল্‌ফ ডিল ১ ড্রাম, ইনফিঃ বার্বেরিস লিসিয়ম ৬ আং; একত্রে মিশ্র মাত্রা ১ আং, দিনে তিন বার

৪২০। ক্যাম্ফর ৫ গ্রেণ, একষ্ট্রাঃ বেলেডোনা ½ গ্রেণ, একষ্ট্রাঃ কোনিয়াই ¼ গ্রেণ, অল্প স্পিরিট দিয়া ২টী বটিকা করিবে।

৪২১। টিংচর য়্যাসাফেটিডা ২ ড্রাম, স্পিরিট এমোনি য়্যারোমেটীক ১।০ ড্রাম, টিং হায়সায়ামাস ১ বা ২ ড্রাম, একোয়া ক্লোরোফর্ম্ম ২ আং, একত্রে মিশ্র অৰ্দ্ধ আউন্স মাত্রায় সেব্য।

৪২২ —ব্রোমাইড অব্ পটাসিয়ম ৩০ গ্রেণ, টিং ভেলিরিয়াম ৩ ড্রাম, টিং এসাফেটিডা ৩ ড্রাম, স্পিঃ এমোনি য়্যারোমেটিক ২ ড্রাম, ক্যাম্ফর ওয়াটর ৫ আং, একত্রে মিশ্র ১ আং মাত্রায় সেব্য।

৪২৩। এণ্টিম টার্ট ১ গ্রেণ, টিং ওপিয়াই ৪০ মিনিম, জল ৬ আং, একত্রে মিশ্র। মাত্রা অৰ্দ্ধ হইতে এক আং

৪২৪ —ক্লোরাল হাইড্রেট ৫—১০ গ্রেণ, সিরপ অরানসিয়াই ১ ড্রাম, একোয়া মেন্থি পিপ্ ১ আং এক মাত্রা।

৪২৫। ভাইনম এণ্টিমোনিয়েলিস্ ১০ মিনিম, ম্যাগ্না সল্ফ ১—২ ড্রাম, টিং হায়সায়ামাস ১৫—২৫ মিনিম, ক্যাম্ফর ওয়াটর ১ আং, একত্রে মিশ ; একমাত্রা।

৪২৬ —ল্যাইকর প্লম্বাই সব এসিটেটিস ২ ড্রাম, টিংচর ওপিয়াই ৪ ড্রাম, স্পিরিট রেক্টীফায়েড ৩ ড্রাম, জল ২০ আং; একত্রে লোশন।

৪২৭ —এমোনি ব্রোমাইড ১২—৬০ গ্রেণ, ইন্ফিঃ অরান্সিয়াই ৮ আং, একত্রে মিশ্র মাত্রা ১ আং

এমোনিয়াই আইয়োডিডম্ ৩—১৫ গ্রেং, ইন্ফি সিনকোনা ১ আং। এক মাত্রা।

৪২৮ —টীংচর সিনকোনা কং ১ আং, টিং একোনাইট ২০ মিনিম, টীং সার্পেণ্টরী ৩ ড্রাম, একোয়া মেন্থি পিপ্ ৮ আং। একত্রে মিশ্র—মাত্রা ১ আং

৪২৯।—ফস্ফেট অব্ জিঙ্ক ১০—২০ গ্রেণ, এসিড ফস্ফরিক ডিল্ ১।০ ড্রাম, টীংচর সিনকোনা কং ৬ ড্রাম, টীং ফেরি পারক্লোরাইড ১০ ড্রাম, একোয়া মেন্থি পিপ্ ৮ আং মাত্রা অর্দ্ধ হইতে ১ আং

৪৩০ —সোডি হাইপোফস্ফেটীস বা ক্যাল্সিস্ হাইপো ফস্ফেটীস ২০—৬০ গ্রেং, ইনফিঃ চিরতা ৮ আউন্স মাত্রা অর্দ্ধ হইতে ১ আং

৪৩১।—সোডি হাইপোফসফেটীস ৮০ হইতে ২৪০ গ্রেণ, স্পিরিট রেক্টিফায়েড ১ আং, টীংচর সিনকোনা ২ আং, একত্রে মিশ্র মাত্রা—এক চা চামচ পরিমিত।

৪৩২।—এসিড গ্যালিক ১৫—২৫ গ্রেণ, এসিড সল্ফিউরিক

ম্যারোমেটীক ১৫—২০ মিনিম, টীংচর সিনেমন ২ ড্রাম, একোয়া ডিষ্টিলেটা ২ আং ; একত্রে মিশ, এক বা দুই মাত্রা। ৪ ঘন্টান্তর রক্তস্রাব নিবারণ না হওয়া পর্য্যন্ত প্রয়োজ্য।

৪৩৩ এসিড ফস্ফরিক ডিল ১০—২০ মিনিম, টিংচর নক্সভমিকা ১—৩ মিনিম, ইনফিঃ ক্যাস্কা ১ আং এক মাত্রা।

নূতন ব্যবস্থা সংগ্রহ।

১ বিস্মথ কার্ব ১০ গ্রেণ, ম্যাগেস্ কার্ব ১০ গ্রেণ, প্যাপেইন ২ গ্রেণ, মর্ফি হাইড্রোক্লো ১/৮ গ্রেং। একত্রে এক মাত্রা, এইরূপ ২৪ মাত্রা ; দিনে ২৩ বার সেব্য ইহাতে পাকাশয়ের শ্লৈষ্মিক ঝিল্লীর অবস্থা পরিবর্ত্তিত হইয়া অম্ল ও শূলাদি উপশমিত হয়।

২ সল্ফর প্রেসিপিটেড ২ ড্রাম, ক্যালেমিনা প্রেপেয়ারেটা ½ ড্রাম, গোলাপ জল ৫ আউন্স, চূণের জল ৫ আউন্স, ইউডি কোলন ৩ ড্রাম। একত্রে লোশন। মুখমণ্ডলের একনি (বয়স ফোড়া) আদি চর্ম্ম পীড়ায় প্রয়োজ্য।

৩। সলফর প্রিসিপিটেড ৩০ গ্রেণ, ক্যালেমিনা প্রিপেয়ারেটা ৩০ গ্রেণ, ল্যানোলিন পিওর ১ আউন্স, কার্বলিক এসিড ১৫ মিনিম। একত্রে মলম ; একনি আদি চর্ম্ম পীড়ায় প্রয়োজ্য

৪। বিসমথাই কার্ব ৩ ড্রাম, এসিড হাইড্রোসিয়ানিক ডিল ১ ড্রাম, মিউসিলেজ সদ্য প্রস্তুত ১।০ আউন্স, লাইকর মর্ফিনী ২ ড্রাম, একোয়া ক্লোরোফর্ম্মাই (ad = সর্ব্বশুদ্ধ) ৪ আউন্স। মিশ্রিত করত সেবনার্থ ⅛ অংশ বিধান করা যায়। অত্যন্ত মদ্যপান জনিত পাকাশয় প্রদাহ ও উগ্রতা এবং বমনাদি ইহা দ্বারা নিবারিত হয়

৫ স্পিরিট এমোন এরোমেট ১ আউন্স, টিং সিনকোনী ২ আউন্স, ন্যাটিবর ষ্ট্রীকনাইনী হাইড্রোঃ ১ ড্রাম, টিং ক্যাপ্সিসাই ১ অউন্স। একত্রে মিশ্রিত কর। এক চা চামচ বা ১ ড্রাম মাত্রায় অর্দ্ধ গ্লাস জল সহ প্রতি ঘণ্টান্তর সেবনে সুরাপান লালসা নিবৃত্তি পায়

৬ কুইনী সল্ফ ২৫ গ্রেণ, এসিড নাইট্রো হাইড্রোক্লোরিক ডিল ৬ ড্রাম, এক্স্ট্রাঃ সিনকোনী লিকুইঃ ৩ ড্রাম একোয়া ডিষ্টিলেটা ad ১০ আউন্স অর্দ্ধ আউন্স মাত্রায় দিনে ৩ বার আহারের পূর্ব্বে সেব্য

অধিক দিন স্থায়ী ক্ষুধারোগ, উদাসহীনতা সহ অস্থিরতা, ব্যাহত নিদ্রা প্রভৃতি অধিক মদ্যপানের লক্ষণ বর্ত্তমান থাকিলে ইহা উপযোগী

৭ লাইকর ফেরি ডায়ালিসিস্ ২ আউন্স গ্লিসিরিণ পিওর ১ আং, টিং নক্সভমিকা ৩ ড্রাম, এক্স্ট্রাঃ ক্যাস্কেরী লিকুইঃ ৪ ড্রাম। একত্রে মিশ্রিত কর ইহার ১ ড্রাম মাত্রায় জল সহ দিনে ৩ বার সেব্য। রক্তহীনতা ও কোষ্ঠকাঠিন্য সংশ্লিষ্ট এমিনোরিয়া পীড়ায় ফলোপধায়ী।

৮। টিংচর ফেরি পারক্লোরাইড ৫ ড্রাম, লাইকর আর্সিনিকেলিস ২ ড্রাম, গ্লিসিরিণ পিউরিফিঃ ১ আউন্স, একোয়া ad ৪ আউন্স ১ ড্রাম মাত্রায় ২ আং জল সহ দিনে ২।৩ বার সেব্য রক্তহীনতায় প্রযোজ্য

৯। ফেরি এট্ এমোন সাইট্রাস ২ ড্রাম, এসিড সাইট্রিক ৩ ড্রাম, জল ৮ আউন্স মাত্রা ১ আং পটাশঃ বাইকার্ব ৬ ড্রাম, জল ৮ আউন্স। ১ আং। উভয় মিশ্র একত্র মিলিত করত

উচ্ছলিত অবস্থায় সেব্য অন্যান্যবিধ আয়রণ অসহ্য হইলে ইহা সহজে সহ্য হয়।

১০ টিংচর ফেরি পারক্লোরাইড ৪ ড্রাম, লাইকর এমোন এসিটেট ৩ আউন্স, একোয়া ক্লোরোফর্ম্ম ad ১২ আউন্স। সজ্বরাবস্থা সমন্বিত রক্তহীনতায় এই ঔষধ অর্দ্ধ আউন্স পরিমাণে সেব্য

১১ এমিল নাইট্রস ১ ড্রাম, স্পিরিট ভাইনাই রেক্টি-ফিকেটস ১০ ড্রাম, গ্লিসিরিণ ad ৪ আউন্স। এই ঔষধ এক টিস্পুন বা ১ ড্রাম, উষ্ণ জল সহ হৃৎশূল পীড়ায় সেব্য।

১২ সোডিয়াই আইয়োডিডাই ৪ ড্রাম, লাইকর আর্সি-নিকেলিস ১ ড্রাম, টিং ক্যালম্বা ১ আউন্স, একোয়া ক্লোরোফর্ম্মাই ad ৮ আউন্স অর্দ্ধ আউন্স মাত্রায় দিনে ৩ বার, সাধারণতঃ গুরুতর প্রকারের হৃৎশূল বা এঞ্জাইনা পেক্টোরিস পীড়ায় ব্যবহার্য্য

১৩ পটাসিয়াই আইয়োডিডাই ২ ড্রাম, লাইকর আর্সি নিকেলিস ১ ড্রাম, ভাইনাই ইপিকাক ৪ ড্রাম, স্পিরিট হায়সায়ামাই ৪ ড্রাম, একোয়া ক্লোরোফর্ম্মাই ad ৮ আউন্স শ্বাসকাসের উৎকৃষ্ট ঔষধ মাত্রা অর্দ্ধ হইতে ১ আউন্স, দিনে ৩ বার সেব্য।

১৪ ওলিয়াই বোজমেরিনাই ৪ ড্রাম, লাইকর ইপিস্প্যাষ্টি-সাই ২ ড্রাম, ওলিয়াই এমিগ্‌ডেলি ডল্‌স ২ আং, স্পিরিট ক্যাম্ফর ২ আং, গ্লিসিরিং বোরেসিস্ ১ আং, ওটো ডি রোজ ৮ ফোঁটা, টিংচর জেবোরাণ্ডি ১ আউন্স মিশ্রিত কর, প্রত্যহ প্রাতে ও রাত্রিতে কেশমূলে উত্তমরূপে মর্দ্দন কর্ত্তব্য বিবিধ প্রকার টাকে উপকারী।

১৫ পাইলোকার্পিন হাইড্রোক্লোর ২০ গ্রেণ, একোয়া

ডিষ্টিলেটা ২ আং, একত্রে মিশ্রিত ও দ্রবীভূত করত, তৎপরে ল্যানোলিন ১০ ড্রাম, ওলিয়াই পিট্রোলিয়াই ৬ ড্রাম, ওলিয়াই বর্গেমট আধ ড্রাম, ওলিয়াই ভার্বিনী আধ ড্রাম একত্রে মিশাইয়া মলমাকার কর টাকে সুফলপ্রদ।

১৬। পল্ভ ট্যাল্সিস ১০ ড্রাম, বিস্মথাই সব নাইট্রেটিস ১১ ড্রাম, পটাসিয়াই পারম্যাঙ্গানিয়াই ৩ ড্রাম, সোডা স্যালিসিলেট অর্দ্ধ ড্রাম উত্তমরূপে মিশ্রিত কর। পা ঘামায় এই চূর্ণ ব্যবহার্য্য

১৭ ভাইনাই এন্টিমোনিয়েল ১ ড্রাম, ভাইনাই ইপিক্যাক ২ ড্রাম, লাইকর এমোন এসিটেট ৪ ড্রাম, সিরপ টলু ৪ ড্রাম, জল ad ২ আউন্স। বালকদিগকে ১ চা চামচে বা ১ ড্রাম মাত্রায় ২।৩ ঘণ্টান্তর তরুণ বায়ুনলীভুজ প্রদাহে প্রযোজ্য।

১৮ ভাইনম এন্টিমোনিয়েল ৪ ড্রাম, স্পিরিট এমোন এরোমেটীক ১ আউন্স, স্পিরিট ক্লোরোফর্ম্ম ৪ ড্রাম, লাইকর এমোন এসিটেট ২ আউন্স, একোয়া ad ৮ আউন্স একত্রে মিশ্রিত কর অর্দ্ধ আউন্স মাত্রায় ২৩ ঘণ্টান্তর, বায়ুনলীভুজের শুষ্ক ও স্ফীতাবস্থা বিদূরিত না হওয়া পর্য্যন্ত সেব্য।

১৯ টিং ডিজিটেলিস ২ ড্রাম, স্পিরিট এমোন এরোমেটিক ১ আউন্স, স্পিরিট ইথিরিস ৪ ড্রাম, স্পিরিট ক্লোরোফর্ম্ম ২ ড্রাম। একত্রে মিশ্রিত কর ১ চা চামচ বা ১ ড্রাম পরিমাণে ১ আউন্স জল সহযোগে প্রতি ৩ ঘণ্টান্তর সেব্য তরুণ ব্রঙ্কাইটিস্ রোগে ও তৎসহ হৃৎপিণ্ডের কপাটের পীড়া বর্ত্তমানে সুফলদায়ক।

২০। ভাইনাই ইপিক্যাক ৪ ড্রাম, টিং সিলি ৪ ড্রাম, স্পিরিট এমোন এরোমেট ৬ ড্রাম, সিরপ টলু ad ৩ আউন্স। মিশ্রিত

কর, ১ ড্রাম পরিমাণে জল সহ দিনে ৪।৫ বার সেব্য। শ্লেষ্মা তরল হইলে ইহার প্রয়োগ হিতকারী। ব্রংকাইটিস ও নিউমোনিয়া পীড়ায় প্রযোজ্য

২১ পটাসিয়াই আয়োডিডাই ৩৫ গ্রেণ, পটাশ বাইকার্ব ৪ ড্রাম, এমোন ব্রোমিডাই ২ ড্রাম, লাইকর মর্ফিনা ১ ড্রাম, একোয়া ক্লোরোফর্ম্ম ৮ অউন্স অর্দ্ধ আউন্স মাত্রায় ৪ বা ৬ ঘন্টান্তর শ্লেষ্মা শুষ্ক, শ্বাসকষ্ট, অত্যন্ত কাশি কিন্তু শ্লেষ্মা উঠিতে সমধিক কষ্ট ও সামান্য আঠাবৎ ঘন শ্লেষ্মা উঠা প্রভৃতি লক্ষণ বিদ্যমানে ক্রনিক ব্রংকাইটিসে প্রযোজ্য।

২২ এমোন ক্লোরাইড ১ আং, টিংচর ক্যাম্ফর কং ১ আং, মিষ্টিউরা এমোনিয়েসাই ২০ আউন্স একত্রে মিশ্রিত করিবে। অর্দ্ধ আউন্স মাত্রায় দিনে ২।৩ বার সেব্য বৃদ্ধ ও প্রৌঢ় ব্যক্তিগণের পুরাতন ব্রংকাইটিস পীড়ায় ফলোপধায়ক

২৩ এমোন কার্ব ৮০ গ্রেণ, টিং ক্যাম্ফর কং ৬ ড্রাম, টিং সেনেগা ৪ ড্রাম, ইনফিঃ সেনেগা ৮ আং অর্দ্ধ আউন্স মাত্রায় সেব্য। ক্রনিক ব্রংকাইটিস পীড়ায় উপকারী

২৪ মর্ফিনী ৪ গ্রেণ, ক্লোরোফর্ম্ম ২ ড্রাম, ভ্যাসিলিন ১ আউন্স একত্রে উত্তমরূপে মিশ্রিত করত মলমাকারে লিণ্টের উপর মাখাইয়া বেদনান্বিত কর্কটিক অর্ব্বুদ প্রভৃতিতে প্রযোজ্য

২৫ বিসমথ সবনাইট্রাস ৬ ড্রাম, পাল্ভ্ গম একেসিয়া ২ ড্রাম, মর্ফিনী হাইড্রোক্লোরাস ২ গ্রেণ একত্রে মিশ্রিত করত নস্যাকারে তরুণ সর্দ্দিতে ব্যবহার্য্য ইহার সঙ্গে ২ গ্রেণ কোকেন-ইন সংযোগ করিলে আরও উপকার হয়

২৬ লাইকর কার্ব ডিটারজেঃ ১০ ড্রাম, হাইড্রার্জ এমোন

ক্লোরাইড্ ২৫ গ্রেণ, ল্যানোলিন ১ আউন্স একত্রে মিশাইয়া মলম প্রস্তুত কর মল দর্শন সহকারে বাহিরে প্রয়োগ করিলে চ্যাপড হ্যাণ্ডস বা হস্ত ফাটাস ও অন্যান্য চর্মপীড়ায় বিশেষ উপকার দর্শে।

২৭ ফেরি সল্ফেটিস্ ২৪ গ্রেণ, সোডি বাইকার্ব ২ ড্রাম, সোডি সল্‌ফেটিস ৬ ড্রাম, টিং জিন্‌জার ২ ড্রাম, স্পিরিট ক্লোরোফর্ম ১ ড্রাম, ইনফিঃ কোয়াসিয়া ৮ আউন্স। ১ আউন্স বা ১/৮ ভাগ দিনে ২ বার, ক্লোরোসিস্ পীড়ায় ব্যবহার্য্য

২৮। ওলিয়াই রিসিনী ৬ ড্রাম, ক্লোরোফর্ম্ম ২০ মিনিম, এসেন্স মেন্থি পিপ্ ৪০ মিনিম, সিরপ্ এট্ মিউসিলেজ ২ আউন্স। মিশ্রিত কর ৪ ড্রাম মাত্রায় ১৫ মিনিট অন্তর সমস্তটা সেব্য। কলেরার প্রথমাবস্থায় উপকারী।

২৯ এক্ষ্ট্রাঃ ক্যাস্কেরী লিকুইঃ ১ আউন্স, টিং নিউসিস ভমিসী ১০ ড্রাম, টিং ফোলিয়ো বেলেডোনী ১০ ড্রাম, গ্লিসিরিণ সংযোগে ৪ আউন্স পূর্ণ কর ১ ড্রাম মাত্রায় জলসহ সেব্য, কোষ্ঠবদ্ধে উপকারী

৩০। এমোনিয়াই ব্রোমিডাই ৪৫ গ্রেণ, স্পিরিটস ইথিরিস নাইট্রোসাই ১ ড্রাম, ক্লোরাল হাইড্রেটিস ৩৫ গ্রেণ, সিরপ অরান-সিয়াই ফ্লোরিস ১ ড্রাম, একোয়া ক্লোরোফর্মাই ৩ আউন্স এক বা দেড বৎসরের শিশুর পক্ষে মাত্রা ১ ড্রাম বালক ও পূর্ণ বয়স্ক-দিগের কন্‌ভল্‌সন্স রোগে ব্যবহার্য্য।

৩১ এসিডাই ফস্ফিরিসাই ১ ড্রাম, এক্ষ্ট্রা ক্যানেবিস ইণ্ডিকা ১০ গ্রেণ, কর্ডিয়াই ফ্লেক্সিলিস ৬ ড্রাম, ইথরিস-সল্ফিউরিসাই ২ ড্রাম দ্রবীভূত ও মিশ্রিত কর অ্যাঁচিল,

জাসড়ো (কণ্ণ) প্রভৃতির উপর তুলি করিয়া লাগাইলে উপকার হয়

৩২ এসিডাই কার্বলিসাই ১ ড্রাম, গ্লিসিরিনাই বোরেসিস ১ আউন্স, একোয়া রোজ ৮ আউন্স। স্প্রে আকারে অর্দ্ধ বা এক ঘণ্টান্তর রূপে ব্যবহার্য্য।

৩৩ লাইকর ষ্ট্রিকনাইনী হাইড্রোক্লোঃ ১০ ড্রাম, টিং ডিজি-টেলিস ৪ ড্রাম, হায়সিন্ হাইড্রোব্রোম ½ গ্রেণ, টিং কার্ডেমম কং ad ৩ আউন্স মিশ্রিত কর, ১ ড্রাম মাত্রায় জল সহ ডিলিরিয়ম ট্রিমেন্স পীড়ায় ব্যবহার্য্য

৩৪ এমোন ব্রোমাইড্ ৩০ গ্রেণ, স্পিরিট ইথর নাইট্রোসাই ১ ড্রাম, লাইকর এমোনিয়া এসিটেটিস ৪ ড্রাম, সিরপ সিম্পল ৪ ড্রাম, একোয়া ক্লোরোফর্ম্ম ad ২ আউন্স ১ ড্রাম পরিমাণে ২৩ ঘণ্টান্তর ইহাতে শিশুদিগের দন্তোদ্ভেদকালীন জ্বর, অস্থি-রতা, উগ্রতা, চম্‌কাইয়া উঠা আদি নিবারিত হয়

৩৫। বিসমথাই কার্বোনেটিস ৪৫ গ্রেণ, টিং ক্যাম্ফর কং ১ ড্রাম, গ্লিসিরিনাই ৪ ড্রাম, মিউসিল্যাজিনিস ৪ ড্রাম, একোয়া ক্লোরোফর্ম্মাই ad. ৩ আউন্স। বালকদিগের পক্ষে (২৩ বৎসর বয়স্ক) এক চা চামচ মাত্রায় উদরাময় পীড়ায় প্রতিবার মলত্যাগের পর সেব্য। তদূর্দ্ধ বয়সের বালকদের জন্য মাত্রা বৃদ্ধি করা আবশ্যক

৩৬। টিং ক্যাটিকিউ ৪ ড্রাম, টিং কাইনো ৪ ড্রাম, টিং ওপিয়াই ২ ড্রাম, স্পিরিট ক্যাম্ফর ৩ ড্রাম, মিষ্টিউরা ক্রিটা ad ৬ আউন্স্। উদরাময় রোগে ২ ড্রাম মাত্রায় ৪ ঘণ্টান্তর সেব্য।

৩৭ ফিনাজোনাই ৫—১০ গ্রেণ, কফিইন সাইট্রাস ১—২০

গ্রেণ, স্পার্টিনী সল্‌ফ ১ গ্রেণ একত্রে মিশাইয়া ১ পুরিয়া ডিস্‌মেনোরিয়া বা কষ্টরজঃ পীড়ায় উপকারী

৩৮ টিং একোনাইট ১০ মিনিম, ল'ইকর এমোনিয়া এসিটেটিস ১ আউন্স, টিং সিমিসিফিউগা ১ বা ১ ড্রাম, একোয়া ক্লোরোফর্ম্মাই ৮ আউন্স ১ আউন্স মাত্রায় কষ্টরজঃ পীড়ায় প্রয়োজ্য উক্ত পীড়ায় রক্তাধিক্য ও প্রদাহ বর্ত্তমানে মহোপকারী

৩৯ প্যাপেইন (ফিঙ্কলার) ৩ গ্রেণ, বিসমথ কার্ব ১০ গ্রেণ, সোডা বাইকার্ব ১৫ গ্রেণ, কোডিইন ½ গ্রেণ একত্রে ১ পুরিয়া, আহারান্তে জল সহ সেব্য এটনিক ও ইরিটেটিভ্ ডিস্পেপ্সিয়া পীড়ায় ব্যবহার্য্য

৪০ মর্ফিনী হাইড্রোক্লোঃ ৩ গ্রেণ, কোকেইন হাইড্রোক্লোঃ ৬ গ্রেণ, টিং বেলেডোনা ২ ড্রাম, একোয়া এমিগ্‌ডেলি আমারি ad. ১ আউন্স। ৫—১৫ মিনিম প্রতি ঘণ্টান্তর সেব্য। ডিস্পেপ্সিয়া পীড়ায় পাকাশয়ে বেদনা, উগ্রতা, বমন আদি বর্ত্তমানে ব্যবস্থেয়

৪১। হাইড্রার্জ পারক্লোরাইড ২ গ্রেণ, স্পিরিট রেক্‌টিফিকেটস ৬ ড্রাম, একোয়া ডিষ্টিলেটা ২ আউন্স। একত্রে মিশ্রিত করত উহার ২ ৪ ফোটা কর্ণের ভিতর দিনে ২ বার প্রয়োগ করিলে কর্ণের অভ্যন্তরস্থ ক্ষুদ্র ক্ষুদ্র ব্রণ আরোগ্য হয়। উক্ত দ্রবে তুলা ভিজাইয়া তাহা কর্ণের ছিদ্রে দিয়া রাখিতে হয় এতদ্দ্বারা পুনঃ পুনঃ ব্রণ উৎপন্ন হওয়া রহিত হয়।

৪২ ক্রিয়োলিন ১ ড্রাম, আইয়োডোফর্ম্ম ৪ ড্রাম, ল্যানোলিন ১০ ড্রাম একত্রে মিশাইয়া তাহা চর্ম্মোপরি লাগাইবে বা লিন্টে মাখাইয়া পীড়িত অংশে প্রয়োগ করিবে ইরিসিপেলাস রোগে ব্যবহার্য্য

৪৩ ইউডিকোলন ১ আং, জিঙ্ক অক্সাইড ২ ড্রাম, লাইকর কার্বন ডিটার্জঃ ২ ড্রাম, পরিশ্রুত জল ৮। আউন্স। একত্রে লোশন প্রস্তুত করত ইরিথিমা আদি চর্ম্ম পীড়ায় স্পঞ্জ বা বস্ত্রখণ্ড ভিজাইয়া বাহ্যিক প্রয়োজ্য।

৪৪। অয়েল মেন্থপিপ্ ১ ড্রাম, স্পিরিট ক্লোরোফর্ম্ম ৩ ড্রাম, স্পিরিট ইথর সল্ফ ২ ড্রাম, লাইকর মর্ফিনী হাইড্রোক্লোঃ ২ ড্রাম, টিং ক্যানাবিস ইণ্ডিকা ১ ড্রাম, স্পিরিট এমোন এরোমেটীক ad. ১০ আউন্স। একত্রে মিশ্রিত কর ১ ড্রাম মাত্রায় জলসহ সেব্য গলষ্টোন পীড়ায় বেদনা নিবারণার্থ ব্যবহার্য্য এক মাত্রায় বেদনা নিবারিত না হইলে অর্দ্ধ ঘণ্টা পরে আর এক মাত্রা দিবে তদনন্তর রোগোপশম না হওয়া পর্য্যন্ত প্রতি ৪ ঘণ্টান্তর প্রয়োজ্য

৪৫ প্লম্বাই এসিটেটিস ১ ড্রাম, এসিড এসিটিক ডিল ১ ড্রাম, লাইকর মর্ফিনী এসিটেটিস ২ ড্রাম একোয়া ডিষ্টিলেটা ৮ আউন্স অর্দ্ধ আউন্স মাত্রায় রক্ত বমনে বিধান কর্ত্তব্য।

৪৬। একষ্ট্রাঃ-আর্গট লিকুইঃ ৬ ড্রাম, এসিড গ্যালিক ২ ড্রাম, লাইকর মর্ফি হাইড্রোঃ ২ ড্রাম, টিং হ্যামামেলিস ১ আউন্স, একোয়া ডিষ্টিলেটা ৮ আউন্স। অর্দ্ধ আউন্স মাত্রায় হিমপ্টিসিস্ রোগে ব্যবহার্য্য।

৪৭। ক্রাইসারোবাইনাই ১ গ্রেণ, আইডোফর্ম্মাই $\frac{1}{2}$ গ্রেণ, একষ্ট্রা বেলেডোনা $\frac{1}{8}$ গ্রেণ, অয়েল থিয়োব্রোমা ৩০ গ্রেণ, গ্লিসারিণ প্রয়োজন মত লইয়া একটী সপোজিটারী প্রস্তুত কর অর্শ পীড়ায় ইহা মলদ্বারের মধ্যে দিয়া রাখিলে উপকার হয়।

৪৮ স্পিরিট এমোন এরোমেট ১ আউন্স, স্পিরিট ইথর

সল্‌ফ ২ ড্রাম, টিং ফিজের ফোর্ট ৩ ড্রাম, এসেন্স পেপ্পিপিপ্‌ ৩ ড্রাম, স্পিরিট ক্যাম্ফর ৩ ড্রাম, টিং কার্ডেমম কং ad ৩ আউন্স ১ ড্রাম মাত্রায় ১ আউন্স আন্দাজ জলের সঙ্গে মিশাইয়া ১৫ মিনিট অন্তর, শ্বাসকষ্ট ও হৃৎবেপন নিবারিত না হওয়া পর্য্যন্ত সেবন করাইবে। হৃৎপিণ্ডের ক্রিয়া বৈষম্যে ব্যবহার্য্য।

৪৯ টিং ডিজিটেলিস ৩ ড্রাম, টিংচর ফেরি পারক্লোরাইড ৩ ড্রাম, এসিড ফস্ ডিল ২ ড্রাম, গ্লিসিরিণ পিওর ১ আং, পরিস্রুত জল ৪ আউন্স ১ ড্রাম মাত্রায় জল সহ সেব্য। হৃৎপিণ্ডের পীড়ার সঙ্গে এনিমিয়া বিদ্যমানে এই ব্যবস্থা ফলোপধায়ক।

৫০ পটাসিয়াই আইয়োডিডাই ১ ড্রাম, স্পিরিট এমোন এরোমেটিক ৪ ড্রাম, সক্কস স্কোপেরিয়াই ১ আং, টিংচর ডিজিটেলিস ২ ড্রাম, ইনফিঃ সেনেগা ৬ আউন্স একত্রে মিশ্রিত কর অর্দ্ধ আউন্স মাত্রায় সেব্য হৃৎপিণ্ডের পীড়া সম্বলিত উদরী ও শোথাদিতে প্রয়োজ্য। ইহার মূত্রকারক ক্রিয়া ব্যতীত এতদ্দ্বারা হৃৎপিণ্ডের বলবিধান এবং বেদনা ও অন্যান্য কষ্ট নিবারিত হয়

৫১। টিং ডিজিটেলিস ২।০ ড্রাম, পটাশ্‌ আইয়োডাইড ৩ ড্রাম, একষ্ট্রাঃ কোকী লিকুইঃ ২ আউন্স, একোয়া এট্‌ গ্লিসিরিনাই ৪ আং একত্রে মিশ্রিত কর মাত্রা ১ ড্রাম, ১ আং জলে গুলিয়া সেব্য। হৃৎপিণ্ডের অস্বাভাবিক ক্রিয়া সহ বেদনা থাকিলে ইহা অতি উপযোগী।

৫২ এসিড ট্যানিক ১ ড্রাম, গ্লিসিরিং বোরেসিস ২ ড্রাম, টিং ক্যাপ্‌সিয়াই ½ ড্রাম, ইনফিঃ রোজি এসিডাই ১০ আং একত্রে মিশাইয়া গার্গল বা কবল করিবে। স্বরভঙ্গ ও গলা বেদনাদিতে প্রয়োজ্য।

৫৩ জিঙ্কাই ভেলিরিয়ান, কুইনাইনী ভেলিরিয়ান ও ফেরি ভেলিরিয়ান প্রত্যেকে ১ গ্রেণ, একষ্ট্রাঃ এলোস ½ গ্রেণ। একত্রে ১ বটিকা; এইরূপ ২৪ বটিকা। দিনে ২৩ বার সেব্য হিষ্টিরিয়া ও জেনারল নিউরালজিনিয়া পীড়ায় ব্যবহার্য্য

৫৪ একষ্ট্রাঃ ডেমিয়েনা লিকুইড ১ আং, টিং নক্সভমিকা ১।০ ড্রাম, জল ৩ আং। মাত্রা ২—৩ ড্রাম, দুগ্ধ সহ সেব্য ধ্বজ-ভঙ্গে উপকারী

৫৫ এমোন কার্ব ৪ ড্রাম, টিং সিনকোনা ১।০ আং, স্পিরিট এমোন এরোমেটিক ৪ ড্রাম, ডিককসন সিনকোনা ১২ আউন্স মাত্রা ১ আউন্স, অর্দ্ধ আউন্স লেবুর রস সহ মিলিত করত ফুটিয়া উঠিলে তদবস্থায় সেব্য। ইনফ্লুয়েনজা ও অন্যান্য সর্দ্দি কাসিতে উত্তেজক ও শ্লেষ্মানিঃসারক ক্রিয়া দর্শাইয়া উপকার করে

৫৬ সকস ট্যারাক্সেকম ২ আং, সোডি বাইকার্ব ৬ ড্রাম, টিং রিয়াই ১।০ আং, ইনফিঃ জেনসিয়ান ১২ আং মিশ্রিত কর। জণ্ডিস পীড়ায় ১ আং মাত্রায় দিনে ২৩ বার সেব্য

৫৭। কোকেইন হাইড্রোঃ ৫ গ্রেণ, গ্লিসিরিনাই এসিডাই কার্ব্বলিসাই ২ ড্রাম, একোয়া রোজ ৫ আং। ফ্যারিনজাইটীস পীড়ায় স্প্রে আকারে ব্যবহৃত হয়। ইহাতে সত্বর গলা বেদনা নিবারিত হয়

৫৮ এসিড কার্ব্বলিক ২ ড্রাম ক্রিয়েজোট পিওর ১ ড্রাম, স্পিরিট ক্লোরোফর্ম্ম ২ ড্রাম, থাইমল ৩০ গ্রেণ, একোয়া ডিষ্টিলেটা ১৫ ড্রাম, স্পিরিট ভাইনাই রেক্টিফিকেটস্ ad ৪ আং মিশ্রিত ও দ্রবীভূত কর। আঘ্রাণ ও স্প্রে রূপে ফ্যারিনজাইটীস আদি

গলার ভিতরের পীড়ায় প্রয়োজ্য ব্রংকাইটীস আদি ফুস্ফুসীয় পীড়াতেও ইহার আঘ্রাণ ফলোপধায়ী

৫৯। হাইড্রার্জ পারক্লোরাইড্ ৩ গ্রেণ, এসিড কার্বলিক ১ ড্রাম, সিম্পল অয়েণ্টমেণ্ট ৩ আং একত্রে মিশ্রিত কর, লিচেন আদি বিবিধ চর্ম্মপীড়ায় বাহ্যিক ব্যবহৃত হয়।

৬০ এসিড্ নাইট্রোহাইড্রোক্লোরিক ডিল ½ আং, একষ্ট্রাঃ ট্যারাক্সেসাই লিকুইঃ ২ আং, টিং নক্স ভমিকা ৩ ড্রাম, একষ্ট্রাঃ সিনকোনী লিকুইঃ ৩ ০ ড্রাম, ইনফিঃ চিরেতী ad ১২ অউন্স ৪ ড্রাম মাত্রায় জল সহ দিনে ৩ ৪ বার, যকৃৎ পীড়ায় প্রয়োজ্য

৬১ ক্রিয়েজোটাই পিউরিফিকেটাই ৩ ড্রাম, মেন্থল ২ ড্রাম, থাইমল অর্দ্ধ ড্রাম, স্পিরিট রেক্টিফায়েড ৪ আং মিশ্রিত কর আঘ্রাণ বা ইন্‌হেলেসন জন্য ব্যবহার্য্য ইহার কয়েক ফোটা লিণ্ট বা কটন উল বা তুলার উপর ছড়াইয়া দিয়া তাহার আঘ্রাণ লইতে হয় বিবিধ ফুসফুসের পীড়ায় উপকারী

৬২ লিনিঃ বেলেডোনী ৩ ড্রাম, লিনিঃ একোনাইটাই ১ ড্রাম, স্পিরিট রেক্টিফায়েড ২ আং, একোয়া বোরে ad ৬ আউন্স মিশ্রিত করত লোশন প্রস্তুত কর। ইহা লিণ্টে ভিজাইয়া প্রদাহিত স্তনে লাগাইয়া অয়েল সিল্ক দিয়া আবৃত রাখিলে উপকার দর্শে। চর্ম্ম হাজিয়া গেলে ইহার প্রয়োগ অবিধেয়।

৬৩ ফিনাসিটিন ৩ গ্রেণ, কফিইন ১ গ্রেণ, কুইনী হাইড্রো-ব্রোম ৩ গ্রেণ। একত্রে ১ পুরিয়া, হেমিক্রেনিয়ায় প্রয়োজ্য

৬৪। ফিনাজোনাই ১—১।০ ড্রাম, পটাশী ব্রোমাইড ২—৪ ড্রাম, কফিইন সাইট্রেটিস ২০—৩০ গ্রেণ, স্পিরিট ক্লোরোফর্ম্ম ২ ড্রাম, জল ৮ আউন্স মিশ্রিত করত অর্দ্ধ আউন্স মাত্রায় শিরঃপীড়ার

আক্রমণ কালে সেব্য এবং তদনন্তর রোগের বিরাম কালে ২ ড্রাম্ মাত্রায় প্রাতঃকালে ও সন্ধ্যার সময় ব্যবহার্য্য।

৬৫ আর্গটিন ১০ গ্রেং, একষ্ট্রাঃ ক্যানেবিস ইণ্ডিকা ½ গ্রেণ, কুইনী সল্ফ ৩ গ্রেণ। একত্রে ১ বটিকা। ৪।৬ ঘণ্টান্তর মেনোরেজিয়া রোগে ব্যবহার্য্য।

৬৬ লাইকর মর্দিনী বাইমেকোনেটিস, ও টিং ডিজিটেলিস প্রত্যেকে ৩ ড্রাম, টিং হ্যামামেলিস অর্দ্ধ আউন্স, টিং হাইড্রাস্টিস্ ৬ ড্রাম, গ্লিসিরিণ পিওর ad ৩ আউন্স। মাত্রা অর্দ্ধ হইতে এক ড্রাম জল সহ ৩।৪ ঘণ্টান্তর সেবনে মেনোরেজিয়া পীড়ায় ফলোপধায়ী হয়।

৬৭। ফেরি রিডক্টাই ২ গ্রেণ, ফেরি আর্সিনিয়েটিস ⅛ হইতে $\frac{1}{12}$ গ্রেণ, কুইনী সল্ফেটিস ১।০ গ্রেণ, পলভ রিয়াই ১।০ গ্রেণ, কার্ব্বলিক এসিড অর্দ্ধ মিনিম। একটু জল দিয়া ১ বটিকা করিবে। এইরূপ ১২ বা ১৪ বটিকা প্রস্তুত করিয়া দিনে ২।৩ বার সেব্য। নিউরালজিয়া বা স্নায়ুশূল এবং পুরাতন জ্বর, প্লীহা আদিতে ব্যবহার্য্য।

৬৮। ফিনেজোনাই ১ ড্রাম, একষ্ট্রাঃ কোকী লিকুইড ½ আং, কোডেইন ৩ গ্রেণ, গ্লিসিরিণ এট্ একোয়া ad ২ আউন্স। ১ ড্রাম মাত্রায় জল সহ বিবিধ প্রকার স্নায়ুশূলে প্রযোজ্য।

৬৯ একষ্ট্রাঃ বেলেডোনা ⅛ গ্রেণ, ফেরি আর্সিনিয়েটিস $\frac{1}{12}$ গ্রেণ, কোডিইন ½ গ্রেণ, এসিটানিলিডাই ৩ গ্রেণ। একত্রে ১ বটিকা। বিবিধ, বিশেষতঃ অন্তঃকোষ্ঠস্থ স্নায়ুশূলে উপকারী।

৭০। এমোনি ব্রোমাইড, সোডি ব্রোমাইড প্রত্যেকে অর্দ্ধ ড্রাম, সিম্পল সিরপ ১ আং, একোয়া মেন্থি পিপ্ ad ২ আং।

১ ড্রাম মাত্রায় শয়নকালে, ৭ নিদ্রাতে চম্‌কাইয়া উঠা ও নিদ্রাবস্থায় ভয় পাওয়া প্রভৃতিতে ২।৩ বৎসর বয়স্ক বালকের পক্ষে উপকারী। বয়সানুসারে মাত্রা বৃদ্ধি করা কর্ত্তব্য।

৭১ এমোনি ব্রোমাইড ১ ড্রাম, পল্‌ভ রিয়াই ৪৫ গ্রেণ, সোডি বাইকার্ব, ১ ০ ড্রাম, সিরপ জিঞ্জর ৪ ড্রাম, একোয়া মেন্থি পিপ ৪ আউন্স মাত্রা ২ ড্রাম, অল্প জল সহ ৮ ১০ বৎসরের বালককে দিবে নাইট টেরর অর্থাৎ রাত্রিতে ভয় পাওয়া ও কাঁদিয়া উঠা প্রভৃতিতে উপকার দর্শে

৭২ একষ্ট্রাঃ সিনকোনী লিকুইড ১ আউন্স, একষ্ট্রাঃ কোকা লিকুইড ২ আং, টিং সিনকোনা ২ আং, স্পিরিট এমোন এরোমেট ২।০ আং, টিং ডিজিটেলিস ২ ড্রাম। একত্রে মিশ্রিত করত ১—২ ড্রাম মাত্রায় জল সহ সেবন করিলে অহিফেন অভ্যাস বিদূরিত করিবার সাহায্য হয় আবশ্যকানুসারে ১ ২ বা ৩ ঘণ্টান্তর সেব্য

৭৩ ওলিয়াই হাইড্রার্জিরাই ১। ০ ড্রাম, অঙ্গুয়েণ্টম কোনিয়াই ২ আং, একষ্ট্রাঃ বেলেডোনা অৰ্দ্ধ ড্রাম একত্রে উত্তমরূপে মিশ্রিত কর। অর্কাইটিস ও ইপিডিডিমাইটিস পীড়ায় বাহ্যিক প্রযোজ্য

৭৪। সোডি ব্রোমাইড ৩ ড্রাম, পটাশ ব্রোমাইড ৩ ড্রাম, পটাশ আইয়োডাইড ১ ড্রাম, টিং বেলেডোনা ৩ ড্রাম, একোয়া ক্লোরোফর্ম্ম ৮ আউন্স মাত্রা ২ ড্রাম, জল সহ দিনে ৩ বার সেব্য। ওভেরির প্রদাহে উপকারী।

৭৫। পটাশ আইয়োডাইড ৮০ গ্রেণ, পটাশ ব্রোমাইড ১৪০ গ্রেণ, সিরাপ অরান্সিয়াই ১ আং, একোয়া ক্যাম্ফর ৭ আউন্স অৰ্দ্ধ আউন্স মাত্রায় দিনে ২ ৩ বার সেব্য ফেসিয়েল প্যারালিসিস প্রভৃতি পীড়ায় ব্যবহার্য্য

৭৬। হাইড্রার্জ এমোন ক্লোরাইড ৩৫ গ্রেণ ওলিয়াই পিটো-লিয়াই ২।০ ড্রাম, বালসম পেরু ১ ড্রাম, ল্যানোলিন বা লার্ড ২ আং একত্রে মিশ্রিত কর কেশযুক্ত স্থানে কীট জন্মিলে বাহ্যিক প্রযোজ্য। বিবিধ চর্ম্ম পীড়াতেও উপকারী।

৭৭। পটাশ আইয়োডাইড ৮০ গ্রেণ, একোনাইট টিংচর ২০—৩০ মিনিম, লাইকর এমোন এসিটেটিস ২ আং, সিরপ অরান্সিয়াই ১ ০ আং, একোয়া ক্যাম্ফর ad ১০ আউন্স অর্দ্ধ আউন্স মাত্রায় দিনে ৩ বার সেব্য পেরি আর্থ্রাইটিস পীড়ায় উপকারী। রোগ পুরাতন হইলে একোনাইট বর্জ্জন করিবে।

৭৮। ওলিয়াই ইউকালিপ্টাই ১ আং, ওলিয়াই টেরিবিন্থিনী ½ আং, থাইমল অর্দ্ধ ড্রাম স্পিরিটস ল্যাভাণ্ডিউলী ad ৩ আং একত্রে মিশ্রিত কর স্প্রে আকারে গৃহের মধ্যে ছড়াইয়া দিবে। ইন্‌হেলেশন ও গলার ভিতর স্প্রে আকারেও ব্যবহৃত হয় হুপিং কফ, ক্রুপ ও ডিপ্‌থিরিয়া আদিতে ব্যবহার হয়

৭৯ লাইকর এট্রপিনী সল্‌ফ ১৫ মিনিম, ক্লোরাল হাইড্রেট ৩০ গ্রেণ, লাইকর মর্ফিনী ১২ মিনিম, সিরপ সিম্পল ১ আং, জল ২ আং মিশ্রিত কর মাত্রা ২ ৩ বৎসরের বালকের পক্ষে ১ ড্রাম। হুপিংকফ পীড়ায় কাসির উপশমার্থ প্রয়োজ্য। কিন্তু সাবধানে ব্যবহার করা উচিত।

৮০ এমোন ব্রোমাইড ১ ড্রাম, সোডা ব্রোমাইড ১ ড্রাম, সিরপ ক্লোরাল ৪ ড্রাম, ফিনাজোনাই অর্দ্ধ ড্রাম, একোয়া ক্লোরোফর্ম ৪ আং একত্রে মিশ্রিত কর ১—২ ড্রাম মাত্রায় ২ ৩ বা ৪ বৎসর বয়স্ক বালকের উপযোগী হুপিংকফ আদি পীড়ায় ব্যবহার্য্য

৮১। এমোন ব্রোমাইড ২ ড্রাম, কোকেইন হাইড্রোক্লোরেট ৫ –১০ গ্রেণ, গ্লিসিরিনাই এসিডাই কার্বলিসাই (অথবা বোরেসিস্) ৪ ড্রাম, একোয়া রোজ বা শুদ্ধ জল ১০ আং। মিশ্রিত করিয়া গার্গল বা স্প্রে আকারে ফ্যারিনজাইটীস ও ল্যারিনজাইটিস আদি গলাভ্যন্তরের পীড়ায় ব্যবহার্য্য

৮২ হাইড্রার্জিনাই পারক্লোরিডাই ১ গ্রেণ, এমোনিয়াই ক্লোরিডাই ৭ গ্রে:, গ্লিসিরিনাই এসিডাই টেনিসি ১ আউন্স। মিশ্রিত কর, তুলিতে ভিজাইয়া গলার মধ্যে লাগাইতে হয় বিবিধ প্রকার গলাভ্যন্তরের পীড়ায় ব্যবহার্য্য

৮৩ এমোন কার্ব ১ ড্রাম, স্পিরিট এমোন এরোমেট ৪ ড্রাম, পটাশ আইয়োডিড ১ ড্রাম, হেক্সিলিন ১ আং, গ্লিসিরিনাই এট্ একোয়া ৬ আং মিশ্রিত কর। ২ ড্রাম মাত্রায় ১ বা ২ আং জল সহ দিনে ৪ বার সেব্য ব্রঙ্কাইটিস রোগে শ্লেষ্মাদি দ্রবীভূত করিবার জন্য প্রযুক্ত হয়

৮৪। পটাশ বাইকার্ব ৩ ড্রাম, লাইকর মর্ফি হাইড্রোক্লো ৩০ মিনিম, একোয়া লরোসিরেসাই ১ ড্রাম, একোয়া ডিষ্টিলেটা ৪ আং মিশ্রিত কর ৪ ড্রাম মাত্রায় লেবুর রস সহ মিশাইয়া উচ্ছলনাবস্থায় সেব্য। জ্বর, কাসি প্রভৃতিতে ব্যবহার্য্য।

৮৫ ক্রিয়োজোট পিওর ১২ মিনিম, স্পিরিট সিনেমন ৩ ড্রাম, টিং অরান্সিয়াই ২ আং, গ্লিসিরিণ ১ আং ৪ ড্রাম মাত্রায় জল সহ সেব্য থাইসিস্ বা ক্ষয়কাস ও অন্যান্য কাসি রোগে ব্যবহার্য্য।

৮৬। লাইকর মর্ফি হাইড্রোক্লোঃ ৪০ মিনিম, টিংচর ভিরেট্রাই ভিরিড ১০ মিনিম, লাইকর এমোন এসিটেট ১০ ড্রাম, ভাইনম

এণ্টিমোনিয়েল ১ ড্রাম, একোয়া ক্যাম্ফর ad ৪ আউন্স — অর্দ্ধ আউন্স মাত্রা, তরুণ প্লুরাইটিস আদিতে ব্যবহার্য।

৮৭ টিং ডিজিটেলিস ২ ড্রাম, টিং সিলি ১০ ড্রাম, পটাশ আইওডাইড ১ ড্রাম, ডিককশন সেনেগে বাই ৫ আং — অর্দ্ধ আউন্স মাত্রায়, দিবসে ৩।৪ বার প্লুরিসী পীড়ায় সিরম আশোষণার্থ প্রযুক্ত হয়।

৮৮ সোডিয়াই বা পটাসিয়াই আইওডিডাই ১ ড্রাম, পটাসিয়াই কার্বনেটিস ৪ ড্রাম, টিং একটিয়া রেসিমোসা ২ ড্রাম, একোয়া ক্যাম্ফর ৬ আউন্স — ৪ ড্রাম মাত্রায় দিবসে ৩ বার, প্লুরোডিনিয়া পীড়ায় ব্যবহার্য।

৮৯ লাইকর মর্ফিয়া হাইড্রোক্লোরাস ১ ড্রাম, লাইকর এমোনিয়া এসিটেটিস ২ আং, ভাইনাই এণ্টিমোনিয়েলিস ২—৩ ড্রাম, একোয়া ক্যাম্ফর ad ৮ আউন্স — ১ আউন্স মাত্রায় নিউমোনিয়া পীড়ার প্রারম্ভে, কোষ্ঠ পরিষ্কারের পর, জ্বর, বেদনা ও কাসির উগ্রতা নিবারণার্থ প্রযোজ্য।

৯০ স্পিরিট এমোন এরোমেট ১—১০ আউন্স, স্পিরিট ইথর সলফ ৬ ড্রাম, টিং ডিজিটেলিস ২—৩ ড্রাম, মস্ক ৬০ গ্রেণ, ভাইনম ইপিক্যাক ৩ ড্রাম, টিং সিনকোনা ad ৬ আউন্স — অর্দ্ধ আউন্স মাত্রায়, ১ বা ২ আং জল সহ, পীড়ার অবস্থানুসারে ২ ৩ বা ৪ ঘণ্টান্তর সেব্য — নিউমোনিয়া পীড়ায় উত্তেজনার্থ প্রযোজ্য। ইহার সঙ্গে লাইকর ষ্ট্রীকনিয়া ২ বা ২০ মিনিম বা টিং নক্স ৩৫ বা ১০ মিনিম মাত্রায় দিলে বিশেষ উপকার হয়।

৯১। ক্যাল্‌সাইণ্ড ম্যাগ্নিসিয়া, পাউডার্ড উড্‌ চার্কোল, হাইড্রস পারক্সাইড অব্‌ আয়রণ প্রত্যেকে সম ভাগ অর্থাৎ অর্দ্ধ

আউন্স, এক টমব্লার পূর্ণ জল সহযোগে বিবিধ প্রকার বিষাক্ততায় প্রযুক্ত হয় ইহা প্রতিবিষ রূপে কার্য্য করে

৯২ এসিড হাইড্রোসিয়ানিক ডিল ১ ড্রাম, লাইকর মর্ফি হাইড্রোক্লোঃ ২ ড্রাম, লাইকর বিষমথ ১০ আঃ, ভাইনম পেপ্সিন ad ৪ আউন্স ১ ড্রাম মাত্রায় পাকাশয় হতে, অজীর্ণে ও গর্ভাবস্থার বমনে উপকারী।

৯৩ কোকেইন $\frac{1}{10}$ গ্রেণ, বিসমথ কার্ব ১০ গ্রেণ, মর্ফিনী $\frac{1}{10}$ গ্রেণ, প্যাপেইন ১ গ্রেণ একত্রে ১ পুরিয়া আবশ্যকমত ২ ৪ ঘণ্টান্তর গর্ভাবস্থার বমনে প্রয়োজ্য অন্য কারণজাত বমনেও উপকার করে

৯৪ বিস্মথ'ই কার্বোনেটিস ৬ ড্রাম, ভিটিলম্ ওভাই, ওলিয়াই অলিভী প্রত্যেকে ২॥০ আং, এসিডাই কার্বলিসাই ৩০ গ্রেণ, হেজিলিন ad ৮ আং মিশ্রিত কর, ইহার অর্দ্ধ আউন্স, গ্লিসিরিং সিরিঞ্জ দ্বারা মলদ্বারে আবশ্যক মত পীচকারি দিবে সরলান্ত্র প্রদাহে শ্লৈষ্মিক ঝিল্লী আবৃত করত বেদনা ও যন্ত্রণাদি উপশমিত হয়

৯৫ টিং নিউসিস্ ভমিসী ২ ৩ ড্রাম, এসিড বোরিক ২ ড্রাম, টিং বেলেডোনা ১০ ড্রাম, টিং হায়সায়ামাই ১ আং, ইনফি বকু ad ১০ আউন্স মাত্রা অর্দ্ধ আউন্স। ইহাতে মূত্রাশয়ের উগ্রতার উপশম, পর্দার বল বিধান ও মূত্রের পচন নিবারণ করে জলসহ দিবসে ২ ৩ বা ৪ বার প্রয়োজ্য।

৯৬ কোকেইন ৩ গ্রেণ, হাইড্রার্জ এমোন ক্লোরাইড ১৫ গ্রেণ, জিঙ্কাই অক্সাইড ১ ড্রাম, ভ্যাসিলিন এল্বাই ১ আউন্স একত্রে মলম। কণ্ডূয়ন উপশমার্থ বিবিধ চর্ম্ম পীড়ায় প্রয়োজ্য

৯৭ এসিড স্যালিসিলিক ১ ড্রাম, জিন্সাই অক্সাইড ৩ ড্রাম, গ্লিসিরিনাই এমিলাই ৩ আং একজাইটমস্ পীড়ায় প্রয়োজ্য

৯৮ হাইড্রার্জ সব ক্লোরাইড় ৩০ গ্রেং, আইয়োডিন পিওর ১—১ গ্রেণ, সিম্পল অয়েণ্টমেণ্ট ২ আং একত্রে মলম, সোরায়েসিস্ পীড়ায় বাহ্যিক প্রয়োগ উপকারী

৯৯ সোডি স্যালিসিলেট ৫ ১৫ গ্রেং পটাশ বাইকার্ব ১৫—২৫ গ্রেণ, লাইকর মর্ফি হাইড্রোক্লো ৫ ১০ মিনিম, ক্যাম্ফর ওয়াটার ১ আউন্স একত্রে এক মাত্রা এইরূপ দিনে ৩ ৪ বার, রিউমেটিজম বা তরুণ বাত রোগে ব্যবহার্য্য

১০০। সোডী বা পটাশী আইয়োডিডাই ২ ড্রাম, সোডী বাইকার্বনেটিস ৪ ড্রাম, পটাশী বাইকার্ব ১ আং, লাইকর আর্সিনিকেলিস ১০ ড্রাম্, ডিকক্টাই সার্জি কং ad ২০ আং অর্দ্ধ আউন্স মাত্রায়, আহারের পর, দিবসে ২৩ বার সেব্য পুরাতন বাত পীড়ায় মহোপকারী

১০১ কুইনী সল্ফ ১ ড্রাম, এসিড হাইড্রোব্রোম ডিল ৪ ড্রাম, টিং একটিয়া ৪ ড্রাম্, একোয়া ad ৬ আং মিশ্রিত কর মাত্রা ৩ ৪ ড্রাম জলসহ দিনে ৩ ৪ বার সেব্য গণোরিয়েল রিউমেটিজম পীড়ায় উপকারী।

১০২ এসিড স্যালিসিলিক, অয়েল টেবিবিস্থ ও ল্যানোলিন প্রত্যেকে ২০ ড্রাম্, এডিপিস ৩ আউন্স একত্রে মলম বিবিধ বাত পীড়ায় স্থানিক মর্দ্দনে বিশেষ উপকার দর্শে

১০৩। ওলিয়াই ফস্ফোরেটাই ৩০ মিনিম, কড্‌লিভর অয়েল ৬ আউন্স মিশ্রিত কর, ½ বা ১ ড্রাম মাত্রায় দুগ্ধ বা সর সহ আহারান্তে সেব্য। বালকগণের রিকেটস্ পীড়ায় ব্যবহার্য্য।

১০৪। কোকেইন ২ গ্রেণ, হাইড্রার্জ অক্সিডাই রুব্রাই ১০ গ্রেণ, ভ্যাসিলিন এল্বাই ৩ ড্রাম একত্রে মিশ্রিত করত ষ্টাই বা অঞ্জনীর উপর দিনে ৩ বার লাগাইলে উপকার হয়

১০৫। সোডি আইয়োডাইড ১ ড্রাম, পটাশ আইয়োডাইড ২৪ গ্রেণ, এমোন আইয়োডাইড ২৪ গ্রেণ, লাইকর আর্সিনিকেলিস ৩০ মিনিম, গ্লিসিরিণ পিওর ২ ড্রাম, ইনফিঃ ক্যালম্বা ৫ আউন্স। অর্দ্ধ আউন্স মাত্রায় অল্প জলসহ আহারের পর দিনে ২৪ বার সেব্য গৌণিক উপদংশে উপকারী

১০৬ টিং ফেরি পারক্লোরাইড ২ ড্রাম, গ্লিসিরিনাই এলিউ-মিনিস ৪ ড্রাম, জল ১২ আং একত্রে মিশাইয়া কবল করিতে দিবে তরুণাবস্থা একটু অপগত হইলে ও গলার মধ্যে শ্লৈষ্মিক ঝিল্লী আরক্তিম থাকিলে এই সঙ্কোচক কবল বিশেষ উপকারী ইরিথিমেটস্ ও ফ্লেগমোনস্ টন্‌সিলাইটিস পীড়ায় ব্যবহার্য্য।

১০৭ টিং আইয়োডিন বা টিং ষ্টিল ২ ড্রাম, গ্লিসিরিণ ১ আং একত্রে মিশাইয়া তুলি দ্বারা টন্‌সিল বিবৃদ্ধিতে প্রয়োগে উপকার দর্শে

১০৮ এসিড ক্রাইসোফানিক ১ ড্রাম, হাইড্রার্জ এমোন ক্লোরাইড ২০ গ্রেণ, ল্যানোলিন পি ওর ১ ড্রাম, এডিপিস বেনজোয়েট ৬ ড্রাম, লাইকর কার্ব ডিটারজেন্স ১০ মিনিম একত্রে মিশ্রিত করত মলম, বিবিধ প্রকার চর্ম্ম পীড়ায় বাহ্যিক প্রয়োজ্য 'টিনিয়' বা রিংওয়ার্মে বিশেষ উপকারী

১০৯ হাইড্রার্জ বিন আইয়োডাইড ৩ গ্রেণ, হাইড্রার্জ পারক্লোরাইড ১৫ গ্রেণ, স্পিরিট রেকটিফায়েড ১০ ড্রাম, একোয়া ডিষ্টিলেটা ৮ আউন্স। একত্রে মিশ্রিত ও দ্রবীভূত কর।

বিংওয়ার্ম্মে ও অন্যান্য চর্ম্ম পীড়ায় তুলি সহ লাগাইতে ও মর্দ্দন করিতে হয়

১১০। কালোডিয়ন ২ ড্রাম, বার্বলিক এসিড ক্রিষ্টাল ১০ ড্রাম, কোকেইন ৫ গ্রেণ একত্রে মিশাইয়া সরু তুলী দ্বারা ক্ষয়িত দন্তে লাগাইয়া, তন্মধ্যে একটু কার্পাস তুলা দিয়া রাখিলে টুথেক্ বা দন্তশূল নিবারিত হয়।

১১১। লাইকর মর্ফি হাইড্রোক্লোঃ ১ ড্রাম, সোডি ব্রোমাইড ৪৫ গ্রেণ, সিরপ অবান্সিয়াই ৩ ড্রাম, একোয়া ক্লোরোফর্ম্ম ২ আউন্স। ইহার ½ অংশ বা অর্দ্ধেক শয়ন কালে সেব্য। নিদ্রা না হইলে ২৩ ঘণ্টা পরে আর এক মাত্রা সেব্য টাইফয়েড প্রভৃতি জ্বরে নিদ্রা কর্ষণার্থ ব্যবহার্য্য

১১২ এসিড সল্ফ এরোমেট ৩ ড্রাম, টিংচর ওপিয়াই ২ বা ২০ ড্রাম, টিং ক্যাটিকিউ ৪ ড্রাম, একোয়া ক্লোরোফর্ম্ম ১০ আং ১ আং মাত্রায় দিনে ৩ বার সেব্য টাইফয়েড জ্বরে উদরাময় নিবারণার্থ প্রয়োজ্য

১১৩। হেজিলিন ৩ আং, স্পিরিট রেক্টিফায়েড ২০ আং, একোয়া ডিষ্টিলেটা ৪০ আউন্স একত্রে লোশন ভেরিকোসিল পীড়ায় প্রত্যহ প্রাতে এতদ্দ্বারা স্ক্রোটম স্পঞ্জিং করিবে।

১১৪। লিনিমেণ্ট ক্যালসিস্ ৭০ ড্রাম, অয়েল ইউক্যালিপ্টাই ৪ ড্রাম, ক্যালেমিনা প্রিপেয়ারেটা ১ ড্রাম মিশ্রিত কর, ক্যামেল্‌স হেয়ার ব্রস দ্বারা মুখমণ্ডলের চর্ম্মে (বসন্ত রোগে) ২।৩ ঘণ্টান্তর প্রয়োগ করিবে।

১১৫। সোডি বাইকার্ব ৭—১২ গ্রেং, হাইড্রার্জ পারক্লোরাইড $\frac{1}{৬}$—$\frac{1}{২৪}$ গ্রেণ, একোয়া ডিষ্টিলেটা ২ আং দ্রবীভূত করত

১ বা ২ ঘণ্টান্তর ইয়োলো ফিবরে সেবন করাইলে মহোপকার করে।

ম্যাগ্নিটো ইলেক্ট্রিসিটীর ব্যবহার।

নিম্নলিখিত পীড়া সমূহে ম্যাগ্নিটো-ইলেক্ট্রিসিটী প্রয়োগে বিশেষ উপকার প্রাপ্ত হওয়া যায়। যে যে পীড়ায়, যেরূপ ভাবে উহার প্রয়োগ করিতে হয়, তাহার সবিশেষ বিবরণ নিম্নে বিবৃত হইল।

এস্ফিক্সিয়া বা শ্বাসাবরোধ।—জল মগন, বিষভক্ষণ, মস্তকে বা পাকাশয়ে আঘাত, সুরাপান জনিত গভীর মত্ততা প্রভৃতি কারণে মনুষ্য মৃতবৎ প্রতীয়মান হইলে, তাড়িত গতি গ্রীবার পশ্চাদ্ভাগে, পাকাশয়ে ও হৃৎপিণ্ডের উপর সঞ্চালিত করিবে। প্রথমে মধ্যম শক্তিতে তাড়িত প্রয়োগ আরম্ভ করিয়া, জীবনী শক্তির পুনরাবির্ভাব না হওয়া পর্য্যন্ত, উহার বেগ বা শক্তি বর্দ্ধিত করিবে। রোগীকে উষ্ণ ও শুষ্ক রাখিবার উপায় সকল অবলম্বন করিতে অবহেলা করিবে না। যখন রোগী যথেষ্ট পরিমাণে চেতনা লাভ করিবে, তখন তাহাকে এক টেবিল চামচ পূর্ণ (৪ ড্রাম) গরম জল ও ব্রাণ্ডি কয়েক মিনিট অন্তর, চর্ম্ম অল্প গরম ও আর্দ্র না হওয়া পর্য্যন্ত, দিবে। তদনন্তর সম্পূর্ণ বিশ্রাম ও নিস্তব্ধতা রোগীর আরোগ্য লাভের জন্য অতি আবশ্যক।

এপোপ্লেক্সী বা সংন্যাস।—মস্তকের কেশ চর্ম্ম পর্য্যন্ত জল দ্বারা আর্দ্র করিবে, তৎপরে উভয় পার্শ্বে এক একটী পোল সংস্থাপন করত মৃদুগতি বা শক্তিযুক্ত তাড়িত প্রয়োগ করিবে।

ক্রমশঃ, রোগী যতদূর সহজে সহ্য করিতে পারে, ততদূর শক্তি বর্দ্ধিত করিবে এই প্রক্রিয়া দিবসে ৩ বার ১৫ মিনিট পর্য্যন্ত করিবে

এজ্‌মা বা শ্বাসকাস।—সপ্তম পর্শুকার উপাস্থির উপর মৃদু শক্তিযুক্ত অর্থাৎ পজিটিভ পোল সংস্থাপন করিবে অপরটী অর্থাৎ তীব্র শক্তিবিশিষ্ট নিগেটিভ্ পোলটী গ্রীবার বাম ভাগের মধ্যস্থলে সংস্থাপন করিয়া ৫ হইতে ১৫ মিনিট পর্য্যন্ত মধ্যম শক্তিতে দিবসে কয়েক বার প্রয়োগ করিবে

এফোনিয়া—স্বরাভাব —পজিটিভ্ পোল হস্তে ধারণ করাইয়া, নিগেটিভ পোল দ্বারা কণ্ঠের উভয় পার্শ্বে ও সম্মুখ ভাগে তাড়িত গতি সঞ্চালন করিবে।

এনজাইনা পেক্‌টোরিস বা হৃৎশূল গ্রীবার পশ্চাদ্ভাগে অথবা মেরুদণ্ডে (স্কন্ধের ঠিক নিম্নভাগে) একটী পোল রাখিয়া অন্যটী বক্ষের উপরে প্রথমে মধ্যম শক্তিতে প্রয়োগ করিবে এবং ক্রমশঃ উক্ত শক্তি একটু একটু করিয়া বর্দ্ধিত করিবে আক্ষেপ নিবারণ হইলেও অল্পক্ষণ পর্য্যন্ত প্রয়োগ করিবে

এনাসার্কা বা সার্ব্বাঙ্গিক শোথ।—দক্ষিণ পোল পদের নিম্নে রাখিয়া, বাম পোল পাকাশয়ে, যকৃতে ও অন্ত্রের উপর দিয়া পদের নিম্ন পর্য্যন্ত ও পৃষ্ঠে লাগাইবে অর্থাৎ সঞ্চালিত করিবে। প্রতিদিন প্রায় অর্দ্ধ ঘণ্টা পর্য্যন্ত মধ্যম শক্তি প্রয়োগ করিবে

এবর্সন বা গর্ভস্রাব রক্তস্রাব নিবারণের জন্য একটী পোল কটিদেশে অর্থাৎ যেখানে বেদনা অধিক অনুভূত হয়, সেইখানে সংলগ্ন করিবে এবং অন্য ইন্‌সিউলেটেড পোল জরায়ুর মুখে সংলগ্ন করিয়া মৃদু গতিতে অতি সাবধানে তাড়িত প্রয়োগ করিলে উপকার হয়

গর্ভবতী স্ত্রীলোকদিগের জরায়ুর উপর তাড়িত শক্তি লাগিলে গর্ভস্রাব হইতে পারে।

এনিস্থিসিয়া বা স্পর্শহীনতা।—পজিটিভ পোল দক্ষিণ হস্তে ধারণ করিয়া নিগেটিভ্ পোল বামপদে সংলগ্ন করিয়া তাড়িত শক্তি প্রয়োগ করিবে। কয়েক বার প্রয়োগের পর পজিটিভ পোল বাম হস্তে ধারণ করিয়া নিগেটিভ পোল দক্ষিণ পদে লাগাইবা তাড়িত শক্তি প্রয়োগ করিবে।

এমিনোরিয়া বা রজোরোধ।—একটী পোল ইণ্ডিয়া রবার দ্বারা আচ্ছাদিত করিয়া, জরায়ুর উপর ক্রিয়া দর্শে, এরূপ ভাবে স্থাপন করাইবে ও তৎপরে অপর পোল ক্রমশঃ পাকাশয়ের নিম্নভাগ হইতে উরু, কোমর ও কুঁচকী প্রভৃতি স্থানে সঞ্চালন করিবে।

লিভর এফেক্সান বা যকৃতের পীড়া।—পদের নিম্নে দক্ষিণ পোল সংলগ্ন করিবে ও সুবিধা হইলে উহা অল্প গরম জলের ডিসে ডুবাইয়া রাখিবে, তৎপরে বাম পোল যকৃৎ ও সমস্ত উদর ও পৃষ্ঠের নিম্ন পর্য্যন্ত লাগাইবে। প্রত্যহ অর্দ্ধ ঘণ্টা পর্য্যন্ত মধ্যম শক্তি যোগে তাড়িত প্রযোজ্য।

এগিউ বা জ্বর।—গরম জলের ডিসে রোগীর পদ ও মেসিনের দক্ষিণ পোল সংস্থাপন করিবে, তৎপরে অন্য পোল দ্বারা সমস্ত শরীরে অর্দ্ধ ঘণ্টা পর্য্যন্ত তাড়িত সঞ্চালন করিবে। বাহ্য বায়ু সংস্পর্শে শীত বোধ না হয়, তজ্জন্য সাবধানতা অবলম্বন কর্ত্তব্য।

ব্রঙ্কাইটিস্—শ্বাসকাসি।—দক্ষিণ পোল পৃষ্ঠের উপর অর্থাৎ স্কন্ধের মধ্যে সংস্থাপন করিয়া, অন্যটী সমস্ত বক্ষের উপরে ও কণ্ঠে মৃদু শক্তিযোগে প্রয়োগ আরম্ভ করত ক্রমশঃ উক্ত শক্তি বর্দ্ধিত করিবে।

বিলিয়স কম্‌প্লেন্টস্ বা পৈত্তিকাসুস্থতা —বাম পোল যকৃৎ, পাকাশয় ও সমস্ত উদরে সংস্থাপন করিবে, তৎপরে দক্ষিণ পোল পৃষ্ঠের নিম্নদেশে এক হইতে দুই মিনিট পর্য্যন্ত দিবে। তদনন্তর দক্ষিণ পোল পদের নিম্নে রাখিয়া, অন্যটীর দ্বারা পৃষ্ঠ, যকৃৎ ও পাকাশয় প্রদেশে কয়েক মিনিট পর্য্যন্ত তাড়িত প্রয়োগ করিবে প্রত্যহ ১ বার মধ্যম শক্তি প্রয়োজ্য।

কোরিয়া বা তাণ্ডব।—রোগীকে দুই হাত দিয়া একটী পোল ধরিতে বলিবে, পরে অন্য পোল পৃষ্ঠবংশ, বক্ষ ও উদরে বুলাইবে। রোগীর পদ গরম জলের পাত্রে ডুবাইয়া একটী পোল তাহার মধ্যে ধরিয়া রাখিবে ও অন্যটী রোগীর পৃষ্ঠের মধ্যস্থলে সঞ্চালন করিবে। প্রত্যহ ১৫ মিনিট মৃদু শক্তিযোগে আরম্ভ করত ক্রমশঃ উহা বর্দ্ধিত করিবে।

ক্যাটালেপ্‌সী-স্পন্দ রাহিত্য।—গ্রীবার পশ্চাদ্ভাগে একটী পোল রাখিয়া অন্যটী পাকাশয়ের উপর ও পদতলে প্রয়োগ করিবে।

ক্লোরোসিস্ বা নীলপ্রদর।—প্রথমে সাধারণ গতি প্রয়োগ করিবে। তৎপরে রোগী প্রত্যেক হস্তে এক একটী পোল ধরিবে তৎপরে জনৈক সাহায্যকারী উহার এক হস্ত ধরিয়া তদ্দ্বারা পাকাশয়, ফুসফুস্, অন্ত্র ও যে যে যন্ত্রের ক্রিয়া বিশৃঙ্খল থাকে, তাহাতে প্রয়োগ করিবে।

কনষ্টিপেশন বা কোষ্ঠবদ্ধ।—বাম পোল পৃষ্ঠের মধ্যস্থলে বা স্পাইনেল নার্ভের উপর স্থাপন করিয়া, অন্যটী পাকাশয়ের মধ্যদেশ হইতে নিম্নভাগে ও সমস্ত উদরে লাগাইবে। প্রত্যহ দিনে এক বা দুই বার, যেরূপ শক্তি সহ্য হয়, সেইরূপ দিবে।

থাম বা নিগেটিভ পোল জিহ্বার অগ্রভাগে সংস্থাপন করত ও অন্যটী মলদ্বারে রাখিয়া মৃদু শক্তিযোগে তাড়িত প্রয়োগ আরম্ভ করিয়া ক্রমশঃ বর্দ্ধিত করিতে হয়। ইহাতে অবিলম্বে মল নিঃসৃত হয় পৈশিক ঝিল্লীর সঙ্কোচন নিঃসরণের তাড়িত ক্রিয়া বর্দ্ধিত হওয়ায় অন্ত্রের শক্তিহীনতা তিরোহিত হয়।

ক্রিটিক্যাল পিরিয়ড বা আর্ত্তব বিলোপ কাল —দক্ষিণ কন্‌ডক্টর বা পোল পৃষ্ঠের মধ্য দেশে বা বেদনান্বিত স্থানে সংস্থাপন করত অন্যটী দ্বারা কুঁচকীর উপর ও বাহ্য জননেন্দ্রিয়ের উপরিভাগে (পিউবিস অস্থির উপর) এবং একটী ইন্‌সিউলেটেড পোল জরায়ুর মধ্যে দিয়া তাড়িত প্রয়োগ করিবে উষ্ণ জলে পদদ্বয় নিমজ্জিত রাখিয়া তাহাতে নিগেটিভ সংস্থাপিত করিবে এবং অন্যটী দুই হস্ত দিয়া ধরিয়া রাখিবে এইরূপ ভাবে প্রত্যহ ৫ ১৫ মিনিট পর্য্যন্ত তাড়িত প্রয়োগ করিতে হয় শ্বেত প্রদরেও এই প্রক্রিয়া অবলম্বনীয়, কিন্তু যোনি বা জরায়ুতে ইন্‌সিউলেটেড কন্‌ডক্টর দিবে না অত্যধিক শোণিত স্রাব বা কষ্টরজঃ পীড়ায়ও এই উপায় গ্রহণীয় জরায়ুর উদ্দীপনা বশতঃ আক্ষেপ ও গুল্ম বায়ু উপস্থিত হইলে পদ ও বাম পোল উষ্ণ জলপূর্ণ গামলায় স্থাপন করিবে এবং অন্য পোলটী দুই হস্তে ধারণ করিবে যতদূর সহ্য হয় তদ্রূপ ভাবে তাড়িত প্রয়োগ করা যায় পৃষ্ঠবংশ আক্ষেপ দ্বারা আক্রান্ত হইলে দক্ষিণ পোল গ্রীবার পশ্চাভাগে সংস্থাপন করত অন্যটী সমগ্র পৃষ্ঠে সঞ্চালন করিবে যদি এইরূপ প্রয়োগে আক্ষেপ বৃদ্ধি পায়, তাহা হইলে পোল বিপরীত ভাবে সংস্থাপন করত আক্ষেপ নিবারিত না হওয়া পর্য্যন্ত তাড়িত প্রয়োগ করিবে

উদর প্রদেশের পেশী সমূহ যদি অত্যন্ত আকুঞ্চিত হয়, তাহা হইলে দক্ষিণ পোল রোগীকে বাম হস্তে ধরাইয়া, অন্যটী পৃষ্ঠ-বংশের নিম্ন পর্য্যন্ত ও উদরের উপর বুলাইয়া তাড়িত প্রযোগ করিবে অবিলম্বে ফল না দর্শিলে ইহার বিপরীত আচরণ করিবে। কয়েক মিনিট পর্য্যন্ত প্রযোজ্য।

কলিক শূল বেদনা —তাড়িত প্রয়োগ কোষ্ঠবদ্ধের মত

ক্যান্সার বা কর্কটিকা —পজিটিভ বা পূর্ব্বাল পোল গ্রীবার পশ্চাতে রাখিয়া, এবং অন্যটী অর্ব্বুদের উপর রাখিয়া, প্রবল শক্তি বিশিষ্ট তাড়িত প্রয়োগ করিবে প্রত্যহ একবার ৫।৭ মিনিট প্রয়োগ কর্ত্তব্য।

ক্যাটার এনিক—প্রাচীন সর্দ্দি দক্ষিণ কন্ঠের গ্রীবার গর্ত্তে ও অন্যটী নাসিকার উপরি ও পার্শ্বভাগে স্থাপন করত তাড়িত প্রয়োজ্য

ক্রুপ বা ঘুংড়ি কাসি —চোয়ালের নীচে গ্রীবার দুই দিকে দুইটী পোল রাখিয়া তাড়িত প্রয়োজ্য ইহাতে স্বরযন্ত্র সজোরে প্রসারিত হয়। ইহার পরে বাম পোল স্বরযন্ত্রের এক পার্শ্বে রাখিয়া, অন্যটি দ্বারা গ্রীবার নিম্নভাগ পর্য্যন্ত তাড়িত প্রয়োগ করিবে।

কলেরা—ওলাউঠা —একটী পোল পৃষ্ঠবংশের উপর রাখ ও অন্যটী উদরের উপরে প্রবল ভাবে সঞ্চালিত কর ইহাতে সাধারণতঃ আক্ষেপ বা খাল ধরা নিবারিত হয় এবং তৎসঙ্গে অপরিমিত ভেদ উপশমিত হয়।

শিশুগণের ওলাউঠায় —বাম বা নিগেটিভ পোল পৃষ্ঠের মধ্য ভাগে রাখিয়া অন্যটী দ্বারা সমস্ত উদর প্রদেশে তাড়িত প্রয়োগ

কর্ত্তব্য পৃষ্ঠে বা কটিতে বেদনা থাকিলে পোল বদ্‌লাইয়া দেওয়া বিধেয়।

কন্‌জম্পসন্ বা ক্ষয়কাস।—রোগীকে দুই হাত দিয়া দক্ষিণ কন্‌ডক্‌টর ধরিতে বল, তৎপরে অন্য পোলটি আর্দ্র স্পঞ্জাবৃত করতঃ জনৈক সাহায্যকারী দ্বারা গ্রীবার পশ্চাৎ ভাগ হইতে সমস্ত পৃষ্ঠবংশে সঞ্চালিত কর এবং যতদূর তাড়িত তেজ সহ্য হয় ততদূর ৫ মিনিট পর্য্যন্ত দেও তদনন্তর উক্ত পোলটী পাকাশয়ে, বক্ষে ও উদরে সঞ্চালন করত তাড়িত প্রয়োগ দিনে এক বা দুই বার ৫ মিনিট করা কর্ত্তব্য

ডায়াবিটিস বা বহুমূত্র —মূত্রগ্রন্থি অর্থাৎ কিড্‌নীর উপরে ও কটির পার্শ্বে ও নিতম্বদেশে তাড়িত প্রয়োগ কর্ত্তব্য। তৎপরে দক্ষিণ হস্তে দক্ষিণ পোল ধরিয়া রাখিয়া, অন্যটী পীড়িত অংশে সঞ্চালন করত তাড়িত প্রয়োগ বিধেয় অবশেষে পোল বদ্‌লাইয়া দিবে, প্রত্যহ ১৫ মিনিট। কিড্‌নীর ব্রাইটাখ্য পীড়াতেও এইরূপ প্রক্রিয়া অবলম্বনীয়।

ডিলিরিয়ম ট্রিমেন্স বা মদাত্যয় মস্তক ভাল করিয়া জল দিয়া ভিজাইয়া লইয়া মৃদুশক্তিযুক্ত তাড়িত প্রয়োজ্য। পোল ২টী দুই পার্শ্বে রাখিবে। ৫ ৬ মিনিট দেওয়া যায়। তদনন্তর দক্ষিণ কন্‌ডক্টর গ্রীবার পশ্চাতে রাখিয়া অপরটী পৃষ্ঠবংশের নিম্ন পর্য্যন্ত এবং বক্ষঃ, উদর ও অঙ্গে সঞ্চালিত করিবে যতদূর শক্তি সহ্য করা যায়, ততদূর দেওয়া যায়।

ডিস্‌পেপ্‌সিয়া বা অজীর্ণ —পৃষ্ঠের মধ্যদেশে পৃষ্ঠবংশের উপর দক্ষিণ পোল সংস্থাপন করত অন্যটী পাকাশয় ও অন্ত্রোপরি বুলাইয়া তাড়িত প্রয়োগ করিবে প্রথমে মধ্যম শক্তি, দিনে দুই বার ২০ মিনিট পর্য্যন্ত দেওয়া যাইতে পারে।

ইরিসিপেলাস বা বিসর্প।—লবণ ও জল বা নিশাদল ও জল দ্রব দ্বারা পীড়িত অংশ আর্দ্র করত জনৈক সাহায্যকারী দক্ষিণ কণ্ডক্টরটী তদুপরি বুলাইবে ও রোগী অন্য পোলটি দুই হস্তে ধরিয়া রাখিবে। প্রত্যহ ৫—১৫ মিনিট এইরূপে তাড়িত প্রয়োগ কর্ত্তব্য

অপস্মার বা মৃগী —দক্ষিণ কণ্ডক্টর ও রোগীর পদ এক টিন গরম জলে সংস্থাপন করিয়া, প্রয়োগকারী, তাহার বাম হাতে অন্য কণ্ডক্টরটী ধরিয়া রোগীর মস্তকে নিজ দক্ষিণ হস্ত বুলাইবে জলে স্পিরিট মিশাইয়া তদ্দ্বারা মাথার চুল ভিজাইতে হয়। মধ্যম শক্তি ও কয়েক মিনিট পর্য্যন্ত ব্যবহার্য্য তৎপরে পৃষ্ঠবংশে, পাকাশয়ে, যকৃতে ও উদরে বাম কন্‌ডক্টর সাধারণতঃ প্রযুক্ত হইতে পারে। রোগী যদি স্ত্রীলোক হয় ও তাহার পীড়া জরায়ুজ বলিয়া আশঙ্কিত হয়, তাহা হইলে বাম কন্‌ডক্টর জরায়ুর মুখে ও দক্ষিণটী গ্রীবা হইতে পৃষ্ঠবংশের নিম্নদেশ পর্য্যন্ত সঞ্চালিত করা যায়। মধ্যম শক্তি প্রতিদিন ১৫ মিনিট, রোগাবেশের মধ্যবর্ত্তী সময়ে ব্যবহার্য্য।

ফিষ্টিউলা ইন্ এনো বা ভগন্দর।—রোগীকে প্রত্যেক হাতে এক একটী পোল ১০ মিনিট পর্য্যন্ত ধরিতে বলিবে, ইহাতে সর্ব্বাঙ্গে সাধারণ ক্রিয়া প্রকাশ পায়, তৎপরে পীড়িত অংশে ও তাহার চতুর্দ্দিকে প্রত্যহ ১০ মিনিট পর্য্যন্ত তাড়িত প্রয়োগ বিধেয়

জেনিটাল ডিবিলিটী বা পুরুষত্বের দৌর্ব্বল্য —প্রত্যেক হস্তে এক একটী পোল ধারণ করাইয়া যন্ত্রটী ৪০ বার আন্দাজ ঘুরাইবে। তৎপরে দক্ষিণ পোল দক্ষিণ হস্তে ধারণ করিয়া, বাম পোল অণ্ড-কোষের নিম্নে রাখিবে ও যন্ত্রটী ৩ বার ঘুরাইবে। তৎপরে পোল

বদ্‌লাইয়া লইয়া ঐরূপ কর অণ্ডকোষের নিম্ন হইতে পোল উঠাইয়া লইয়া, বাম খালি পায়ের নীচে রাখিবে এবং বাম হস্ত হইতে দক্ষিণ হস্তে ও দক্ষিণ হস্ত হইতে বাম হস্তে পোলটী পরিবর্ত্তিত করাইয়া পূর্ব্ববৎ করিবে অবশেষে দক্ষিণ কন্‌ডক্টর অণ্ডকোষের নীচে রাখিয়া, অন্যটী পৃষ্ঠবংশের নিম্নে ও বক্ষের উপর বুলাইয়া তাড়িত প্রয়োগ করিবে প্রথমে মৃদু শক্তি প্রয়োগ আরম্ভ করিয়া ক্রমশঃ যতদূর সহ্য হয় বাড়াইবে প্রাতঃকালে শয্যা হইতে উঠিয়া এইরূপ করা কর্ত্তব্য

গ্যাংগ্রিণ পচন —সমগ্র দেহে মৃদু গতি তাড়িত প্রয়োগ কর; বিশেষতঃ পাকাশয়, হৃৎপিণ্ড, ফুস্‌ফুস্‌ ও পৃষ্ঠবংশে প্রয়োগ বিধেয়।

হেড্যাক বা শিরঃপীড়া জল দিয়া সম্পূর্ণরূপে চুল ভিজাইয়া, দক্ষিণ কন্‌ডক্টর পায়ের নীচে ও অন্যটী মস্তকের উর্দ্ধাংশে, অতি মৃদু শক্তিযুক্ত তাড়িত ২ ৪ মিনিট প্রত্যহ একবার প্রয়োগ কর্ত্তব্য

পাকাশয়ের ক্রিয়া বিশৃঙ্খলা জনিত শিরোবেদনায় দক্ষিণ পোল পৃষ্ঠবংশের মধ্যস্থলে অর্থাৎ পাকাশয়ের পশ্চাদ্ভাগ যথায় স্থিত, তথায় সংস্থাপন করত অন্যটী মধ্যম শক্তিযোগে পাকাশয়োপরি সঞ্চালিত করিবে অবশেষে দক্ষিণ কন্‌ডক্টর পদের নীচে ও অন্যটী মস্তকের উপরে সংস্থাপন করিবে, তৎকালে মস্তকের চুল যেন আর্দ্র থাকে।

মন্তব্য —মস্তকে ম্যাগ্নো ইলেক্‌ট্রিসিটী প্রয়োগ করিতে হইলে, প্রয়োগকারীর হস্ত যোগে ইলেক্‌ট্রিক ফ্লুইড্‌ প্রযুক্ত হওয়া শ্রেষ্ঠ।

হেমরেজ ক্রম দি ংস বা ফুসফুস হইতে রক্তস্রাব।—দক্ষিণ কণ্ডক্টর গ্রীবার পশ্চাতের নীচে পৃষ্ঠবংশে সংস্থাপন করত বামটীর দ্বারা বক্ষের উপর নিম্নাভিমুখে সঞ্চালিত করিবে রোগীকে লবণ

ও জল অথবা ফটকিরি ও জল পান করিতে দিবে এবং তাহা অন্ত্রের উপর ক্রিয়া দর্শাইয়া রক্ত সঞ্চরণের সমতা বিধান করে। অথবা কনুইয়ের উপরে বাহুতে ও হাটুর উপরে রুমাল বা তোয়ালে দ্বারা ব্যাণ্ডেজ বাঁধিবে। এইরূপ চিকিৎসায় সত্বর রক্ত উঠা নিবারিত হয়। স্নায়ুমণ্ডলের সমতা বিধানার্থ অল্প মাত্রায় একোনাইট প্রযুক্ত হয়।

সন্ধি ও অঙ্গ সকল।—উভয় পোল স্ফীতির উপর ও চতুর্দিকে সঞ্চালিত করিবে।

লেবর বা প্রসব। দক্ষিণ কণ্ডক্টরের ভিতরে আর্দ্র স্পঞ্জ এক খণ্ড পুরিয়া এবং সেই দিক অর্থাৎ স্পঞ্জ খণ্ড পৃষ্ঠবংশের অধোভাগে বেদনান্বিত স্থানে স্থাপনপুরঃসর, অন্য কণ্ডক্টরটীর ভিতরেও পূর্ব্বোক্ত প্রকারে আর্দ্র স্পঞ্জ পুরিয়া তাহা উদরাধঃ প্রদেশের সম্মুখ ও নিম্ন ভাগে বুলাইয়া তাড়িত প্রয়োগ করিবে। জরায়ু প্রদেশেও পূর্ব্বোক্ত প্রকারে তাড়িত গতি সঞ্চারিত করিবে। দক্ষিণ কণ্ডক্টর পৃষ্ঠবংশের অধোভাগে স্থাপন করিতে হয়। অতি সাবধানে ও মৃদুগতিবিশিষ্ট তাড়িত জ্রণস্থ শিশুর মস্তকে সঞ্চালিত করা যাইতে পারে। সাধারণ তাড়িত প্রয়োগে মৃদুভাবে আরম্ভ করত ক্রমশঃ অল্প অল্প করিয়া তাড়িত বল পরিমিতভাবে বৃদ্ধি করিবে।

৭ নিউরালজিয়া বা স্নায়ুশূল। দক্ষিণ কণ্ডক্টর পদের নিম্নে স্থাপন করত প্রয়োগকারী, নিজের বাম হস্তে বাম কণ্ডক্টর গ্রহণ করিয়া, তাঁহার দক্ষিণ হস্ত পীড়িত অংশের উপর সঞ্চালিত করিবে। ইহাতে মধ্যম শক্তিযুক্ত তাড়িত প্রয়োগ কর্ত্তব্য। তৎপরে বাম কণ্ডক্টর পৃষ্ঠবংশের সমগ্র অংশে প্রয়োগ করিবে এবং রোগীকে দুই হস্ত দিয়া অপর কণ্ডক্টরটী ধরিতে বলিবে। অপেক্ষাকৃত প্রবল শক্তিযুক্ত

তাড়িত প্রয়োজ্য। প্রত্যহ আধ ঘণ্টা সময় তাড়িত প্রয়োগ করিতে হয়।

রিউমেটিজম বা বাত—ইহা তরুণ ও প্রাচীন দ্বিবিধ। শীত, কম্প, উষ্ণতা, তৃষ্ণা, ও দ্রুত নাড়ী প্রথম প্রকাশ পায়, তদনন্তর বেদনা প্রাদুর্ভূত হইয়া সন্ধি স্থলে স্থায়ী হয়। প্রাচীন বাতে সন্ধিতে বেদনা থাকে, কিন্তু প্রায়ই জ্বর থাকে না। লম্বেগো বা কটিবাত এই শ্রেণীভুক্ত, সিয়াটীকা ও অন্যান্যবিধ সন্ধিবেদনা এই শ্রেণী বিশিষ্ট।

তরুণ বা প্রদাহযুক্ত বাত পীড়ায় এক গামলা গরম জলে দক্ষিণ কণ্ডক্টর ও রোগীর পদ ডুবাইয়া রাখিয়া, অপর কণ্ডক্টরটী দ্বারা পাকাশয়, যকৃৎ, প্লীহা ও পৃষ্ঠবংশের নিম্নে সাধারণতঃ আদ ঘণ্টা, মধ্যম শক্তি বিশিষ্ট তাড়িত প্রয়োগ করিবে।

প্রাচীন বাতে দক্ষিণ পোল ও রোগীর পদ গরম জলের গামলায় ডুবাইয়া রাখিয়া অপরটী দ্বারা আক্রান্ত অংশে ও দেহে তাড়িত প্রয়োগ করিবে। অপেক্ষাকৃত প্রবল শক্তিযুক্ত তাড়িত দিনে ২।৩ বার অর্দ্ধ ঘণ্টা পর্য্যন্ত দেওয়া যাইতে পারে।

সোর থ্রোট বা গলা বেদনা। ক্রুপ, টন্‌সিলাইটীস, ফ্যারিংস ও ল্যারিংসের প্রদাহ, মম্পস্, পিউট্রিড সোরথ্রোট প্রভৃতিও এই নামে পরিগণিত। কণ্ডক্টর কণ্ঠে সাধারণতঃ প্রযুক্ত হয়, তদনন্তর দক্ষিণ পোল পদতলে রাখিয়া অপরটী পীড়িত অংশে বুলাইবে। দিনে একবার ৫ মিনিট কাল মধ্যম শক্তিযুক্ত তাড়িত প্রযোজ্য।

স্ক্রফিউলা বা গণ্ডমালা—দক্ষিণ কণ্ডক্টর পীড়িত অংশে স্থাপন পূর্ব্বক অপরটী দ্বারা পৃষ্ঠবংশে অর্থাৎ পীড়িত অংশের সন্নিহিত ভাগে মধ্যম শক্তি বিশিষ্ট তাড়িত দিনে একবার ১৫ মিনিট কাল প্রয়োগ করিবে।

ইতিমধ্যে তাড়িত প্রয়োগ পরিবর্ত্তিত করা যাইতে পারে অর্থাৎ দক্ষিণ কণ্ডক্টর পদতলে রাখিয়া অপরটী দ্বারা ৫ মিনিট কাল পীড়িত অংশে তাড়িত প্রয়োগ করিবে

স্পাইন্যাল কম্প্লেন্টস বা পৃষ্ঠবংশের পীড়া—ল্যাটারেল কর্ভেচরে দক্ষিণ কণ্ডক্টর স্ফীত স্থানে ও অপরটী শীর্ণ স্থানে প্রয়োগ করিবে। দক্ষিণ স্কন্ধের দিকে যদি স্পাইন বক্রীভূত হয়, তাহা হইলে ইহার নিম্ন ভাগও বামদিকে বাঁকিয়া যায় এইরূপ অবস্থায় দক্ষিণ কণ্ডক্টর দক্ষিণ স্কন্ধে, উন্নত বা স্ফীত পেশী সমূহে এবং বাম কণ্ডক্টরটী বাম স্কন্ধে ও স্কন্ধদ্বয়ের মধ্যবর্ত্তী পৃষ্ঠে প্রয়োগ করিবে। দক্ষিণ কণ্ডক্টর বাম দিকে পৃষ্ঠের নিম্নে ও বাম কণ্ডক্টর দক্ষিণ দিকে পৃষ্ঠে প্রযুক্ত হয় প্রত্যহ আধ ঘণ্টা, প্রথমে অল্প অল্প আরম্ভ করত রোগী যতদূর সহ্য করিতে পারে ততদূর শক্তিযুক্ত তাড়িত প্রয়োগ করা যায়

পৃষ্ঠবংশের অন্যান্য পীড়ায়, দক্ষিণ কন্ডক্টর পদতলে স্থাপন করত বামটী পৃষ্ঠবংশের সমগ্র বক্রতার উপর সঞ্চালিত করিবে। যকৃতের উপরও প্রযুক্ত হয়, তৎকালে দক্ষিণ কন্ডক্টর পদতলে রক্ষা করিয়া বামটী যকৃৎ প্রদেশে সঞ্চালিত করিবে। ৫ মিনিট পর্য্যন্ত মধ্যম শক্তিযুক্ত তাড়িত প্রযোজ্য

স্ট্রেন্স, স্প্রেন্স মচ্কান, থেৎলান।—পদ ও দক্ষিণ কন্ডক্টর গরম জলে রাখিয়া অন্যটী আহত অংশে বা স্ফীতির উপর ও চতুষ্পার্শ্বে সঞ্চালিত করিবে। অথবা উভয় পোল আহত প্রান্ত অংশে রাখিয়া, সকল দিকে তাড়িত গতি সঞ্চালিত হইতে পারে, এরূপভাবে প্রয়োগ করা যায় মৃদু শক্তি ক্রমশঃ বাড়াইতে হয়, প্রত্যহ ১০ হইতে ২০ মিনিট তাড়িত প্রয়োগ কর্ত্তব্য।

টুথেক বা দন্তশূল।—রেশমের, রুমাল খণ্ড বা শুষ্ক বস্ত্রখণ্ড দ্বারা একটী চা চামচের দীর্ঘ দিক আবৃত করিয়া ও অনাচ্ছাদিত ক্ষুদ্র দিক দন্তোপরি ধারণ করিয়া, তৎপরে দক্ষিণ কন্ডক্টরটি দন্তোপরিস্থ চামচের উপর রাখিয়া একজন সাহায্যকারী অন্যটী ফেসিয়েল নর্ভে, নীচের চোয়ালে, কর্ণের ঠিক নিম্নে, সঞ্চালিত করত তাড়িত প্রয়োগ করিবে। মধ্যম শক্তি, সময় ৫ হইতে ২০ মিনিট। সময় সময় অবিলম্বে উপশমিত হয় আবার সময় সময় প্রবল শক্তিযুক্ত তাড়িত বেশীক্ষণ প্রয়োগ করিতে হয়

অলসার্স বা ক্ষত —দুই হস্তে দক্ষিণ কন্ডক্টর ধারণ করিয়া বামটী ক্ষতের উপর ও চারি দিকে জনৈক সাহায্যকারী দ্বারা প্রয়োগ কর অথবা এক গামলা গরম জলে পদ ও দক্ষিণ কণ্ডক্টর স্থাপন করত অন্যটী ক্ষতোপরি লইয়া যাও প্রত্যহ ১৫ মিনিট, মধ্যম শক্তি প্রযোজ্য

সম্পূর্ণ

সূচীপত্র।

জেনারেল্ ডিজিজেস।

বিষয়	পৃষ্ঠা
হাইপারেমিয়া—সার্ব্বাঙ্গিক রক্তাধিক্য	১
এনিমিয়া ও ক্লোরোসিস—রক্তহীনতা, নীলপ্রাব	২
ডায়েবিটিস—মধুমেহ	৪
হেমরেজ—রক্তস্রাব	৭
থ্রম্বোসিস্ ও এম্বলিজম্	৯
ড্রপ্সী—উদরী	১১
বেরিবেরি একরূপ সার্ব্বাঙ্গিক শোথ	১৩
ইনফ্লামেসন—প্রদাহ	১৩
বয়েল—বিষফোড়া	১৫
কার্ব্বঙ্কল—পচনশীল বিস্ফোটক	১৭
ক্যান্সার—কর্কটিকা	১৮
স্ক্রুফিউলা, টুবর্কিউলোসিস—গণ্ডমালা, গুটিক পীড়া	২০
ল্যুপস—একরূপ চর্ম্মধ্বংসকর ক্ষত	২২
লেপ্রসী—মহাকুষ্ঠ	২৩
রিকেট্স—অস্থিকোমলতা	২৫
স্কর্ভি—শীতাদ	২[illegible]
পারপুরা—একরূপ রক্তবিকারজ উদ্ভেদ	২৮
গাইটর, ব্রঙ্কোসিল—গলগণ্ড	২৯

বিষয়।	পৃষ্ঠা।
ওবিসিটী—মেদবৃদ্ধি	৩০
ইউরিমিয়া মূত্রানুৎপত্তিজ বিকার	৩২
ম্যাকোলিয়া—পিত্তস্রাবরোধজ বিকার	৩৩
গাউট—বাতরক্ত	৩৪
রিউমেটীজম গেটে বাত	৩৬
ক্রনিক অষ্টিয়ো আর্থাইটীস	৪২
পাইয়িমিয়া—পূয়াত্মক রক্তবিকার	৪৪
ইরিসিপেলাস—বিসর্প	৪৫
ডিপ্‌থিরিয়া—ঝিল্লীক প্রদাহ	৪৭
ইনফ্লুয়েন্‌জা—বহুব্যাপী সর্দি	৫০
হুপিংকফ—হুপশব্দক কাসি	৫১
মম্পস্‌, প্যারোটাইটীস—কর্ণমূলশোথ	৫৩
গ্লাণ্ডার্স এণ্ড ফার্সী	৫৪
ম্যালিগ্‌ন্যান্ট পস্‌টিউল—সাংঘাতিক পূয়বটী	৫৪
হাইড্রোফোবিয়া—জলাতঙ্ক	৫৫
ম্যালিগ্‌ন্যান্ট কলারা—ওলাউঠা	৫৬
ইয়েলো ফিবর—পীতজ্বর	৬০
সিম্পল্‌ কন্টিনিউড্‌ ফিবর—সহজ একজ্বর	৬১
টাইফস্‌ ফিবর—মোহজ্বর	৬২
টাইফয়েড ফিবর—আন্ত্রিক জ্বর	৬৫
সেরিব্রোস্পাইন্যাল ফিবর—মাস্তিষ্কশেরুক মজ্জীয় জ্বর	৬৮
রিল্যাপ্সিং ফিবর—পৌনঃপুনিক জ্বর	৬৯
স্মলপক্স—বসন্ত, মসূরিকা	৭০

বিষয়	পৃষ্ঠা।
চিকেন্ পক্স পানবসন্ত	৭৩
মিজল্‌স—হাম, রোমান্তী	৭৩
স্কার্লেট ফিবর—আরক্ত জ্বর	৭৫
ডেঙ্গু—গ্রন্থিসঞ্চারী জ্বর	৭৬
প্লেগ্ মড়ক	৭৭
ইণ্টরমিটেণ্ট ফিবর—বিষম বা পর্য্যায় জ্বর	৭৮
রেমিটেণ্ট ফিবর—স্বল্পবিরাম জ্বর	৮২

ভিনিরিয়াল ডিজিজেস্।

ব্যালানাইটীস—শিশ্নমুণ্ড প্রদাহ	৮৬
গনোরিয়া একিউট,—তরুণ প্রমেহ	৮৭
„ ক্রনিক—প্রাচীন প্রমেহ	৮৯
„ ইন্ ফিমেল—স্ত্রীলোকদের প্রমেহ	৯০
প্রাইমারি সিফিলিস—প্রাথমিক উপদংশ বা গর্ম্মি	৯১
বিউবো—বাগি	৯৩
কনষ্টিটীউসনাল সিফিলিস—সার্ব্বাঙ্গিক উপদংশ	৯৫
ইনফ্যাণ্টাইল „—শৈশব উপদংশ	৯৭
সিফিলিফোবিয়া—উপদংশ আতঙ্ক	৯৮

ডিজিজেস্ অব্ দি নার্ভস্ সিষ্টেম।

একিউট এন্‌কেফেলাইটীস—তরুণ মস্তিষ্ক প্রদাহ	৯৯
সিম্পল মিনিন্‌জাইটীস—সহজ মস্তিষ্কচ্ছদ প্রদাহ	১০১
টুবরকিউলার „ —গুটিক „ „	১০২
সেরিব্রাইটিস—আংশিক মস্তিষ্কপ্রদাহ	১০৪

বিষয়।	পৃষ্ঠা।
ক্রনিক এন্‌কেফেল্যাইটীস—প্রাচীন মস্তিষ্কপ্রদাহ	১০৫
সফ্‌নিং অব্‌ ব্রেণ—মস্তিষ্ক কোমলতা	১০৬
টিউমর্স অব্‌ ব্রেণ মস্তিষ্কার্ব্বুদ	১০৭
ক্রনিক হাইড্রোকেফেলস—প্রাচীন মস্তিষ্কোদক	১০৪
এপোপ্লেক্‌সী, সেরিব্রাল হেমরেজ -সংন্যাস, মাস্তিষ্ক-রক্তস্রাব	১০৯
কন্‌কসন্‌ অব্‌ ব্রেণ—মস্তিষ্ক বিলোড়ন	১১২
সন্‌ষ্ট্রোক—অর্কাঘাত, সর্দ্দিগর্ম্মী	১১৪
এফেসিয়া ও এম্‌নিসিয়া—বাক্‌ ও স্মরণশক্তির অভাব	১১৫
ডিলিরিয়ম ট্রিমেন্স—মদাত্যয়	১১৭
ডিপ্‌সোমেনিয়া—সুরাপান পিপাসা	১১৮
ইন্‌স্থানিটী—উন্মত্ততা, বাতুলতা	১১৯
হেড্যাক—শিরোবেদনা	১২৪
ভার্টিগো—শিরোঘূর্ণন	১২৮
স্পাইন্যাল মিনিন্‌জাইটিস—পৃষ্ঠবংশীয় মজ্জাবেষ্টপ্রদাহ	১২৯
মাইলাইটিস—পৃষ্ঠবংশীয়মজ্জাপ্রদাহ	১৩০
স্পাইন্যাল হেমরেজ—পৃষ্ঠবংশীয় মজ্জায় রক্তস্রাব	১৩২
,, টীউমর্স—পৃষ্ঠবংশীয়মজ্জায় অর্ব্বুদ	১৩৩
স্পাইনা বাইফিডা এণ্ড হাইড্রোরেকিস্‌	১৩৩
স্পাইন্যাল ইরিটেশন কশেরুকমজ্জার উদ্দীপনা	১৩৪
হেমিপ্লিজিয়া—অর্দ্ধাঙ্গ পক্ষাঘাত	২৩৫
প্যারাপ্লিজিয়া—অধোঙ্গ পক্ষাঘাত	১৩৬
লকোমোটর এটাক্সি—একরূপ পক্ষাঘাত	১৩৮

বিষয়।	পৃষ্ঠা।
ইন্‌ফ্যান্টাইল প্যারালিসিস—শৈশব পক্ষাঘাত	১৩৯
রাইটার্স প্যারালিসিস—লিপিকরের পক্ষাঘাত	১৪০
হিষ্টিরিক্যাল ও রিউমেটীক প্যারালিসিস্‌	১৪১
প্রোগ্রেসিভ্‌ মস্কিউলার এট্রফি	১৪২
মার্কুরিয়েল পল্‌সী—পারদজ পক্ষাঘাত	১৪৩
লেড্‌ পল্‌সী—সীসজনিত পক্ষাঘাত	১৪৪
প্যারালিসিস এসিটান্স—বেপথু	১৪৪
কন্‌ভলসন্স—আক্ষেপ, বিকম্প, খেঁচুনী	১৪৫
এপিলেপ্‌সী—অপস্মার, মৃগী	১৪৮
হিষ্টিরিয়া—গুল্মবায়ু, মূর্চ্ছাবায়ু	১৫০
ক্যাটালেপ্‌সী—নিস্পন্দ্য পীড়া	১৫২
কোরিয়া—তাণ্ডব	১৫৩
টেটেনস—ধনুস্তম্ভ, ধনুষ্টঙ্কার	১৫৫
স্লিপ্‌লেস্‌নেস্‌ অনিদ্রা, নিদ্রাভাব	১৫৭
হাইপোকণ্ড্রিয়েসিস্‌ অবসাদ বায়ু	১৫৮
নিউরাইটীস স্নায়ু প্রদাহ	১৫৯
নিউরালজিয়া-স্নায়ুশূল	১৫৯

ডিজিজেস্‌ অব্‌ দি অর্গান্স অব্‌ রেস্পিরেশন।

ক্যাটার—সর্দ্দি, প্রতিশ্যায়	১৬৩
ক্রনিক ইনফ্লাঃ অব্‌ নষ্ট্রীল্‌স, ওজিনা—পীনাস	১৬৫
ইপিস্‌ট্যাকসিস্‌—নাসারক্তস্রাব	১৬৬
এফোনিয়া—স্বরাভাব	১৬৭
ডিস্‌ফোনিয়া ক্লিরিকোরম—যাজকদের স্বরভঙ্গ	১৬৯

বিষয়।	পৃষ্ঠা
ক্রুপ—স্বরঘ্ন, ঘুংড়ী	১৭০
ল্যারিন্‌জাইটীস—স্বরযন্ত্রপ্রদাহ	১৭২
ল্যারিন্‌জিস্‌মস্ ষ্ট্রীডুলস্ আক্ষেপিক ঘুংড়ী	১৭৪
ব্রংকাইটীস বায়ুনলীভুজ প্রদাহ	১৭৫
এজ্‌মা—শ্বাসকাস, হাঁপানী	১৭৯
এম্ফিসিমা অব্ লংস—ফুস্ফুসের বায়ুস্ফীতি	১৮২
হিমপ্টীসিস—রক্তোৎকাস	১৮৫
প্লুরিসী ফুস্ফুসচ্ছদ প্রদাহ	১৮৭
নিউমোনিয়া ফুস্ফুস প্রদাহ	১৯০
থাইসিস্—ক্ষয়কাস, যক্ষ্মা	১৯৩

ডিজিজেস্ অব্ দি হার্ট।

পেরিকার্ডাইটীস—হৃৎপিণ্ডবেষ্ট প্রদাহ	১৯৮
এণ্ডোকার্ডাইটীস—হৃদান্তরবেষ্ট প্রদাহ	২০০
ভ্যাল্‌ভিউলার ডিজিজ্—হৃৎকপাটের পীড়া	২০০
হাইপারট্রফি অব্ হার্ট—হৃৎবিবৃদ্ধি	২০৪
এট্রফি এণ্ড ফ্যাটী ডিজেনারেসন	২০৬
সায়ানোসিস্ নীলরোগ	২০৭
এন্‌জাইনা পেক্‌টোরিস্ হৃৎশূল	২০৮
ফংসনাল ডিরেঞ্জমেণ্ট ক্রিয়াবৈষম্য	২০৯

ডিজিজেস্ অব্ এয়োর্টা।

এয়োর্টাইটীস—ধমনী প্রদাহ	২১২
এয়োর্টিক এনিউরিজম—ধমন্যর্ব্বুদ	২১৩

বিষয়	পৃষ্ঠা
ডিজিজেস্ অব্ দি থোরেসিক ওয়াল্স।	
প্লুরোডিনিয়া—বক্ষ-পেশীবাত	২১৪
ইণ্টরকষ্টাল নিউরাল্জিয়া—পর্শুকামধ্যস্থ স্নায়ুশূল	২১৫
ডিজিজেস্ অব্ ডায়াফ্রম।	
ডায়াফ্রাগ্মাইটীস্—উদরবক্ষব্যবধায়ক পেশীর প্রদাহ	২১৬
ডিজিজেস্ অব্ ব্লড ভেসেল্স।	
আর্টিরাইটীস—ধমনীপ্রদাহ	২১৭
ফ্লিবাইটীস—শিরা প্রদাহ	২১৮
ফ্লেগ্মেসিয়া য়্যাল্বা ডোলেন্স	২১৯
ডিজিজেস্ অব্ লিম্ফাটিক্স	
ইনফ্লাঃ অব্ লিম্ফাটীক ভেসেল্স—শোষকশিরা প্রদাহ	২২০
„ „ „ গ্লাণ্ডস্—শোষকগ্রন্থি প্রদাহ	২২১
টেবিস মেসেণ্ট্রিকা—মধ্যান্ত্রিক লসীকাগ্রন্থিবিবৃদ্ধি	২২৩
ডিজিজেস্ অব্ টং।	
গ্লসাইটীস—জিহ্বা প্রদাহ	২২৪
অলসার্ অব্ টং—জিহ্বায় ক্ষত	২২৫
ক্যান্সার „ „ — „ কর্কট পীড়া	২২৬
ক্রাক্‌ট টং জিহ্বা ফাটা	২২৬
ডিজিজেস্ অব্ মাউথ্।	
ফলিকিউলার ষ্টমাটাইটিস—গ্রন্থিক মুখপ্রদাহ	২২৭
অলসারেটীভ „ —সক্ষত মুখপ্রদাহ	২২৭
গ্যাংগ্রিনস্ „ —পচনশীল মুখপ্রদাহ	২২৮

বিষয়	পৃষ্ঠা
এফ্‌থি অব্ মাউথ্ জাড়ি গত	২২৯
টন্‌সিলাইটীস্—তালুপার্শ্বগন্থি প্রদাহ	২৩০

ডিজিজেস্ অব্ ফ্যারিংস এণ্ড ইসোফেগস্।

ফ্যারিনজাইটীস্—গলকোষ প্রদাহ	২৩২
অল্‌সার অব্ ইসোফেগস—গলনলীর ক্ষত	২৩৩
ক্যান্সার অব্ ,, — ,, কর্কট	২৩৪
ষ্ট্রীকচর অব্ ,, — ,, অবরোধ	২৩৪

ডিজিজেস্ অব্ ষ্টমাক।

ডিস্‌পেপ্সিয়া অজীর্ণ, মন্দাগ্নি	২৩৬
একিউট গ্যাষ্ট্রাইটীস্—তরুণ পাকাশয়প্রদাহ	২৩৯
সব্ একিউট ,, —অনুগ্র ,, ,,	২৩৯
ক্রনিক ,, —প্রাচীন ,, ,,	২৪০
ইন্‌ডিউরেসন অব্ পাইলোরস—অধোমুখের কাঠিন্য	২৪১
অল্‌সার অব ষ্টমাক—পাকাশয়িক ক্ষত	২৪২
ক্যান্সার ,, পাকাশয়ের কর্কট	২৪৪
কার্ডিয়্যাল্‌জিয়া পাকাশয় শূল	২৪৫
হিমেটিমিসিস্—রক্তবমন	২৪৫
ডাইলেটেসন—প্রসারণ	২৪৭

ডিজিজেস্ অব্ ইন্টেষ্টাইন্স।

এণ্টিরাইটীস্—অন্ত্রপ্রদাহ	২৪৭
ইনফ্লাঃ অব্ সিকম অন্ধান্ত্রের প্রদাহ	২৪৯
ডিসেণ্ট্রী—রক্তামাশয়	২৫০

বিষয়।	পৃষ্ঠা
ডায়রিয়া উদরাময়	২৫৪
কলিক—অন্ত্রশূল	২৫৬
কলিকা পিক্টোনম—সীসশূল	২৫৮
কনষ্টিপেসন কোষ্ঠবদ্ধ	২৫৮
অবষ্ট্রক্সন অব্ বাউয়েল্স—অন্ত্রাবরোধ	২৬০
ইন্টেষ্টাইনাল ওয়ার্ম্স—অন্ত্রস্থ ক্রিমী	২৬২
রেক্টাইটীস সরলান্ত্র প্রদাহ	২৬৩
রেক্টাল অলসার—সরলান্ত্রের ক্ষত	২৬৩
,, ষ্ট্রীকচর—সরলান্ত্রের ব্যাসসংকোচ	২৬৫
,, প্রোলাপ্সস্—গুহ্যভ্রংশ	২৬৫

ডিজিজেস্ অব্ দি য়্যানাস।

প্রুরাইটস্ এনাই—মলদ্বার কণ্ডূয়ন	২৬৭
ফিষ্টিউলা ইন্ এনো—ভগন্দর	২৬৮
হেমরইড্স—অর্শ	২৬৮

ডিজিজেস অব্ দি লিভর।

হিপাটিক কন্জেশ্চন—যকৃতের রক্তাধিক্য	২৭০
হিপেটাইটীস যকৃৎ প্রদাহ	২৭২
সিরোসিস—যকৃৎ কাঠিন্য	২৭৪
সিফিলিটিক হিপেটাইটীস—উপদংশীয় যকৃৎ প্রদাহ	২৭৬
একিউট এট্রফি—তরুণ হ্রাস	২৭৬
ক্রনিক ,, —প্রাচীন হ্রাস	২৭৭
ইন্ফ্লাং অব বিলিয়ারি প্যাসেজেস্—পিত্তপ্রণালীর প্রদাহ	২৭৮

বিষয়।	পৃষ্ঠা।
গলষ্টোন্—পিত্তশিলা	২৭৯
জনডিস্ কামল, ন্যাবা	২৮১
ডিজিজেস অব্ প্যাংক্রিয়স এণ্ড স্পলীন	২৮২, ২৮৩

ডিজিজেস্ অব্ পেরিটোনিয়ম।

একিউট পেরিটোনাইটীস—তরুণ অন্ত্রচ্ছদ প্রদাহ	২৮৪
ক্রনিক „ —প্রাচীন „ „	২৮৫
এসাইটিস উদরী	২৮৬

ডিজিজেস্ অব্ দি ইউরিনারী অর্গান্স।

নিফ্রাইটীস—সপূয় মূত্রগ্রন্থি প্রদাহ	২৮৮
একিউট ব্রাইট্স্ পীড়া	২৮৯
ক্রনিক „ „	২৯১
ডায়ুরেসিস মূত্রাধিক্য	২৯২
হিমাচ্যুরিয়া রক্তপ্রস্রাব	২৯৩
কাইলস্ ইউরিং—দুগ্ধবৎ মূত্র	২৯৪
রিনেল ক্যাল্কুলাই মূত্রগ্রন্থিক ক্ষুদ্রাশ্মরী	২৯৪

ডিজিজেস্ অব্ ব্লাডর

ইরিটেবিলিটী অব্ ব্লাডর—মূত্রাশয়ের উদ্দীপনা	২৯৬
স্প্যাজম „ „ — „ আক্ষেপ	২৯৭
প্যারালিসিস অব্ ব্লাডর মূত্রাশয়ের পক্ষাঘাত	২৯৮
একিউট সিষ্টাইটীস্ মূত্রাশয়ের তরুণ প্রদাহ	২৯৯
ক্রনিক „ — „ প্রাচীন প্রদাহ	৩০০
স্পার্মেটোরিয়া—শুক্রমেহ	৩০২

বিষয়। পৃষ্ঠা

ডিজিজেস্ অব টেষ্টিকেলুস।

অর্কাইটীস্—অণ্ড প্রদাহ ৩০৪
ইম্পোটেন্স—ধ্বজভঙ্গ ৩০৬

ডিজিজেস্ অব দি আইজ।

ক্যাটারাল অপথাল্মিয়া সর্দ্দিজ চক্ষুউঠা ৩০৮
ক্রনিক অপথ্যাল্মিয়া ৩০৯
পুরুলেণ্ট ,, —সপুয চক্ষুউঠা ৩১০
গনোরিয়েল ,, —প্রমেহজনিত চক্ষুউঠা ৩১২
অপথাল্মিয়া নিয়োনেটোরম -শিশুদের চক্ষুউঠা ৩১৩
স্ক্রুফিউলস্ অপথাল্মিয়া—গণ্ডমালিক চক্ষুউঠা ৩১৪
গ্রানুলার ,, —দানাযুক্ত চক্ষুউঠা ৩১৫
অপথাল্মিয়া টার্সাই -অক্ষিপুটের শ্লৈষ্মিক প্রদাহক ৩১৫
আরাইটীস—উপতারা প্রদাহ ৩১৬
স্ক্লিরোটাইটীস স্ক্লিরোটিকের প্রদাহ ৩১৮
ক্যাটারো রিউমেটীক অপথাল্মিয়া—সর্দ্দিবাতজ চক্ষুউঠা ৩১৯
কর্ণিয়াইটীস—চক্ষের জলক্ষেত্রের প্রদাহ ৩১৯
সিফিলিটিক কিরেটাইটীস—উপদংশ প্রদাহ ৩২১
অল্সার অব্ কর্ণিয়া—কালক্ষেত্রে ক্ষত ৩২২
ওপাসিটী ,, ,, —কালক্ষেত্রে ঘোলা ঐ
রেটাইনাইটিস—রেটাইনার প্রদাহ ঐ
এমোরোসিস—দৃষ্টিলোপ বা হীনতা ৩২৩
মাইওপিয়া নিকট দৃষ্টি ৩২৫
প্রেস্বাইয়োপিয়া—দূর দৃষ্টি ৩২৬

বিষয়।	পৃষ্ঠা।
ফটোফোবিয়া—আলোকাতঙ্ক	৩২৬
ডিজিজেস্ অব্ দি ইয়ার।	
ওটাইটিস একষ্টর্নাল—বাহ্যকর্ণপ্রদাহ	৩২৭
„ ইণ্টরনাল—অভ্যন্তরকর্ণপ্রদাহ	৩২৯
ওটোরিয়া—কাণপাকা	৩৩০
ওট্যাল্জিয়া—কর্ণশূল	৩৩১
ডেফ্নেস্—বধিরতা	৩৩২
ডিজিজেস্ অব্ স্কিন।	
ইরিথিমা	৩৩৪
রোজিয়োলা—পাটলিকা	৩৩৫
আর্টিকেরিয়া—আমবাত, শীতপিত্ত	৩৩৬
হার্পিস—ইন্দ্রবিদ্ধ	৩৩৭
একজিমা—পামা	৩৩৮
পেম্ফাইগস—বিস্বিকা	৩৪০
রুপিয়া—মলিনিকা	৩৪০
একথিমা—বৃহদাকার পূয়বটী	৩৪১
ইম্পিটাইগো—চর্ম্মদল	৩৪২
ষ্ট্রফিউলস—অলজিকা	৩৪৩
লিচেন—অলসক, পদ্মিনীকণ্টক	৩৪৪
প্রুরাইগো—অরুষিকা	৩৪৫
সোরায়েসিস্—বিচর্চ্চিকা	৩৪৬
পিটিরায়েসিস	৩৪৭

বিষয় । পৃষ্ঠা

ইক্থিয়োসিস্—একক্যুই ৩৪৮

এক্নি—মুখব্রণ ৩৪৮

টিনিয়া টন্সিউরান্স—শিং ওয়ার্ম ৩৪৯

,, সার্কিনেটা ৩৫০

,, ডিকেল্ভান্স ৩৫০

টিনিয়া সাইকোসিস্ ৩৫০

,, ভার্সিকোলর ৩৫১

স্কেবিস—পাঁচড়া ৩৫২

এলোপেসিয়া—টাক ৩৫২

ওয়ার্টস, কর্ণস—আঁচিল, কড়া ৩৫২

বর্ণ ও স্কাল্ড—অগ্নি ও অত্যুষ্ণ জলে দাহ ৩৫৪

ডিজিজেস্ অব্ উইমেন্ ।

ভল্ভাস ও ভাজিনাইটীস—যোনিকণ্ডূয়ন ৩৫৬

ভল্ভাইটীস্—যোনি প্রদাহ ৩৫৬

ইন্ফ্যান্টাইল লিউকোরিয়া—শিশুদের শ্বেতপ্রদর ৩৫৬

ইউরেথ্রাইটীস—মূত্রনালী প্রদাহ ৩৫৮

ভ্যাজিনাইটীস—যোনির অভ্যন্তর প্রদাহ ৩৫৮

ভ্যাজাইনিস্মাস্ বা যোনি সঙ্কোচ ৩৫৯

প্রোল্যাপ্সাস্ ভেজাইনি—যোনি-ভ্রংশ ৩৬০

এক্সটার্নাল মেট্রাইটীস—জরায়ুর বাহ্য প্রদাহ ৩৬২

পেরিমেট্রাইটীস—জরায়ুর পার্শ্ব প্রদাহ ৩৬৩

মাইট্রোরেজিয়া—অতিরজঃ স্রাব ৩৬৪

বিষয়	পৃষ্ঠা।
এমিনোরিয়া—আর্ত্তবাভাব	৩৬৫
ডিস্মেনোরিয়া—কষ্টরজঃ	৩৬৬
মিনোরেজিয়া—রজোধিক্য	৩৬৯
মিট্রোরেজিয়া—গর্ভাশয়িক রক্তস্রাব	৩৬৯
ইউটিরাইন ক্যাটার, লিউকোরিয়া শ্বেতপ্রদর	৩৭০
মিট্রাইটীস—জরায়ু প্রদাহ	৩৭১
অলসারেসন অব্ সর্ভিক্স ইউটীরাই	৩৭২
ক্যান্সার অব্ ইউট্রস	৩৭৩
ফাইব্রইড টীউমর্স অব্ ইউট্রস	৩৭৫
একিউট ওভেরাইটীস—তরুণ ডিম্বকোষপ্রদাহ	৩৭৬
ক্রনিক " —প্রাচীন "	৩৭৭
মেমারী এব্সেস—স্তনস্ফোটক	৩৭৮
ইনফ্লামেশন অব্ নিপল—চুচুকাগ্রপ্রদাহ	৩৭৯
ম্যামাইটিস স্তনপ্রদাহ	৩৭৯
ম্যাষ্টোডিনিয়া—স্তনের স্নায়ুশূল	৩৮১

গর্ভাবস্থায় বিবিধ পীড়া।

ইডিমা অব্ লেবিয়া	৩৮১
টুথেক—দন্তশূল	৩৮১
স্যালিভেসন—লালাস্রাব	৩৮২
নসিয়া এণ্ড ভমিটীং—বমন, বিবমিষা	৩৮২
পাইরোসিস্—মুখ দিয়া জলউঠা	৩৮৩
হিমেটেমিসিস্—রক্তবমন	৩৮৩

বিষয়।	পৃষ্ঠা।
কনষ্টিপেসন—কোষ্ঠবদ্ধ	৩৮৩
ডায়রিয়া—উদরাময়	৩৮৪
জণ্ডিস—কামল	৩৮৪
প্যাল্পিটেসন অব্ হার্ট—হৃৎকম্পন	৩৮৪
ফেন্টিং—মূর্চ্ছা	৩৮৪
ডিস্পিনিয়া—শ্বাসকষ্ট	৩৮৫
কফ্—কাসি	৩৮৫
হিমপ্টিসিস্—রক্তোৎকাশ	৩৮৫
স্লিপ্লেস্নেস্—অনিদ্রা	৩৮৫
হেডাক্ শিরঃপীড়া	৩৮৬
হেমরইড্স—অর্শ	৩৮৬

প্রসবান্তের পীড়া।

এ্যাগালাক্টিয়া—দুগ্ধস্রাবাভাব	৩৮৬
গ্যালাক্টোরিয়া—দুগ্ধ প্রস্রাবাধিক্য	৩৮৭
আফ্টার পেন্স—হেতাল বেদনা	৩৮৭

অন্যান্য পীড়া—সাধারণ পীড়ার মধ্যে বর্ণিত হইয়াছে।

বিবিধ।

এবর্সন—গর্ভস্রাব	৩৮৮
এ্যাবসেস—স্ফোটক	৩৮৯
বেডসোর—শয্যাক্ষত	৩৯০
অল্সার—ক্ষত	৩৯১
অষ্টাইটিস—অস্থি প্রদাহ	৩৯২

বিষয় ।	পৃষ্ঠা ।
পেরি অষ্টাইটিস্—অস্থিচ্ছদ প্রদাহ	৩৯২
কেরিজ অস্থিক্ষত	৩৯৩
ককসিডিনিয়া—কোকিলচঞ্চু অস্থির স্নায়ুশূল	৩৯৪
টুথেক দন্তশূল	৩৯৫
হিকফ্—হিক্কা	৩৯৬
ব্রুজেস্ এণ্ড স্প্রেন্	৩৯৭
বিষাবলী	৩৯৮
স্নেক বাইট—সর্প দংশন	৪০৬
বিষধর জন্তু দংশন	৪০৭
ব্যবস্থাবলী	৪০৯
নূতন ব্যবস্থাসংগ্রহ	৪৬০
ম্যাগ্নিটোইলেকট্রিসিটী ব্যবহার	৪৮১